

Ban 294:387: 7:8953:3 V.6



অৰ্থাৎ গৌতমবৃদ্ধের অতীত জন্মসমূহের-বৃত্তান্ত ফৌসবোল-সম্পাদিত জাতকার্থৰর্ণনা-নামক মূল পালিগ্রন্থ হইতে

ষষ্ঠ থণ্ড

শ্রীঈশানচন্দ্র ঘোষ অনুদিত

করণা প্রকাশনী। কলকাতা-১

## ক্রোড়পত্র

- (১) মহাজনক-জাতকে সীর্বালির সঙ্গে মহাজনকের বিবাহ-প্রসঙ্গে যাহা বণিতি আছে, ভাহার সহিত সেক্স্পিয়ার প্রণীত Merchant of venice নাটকের Portia-নাম্নী মহিলার বিবাহের ব্যুম্ভ ভালনীয়।
- (২) ভ্রিদন্ত-জাতকে ১৬৭ম গাধার (১৫১ম প্রেড) 'অকাশিক' শব্দের ব্যাখ্যা দেওরা হর নাই। ইহার অর্থ "যাহারা কাশীদেশের লোক নয়" (কাজেই কাশীরাজ্যের লোকদিগের উপর অভ্যাচার করিতে কশ্ঠিত হয় না )।
- (৩) মহানারদকাশ্যপ স্থাতকে (১৭৪ম ও ১৭৫ম প্রণ্ঠে ) কাররথের বর্ণনা আছে—
  গাথাকার মানবদেহকে একখানি রথ কম্পনা করিরামেন, অহিংসা, মিতাহার প্রভৃতিকে ইহার
  সার্রাথ, কক্ষ, নাভি ইত্যাদি বলিয়া বর্ণনা করিরাছেন। কঠোপনিষদের প্রথমাধ্যায়ের তৃতীর
  বল্পীতেও এই উপমার অতি স্কুলর প্রয়োগ দেখা যায়। এই জন্য তাহা হইতে কয়েকটী
  শেশক উম্পত হইল:—

আত্মানং রথিনং বিশ্বি শরীরং রথমেব ত:।

বৃশ্বিত্ত সার্বাধং বিশ্ব মনঃ প্রগ্রহমেব চ ।।
ইন্দ্রিরাণি হরানাহা বিষয়াংক্তেষ্ গোচরান্ ।
আন্থেন্দ্রিয়মনোয্তং ভোল্পেত্যাহাম নীবিণ: ।।\*
বৃশ্ববিজ্ঞানবান্ ভবতায়কেন মনসা সদা ।
তস্যোন্দ্রিয়াণ্যবাগ্যানি দ্বতাদনাই সদাশ্বিচঃ ।\*
ন স তৎপদমাশ্বোতি সংসারং চাধিগছাতি ।।
বস্ত্ব বিজ্ঞানবান্ ভবতি সমন্স্কঃ সদা শ্বিচঃ ।
স ত্ব তৎপদমাশ্বোতি বস্মান্ত্রা ন জারতে ।।
বিজ্ঞানবার্থি বৃশ্বত মনঃপ্রগ্রহবান, নরঃ ।

(৪) বিশ্বস্তর-জাতকে (৩৭৪ম প্রেষ্ঠ) প্রণপারের উলেলখ আছে। এ সম্বর্টেখ ক্লিবর গিরিশানন্দ বিদ্যারত্ব-সম্পাদিত কাদম্বরী হইতে একটী অভিরিক্ত টীকা প্রদন্ত হইল হ—

লোহধনেঃ পারমাশেনাতি তাম্বিকাঃ পরমং পদং ॥

"উৎসবেষ্ সূত্রণ্ভির্ষণ বলাদাকৃষ্য গৃহাতে, বন্ধং মালাঞ্চ তৎ প্রণপারং প্রণনিকণ্ড তৎ ।" "আনন্দতোহি সোহান্দানেক্য বন্ধানিকং বলাং। অস্থানতো হরতোব প্রণপারক্ত তং স্কৃত্য ।" কোন উৎসবের সমরে কিংবা কোন গৃহন্থামীর প্রাণি ভ্রিষ্ঠ হইলে আস্থান-স্কৃত্যনা তাহার কল্মাল্যাদি কাড়িরা নইড কিংবা গোপনে নইরা বাইত। ইহাও "প্রণপার" নামে অভিচিত।

<sup>\*</sup> विवस – स्थारि ; शास्त्र – विस्तृष्य । 🔭 जरा + जन्दिः ।

# উৎসর্গ-পত্র

আমার লক্ষীসুরূপ। কন্যা সর্গতা ভ্বনেখরী
এবং আমার অসহায়াবস্থায় আশ্রয়দাতা
স্বর্গত রামচন্দ্র বস্থা, শিবচন্দ্র বস্থ
ও গঙ্গাধর নাগ, ইহাদের পুণ্যস্মৃতি হৃদয়ে ধারণ করিয়া
এই গ্রন্থ উৎসর্গ
করিলাম।

### সূভীশব্ব

#### ৫৩৮ — মুকাপঙ্গ-জাতক

নৈক্তমাকামী রাজপার তেমির পাণেশিদুরস্পন্ন হইরাও আজ্ম মাকপকা সাজিলেন : বোল বংসর বর্মেও ষথন তাহার ব্ৰিধর ও বাক'শান্তর কোন পারচর পাওরা গেল না তথন তাহার পিতা তাহাকে জ্বীবিত অক্সার ভূগভে প্রোধিত করিবার জন্য শমশানে পাঠাইলেন। এই সমরে তিনি সার্যাধির নিকট আত্মপারচর দিয়া ভাষাকে বিশ্মিত করিলেন : তিনি প্রব্রজ্যা লইলেন : অতঃপর তাঁহার পিতা, সার্থি প্রভৃতি অন্য বহু লোকেও তাঁহার অনুগামী হইল।

#### ৫৩৯ – -মহাজনক-জাতক

মিথিলারাজ মহাজনকের দুই পুত্র —আরিন্টজনক ও পোলজনক। অরিন্টজনক কুলোকের প্রামর্শে পোলঞ্জনককে রাজ্য হইতে নিন্দাসিত করিলেন : ইহাতে পোলজনক বিদ্রোহী হইরা অরিণ্টকে পরাঞ্চিত ও নিহত করিরা নিজেই রাজা হইলেন। অংশ্টের সমত্ত্বা মহিষী পলাংন করিরা কলিচম্পা নগরে আশ্রর লইলেন এবং সেখানে এক পত্রে প্রসব করিলেন। এই পত্রেরও নাম হইল মহাজনক। ইহার পর পোলজনক উপযুদ্ধ বলিরা শৈহর কাঁরল : মহাজনক নানার পে বর্নিধর পারচর দিরা রাজ্য গ্রহণ করিলেন এবং সীবালকে বিবাহ কীরলেন। দীর্ঘকাল রাজত্ব করিবার পর তাঁহার বৈরাগ্য জন্মিল • তিনি সীর্ঘালর শত অনুরোধ উপেক্ষা করিরা রাজ্যতাাগপুষ্ধ ক প্রৱাজক হইলেন।

#### ৫৪০-শ্যাম-জাতক

ব্রহ্মচর্যাপরারণ এক নিষাদপ্রেরে সহিত ব্রহ্মচর্যাপরারণা এক নিষাদকন্যার বিবাহ। তাহারা উভরেই প্রব্রুল্যা গ্রহণ করিরা হিমালরে বাস করিতে লাগিলেন, এবং কিরৎকাল পরে পুরুবজিন্মাণিজত দুশ্বনুতির ফলে অন্ধ হইলেন। এই সমরে শক্তের অনুগ্রহে তাহারা এক পুত্র লাভ করিলেন। এই প্রেরে নাম শ্যাম। একদিন শ্যাম মাতাপিতার জন্য জল আনিতে গিরাছেন, এমন সমরে কাশীরাজ পিলিয়ক তাঁহাকে বিষ্ণিণ্ধ শরে বিশ্ব করিলেন। শ্যাম শরাহত হইরাও রাজাকে কোন দুৰ্ব্বকিয় বলিলেন না। ইহাতে রাজার বড় অনুতাপ জন্মিল। তিনে শ্যামকে মুক্তিতি অবস্থার নদীতীরে রা**থিয়া** তাঁহার মাতা পিতাকে এই দক্ষেমবাদ দিতে গেনেন। শ্যামের মাতাপিতা নদীতীরে গিরা ব**হ**ু বিলাপ করিলেন। অতঃপর **তাঁহাদে**র বহুস্কারী-নাম্নী এক দেবীর সত্যক্তিরার প্রভাবে শ্যামের দেহ হইতে বিষ নিজ্ঞান্ত হইল ; শ্যামের মাতাপিতাও দেবান গ্রহে পুনব্ধর দৃণিউশীত লাভ করিলেন। পরিশেষে শ্যাম রাজাকে বহু উপদেশ দিরা বিদার দিলেন।

### ৫৪১—বৈমি (নিমি)-জাতক

मान ও बकार्क्या, अरे म्युरत्रत मरथा कान्यों भरुख्यत्रक्ष्माक्षम, रेशा नरेता विस्मरताल स्मित्र मरन বিতক জন্মিল ; শত্র তাঁহার সম্পেহাপুনোদন করিলেন। অতঃপর নেমির শাসনগ**্রে বিদেহবাসীর** সকলেই সদাচারসম্পন্ন হইল; দেবতারা তাহাকে দেখিবার ইচ্ছা করিলে শন্ত্র তাহাকে সমরীরে স্বর্গে লইবার জন্য **দেবরথ পাঠাইলে**ন। স্বর্গে বাইবার কালে নেমি শর শত নরক <del>ও</del> শত শত দেববিমান দেখিতে পাইলেন এবং কি কি পাপে লোকে কি কি বন্দ্রণা পায়, কি কি প্রণার বলেই বা স্বর্গসূত্র ভোগ করে, <del>মালভার</del> মূলে সমস্ত প্রবণ করিলেন। স্বর্গ হইতে ফিরবার পরে একদা নিজের মুস্তকে একগাছি পলিত কেশ দেখিতে পাইরা নৌম রালাত্যাগ করিয়া প্রৱন্ধা অবলম্বন কবিলেন।

#### ৫৪২---খণ্ডহাল-জাতক

20

	পরাষণে সম্বচিত্ব বজসংপাদনের ই চারি পত্নে, চারি কন্যা এবং চারিজন গ <b>্</b> ব লাভ করিলেন; লোকে বক্তহালের প্র	পেতিকে ৰলি দেবার ৰ	व्याहिन। स्मरम म्ह	লৰ প্ৰভাবে ই <sup>*</sup> হায়া	ন্তি
	ভাষার জ্যেন্ড পর্যকে রাজ্য দিল।	11 14 T/30 WITE W	THINGS O	- Groundarity & C	והבוץ
<b>68</b> 9	শুরিদত্ত-জাতক  এক তপাঁদববেশ-ধারী য়াজপ্রে  জক্ম। সম্প্রেরার সহিত নাগরাজ ধ পোষধ-বর্ণন; এক সাপ্রভের হাতে ভূ  নিক্ষলতা বর্ণন।	তেরাটেট্র বিবাহ ; স	मन्त्रकात जातिशन्त्वत व	নধ্যে ভ <b>্</b> রিদত্তের প্রভ	वा ख
<b>68</b> 8	সংনারদকাশ্যপ-জাতক এক আজীবকের শিক্ষার দোবে মি আগমন; নারদের সহিত ব্রজ্ঞার ক কারবধ-বর্ণনা।		•		
<b>686</b>	বিদর্বপশ্ডিত-জাতক কুরুরাজের অমাত্য বিদ্রের প্রা বিমলার বিদ্রুকে শেখিবার ইচ্ছা : কুরুরাজসভার গমন ; সেখানে দুয়তর অনুমতিলাভ ; প্রস্থানের পুরের বিদ্রুপশ্রের নানাবিধ বিষ্কার ও করোপকঃ সহিত বিদ্রুবের সাক্ষাংকার ও করোপকঃ	নাগরাজকন্যা ইরন্দ ড়ার রাজাকে পরাস্ত কেন্তর্কি তাঁহার প্রেটি রের মুশ্বে ধর্ম্মকিথা স্ফু	তীকে পাইব।র আশা: করিরা পুশুকন্তুর্ক গাকে উপদেশদান। ী নিরা পুশুকের দৈতনা	র বক্ষদেনাপীত পুনা বিদ্যুহকে লইয়া বা বদ্যুহকে বধ করিবার	'কের ইবার জন্য
<b>€8</b> ₩		র রাজা  রক্ষদত্ত এবং  । গরিরা উত্তর পঞ্চাদ হই।	তীহার প <b>্রোহিত কৈব</b> তে <b>রাজমাতা, রাজমহিব</b>	ত্তেরি সমগত কর্কেন ী, রাজপুত ও রাজপু	ভের ভৌর
<b>6</b> 89	—বিশ্বস্তর জাতক আদদানতেতু রাজপুত্র বিশ্বশ্ভ বিশ্বশ্ভরকত্ত্বিক জুজককে নিজের গ আন্তরুপ-প্রকাশ এবং বিশ্বশ্ভরকে বরদা	হেকন্যদান ; তাপস-	বেশধারী শতনকেও নি	পদ্দী সাদ্দীর পাতিক্র	

832

806

নিঘ'ণ্ট

অতিরিক শ্রণিধপত্র

### জাভক।

### মহানিপাত।

### ৫৩৮**-মুকপঙ্গ**ুজাতক।

্লান্ত। ক্ষেত্ৰনে অব্ছিতিকালে মহাতিনিজ্ঞমণ-সম্বন্ধ এই কথা বলিয়াছিলেন। এক দিন কিন্দুল।
ধর্মসভায় সমাসীন হইরা ভাগবানের মহাতিনিজ্ঞমণের মাহাস্থা বৰ্ণনা করিছেছিলেন, এসন সময়ে পাত। দেখানে
উপস্থিত হইরা প্রন্থারা উংহাদের আলোচামান বিষয় আনিতে পারিলেন এবং বলিলেন, "ভিক্পাণ, আমি বে
ইণানীং সমস্ত পার্মিভা। পূর্ণ করিয়া বাজ্যতা।পশ্বক অতিনিজ্ঞমণ করিয়াছি, ইহা আভিটোর বিষয় নহে; বধন
আমার আনে পরিপক হয় নাই, আমি পার্মিভাসমূহ পূর্ণ করিতে প্রয়াস পাইভেছিলাম মালে ভবনও আমি রাজ্যভাগ করিয়া নিজ্ঞান্ত ইইংছিলাম।" অনস্তর ভিক্রিগেব অন্দ্রেশ্বে তিনি সেই অভীত বৃত্তান্ত বলিতে লাগিলেন: -]

পুরাকালে বারাণসীতে কাশীরাজ-নামক এক বাজি যথাধর্ম রাজত্ব করিতেন। তাঁহার যোড়শ সহত্র ভার্যা ছিলেন; কিন্তু তাঁহাদের মধ্যে এক জনও কি পুত্র, কি কন্তা, কোন সস্তান লাভ করিতে পারেন নাই। কুশ-জাভকে (৫০১) যেরপ বলা হইয়াছে, এক্ষেত্রেও মগরবাসীরা "আমাদের রাজার বংশবক্ষক কোন পুত্র নাই" বলিয়া রাজভবনে গমন করিল এবং রাজাকে বলিল, "মহারাজ, আপনি পুত্র প্রার্থনা কক্ষন।" রাজা তাঁহার যোড়শ সহত্র রম্মীকে পুত্র প্রার্থনা কবিতে আজ্ঞা দিলেন। তাঁহারা চন্দ্রাদি দেবভার পুত্রা করিয়া পুত্র কামনা করিলেন, কিন্তু ইহাতেও কেহ পুত্রবতী হইলেন না। বাজার অগ্রমহিষী মন্ত্রাক্ষ-তৃহিতা চন্দ্রাদেবী শীলবভী ছিলেন। রাজা তাঁহাকেও পুত্র প্রার্থনা করিতে বলিলেন। চন্দ্রা প্রার্থনির দিন পোষধ গ্রহণ করিয়া অপ্রশন্ত শ্বায় শয়নপূর্ব্বক নিজ্ঞের শীল চিন্তা করিতে করিতে সভ্যক্রিয়া করিলেন, "আমি যদি কখনও শীলভত্ব না করিয়া থাকি, তবে এই সভ্যবলে আমার প্রত্রোৎপত্তি হউক।"

চন্দ্রার শীলতেজে শক্রভবন উত্তপ্ত হইল, শক্র চিন্তা কবিয়া ইহাব কারণ বৃন্ধিতে গারিলেন। তিনি ভাবিলেন, 'চন্দ্রাদেবী পুত্র প্রার্থনা করিতেচেন . উাহাকে পুত্র দান করিব।' অনস্তর, কে তাঁহার উপযুক্ত পুত্র হইতে পারে, ইহা নির্ণয় করিতে গিয়া বোধিসন্তের দিকে তাঁহার দৃষ্টি পড়িল। বোধিসন্ত পূর্বের বারাণসীতে বিংশতি বংশর রাজত্ব করিয়া মৃত্যুর পর উৎসদ নরকে জন্মান্তর প্রাপ্ত হইয়াছিলেন; দেখানে অশীতিসহত্র বংশর যন্ত্রণা ভোগ করিয়া পরে এয়ন্ত্রিংশ-ভবনে পুনর্জন্মলাভ করিয়াছিলেন; দেখানেও নির্দিষ্ট আযুদ্ধাল অবস্থিতি করিয়া এই সময়ে দেহভাগপুর্বাক ভিনি উপরিদেবলাকে যাইতে অভিপ্রায় করিছেছিলেন। শক্র তাঁহার নিকট গিয়া বলিলেন "সৌম্য, তুমি মন্ত্রয়ালোকে কন্মগ্রহণ করিলে পারমিতা পূর্ব করিবার ক্রবিধা পাইবে, বহুলোকেরও কল্যাণ সাধিত হইবে। কাশীরাক্রের অগ্রমহিনী চন্দ্রাদেবী পুত্র প্রার্থনা করিতেছেন; ভূমি গিয়া তাঁহার গর্ভে প্রবেশ কর।' বোধিসন্ত ভাহাই করিবেন বলিয়া অজীকার করিলেন। তিনি পঞ্চশত দেবপুত্রসহ দেবদেহ ত্যাগ করিয়া নিজে চন্ত্রার গর্ভে প্রবিষ্ট হইলেন; অক্তাম্ব বিদ্বান্ত্র অমাত্যপত্নীদিগের গর্ভে জন্মান্তর গ্রহণ করিলেন।

সর্বাপ্তত ভরটা দেবলোক। সর্বানরে চতুর হারাজিক; তদুর্ভে বধাক্রয়ে জয়রিংল, বাম, জুবিক,
 বিশ্বাপরতি ও পরবিশ্বিতবশবতী। বোধিসভ এই সমরে বাম দেবলোকে বাইতে বাসনা করিছাছিলেন।

বোধিসতার তেজে চন্দার গর্ভ যেন বজ্রপূর্ণ বলিয়া প্রতীয়মান হইল। চন্দ্রা গর্ড ধারণ করিয়াছেন, ইহা বুঝিয়া রাজাকে জানাইলেন; রাজা গর্ভরক্ষার জন্ম যথাশাস্ত্র সমন্ত সংস্কার \* সম্পাদিত করিলেন। মহিষী পূর্ণগর্ভা হইয়া যথাকালে পুণালক্ষণসম্পন্ন এক পুত্র প্রস্ব করিলেন। ঐ দিন অমাতাদিগের গ্রেও প্রুশত কুমার ভূমিষ্ঠ হইল। রাজা जमाजाशाल त्वष्टिक इटेश श्रामानकरल जैनविष्टे हिल्लन : यथन त्लारक शिश काँशारक मध्यान দিল, 'মহারাজ, আপনার প্র জ্বিয়াছে," তথ্নই তাঁহার মনে প্রস্তেম্বর সঞ্জাত হইল: স্বেহ যেন জাঁচার চর্ম্মাংস ভেদ করিয়া অন্থিমজ্জায় সঞ্চারিত হইল: তাঁহার অস্তঃকরণ প্রীতি-রুদে পূর্ব হইল, হানয় শীতল হইল। তিনি অমাতাদিগকে জিজ্ঞানা করিলেন "আমার পুত্র জুলিয়াছে শুনিয়া আপনারা সম্ভষ্ট হইয়াছেন ত ?" অমাতোরা উত্তর দিলেন, "কি বলিতেছেন, মহারাজ ? আমরা এতদিন অনাথ ছিলাম, এখন স্নাথ হইলাম-একজন প্রভ পাইলাম।" রাজা প্রধান দেনাপতিকে আদেশ দিলেন, 'আমার পুলের জন্ম উপযুক্ত অফ্রচরসমহ নিয়ক্ত করিবার ব্যবস্থা আবশ্যক। আপনি গিয়া জাতুন, আজ অমাত্যদিগের গতে কতজন বালক ভূমিষ্ঠ ইইয়াছে।" সেনাপতি পঞ্শত সভাপ্রস্ত বালক দেখিতে পাইয়া রাজাকে জানাইলেন। রাজা ঐ পঞ্চশত বালকের জন্ম রাজপুলোচিত পরিচ্ছদাদি এবং পঞ্চাত দাসী পাঠ।ইলেন। অতঃপর মহাসত্ত্বের জন্ম তিনি অতিদীর্ঘাদি-দোষশন্ম। অলম্বন্ধনী ও মধরক্ষীরবতী চতংষ্টি ধাত্রী নিয়োজিত করিলেন। ধাত্রীর দেহ অতি-দীর্ঘ চইলে তাহার কক্ষে বসিয়া শুরুপান করিবার কালে গ্রীবা বিস্তার করিতে হয়: এজড় শিশুর গ্রীবাদীর্ঘ হইয়া থাকে। আবার ধাত্রী যদি থবকিষয়। হয়, তবে তাহাব কক্ষে ব্যিয়া স্তন্ত পান করিতে শিশুর স্কর্মান্তির পীড়ন ও স্কোচন ঘটে। ধাতী অতিক্রণা হইলে তাহার কল্ফে বসিয়া শুক্তপানকালে শিশুর উক্তে ব্যথা হয়; সে অতিস্থলা হইলে তাহার কক্ষে বসিয়া অলপান করিতে করিতে শিশুর পা বাঁকিয়া যায়। । ধাতীব গাথের রং থব কালো হইলে তাহার গুলুঃ অতিশীতল, এবং অতি গৌর হইলে তাহার গুলুঃ অতাঞ্চ ছয়। ধাত্রীর ক্তন বেশী ঝলিয়া পড়িলে শিশুর নাক চাপে চাপে চেপটা ইইয়া যায়। কোন কোন ধাত্রীর স্তন অম্লোযযক্ত: কাহারও কাহারও আবার কট বা অভভাবে বিশ্বাদ। এজন্ম রাজা উক্ত সক্ষবিধনে।যবজ্জিত। অর্থাৎ অভিদীর্ঘাদি-দোষবহিতা, অলম্বনী, মধ্রক্ষীরবতী চতুংষ্টি ধাত্রী নিয়োজিত করিয়া ) পুত্রের মহা আদর্যত্ব করিলেন এবং চক্রাদেবীকে একটী বর দিলেন। চক্রা বর গ্রহণ করিলেন কিন্তু তথন কিছুনা চাহিয়া উহা ভবিষ্যতের জন্ম মনে রাখিলেন। কুমারের নামকরণ-দিবলে রাজা লক্ষণণাঠক ব্রাহ্মণদিগকে উপহার দিলেন এবং কোন রিষ্টি আছে কি না জিজ্ঞাসা করিলেন। ব্রাহ্মণেরা কুমারের বহু স্থলকণ দেখিয়া বলিলেন, "মহারাজ, কুমার ধন্যপুণ্যলকণসম্পন্ন; একটা দ্বীপ ত তুচ্ছ, ইনি চতুম হাদ্বীপেও রাজন্ত করিতে সমর্থ; ইহার কোনরূপ রিষ্টি দেখ। যাইতেছে না।" রাজা এই কথায় তৃষ্ট হইলেন এবং নামকরণকালে পুত্রের ''তেমিয় কুমার" এই নাম রাখিলেন, কারণ কুমারের ভূমিষ্ঠ হইবার কালে সমস্ত কাশীরাজ্যে এত বৃষ্টি হইয়াছিল যে, তাহাতে কুমারের দেহ জলসিক হইয়াছিল §।

<sup>\*</sup> যথা পুংসবন, সীমস্তোম্বয়ন, পঞ্চামুত।

<sup>†</sup> মূলে 'থলৰপাণা হোতি' আছে। ইহার অর্থ অভিধানে পাইলাম না। ইংরাজী অর্বাদক 'boড-legged' অর্থ গ্রহণ করিয়াছেন। ইহা সঙ্গুড মনে করিয়া আমিও উাহার অনুসরণ করিলাম। সম্ভব্ড: 'থলম্ক' না হইয়া 'কলক্ষ' হইবে।

<sup>🗜</sup> পাঠান্তর 'সরীরং' আছে। আমি 'কীরং' এই পাঠই গ্রহণ করিলাম।

<sup>🖣 &#</sup>x27;'ভিম'' ধাতুর অর্থ জলদিক্ত হওয়া।

কমাবের বয়স যখন এক মাস হইল, তখন পরিচারিকারা তাঁছাকে সাঞ্জাইয়া রাজাব নিভট লট্ট্যা গেল। রাজা প্রিয়পুত্রকে দেখিয়া আলিক্সন করিলেন এবং উচ্চাকে কোলে ক্রমান্তরা ধেলা দিতে লাগিলেন। এই সময়ে রাজার নিকট চারি জান চোর আলীত ভটল। ৰালা তাহাদের একজনকে কণ্টককশা খারা দহস্রবার প্রস্তুত হইতে, একজনকে শুল্লাবিদ্ধ ও কারানিক্ষিপ্ত হইতে, একজনকে শক্তিবিদ্ধ হইতে ও একজনকে শুলারোণিত চঠাতে আজ্ঞা দিলেন। পিতার আদেশ শুনিয়া মহাসন্থ ভীতত্তত হইয়া ভাবিলেন, 'আমাব পিডো রাজ্যের জ্বন্স ভয়ত্বর নিরয়গামিক্স করিতেছেন।' প্রদিন প্রিচারিকারা ক্যাবকে শ্বেডচ্ছত্তের নিয়ে অলক্ষত রাজাশ্যায় শোওয়াইল: কুমার অলকণ নিলা ঘাইবার পর ভাগিয়া চক্ষ মেলিলেন এবং শ্বেডচ্ছন্ত ও রাজভবনের *ঐ*শ্বর্যা অবলোকন করিলেন। ডিনি স্বভাবতঃ ধর্মভীক ভিলেন : এই সমস্ত দেশিয়া তাঁহার ভয় আরও বৃদ্ধি হইল। তিনি ভাবিতে লাগিলেন 'হায় আমি কোথা হইতে এই রাজভবনে আদিলাম ?' এইক্লপ চিন্তা করিতে করিতে তিনি জাতিম্ববন্ধ-প্রভাবে ব্রিতে পারিলেন যে, তিনি দেবলোক চইতে আসিয়াছেন: তাহাব পর্ব্বে কি ছিলেন তাহা ভাবিয়া নরকে যে যন্ত্রণাভোগ করিয়াছিলেন তাহা জানিতে পারিলেন, তাহারও পর্বের, দেখিতে পাইলেন, তিনি এই বারাণদী নগরেই রাজা চিলেন। তথন তাঁহার মনে হইল, 'আমি বিংশতি বংসর রাজত কবিষা অশীতিসহস্র বংসর উৎসদ নরকে পচিরাছি। এখন আবার এই চোরের ঘরে জনিয়াছি। কাল যথন পিতার নিকট চারিজন চোর আনীত হুইয়াচিল, তথন তিনি তাহাদের সম্বন্ধে কি ভয়ত্তর নিরয়নায়ক পরুষ বাক্যই প্ররোগ করিয়াছিলেন ৷ আমি যদি আবার রাজত্ত করি. তবে পুনর্কার নরকে জন্মিয়া মহাতঃধ ভোগ করিব।' মহাসন্ত যতই এইরূপ চিস্তা করিতে লাগিলেন, ততই তাঁহার ভয় বৃদ্ধি হইল: তাঁহার হেমবর্ণ দেহ হল্পমুদ্ধিত পলের নাম মান ও বিবর্ণ হইল। কি উপায়ে এই চৌরগৃহ হইতে মক্তিলাভ করিবেন, তিনি শুইয়া শুইয়া ভাহাই ভাবিতে লাগিলেন।

মহাদত্বের পূর্ব কোন এক জান্মে যিনি জননী ছিলেন, তিনি এই সময়ে রাজভবনের ছজাধিষ্ঠত্রী দেবতা হইয়াছিলেন। তিনি মহাসত্বকে আখাস দিয়া বলিলেন, "বংস তেমিগ্ন, ভয় পাইও না; যদি এখান হইতে মৃক্তিলাভের ইচ্ছা থাকে, তবে অপীঠসপী হইয়াও পীঠসপীব লায় পড়িয়া থাক, অবধির হইয়াও বধিরের মত দেখাও, অমৃক হইয়াও মৃকবং নীরব থাক। এই তিন উপায় অবলম্বন করিয়া নিজের বৃদ্ধিষ্ঠা অপুকৃতিত রাধ।

দেখাবে না কিছুমাত্র বৃদ্ধির লক্ষণ; সকলের কাছে রবে জড়ের মতন।
 'অপেরে' বলিয়া সবে ত্যালিবে তোমার; ইউনিছিত্তে তব ইহাই উপায়।

ছল্লদেবীর বাক্যে আশস্ত হইয়া মহাসন্থ বলিলেন।

২। বা গো, ভূমি আনার পরমহিতৈবিণী; ভূমিই আনাব সভা কল্যাণকামিনী।
পর্যা করি করিলে বে উপদেশ পান, যতনে পালিব ভাষা হয়ে সাবধান।

অতঃপর মহাসন্থ উক্ত উপায় তিন্টী অবলম্বন করিলেন। রাজা পুত্রের চিন্তবিনোদনার্থ সেই পঞ্চাত শিশুকে তাঁহার নিকট প্রেরণ করিলেন; তাহারা অক্টের জন্ত রোদন করিত। কিন্তু নরকভয়জীত মহাসন্থ ভাবিতেন, 'রাজত্ব করা অপেকা শুকাইরা মরাও ভাল'। এনত তিনি কান্দিতেন না। ধাত্রীরা গিয়া চক্রাদেবীকে এই বৃত্তান্ত আনাইল; তিনি আবার রাজাকে বলিলেন। রাজা নিমিন্তক্ষ ব্যাহ্রণদিগকে ভাকাইরা কারণ বিজ্ঞাসা করিলেন।

<sup>•</sup> निवंगर्गी - राष्ट्र ।

ব্রান্ধণেরা বলিলেন. "মহারাজ, কুমারকে যে সময়ে শুন্ত দিবার নিয়ম আছে, সেই সময় অভিক্রম ক্রাইয়া দিবার আদেশ দিন। তাহা করিলে কুমার কান্দিতে কান্দিতে দুচরূপে অন ধরিয়া নিজেই পান কবিবেন।" এই প্রামর্শমত ধাতীবা তথ্য হইতে বেলা অভিক্রেম কবিলা অন্ দিকে লাগিল। জাহাবা কথনও একবার অতিক্রম কবিত, কথনও সমস্ত দিনট দিতে না। মহাসত ক্ষৎপিপাসায় শুক্ষ হইতেন, কিন্তু নরকভয়ে কথনও অনুপানের জন্ম বোদন করিতেন না। তিনি না কান্দিলেও, "আহা বাছার কিদে পেয়েছে" বলিয়া কথনও মাতা কথনও বা ধানীবা জাঁহাতে অন্য পান কৰাইতেন। অন্য বালকেবা ঘণাসময়ে স্কন্ম না পাইলেই কান্দিত। কিন্তু মহামন্ত্ৰ না কান্দিতেন, না ঘুমাইজেন, না হাত পা গুটাইতেন, না কোন শব্দ শুনিজে পাইয়াছেন এমন ভাব দেখাইতেন। ধাত্রীরা ভাবিল, 'পীঠদপীর হাত পা ত এখন হয় না : যাহারা মৃক্ত তাহাদের ত হত্তর গঠন এমন নয়: যাহারা বধির, তাহাদের কর্ণের গঠন ত অন্তর্প। তেমিয়কুমারের এরপ হইবার নিশ্চয় অন্তর্কোন কারণ আছে। দেখা যাউক ব্যাপার কি, তাহা বাহির করিতে পারি কি না ' ইহা চিস্তা করিয়া তাহারা প্রথমে চয়দারা পরীকা করিবার দক্ষল্প কবিল এবং কুমারকে সারাদিন তথ খাইতে দিল না। কুমার পিপাসার্ত্ত হইয়াও ছথের জন্ত কোন শব্দ করিলেন না। তথন তাঁহার মাতা গিয়াবলিলেন, বাচার আমার ফিলে পেয়েছে।" তিনি ক্যারকে তথ্ন দেওঘাইলেন। এইরপে মাঝে মাঝে ত্ত্ম দাবা ভাষারা এক বংসর কাল পরীকা কবিল: কিন্তু কি বিশিষ্ট কাবণে কুমারের যে ঐ দশা ঘটিয়াছে, তাহা দেখিতে পাইল না। তথন তাহারা ভাবিল, 'শিশুরা পুপমোদকাদি মিষ্টদ্রব্য থাইতে ভালবাদে; এই দকল দ্রব্যদারাই কুমারকে পরীকা করিতে হইবে।' তাহার৷ কুমারের নিকটে সেই বালক্দিগকে বুদাইত : নানাবিধ মোদকাদি আন্মন ক্রিয়া অদুরে রাখিয়া দিত, "তোমরা যে যত ইচ্ছা কর মিঠাই খাও" বলিয়া নিজের। লুকাইয়। দেখিত : অন্ত বালকেরা পরম্পর মারামারি ও কলহ করিয়া মিষ্টাল্ল থাইতে : কিন্তু মহাদ্র ভাবিতেন, 'তেমিয়, যদি নরকে ঘাইতে চাও তবে মিষ্টাল থাও।' তিনি নরকের ভয়ে মিষ্টাল্লের দিকে দৃষ্টিপাতও করিতেন না। পুপমোদকাদি দারা এইকপে এক বংসর পরীক্ষা করিয়াও ভাহার। কুমারের নিশ্চেষ্টভার কোন কারণ দেখিতে পাইল না। **ইহার, পর তাহাদের মনে** হইল, 'শিশুরা নানা**রপ** ফল থাইতে ভালবাদে।' তাহারা নানারণ ফল আনরন করিয়া পরীক্ষা করিল: অস্তু শিশুরা কাডাকাডি করিয়া ফল থাইত: মহাসত্ত দে দিক দকপাত ও 'করিতেন না। ফল দাবাও এক বংসর পরীক্ষা চলিল; কিছ তাহাদের চেষ্টা বিফল হইল। শিশুরা ক্রীড়নকপ্রিয়, এই বিশ্বাদে তাহারা স্থবর্ণনির্ম্মত গজ প্রভৃতির প্রতিমৃত্তি নিকটে রাধিয়া দিত; অতা বালকেরা, যেন লুঠের প্রব্যু পাইয়াছে এই ভাবে, সেওলি গ্রহণ করিত; কিন্তু সে দিকে মহাসন্তের দৃষ্টি ঘাইত না। ক্রীড়নকন্বারাও এইরূপে এক বংসর রুণা পরীকা হইল। চারি বংসর বয়দৈর শিশুরা ভোজাদ্রব্য বড় ভালবাসে, ইহা মনে করিয়া তাহারা নানারূপ ভোগ্না আনিয়া দিতে লাগিল: অন্য শিশুরা সে সমস্ত টকরা টুকরা করিয়া ধাইয়া ফেলিত়ে; মহাসন্ত ভাবিতেন, 'তেমিয়, তুমি যে কত ক্রম অনাহারে কটিটিয়াছে তাহা গণিয়া শেষ করা যায় না'। তিনি নরকের ভয়ে ভোকা দ্রব্যের দিকে ভাকাইতেন ন।। ইহাতে মাতাব বুক যেন ফাটিয়া ঘাইত: তিনি সহিতে না পারিয়া নিজেই গিয়া কুমারকে পাওয়াইতেন। \* পঞ্চবর্ষীয় বালকেরা অগ্নিকে ভয় করে, ইহা ভাবিয়া তাহারা কুনারকে অগ্নিদারা পরীক্ষা করিবার সন্ধন্ন করিল। ভাহারা বছম্বারবিশিষ্ট এক পানি বড় ঘর প্রস্তুত করাইত, উহা ভালপাতা দিয়া চাওয়াইত, মহাসন্তকে অঞায় বালক-

 <sup>&</sup>quot;অধন্দ ৰাতা সর্থেব হল্রেন ভিঞ্জনানা বিশ্ব আনহাজেন সহথেব ভোজনং ভোজেনি'' এই পার্ফ আনুবিভ হইল।

লিগের ছার। বেষ্টিত করিয়া ঐ ঘরে বদাইত এবং ঘরে আগুন লাগাইত। অক্সান্স বালকেরা ্রুষে দীংকার করিতে করিতে প্লাইড: মহাসম্ভ ভাবিতেন 'নবক্ষন্ত্রণাভোগ করা অপেক্ষা ইদা ববং ভাল। ' তিনি নিরোধন্যাণম্বত \* নিশ্চল থাকিতেন। অতঃপর আঞ্চন যথন কোঁচার কাছে আদিত, তথন তাহারা তাঁহাকে বাহিরে লইয়া যাইড। ষড বর্ষীয় বাঙ্গকেরা মতহন্ত্ৰী দেখিয়া ভয় পায় এজন্ম তাহাৰা একটা হন্তীকে বেশ শিক্ষিত কবিয়া বোধিসতকে অমান বালকদিগের সহিত রাজাঙ্গণে বদাইত এবং হাতীটাকে দেখানে ছাডিয়া দিত। চাতীটা ক্রোঞ্চনাদ করিতে করিতে এবং শুগুদারা ভতলে আঘাত করিতে করিতে ভয় দেখাইতে দেখাইতে অগ্রসর হইত: অক্যান্স বালকেরা মরণভয়ে দিগ্রিদিকে ছটিয়া ঘাইত: মহামন্ত্র নবক ভয়ে সেখানেই বসিয়া থাকিতেন : স্থানিক্ত হন্তীটা তাঁহাকে লইয়া এক বাব উপৰে একবাৰ নীচে দোলাইত এবং শেষে তাঁহাৰ শ্ৰীৰে কোনৱপ আঘাত না কৰিয়া চলিয়া যাইত ক্রমে বোধিসত্তের বয়স সাত বংগর হইল: তিনি যথন বালকগণ-পবিবত হইয়া বদিয়া থাকিতেন, তথন তাহারা কয়েকটা উৎপাটিতবিষদন্ত ও বন্ধুয় লপ আনিয়া দেখানে ছাডিয়া দিত। অন্যান্স বালকেরা চীংকার করিতে করিতে পলাইয়া যাইত মহাসত কিন্তু নরকের ভয় চিন্তা করিয়া নিশ্চল থাকিতেন, তিনি ভাবিতেন, 'ক্রন্তু সর্পের মধেও প্রাণভাগে শ্রেয়স্কর'। সর্পগুলি তাঁহার সর্বেশরীর বেষ্টন করিয়া মন্তকের উপর ফণ তুলিয়া থাকিত, কিন্তু ইহাতেও তিনি বিচলিত হইতেন না। তাহার৷ পুন: পুন: পরীক্ষা করিল: কিন্তু কিছতেই মহাসত্তের কোন বিশিষ্ট দোষ দেখিতে পাইল না। বালকেরা সমাজোৎসব ভাল বাসে, ইতা মনে করিয়া ভাতার। মহাসম্ভবে পঞ্চশত বালকের সহিত রাজাঙ্গণে বসাইয়া দেখানে বতুনট আনমুন করিত। অভান্ত বালকেরা নটদিগের ক্রীড়া দেখিয়া বাহাবা দিত ও হাস্ত করিত: কিন্তু মহাসন্ত ভাবিতেন. 'নরকে জ্বিলে মুহুর্ত্তের জন্মও হাস্ম ও আনন্দ থাকে না': তিনি নরকের ভয় ভাবিয়া নিশ্চন পাকিতেন: নটদিগের দিকে দকপাতও করিতেন না। বার বার এ পরীক্ষাদারাও তাহারা মহাদত্তের কোন বিশিষ্ট দোষ বাহির করিতে পারিল না। অতঃপর তাহার। খড়েগর ছার। প্ৰীকা ক্রিবার অভিপ্রায়ে মহাস্তকে বালক্দিগের সহিত্ বাছাক্তে বসাইত। বালকেনা যথন ক্রীড়ায় রত হইত, তথন একটা লোক স্কৃটিক্বর্ণের একথানি খড়গ ঘরাইতে ঘরাইতে. লক্ষ দিতে দিতে ও বিকট রব করিতে করিতে সেথানে ছটিয়া আসিত। সে বলিত. ''কাশীরাজেব নাকি একটা অপেয়ে ( কালকর্ণী ) ছেলে হইয়াছে। ( দেটা কোথায় ? তাহার মাথা কাটিব)।" ভাহাকে দেখিয়া অন্যান্য বালকেরা মহাভয়ে চীৎকার করিতে করিতে প্লায়ন ক্ষিত: বোধিসত কিন্ধ নরক্ষমণার কথা ভাবিয়া যেন কিছুই জানেন না, এই ভাবে বদিয়া থাকিতেন। লোকটা থড়,গ্রারা তাঁহার মন্তকম্পর্শ করিয়া ভর দেখাইত যে, তাঁহার মাথা কাটিবে: কিন্তু তাঁছাকে ভীত করিতে অসমর্থ হইয়। চলিয়া বাইত। বার বার এই পরীক্ষা ক্রিয়াও ভাহারা মহাসভের কোন বিশিষ্ট দোষ দেখিতে পাইল না। এইরপে নয় বৎসর অতীত হইল। তিনি প্রকৃতই বধির কি না, ইহা পরীক্ষা করিবার জন্ম দশমবর্ষে রাজভত্তোর। তাঁহার শ্যার চারিদিকে পদা থাটাইত: উহার চারি কোণে চারিটা ছিজু রাবিত: তাঁহার অজ্ঞাতসারে শধ্যার নিম্নে কয়েকজন শঙ্খগ্যাতা রাধিত: শঙ্খগ্যাতারা সকলে একসকে শৃভাষ্যনি করিত। রাজভবন শৃভানাদে নিনাদিত হইত: অমাতাগণ পদীর চতুলোণে যে শকল ছিন্তু থাকিত, দেই শুলির ভিতর দিয়া দেখিতেন; কিন্তু মহাসত্ত্বের যে একদিনওকোন-মুণ চিন্তৰিকার হইয়াছে, বা হম্পদের বিকার হইয়াছে বা কোন অঞ্ব ম্পন্দিত হইয়াছে, ইংা

মিরোধ—কারিক, বাতিক ও চেতিসিক বৃদ্ধিসমূহের ক্রিরারহিতা। নিরোধসমাপর — মহাধানময়।

লক্ষ্য করিতে পারিতেন না। এইরণে এক বংসর অতীত হইল। প্রবংসর ভেরীয় শব্দ ছালাপ্ৰীক্ষাক্ৰা ভুইল : ডাগুড়েও কোন দোষ দেখিতে পাওয়াগেল না। ইগুৰ প্ৰ দীপ হার।পরীকা আবেজ হটল। কমার বাহিকালে অক্ষকারে হক্ষপাদ স্পদ্দর করেন কি না ইচাদেখিবার জন্ম রাজভত্তোরা **কভক ঋদি** ঘটের মধ্যে দীপ জালিত : ভাচার পর কক্ষেত্র অভান্তরত্ব অক্স দীপগুলি নিবাইয়া কুমারকে কিয়ংকণ অন্ধকারে রাথিত, শেষে ঘটের মধাত্ব দীপগুলি এক সঙ্গে তুলিত, ইহাতে সমন্ত কক্ষ উজ্জ্বল আলোকে উদ্ভাগিত হইত : ভাৰার। এই আলোকে কুমার কোনত্রণ অঙ্গ ভঙ্গী করেন কি না তাহ। পর্যাবেক্ষণ করিত। কিছ পূৰ্ব এক বংসর এ প্রীক্ষাম্বারাও ভাহার। তাঁহার দেহের কুত্রাপি স্পন্দনমাত্র লক্ষা করিতে পারিল না। তথন ভাহার। স্থির করিল, কুমারকে শুড ছাবা প্রীকা করিতে হইবে। ভাহারা তাঁহার সর্বাজে গুড় মাধাইয়া মহিকাবতল ভানে শোওয়াইয়া বাধিত, ঝাঁকে ঝাঁকে মাছি ভাডাইয়া তাঁলার দিকে দইয়া ঘাইড: সেগুলি ভালার সর্বাণরীর ছাইয়া ফেলিয়া স্ফীর মত লল ফটাইত : কিছু ইহাতেও ভিনি নিরোধনমাপল্লবং নিশ্চল থাকিতেন। পর্ণ এক বংসব বার বার এই পরীক্ষা করিয়াও রাজপুরুষেরা ক্যারের কোন বিশিষ্ট দোষ দেখিতে পাইল না। কুমারের বয়স চৌদ্দ বংগর হইলে রাজপ্রক্ষেরা ভাবিল, 'কুমার এখন বড হইয়াছে: এ বয়দে বালকেরা শুচিপ্রিয় ও অশুচিবিধেষী হইয়া থাকে: অতএব ইহাকে অভচিমারা পরীক্ষা করা যাউক। এই উদ্দেশ্যে তাহার। তথন চইতে তাঁহাকে স্নান করাইত না; তিনি মলমূত্র ভাগে করিয়া তাহারই মধ্যে শুইয়া থাকিতেন; ছুর্গন্ধে ভুর্গন্ধে তাঁহার পেটের নাডিভ ডি বাহির হইবার উপক্রম হইত, তাঁহাকে মাছিতে খাইত , লোকে তাহাকে ঘিরিগা নিন্দা ও ভর্ষনা করিত, "তেমিয়, তমি এখন বড হইয়াছ: কে সর্বদা তোমার পরিচ্যা করিবে ? তোমার কি লজ্জা হয় না: দিন রাত শুইয়া আছ কেন ? উঠিয়াগা পরিভার কর।" কিন্তু এইরূপ ক্রকারজনক মল-রাশিতে নিমগ্ন থাকিয়াও মহাসত্ত নিশ্চিষ্টভাবে পৃথনরকের কথা ভাবিতেন যে পৃথনবকের তুর্গন্ধে শত্যোজন দ্রম্ব লোকের জ্বন্ধও ছিল্ল ভিল্ল হইয়া যায়। এক বংসর কাল বার বার এই পরীক্ষা করিয়াও কেই মধানত্ত্বের ইনদী দশার কোন হেড নির্ণয় করিতে পারিল না। অতঃপব তাহার। মহাদত্ত্বে শ্যার নিম্নে আগতনের মালদা রাখিতে লাগিল: তাহারা ভাবিল 'কুমার যথন অগ্নির তাপে পীডিত হইয়। আর যন্ত্রণ। সহু করিতে পারিবেন না, তথন হয়ত উাহার শ্বীরের স্পন্দন হটবে। অগ্নির তাপে মহাসন্তের শ্রীরে ফোস্থা পডিল: কিন্তু তিনি ভাবিলেন 'অবীচিনরকের অগ্নিশিখা শতবোজন পর্যায় উত্থিত হয়: তাহার তলনায় এ উত্তাপ শতগুণে, সহস্র গুণে উপভোগ্য।' এইরূপে চিন্তা করিয়া তিনি উত্তাপ সম্ব করিতেন ও নিশ্চল त्रहिट्डिन। जाँशांत्र माजां शिजात शामा धा पा प्राप्त स्थित। त्यन विमीर्ग इटेंड ; जाँशांत्र। त्यांक-জনকে দ্রাইয়া মহাসত্তকে অগ্নিদন্তাপের বাহিরে আনিতেন এবং বলিতেন. "বংষ তেমির, তমি পীঠদপী, वा मक, वा विधिव इटेशा खना नाहे, हेटा खामता खानि; यादाता शीठमशी, मूक, বা বধির, তাহাদের পা, মুধ ও কাণ এরপ হয় না । আমরা দেবতাদিগের নিকট কত প্রার্থনা করিয়া তোমাকে পাইয়াছি। আমাদের সর্বনাশ করিওনা। সমগু জন্ম বীপের রাজার। যাহাতে ষ্মামাদিগকে ধিকার না দেন, তুমি তাহার উপায় কর।" মাতাপিতা মহাসব্বের নিকট এইরপ যাক্রা করিতেন : কিন্তু তিনি দেই যাক্রা শুনিয়াও খেন শুনিতেন না; যথাপুর্ব্ব নিশ্চল-ভাবে শুইষা থাকিতেন। ইহাতে তাঁহার মাতাপিতা কান্দিতে কান্দিতে চলিয়া যাইতেন। কখনও তাঁহার পিতা একাকী তাঁহার নিকট অমুরোধ করিতেন: কখনও বা তাঁহার মাভাই একা গিয়া ঐক্লপ বলিতেন। এবংবিধ উপায়ে এক বংগর পরীকা করিয়াও কিছ কেই. কি কল্প বে জাঁহার এ দশা, ভাহা বুঝিতে পারিলেন না। মহাসক্ষের যখন বয়স যোগ বংসর চুইল, ত্রুন রাজা রাণী প্রভৃতি ভাবিলেন, পীষ্ঠদর্শীই হউক, কিংবা মুক্বধিরই হউক, এমন (कहरे नारे, य हिख्यक दिवस पूर्व भाष ना, किस्वा याहा श्री उक्रन नव खाहारा श्री ज পায়। বেমন ষ্পাকালে প্রের বিকাশ হয়. তেমনি য্থাব্যুদে লোকের চিত্তেরও এইজপ অবস্থা ঘটে। অতএব ইহার চিত্তরঞ্জনার্থ নট নর্ত্তকী প্রভতি হারা নানারূপ অভিনয় ক্রবাইয়া পরীক্ষা করা যাউক। ইহা স্থির করিয়া তাঁহারা দেবকঞার আয় বিলাসরতী প্রমুক্ত করী রুমণীগণকে আহ্বান করিয়া বলিলেন, ''যে এই কুমারকে হাসাইতে অথব। कामणात्म यक्ष कृतिएक शांतिरत, तनहें हैशांत आध्यमिश्यो रहेरत ।" छाराता क्रमात्ररक शरकामक-দ্বারা স্নান করাইলেন, দেবপুত্রের মত দাজাইলেন, দেববিমানকল রাজকীয় প্রকোঠে রাজ-শ্যাহ শ্যুন করাইলেন এবং সমন্ত কক্ষী স্থান্ধ মাল্য (চন্দনের বা কর্পরের মালা ), পুপ-মাল্য, ধুণ, বাদ, মদিরা, আদৰ ইত্যাদির গল্ধে আমোদিত করিয়া চলিয়া গেলেন। রমণীগণ কাচাকে পরিবেষ্টন করিয়া নৃত্যগীত, মধুরালাপ প্রভৃতি নানা উপায়ে অভিরমণের চেষ্টা পাইল কিন্তু ডিনি ভাহাদিগকে প্রজ্ঞাসহকারে অবলোকন করিলেন এবং পাছে ভাহার। তাঁচার শরীর স্পর্শ করে, এই আশক্ষায় নি:খাস প্রখাস করু করিয়া মৃতবৎ স্তর্কার চটলেন। তাঁচার পরীর স্পর্শ করিতে না পারিয়া তাহারা ভাবিল, 'কি আশুর্ঘা। ইহার শ্রীর মুতের আয়ে তার, এ মাফুষ না, যক্ষা' তাহারা গিয়া কুমারের মাতাপিতাকে এই কথা জানাইল।

এইরপে বার বার পরীক্ষা করিয়াও রাজা ও রাণী কুমারের এতাদৃশী দশার কোন কারণ নির্ণন্ধ করিতে পারিলেন না । তাঁহায়া বোল বৎসর যোগটা মহাপরীক্ষা এবং বছ ক্ষুপ্র পরীক্ষা করিলেন; কিন্তু কিছুই বুরিতে সমর্থ ইইলেন না। রাজা নিরতিশয় বিরক্ত ইইয়া লক্ষণপাঠকদিগকে ডাকাইয়া বলিলেন, "তোমরা না কুমারের জন্মকালে বিলয়াছিলে যে, এ ধক্তপুণালক্ষণ এবং ইহার কোন রিষ্টি নাই! এই কুমার আজন্ম পীষ্ঠদর্পী ও মৃকবধির। তোমাদের কথাত্বরূপ ফল হইল না কেন?" দৈবজ্ঞেরা বলিল, "মহারাজ, কিছুই আচার্য্যদিগের অগোচর নাই; কিন্তু আপনারা দেবতাদিগের নিকট এত প্রার্থনা করিয়া যে পুল্র লাভ করিয়াছেন, দে অপেয়ে (কালকণী) হইবে একথা বলিলে আপনাদের ছংখ ইইতে পারে, ইহা মনে করিয়াই আমরা তথন প্রকৃত কথা বলি নাই।" "এগন আমার কর্ত্তব্য কি?" "মহারাজ, কুমার এই রাজভবনে বাস করিলে হয় আপনার, নয় মহিষীর জীবনাস্ত হইবে, অথবা আপনার রাজ্য ঘাইবে। আমরা এই তিনটীর একটী না একটী অমঙ্গল আশকা করিভেছি। অতএব একখানা অপেয়ে রথে অপেয়ে ঘোড়া যোডাইয়া কুমারকে তাহাতে তুলিয়া দিন; এবং পশ্চিমদার দিয়া বাহির করাইয়া আমক শ্রশানে পুতিয়া রাখিবার ব্যবস্থা কক্ষন।" অমঙ্গলের কথা শুনিয়া রাজার ডয় হইল, তিনি বিষা আজা' বলিয়া বৈণ্য রাধিবার ব্যবস্থা কক্ষন।" অমঙ্গলের কথা শুনিয়া রাজার ডয় হইল, তিনি বিষা আজা' বলিয়া নৈবজ্ঞাদিগের প্রস্তাবে সম্মত হইলেন।

এই সংবাদ শুনিয়া চন্তা রাজার নিকট গিয়া বলিলেন, "মহারাজ, আপনি আমাকে একটা বর দিয়াছিলেন; আমিও উহা গ্রহণ করিয়াছিলাম, কিন্তু তথন কিছু চাই নাই। এখন আমি বাহা চাই, তাহা দান কন্ধন " "কি চাও বল।" "আমার পুত্রকে রাজ্য দিন।" "না, দেবি; তাহা আমি দিতে পারিব না। তোমার পুত্র কালকর্ণী।" "মহারাজ, চিরজীবনের জক্ত না হউক, সাত বৎসরের জন্ত তাহাকে রাজ্য দিন।" "তাহা দিতে পারিব না।" "তবে পাঁচ, চাবি, তিন, ছই, এক বৎসর, সাত মাস, ছয় মাস, পাঁচ, চারি, তিন, ছই মাস, এক মাস, অর্জ মাসের জন্ত দিন।" "না দেবি; আমি দিতে পারিব না।" "অস্ততঃ সাত দিনের জন্ত দিন, মহারাজ।" "বেশ, এবার তোমার ইচ্ছা পূর্ণ করিলাম।" ভ্রমন চন্দ্রা পুত্রকে সাজাইলেন, নগরে ভেরী বাদন দারা প্রচার করিলেন যে, তেমিয়কুমার

ষাক্তম করিতেচেন। ডিনি নগর সমজ্জিত করাইয়া প্রতেক গজন্তমে আরোচণ করাইলেন জাঁচার মায়কোপরি খেতচ্ছত্র উত্থাপিত করিয়। নগর প্রদক্ষিণ করাইলেন, প্রাসামে ফিরিয়া আসিলে তাঁহাকে রাজকীয় শ্যায় শ্যুন করাইয়া সম্ভ বাত্তি প্রার্থনা করিছে লাগিলেন ''ৰাবা ভেমিয় কুমার। ভোর জন্ম এই যোল বছর আমি ঘুমাই নাই: কান্দিয়া কান্দিয়া চক্ষ বাইতে বসিয়াছে: শোকে বক ফাটিবার উপক্রম হইয়াছে: তই যে পীঠদর্পী ও মুখবধির চইয়া জ্বিস নাই, ইহাও জানি: তই আমাকে অনাথা করিস না, বাপ।" চক্রা এইরূপে পর পর পাঁচ দিন প্রার্থনা করিলেন। ষষ্ঠ দিনে রাজা জনন্দনামক সার্থিকে ভাকাইয়া বলিলেন, "বাপ্র, কাল ভোরেই একথানা অপেয়ে রথে অপেয়ে ঘোডা যতিয়। কুমারকে জাহাতে শোওয়াইয়া এবং পশ্চিম দর্জা দিয়া বাহিব কবিয়া আমকশাশানে লইয়া যাইবে। দেখানে একটা চারিকোণা গর্ত্ত থঁডিয়া কুমারকে ভাগার মধ্যে ফেলিয়া দিবে: কোদালির পিঠ দিয়া মাথাটা ভালিয়া ভাহাকে মারিবে, শবের উপর মাটি ফেলিবে এবং সর্কোপরি একটা মাটির চিবি করিয়া নিজে স্থান করিয়। এখানে ফিরিবে।" বর্ষ রাত্তিতে কুমারের নিকট পর্ববং যাচ ক্রা করিয়া চন্দ্রা বলিলেন 'বাবা, কাশীরাজ তোকে কাল আমকশ্রশানে প্তিবার আদেশ দিয়াছেন। কাল, বাচা, তোর মরণ হইবে।" ইহা শুনিয়া মহাস্ত আমন্ত্রিক ভাইলেন: তিনি ভারিলেন, আমি 'ষোল বংগব যে চেষ্টা কবিয়া আদিতেছি এজদিনে ভাষা ফলবভী হইল ' তাঁহার মাডাল হৃদ্য কিন্তু বিদীর্ণপ্রায় হইল। কিন্তু ভাষা শানিয়াও, পাচে তাঁহার মনোরথ অপূর্ণ থাকে এই আশব্যায়, মহাসত মাতার সঙ্গে আলাপ कवित्रमञ्जू भाग

এদিকে রক্তনী প্রভাতা হইল, দার্থি স্থানন্দ প্রত্যুবেই রথ দক্জিত করিয়া ঘারদেশে রাখিল এবং কুমারের শয়নকক্ষে প্রবেশপূর্বক বলিল, "দেবী, আমার উপর কুত্ব হইবেন না; আমি রাজার আজ্ঞা পালন করিতেছি।" চন্দ্রা পুত্রকে আলিক্ষন করিয়া পভিয়াছিলেন। মনন্দ তাঁহাকে হন্তপৃষ্ঠ ঘারা সরাইয়া পুত্পকলাপবৎ স্থুকুমার কুমারকে লইয়া প্রাদাদ হইতে অবতরণ করিল। চন্দ্রা বক্ষে করাঘাত পূর্বক উচ্চৈঃস্বরে পরিদেবন করিতে করিতে মহাতলেই পড়িয়া রহিলেন তাঁহার দিকে দৃষ্টিশাত করিওা মহাসন্থ ভাবিলেন, 'আমি কথা না ঘলিলে ইহার দ্বংপিও বিদীর্গ হইবে; ইনি মারা ঘাইবেন।' এবার তাঁহার কথা বলিবার ইচ্ছা হইল; কিন্তু তিনি আবার ভাবিলেন, কথা বলিলে এই ঘোল বংসর ঘে চেষ্টা করিয়া আসিলাম, তাহা ব্যর্থ হইবে; আমি কথা না বলিলে পরিণামে আমার এবং আমার পিতামাতারও কল্যাণ সাধিত হইবে।' এইরূপ চিন্তা করিয়া তিনি কথা বলিবার ইচ্ছা সংবরণ করিলেন।

অতঃপর সারথি কুমারকে রথে তুলিল এবং পশ্চিম ধারাভিম্থে রথ চালাইতে গিয়া উহা পূর্ববারাভিম্থে চালাইল। বার অতিক্রেম, করিবার কালে রথের চাকা গোবরাটে প্রতিহত হইল। ঐ শব্দ শুনিয়া মহাসন্ত অবিলয়ে তাঁহার মনোরথ পূর্ণ হইবে বৃবিদ্ধা আরও সন্তই হইলেন। রথধানি নগর হইতে নিজ্ঞান্ত হইয়া দেবতাদিগের অক্ষড়াববলে তিন যোজন পথ অতিক্রম করিল; ঐ স্থানে লোকালয় শেষ হইয়া বনভূমি আরম্ভ ইয়াছিল। শার্বির নিকট উহাই আমকশ্মশানরপে প্রতীম্মান হইল। সে ঐ স্থানটা ভাল মনে করিয়া রথধানি সরাইয়া পথের ধারে রাখিল; নিজে অবতরণ করিয়া মহাসত্তের আভরণগুলি থুলিল এবং ঐ শুলি একটা পুঁটুলি করিয়া এক স্থানে রাখিয়া কোদালি বারা অদ্বের গর্ম্ভ ধনন করিতে আরম্ভ করিল। ইহা দেখিয়া বোধিসত্ব ভাবিলেন, 'এখন আমার

পঠ- "তথ বনাবটো সার্থিস্দ আমকস্পানং বিয়? ইত্যাদি। পাঠান্তর 'পন ঘটং ।' বোধ হয় 'বন

অই' বা 'বন ঘটনং' এই পাঠ প্রহণ করিলে স্নলত অর্থ পাওয়া বাইতে পারে। ঘটং বা ঘটনং = স্কিছান।

সামর্থা প্রয়োগের সময় আসিয়াছে। আমি ষোল বংসর হাত পা চালি নাই: এ সং এখন আমার বশে আছে কি?' অনস্তর তিনি দাঁডাইয়া বাম হস্ত দ্বারা দক্ষিণ হস্ত, দক্ষিণ হস্ত দারা বাম হস্ত এবং উভয় হস্ত দারা পাদদ্বয় সংবাহনপুর্বকে রথ হইতে অবভরণ করিছে ইচ্ছা করিলেন। অমনি তাঁহার পাদপ্রতিষ্ঠাস্থানে মহাপৃথিবী বাতপূর্ণ ভস্তাচর্ম্মের স্থায় উদগত হইয়া রথের পশ্চাদ ভাগ স্পর্শ করিল। তিনি অবতরণ করিয়া কয়েকবার ইতন্ততঃ চঙ ক্রমণ করিয়া বুঝিলেন যে, ঐ ভাবেই এক দিনে শত যোজন যাইবার বল তাঁহার আছে। ইহার পর জাঁহার মনে হইল, 'সার্থি যদি আমার প্রতি বল প্রয়োগ করে, তবে তাহাকে প্রতিবোধ করিতে পারি, এমন বল আমার আছে ত ?' ইছা বঝিবার জন্ত তিনি পশ্চাদ ভাগ ধরিয়া রথখানিকে বালকদিগের ক্রীভারথবং অবলীলাক্রমে উত্তোলন করিলেন। ইহাতে তাঁহার বিশ্বাস হইল যে, তিনি সার্থিকে প্রতিরোধ করিতে সমর্থ। অনস্কর <mark>তাঁহার</mark> প্রসাধনের ইচছা জান্মিল। অমনি শক্রভবন উত্তপ্ত হইল; শক্র ইহার কারণ বুঝিতে পারিয়া ভাবিলেন, 'তেমিয় কুমারের মনোরথ পূর্ণ হইয়াছে: তিনি প্রসাধন ইচ্ছা করিতে-ছেন, মামুষ যে আভরণ ব্যবহার করে, তাহা ইহার পক্ষে তুচ্ছ।' তিনি দিব্য আভরণ দিয়া বিশ্বকর্মাকে বলিলেন, 'যাও কাশীরাজপুত্রকে গিয়া সন্ধিত কর।" বিশ্বকর্মা ''(য়ে আজ্ঞা'' বলিয়া প্রস্থান করিলেন এবং তেমিষ কুমারকে দশ সহস্র দিব্য বল্তে আচ্ছাদিত করিয়া দিবা ও মাছ্যবিক আভরণে মণ্ডিত করিলেন। ইহাতে তেমিয় কুমার স্বন্ধং শক্তের ক্সায় প্রজীন্বমান চইতে লাগিলেন। সার্থি যেখানে গর্ত্ত খনন ক্রিডেছিল, তিনি শক্তলীলায় দেখানে গিয়া গর্কের ধারে দাঁড়াইয়া তৃতীয় গাথা বলিলেন: -

া কেন এত তাড়া তাড়ি করিছ ধনন.? পর্বেতব, হে সারধে, কিবা প্রভাক্তন?
 ইহা শুনিয়াও সার্থি উপরে তাকাইল না; সে গর্ত্ত ধনন করিতে করিতেই চতুর্থ গাথা
বলিল:—

৪। মুক; পকু, জড়বং রাজার ভনয়; 'ধনন করিয়া গর্জ কানন মাধারে, আজ্ঞা দিলা তেঁই মোরে রাজা মহাশর :-রাথ দেখা সমাহিত করিবা কুমারে।'

#### মহাস্ত বলিলেন.-

ধ। মুক, বা বধির, কিংব। পকু, বল্প নই আমি . শুন সত্য, সার্থিপ্রবর;
 তথাপি আমারে যদি সমাহিত কর বনে, হবে তব পাপ ঘোরতর।
 ৬.। দেব চারু উরু মম. প্রুপটিত বাছছর, বাক্য কর প্রংগগোচর;
 ৬.থাপি আমারে যদি সমাহিত কর বনে, হবে তব পাপ ঘোরতর।

ইহা শুনিয়া সারখি ভাবিল, "এ কে ? এখানে আসিবার পরেই এ এইরপ আত্মবর্ণন করিতেছে!" সে গর্ত্তখনন হইতে বিরত হইয়া উদ্ধাদিকে অবলোকন করিয়া মহাসত্ত্বের আলোকিক রূপ দেখিতে পাইল এবং তিনি দেবতা, কি মান্ত্ব্য, তাহা ব্ঝিতে না পারিয়া বলিল.

। দেবতা, গছর্কা, কিংবা দেবরাজ পুরন্দর, কে তুমি, নিশ্চয় করি বল;
 পুণ্যবলে কে তোমার দেশত তেনয়য়লে ? কোন্ কুল করেছ উজ্জল ?

ভখন মহাসম্ব সার্থির নিকট আত্মপ্রকাশপূর্বক ধর্মদেশন করিলেন:—

৮। দেবতা, গন্ধর্ব্ব, কিংবা দেবরাজ প্রন্দর নই আমি বলিগু নিশ্চর .
কাশীরাজপুত্র আমি, সমাহিতে গর্ডে যারে আজ তুমি করেছ আশা ।

৯। কাশীরাজ পিতা মোর ; সেবক তাহাব তুমি, দেব ভাবি, সার্থিপ্রবর ;
তথাপি আমারে যদি সমাহিত কর বনে, হবে তব পাপ বোরতর ।

১•। বে তঙ্গর ছারা সেবি পারে কি করিতে কেহ ? ১১। কাশীরাজ ওঞ্জবর

১১। কাশারাজ ওলবর: তথাপি আমার বদি নভে তৃষ্টি অমুক্ষণ,

সমাভিত কৰ বলে.

যে করে সে পাপ, তারে আনি ভট শাখা তার: তার ই) শাখা করিতে ছেদন মিত্রভোহী বলে দাধুকন।

ছারাসেবী সারশি ধবর ; হবে জব পাপ হোরভর ।

বোধিসন্থ এইরূপ বলিলেও দার্থি তাঁহার কথা বিশাদ করিল না। তা**হার বিশাদ** দ্বশাইবার জন্ম তিনি দশ্টী মিত্রপূজ্ক গাথা বলিতে আরম্ভ করিলেন। এই সময়ে তাঁহার ক্রমন্বরে এবং দেবতাদিগের দাধকারে সমস্ভ বনসন্ধিস্থান নিনাদিত হ**ইল**।

১২। সিজের হিতৈবী লোকে লভে অনারাসে

১৩। মিত্রের হিতৈবী বেই, গ্রামে, কি নগরে,

> । মিজের হিতৈবী বেই, দম্যগণ তার না পারে করিতে বোদ্ধা হেরজ্ঞান তারে ;

 भि. রের হিতৈষী যেই, প্রদর্গয়য়ের জ্ঞাতিগণ মধ্যে সেই লভে প্রেষ্ঠাদন;

১৬। মিত্রের হিতৈবী বেই, প্রাব্তি হয় তার অক্টের গৌরব হানি করেন। কথন; গুণ কার কীর্ত্তি তার করে সবে গান;

 ১৭ : মিজের হিতৈবী যেই, প্রিরা অপরে প্রশমি অপরে হয় প্রণমা তাদের;

১৮। মিত্রের হিতৈবা বেই, সভত কমল। উন্নতে সে দশদিক গুণের ছটার,

 মিজের হিতৈবী বেই, তাকার গোধন উপ্তবীজ দব ভার হর অঙ্করিত ,

भ মিত্রের হিতৈবী যেই, তাহার কখন

 ংর যদি, করে সেই লাভ নি:শংসর

২১। প্রবোহ রক্ষিত বট তক্ককে থেমন মিত্রের হিতৈরী যেই, তেমতি তাহারে থাদা, বহু পরিচর্যা সিরা দুরদেশে। সর্ব্যন্ত সকলে তার সমাদ্ধ করে।

পারে না করিতে কোনক্লপ অপকার। দমন করিতে দর্বব অরাক্তি সে পারে। প্রবাদ চইতে সেই কিন্তে নিজ বরে।

সভার সর্ব্যত্ত হয় প্রশংসাভাজন। সংকারের বিনিময়ে, সর্ব্যত্ত সংকার। ভাই সে সবার হয় গৌরবভাজন।

কি স্থানশে, কি বিদেশে পার সে সন্মান অপরের ঠাই সেই পূলা লাভ করে। হর সেই অধিকারী কীর্মি ও বংশর।

থাকেন তাহার সঙ্গে হইয়া অচলা। অগ্নি বা দেবতা যথা নিজের প্রভায়।

নবজাত বংসে বৃদ্ধি পান্ন অমুক্ষণ। কৃষিফল ভূঞ্জি সেই হন্ন আনন্দিত। দুৰ্বা, গিনি কিংবা বৃক্ষ হইতে পতন হেন হান, বাঁচে যাংগ ক্ৰিয়া আশ্ৰয়।

উৎপাটিতে কথন(ও) না পারে প্রভঞ্জন, পরাস্ত করিতে কভু শক্তরা না পারে।

মহাসন্থ এই সকল গাণা দার। ধর্মদেশন করিলেও স্থানন্দ তাঁহাকে চিনিতে পারিল না.; সে রথের নিকটে গেল; কিন্তু সেধানে রথ ও অলঙারভাগু না দেখিয়াই ফিরিয়া গিয়া সে কুমারের দিকে দৃষ্টিপাতপূর্বক তাঁহাকে চিনিতে পারিল, এবং তাঁহার পদতলে পড়িয়া ক্রতাঞ্জলিপুটে প্রার্থনা করিল:—

২২। এস, রাজপুত্র ; পুন: হুবে থাক ; কর রাজা ; ৰগৃহে ভোনারে লয়ে যাই ; এ বনে থাকিয়া কান্ত নাই ।

মহাসন্ত বলিলেন.

২৩। সে রাজ্যে, সে ধনে, কিংবা রাজ্য হেত পাশপথে জ্ঞাতিগণে নাই প্রয়োজন। করিতে হইবে বিচরণ।

#### সার্থি বলিল,

१৪। ফিরি বদি বাও বরে, জনক জননী তব

২৫। কিরি যথি যাও ঘরে, সম্ভষ্ট হইরা সবে

२७। किंत्रि विश्व वाश्व चरत्र, मुख्डे स्टेशा मृद्य পূর্ণপাত্র লরে হাতে
তুই হরে দান মোরে
অন্তঃপূর্বাসিনীরা,
করিবেন দান খোরে
গজসাদী, অখসাদী,
করিবেন দান মোরে

বরিবে ভোমার সর্বজ্ঞ , করিবেন স্থাচুর ধন। বালক, ত্রাহ্মণ, বৈষ্ঠ্যপণ বধাসাধ্য বছবিধ ধন। রধী আর পদাভিক্সণ, বধাসাধ্য বছবিধ ধন। ২৭। ফিরি যদি যাও মরে, অপার আনল লভি সমাগত হয়ে সেখা দিবেৰ আমাধ সবে পৌর আর <mark>জানপদগণ,</mark> উপহার নানাবিধ ধন।

#### মহাসভ বলিলেন.

২৮। পিতা, মাতা, বথী, পোর, বালক সবাই

২৯। দিলা অন্তমতি মাতা; সর্বাধা বর্জ্জন একাকী অরণ্যে আমি কবিলাম তাই; ৩০। যে জন না করে তবা

ব্রহ্মচর্য্য করি লাভ

৩১। যে নাকবে ছরা, সেও বক্ষচর্ষালভিড করি কবিল আমাৰে ত্যাগ , গৃহ মোর নাই ।
করিলা জনক মোরে ; গুত্রজ্ঞাগ্রহণ
কামের বাসনা মোর অণুমাক্র নাই ।
কলাশা তাহাব(ও) সিদ্ধ হয় ,
হইলাম সিদ্ধার্থ নিশ্চর ।
হিতপরাকাঠা লাভ করে ;
নিক্রমণ নির্ভয়নস্করে ।

#### সার্থি বলিল,

৩২। এত মিষ্টভাবী ভূমি, মাতার পিতাব ঠাই

এমন হস্পষ্ট বাক্য তব ; কেন তবে ছিলে হে নীয়ৰ গ

### मशमख विलिधन.

৩৩। অক্সমিল নাই মোব ভাবিও নামনে , কৰ্ণ আছে : তবু আমি বধির সেকেছি :

ত। পূর্বজন্মকথা মোর হরেছে শারণ; বাজজের অবসালে হইল আমার

৩৫। করিমু রাজত্ব আমি বিংশতি বংসর ; অশীতি সহস্রবর্ধ সে পাপের ফলে

্ড। রাজ্যের নামেতে তাই ভন্ন বড় করে; এই আশিকায় মুক দাজিতু সর্ববধা,

০৭। কোলে মোরে লয়ে পিতা প্রথবচনে, 'বধ এরে, বাজি এরে রাথ কারাগারে, ইয়ারে করে বিলা শলে আবেংগিকে।'

ইহাবে কবহ গিয়া শুলে আরোপিত।'' ৩৮। ওনি যে দারুণ বাণী কাঁপে মোব বক:

অপকুহইয়া থাকি পকুর মতন

্বঃ তঃখনয় ক্ষণস্থায়ী জীবের জীবনঃ

 এই জীবনেব তরে আছে কি এমন প্রাণাতিপাতাদি পাপে হয় যেই রত ?

৪১৷ যে জন না করে ত্বরা, এক্সচর্বা করি লাভ

<sup>8</sup>২। যে নাকরে ত্রা, সেও ব্রহ্মচর্যালভি করি

পঙ্গবং রটি নাই আমি দে কারণে। জিহব। আছে, তব আমি মক হটয়।তি। করেছিমু কিছদিন রাজত্ব তথন। নরকে পড়িয়া একশেষ যন্ত্রণার। ভঞ্জিম তাহার ফল অতি ভয়ন্তর :-পুডিলাম অন্তর্নিশ নরক-অনলে। রাজ্যে পাছে অভিধিক্ত করম আমারে. পিতার, মাতার সঙ্গে না কহিন্দ কথা। দিলেন ভীষণ এই আজ্ঞ। ভতাগণে, শক্তিদারা কাট এরে থগু খণ্ড কবে: গুনিয়াহদয় মোর হইল কম্পিত। অমুক হইয়া আমি সাজিলাম মৃক। নিজের বিশ্ব তে পরিপ্ল ত অমুক্ষণ। তার তরে পাপ লোকে করে কি কারণ ? প্রজাহীন, ধর্মদৃষ্টিহীন কোনজন, ধিক হেন পাষভেরে, ধিক শত শত। ফ্লাশা ভাহার,ও সিদ্ধ হয়:

হুইলাম সিদ্ধার্থ নিশ্চর।

হিতপরাকাঠা লাভ করে .

निक्रमण निर्वत्रवस्ता

ইহা ভ্রনিয়া স্থনন্দ ভাবিল, 'এই কুমার ঈদৃশী রাজন্তীকে গলিত শব মনে করিয়া বর্জন কবিতেছেন; এবং নিজের সহল অব্যাহত রাখিয়া প্রভ্রমাগ্রহণার্থ অরণ্যে আদিয়াছেন। আমারই বা এই কষ্টকর জীবনে কি প্রয়োজন । আমিও ইহার সন্দে প্রভ্রমা লইব।' এইরপ চিক্তা করিয়া দে বলিল,

আমিও প্রব্রুলা লব নিকটে তোমার;
 'এদ ভিক্লু' বলি নোরে করহ আহ্বান,
 ক্ষে থাক, কর পূর্ব প্রার্থনা আমার,
 প্রব্রুলা পাইতে বড় বাগ্র মোর প্রাণ।

স্থনন্দের প্রার্থনা শুনিয়। মহাসন্থ ভাবিলেন, 'আমি যদি ইহাকে এখনই প্রব্রজ্ঞাা দেই, জবে আমার মাতাপিতার এখানে আসা ঘটিবে না; ইহাতে তাঁহাদের ক্ষতি হইবে, কারণ এই অখ, রথ ও আভরণভাও সমন্তই বিনষ্ট হইবে; আমাবও নিন্দা হইবে, কারণ লোকে ভাবিবে, আমি প্রক্রুতই যক্ষ; আমি সার্থিকে খাইয়া ফেলিয়াছি।' এইরূপ চিন্তা করিয়া আত্মনিন্দাপরিহারার্থ এবং মাতাপিতার মঙ্গলসাধনার্থ তিনি সার্থিকে ব্র্ঝাইলেন যে, সে অখ, রথ ও আভরণভাও প্রত্যূপণের জন্ম রাজার নিকট ঋণী। তিনি বলিলেন,

তন্ণ হইয়া এস, রধ করি প্রত্যপণ;
 অনৃণ(ই) প্রক্রা পায়, বলে ইহা ঋষিগণ।

সারথি ভাবিল, 'আমি নগরে গমন করিলে কুমার যদি অগুত্র চলিয়া যান এবং এই বৃত্তান্ত শুনিয়া 'আমার পুত্রকে দেখাও' বলিয়া মহারাজ এখানে আদিয়া ইহাকে দেখিতে না পান, তবে আমাকে দণ্ড দিবেন। অভএব আমার বর্ত্তমান অবস্থা বুঝাইয়া, ইনি যে চলিয়া যাইবেন না, এরূপ অঙ্গীকার গ্রহণ করা আবশ্যক।' এইরূপ চিন্তা করিয়া সে তুইটী গাখা বলিল:—

তে মাব আদেশ রক্ষা করির আমি যেমন,
 কামারও প্রার্থনা এক কবহ তুনি পূবণ ঃ
 চঙা রাজাকে লইখা সঙ্গে যতক্ষণ নাহি ফিরি,
 এই স্থানে অবস্থিতি কব তুনি দখা করি।
 পিতা তব পুনর্কাব পুরুমুগদর-নে,
 বোধ হয়, পাইবেন অপার আনক্ষ মনে।

মহাগত বলিলেন.

৪৭। প্রিব প্রার্থনা তব, সাবণে, আমি নিশ্চম,
পিতাকে দেখিতে হেখা আমার(ও) বাদনা হর।
৪৮। আমার কুশলবার্তা বল গিরা জাতিগণে;
জানাবে প্রণাম মোর মাঠাপিত-ঐতিরণে।

#### এই আদেশ গ্রহণ করিয়া

৪৯। নমি কুমারের পাল প্রদক্ষিণ করি তাবে তথন সার্থি ৪থে করি আরোহণ রাজধারে উপনীত হ'ল শীলগতি।

এই সময়ে চন্দ্রাদেবী প্রাদাদবাতায়ন উদ্ঘাটনপূর্বকি তাঁগার পুত্রের কোন সংবাদ আদিল কিনা, জানিবার জন্ম দার্থির আগমনপথ অবলোকন করিতেছিলেন। তিনি সার্থিকে একা আদিতে দেখিয়া পরিদেবন করিতে লাগিলেন।

#### িএই বৃত্তান্ত সম্পট্নপে বাক্ত করিবার শাস্ত। বলিলেন,

•। সার্থি ফিরেছে একা: শুক্ত র্থ, হায়। দেখি ইহা জননীর বুক ফেটে যার। এই নিদারণ দশু দেখিতে দেখিতে অশ্রপর্ণনেকে মাতা লাগিলা কান্দিড়ে:-৫)। 'এই ত সার্থি সেই, পুত্রকে আমার ৰবিয়া ক'রেছে আজ্ঞা পালন রাজার। রেখেছে বাছারে পতি গর্ভেতে নিশ্চর : মাটিতে মাটির দেহ মিশিরাছে, হায়। দেখি ইয়া শক্তগণে হাই হবে অতি।" ৫২। তেমিরকে করি বধ ফিরিল সারখি, দেখি ইছা সাক্রনেত্রে জননী ওধার :--40। সার্থি কিরেছে একা : শৃক্ত র্থ ছার। গৰ্জে ফেলি যবে তারে করিলে নিখন, 🕫। ''সভাই কি মুকপঙ্গ ছিল বাছাধন 🔊 বিলাপ তথন সে কি কিছ করে নাই ? ৰল সভা, ছে সারখে, তোমায় গুধাই। ११। शार्ख क्लि वाद फारत कतिक निधन. ছাত পা ছাটিয়া বাধা দিল কি তপন ?"]

मात्रिथ विनन,

- ৰঙ। রাজপুত্রমুখে বাহা করেছি প্রবৰ,
  সত্য করি তোমাকে বলিব সমুদার,
   চক্রাদেবী বলিলেক।
- ং। অভর দিলাম, সৌমা; বল অকপটে সার্থি বলিল:—
  - দন মৃক, নন পকু তনয় তোমার ;
     কাঁপিতেন সদা তিনি রাজত্বের ভরে,
  - শ্বতিপথে জাগে তাঁর পুর্বজন্ম কথা;
     কিন্তু তার পরিশাম অতি ভরত্বর;
  - । করিলেন রাজ্যা তিনি বিংশতি বৎসর ;
     অণীতিসহস্র বর্ধ সে পাপের ফলে
  - ৬১। বাজ্যেব নামেতে বড় ভর পেরে মনে বাজা পাছে দেন তাঁরে এই ভয়ে সদা
  - ৬২। অঙ্গ প্রতাঙ্গেব তাঁর নাই দোষ কোন;
    ফুম্পাষ্ট্রমধরভাষী, মহাপ্রক্রান্বিত
  - ৬০। দেখিতে তনবে যদি ইচ্ছা হয় মনে, লইব তোমাবে আমি, প্রশাস্ত্রস্করে

ছেহবল তাঁর বাহ। করেছি দর্শন বদি, আর্ব্যে, দাও তুমি জন্তন্ন আমান্ত ।

দেখিলে যা', গুনিলে বা' ৰাছার নিকটে।

নিঃসরে ফুম্পষ্ট কাঞ্জী মুখ হ'তে জীব।
মুকপঙ্গুবৎ, তাই, ছিলেন আলারে।
ছিলেন আরু তিনি রাজপাদে হেখা।
করিতে হইল ভোগ নবক দ্বন্তর।
ভূপ্লিলেন প্রতিফল তাব ভয়কর;
পুডিলেন অছনিশ নরক অনলে।
সাজিলেন মুকপঙ্গু তিনি বে কাবণে।
নীবব ছিলেন তিনি বলেন নি কথা।
শালপ্রাংগু, বৃাচোবস্ব পেহ প্রপঠন।
হ'রেতেন স্বর্গমার্গে তিনি প্রতিন্তিত।
অবিলম্বে চল, দেবি, তুমি মোব সনে।
যেথানে তেমির প্রবে অবস্থিতি করে।

সাব্যাবিত্ত প্রেরণ করিয়া কুমার প্রব্রজ্যা গ্রহণ করিবার ইচ্ছ। করিলেন। ভাঁচাব ক্ষভিপ্রায় জানিয়। শক্র বিশ্বকর্মাকে বলিলেন, "যাও; তেমিয় কুমার প্রব্রজ্যা গ্রহণ করিতে চান: তাঁহাৰ জন্ত পৰ্ণশাল। নিৰ্মাণ কৰিয়া এবং প্ৰৱাজকবাৰহাৰ্য্য সমস্ত উপক্রণের ব্যবস্থা করিয়া এস।'' বিশ্বকর্মা 'যে আজ্ঞা' বলিয়া সত্তর গমন করিলেন তিয়োজনবালী বনভমিতে আশ্রম প্রস্তুত করিলেন, তাহার মধ্যে দিবাবাদের ও রাত্তিবাদের জন্যু ভিন্ন ভিন্ন প্রকোষ্ঠ নির্মাণ করিলেন. সমস্ত তপোবনটাকে পুন্ধরিণী, গুহা, ফলবুক্ষ ইত্যাদি ছারা সাজাইলেন এবং প্রবাজকদিগের বাবহার্যা সর্কবিধ উপকরণের বাবস্থা কবিয়া স্বস্থানে চলিয়া গেলেন। মহাসত্ত দেখিয়াই বঝিলেন, আশ্রমটী শক্তদত্ত: তিনি পর্ণালার অভ্যন্তরে গিয়া পরিছিত বস্তু ত্যাগ করিলেন, রক্তচীবরের অন্তর্কাদ ও বহির্কাদ পরিধান করিলেন, এক স্বন্ধে অজিন ধারণ করিলেন, জটামণ্ডল বন্ধন কবিলেন এবং কান্ধে বাঁক লইয়া ও ভিক্ষজনোচিত দণ্ড হত্তে লইমা পর্ণশালা হইতে বাহির হইলেন। এইরূপে পূর্ণপরিব্রাজকশ্রী ধারণপর্কক তিনি ইতঃস্ততঃ চঙ্ক্রমণ করিতে করিতে মনের উল্লাসে বলিতে লাগিলেন, "মহো়কি মুখ ৷ অহো ৷ কি মুখ !'' তিনি পুনর্কার পর্ণশালায় প্রবেশ করিয়া কাষ্ঠাদনে উপবেশনৰ পূর্বক পঞ্চ অভিজ্ঞা লাভ করিলেন। অতঃপর সন্ধাাকালে তিনি পুনর্বার বাহিরে গেলেন. অদুৰ্বৰতী একটী কাৰবুক হইতে কতকগুলি পাতা লইয়া শক্ৰদত্ত পাত্ৰে অলবণ, অতক্ৰ জলে, কোনরূপ মশলা না দিয়া \* সিদ্ধ করিলেন, উহাই অমৃতজ্ঞানে ভোজন করিলেন এবং অন্ধবিশ্বরচতুষ্ট্য ভাবিতে ভাবিতে দেখানেই বাস করিবার সঙ্গল করিলেন।

এদিকে, স্থনন্দের কথা শুনিয়া কাশীরাজ প্রধান সেনাপতিকে আহ্বান করিয়া যাত্রার জন্ম উদ্যোগ করিতে বলিলেন।

<sup>\* &#</sup>x27;নিজুপনে উদকে সেদেছা =কোনরূপ মণলা দেওয়া হব নাই এমন ফলে সিদ্ধ কবিয়া। 'কার'পত্ত প্র-জ অকীর্ত্তিলাতকের (৪৮০) পালটীকা জ্বইবা।

গজপঠে যোত্রদারা ৬৪। যেতিরখে অখ সর বাৰত আসন -বাজাও পণব, শঝ : এক মুখী ভেরী সৰ করত বাদন। ৬**ং। সুসরদ্ধ** ভেরী সব, তুন্দভি মধরশ্বরা লাগুক বাজিতে : আন সব পৌরজনে যাইব পদ্ৰকে আমি এবে বঝাইতে। ७७। शुक्की कमात्रश्व বৈশ্ব-ব্রাহ্মণাদি সবে ৰল সাজাইভে নিজ নিজ যান সব : যাইৰ পুত্ৰকে আমি এবে বঝাইতে। ৬৭। গজসাদী, দেওরকী বন্ধী পদাত্তিকগণে বল সাজাইতে ৰিজ নিজ যান স**ব** -যাইৰ পদ্ৰকে আমি এবে বৃঝাইতে। ৬৮। পৌরজানপদগণে সমবেত করি হেখা বল সাজাইডে निक निक यान मर्य : যাইব পুত্ৰকে আমি এবে বঝাইতে।

রাজার আজ্ঞা পাইয়া সার্থিরা রথে অখ যোজন করিয়া রাজ্বারে উপস্থিত হইল এবং রাজাকে সংবাদ দিল।

### [ এই বুডান্ত বিশদ করিবার এক শান্তা বলিকেন,

৬৯। সৈক্তৰ তুরগ রূপে হইল যোজন; সারণিরা রাজহারে করিল গমন।
বলে, "ভূপ, রূপে সম্ম হ'বেছে যোজিত; আজ্ঞাঞ্জীকায় স্বে হারে উপস্থিত।"]
রাজা বলিলেন.

৭• (क)। স্থল অস্মন্দগতি: কুশ বলহীন।

তিনি সার্থিকে বলিলেন, ''এরপে অখু যেন গ্রহণ করা না হয়।'' সার্থি বলিল,

৭ • (খ)। ভাল আৰ যুতিয়াছি, বৰ্জ্জি সূল, কীণ।

পুজের নিকট যাইবার কালে রাজা চতুর্বর্ণের ও অষ্টাদশশ্রেণীর সমস্ত লোক এবং নিজের সমস্ত দৈক্যসামস্ত সমবেত করাইলেন। এই আঘোজন সম্পন্ন করিতে তিন দিন অতিবাহিত হইল। চতুর্থ দিনে, যে যে দ্রব্য সঙ্গে লওয়া আবশ্রুক, সমস্ত লইয়া তিনি বাজধানী হইতে নিজ্ঞান্ত হইলেন এবং পুজেব আশ্রামে গিয়া তৎকর্ত্তক অভিনন্দিত হইয়া প্রীতিস্কাষ্থ্য করিলেন।

#### িউ ঘটনা বিপদরূপে ব্যক্ত করিবার হুল্প শান্তা বলিলেন.

৭)। ভূপতি তথৰ তথা করিলেন আরোহণ স্থিতিত কাশনে, 'চল সবে সঙ্গে মোব'. বলিয়া দিলেন আজা রাজপত্মীগণে। ৭২। চামর, উফীব, থড়ল, পাছকা, ধ্বলচ্ছত্ৰ ক্রিয়া গ্রহণ, হ্মবর্গ-থচিত চারু সমূজ্বল রাজরুথে করি আরোহণ, ৭৩। সার্থিকে পুরোভাগে রাখি করিলেন যাতা কাশীনরপতি: যেখানে প্রশাস্তমনে তেমিছ ছিলেন, দেখা গান শীঘ্রগতি। ৭৪। বেষ্টিত ক্ষপ্রিয়গণে দীপ্ত-ছতাশনবৎ রাজাকে তেমির আদিতে দেখিলা সেধা করিলেন মিষ্টভাবে সন্তাৰণ থিয়-।--৭৫। "কুশল ত তব, পিত: গ অহখ ত নাই কিছু? রাজ কল্যাগণ, বাঁহারা আমার মাতা. অাছেন ত সবে হ'রে আরোগাভারন ?" ৭৬। "কুশল আমার পুত্র; অত্বথ কিছুই নাই : রাজকপ্রাগণ, বাঁহারা তোমার মাভা, আছেন সকলে হ'য়ে व्यादागाज्ञांकन।" ৭৭। "মত্তন কর পান ? হরাত অধিয়তব ? সত্যে, ধর্মে, দানে পাও ত আনন্দ মনে ? পাল ত এ ব্ৰতত্ত্ব मना मार्थाटन ?" ৭৮। "সম্ম নাহি করি পান: অভির আমার সুরা: সভ্যে, ধর্মে, দানে পাই আমি নীভি মনে; পালি এই মতত্রর नवां नावशास्त्र ।"

৭৯। "নীবোগ ত অখগণ ? গজাদি বাহন তব নীবোগত স্ব ? শরীরের পীড়াকর কোনরূপ ব্যাধি, পিডঃ হয় নি ড ডব ?" ৮০। "নীরোগ তরগগণ: গজাদি বাহন মোর নীবোগ সকল শরীরের পীড়াকর হয় নাই ব্যধি কোন আছি আমি ভাল।" ৮১। "বাজ্যের প্রভাস্ক ভব শান্ত ও সমদ্ধিশালী আচে ত সতত ? রাজামধাবর্ত্তী ভাগ বয়েতে ত পিতঃ ?" ধনেজনে পরিপর্ণ কোষ, কোষস্থিত ধন বয়েছে ত অফুক্ষণ পূৰ্ণ ও রক্ষিত গ অনবধানতাহেত্ কভ অপচিত ? হয় নাত সে সকল ৮২। স্বাগত ছে মহারাজ। \*তোমার দশনে বড়ই আনন্দ আজ পাইলাম মনে।

২। স্বাগত, ছে মহারাজ।∗তোমার দশনে বড়ই আনন্দ আজ পাইলাম মনে আন ছে, তোমারা হেখা পলাক সম্ব ; বহন উপরে তার স্থাধে নরবর।"ী

মহাসন্ত্রের প্রতি সম্মানপ্রদর্শনার্থ রাজা পল্যক্ষে উপবেশন করিলেন না।

ইহা দেখিয়া মহাসত্ত্ব কলিলেন; 'ইনি যদি পল্যক্ষে উপবেশন না করেন, তবে
পর্ণান্তরণ প্রস্তুত কর।' উহা প্রস্তুত হইলে তিনি বলিলেন,

৮৩। **হবিষ্যন্ত এই পর্ণ-আন্তরণোপ**রি বহুন আপনি, পিতঃ, অদ্**এহ করি।** এখান হইতে জল করি আহরণ করিবে ভতোরা তব পাদ প্রফালন।

মহাসত্ত্বে প্রতি সম্মান প্রদর্শনার্থ রাজা পর্ণান্তরণেও উপবেশন করিলেন না। তিনি ভূমিতে বসিলেন। মহাসত্ত্ব পর্ণশালায় প্রবেশপূর্বকে সেই কারপত্ত আনয়ন করিলেন এবং তাহা ভোজন করিবার জন্ম রাজাকে নিমন্ত্রণ করিলেন:—

৮৪। গুধুএই তুচ্ছ কাবপশ্র আনবণ থেরে এবে করিতেছি জীবন ধারণ। আবা≝মে আপেনি মোর অভ্যাগত আজে; দিয় ইহা, দরা কবি ভৃঞ্জ, মহারাজ।

রাজা বলিলেন.

৮৫। ধাই না কথন(ও) পর্ব , উপযুক্ত গান্ত ইহা, জান, বংস, নর ত জামার। বাঁটি শালিতভূলের পলান্ত করারে পাক করি আমি তাহাই আহার।

এই সময়ে চন্দ্রানেরী অন্তান্ত অন্ত:পুরবাসিনী-পরিবৃতা হইমা সেখানে উপস্থিত হইলেন। তিনি প্রিয় পুজের পাদম্পর্শপুর্বক তাঁহার বন্দ্রনা করিয়া অম্প্রপ্রের এক পার্শে উপবেশন করিয়া আম্প্রপ্রের পাদম্পর্শপুর্বক তাঁহার বন্দ্রনা করিয়া অম্প্রপ্রেরে এক পার্শে উপবেশন করিছা। রাজা তাঁহাকে বলিলেন, 'ভেদে, ভোমার পুজ কি আহার করেন, দেখা" ইহা বলিয়া তিনি ঐ পর্ণের এক টুকরা চন্দ্রার হালেন। চন্দ্রাও তাহার সিন্ধনীরা সকলেই বলিলেন, 'প্রভা, আপনি কি সত্যসত্যই ইহা ভোজন করেন ?' তাঁহারা উহার আম্বাদ লইয়া পুনর্বার বলিলেন, ''আপনি অভি ছম্বর তপস্তা করিভেছেন।" তাঁহারা আবার উপবেশন করিলে রাজা বলিলেন, ''বৎস, ইহা আমার নিকট বড় আশ্চধ্যজনক রোধ হইতেছে।

৮৬। একাকী নির্কনে থাকি এমন বিশ্বাদ থাদা করিতেছ প্রত্যাহ আহার, অথচ এ কি আশ্চর্য্য। হইরাছে দেহ তব পূর্ব্বাপেক্ষা স্থাধিক স্থাদর !" ইহার উত্তেরে মহাস্তা বলিলেন.

> ৮৭। পর্ণে আচ্ছাদিত এই শ্যার একাকী শুরে থাকি, মহাবাজ। একা শুই, তাই দেহের বর্ণেব মোর ঘটে না বাতার। ৮৮। হাতে লয়ে তরবারি রাজরক্ষিণা থাকে না শ্যার পাশে, তাই, মহারাজ, দেহের বর্ণেব মোর ঘটে না বাতার।

<sup>\* &</sup>quot;বাগতং তে মহারাজ কথে। তে অনুরাগতং"।—অনুরাগতং শক্ষী ( ন + হুদ্ + আগতং ) অধিকল welcome শক্ষের তুল্যার্থবাচক।

৮৯। অতীতের জল্প আমি না করি শোচনা : অনাগত ভেবে আমি না করি বিলাপ : ভালমন্দ না বিচারি সহি বর্ত্তমানে : বর্ণের আমার তাই ঘটে না বাডার। ৯০ ৷ অনাগত-ভৱে সলা কবিবা বিলাপ

অতীতের জন্ম আর করিয়া শোচনা. नीर्व इत मूर्थभव : छित्रमृत यथा हत्रिष्वर्ण नल इत नीर्ण छ विवर्ण।

রাজা ভাবিলেন. 'পুত্তকে আমি এখনই রাজপদে অভিষিক্ত করিয়া দক্ষে লইয়া যাইব।' তিনি নিম্নলিখিত গাখাগুলিতে পুত্রকে রাজ্যগ্রহণার্থ নিমন্ত্রণ করিলেন :--

> a)। शक्रमाती, खप्रमाती. রখী, পত্তি, বর্শ্মিগণ, সুরম্য ভবন,---সমক্ষর ভাকে কেব কবিলাম আজ হ'তে আমি সমর্পণ। ১২। নানাভরণমঞ্জিত মুসজ্জিত অন্তঃপর করিলাম দান : রাজা হও আমাদেব : দেখিয়া লভক তথ্য মন আর প্রাণ। ৯০। নুভাগীতে ফুনিপুণা, মুশিক্ষিতা, মুচতরা নর্বকী সকল কাম চরিতার্থ তব থাকিয়া কি ফল ? कतिरव : अतर्गः, वल, ৯৪। অলমতা রাজকক্সা আনি দিব প্রতিকল রাজকল হ'তে : উৎপাদি তাদের গর্ভে অপতা, পশ্চাতে যাবে প্রজা। লইতে। ব্রাত্মি—শিশুত্মি: ত্মিহে আমার, বংস, প্রথম তনয় : কর রাজা, হও সুধী : একাকী অরণো ধাকি किया करनामत ?

অভঃপর বোধিসম্ব ধর্মদেশন করিলেন :---৯৬। "বুবাকেই ল'তে হয় ব্ৰহ্মচৰ্যাব্ৰত : ব্বকের(ই) পক্ষে ব্রহ্মচর্য্য সুসঙ্গত। তঙ্গণেই করিবেক প্রব্রজা। প্রহণ---ৰ্ষ-প্ৰবৰ্ত্তিত ইহা ধৰ্ম সনাতন। ৯৭। ব্ৰাকেই ল'তে হয় ব্ৰহ্মহ্বাবত: বুবকের(ই) পক্ষে ব্রহ্মচর্য্য স্থসঞ্চত। ব্ৰহ্মচৰ্বাত্ৰত আমি পালিব সদাই : রাজত্ব করিতে লাভ ইচ্ছা মোর মাই। ab। আজ আৰ আৰ বৰে 'বাৰা', 'মা' বলিয়া যে শিশু শ্ৰবণে দেয় অমৃত ঢালিয়া, वहकडेनक महे खित्र शृत्त, हात्र. তরুণ বয়সে, \* দেখি, মৃত্যুমুখে যায়। »»। नुष्ठन वीरभन्न कू कि † रयमन कुमान সেইরূপ দেখি কত চারুকলেবর শিক্ষকাগণ হার, করে উৎপাটন অকালে সহসা আসি ছুরস্ত শমন। ১০০ 1 বালোও মরিছে সদা নরনারীগণ: বরস্বিচার কভু করে না শমন। 'শিও আমি', 'বুবা আমি', ভাবি ইছা মনে জীবনে বিখাস জীব করিবে কেমনে ! >•>। রাজি বার, দিন আসে, আয়ুঃ হর কর ; এ প্রত্যক্ষ সত্যে কার(ও) আছে কি সংশর ? व्यक्तांनरक मरखनर दश्या जीवनन ; রক্ষা কি করিতে পারে শৈশব, যৌবদ ? ১ - २ । এ লোক স্তপ্ত সদা ; রেষ্টিভ সতভ ; অমোঘারা চরিতেছে হেথা অবিরস্ত , এ সৰল বিদ্ব তুমি করি বিলোকন কেন রাজ্য দিতে চাও আমার, রাজন •্" ১০৩। "কে করে সম্ভপ্ত লোক? কে করে বেষ্টন ? অমোঘা কাহার। হেথা করে বিচরণ ? সজ্জেপে ৰলিলা তুমি, পারি না বুঝিতে: সে কারণ হ'ল এই এম জিজাসিতে।" 1

क्कनी अव्यादा, जून ; जारम जात यात्र ; महन महन औदरपत जायु: कत भाता

লরা এরে রাখিয়াছে বেটিয়া সভত :

১ • । "মৃত্যু বাং। অমুক্ষণ এ লোক সম্ভপ্ত :

 <sup>&#</sup>x27;অপ\_পথা ব জরং'। এই পাধাটার ইংরাজী অত্যবাদ নিতান্ত অর্থপুত হইরাছে।

<sup>+ &#</sup>x27;क्नीत': मरकुछ क्रीत'।

<sup>1</sup> अहे नापाड़ी बाजांब डिकिन

১০৫। বন্ধবরনের জন্ম টানা সাজাইরা
একটা একটা করি পড়েন তাহার
বেমন বরনকারা দিলে পরাইরা
তথনি বরনবোগা অংশ হাস পার,
প্রতি রাত্রি অবসানে মর্ত্যেরও জীবন
অল্প হ'তে অল্পত্র হয় হে তেমন।

১০৬। পুরতঃ জনের মোত ধার অমুক্ষণ; পশ্চাতে ফিরিয়া **তাহা আনে না কখন।** মাসুবের আযুক্ষাল ধার সে প্রকার সমুবে; পশ্চাতে ফিরি আসে না ক আর।

১০৭। স্রোভম্বতী তারকহ তক্ত সম্পার উপাড়ি লইয়া যথা সিক্সপানে ধার,

জরা মৃত্যু সেইরূপ ধ্বংসি জীবগণে টানিভেছে অবিরত শমন-সদনে।

মহাসত্তের ধর্মকথা শুনিয়া রাজা গৃহবাসে বীতরাগ হইলেন; তিনি প্রব্রজ্যা গ্রহণ করিতে ইচ্ছা করিলেন এবং ভাবিতে লাগিলেন, 'আমি আর নগরে ফিরিব না, এথানেই প্রব্রজ্যা লইব; আমার পূজ্র যদি নগরে যায়, তবে তাহাকেই খেতচ্ছত্র দান করিব।' তিনি মহাসত্তকে পরীক্ষা করিবার জন্ম তাঁহাকে রাজ্য গ্রহণ করিতে পুনর্কার অন্তরোধ করিয়া বলিলেন,

রখী, পত্তি, বর্ম্মিগণ, পুরুষা ভবন,--३०४। शक्रमानो, जन्मानो, আমি সমর্পণ। করিলাম আজ হতে সমন্তই হল্ডে তব করিলাম দান: ১০৯। নালাভরণমণ্ডিত অস্তঃপুর মুসজ্জিত দেখিয়া লতুক তৃষ্টি মন আর প্রাণ। রাজা হও আমাদের : ১১০। মৃত্যুগীতে হুনিপুণা, হুশিক্ষিতা, হুচতুরা नर्खको मकल बाकिश कि कत ? কাম চরিতার্থ তব করিবে; অরণ্যে, বল, ১১১। অলম্বতা রাজকন্তা আনি দিব প্রতিকৃষ রাজকুল হতে; প্রব্রা নইতে। উৎপাদি তাদের গর্ভে অপতা, পশ্চাতে যাবে ১১২। কোৰ, কোৰস্থিত ধন, व्यवापि वाश्न मव. সেনা সমুদার, ममल जेवर्ता, भूज, দিলাম ভোমার। সুরুষা প্রাসাদ যত,--বেষ্টিত হইয়া তুমি রবে অফুক্ষণ ; ১১৩। হুভাষিণী নারীগণে† কারমনোবাক্যে সদা पामपामीश्रम । করিবে ভোমার দেবা शक श्रुप्त हित्रमिन ; কি কাজ এ বনে রাজত্ব গ্রহণ কর; আমার বচনে। যাও, পুত্র,:গৃহে ফিরি এত ৰঙ্গে থাকি একা ?

মহানৰ যে রাজ্য চান না, ইং৷ বুঝাইবার জন্ম তিনি বলিলেন,

धरनत ७ मण इत कर । ১১৪। कि नाज পाইলে धन? ভার্বারা ত মরিবে নিকর। কি লাভ পাইলে ভার্ব্যা ? योवन कि छित्रमिन शास्क ? কি কাজ যৌবন-স্থৰে ? আত্ত হোক, কাল হোক, লরা আসি গ্রাসিবে ভাহাকে। ক্রীড়া, রতি, ধন-উপার্জন, ১১৫। जीवरन कि आहि देश ? ছিল্ল আমি করেছি বন্ধন। দারা, পুক্ত, সব(ই) বৃধা। জানিরাছি এই সত্য সার ; ১১৩। মৃত্যু না ভূলিবে মোরে, কামভোগ, ধন বুধা ভার। মৃত্যুৰশগত বেই, সদা ভার পতনের ভর ; ১১१। युशक हरेल कन **शृ**ष्ट्रा **७व तरबट्ट निन्छव।** ‡ মর্ভ্যের(ও) আজন্ম তথা

THE ASIATIC SOCIETY CALCUTTA

মৃত্যু = তন্তবার; লীবের আফু = বন্ত; রাজি = পড়েনের কতা।

<sup>†</sup> মূলে 'গোমওল পরিব বুঢ়ো' আছে। টীকাকার ইহার অর্থ করিয়াছেন, 'হুভানিত রাজকভাক বঙ্ধনের পরিক্থিতো।'

<sup>়</sup> এই সাধাটা ৪র্ব বজের দশরণ-জাতকের (৪৬১) পঞ্চর সাধা।

১১৮। প্রভাতে যে বহু জন করি দরশন, দেখিতে অনেক লোক সারাহেও পাই ;

১১৯। সাধ্য যাহা, অদ্মই তা' কর সম্পাদন ; মহাদেনাপতি মৃত্যু<sup>হ</sup>় কড় অঙ্গীকার

১২•। ধন পেতে চার যেই, ডক্ষর সে জন ; তুমিও প্রব্রুৱা আদি লও, মহারাজ ; রহে না সারকে তাহাদের এক অন।
প্রভাতে তাদের কিন্তু একটাও নাই।
জান কি, হবে না কল্য তোমার মরণ ?
করে না সে কবে বধ করিবে কাহার।
করিষাহি ছিন্ন আমি সমন্ত বন্ধন।
মূক্ত আমি; রাজতে কি আছে মোর কাল ?

মহাসত্ত্বের ধর্মদেশন যথাসঞ্চতরূপে সম্পূর্ণ হইল। তাহা গুনিয়া রাজা এবং চন্দ্রাদেবী-প্রমথা যোড়শ সহল রাজান্তঃপুরবাসিনী রমণী প্রব্রাগ্রহণের জন্ম ব্যগ্র হইলেন। বাজা नशरव (ज्जीवामन बाजा (घाषणा कतांश्लान, यांशांत रेक्टा, त्मरे जांशांत भावात निकते প্রব্রজা। লইতে পারে। তাঁহার সমস্ত স্থবর্ণকোষাগারাদির দ্বার উদ্ঘাটিত চইল, এবং 'अमक अमक श्वात महानिधिक छत्रमूह आहि, याहात हे छहा, त्म के ममल नहें एक शादा' ক্তবর্ণপটে তিনি এই কথা লেখাইয়া তাহা মহাতত্তে নংলগ্ন করাইলেন। যেমন আপ্র-ছার উন্মক্ত থাকে, নগরবাদীরাও স্ব স্ব দার দেইরূপ উন্মক্ত করিয়া গৃহত্যাগৃপুর্বকে রাজার নিকটে গমন করিল। রাজা এই বিপুল জনসভ্যসহ মহাসংস্থের নিকট প্রব্জা। গ্রহণ কবিলেন। ইহাতে শত্রুদত্ত সেই ত্রিযোজনবিন্তীর্ণ আশ্রম জনপূর্ণ হইল। মহাসত বিচবণ কবিয়া পর্ণশালাগুলি দেথিলেন। যে সকল পর্ণশালা আশ্রমের মধাভাগে চিল সেগুলি তিনি প্রবাজিকাদিগকে দান করিলেন, কারণ স্ত্রী-জাতি স্বভাবতঃ ভীক্স। বহিঃস্ব পর্নশালাগুলি পুরুষেরা পাইলেন। সকলেই পোষধদিনে বিশ্বকর্মবোপিত ফলবক্ষঞ্জলিব তলে ভমিতে অবস্থিত হইয়া ফল গ্রহণ করিছেন এবং ভাহা ভোজন করিয়া শ্রামণাধর্ম পালন করিতেন। কাহারও চিত্তে কামচিন্তা, নিষ্ঠরচিন্তা বা হিংদার চিন্তা উদিত ছইলে মহাসত তৎক্ষণাৎ তাহার মন জানিতে পারিতেন এবং আকাশে আসীন হইয়া ধর্মদেশন করিতেন। তাহা শুনিয়া সকলেই অতি শীঘ্র শীঘ্র অভিজ্ঞা ও সমাপত্তিসমহ লাভ করিল।

কাশীরাজ প্রব্রজ্যা গ্রহণ করিয়াছেন শুনিয়া জনৈক সামস্তরাজ কাশীরাজ্য অধিকার করিবার জন্ম রাজধানীতে প্রবেশ করিলেন। সমস্ত নগর অলক্ষত রহিয়ছে দেখিয়া তিনি প্রাসাদে আরোহণ করিলেন এবং দেখানে সপ্তবিধ উৎক্রন্ত রত্বরাশি দেখিয়া ভাবিলেন, এই ধনের সম্বন্ধে নিশ্চয় কোন ভয়ের কারণ আছে। ভিনি ক্ষেকজন মাতাল ডাকাইয়া দিজজাসা করিলেন, "রাজা কোন্ বার দিয়া বাহির ইইয়াছিলেন ?" তাহারা বলিল, "পশ্চিম মার দিয়া।" ইহা শুনিয়া তিনিও সেই মার দিয়া নিক্রমণপূর্বক নদীতীরে উপনীত হইলেন। তিনি আসিতেছেন জানিয়া মহাসন্ধ সেখানে উপন্থিত হইয়া আকাশে উপবেশনপূর্বক ধর্মদেশন করিলেন; তাহা শুনিয়া সেই সামস্তরাজ অন্তর্রগণসহ মহাদত্বের নিকট প্রব্রজ্যা লইলেন। এইরূপে ক্রমে ক্রমে আরও তিনজন রাজা ব্যাগ করিলেন। কাজেই রাজহন্তিসকল বন্ধ হন্তী হইল, অশ্বসমূহ বন্ধ আহ্ব হিল, রথসকল জল্পলে পড়িয়া বিনষ্ট হইল, যে সকল কার্যাণৰ লোকের ভাণ্ডারে ছিল, সেগুলি এখন আশ্রমভূমিতে বালুকার লায় বিকীর্ণ হইয়া পড়িয়া রহিল। প্রব্রাজকগণ সকলেই সমাপতিসমূহ প্রাপ্ত হইয়া জীবনাবসানে বন্ধলোক লাভ করিলেন। হন্তী আশা প্রভৃতি তির্গাকেরাও শ্বিদিগের প্রভাবে প্রসম্বাচন্ত হিলা বটু কামসর্বের কোন না কোনীতে জন্মান্তর প্রাপ্ত হইল।

<sup>\*</sup> बक्कर अञ्चल लास्क नहेवा यात्र नाहे स्कन 🤊

<sup>🛊</sup> স্বারণ তথন মগরে ভাল লোক কেইই ছিল না।

্রিইরপে ধ্মদেশন কবিবা শাস্তা বলিলেন "ভিফুগণ, কেবল এখন নছে, পূর্বেও জামি রাঞ্জাভাগিপূর্বক নিক্ষায় হইরাছিলাম।

সমবধান—তথন উৎপলবর্ণা ছিলেন সেই ছব্রাধিষ্ঠাত্রী দেবী সারিপুক্ত ছিলেন সেই সারধি, শাকা মহাবাজ-বংলীয় পিতা ও মাতা ছিলেন সেই পিতা ও মাতা, বৃদ্ধশিবোরা ছিলেন সেই রাজাত্বরগণ এবং আমি ছিলাম সেই মুকপঙ্গু পণ্ডিত।

ছুক্ত শ্রু জ্ঞাতকেব শেবে টাকাকাব নিম্নলিখিত মন্তব্য লিপিবন্ধ কবিংছেন ঃ—সিংহল খীপে আগমন কবিবার পবে মঙ্গণবাদী খুদক তিস্দা স্থবিব এবং মহাবংদক স্থবিব কটকন্ধকারবাদী ফুদসদেব স্থবিব, উপরিমপ্তকমালবাদী মহারক্থিত স্থবির, ভগ গরিবাদী মহাতিস্দা স্থবিব বামন্তপর ভারবাদী মহাসিব স্থবিব, কাডবেলবাদী মহামলির্দ্ধের স্থবিব—এই স্থবিরগণ কুদ্দালকদমাগমে, মুকপসুসমাগমে অরোঘবদমাগমেও হান্তিপালদমাগমে পশ্চাদাগত নামে অভিহিত। মন্ধবাদী মহানাগ স্থবির এবং মলিরমহাদেব স্থবিপরিনির্দ্ধাণ-দিবদে বলিয়াছিলেন "বন্ধুগণ, মুকপঙ্গুজাতক বর্ণিত জনদঙ্গ আজা বিচ্ছিন্ন ইইল।" "কেন ভদস্ত গ" এই প্রশ্নের উন্তরে তাহারা উভয়েই বলিয়াছিলেন, "আমি তথন মাতাল ছিলাম আমাব দক্ষে স্থবাপান করিবে এমন কাহাকেও না পাইরা, আমি দর্বনশেষে নিজ্জমণপুর্বক প্রব্রজা। লইরাছিলাম।"

এই মন্তবোৰ তাৎপৰ্যা :—উল্লিখিত জাতকসমূহে বৰ্ণিত জনসন্তেৰৰ সকলেই কেচ অগ্ৰে, কেচ পৰে জন্মান্তবে অৰ্থন্থ লাভ কৰিবাছিলেন। তন্মধো কোন কোন বাজি উত্তৰকালে সিংহলানীপে জন্মিয়াও পৰিনিৰ্ম্নাণ পাইরা-তিলেন। কৃষ্ণালক-জাতকেৰ নিৰ্দ্দেশক সংখ্যা ৭০, হস্তিপালেৰ ৫০৯, অন্নোঘবেৰ ৫১০।

### ৫৩৯**–মহাজনক**·জাতক।

শোন্তা জেতবনে অবস্থিতিকালে মহানিক্রমণের সম্বন্ধে এই কথা বলিবাছিলেন। এক দিন ভিক্রা ধর্মমন্তার বসিরা তথাগতের মহানিক্রমণের মাহারা কীর্ত্তন কবিতেছিলেন, এমন সমরে শান্তা প্রশ্নহারা তাহাদের আলোচামান বিষয় জানিরা বলিরাছিলেন "ভিক্পণ, কেবল এখন নহে, প্র্কেণ্ড তথাগত মহানিক্রমণ করিয়াছিলেন।" অনস্তর তিনি সেই অতীত বৃত্তান্ত বর্ণনা কবিরাছিলেন:—]

পুরাকালে বিদেহনগরে মিথিলারাজো মহাজনক নামে এক রাজা ছিলেন। তাঁহার তৃই পুত্র, — অরিষ্টজনক ও পোলজনক। বাজা জ্যেষ্ঠ পুত্রকে ঔপরাজা এবং কনিষ্ঠ পুত্রকে দৈনাপতা দান করিয়াছিলেন।

কালক্রমে মহাজনকেব মৃত্যু হইলে অরিপ্টজনক রাজপদ গ্রহণ করিলেন এবং পোল-জনককে ঔপরাজ্য দিলেন। মহাজনকের জনৈক ভৃতা তাঁহাকে বলিতে লাগিল, "মহারাজ, উপরাজ আপনার প্রাণবধের সকল্প কবিষাছেন।" তাহার মুথে পুনঃ পুনঃ এই কথা গুনিয়া অরিপ্টজনক সংহাদবের প্রতি বিরূপ হইলেন, তিনি পোলজনককে শৃদ্ধলাবদ্ধ করিইয়া রাজ-ভবনের অদুরে কোন গৃহে রক্ষিপরিবেষ্টিত কবিয়া রাখিলেন। কুমার কাবানিক্ষিপ্ত হইয়া সভ্যক্রিয়া কবিলেন, "আমি যদি প্রাভার বৈরী হই, তবে এই শৃদ্ধলের যেন মোচন হয় না, কারাঘারও যেন উল্পুক্ত হর না; মচেৎ শৃদ্ধল খুলিয়া যাউক, ঘাবও উল্পুক্ত হউক।" তিনি সত্যক্রিয়া করিবামাত্র শৃদ্ধল পগুবিথপ্ত হইয়া পড়িয়া গেল, কারাঘারও উল্পুক্ত হউল। কুমার নিজ্মণপূর্ব্বিল এক প্রভাৱত্তামে গিয়া বাস করিতে লাগিলেন। প্রভাষ্টবাসীরা তাঁহাকে চিনিতে পারিয়া তাঁহার দেবা কবিতে লাগিল; বাজ। তাঁহাকে ধরিতে পারিয়েন না।

কুমার ক্রমে সমস্ত প্রত্যন্ত জনপদ হস্তগত করিয়া বছ অচ্চরে লাভ করিলেন।
'আমি পূর্বের প্রাতার বৈরী ছিলাম না, কিন্তু এখন হইলাম' এই ভাবিয়া তিনি বছসংখ্যক বোজা লইয়া মিথিলায় গমনপূর্বেক নগবেব বহির্ভাগে সেনা সন্ধিবেশ কবিলেন। পোলজনকুমার আগমন করিয়াছেন শুনিয়া রাজধানীর প্রায় সমস্ত অধিবাসীই গজানি-বাহনসহ তাঁহার সঙ্গে যোগ দিল। অক্সায়া লোকেও এইরূপ করিল। তথন পোলজনক ভ্রাতাকে এই পত্র পাঠাইলেন:—আমি পূর্ব্বে আপনার বৈরী ছিলাম না, কিন্তু এখন বৈরী হইয়াছি। হয় আমাকে রাজচ্ছত্র দিন, নয় যুদ্ধ দিন। রাজা যুদ্ধদানার্থ যাত্রা করিবার কালে অগ্রমহিধীকে সম্বোধনপূর্বক বলিলেন, "ভদ্রে, যুদ্ধে জয় কি পরাজয় হইবে, তাহা জানা অসম্ভব। যদি আমার পতন হয়, তবে তুমি সাবধানে গর্ভ রক্ষা করিও।"

যুদ্ধ হইল, পোলজনকের যোদ্ধারা রাজার প্রাণসংহার করিল; রাজা নিহত হইল। তাঁহার নিধনবার্ত্তা ভানিয়া মহিবী যত শীজ পারিলেন, একটা ঝুড়িতে স্থবর্গাদির বছ মূল্য আভরণ প্রিলেন, তাহার উপরিভাগ ছিল্ল বন্ধ দিয়া ঢাকিলেন, সর্কোপরি কিছু চাউল ছড়াইয়া দিলেন; এক বন্ধ মলিন ও ছিল্ল বন্ধ পরিধানপূর্বক নিজের শরীর যথাসাধা বিরূপ করিলেন এবং ঐ ঝুড়ি মাথায় তুলিয়া প্রাতংকালেই অন্তঃপ্র হইতে বাহির হইলেন। কেহই তাঁহাকে চিনিতে পারিল না। তিনি উত্তর দার দিয়া নগরের বাহিরে গেলেন; কিন্তু তিনি পূর্বেক কবনও কোথাও যান নাই বলিয়া পথ জানিতেন না; কোন্দিকে যে যাইবেন, তাহা ব্রিতে পারিলেন না। তিনি কেবল ভানিয়াছিলেন যে কালচম্পা নামে একটা নগর আছে। এখন একস্থানে বসিয়া তিনি বলিতে লাগিলেন, "তোমবা কেহ কালচম্পা নগরে যাইবে কি ?"

মহিষীর গর্ভে তথন যিনি অবস্থিতি করিতেছিলেন, তিনি যে সে সন্থ ছিলেন না; পূর্বপার্মি স্বয়ং মহাসন্ত্রই তাঁহার গর্ভে প্রবিষ্ট হইয়াছিলেন। তাঁহার তেজে শত্রুভবন কম্পিত হইল: শত্রু চিন্তা করিয়া ইহার কাবণ বঝিতে পারিলেন। তিনি দেখিলেন. মহিষীর কন্দিতে মহাপণা দত্ত বহিয়াছেন : অতএব তাঁহাকে ( মহিষীৰ সাহায়ার্থ ) যাইতে হটবে। ইহা ভাবিয়া তিনি একথানি আবত যান প্রস্তুত করিলেন, তাহার মধ্যে একথানি শয়নমঞ্চ স্থাপিত করিলেন এবং নিজে বন্ধের বেশ ধারণ করিয়া, যেন ঐ যান চালাইতেচেন এই ভাবে, মহিষী যে গৃহছারে বসিয়াছিলেন, দেখানে গিয়া জিজ্ঞাসা করিলেন, "কেই কালচম্পা নগরে যাইবে কি 🖓 মহিষী বলিলেন, "বাবা, আমি কালচম্পায় যাইব।" "यनि বেতে চাও, মা, তবে শকটে উঠিয়া বোদ।" "বাবা, আমি পূর্বগর্ভা: শকটে উঠিবার সাধ্য নাই। আমি তোমার পিছ পিছ ঘাইব: তমি গাডীর মধ্যে আমার এই ঝুড়িটা রাখিবার একট বাষ্ণা দাও।" "কি বল, মা । কার সাধা বে, আমার মত গাড়ী চালাইতে পারে । তুমি ভয় পেও না, মা; উঠে বোদ।" মহিষী যথন গাড়ীর নিকটে গেলেন, তথন শক্তের অন্তভাববলে পুথিবী ফীত হইয়া গাড়ীর পশ্চাদভাগ স্পর্শ করিল। মহিষী গাড়ীতে উঠিয়া गशाय शहेश ভावित्मन, हेनि निक्षय कान दमवजा इहेरवन। जिनि मिया गशाय गयन করিবামাত্র নিজিত হইলেন। ত্রিশ ঘোজন অতিক্রম করিবার পর এক নদীর তীরে উপস্থিত হইয়া শত্রু তাঁহাকে জাগাইয়া বলিলেন, "নাম, মা; নদীতে স্থান কর। শিয়রের দিকে একথানা শাড়ী আছে: তাহা পর: গাড়ীর ভিতরে মিষ্টান্ন আছে, তাহা খাও।" মহিষী তাহাই করিয়া আবার শয়ন করিলেন।

সায়াক্তৰ্গলে শক্ট চন্দানগরে উপনীত হইল। মহিনী নগরের বার, অষ্টালক ও প্রাকার দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "বাবা, এ কোন্নগর ?" শক্ত উত্তর দিলেন, "মা, ইহাই চন্দানগর।" "কি বল, বাবা ? চন্দানগর যে আমাদের নগর হইতে বাট বোজন দ্বে!" "তাই বটে, মা; কিছু আমার সোজা পথ জানা আছে।" অনন্তর শক্ত মহিনীকে দক্ষিণবারের নিক্টে শক্ট হইতে অবতরণ করাইয়া বলিলেন, "মা, বাড়ীতে পৌছিবার জন্ত আমাকে আরও ধানিকটা রান্ধা চলিতে হইবে। ত্মি নগরে প্রবেশ কর।" ইহা বলিয়া শক্ত কিয়দ্ৰ অগ্ৰসৰ হইলেন এবং অন্তৰ্হিত হইয়া স্বস্থানে চলিয়া গেলেন। মহিষী একটা পাস্থশালায় বসিয়া রহিলেন।

এই সময়ে চম্পারাসী এক বেদপাঠক ব্রাহ্মণ পঞ্চশত মাণ্যক-পরিবত হইয়া স্থান ক্রিবার জন্ম ঘাইতেভিলেন। তিনি দর হইতে পাস্থশালায় উপবিষ্টা রূপবতী ও সর্বস্থলক্ষণ-সম্পরা মহিষীকে দেখিতে পাইলেন: এবং মহিষীর গর্ভন্ত মহাসত্তের অন্তভাববলে দর্শনমাত্তেই জাহার মান মহিষীর প্রতি কনিষ্ঠাভগিনীম্মেই সঞ্জাত ইইল। তিনি মাণবকদিগকে পথে দাঁডাইতে বলিয়া একা পাস্থশালায় প্রবেশপর্থক জিজ্ঞাসা করিলেন, "ভর্গিন, তোমার বাডী काशाय " प्रशिव तिललन, "आमि प्रिशिनाताल खात्रहेलन क्रिकारियो।" "এशान আদিবার কারণ কি ?" "পোলজনক রাজাকে নিহত করিয়াছেন : আমি ভয়ে, গর্ভরক্ষার্থ এখানে আদিয়াছি।" "এ নগবে তোমার জ্ঞাতিজন কেহ আছেন কি?" "না. বাবা: আমার কেহই নাই।" "তোমাব কোন চিন্তা নাই: আমি উদীচা ব্রাহ্মণ মহাসাব এবং দেশবিখ্যাত আচার্যা: আমি তোমাকে আমার ভগিনীস্থানে স্থাপিত করিব, এবং নিজের ভগিনীজ্ঞানে তোমার বক্ষণাবেক্ষণ করিব। তমি আমাকে ভাতা বলিয়া সম্বোধন কর এবং আমার পা ধরিয়া পরিদেবন আবস্ত কর।" এই কথায় মহিষী উঠিচঃস্বরে ক্রন্সন করিতে করিতে ঐ ব্রাহ্মণের পায়ে পড়িলেন : অতঃপর তাঁহারা তুইজনেই পরম্পরের কথা শুনিয়া পরিদেবন করিতে লাগিলেন। শিষ্যেরা ছটিয়া গিয়া জিজ্ঞাসা করিলেন, "আচার্য্য, আপনার কি হইয়াছে "' ব্রাহ্মণ বলিলেন, "ইনি আমাব কনিষ্ঠা ভগিনী, অমুক সময়ে ইঁহার জন্ম হয়: তথন আমি ভানান্তরে ছিলাম।" শিষোরা বলিল, "এথন ত আপনি ইঁগার দেখা পাইলেন : আব ত চিন্তার কোন কারণ নাই।"

বান্ধণ তথন একথানি আচ্ছাদিত বৃহদ্ যান আনয়ন করাইলেন এবং মহিষীকে তাহাতে বসাইয়া শিশ্বদিগকে বলিলেন, "বংসগণ, ব্রাহ্মণীকে বলিবে, ইনি আমার ভগিনী; ইহাব স্বথস্বাচ্ছন্দ্যের জন্ম যাহা কিছু কর্ত্তব্য, তাহা যেন তিনি কবেন।' শিষ্যদিগকে এই আদেশ দিয়া তিনি মহিষীকে নিজেব গৃহে প্রেরণ করিলেন। ব্রাহ্মণী মহিষীকে গরম জলে স্থান করাইলেন, এবং শয্যা রচনা করিয়া তাহাতে তাহাকে শয়ন করাইলেন। অনস্তব ব্রাহ্মণ স্থানাস্থে গৃহে কিবিলেন এবং ভোজনকালে ব্রাহ্মণীকে বলিলেন, "আমার ভগিনীকে ডাক।" ব্রাহ্মণী মহিষীকে ডাকিলেন; ব্রাহ্মণ তাঁহার সঙ্গে একত্র আহার করিলেন এবং ইহার পর নিজেব অস্তঃপ্রে রাধিয়া তাঁহাব রক্ষণাবেক্ষণ করিতে লাগিলেন।

মহিষী অচিরে একটা পুজ প্রসব করিলেন; পিতামহের নামান্থদারে এই পুজের নাম হইল মহাজনক-কুমার। একটু বড় হইলে তিনি সমবয়স্ক অক্যান্ত বালকদিগের সঙ্গে, পেলা করিতেন। কিন্তু ইহাদের মধ্যে যাহারা তাঁহার বোষ জন্মাইত, তিনি তাঁহাদিগকে নিষ্ঠ্র ভাবে প্রহার করিতেন;— এরূপ করিবারই কথা, কারণ তিনি উভয়কুলে বিশুদ্ধ ক্ষপ্রের; তাঁহার শরীরে প্রচুব বল এবং মনে আভিজাতাসন্তৃত ত্র্জ্জয় অভিমান ছিল। প্রস্কৃত বালকেরা বিকট চীংকার করিয়া কান্দিত; কে মারিয়াছে জিজ্ঞাসা করিলে উত্তর দিত, "বিধবার ছেলেটা।" পুন: পুন: এই কথা শুনিয়া কুমার ভাবিলেন, 'ইহারা সর্ব্বদাই আমাকে বিধবার ছেলে বলে; মাকে জিজ্ঞাসা করিলে, হইবে, ব্যাপার কি।' ইহা স্থির করিয়া তিনি এক দিন মহিষীকে জিজ্ঞাসা করিলেন, "আমার বাবা কে, মা?" "ব্যাহ্মণ ঠাকুর তোমার পিতা" এই উত্তর দিয়া মহিষী তাঁহাকে বঞ্চনা করিলেন। অতঃপর তিনি আবার একদিন একটী ছেলেকে প্রহার করিলে, সে যেমন বলিল "বিধবার ছেলেটা আমাকে মারিল, অমনিকুমার প্রতিবাদ করিয়া বলিলেন, "আমাকে বিধবার ছেলে বিলস্ব্যার প্রতিবাদ করিয়া বলিলেন, "আমাকে বিধবার ছেলে বলিস্ব্

কেন বে ? জানিস নাযে বাহ্মণ ঠাকুর আমাব বাবা ?" ছেলেবা হাসিয়া জিজ্ঞাসা করিল, -"ব্রাহ্মণ তোমার কে হন বলিলে ?" এই প্রশ্ন শুনিয়া কুমার ভাবিলেন, 'তাই ত। এরা জিজ্ঞাসা করিতেছে, আহ্মণ আমার কে হন ? মা নিশ্চয় প্রকৃত ব্যাপার বলেন নাই: হয় ত তিনি আত্মসম্মানরকার্থেই সত্য কথা বলেন নাই। সে যাহাই হউক, আমি তাঁহাদাব। প্রকৃত কথা বলাইবই বলাইব।' এই প্রতিজ্ঞা করিয়া তিনি স্তম্পানকালে মহিধীর একটী স্তুন দংশন করিয়া বলিলেন, "আমার বাবাকে, বল। নাবলিলে কামডাইয়া তোমার স্তন কাটিয়া ফেলিব.।" মহিষী কুমারকে, আব বঞ্চনা করিতে পাবিলেন না: তিনি বলিলেন, "বাবা তই মিথিলারাজ অরিপ্রজনকেব প্রত্র।" পোলজনক তোর পিতার প্রাণসংহার করিয়াছিলেন: আমি তোকে রক্ষা কবিবাব জন্ম এই নগবে আদিয়াছিলাম। এই বান্ধণ আমাকে নিজের ভগিনীস্থানে প্রতিষ্ঠিত করিয়া রক্ষণাবেক্ষণ করিয়া আগিতেচেন " পর `কেই কুমারকে বিধ্বার পুত্র বলিলে ডিনি রাগ কবিডেন না। তাঁহার বয়স যোল বংসর হইবার পর্বেই তিনি তিন বেদে এবং অন্ত সমস্ত বিজ্ঞায় বাংপন্ন হইলেন। বোল বৎসর পূর্ণ হইলে তিনি প্রমত্মন্দ্র যৌবনশ্রীসম্পন্ন হইলেন। তথন তিনি ভাবিলেন, আমি পৈতক রাজ্য গ্রহণ করিব। তিনি জননীকে বলিলেন, "মা তোমার হাতে কিছ আছে कि ? ना थाकित्न वावनाम बाता अर्थमः शह शक्तक टेलक ताका छेकात कतिएक इहेटव।" মহিষী বলিলেন, "বাবা, আমি থালি হাতে আদি নাই। আমাৰ কাছে এমন সকল উৎক সক্তা. মণি ও হীরক আছে, যাহাদেব এক একটা বাবাই রাজা উদ্ধাব করা যাইতে পারে। ভূমি সেই সমুদায় শও এবং রাজ্য উদ্ধার কর। ব্যবসারে তোমার কি প্রয়োজন ।" "মা তমি আমাকে ঐ ধন দাও: আমি ঐ ধনেব অধ্নমাত্র লইয়া হবর্ণভূমিতে গিয়া বছ ধন উপার্জ্জন করিব এবং তাহা দিয়া রাজা উদ্ধার করিব।° কুমার মহিবীকে ইহা বলিয়া অর্দ্ধন আনয়ন করাইলেন. উহা দারা পণ্য সংগ্রহ করিলেন, স্বর্গভূমিগামী বৃণিকদিগের সঙ্গে মিলিয়া উহা পোতে তলিলেন এবং মাতাকে গিয়া প্রণাম কবিয়া বলিলেন, "মা, আমি স্তবৰ্ণভমিতে চলিলাম।" মহিধী বলিলেন "বাবা, সমুদ্রে দিদ্ধিলাভের সম্ভাবনা অতি বিরুষ: সেখানে বহু বিশ্ব আছে: তমি যাইও না, বাজ্ঞা উদ্ধার করিবার জন্ম ত তোমার বছ ধন আছে।" কিন্তু কুমাব বলিলেন, "না, মা: আমাকে যাইতেই হইবে।" তিনি মাতাকে প্রণাম করিয়া নিক্রমণপর্বক পোতে আরোহণ করিলেন। ঠিক এই দিনেই পোলজনকের শরীরে বোগ জন্মিল: তিনি যে শ্যায় শ্যুন করিলেন, তাহা হইতে আর छित्रित्सम् मा ।

কুমারের পোতে সার্দ্ধ তিন শত আবোহী ছিল। উহা সাত দিনে সপ্তণত যোজন অতিক্রম করিল; কিন্তু অতি ক্রুতবেগে চলিল বলিয়া শেষে উহার আর অগ্রসর হইবার সামর্থা রহিল না; উহা বা'নচা'ল হইল; তক্তাশুলি ভালিয়া গেল; ছিল্রপথ দিয়া জল উঠিতে লাগিল; এইরূপে পোতথানি মধ্যসমূল্রে নিমগ্ন হইল। আবোহীরা রোদন ও পরিদেবন করিতে করিতে নানা দেবতাকে প্রণাম করিতে লাগিল; কিন্তু মহাসন্থ রোদন করিলেন না, পরি-দেবনও করিলেন না; নৌকা ভ্বিবে, ইহা ব্রিয়াই তিনি ন্থতেব সঙ্গে শর্করা মর্দ্দন করিয়া পেট পুরিয়া ভোজন করিয়াছিলেন, ভূইথানি পরিকৃত বস্ত্র তৈলসিক্ত করিয়া ছিলেন। যথন

<sup>\*</sup> বুলে 'নত্তক্ষনতানি' আছে। 'নাত শত জজ্বা'=এং জন লোক। ইংলাজী অনুবাদক সন্তজ্জ স্থানি' এই পাঠ কল্পনা কৰিল। বলেন, ঐ পোতে সাতজন সার্থবাছের পণা ও তাহাব বহনোপবোগী পণ্ড ছিল। এক্লণ শিশ্য ক্ষমসূত্ত লাভ।'

পোত নিমগ্ন ইইল, তথন তিনি মান্তলে আরোহণ করিলেন। মংশ্রকচ্চ্পাদি অন্ত সমস্ত আরোহীকে উদরসাৎ করিল; হতভাগ্যদিগের রক্তে চতুদ্দিকের জল লোহিত বর্ণ ইইল। মহাসন্ত মান্তলের অগ্রে থাকিয়া কোন্ দিকে মিথিল। ইহা নির্ণয় কবিলেন। তাঁহার পরীরে এত বল ছিল যে, সেথান হইতে লক্ষ দিয়া তিনি মংশ্রকচ্চ্পাদি অতিক্রমপূর্বক পোত হইতে ১৪০ হাত • দ্বে সম্শ্রগর্ভে পতিত ইইলেন। ঠিক ঐ দিন পোলজনকের মৃত্যু ইইল।

মহাদশ্ব এখন হইতে মণিবর্ণ উর্ম্মিনালা দারা চালিত স্থবর্ণবণ্ডের ক্সায় সমুদ্র অতিক্রম করিতে লাগিলেন। এইভাবে সাত দিন কাটিয়া গেল; কিন্তু উহা তাঁহার নিকট মাত্র এক দিন বলিয়া বোধ হইল। অতঃপর বেলাভূমি দেখিতে পাইয়া তিনি লবণোদকে মুধ প্রক্ষালন করিলেন এবং পোষধী হইলেন। এই সময়ে মণিমেখলা-নায়ী দেবকল্পা লোকপালচভূইয়-কর্তৃক সম্ভরক্ষিকারূপে নিয়োজিত হইয়াছিলেন। লোকপালেরা বলিয়া দিয়াছিলেন, "যে সকল লোক মাতৃসেবাদিগুণযুক্ত, তাহারা সমুদ্রে পতিত হইয়া বিনষ্ট হইবার অমুপযুক্ত; তুমি অমুসদ্ধান দারা এই সকল লোকের রক্ষা করিবে।" মণিমেখলা কিন্তু এই সাত দিন সমুদ্রের দিকে দৃষ্টিপাত করেন নাই, দেবসম্পত্তির আস্থাদনে নাকি তাঁহার স্মৃতি বিমৃত হইয়াছিল, অথবা তিনি দেবসভায় গিয়াছিলেন। এখন তাঁহার মনে হইল, 'আজ সাত দিন দামি সমুদ্রের দিকে লক্ষ্য করি নাই। না জানি, সেবানে কি ঘটিয়াছে!' তিনি সমুদ্রের দিকে তাকাইয়া মহাসন্থকে দেখিতে পাইলেন, এবং ভাবিলেন, 'যদি মহাজনককুমার সমুদ্রে বিনষ্ট হন, তবে আমি আর দেবসভায় প্রশ্বেশ করিতে পারিব না।' তিনি মহাসন্থের অদ্বেদ দিব্যাভ্রণমণ্ডিত দেহে আকাশে অবস্থিত হইয়া পরীক্ষার্থ প্রথম গাথা বলিলেন:—

১। ত্রন্ত র সাগরে পড়ি কুল না দেখিতে পাও , তব্ বীব্যবলে তুমি জীবন বাঁচাতে চাও । কে তুমি ? করিবে রক্ষা এ বিপদে কে তোমার ? এমন প্ররাস তুমি করিতেছ কি আশার ?

মহাসন্ত বলিলেন, ''আমি এই সাত দিন সমূদ্র পার হইবার চেষ্টা করিতেছি; এতদিন দ্বিতীয় প্রাণী দেখিতে পাই নাই। কে এখন আমার সঙ্গে কথা বলিতেছে?'' অনস্তর উর্ক্কাদিকে দৃষ্টিপাত করিয়া সেই দেখীকে দেখিতে পাইয়া তিনি দ্বিতীয় গাথা বলিলেন:—

থ ব্ৰত ক্ষল দেৱ গুলি লোকে অনুক্ষণ,
পুক্ৰকারের গুণ সকলে করে কীর্ত্তন।

যদিও না দেখি কূল, ত্বগুর সাগরে, তাই,

আন্তরকা হেতু, দেবি, ঈদুশ প্রবাস পাই।

মহাসত্ত্বের মুথে ধর্মকথা ভূমিবার অভিপ্রায়ে দেবী আবার বলিলেন:--

৩। অপ্রমের, কুগভীর পার নাহি দেখা বার,
 এ হেন সাগরে নাই পুরুষকারের, হার,
 কোন সাধ্য বাঁচাইতে, না পাইরা বেলাভূমি
 অর্পবকুকিতে প্রাণ নিশ্চর হারাবে ভূমি।

মহাসন্ধ বলিলেন, "আপনি এমন কথা বলিতেছেন কেন ? প্রাণরক্ষার জন্ত ব্থাসাধ্য চেষ্টা করিয়াও যদি মরি, তথাপি আমি নিশাভাজন হইব না।

 <sup>&</sup>gt; देनछ=१० वहि । वर्ष वरकत >>म शृत्केत भावतिका बहेता ।

৪। জ্ঞাতি-পিতৃ-,দ্বগণ, ইহাদের ঠাই পক্ষকাবের বলে ঋণ ছয় শোধ

ব্যপাশে আছে বন্ধ মানব স্বাই।
করিতে না হয় কভ অমতাপ বোধ।

#### (परी विलासन : -

বিফল এ চেষ্টা, ইহা গুণুকেশকর,
 আসর মরণ যার অতীব নিশ্চয়.

এর বলে ভরিবে কি ছম্বর সাগর গ প্রদর্শি পুরুষকার কি ফল সে পার গ

দেবী এইরূপ বলিলে মহাসম্ব পরবর্ত্তী চারিটী গাণায় তাঁহাকে নিরুত্তর করিলেন:-

- । নিতান্ত বিকল চেষ্টা, ভাবি ইছা মনে
  না করে পুরুষকার প্রয়োগ বিপদে
- । কেই কেই কার্যো ব্রতী হয় ফলাশায় ,
   যদিও না পায় ফল কিবা লোব তার ?
- ৮। কর্মের প্রতাক্ষ ফল পাও ত দেখিতে , আমি কিন্তু তরিতেছি এখন(ও) সাগর , ৯। যথাশক্তি যথাবল করিব প্ররাস .
- যথাশাক্ত, যথাবল কারব প্রয়াস ,
   পৌরুষ প্রয়োগ আমি করি সাধ্যমতে

নিক্স্তম থাকে যেই জীবনরক্ষণে, আনস্তের ফল সেই পার পদে পদে। চেষ্টা করে সিদ্ধিলাভ করিতে তাহার; করিয়াছে যাথা তার সাধা করিবার। ডুবেছে সঙ্গীরা মোর অর্ণবকুক্ষিতে; দিলে তুমি দেখা; কিবা ভয় অতঃপর ? যতক্ষণ ববে প্রাণ না ছাডিব আল।

নিশ্চয় সাগর পারে যাইব, দেবতে।

মহাসত্তের দৃঢ়সকলবাঞ্জক বাকা ভনিয়া দেবী তাঁহার প্রশংসা করিয়া বলিলেন:-

১০। অসীম, তরকক্ক হেন মহার্পবে পড়ি হও নাই নিক্জম ; পৌকর না পরিহরি ধর্মাতুমোদিত চেষ্টা করিতেছ যথাশক্তি রাখিতে নিজের প্রাণ ; দেখি আমি তুষ্ট আতি। দিফু বর, যাও বেখা যেতে তব চারু মন ; উল্লেম্প্রীলের বক্ষা করেন দেবজাগন।

ইহা বলিয়া দেবী জিজ্ঞাসা করিলেন, "হে মহাপরাক্রম পণ্ডিত, আমি তোমাকে কোণার লইয়া যাইব ?" মহাসন্থ বলিলেন, "মিথিলা নগরে।" তখন দেবী তাহাকে মালাকলাপের জায় উত্তোলন করিয়া উভয় হন্তবারা নিজের বক্ষঃহলে স্থাপন করিলেন, এবং যেন নিজের প্রিয় পূত্রকে লইয়া যাইতেছেন, এইভাবে আকাশে উথিত হইলেন। সাত দিন লবণোদকে সিক্ত হইয়া মহাসন্থের শরীর জীণ হইয়াছিল; এক্ষণে দিব্যুম্পর্শে তিনি অপূর্ব্ধ শান্তি লাভ করিয়া নিজিত হইলেন। দেবী তাহাকে মিথিলায় লইয়া গিয়া তত্ত্বত্য আত্রবণে মঙ্গল-শিলায় দক্ষিণপার্থে তর দেওয়াইয়া শয়ন করাইলেন এবং উদ্ধান দেবতাদিগের উপর তাহার রক্ষার ভার দিয়া স্বস্থানে চলিয়া গেলেন।

পোলজনকের পুত্র ছিল না; একটা মাত্র কন্তা ছিলেন; তাঁহার নাম সীবলি। সীবলি পণ্ডিতা ও প্রজ্ঞাবতী ছিলেন। পোলজনক ঘবন মৃত্যুশঘান্ন, তথন অমাত্যেরা জিজ্ঞানা করিব। ক

শুলে এই গাখা তিনটাকে 'উদান বলা হইরাছে। হর্বের বা হংথের আবেগে বে গাখা বিংশত হয়, শুলুরাচর তাহাই উদান নামে অভিহিত। এবানে চিষ্টের সেয়প কোন ভাব দেখা বাছ য়াব

- স্বের উদর যেথা, অন্ত যেথা আর,
   না ভিতরে, না বাহিরে আছে বিশ্বমান
- ১২। উঠিগার স্থানে নিধি, নামিবার স্থানে, যোজনপ্রমাণ স্থানে চারিদিকে তার
- ১৩। দক্ষাগ্রে, বালাগ্রে নিধি বিজ্ঞ গুধু জানে;
  এই সব নিধি বেই করিবে উদ্ধার;
  সজ্য করি সে ধসুক, নোরাইতে যারে
  পল্যন্ধ-রহস্ত যেই করিবে নির্ণর,
  হেন জনে রাজ্য মম কর সমর্পণ:

ভিতরে, বাহিরে নিধি বরেছে জপার।
ভূগর্ভনিহিত নিধি প্রচুরপ্রমাণ।
চারি মহাশালন্তভে জাছে সলোপনে;
ভূগর্ডে নিহিত জাছে মহানিধি আর।
কেবৃকে, বুক্ষারে নিধি—নিধি বোল ছানে।
অথবা দেখাবে দেহে কত শক্তি তার
সহল্র পুরুষ মিলি পারে কি না পারে;
সীবলিকে ভূবিতে বা বার সাধ্য হর,
জন্মে যেন নাহি পার এ রাজা কখন।

পোলজনক নিধির উদান বলিবার কালে সেই সলে সলে অপর পণগুলিরও উদান বলিলেন। তাঁহার মতা চইলে অমাতোরা প্রেডকতা সমাপনপর্বাক সপ্তম দিনে সমবেত हहेशा मञ्जनात क्षेत्रख हहेत्वन । जाहाता विभावन, 'ताजात चारमम धहे दय, दय वाकि जाहात क्यां प्रमुख प्रमुशानन कविटक शावित्वन काँगारक वाका मिटक इटेटन। दाचा याँजैक. কে বাজকলার প্রীতিভালন হইতে পারেন।" অনেকেই বলিলেন "দেনাপতি মহাশয়. বোধ হয়, তাঁহার প্রিয়পাত্ত।" তদমুদারে তাঁহারা দেনাপতিকে দংবাদ দিলেন। দেনাপতি রাজ্য লাভার্থ বাজদাবে উপনীত চইলেন এবং বাজক্যাব নিকট আপনাব আগমন-সংবাদ পাঠাইলেন। রাজকলা তাঁহার আগমনের কারণ বঝিতে পারিয়া ভাবিলেন. 'এই ব্যক্তির রাজচ্ছত্র-ধারণের উপযক্ত ধতি আচে কি ?' ইচা পরীক্ষা করিবার জন্ম তিনি বলিয়া পাঠাইলেন. 'তিনি আসিতে পারেন।' এই আদেশ গুনিয়া রাজকলাকে সম্ভষ্ট করিবার অভিপ্রায়ে সেনাপতি সোপানপাদমূল হইতে ক্রতবেগে ধাবিত হইয়া তাঁহার নিকটে দাঁডাইলেন। তাঁহাকে আরও পরীকা কবিবার উদ্দেশ্যে রাজকলা বলিলেন, "আপনি উপরের ছাদে ধ্ব ভাড়াভাড়ি ছুটন।" বাজকন্তা তুই হইবেন মনে করিয়া সেনাপতি লাফাইতে লাফাইতে क्रुंटिटनन। তथन वास्त्रकता। विनटनन, "फितिया चास्त्रन।" रमनाशिक क्रुंटिया किविया আসিলেন। ইহাতে রাজকন্যা ব্ঝিলেন বে. দেনাপতি মহাশয়ের কিছমাত ধতি নাই। তিনি আঞা দিলেন, "আমার পা টিপিয়া দাও।" সেনাপতি তাঁহাকে তৃষ্ট করিবার জন্ম वित्रश भा हिभिएक आवश्व कविरानन । जन्म बाक्कना। काँशारू वरक नाथि भवित्रा है। কবিষা ফেলিলেন এবং দাসীদিগকে ইঞ্চিত কবিয়া বলিলেন, "এই অজ্ঞ, ধতিহীন মুর্থটাকে গুলা ধরিয়া মারিতে মারিতে বাহির করিয়া দাও।" দাসীরা তাহাই করিল: লোকে জিজ্ঞাসা করিল, "কি থবর, সেনাপতি মহাশর ?" সেনাপতি উত্তর দিলেন, "ও কথা আর बरना ना छाडे : ७ बाक्कना मास्यी नय।" हेरात शत छाखाशातिक मरामध शिलन अवर ঐক্নপ লক্ষা পাইলেন। অনস্তর শ্রেষ্ঠী, ছত্রধর, অদিগ্রাহক প্রভৃতি কর্মচারীরাও একে একে লক্ষাভাজন হইলেন। তথন প্রজারা সকলে সমবেত হইয়া বলিতে লাগিল. "রাজহহিতাকে তুষ্ট করিতে পারে, এমন লোক ত কেহই নাই। এখন দেখ, যে ধছতে ছিলা পরাইতে সহল লোক আবশ্যক, ভাষাতে ছিলা পরাইতে পারে এমন কোন লোক পাওয়া যায় কি না ; পাইলে তাহাকেই রাজা দেওয়া যাউক 🕫 কিন্তু কেহই ঐ ধহুতে জ্ঞা আরোপণ করিতে পারিল না। তাহার পর প্রস্তাব হইল, যে ব্যক্তি চতুরস্র পল্যক্ষের শিষর নির্দেশ করিতে পারিবে, তাহাকেই রাজ্য দেওয়া যাউক; কিছু এরপ লোকও পাওয়া গেল না। পরিশেবে, কথা হইল, যে বোড়শ স্থান হইতে মহানিধি উদ্ধার করিতে পারিবে তাহাকেই রাজা করা হইবে। কিছু ইহাও কেহ করিতে পারিল না। তথন সকলে বলিতে লাগিল, "রাজ্য **मत्राक्षक श्टेरन रक क्षकाशानन कतिरव? এथन कर्खवा कि!" छाशामत्र कथा अनिशी**  পুরোহিত বলিলেন, "তোমাদের কোন চিন্তা নাই। এস, আমরা পুষ্পপথ ছাডিয়া দেই।
পুষ্পরথের সাহাযো যে রাজা পাওয়া যায়, তিনি সমন্ত জম্মনীপে আধিপত্য করিতে সমর্থ।"
তাহারা পুরোহিতের প্রতাবে সম্মত হইল, সমন্ত নগর সাজাইল, মললরথে চারিটী কুম্দন্ত্র
আম্ব যোজিত করিল, রথধানি উৎকৃষ্ট আন্তরণে আচ্ছাদিত করিল এবং উহাতে পঞ্চরাজচিন্তা স্থাননপুর্বাক, চতুদ্দিকে চতুবলিশী সেনা সন্ধিবেশিত করিল। রাজ্যে রাজা পাকিলে
রথের পুরোভাগে বাছাধ্বনি হয়; রাজা না থাকিলে পশ্চাতে বাছা করিবার নিয়ম। কাজেই
পুরোহিত আদেশ দিলেন, "রথের পশ্চাতে বাছাধ্বনি করিতে করিতে চল।" তিনি স্বর্ণ
ভূলারে জল লইমা রথের যোজা ও প্রভোদ: অভিষক্ত করিলেন, এবং "যে ব্যক্তির বাজত্ব
কবিবার উপযোগী পুণা আচে. তাঁহার নিকটে যাও" বলিয়া রথ চাডিয়া দিলেন।

বথ বাজভবন প্রদক্ষিণপর্বক ভেরীবাদকদিগের বীথি অবলম্বন করিয়া চলিল। দেনাপতি প্রভতি ভাবিতে লাগিলেন, 'পুষ্পরথ ববি আমার নিকটে আদিল।' রথ কিছ ভাঁচাদের সকলেরই গৃহ অভিক্রমপুর্বক সমস্ত নগর প্রদক্ষিণ করিয়া পূর্বর দ্বার দিয়া নিক্রমণ কবিল এবং উজানাভিমধে চলিল। বধু অভিবেগে যাইতেছে দেখিয়া লোকে বলিল, "বধু বামাও।" প্রোচিত কিন্ত বাধা দিয়া বলিলেন, "বামাইও না , যদি ইচ্ছা হয়, তবে শত ঘোজন ঘাউক না কেন ?" অনকার রথ উক্তানে প্রবেশ করিল, মঞ্চলশিলাণ্ট প্রদক্ষিণ ক্ৰিল এবং আবোহণোপ্ৰোগী হট্যা থামিয়া বহিল। শিলাপ্ট্ৰয়ান মহাসভকে দেখিয়া প্রোচিত অমাতাদিগকে স্থোধনপুর্বক বলিলেন, "দেখ, শিলাপট্টে এক বাস্কি শুইয়া আচেন। ইচার খেডছেল্রধারণোপ্যোগী ধৃতি আছে কি না, তাহা জানি না। যদি ইনি প্ৰাৱান হন, তবে আমাদের দিকে দক্পাত্ত করিবেন না। কিন্তু যদি ইনি কোন জন ক্লায়ক্ত সন্ত হন, তবে ভয়ে ও আদে শ্যাত্যাগ করিয়া কাঁপিতে কাঁপিতে আমাদের দিকে ভাকাইবেন। ভোমরাশীভ একসঙ্গে সর্বাপ্রকার বাভাধনি কর।" ইহা ভনিয়া লোকে তৎক্ষণাৎ যগপৎ বৃত্তপত বাজ্যন্ত বাজাইল: বাজধ্বনি দাগরকলোলের ক্সায় চতন্দিক নিনাদিত করিল। এই শব্দ শুনিয়া মহাস্ত্রে নিজাভঙ্গ হইল: তিনি মাধার কাপড় খুলিয়া সেই ক্রমজ্য দেখিতে পাইলেন এবং সম্ভবতঃ শ্বেড্ছেন্ত তাঁহার নিকট উপনীত হইয়াছে. ইটা ভাবিয়া পুনর্বার মাথা ঢাকিলেন এবং পাশ ফিরিয়া বাম পার্যে ভর দিয়া ভইয়া রহিলেন। পুরোহিত তাঁহার পায়ের কাপড় খুলিয়া লক্ষণ পরীক্ষা করিলেন। তিনি দেখিলেন, এক মহাদীপ ত ভচ্ছ কথা, এই ব্যক্তি চতুৰ্মহাদীপে রাজত্ব করিতে সমর্থ। তাঁহার আদেশে পুনর্বার তর্যাধানি হইল , মহাসন্ত মুখের কাপড় খুলিয়া আবার পাশ ফিরিলেন এবং দক্ষিণপার্যে ভর দিয়া শুইয়া শুইয়া সেই জনসভ্য অবলোকন করিতে লাগিলেন।

পুরোহিত জনসভ্যকে আশাদ দিয়া কৃতাঞ্জলিপটে ও অবন্তদেহে বলিলেন, 'প্রাভৃ, উথান করুন; রাজ্ঞী আপনাকে আশায় করিয়াছেন।' মহাজনককুমার জিজ্ঞাসা করিলেন, "আপনাদের রাজা কোথায় ?" "তিনি মানবলীলা সংবরণ করিয়াছেন।" "তাহার কি পুত্র বা আতা নাই ?" "না, প্রাভৃ।" "বেশ আমি রাজ্জ গ্রহণ করিব।" ইহা বলিয়া তিনি উথিত হইলেন এবং শিলাপট্টোপরি পর্যাহাদনে উপবেশন করিলেন। পুরোহিতপ্রমুধ অমাত্যগণ দেখানেই তাহার অভিবেশ সম্পাদন করিলেন। গুরোহিতপ্রমুধ অমাত্যগণ দেখানেই তাহার অভিবেশ সম্পাদন করিলেন। তাহার নাম হইল "মহাজনক রাজা।" তিনি সেই রথবরে আরোহণপুর্বক

<sup>🍨</sup> ফুসসর্থ বা পুল্পরথ-সম্বন্ধে পঞ্চম থণ্ডের শোণক-জাত্তকের (৫২৯) পাদটিক। দ্রষ্টবা।

<sup>+</sup> इ.ज. हामत, উकीत, शक्र क शाहक।।

<sup>:</sup> अर्छान=भाव्म।

घडामघारवारक नगरव शारवण कविरागन अवः श्रामारम चारवारण कविवाद कारल. সেনাপতি প্রভৃতি স্ব স্থানে প্রতিষ্ঠিত থাকিবেন, এই আদেশ দিয়া উচ্চতম ভলে ক্রেপ্রনীকে হউলেন। বাজকলা পর্বাচ্ছিত উপায় দ্বারাই তাঁহার পরীক্ষা করিবেন এই অভিপায়ে\* একজন ভতাকে আজ্ঞা দিলেন, "যাও, রাজার নিকট গিয়া বল, সীবলি দেৱী আপনাকে ডাকিডেছেন: শীঘ্ৰ আফন।" বাজা মুপণ্ডিত: ডিনি যেন ইয়া क्षतियां क क्षतिरस्त ना : जिनि लागाप्त रामार्था वर्षनश्रक विनाज नाशिस्त्र "यहा কি অন্ধব।" ভতা বাজাকে নিজের বক্তবা শুনাইতে আসমর্থ হইয়া বাজক্তাকে গিয়া विक्रत "आर्था, जिमि आश्रमात आरम्भ श्रमित्वम वर्षे, किन्द्र काम खेखन मा निया किवल প্রাসাদের সৌন্দর্যাই বর্ণনা করিতে লাগিলেন। তিনি আপনাকে তণের মতও জ্ঞান কবেন না।" ইতা ভনিয়া সীবলি ভাবিলেন, 'সম্ভবত: এই ব্যক্তি মতাফভাব।' তিনি বাঞ্চার নিকট দিভীয়বার, ভতীয়বার ভতা পাঠাইলেন: তথন রাজা নিজের ইচ্চামত স্থাভারিক গড়িতে সিংহরৎ বিক্রম কবিতে করিতে প্রাসাদে আরোহণ করিলেন। বাজা নিকটেকলী হইলে বাজক্ষা জলীয় ভেজে এমন অভিজত হইলেন যে, ডিনি নিজেব প্রাভাবিক স্মৈর্যা বক্ষা কবিতে পারিলেন না অগ্রসর হইয়া হন্তপ্রসারণপর্ববিক ভাঁচাকে करु धरिषा छेलात लडेपा लाटनमा बाजा कमाबीत करु धरिषा महाजान चारवाहन কবিলেন এবং সমচ্চি ভশ্বেভচ্চত্তভাবলে বাজপল্যকে উপবেশনপূর্বক অমাতাদিগকে স্থোধন কবিয়া বলিলেন, ''আপনাদের রাজা মৃত্যুকালে কোন আদেশ দিয়া গিয়াছেন কি ?" অমাতোরা উত্তর দিলেন, "ই। মহারাজ।" "কি আদেশ, বলন ত ?" তিনি বলিয়াছিলেন, যে ব্যক্তি দীবলি দেবীর মনস্কৃষ্টি সম্পাদন করিতে পারিবেন তাঁচাকে বাজা দিতে চঠবে।" "সীবলি দেবী অগ্নসর হইয়া আমাকে হন্তালম্ব দিয়াছেন, ইহাতেই দেখা যাইতেছে যে, তিনি আমার উপর প্রমন্ত্র হুইয়াছেন। আর কোন আদেশের কথা বলন।" "মহারাজ তিনি বলিয়াছিলেন, যে বাক্তি চত্তরত্র পলাক্ষের শিয়রের দিক নির্দেশ করিতে পরিবেন, তাঁহাকে রাজা দিতে হইবে।" রাজা ভাবিলেন, 'ইহা জান। ক্ষিন বটে : কিন্তু উপায়প্রয়োগে জান। ঘাইতে পারে।' তিনি নিজের মন্তক চইতে একটা স্বৰ্গ স্থচী তলিয়া উহা সীবলিদেবীর হত্তে দিয়া বলিলেন, "ভত্তে, এটা ঘণাস্থানে রাথিয়া দাও।" সীবলি উহা লইয়া পল্যক্ষের শিষ্তরের দিকে রাখিলেন এবং (কেহ কেহ বলেন যে ) রাজার হস্তে একথানি থর্জন দিলেন। এই উপায়ে পলাঙ্কের কোন দিক শিষর, রাজা তাহা ব্ঝিতে পারিলেন এবং তিনি অমাতাদের কথা শুনিতে পান নাই এই ভাগ করিয়া জিজ্ঞাসা করিলেন, "কি বলিলেন?" অমাত্যেরা পূর্ব্ববং উত্তর मिरल जिनि विलियन, 'इश जाना जात जान्हार्यात विषय कि । এই निक्छ। नियत। ্রাজার অন্ত কোন আদেশ থাকে ত বলুন।" "মহারাজ, একখানি ধমুক আছে; সহস্র **लाटक टाइं।** कतिराम छाहारक किला भवाहरक भारत कि ना मत्मह। वाका विलया গিয়াছেন. যে বাজ্জি ঐ ধহুকে চিলা পরাইতে পারিবেন, রাজত্ব তাঁহাকে দিতে হইবে।" "বেশ. সেই ধ্যুক লইয়া আফুন।" অমাত্যেরা ধ্যুক আনয়ন করিলেন; রাজা পল্যকে উপবেশন করিয়াই, স্থীলোকেরা কাপাদ ধুনিবার ধন্ততে ঘেমন ছিলা পরার, দেইরপ অবলীলাক্রমে উহাতে ছিলা পরাইলেন এবং তাহার পর বলিলেন, "অক্ত কোন আদেশ আছে কি" "যে বাজি বোড়শ স্থান হইতে মহানিধি উদ্ধার করিতে

<sup>\*</sup> অর্থাৎ সেনাপতি গ্রন্থতিকে পূর্বেবে যে উপারে পরীক্ষা কৰিরাছিলেন, সেইগুলি প্রয়োগ করিয়া ইহাকেও পরীক্ষা করিয়ার লক্ষ্য। এথানে ইংরাজী অনুষ্যাক 'পূরিক সঞ্জ্ঞা' শব্দের যে ব্যাপ্যা করিরাছেন ( by his first behaviour ), আমি তাহা গ্রহণ করিতে পারিলাম ন'।

পারিবেন, তাঁহাকে রাজত দিতে হইবে।" "ঐ স্থানগুলির সম্বন্ধে কোন উদান আছে কি ?" "আছে, মহাবাজ," বলিয়া অমাতোৱা 'কুৰোৱ উলয় যেগা' ইন্তালি উদান ক্যটা বলিলেন। দেশুলি শুনিতে শুনিভেই রাজার মনে গগনভালে চদ্দমার লায ভোগাদের অর্থ স্রম্পর ইইল। তিনি অমাতাদিগাকে বলিলেন "আছ বেলা নাই - কাল নিধিওলির উদ্ধার কবিব।" প্রদিন তিনি অমাতাদিগকে সমবেত করিয়া ক্রিলাসা कवित्तान "वाल्यात्मव वाका शास्त्राकवन्नात्मा हाक्य कवाहेत्स्य दि ?" खागारकामा বলিলেন, "হা, মহারাজ।" রাজা ভাবিলেন, উদানের সুর্ঘা আকাশের সুর্ঘা নয়, বাঁহারা ক্ষানম তেজন্বী, দেই প্রত্যেকবন্ধনিগকেই ক্ষা বলা হট্যাছে। মত রাজা প্রত্যাদগমন-পর্বক যেখানে তাঁচাদের অভার্থনা কবিতেন, সম্ভবতঃ দেখানেই ধন নিহিত আছে। ভিনি অমাতাদিগকে জিল্লাম। কবিলেন, "প্রত্যেকবদ্ধের। আগমন কবিলে রাজা প্রতাদগমন কবিয়া কোথায় ঘাইতেন ?" "অমক স্থানে, মহারাজ" ইহা বলিয়া অমাতোরা সেই স্থান নির্দেশ করিলেন ে তথন বাজা সেই স্থান থনন করাইয়া নিহিত ধন উদ্ধার ক্রাইলেন এবং মাবার জিজ্ঞান করিলেন, "প্রত্যেকরছেরা যখন প্রস্থান করিতেন, তথম वाका अञ्चलमा कविया (काथा इंडेटक लाइनिवारक विवास विहल्त " "अमकसान इंडेटक মহারাজ" ইহা বলিয়া অ্যাভোৱাদেই স্থান নির্দেশ কবিলে বাজা দেখান হইতেও ধন উদ্ধার করাইলেন। লোকে বিশ্বয়াভিড্ত হুইছা সহস্রবাব বাহাবা দিতে দিতে বলিতে লাগিল, 'সংগার উদয়ে নিধি' আছে ভনিয়া লোকে এতদিন সর্যোদ্যের দিক খনন করিয়া বেডাইতেছিল: 'স্ধাের অল্যে নিধি' আছে ক্ষনিয়া স্থাালের দিকে র্থ ডিতেছিল: এখন কিন্তু সভাসভাই ধন বার্টির চুইল, অন্তো। কি আশ্রুষ্যা । অভংগর রাজভবনের মহাঘাবের মধ্যে গোবরাটের এক প্রাক্তে ভূমি ধনন করিয়া 'ভিতরের' নিধি এবং উহার বাহিবের ভমি খনন করাইয়া 'বাহিবেব' নিধি উদ্ধাব কবা হইল। 'না ভিতরে না বাহিবে' যে নিধির কথা ছিল, তাহা গোববাটের জলদেশে পাএয়া গেল। বাজাব भक्रलहस्त्रीट आद्वाहन कविवाव काटन एवशास्त्र त्मानाव मिष्टि • वाक्षा इक्रेड. মেধান হটতে 'উঠিবাব দ্বানেব' নিধি এবং বেখানে তিনি হন্তিপট চুইতে অবতরণ কবিতেন, দেখান হইতে 'নামিবাব স্থানের' নিধি বাহির হইল । যেখানে অমাত্যেরা क्ष्णान नेष्णाहेश तालाद क्षाम कवित्त. (मशात नानस्कारहरू देशस्क ताल्यनाह हिन। সেইগুলিব তল্পে হইতে চাবিটী ধনকল উল্লোলিত হইল ইহাই 'চাবি মহাশাল-অংজর' নিধি। 'বোজনপ্রমাণ স্থানে চারিদিকে ভার' – মহাসন্ত দেখিলেন এখানে যোজন শব্দে রপের যুগ ব্রিতে ইইবে। রাজপলাঙ্কের চতর্দ্ধিক যুগ প্রমাণ স্থানে বছ ধন নিহিত ছিল। তিনি উহা খনন কবাইয়া বহু খনপুর্ব কৃষ্ণ উত্তোলন করাইলেন। দস্তাগ্রে-ষেধানে মঙ্গল হন্তী দাড়াইত, সেধানে তাহাব দস্তযুগলাভিমুখ স্থান হইতে নিধি উদ্ধ ত হইল। বালাগ্রে—বেধানে মকলাশ দাড়াইত, দেখানে তাহার পুচ্ছাভিমুখ স্থান হইতে নিধি পাওয়া গেল। (কব্কে—'কেবুক' শব্দে জল বৃঝায়। মহাসন্ত মঞ্চলপুছরিণীর জল বাহির করাইয়া গুপ্তধন দেবাইলেন। বৃক্ষাগ্রে—উদ্ভানে একটা বিশাল শালবুক ছিল। মধ্যাক্ষালে যভদুর পৰ্যান্ত উহার ছায়া পড়িত, মগুলাকারে ততদুর খনন করাইয়া অনেক গুপ্তধন উদ্ধ ত হইল। এই करण (बाफ्न दान स्टेर्फ धन फेबाव कविया महामच विकामा कवितन, 'बाव कीन जातिन जारह कि ?'' जमारजाता विज्ञातन. "ना. महातास, जात दकान जारान नाहे।"

মহাসন্ত্রের অলৌকিক প্রজ্ঞার পরিচয় পাইয়া প্রজারুক্ষ পরম সন্তোষ লাভ করিল। মহাজনক উদ্ভ সমত্ত ধন দানে নিয়োজিত করিবার অভিপ্রায়ে নগর মধ্যে এবং চতুর্ছারে

<sup>°</sup> निम्दम्ब = निद्धानी, यह ।

পাচটী দানশালা নির্মাণ করাইয়া মহাদানে প্রবৃত্ত হইলেন। তিনি কালচম্পানগর হইতে নিজের জননী এবং দেই ব্রাহ্মণকে আনমন করিয়া তাঁহাদের মহাসংকার করিলেন।

অরিষ্টজনকের পুত্র মহাজনক এইরূপে সমন্ত বিদেহরাজার অধিপতি হইলেন। নবীন ভূপতি অতি বৃদ্ধিমান, ইহা শুনিয়া তাঁহার দর্শনার্থ সমন্ত নগরবাসী সংক্ষ্ হইল; তাহারা নানাবিধ উপঢৌকন লইয়া রাজদর্শনে যাইতে লাগিল; সমন্ত নগরে মহোৎসবের আয়োজন হইল। পঞ্চাঙ্গুলিক দ্বারা \* রাজভবন চিত্রিত হইল, স্থানে স্থানে গদ্ধ, মালা, পূষ্পগুছ্ত প্রলম্বিত হইল, লাজবৃষ্টি, কুসুমবৃষ্টি এবং চন্দনধূপাদির ধূমে সমন্ত নগর অন্ধকারময় হইল; রাজাকে উপঢৌকন দিবার জ্ঞা স্বর্ণরজতপাত্রে নানাবিধ ধাছা, ভোজ্য, পানীয় ও ফল লইয়া লোকে রাজভবন বেষ্টন করিয়া দাঁড়াইল। কোথাও আমাত্যেরা মগুলাকারে অবস্থিত হইলেন, কোথাও বাজ্যপেরা, কোথাও শ্রেষ্টিপ্রভৃতি, কোথাও পরমক্ষরী নর্জকীগণ, স্বত্যিবাচক ব্যাহ্মাণগণ ও মুধ্য ক্লিকগণ ক সমবেত হইল; কোথাও মঙ্গলগীতিকুশল চারণেরা গান করিতে লাগিল। বহু বহু তুর্যুধ্বনি হইতে লাগিল। সমন্ত বাজপুরী যুগন্ধর-সাগরকুক্ষির স্থায় একনিনাদে নিনাদিত হইল। রাজা যে দিকে দৃষ্টিপাত করিলেন, দেই দিকেরই লোকে সমন্তমে কাঁপিয়া উঠিল।

মহাসন্ধ খেডছেত্রতলে রাজাসনে আসীন হইয়া দেখিলেন, তাঁহার ঐশ্বর্য ও রাজ্জী শক্রের ঐশ্বর্য ও রাজ্জীর সদৃশ। তিনি মহাসমৃদ্রে পড়িয়া ধে বাঁধ্য প্রদর্শন করিয়াছিলেন তথন সেই কথা তাঁহার মনে পড়িল। তিনি ভাবিলেন 'উল্লম একান্ত কর্ত্তব্য, আমি যদি মহাসমৃদ্রে পৌরুষ প্রদর্শন না করিতাম, তবে আজ এই ঐশ্বর্য লাভ করিতে পারিতাম না।' সেই উল্লমশীলতার কথা শ্বরণ করিয়া তিনি অপার আনন্দ অনুভব করিলেন এবং প্রতিত্ব বেগে এই উল্লম্কালি বলিলেন :—

অনির্বিগ পণ্ডিত যে জন: ১৪। ছাড়িওনাআশানর পেয়ে পরিতৃষ্ট মোর মন। ছিল যাহা অভিলাব, অনির্বিন্ন, পণ্ডিত যে জন , ১৫। ছাডিও নাআবানা, নর স্থালে উঠি লভিত্ন জীবন। দেখনা, উদক হ'তে অনির্বিধ, পণ্ডিত যে জন . ১৬। উল্পোগী হও, হে নব পেন্ধে পরিতৃষ্ট মোর মন। চিল যাহা অভিলাব. অনির্বিপ্ন, পণ্ডিত যে জন: ১৭। উজোগী হও, তে নব ন্থলে উঠি লভিত্ন জীবন। দেখনা উদক হ'তে তথাপি সুখের আশা পণ্ডিত না ছাডে। ১৮। য**দিও প**তিত **হর ছ:খ-পারা**বারে,

া যদিও পতিত হয় হ:খ-পারাবারে, তথাপি হথের আশা পাওত না ছাড়ে হথের, দ্রংথের চিন্তা কতই প্রকার নিয়ত উদিত হয় চিত্তে সবাকার। অন্তর্কিভভাবে মৃত্যু উপস্থিত হয় ; তবে বল, আশাত্যাগে কিবা ফলোদর?

১৯। ভাবি নাই কড়ু যাহা, ভাহাও ঘটিয়া থাকে , আবার নিশ্য ঘটিৰে বলিয়া স্থির করিসু বা' মম মনে, ডাহা নাহি হর। ভাবনা বিফল, ভাই, নরনারী সকলের প্রথের কারণ , হুলবে আশার পুষি নিরত উদ্ভয়শীল হও সর্প্রজন। ‡

মহাজনক অতঃপর দশবিধ রাজধর্শের মর্যাদা রক্ষা করিয়া রাজ্ত করিতে এবং প্রত্যেকবৃদ্ধদিগের উপাসনা করিতে লাগিলেন। কালক্রমে সীবলিদেবী ধ্যুপুণালক্ষ্ণ এক

<sup>\* &#</sup>x27;हर्वचत्रामिहि'--इस + बस्ता ( व्यास्त्र )।

<sup>†</sup> চতুর্থ থণ্ডে মহামঙ্গল-জাতকে (৪৫০) তিন প্রকার মাঙ্গলিকের উল্লেখ আছে। তন্মধো 'মুখম ঙ্গলিক' নাই। বাহার। মঙ্গলস্তক জালীঝাদ করিত বা বাহাদের মুখ হেখিবা মঙ্গল জালা করা বাইত, তাহারাই কি 'মুখম জলিক' ?

<sup>🚶</sup> এই করেকট্র গাধা চতুর্ব থণ্ডের শরভম্বগ-জাতকের ( ৪৮০ ) ১ম হইতে ৬৪ গাধা।

পুত্র প্রদ্র করিলেন; এই শিশুর নাম রাধা হইল দীর্ঘায়ু:কুমার। পুত্র বয়:প্রাপ্ত হইলে বাদ্র। তাঁচাকে উপরাজ্য দান করিলেন।

একদিন উত্যানপাল নানাবিধ ফল ও পুষ্প মান্যন করিলে বাজা সে সমস্ত দেথিয়া প্রীত হইয়া তাহাকে প্রস্কার দিলেন এবং বলিলেন "সৌম্য আমি উল্লান দেখিব : তমি গিলাইতা অসম্ভিত ক্রিয়ারাধ।" শে "ধে আভ্তা" বলিয়া প্রস্তান ক্রিল এবং কিয়ৎকাল পুৰুব আসিয়া নিবেদন করিল, "মহারাজ, উত্থান স্থসজ্জিত হইয়াছে।" রাজা বহু অমুচবস্থ গজাবোহণে উদ্যানভাৱে উপন্থিত হইলেন। সেধানে তইটা ঘনখাম আমুবুক্ছিল: তরুধো একটাতে তথন ফল ছিল না: আর একটাতে বহু স্কমধর ফল ছিল। রাজা ঐ ফল এতদিন ধান নাই বলিয়া অনা কেহ উহাতে হাত দিতে সাহদ পায় নাই। এখন রাজা গজন্তম বসিঘাই একটী ফল ধাইলেন : উহা তাঁহার জিহলা স্পর্শ করিবামাত্র স্বর্গীয় ফলের নাায় শুমধুর বোধ হইল। রাজা ভাবিলেন, 'ফিরিবার সময় এই বুক্ষ হইতে বছ ফল ভোজন ক্রিব। এদিকে, রাজা অগ্রফল গ্রহণ করিয়াছেন জানিয়া, উপরাজ হইতে মাছত প্র্যান্ত সকলেই ঐ ফল ভিডিয়া উদরসাৎ করিল: যখন ফল পাইল না. তথন যষ্টির আঘাতে ডাল পালা ভাক্ষিয়া তাহারা বৃক্ষটীকে নিশ্পত্র করিল। উহা ফ্রাড়ামুড়ো হইয়া থাকিল, দ্বিতীয় গাছটা কিন্তু পূর্বের মত মণিপর্বতের স্থায়ই বিরাজ করিতে লাগিল। রাজা উত্থানের বাহিরে আসিয়া প্রথম গাছটার তর্দশা দেখিয়া অমাত্যদিগকে জিজ্ঞাসা করিলেন, ''ব্যাপাব কি ?" অমাতোর। বলিলেন, "মহারাজ অগ্রফল গ্রহণ করিয়াছেন জানিয়া অফু সব লোকে গাছটাকে লঠ করিয়াছে।" "এই গাছটার ত কি পজেব, কি বর্ণের কোন হানি হয় নাই ?" "নিক্ষণ বলিষাই এটার কোন অনিষ্ট ঘটে নাই।" এই উত্তর শুনিষা রাজার চিত ব্যাকুল হইল; তিনি ভাবিলেন, 'এই বুক্ষটা নিফলতার জন্ত পুর্ববং খ্যামলপত্র-শোভিত বহিয়াছে; আর অপর বৃক্ষী ফলবান ছিল বলিয়া নিশাল ও ভগ্নশাথ হইয়াছে। এই রাজ্বও ফলবান্ বুক্ষসদৃশ এবং প্রব্রজ্যা নিক্ষল বুক্ষসদৃশ। যে স্কিঞ্ন, ভাহারই ভয়; অকিঞ্নের কোন ভয়ই নাই। আমিও আর ফলবান বুক্ষসদৃশ হইব না; নিক্ষণ বুক্ষসদৃশ হইব; সম্পত্তি প্রিহার করিয়া নিক্রমণপূর্বক প্রব্রজা। গ্রহণ করিব।"

মনে মনে এই দৃঢ়দঙ্গল করিয়। মহাজনক রাজধানীতে প্রবেশ করিলেন এবং ছাবদেশে দাড়াইয়াই দেনাপতিকে ভাকাইয়া বলিলেন, "মহাদেনাপতে, আজ হইতে আমার থাছ আনিবার জন্য এক জন ভূত্য এবং মুথপ্রশালনের জল ও দস্তকাষ্ঠ দিবার জন্য এক জন ভূত্য ব্যতীত আর কেহ যেন আমাকে দেখিতে পায় না; আপনি প্রাচীন বিনিশ্চমামাতাদিগকে লইয়া রাজ্য শাদন করন। আমি এখন হইতে মহাতলে থাকিয়া আমণাধর্ম পালন করিব।" অনস্তর তিনি প্রাদাদে আবোহণ করিলেন এবংনির্জনে আমণাধর্ম পালন করিতে প্রবৃত্ত হইলেন। কিছুদিন এইরূপে অতীত হইলে প্রজারা রাজালণে দম্বেত হইল এবং মহাদ্বকৈ দেখিতে না পাইয়া বলিতে লাগিল, "আমাদের রাজা পূর্বে যেমন ছিলেন, এখন ত তেমন নাই।

২০। সার্ক্ষভৌম রাজা মিথিলার। পূর্কের মতন কিছু দেখি মা ভ ভার।

না চান দেখিতে নৃত্য, না শুনেম গীতবাল্য ,

কি হ'লেছে, বল ড, বাজার গ

<sup>°</sup>মৌর্বারাল চন্দ্রগুপ্তের সমরে এবং উত্তরকালে মোগলদিগের সমরে রাজধানীতে হন্তী, ব্যাত্র প্রভৃতি পশুর বৃদ্ধ হইও।

উজানে না যান ডিনি.

না দেখেন পদ্ধবিণী

यादृ किल करत इश्मान :

মকের মতন সভা

কারো সঙ্গে নাতি কথা।

না করেন রাজ্যের পালন।"

ভাহারা থান্তাহরক ও শুক্রাকারক ভৃত্যদ্বয়কে জিজ্ঞাসা করিল, "রাজা ভোমাদের সঙ্গে কোন কথাবার্ত্তা বলেন কি ?" তাহারা উত্তর দিল, "না, কোন কথাই বলেন না। তাঁগার চিত্ত কামাদিতে অনাসক্ত এবং বিবেকনিমগ্ন:যে সকল প্রত্যেকবদ্ধের লোকালয়ে গতিবিধি আছে. তিনি নিয়ত তাঁহাদিগকে স্মবণ করিয়া বলেন. 'কে আমাকে সেই সকল দীলাদি-অংগসম্পন্ন অকিঞ্চন মহাত্মাদিগের বাসস্থান দেখাইয়া দিবে।' তিন্**টী** গাথা**ছার।** তিনি এই উদান বাকে কবিষা থাকেন :--

> ২২। নির্বাণ-অমৃতকামী, শীলপরারণ- করেন না আয়গুণ কথন(ও) গ্যাপন— বধবদ্ধ-উপরত হেন প্রণাক্ষারা---করেন বিরাজ এবে উদ্যানে কাহার ? জানিতে বাসনা বড় হ'রেছে আমার।

কি যুবক, কিবা বৃদ্ধ-বল, শুনি, জারা

২**৩। রিপুক্ষ ধরাধামে দুমি রিপুগ**ণে

বিহরেন মহর্ষিরা সদা শাস্ত মনে। ধীর, নির্বিকার তাঁরা, অভীত তঞ্চার : এচরণে তাঁহাদের কোটি নমস্কার।

২৪। ছেদি মৃত্যুজাল, মারাবীর দৃচ পাশ, মমতা বন্ধন কাটি, তঞা করি নাশ, বিহার করেন লোকে প্রত্যেকবন্ধেরা। কে মোরে দেখাবে যেখা আছেন ওাঁহার। १

মহাজনক প্রাসাদে অবস্থিতি কবিয়া আমণাধর্মপালনে চারি মাদ অভিবাহিত করিলেন: অতঃপর তাঁহার প্রব্রজ্যাগ্রহণের ইচ্চ। অত্যন্ত বলবতী হইল। রাজ্ভবন ঠাহার নিকট লোকান্তরিক নরকের♦ স্থায় প্রতীয়মান হইতে লাগিল; তিনি ভবত্তয়কে় প্রজ্ঞালিত অগ্নিসম ত:থকর বলিয়া মনে করিলেন। তিনি প্রব্ঞাাকামী হইয়া ভাবিতে লাগিলেন. 'কবে আমি মিথিলা ভাগে করিয়া হিমালয়ে গমন করিব এবং দেখানে প্রবাজকের বেশ ধারণ করিব। । এই সময়ে তিনি মিথিলার শোভা বর্ণনা করিয়া কতিপয় शांशा विलित्व :--

- २८। সমৃদ্ধিশালিনী এই মিখিলা নগৰী. সমুজ্জলা সলক্ষত সৌধেব মালায়.--পরিহরি কবে, হায়, প্রব্রজা লইব। কবে সেই শুভদিন আসিবে আমাব।
- २७। ममुक्तिनालिनी এই मिथिला नगती, নিপুণ স্থপতিগণ, মাপি, ভাগ করি, গ্রাসাদ, প্রাকার, বীথি নির্মিরাছে যার.— পরিহরি কবে, হার, প্রব্রজ্যা কইব। কবে সেই গুড়দিন আসিবে আমার।
- ২৭। সম্দ্রিশালিনী এট মিথিলা নগরী. প্রাকার-তোবণাদিতে রূপোভিতা ঘাহা.---পরিহরি কবে, হায় প্রব্রজা কটব। কবে সেই শুভদিন আসিবে আমার।
- ২৮। সমৃদ্ধালিনী এই মিখিলা নগরী দত অট্টালকে আর কোন্তে সুরক্ষিতা.—

তিন তিনটী চক্রবালের অন্তর্বর্জী স্থান 'লোকান্তর' নামে বিদিত। লোকান্তরত্ব নরক সাধারণতঃ প্রতদিগের যন্ত্রণাগার।

<sup>†</sup> কামলোকে, রূপনোকে ও অরপলোকে লগ্ন ভবত্তর বলিয়া পণ্য। জন্মনাত্রই ছঃখকর তাঞ যধানেই হউক না কেন।

পরিহরি কর্বে, হার; প্রব্রজ্ঞা লইব। করে সেট গুড়াদিন আসিবে আয়ার।

- ২৯। সমৃদ্ধিশালিনী এই মিধিলা নগরী,

  ফ্বিক্তন্ত সমৃদার রাজপথ বার,—

  পরিহারি কবে, হার, প্রব্রজা লইব।
  - ৰবে সেই শুভদিন আদিবে আমার।
- সমৃদ্ধিশালিনী এই মিথিলা নগরী,
   মধ্যে যার কুগঠিত আপণ্দমৃহ,—

পরিহবি কবে, হার, প্রব্রন্ধা লইব। কবে সেই ক্ষতদিন আসিবে আসার।

- সমৃদ্ধিশালিনী এই মিধিলা নগরী,
   সদা সমাকী গাঁহাহা গো-ঘোটক-রথে,—
- পরিছরি কবে, হার প্রব্রজ্যা লইব। কবে দেই শুভদিন আদিবে আমার।
- ৩২। সমৃদ্ধিশালিনী এই মিথিলা নগরী, চাঞ্চ উপবনমালা শোভে যার বুকে,— পরিহরি কবে, হার. গুব্রল্যা লইব। কবে সেই শুভদিন আদিবে আমার।
- ৩৩। সমৃদ্ধিশালিনী এই মিথিলা নগরী, চাক উদ্ভাবের বালা শোভে যার বুকে,— পরিহরি কবে, হার, প্রবুলা লইব।

কবে সেই শুভদিন স্বাসিবে আমার : ৩৪। সমন্ধ্রিশালিনী এই মিধিলা নগরী.

প্রামানিব এই বিবের নালা যার বুকে —
পরিহরি কবে, হার, প্রব্রজ্যা লইব।
কবে দেই শুভদিন আসিবে আমার।

শব্দিশালিনী এই মিখিলানগরী,
রাজবন্ধগণে সদা পরিপূর্ণা বাহা,
নিরমিলা পুর্কে বাহা সৌমনন্ত-নামা
যশবী বিশেহ, বেট ভিনটী প্রাকারে,\*
পরিহরি কবে, হার, প্রব্রজ্যা লইব।

কবে সেই শুভদিন আসিবে জাসার।

সমৃদ্ধিশালিনী এই মিধিলানগরী,
ধনগল্পে পরিপূর্ণা, ধর্মে স্থরকিতা—
পরিহরি কবে, হায়, প্রব্রজ্ঞাা লইব ।

কৰে সেই শুভদিন আসিবে আমার। ৩৭। সমুদ্ধিশালিনী এই মিধিলানগরী,

অলেগা, রক্ষিতা সদা ধর্মবলে যাহা,— পরিহরি কবে, হার, প্রব্রজা। লইব।

करव (पंरे अधिमन जामितव जामात्र !

প্রবিভক্ত, নুগঠিত রম্য অন্তঃপুর
পরিহরি কবে, হার, প্রব্রজ্ঞা লইব।
 কবে দেই শুভদিন আনিবে আনার।

<sup>+</sup> छिन्दर वा 'छिन्दर' हरे नार्टरे बता स्टेताट । छि-नाकातः.. छिक्वछू: नुबः

- ৯। স্থাধবলিত, রহা এই অন্তঃপুর
  পরিহরি কবে, হার, প্রব্রজ্যা লইব।

  কবে সেই শুক্তদিন আসিবে আসার।
- ৪০। শুচিগন্ধ, মনোরম এই অন্তঃপুর পরিহরি কবে, হাছ, এব্রজাা লইব। কবে সেই শুভদিন আসিবে আসার।
- ৪)। যথামান হবিভক্ত কুটাগার সব \*
  পরিহরি কবে, হার. প্রব্রজ্যা লইব।
  কবে সেই শুক্তদিন আসিবে আসার।
- ৪২। সুধাধবলিত এই কুটাগার সব পরিহরি কবে, হায়, প্রব্রজ্যা লইব। কবে সেই শুভদিন আনসিবে আমার।
- ৪৩। শুচিগন্ধ, রমা এই কূটাগার দব প্রিহুরি কবে, হার, প্রব্রজ্ঞা লইব। কবে সেই শুভূদিন আদিবে আমার।
- মন্ত্র। লোছিত চন্দনলিপ্ত কুটাগাব সব প্রিছবি করে ছায়, প্রব্রজনা লইব। করে সেই শুভদিন আসিবে আমাব।
- ৪৫। সুবর্ণ পলাক, আর বিচিত্র শয়ন.

  মুকোমল দীর্ঘরোম কম্বর্ল বাংলি †

  উপবে আন্তত থাকে, —এই সমুদায়
  প্রিহরি কবে, হার, প্রব্রক্তা লইব।

  করে সেই শুভদিন আসিবে আমার।
- ৪৬। কৌষের, কার্পাস বস্তু, কৌমবস্তু, আব কৌটুঝর রাজে। যাহা হয়েছে নির্মিত—‡ পরিহরি কবে হার, প্রভ্রয়া লইব। কবে সেই শুভদিন আসিবে আমার।
- ৪৭ / রমাা, পদ্ম বিভূষিতা এই দবোৰর, ক্রেৰাক কুলে বেখা মধুর কুজনে — পরিহরি কবে, হার, প্রব্রুড়া লইব। কবে সেই শুভদিন আসিবে আমাব।
- ৪৮। মাতক্ষবাহিনী এই, দর্ব্ব অলকারে বিভূষিতা বাছা, বার গজগণ পরে স্থবনির্দ্বিত কচছ, মন্তকে তাদেব উজ্জ্ব স্থবনিগাল করে বলমল, —
- ৪৯। অঙ্কুশতোমর হল্তে গ্রামনীসকল ৮ ক্রেলাপরি ভাছাদের করে আরোহণ ,—
  ভাজিয়া এসব করে গ্রব্রল্যা লইব !
  করে সেই শুভদিন আসিবে আমার।

† মূলে 'পোণক' শব্ধ আছে। গোণকো=দীর্ঘনোমকো মহাকোলবো, চতুরসুলাধিকানি কির তস্স সোমানি।কোলব = ছাগরোম-নির্মিত উৎকৃষ্ট শ্যাবিশেষ।

অর্থাৎ বাহার প্রকোঠগুলি যেথানে বে মাপের হওর। উচিত, ঠিক সেইরপে নির্দ্ধিত। কুটাগার বলিলে

কুট বা চুড়াবুজ মন্দির প্রামাদাদি বুঝার।

<sup>্</sup>বিলিক্ষ্প পঞ্ছে শাক্তন নগরবর্ণনার কাশী ও কুটুখরবাত বল্লের উল্লেখ আছে। মালাক্ষ অঞ্জে কোইখাটুর নগর 'কুটুখর 'নাদ রকা করিডেছে কি ?

- এই সব বধশ্রেণী, হুসজ্জিত সদা ,
  বিষালে বিচিত্র ধবল প্রতি বংগাপরি ,
  বীপিবাান্তংগ্রি আচ্চাদিত প্রতি বধ —
- ৫০। বর্দ্ধ পরি চাপ হল্তে গ্রামনিসকল আবেছিন করে বাতে আনেশে আমার ,— তাজিয়া এদর করে প্রব্রুচা লইব।
  করে নেই শুভানিন হরে দমাগত।
- «৪ ন স্বর্ণ মচিত এই বথ সম্পাধ
   হসজিত, সন্দরপতাকাপুশোভিত

   গীপিবাাল্রচম্মে আচ্ছাদিত প্রতি বধ

   —
   শীপিবাাল্রচম্মে আচ্ছাদিত প্রতি বধ
   —
   শিক্ষান্ত প্রতি বধ
   —
   শেক্ষান্ত প্রতি ব
- বর্ষ পরি চাপছত্তে গ্রামনিসকল আবোছণ করে বাতে আদেশে অন্মান — ভাাজিয়া এসর করে প্রবল্প। লাইব।
   করে সেই শুভুজিন হার সম্প্রাণ চ্ব।
- এব । বর্ষ পরি চাপহন্তে গ্রামনিদকল

  আবোহন করে বাতে আনেশে আমার 

  ভাজিয়া এদর করে প্রক্রা লইব।

  করে রেই শুভদিন হরে দমাগত।
- ্ন টুবঙ্গৰাহিত এই বধ সমূদাৰ স্বসজ্জিত ; স্বন্ধবপতাকাস্থনোভিত , বীপিবাংঘচর্শে আচ্চাদিত প্রতি বধ ,—
- বর্ম পরি চাপহস্তে গ্রামণিদকল

  মাবোহণ কবে যাতে আদেশে আমার

  তাজিয়া এদব কবে গ্রব্রজা লইব।

  কবে দেই গুডদির্ল হবে দমাগত।
- ৬০। উট্টবাস এই সব রথ মনোহব, প্রসন্ধিত, ফুন্মবপতাকাম্পোভিত . দ্বীপিবাক্ষেপ্রোজাফান্সিত প্রতি বধ ,—
- ৬১। বর্দ্ম পরি চাপহত্তে গ্রামণিসকল
  রারেংহণ করে যাতে জ্ঞাদেশে জামার .—
   তাজিরা এসব কবে, প্রব্রুগা লইব।
   কবে সেই শুভদিন হবে সমাগত।

```
৬২। সৌ-বাহিত এই সৰ রুথ মনোচৰ,
      বুদজ্জিত, কুন্দরপতাকাহণোভিত:
      বীপিৰাাত্ৰচৰ্শ্বে আচ্চাদিত প্ৰতি বৰ :---
৬০। নর্ম পরি চাপছক্তে প্রামণি সকল
      আরোহণ করে যাতে আদেশে আমার :---
      ভাজিয়া এসৰ কৰে, প্ৰবজা লটব।
      ক্ষরে দেই শুভদিন হবে সমাগত।
৬। অজবাহ্ এইসব রথ মনোহর,*
     মুসজ্জিত, হন্দরপতাকাহণোভিত :
      ৰীপিবাাল্লচর্ষে আচ্ছাদিত প্রতি বধ ---
৬৫ : বর্ণা পবি চাপছত্তে প্রামণিসকল
      লাবোহণ কৰে যাতে আদেশে আমাৰ .---
      ভাজিষা এসৰ কৰে প্ৰব্ৰুৱা লটৰ।
      ক্ষে সেই ক্ষুদ্দিন হবে ন্মাল্ড।
১৬। (मध्यवाक এই तत यश मानाहत.
      ফুণজ্জিত, ফুল্বপ্তাকাফুণোভিত
      গীপিবাাঘ্রদের আচ্চাদিত এতি বধ --
৬৭৷ বর্ম পরি চাপছক্তে গ্রামণিদকল
      আবোহণ করে যাতে আদেশে আমার :---
      তালিয়া এসৰ কৰে প্ৰব্ৰুৱা লইব।
    ্কৰে সেই শুভদিন হৰে সমাগত।
৬৮। মুগৰাই এইসৰ রথ মনোহৰ,
      প্রসন্ধিত, কুন্দবপতাকারশোভিত ,
      ধীপিবাাঘ্রচর্শ্বে আচ্ছাদিত প্রতি বথ :---
৬৯। বর্ম পরি চাপছত্তে গ্রামণিসকল
      আবোহণ করে যাতে আদেশে আমার:---
      আজিয়া এদৰ কৰে প্ৰব্ৰুৱা লইব।
      করে সেই শুভদিন হবে সমাগত।
৭০ ৷ জুসজিজ মহাবল গ্রুসাদিগণ,
      ( নীলবর্মধর, হত্তে অঙ্কশা, ভোমর ) .---
      ত্তালি সবে কবে আমি প্রভা। লইব।
      करत मिड ७७ मिन वामिरत वामात ।
१३ । क्रमिक्ड इ. मश्रायल अवार्ताहरूप,
      ( नीलवर्षध्व, इटल हेली-स्थामन ) .--
      ত্তাজি সবে কবে আমি প্রব্রুয়া লইব।
     कर्द (नहें कुड़ पिन आंत्रित बामाव।
৭২। সুসজিজভ, মহাবল ধ্যুদ্দিরগণ
     ( নীলবর্মী, চাপহস্ত –তুণার পুঠেতে ).--
     ভাজি দৰে কৰে আমি প্ৰৱভাগ লইব।
      কবে সেই শুভদিন আসিবে আমাব।
৭৩ ৷ অুসজ্জিত, মহাবল রাজপুত্রগণ,-
      ब्रिक विकित वर्त्य (पर याशापत .
      ( শির'পরি হেমমালা কিবা শোভা পাছ। )---
```

সকাকার বলেব বে ক্ষরণ, বেওরণ ও মুগরণ গোতার বন্ধ রাণ। হইড।

ভাঙি সবে কবে আনি প্রব্রজ্যা লইব। কবে সেই গুভদিন থাসিকে আমাব। ৭০। স্বব্রত ব্রাহ্মণণণ, বিভূষিত ঘাঁবা

- শ্বত ব্রহ্মণগণ, বিভাবত ধারা , নানাবিধ অলস্কানে, শরীব চচ্চিত ছরিচন্দনের দেপে কিবা চমৎকার; পরিধান কাশীলাত তুকুল ফুল্মব ,— টোলি সবে করে আমি প্রব্রল্যা লইব। ছবে সেই গুড়িদিন আমিরে আমার।
- ११। বিস্থৃবিত। সর্ক্ষবিধ অলস্কাবে বঁ:বা, মনোরমা সপ্তশত সেই ভার্বাাসবে পরিছারি কবে আমি প্রব্রজ্যা লাইব। কবে সেই গুভালিন আসিবে আসার।
- ৭৬। সুসংখতা, কীশকটি ভাষা। সপ্তশভ প্ৰিচরি করে আমি করজা। লাইব।
  করে সেই ওছদিন আমিকে আমার ও
- ৭৭। আজ্ঞান্থবিদ্ধী বিষ্ণাদিশ্বী দতত এই মোর প্রিয়ন্ধনী ভার্গ্যা দপ্তশত পরিছ্রি কৰে আমি প্রব্রজ্যা দাইব। করে দেউ শুভূদিন আদিবে আমার।
- শতরাজি, শতপল ক্বর্থে নিশ্বিত আনাব এ:মহামূলা পাত্র সমূদার এ পরিহবি কবে আমি প্রক্রভা। লইব। কবে দেউ শুভদিন আদিবে আমার।
- ১৯। মাতলবাহিনী এই, দর্ক অলকারে বিভূমিতা বাহা, বাব পল্লগণ পরে ক্থবর্ণনির্দ্ধিত কছে, মন্তকে তাদেও উদ্দেশ কুবর্ণ-জাল কবে ঝলমল
- অঙ্গ-তোমৰ হল্তে গ্রামণিসকল
  কলোপরি তাহাদেব কবে আবোহন, —
  ববে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে

  যাইবে না মোর সঙ্গে এই সব আর ।

  কবে সেই শুচলিন আসিবে আমার !
- ত্ৰের বাহিনী, যাহা বিভ্বিতা সলা

   স্ক্রিধ অসলারে: অবপণ বার

   শীঅগামী, আলানের; সিলুবেল-লাক ,
- ৮২। ইলী আর-চাণহত্তে গ্রামিনিসকল পুটোপরি তাহাদের করে আরোহন ;— ববে আমি বাব চলি, পশ্চাতে-পশ্চাতে বাইবে না মোর সঙ্গে এই সব আরু। কবে সেই শুভদিন আসিবে আমার।

<sup>&</sup>quot;গতকলং কংসং সোবরং সভাজিবং"। এই জাতকের ১২২ম গাথায় এবং বিবল্পর জাতকের ২০০ম গাথার টিক এই পরগুলি দেখা বাব। শেষোক্ত গাখার টাকার আছে:—''ফলসভো কডা কঞ্চন পাতী''। 'ফল' শক্ষটী 'পল' শক্ষের রূপান্তর। ১পল = ৪কর্ছ ১০২০ রভি। রাজিক = বাই সবিবা। শতরাজিক = ঘাহার ওজন একণত সর্বপরীজের সমান; বহুমূল্য। কিন্তু একণত সর্বপরীজের ওজন এত বেশী নর বে, তৎপরিমাণ বর্গকে বন্ধুমূল্য বলা যার। টিকাকার এথানে শতরাজিদেও অর্থ করিয়াছেন, 'পিট্টি পদ্দে রাজিসভেন সমন্নাগতং বর্গবিধার পুঠে ও পার্বে এক শত রাজি বা 'পল' তোলা আছে। এ অর্থ করেলছেন, 'পিট্টি পদ্দে রাজিসভেন সমন্নাগতং ইবার বাছার পুঠে ও পার্বে এক শত বালি বা 'পল' তোলা আছে। এ অর্থ করেলছেন হে। 'কংস' শক্ষীতে বে কোল ধাছু বুধার।

- ৮০ ' এই সৰ বণশ্ৰেণী, শ্বসজ্ঞিত সদা ,
  - বিবাজে ৰিচিত্ৰ-ধ্ৰক প্ৰতি বংখাপৰি ,
- ন্বীপি-বাাছচর্মে আচ্ছাদিত প্রতি বধ ,--
- ভাবেটি। কবে বাতে আমানসকল আবোটন কবে বাতে আদেশে আমাৰ —
  - যবে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে
  - যাইবে না মোর সঙ্গে এই সব্আব।
- কৰে সেই শুভদিন আসিবে আমার ' ৮৫। স্থবৰ্ণষ্ঠিত এই এখ সমদায়
- হসজ্জিত, *হন্দ*রপতাকা*হ*শোভিত
- দীপি-বাাঘ্রচর্গ্নে আচ্ছাদিত প্রতি বন্ধ :--৮৬। বর্গ্ন পরি চাপহন্তে গ্রামণিসকল
- থাবোহণ কৰে বাতে আদেশে আমাৰ -
  - যদে আমি যাব চলি পশ্চাতে পশ্চাতে যাইবে নামোব দক্তে এই সব আবে।
- करव सिर्टे १५७ जिन आमिरव स्थापाव।
- ০ । বজাতথচিত এই বগুসমূদায কুসজিজত কুলবপুসাকাজনোভিত
- নীপি ব্যাঘ্ডৰ্দ্থে আজ্ঞাদিত গতি বধ
- ্ত। বর্মা পরি চাপহত্তে গ্রামনিসকল সাধোহন করে থাকে আফালেশে আফার --
  - যবে আমি যাব চলি পশ্চাতে পশ্চাতে
  - যাইবে না মোব দঙ্গে এই দব আর।
- কবে সেই শুভদিন হবে সমাণত ' ৮০। ত্ৰগৰাহিত এই বল সমদায
- গুদক্তিত *শুন্দরপ্*তাকাঞ্চলাভিড
- গীপি ঝাঘচপুরি সাচছাদিত প্রতি বণ্-~ং। বুর্গি প্রতিচাপ্তরে গ্রাম্ভিদক ল
- আব্যেহণ কৰে যাতে জান্দেশে আমাৰ যবে আমি যাৰ চলি। পশ্চাতে পশ্চাতে
  - যাইৰে না মোর সঙ্গে এই সৰ আৰু ।
- কবে সেই শুভদিন হবে সমাগত। ৯১। উইবাফ এই সব বধ মনোভৱ
- হসজ্জিত, হলবপতাকাহণোভিত
- ন্বাপি-ব্যাছ্মপ্রে আচ্চাদিত প্রতি বধ কং। বর্গাপরি চাপহস্তে প্রামণিসকল
- बारवाहन करव गास्ड जास्मरन बाधाव
  - যাৰ আমি যাৰ চলি, পশ্চাতে পশ্চাতে থাইৰে না মোৰ সঙ্গে এই দৰ আৰে। কৰে দেই শুভদিন হবে দমাগত।
- গোবাহিত এই সব বথ মনোহর,
- হুসজ্জিত, ফুন্সবপতাকান্ধণে।ভিত্ত বীপিব।।ছচৰ্দ্ধে আচ্চাদিত প্ৰতি রখ 🗕
- ৯৪। বর্ম পরি চাপহত্তে গ্রামণিসকল মারোহণ করে বাতে আদেশে আমার —

वत्य सामि वाथ हति। शकारक शकारक वडिरव ना स्थात मरक अडे मर कार । কৰে সেই গুড়মিন হবে সমাগত। at 1 वसराहा और गर तथ मत्नाहत. হুণোভিত, কুন্দরগতাকাকুণোভিত , শীপিবাজিচর্শে আজ্ঞানিত প্রতি ২৭ --au । বর্গ পরি চাপছত্তে প্রামণিসভল আবেটাৰ কৰে বাতে আমেশে আমাৰ -যবে আমি বাব চলি, পশ্চাতে পশ্চাতে যাটবে না মোর সঙ্গে এট সৰ আৰু। কৰে সেই গুভম্বিন হৰে সমাগত। ०१ । (मध्योहा और जब तथ मानोहत. ত্ৰসন্ধিত, তৰ্মৰপতাকাকলোভিত বীপিনাক্সর্গে:আন্ধান্তিত প্রতি রখ ১৮ : বর্গা পরি চাপ**রতে প্রামণিসকল** चारवाजन करत वारक कारप्रतम साधात ... ববে আমি বাব চলি, পশ্চাতে পশ্চাতে वाइरिय ना स्मात मरक अहे मब कात ! কৰে সেই ক্ষতদিন হবে স্বাগত। »»। अभवा**ध** এই সব तथ मरनाहत. ব্যক্তিত, বৃশ্বপ্তাকান্যগোভিত : খীপিবাাজচর্ণে আচচাদিত প্রতি রখ: ) •• ৷ বৰ্ণ পৰি চাপ**চছে এ**টাম্পিসকল আবোহণ করে বাতে আদেশে আমাব :--বৰে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে याहेरव ना स्थान महन अहे मव व्यात । करन मिहे छंडमिन इरव मधानक ১০)। সুসন্ধিত, মহাবল গলসাদিপণ (नीजवर्षधत-- इत्य खड्डम, (छामता) --ববে আমি বাব চলি পশ্চাতে পশ্চাতে যাইবে না মোর সজে এই সব আর। কৰে সেই শুভৰিন হবে সমাগত। ১-২। প্রসক্ষিত, সহাবল অখারোহণণ, (मोलवर्षकर, इटल हेनी भंतामन) :--যবে আমি যাব চলি পশ্চাতে পশ্চাতে याहरत ना मात्र मान এह मन जाता करव स्मर्टे छङ्गिन जामित्व जामात ।

কৰে সেই শুভদিন আসিবে আমার।

১০০। স্থানজ্ঞিত, সহাবল ধসুর্দ্ধরগণ,
(নীলবর্মী; চাগ হল্তে— পুঠেতে জুগীর);—

বৰে আমি বাব চলি, পশ্চাতে পশ্চাতে

বাইবে না মোর সঙ্গে এই সৰ আয়।

কৰে সই শুভদিন আসিবে আমার।

১০৪। অসজ্ঞিত, মহাবল রামপ্রস্থান,

রক্ষিত বিচিত্রবর্গ্নে দেহ বাহাদের : (শিশ্বপরি হেমবালা কিবা শোভা পান্ত)।— যবে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে যাইবে না মোব সঙ্গে এই সব আর। কবে সেই শুভদিন আসিবে আমাব।...

- কৰে সেই প্ৰভাগৰ আগনৰে আৰা ১০০। হাত্ৰত ব্ৰহ্মণগৰ, বিভূষিত থাৱা— নানাবিধ সংকাৰে, শৱীৱ চচিত
  - হরিচন্দনের লেপে অভি চমংকার। পরিধান কাশীজাভ দুকুল ফুলর।— যবে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে
  - ৰা হাবেৰ মোর সক্তে এই সব আবে। কৰে সেই ৩০ছিন আসিবে আয়াব '
- ... विक्रविका प्रविविध खनकारत वाता.

মনোৰমা, সপ্তশত সেই ভাৰ্বাাগৰ .— যাৰ আমি যাৰ চলি পশ্চাতে পশ্চাত

> ন। যাবেন মোর দক্ষে এই সব আরে। কবে সেই শুভুদিন আসিবে আমাব।

- করে সেই গুড়াগন আসার আমার : ১০৭। সুসংযতা, কীণকটি ভার্যা স**প্রশ**ড .—
- গবে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে
  - না যাবেন মোর স'ক এই সণ জাব।
- কৰে দেই গুভদিন আদিবে আমাং। ১০৮। আজাত্মবৰ্তিনী প্ৰিয়ভাবিণী দত্ত,
  - প্রিয়ন্ধরী সপ্তশত ঘরণী আমাব ,— যবে আমি যাব চলি, পশ্চাতে পশ্চাতে
    - না যাবেন মোর সঙ্গে এই সব আরে। ববে সেই গুড়দিন আসিবে আমার।
- ১০৯ । মৃত্তিত মন্তকে কৰে সক্তৰ।টি পৰিয়া বিচৰিব পাঞ্জনে জিকাচৰ্যা। তবে ।
  - াবচারব পাত্রহন্তে ।ভক্ষাচব্যা তবে। কবে সেই গুড়াদিন আসিবে আমাব।
- কবে সেই শুভাদন আসেবে আমাব।

  ১১০। বাজপথে পরিভাক্ত ধূলি-ধ্সরিভ
- চিন্নংস্ত হারা করি সজ্বাটি প্রস্তুত তাহাই পরিব আমি, অহো কতদিনে। করে সেই শুভলিন আসিবে আমার।
- ১১১ ৷ সপ্তাহ বাাপিয়া বৃষ্টি হবে অবিরাম .
  - **ब्हेरव ही वत स्मात आर्ज** सिट सरल ,
  - ভাই পরি ভিক্ষাহেতু বিচরিব আদি। কবে সেই গুডদিন আসিবে আমার।
- ১)২। কৰে আমি ছানাছান না করি বিচার কোন্বন, কোন্বৃক্ত ভাল মন্দ আর, সর্বত্ত প্রশাস্তাচিত্তে করিব গমন।
- কবে সেই শুভদিৰ আসিবে আমার। ১১৯। প্রসীম পর্ববড়ে বনে নির্ভয় অস্তবে
- ত্রমিব একাকী আমি, অহে। কড দিনে। কবে সেই শুভদিন আসিবে আমার।
- ১১৪। ব্যবহা, মনোহরা বীণার বাসক সাডটা ভারের করে লর সম্পাদন। তেমতি চিন্তকে করে করিব হুডার;

হইবে অনার্যভাব বিদ্রিত সব;
বাজিবে ক্ষরতারী মুদি তার তানে।

>>০। পাছকা নির্দাণকালে চর্মকার বধা<sup>ক</sup>
কাটি ছাটি দেয় কেলি মাপের বাহিরে
বেখানে বেখানে চর্ম বেশী দেখা যার;
তেসতি কি দিবা, কি বা মামুবিক কামে
কোন প্রভালন নাই, বুঝি ইহা মনে
আমিও করিব ছিল্ল তকার বজন।

\*\*

য়খন মহাজনকের জন্ম হয়, তথন মান্তবের প্রমায়ঃ দশ সহজ্র বংসর ছিল। ভ্রাধো তিনি সপ্ত সহস্র বংগর রাজত্ব করিয়া আযুদ্ধালের অবশিষ্ট তিন সহস্র বংগর প্রব্রজ্ঞায় অতিবাহিত করেন। উত্থানমারে আমরক দর্শন করিবার পর চারিমাস তিনি প্রাসাদে থাকিয়াই প্রব্রজ্যা-ধর্ম পালন করিয়াছিলেন, অতঃপর তাঁহার ধারণা হইল যে রাজনেশ অনুপক্ষা প্রবাজিতের বেশই শ্রেষ্ঠ: তিনি প্রকৃত প্রবাজক হইবার অভিপ্রায়ে ভড়াকে বলিলেন, "ভজ্ঞ, তুমি কাহাকেও না জানাইয়া বাজার হইতে কয়েকখানি কাৰায় বস্ত এবং একটা মংপাত আনয়ন কর।" ভতা তাহাই করিল। তথন রাজা নাপিত ভাকাইয়া কেশ শাল মণ্ডন করাইলেন, নাপিতকে বিদায় দিয়া একথানি কাধাৰ বস্ত্ৰ প্ৰিধান করিলেন, একথানি দিয়া দেহ আচ্ছাদিত করিলেন, একথানি স্বন্ধোপরি বাথিলেন মাটিব পারটী থলিতে পরিয়া উহা স্কল্পে ঝুলাইলেন, ভিক্ষণত হত্তে লইয়া ক্ষেক্বাৰ মহাতলে প্রত্যেকবন্ধলীলায় ইতন্ততঃ চঙ ক্রমণ করিলেন এবং সেইদিন প্রাসাদেই রহিলেন। প্রদিন কুর্ব্যোদয়কালে তিনি প্রাসাদ হইতে অবতরণ করিতে লাগিলেন। ঐ সমতে সীবলি দেবী রাজার অপর সপ্তশত প্রিয়া ভার্যাকে ডাকাইয়া বলিলেন. ''আমর। অনেক দিন রাজাকে দেখি নাই: আজ তাঁহাকে দেখিব: তোমরা অলঙ্কার পরিয়া যথাসাধ্য স্ত্রীজ্ঞাতি-ফুল্ভ হাবভাব বিলাস দেখাইয়া তাঁহাকে কামণাশে বন্ধ করিতে চেষ্টা কর।" ইহা বলিয়া তিনি ঐ সকল রমণীর দক্ষে প্রসাদে আরোহণ করিতে আরম্ভ করিলেন এবং পথে রাজাকে অবতরণ করিতে দেখিলেন। কিন্তু তাঁহারা রাজাকে চিনিতে পারিলেন না. ভাবিলেন রাজাকে উপদেশ দিবরি জক্ত কোন প্রত্যেকবদ্ধ আম্সিয়াছিলেন। এই বিশাদে তাঁহারা নমস্বারপর্কক এক পার্খে সরিয়া দাঁডাইলেন। हेलावमद् महामच आमान इहेटल अवलवन कवितन। वमनीनन आमारन आदाहन করিয়া দেখেন, রাজশ্যায় রাজার ভ্রমরক্ষণ কেশ এবং আভরণগুলি পড়িয়া আছে। তথন তাঁহারা বুঝিলেন, সিঁড়িতে যে ব্যক্তিকে দেখিয়াছিলেন, তিনি প্রত্যেকর্ত্ধ নহেন, তাহাদেরই প্রিয়ভর্তা। তাঁহারা বলিলেন, "এস, আমরা তাঁহাকে ফিরাইয়া আনি।" তাঁহারা প্রাসাদ হইতে অবতরণপূর্বক রাজাঙ্গণে গেলেন, তাঁহাদের কেশকলাপ পুটোপরি আলু-লায়িত হইতে লাগিল; তাঁহারা বক্ষে করাঘাত করিতে বলিলেন, "মহারাজ, আপনি এরপ কাজ কেন করিতেছেন ?" তাঁহারা করুণস্বরে পরিদেবন করিতে করিতে রাজার অমুগমন कवित्ताता । এই সংবাদে সমস্ত নগর সংক্র হইল : "রাজা নাকি প্রব্রজ্যা গ্রহণ করিয়াছেন;

শৃলে 'রথকারো' আচে। কিন্তু কাষ্টপাছকা ব্যবহার করা ভিকুদিগের পক্ষে নিবিদ্ধ বলিয়া এখালে
'চর্মকার' শব্দ ব্যবহৃত হইল। চতুর্থ থণ্ডের ১২০ম পৃষ্টের পাদটীকা ভাইবা।

<sup>†</sup> ২০শ হইতে ১০৮ম গাধার মিখিলা বর্ণন করা হইরাছে। ইহার অধিকাংশই পুনক্তিপ্রেট, এলক্ ইংরাজী অমুবাদক কেবল সারাংশ অবলম্বন করিয়া সংক্ষিপ্ত অমুবাদ দিয়াছেন। কিন্তু মূলের সহিত স্থাসতি রকার্য আমি স্বিশ্বর অমুবাদ্ট দিলাম।

এমন ধার্শ্মিক বাজা আমবা কোপায় পাইব ?" এই বলিয়া ক্রন্দন করিতে করিতে নগর-বাসীরাও রাজাব পশ্চাতে পশ্চাতে ছটিল।

রাজা ও প্রজাদিগের পরিবেদন পুনিয়াও তাঁহাদিগকে ছাডিয়া প্রস্থান কবিলেন। এই বৃত্তান্ত कमाबकाल वर्गन कविवाद क्रमा माला विवादन : --

1 0 4	স <b>প্তশত বাজভা</b> য্যা,	বিভূবিত৷ ছিল যার৷	সর্কা অলঙ্কারে,
	ৰাহু তুলি কান্দি বলে,	"কেন ছাড়ি যাও তুমি	আমা সৰাকারে ?
1 6 6 6	সপ্তশত রাজভার্য্যা	স্থসংযতা, ক্ষীপকটি,	পরমস্থন্দরী
	বাহ তুলি কান্দি বলে,	"কেন যাও আমা সবে	নাথহীনা করি 🕍
351	স <b>প্তশত</b> রাজভার্য্যা	আজ্ঞাবহা, প্রিশ্নংবদা	দকলেই যারা,
	বাহ তুলি কান্দি বলে,	'কেন যাও ? উপায় কি	করিব আমবা 🔭
1 666	নপুশত রাজভার্যা,	বিভূষিতা ছিল শারা	সর্ক আভরণে,—
	তাজি বাজা যান ছুটি	প্ৰস্থাৰ ভাতনায়	তিঠেন কেমনে ?
12 - 1	সপ্তশত বাজভাষা।	প্ৰসংযতা, ক্ষাণকটি.	প্রথমস্থ <del>ন্দ</del> রী,
	ভাজি রাজা যান ছুটি	প্রকা। ভাতন আর	সহিতে না পাবি।
) P > 1	দপুণত বাজভাগ্যা,	আজ্ঞাবহা, প্রিযংবদ।	স <b>কলেই</b> যাবা,—
	ভাজি বাজা যান ছুটি	পশ্চাতে অসহা তাঁব	প্রস্তাধি তার।।
3221	শতরাঞ্জি শত পল	ফুবর্ণে নিশ্মিত পাজ	কবি পবিহার
	মুৎপাকে লইলা রাজা	দ্বিতীয় এ অভিষেক	হইল ভাগাব।

সীবলি দেবী পরিদেবন কবিয়াও রাজাকে ফিরাইতে না পারিয়া ভাবিলেন, "একটা উপায় আছে।" তিনি মহাদেনাপতিকে ভাকাইয়া আজ্ঞা দিলেন, "বাবা, রাজা যে দিকে অগ্রদর ২ইতেছেন, তুমি গিয়া দেই দিকের জীর্ণ গ্রহণান্থশালাদিতে অগ্নি প্রযোগ কর এবং স্থানে স্থানে তুণ্ণল্ঞাদি একত করিয়। ধম উৎপাদন কর।" মহাদেনাপতি তাহাই করি-লেন। তথন দীবলি দেবী বাজার নিকটে গিয়া তাহার পায়ে পড়িয়া জানাইলেন যে, মিথিলা নগরী দগ্ধ হইতেছে।

> ১২০। জ্বলিছে ভীষণ অগ্নি, কোষের প্রকোষ্ঠ সব পুডিতেছে , স্বৰ্ণ বৌপা সব নষ্ট হ'ল ভব। হীরক-হরিচন্দন ১২৪। দক্ষিণ-আবর্ত্ত শহা, লোহ আদি বছধন---গ্ৰুদ্ধাজিনতায় এস ফিরি, নরবর , ভশ্মীভুক্ত হয় সৰ ফিরি শীঘ্র রক্ষা কর। বিপুল ঐশ্বর্যা তব

মহাসম্ব বলিলেন, "দেবী, তুমি কি বলিতেছ ? যাহার কিছু আছে, তাহার দেই বস্তু দগ্ধ হইতে পারে. কিন্তু আমি যে অকিঞ্চন।

> ১২৫ অকিঞ্চন যেই জন, সেই সে প্রকৃত হথে যাপরে জীবন . পুড়িছে মিখিলা পুরী কিন্তু ভাহে নাহি পুড়ে আমার কিঞ্চন ।\*"

ইহা বলিয়া মহাসন্ত উত্তর শার দিয়া নিক্রমণ করিলেন . সঙ্গে সংক্ষে তাহার ভার্যাগণও নগরের বাহির হইলেন। অভঃপর সীবলিদেবী আর একটী উপায় চিন্তা করিয়া আজ্ঞা দিলেন, "গ্রামসমূহ যেন বিধবন্ত এবং বাজা বিলুক্তিত হইতেছে, এইরূপ দেখাও।" অসমনি লোকে রাজাকে দেখাইতে লাগিল, আয়ুধহত পুক্ষের। ইতততঃ ধাবিত হইয়া শুঠন করি-

তু০ মহাভারত, শান্তি ২২০৩০ (মাশ্রাজ):---জনস্তঃ ৰত মে বিস্তঃ ভাষাঃ মে নান্তি কিঞ্ন , মিথিলায়াং প্ৰদীপ্তায়াং ন মে কিঞ্ন দছতে।

তেছে; তাহারা অনেকের শরীর লাকারদে রঞ্জিত করিয়া দেখাইল, যেন তাহারা আছত হইয়াছে; অনেককে কাষ্ঠদলকে বহন করিতে করিতে দেখাইল, যেন তাহারা মারা গিয়াছে। বছ লোকে চীংকার করিতে লাগিল, "মহারাজ, আপনি জীবিত থাকিতেই রাজ্য বিল্টিত এবং প্রজারা নিহত ইইতেছে।" সীবলিদেবীও রাজাকে প্রণাম করিয়া তাঁহাকে ফিরাইবার উদ্দেশ্যে বলিলেন.

১২৬। বনম্প্রাপণ আসি সোণার এ রাজা করে নাশ; ফির, পুপ; কর রক্ষা; ভুমি ছে তথ্বর-মধ্যুত্রাস।

রাজা ভাবিলেন, 'আমার জীবক্ষশায় দহারা যে আক্রমণ করিয়া রাজ্যবিধ্বংস করিবে, ইহা অসপ্তব। এ নিশ্চয় সীবলিদেবীর কৌশল।' তিনি চুইটী গ্রাথায় দেবীকে নিক্তর করিলেন:—

> ১২৭। আৰক্তিন যেই জন, সেই সে প্ৰকৃত স্থাধে যাপাৰে জীবন, রাজা হয় বিলুষ্ঠিত, নই কিন্তু আমার ত না হয় কিন্তুন। ১২৮। অকিঞ্ন যেই জন, সেই সে প্ৰকৃত স্থাধ যাপাৰে জীবন. আভাম্বর দেববং চরিব কেবল প্ৰীতি করিয়া ভক্ষণ।

বাজা এইরপ বলিলেও সেই জনবৃন্দ তাঁহার অফুগমন করিতে লাগিল। তথন রাজা ভাবিলেন, 'এদকল লোক ফিরিতে চায় না। ইহাদিগকে ফিরাইতে হইতেছে।' তিনি অর্দ্ধপথ অভিক্রম করিয়া ফিরিলেন এবং রাজপথে দাঁড়াইয়া অমাত্যদিগকে জিজ্ঞানা করিলেন, "এ রাজা কাহার ?" অমাড্যেরা উত্তর দিলেন, "মহারাজ, এ রাজা আপনার।" "যদি তাহাই হয়, তবে যে কেহ এই রেখা অভিক্রম করিবে, তাহার দণ্ডবিধান কর "—ইহা বলিয়া ভিনি হন্তস্থিত ভিক্ষ্ণণ্ড ঘারা পথের এপাশ হইতে ওপাশ পর্যান্ত একটা বেখা অহিত করিলেন। তেজস্বী রাজা যে রেখা অহিত করিলেন, কেহই তাহা লভ্যন করিতে পাবিল না; জনবৃন্দ রেখাটীকে সম্বুধে রাথিয়া উচ্চৈঃ স্বরে পরিদেবন করিতে লাগিল। সীবলিরও সাধ্য রহিল না যে, রেখা লভ্যন করেন। কিন্তু রাজা যথন তাহাকে পশ্চাতে ফেলিয়া আবার যাইতে লাগিলেন, তথন আর শোক সংবরণ করিতে না পারিয়া বক্ষঃস্থলে করাঘাত করিতে করিতে তিনি রাজপথের উপর এড়ো ভাবে পড়িয়া গেলেন এবং গড়াইতে গড়াইতে বেখা পার হইয়া গেলেন। তথন লোকে বলিয়া উঠিল, "যাহারা রেখার স্বামী, ভাহারাই রেখা লভ্যন করিলে"। কাজেই তাহারাও রেখা লভ্যন কবিয়া সীবলি যে পথে গেলেন, সেই পথে ছুটিল।

মহাসম্ব উত্তর হিমালয়ের অভিমুখে চলিলেন। মহিষীও সমন্ত সেনা ও বাহন লইয়া তাঁহার সঙ্গে সলে গেলেন। রাজা জনবৃন্দকে ফিরাইতে না পারিয়া এইরূপে বৃষ্টি যোজন পথ অভিক্রম করিলেন। ঐ সময়ে নারদনামক এক পঞ্চবিধ অভিজ্ঞাসম্পন্ন তপন্থী হিমালয়ের কাঞ্চনগুহায় অবস্থিতি করিতেন। তিনি সপ্তাহকাল ধ্যানস্থথে অভিবাহিত করিয়া ধ্যানভর্গের পর উঠিয়া ''অহা কি হ্বধ! অহো কি হ্বধ!" মনের উলাসে এই উদান বলিতে বলিতে ভাবিলেন, 'জমুদ্বীপে এবংবিধ হ্বপপ্রয়াসী আর কেহ আছে কি হ' অনস্তর দিব্যচক্ বারা তিনি বৃদ্ধান্ত্র মহাজনককে দেবিতে গাইয়া বৃষ্ধিলেন যে, তিনি মহানিক্রমণ করিয়াহেল; কৈন্তু সীবলিলেবীপ্রমুধ জনবৃন্দকে ফিরাইতে পারিতেছেন না। পাছে এই সকল লোক বিশ্ব ঘটায়, এই আশ্রাম্ব আরও অধিক পরিমাণে তাঁহার সহল্লের দৃত্তা-

একলোকবাসী উদ্দলকান্তি বেবগণ 'আভাষর দেব' নামে অভিহিত। ইহারা মূর্তিমান্ মৈত্রী ও ঐতি
বালরা বর্ণিত।

সম্পাদনার্থ নারদ অভিবলে গমনপূর্বক রাজার পুরোভাগে আকাশে অবস্থিত হইয়া জাঁহাকে একটা গাণায় উৎসাহিত করিলেন :--

১২৯ ৷ কেন এত মহাশব্দ গ ৰেন তেখা এত লোক ? মভোৎসৰে সন্ধ কিছে প্ৰামবাসিপণ গ वनारह, अम्मा, जुमि ইहांत कांत्रम ।

ইহার উত্তবে বাজা বলিলেন.

১৩০ ৷ অভিক্রম করি আমি সীমা বাসনার মনের আনন্দে: রভ হরে তপদ্যায ফিবাতে আমারে এরা আসিয়াছে সৰে :

যাইতেচি চলি এবে ছাডিয়া আগায় মনিজনলতা প্রকাপাব, এ আংশার। জান তৃমি ; জিল্লাসিছ কেন, বল, ভবে গ

ত্রপন বাজার সঙ্গল্পের দ্রতাসম্পাদনের জন্ম নাবদ বলিলেন

श्रवाक्रक हिन्द वटढे कटवड शावन কামাদি বিপব দীমা জানিও নিশ্চৰ, ব্যেছে স্বৰ্গের পথে বিল্ল নানামত

ভেব না তথাপি, করিয়াছ অভিক্রম দলকে না প্রশমিত লব বিপুচর। লঙ্গিতে দে সৰ কৃমি হও দৃতব্ত।

মহাসত বলিলেন.

১৩>। पृष्ठे वा अपृष्ठे कामा कि हुई ना ठाई , मर्खा निकाम नारव गरवाक वाका কি যে বিঘু আছে, ভাছা পাৰি না বুৰিছে। বাসনাবিহীৰ হেন জনেব পথেতে

নাবদ একটা গাথায় বাজাকে বিদ্ন সমস্ত প্রদর্শন কবিলেন :--

১০০৷ নিড়া, তক্ৰা, আলস্জনিত বিজ্ঞাণ, উৎকণ্ঠা, আহার-অস্তে নিজার দেবন,— এইকপ বছ বিত্ন দেহে বিভাষান। এসব कविरव पूर्व शरश मावशान ।t

খনগ্ৰে মহাস্থ একটা গাথায় নাবদেব স্তুতি কবিলেন :--

১০৪। कुभा कृति मिला विश्व, यह उभरमभ,

ভাহাতে কল্যাণ মম হইবে অশেষ। কে ভূমি, মারিয়, আমি চাই লিজ্ঞাসিতে ় কি নাম <sup>2</sup> কোখাৰ বাস ? পারি কি কালিতে ?

ইহাৰ উত্তৰে নার্দ বলিলেন :--

১৩৫ ৷ নাবদ আমাব নাম, গুন, নুপোত্তম নাধ্সমাগমে লোকে শুভক্ক পার,

১০৬। ধ্রশ্বক আনন্দ তব এই প্রব্রজ্ঞার . চবিত্রে অভাব কিছ করিলে দর্শন

কর্মা, ধর্মা, অভিজ্ঞা, এ তিনের সংকারে

বিগাতি কাশ্ৰপ গোত্তে লভেছি জনম। এদেছি দেহেতু আমি দেখিতে ভোমায়<sup>।</sup> शान कत बकाश विश्वतिकृष्टेत . কান্তি ও সংযমে তাহ। করিছে পূরণ। ১৩৭। সাম্বাবমাননা, । কিংবা আত্ম-সভিমান, উভর(ই ত।জিবে তুমি হলে সাবধান। নভিতে অভীষ্টফল প্রবাজক পারে।§

+ জুং-- বড্দোষা পুরুষেণেহ হাতব্যা ভৃতিমিচ্ছতা---নিদ্রা, তন্ত্রা, ভরং, ক্রোধ , আলস্তং, দীর্ঘস্কতা।—হিকোপদেশ।

ৰিজ্বৰ = ঠাইতোলা। আহাবান্তে নিয়া = দিবা নিয়া। ভিকুদিগেৰ পক্ষে সংগ্ৰাকের পর ভোজন নিষিদ্ধ, म (स्वर काशवास्त्र निक्रा विनरम पिवानिका वृकाहरव ।

া ডং—নামানমবমন্যেত প্রবাভিবসমৃদ্ধিসিঃ

আমুত্যো: প্রিয়মষিচ্ছেরৈনাং মন্যেত তুল ভাং।—বকু ৪।১৩৭

৪ অৰ্থাৎ বাঁছাৰ কৰা ওছা বিনি সম্বৰ্থপৱাৰণ এবং বিনি অভিজ্ঞাসম্পন্ন, সেই প্ৰব্ৰাক্ষই সিদ্ধি লাভ করিতে পারেন।

অর্থাৎ কি ঐহিক, কি পারত্রিক হুগ।

নারদ মহাসম্ভকে এইরপ উপদেশ দিয়া আকাশপথে অস্থানে চলিয়া গেলেন। অতঃপর সৃগান্তিন-নামক অপর এক তাপদ পর্ববং ধানোবদানে আদন চইতে উপিত हरेशा रेज्यका विलाकन कविएक कविएक महामचरक मिथएक शाहेरमन अवर मिरे कन-वुम्परक निवर्षन कवाहेवाव উদ্দেশ্যে छाँ। एक উপদেশ मिताव हेका कविरमन। जिनिस ष्पांकानेनेपर्थ शमन करिया (पथा पिरमान এवर विमासन :--

- ১৩৮। হত্তী, অৰ শত শত, পুরী, জনপদ— ছাড়িগ, জনক, তুমি এ সব সম্পৎ, মুম্মর ভিকার পাত্রে সন্তুষ্ট এখন। কি হেড ছইল তব এ পরিবর্ত্তন।
- ১৩৯। মিত্রামাত্যজ্ঞাতি কিংবা জানপদগণ করেছে কি ক্ষতি কোন তোমার কখন ? ঐবর্যোর মায়া তব কি হেত কাটিল ? মুৎপাত্তে এমন স্লুচি কেমনে হইল গ

#### মহাগৰ বলিলেন.

১৪০। করি নাই মুগাঞ্জিন, আমি কোন দিন আচরি অধর্ম জ্ঞাতিগণে দীন হীন। আতিরাও কোন দিন করে নি আমাব প্রতাক্ষে, পরোক্ষে কিবে।, কোন অপকার।

এইরপে মুগাঞ্জি নেব প্রশ্নটীর নিরাকরণ করিয়া মহাস্ত কি জন্ম যে প্রব্রজা প্রহণ কবিয়াছেন, ভাগা বলিলেন:-

> ১৪)। লোকের তর্মশা আমি করেছি দর্শন কবিয়াছি, মুগাজীন, গুব্ৰজ্ঞা গ্ৰহণ

বিপ্রাসে পড়িতেছে সদা মুচপণ . ডবিছে পাপের পক্তে; করে মারামারি: বাজে পরস্পরে;--এই দুষ্টান্ত নেহারি না ঘটে আমার যেন ভর্দ্দশা এমন।

রাজার প্রজ্যাগ্রহণের কারণ স্বিস্তর শুনিবার জন্ম মগাজিন ভিজ্ঞাগ। কবিলেন,

১৪২। বল ওমি, শিধা হও কোন মহায়াব গ অভিজ্ঞাসম্পন্ন কর্মবাদী তাপদের. প্রভাক্ষ দর্শন বিনা, ওহে ব্যথব্ব, অবলীলাক্রমে যেই করয়ে বর্জ্জন

হেন শুদ্ধ উপদেশ বল ত কাছার গ অথবা প্রমন্ত্রানী প্রত্যেকবন্ধের क्रिम अभन कड़ हय ना क नत्र , হঃথ অতিক্রম হেতু রাজ্য আর ধন।

### মহাসম্ব বলিলেন.

.

১৪৩। শ্রমণ ব্রাহ্মণে আমি পুজি কোন দিন করি নি জিজ্ঞাসা কিছু, ওহে মুগাজিন।

অনস্তর, যে কারণে প্রব্রজ্যা গ্রহণ করিয়াছিলেন, তাহা আতম্ভ দেখাইবার জন্ত भ शामक विनातन.

- ১৪৪। মহা-আড়মরে, হরে রাজ-খ্রী-ভূষিত, গিরাভিত্র একদিন উষ্ণান-বিহারে। হতেছিল গান: তুর্গাধানি সুমধ্র: বীণা-করতাল-আদি যন্ত্রসমূহের বাদনে উদ্ধান-ভূমি হল নিনাদিত।
- ১৪৫। প্রাকার-বাহিরে আমি দেখির তখন ফলবান আত্রতক্ষ, ফল হেডু যারে প্রহার করিতেছিল ফলকামিগণ লগুর আঘাতে, আর লোষ্ট্রনিকেপণে।
- ১৪৬। (पश्चि देश), मुगाखीन, गक्कक राज অবভরি, পরিহরি রাজ্ঞী আমার আয়তক্ষয়-মূলে গেলাম সত্র---ফলবান এক বৃক্ষ, নিম্মল অপর।

১৪৭। ফলবান চিল যেটা, দেখিও ভালার কি তৰ্মণা ঘটিবাতে প্ৰচাবে প্ৰচাৰে --ভগুলাখ ছিন্নপত্ত, কাগুমাত্রসার। নিম্বল তক্ষ্মী কিন্ত পর্কের মতন রভিয়াছে দাঁডাইরা হজাম হন্দর। 180 । अवर्धा शास्त्र आहड सभा काशास्त्र ঠিক ফলবান আন্তত্তর মতন। সর্বাদা অশান্তি বস্ত করে ভারা ভোগ . শক্তরা কবিধা পেলে হরছে জীবন।

১৪৯। চর্দ্মলোভে মারে বীপী, দস্তলোভে হাতী: ধনার্থে ধনীকে মারে—ইচাই ভ রীতি ৮ অনাগার, অকিখন কিছু যেই জন,

কি লোভে তাহার লোকে বধিবে জীবন গ

কলবান, কলহীন, আত্তক্ষয়, —

ইহারাই শান্তা মোর : অঞ্চ কেচ নর।

ইহা শুনিয়া মৃগাজিন বলিলেন, ''মহারাজ। অপ্রমন্ত হইয়া চলিবেন' এবং এই উপদেশ দিয়া তিনি স্বস্থানে প্রতিগমন করিলেন। মগাজীন প্রস্থান করিলে সীবলিদেবী রাজাব পাদমলে পতিত চুট্যা বলিলেন.

> ১৫০ ৷ প্রবস্থা লবেন বাজা, ক্লি এ বার্ডা মহাভয় পাইয়াছে রাজ্যবাসী যত:-গঞ্জসাদী দেহরক্ষী, রখী পদাতিক---मकलाने नरेशारक खरहरक विकास। ১৫১। করহ আখন্ত সবে : রক্ষার এদের মুৰাবন্ধা করু দেব : পুত্রে ভারপব

অভিষিক্ত কবি রাজ্যে যাবে প্রব্রুয়ার।

### रवाधिमख विलिद्या.

১৫২। জানপদ মিত্রামান্তা, জ্ঞাতিগণ সবে করিয়াভি ত্যাগ আমি : পরিব্রাক্তকর পত্ৰ নাই, গুজাবতি,\* ভানিও নিশ্চয়। আছেন ক্ষত্ৰিবস্ত বিদেহে অনেক তাঁচারাই করাবেন এখন চইতে শাসন মিথিলা রাজ্য দার্যায়র ছারা

দীবলি বলিলেন, 'মহারাজ আপনি ত প্রব্রজ্যা লইলেন; এখন আমি ক করিব, বলন।" মহাদত্ত বলিলেন, "আমি তোমাকে উপদেশ দিতেছি , তুমি আমার উপদেশ পালন কবিয়া চলিও।

> ১৫৩ ৷ (ক) এদ : উপদেশ যাহা ভাল মনে করি, করিব ভোমার দান :-পুত্রে প্রজা দিয়া অহভারে মত হয়ে, বাক্যে, কায়ে, মৰে কর যদি পাপ বহু, তুর্গতি অশেষ দেহাত্মে করিতে ভোগ হইবে তোমার। ১৫৩ ৷ (৩) পরমন্ত পরপক পিথের ভোজনে

জীবৰ যাপন হয় সুধীর লক্ষণ।"

<sup>•</sup> ताका मोवनित्मवीरक 'श्रकाण हो' वा 'श्रकावको' विषया मह्यामण कतिर करवन । 'श्रकावकी' नम हहेरछ नावाडो' ( भू खरडी) नरमव উৎপত্তি হইবাছে।

महामच महिवीदक छेल्याम निर्मा । देशहोता शतक्त्रत शहेतल बालाल कृतियक कतिएक गारेरक लाशिरलन । करम प्रशास बरेल। महिशो धक्ती सान मरनानी सकतिया স্বন্ধাবার স্থাপন করাইলেন: মহাসম্ব একটা বৃক্ষের মলে গিয়া সেখানে রাত্তি যাপন করিলেন এবং পরদিন প্রাতঃকৃত্য সম্পাননপূর্বক আবার পথ চলিতে আরম্ভ করিলেন : সীপদি বৈনিত্রিগতে পূলাতে আসিজে অভা দিয়া নিজে তাঁহার অমুগমন করিলেন। ঠাহার। ভিজাচর্য্যার বেলায় থাণা-নমিক এক নগরে উপস্থিত হইলেন। ঐ সময়ে এক ব্যক্তি নগরের মধাবলী মাংসবিপণি হইতে একটা বড় মাংস্পিত কিনিয়া উহা শূল্পারা অকারে পাক করিয়। কুড়াইবার জন্ম একথানা ভক্তার একপ্রাক্তে রাধিয়া দিয়াছিল। সে অক্সমনস্ব তইলে একটা কের এ মাংস লইয়া প্রায়ন করিল। লোকটা কুকুরের গশ্চাৎ পশ্চাৎ ছটিয়া নগতের বাহিরে দক্ষিণদার পর্যান্ত গেল: খেষে ক্লান্ত হইয়া ফিবিল। বান্ধা ও বাণী কুকুরতার নম্মধে আসিয়া চই ক্সনে চুই দিকে গেলেন: কুকুর ভয়ে মাংস ফেলিয়া भमाठेश (अन : ठेठा (प्रथिध) महामच जातिस्त्रम, 'कुकुर्रो। याश्म एक्लिया ए हेराव धाना ছাজিয়া প্রধান করিয়াছে: এই মাংকের অন্ত কোন সামী যে আছে, তাহাও জানা যায না: এইরণ সর্বাদ্যে-বিব্রিখ্য ধলিমিখ্রিত থাত ত আল নাই! অতএব আমি ইহাই আহার করিব।' ভিনি ঝুলি গুটতে মুংগাত্ত পাহির করিলেন, সেই মাংসপত তলিয়া खेडा इटेरफ धान श्रक्तित्व. डेडा भारत नहेरलन धवर दिशान कन बाह्त, अथन दर्गन চনোত্ম স্থানে প্রিয়া প্রিন্তোষস্ক্রারে ভেক্সন কবিছে লাগিলেন। ইহা দেখিয়া রাণী হিল্লা কবিতে লাগিলেন, 'ইনি ছদি রাজ্যাভিলাধী হইতেন, তবে ঈদুশ ধুলিমিশিত দকারজনক প্ররোজিই মাংস্পিও ভোজন করিতেন না . ইনি আর আমাদেব প্রভ ইইবেন स्।' जिति वित्रक्रम, "हि: महातान, अलिम अपन कार्या थाए उन्नव कविराष्ट्रहरू" নহাসক বলিজেন, 'কেবি, তুমি অজ্ঞানমভাবশতঃ এই পিগুপাতের বিশিষ্ট গুণ দেখিকে পারিতের না ' বেধানে ঐ গংস থও পতিত হইয়াছিল, সেইদিকে পুন: পুন: দৃষ্টিপাত কবিয়া ভিনি উঠা অমতজ্ঞানে ভোজন কবিবেন এবং মুখ প্রকালন কবিয়া হাত পা ধুইলেন। जर्मन (मर्वी काँगाव मिन्नः कविया द्रावितनः

> ১৫৪। তুর্ধ ভোজন কালে পান্ত না পাইলৈ
> কুধাৰ জালায় লোকে নবে অনশনে,
> তথাপি সদবংশলাত সৎপুক্ষগণ
> ধূলিতে আছেল্ল ছেন জঘনা আংগব গ্রহণ করিয়া কড় না রাপেন প্রাণ এ নম উচিত তব; এ নব শোভন,
> গাইলে কুকুবোচ্ছিক্ট তুমি, নবমণি।

মহাসত্বলিলেন,

১৫৫: ৃধী বা কুকুৰে ধহো করে পবিতাপে, অজকা, দীবলি, তাহা নয় ত আমার। ধর্মাকুমোদিত লাভ হয় যে থাজ্যেব, ভাহাই ভোজনবোগা; দোব নাই ভার।

গ্ৰহম্পর এইরূপ কথাবার্তা বলিতে বলিতে তাঁহার। নগরদারে উপস্থিত হইবেন। সেখনে বালক বালিকারা থেলা চারতেছিল। একটী বালিকা একথানি ছোট কুলো

তিন বিন অতে প্রতি চতুর্থ দিনে একবার ভালন করাকে 'চতুর্থ ভোলন' বলে। এই প্রাণাক্ষ কুশালকাচকের অনুবাবে ( পক্ষ ৩৩, ২৬সম পৃত্তে ) অসক্রমে 'তিন বিন' না লিখিয়া 'চারিদিন' এবং 'চতুর্থ দিনে' না লিখিয়া 'প্রকল ক্ষিত্র কেন্দ্র ক্রইয়চেছ ।

লইয়া বালি ঝাড়িতেছিল। তাহার এক হাতে ছিল একটা বালা, এক হাতে ছিল তুইটা বালা। শেষোক্ত হতের বলয়ন্ত্র প্রস্পরের বিঘট্টনে শাল করিতেছিল; অপর হত্তের বলয়ন্ত্রী নিঃশন্ধ ছিল। রাজা ইহার কারণ বৃঝিতে পারিয়া ভাবিলেন, 'দীবলি আমার পশ্চাতে শশ্চাতে আদিতেছেন; স্ত্রীই কিন্তু প্রব্রাজকদিগের মলস্বরূপ।" আমি প্রব্রজ্ঞাঞ্চল করিয়াও ভার্যা তাাগ করিতে পারি নাই, এজন্ত লোকে আমাব নিন্দা করিতেছে। যদি এই বালিকা বৃদ্ধিমতী হয়, তবে এ সীবলিকে প্রতিনিবর্তনের হেতু ব্র্ঝাইয়া দিবে। ইহার উদ্ধার শুনিয়া আমি সীবলীকে বিদায় দিব।' এই সকলে করিয়া মহাদন্ধ বলিলেন।

## বালিকা বলিল,

১৫৭। শ্রমণ, এ হাতে মোর বান্ধা আছে ছইটা বলঃ: ঠোকাঠকি করে ভারা . তাহাতেই শব্দ এই হব। নেই মত এ জগতে বিতীর ঘাহার সাতথ পাকে. विवास कलाङ मना মশান্তি ভঞ্জিতে হয় ডাকে। ১৫৮। শ্ৰমণ, অপন হাতে বানা আছে একটা বলয় : দিতীয় অভাবে সেটা भीन व निःभक्तकात्त वय . ১৫৯। দ্বিতীয় থাকিলে সঙ্গে ঘটিবেক বিবাদ নিশ্চিত একাকী যে, কার সঙ্গে বিবাদে সে হইবে প্রবৃত্ত > স্বৰ্গলাভহেতু ঘার হইয়াছে বাসনা অস্তরে, একতে স্থাপিয়া কচি अकाकी रंग विष्ठवन करत्।

সেই অল্পৰয়স্কা কুমারীর উত্তব শুনিয়া মহাসত্ত সীবলিকে উপদেশ দিবার স্বৰদ্ধ

১৬০। গুনিলে ড, ভলে, তুমি কথা বালিকার; ধনিতাদিতীয় প্রবাজক যেই জন,

১৬১। গিয়াছে এখান হ'তে ছই দিকে পৰ, যে পণে তোমার ইচ্ছা, যাও ভূমি চলি , আমি তব পতি, ইংগ ভেব না ক আয়ে: দাসী বে, সেও ত মোরে দিতেছে ধিকার। সেই হর এইকপ নিন্দার ভাজন। পথিকেরা যাহা দিয়া কবে যাতারাত। গ্রন্থান কবিব স্থামি অক্ত পথ ধরি। ভাবিব না তমিও গে ঘরণী আমার।

এই কথা শুনিয়া দীবলি বলিলেন, "প্রভু, আপনি এই উৎকৃষ্ট দক্ষিণ পথে অগ্রদর ইউন, আমি বাম পথ অবলম্বন করিব।" তিনি রাজাকে প্রণাম করিয়া কিয়ন্দুর অগ্রদর ইইলেন; কিন্তু শোকসংবরণ না ক্রিডে পারিয়া ফিরিয়া রাজার সঙ্গেই নগরে প্রবেশ ক্রিলেন।

্রিই বৃত্তাস্ত বিশদরূপে বর্ণন করিবার জন্ত শান্তা অর্ক্সাথা বলিলেন:—
১৬২। করিতে কবিতে হেন কথোপকখন, প্রবেশিলা গুণার ভাহারা ছুইজন।

নগরে প্রবেশ করিয়া মহাসম্ব ভিক্ষাচর্য্যা করিতে করিতে এক ইয়্কারের সৃহহারে উপস্থিত হইলেন। সীবলি দেবী একপার্শে দাঁড়াইয়া রহিলেন। ঐ সময়ে ইয়্কারক একটা বাণ আগুনের হাঁড়িতে রাখিয়া ভাহা কাঞ্জিক দ্বারা ভিন্ধাইতেছিল এবং একটা চক্ষু বৃঞ্জিয়া

णू:-"ইश्वि भनः उक्काऽतिव्रम्म।"

<sup>†</sup> মনে 'উপসেনিরে' আছে। "যাতরং উপপত্তা সম্মিকা" অর্থাৎ বে বাবিকা বাবের কোনে বিকা ক্ষিত্র। থাকে, ভাগকে উপসেনিয়া বলা বার। ইয়া এক একার বেছসভাগে।

জার একটা দারা দেখিয়া উহা সোজা করিতেছিল,। ইহা দেখিয়া মহাসন্থ ভাবিলেন, 'যদি এই লোকটা বিজ্ঞ হয়, তবে এরূপ করিবার প্রকৃত কারণ বলিতে পারিবে। ইহাকে বিজ্ঞাসা করা যাউক।' এই উদ্দেশ্যে তিনি ইয়কারকের নিকট গেলেন।

। এই বৃ**ত্তান্ত স্লাইভাবে বর্ণন ক**রিবার **জন্ম শান্তা** বলিলেন,

১৬০। ইযুকারকের কক্ষে ভোজনবেলার উপস্থিত হন রাজা; সে বাক্তি তথন নিমীলিয়া এক চকু, অপাক্ষদৃষ্টিতে অক্স চকুদারা ইযু ছিল নির্থিতে।

মহায়ত বলিলেন.

১৬৪। ইন্কার, তুমি এক চকু নিমীলিরা নিরীক্ষণ করিতেছ অপাঙ্গদৃষ্টিতে অস্তা চনুদারা ইনু; বোধ হয় মোন টিক এতে দেখিতে না পাইতেছ ডমি

इंयुकाव वनिन,

১৬॰। এই চপুখাবা ৰদি করহ দর্শন, সকল(ই) বিশালরপে হয় দৃজ্যন্ন , কোন অংশে আছে বাঁকা বুলা নাহি যায ঠিক সোলা কৰি গড়া অসম্ভব হয়।

১৬৬। কিন্তু নিমীলন যদি করি চকু এক, অপাঙ্গদৃষ্টিতে ইযু দেখি বাব বার কোন্ আংশ বীকা তাহা বুঝিতে পাবিয়। সোজা করি শভি ইয়: না ঘটে বাতার।

১৬৭। একত্র পাকিলে ছুই হয় পরম্পর
বিবাদে নিবত তারা; একাকী যে জন,
কাব সঙ্গে বিবাদে সে হইবে প্রবৃত্ত গ
বর্গলাভহেতু যার বাসনা অন্তরে,
একাকী থাকিয়া সেই বিচরণ করে।

মহাসন্তকে এই উপদেশ দিয়া ইষ্কার নীরব হইল তিনি পিঙাচর্য্যা করিয়া মিশ্রখান্ত 
সংগ্রহপূর্বক নগরের বাহিরে গেলেন এবং বেখানে জল আছে, এমন কোন রমণীয় স্থানে উপবেশন করিয়া ভোজন সম্পন্ন করিলেন। অনস্তর তিনি কুলির মধ্যে পাত্রটী রাখিয়া সীবলিকে সংশাধনপূর্বক বলিলেন,

১০৮। ইব্কার বলিল যা', গুনিলে ড ডুমি; দাস বে, সেও ড মোরে দিডেছে ধিলার। বনিভাষিতীয় প্রবাজক ঘেই জন, সেই হয় এইরূপ নিশার ভাজন।

১৬৯। সিরাকে এথান হ'তে ছই দিকে পথ, পথিকেরা যাহা দিরা করে ঘাতারাত। বে পথে তোসার ইচছা যাও তুমি চলি; প্রস্থান করিব আমি অক্ত পথ ধরি। আমি তব পতি ইহা তেব না ক আর; ভাবিব না তুমিও যে ঘরণী আমার।

ভিক্ষের পাত্রে গৃহীরা কটু, আয়, মধ্র প্রভৃতি নানাবিধ খাল্প নিক্ষেপ করে; এলল্প ঐ থাল্প মিল্লপাল্প মার্বে অভিহিত।

'আমি তব পতি, ইহা ভেব না ক আর', মহাসন্ধ একথা বলিলেও সীবলি তাঁহার অনুগমন করিয়াই চলিলেন। কিন্তু তিনি রাজাকে ফিরাইতে পারিলেন না। জনসক্ষও তাঁহার নিগং পশ্চাং চলিল। ক্রমে বনভূমি নিকটবর্তী হইল; মহাসন্ধ বনের নীলিমা দেখিছে পাইয়া মহিষীকে নিবর্ত্তন করাইবার ইচ্ছা করিলেন। তিনি ষাইতে যাইতে পথের ধারে মুঞ্জ তুণ দেখিয়া তাহা হইতে একটা কাণ্ড ছিডিয়া লইলেন এবং শীবলিকে বলিলেন, 'দেখ, এই কাণ্ডটা আর যুড়িতে পারা যায় না; এই রূপ, ভোমার সন্ধেও আমার আর সহবাস সন্ধবন্ধ নহ।' অনুষ্কর তিনি এই অর্জ্বগাধা বলিলেন:

## ১१ । विद्या प्रश्नविदेश अकाकिनी विवत, भीवित ।

ইহা উনিয়া পীবলি বুঝিলেন, এখন হইতে তিনি আর রাজেন্দ্র মহাজনকের সহবাস করিতে পারিবেন না। তিনি শোকবেগ ধারণে অসমর্থ হইয়া উভয় হতে বক্ষঃছলে আঘাত করিতে করিতে করিতে রাজপথে মুর্চ্ছিতা হইয়া পড়িলেন। তিনি সংজ্ঞাহীনা হইয়াছেন দেখিয়া মহাসন্ধ নিজের পদচ্ছি বিলোপ করিতে করিতে অবণ্যে প্রবেশ করিলেন। অমাত্যেরা আসিয়া সীবলির শরীরে জল সেচন করিলেন এবং হন্তপাদ পরিমর্দ্ধন করিয়া তাঁহার মৃদ্র্ছাপন্নানন করিলেন। তিনি চৈতক্তলাভ কবিয়াই জিল্ঞাসিলেন, 'বাজা কোথায়?' অমাত্যেরা ভালিলেন, "আপনি কি জানেন না, মা ?' সীবলি বলিলেন, 'বালা সকল, শীঘ্র তাঁহার খোজ কর।'' অমাত্যেরা ইতন্তভ: ছুটাছুটি করিলেন, কিছু রাজার দেখা পাইলেন না। সীবলি হাপরিদেবন করিতে লাগিলেন, রাজা যেখানে শেষে দাড়াইয়াছিলেন, সেখানে একটী চৈত্যে নির্দ্ধাণ করাইয়া সন্ধমালাদি ঘারা তদীয় পূলা করিলেন এবং শোকভারাক্রান্ত কদয়ে রাজধানীর অভিমুখে চলিলেন।

মহাসন্থ হিমালয়ে প্রবেশ করিয়া এক সপ্তাহের মধ্যেই অভিজ্ঞা ও স্মাণন্তিসমূহ লাভ করিলেন। তিনি আর মন্থ্যপথে ফিরিলেন না। যেথানে ইযুকারকের সঙ্গে তাঁহার আলাপ হর্যাছিল, যেথানে কুমারীর সহিত তাঁহার আলাপ হইয়াছিল, যেথানৈ তিনি মাংস পরি-জাকন করিয়াছিলেন, যেথানে তিনি মুগাজিনের সঙ্গে কথাবার্ত্তা বলিয়াছিলেন, যেথানে নিম্নাক্রের সঙ্গে কথাবার্ত্তা বলিয়াছিলেন, যেথানে নিম্নাক্রের সঙ্গে তথার সাক্ষাকাশে হার পূজা করিলেন এবং চতুর দিশী সেনাপরিবৃত হইয়া মিথিলায় ফিরিয়া গেলেন। সেধানে আম্রকাননে তিনি পুল্লের অভিষেক সম্পাদন করিলেন এবং তাঁহাকে চতুর দিশী সেনাসহ নগরে প্রেরণপূর্বক নিজে শ্ববিপ্রজ্ঞা গ্রহণ করিয়া ঐ উত্থানেই বাস করিতে লাগিলেন। তিনি অচিরে কুংমণ্রিকর্ম্ম দ্বারা ধান অভ্যাস করিলেন এবং বন্ধ-লোকপ্রয়িণ হইলেন।

্রিইরপে ধর্মদেশন করিয়া শাস্তা বলিলেন, ভিন্দুপ্প, কেবল এখন নতে, প্রেব ভ্রাগত সংভিনিজ্ঞান করিয়াছিলেন।

সমবধান – তথন উৎপালবণী ছিলেন সেই সমুজদেৰতা; সারিপুত ছিলেন নারদ, খৌদ্পন্যারন ছিলেন মুগাজিন, ক্ষেমা ভিলুপী ছিলেন সেই কুমারী, আনন্দ ছিলেন সেই ইযুকার, রাহল ছিলেন বীৰ্ণার্ভ্যাব, বাঞ্জুলের মাজাপিতা ছিলেন সেই মাজাপিতা এবং আমি ছিলাম মহাজনক নরেলা ।

# ৫৪০ -শ্যাগ জাতক।

্রিশান্তা ব্যেত্তবনে অবস্থিতিকালে কোন মাতৃপোষক ভিকুর সবছে এই কথা বিদ্যায়িলেন। আবন্তা নগনে জটালেকাট ধবশালী কোন শ্রেটিপরিবানে একটিমাত্র পূজ ক্ষিডাছিল; কারেই সে বার্ডাপিডার ক্ষতি থিয় ও নীভিডালন ছিল। লে একটিন আসালোপনি কর্মিত হুইয়া বার্ডানন ট্রন্ট্রস্পূর্ণক দেখিতে পাইল,

বহলোক গন্ধমানাদি হাতে লইন। ধর্মশ্রবণার্ধ জেতবনে যাইতেছে। ইহাতে তাহারও জেতবনে যাইতে ইছা হইল; সে গন্ধমানাদি লইনা বিহারে গিয়া ভিকুসজ্বকে বস্থ-ভৈষ্যা-পানীগাদি দান করিল এবং গন্ধমানাদিদার। ভগবানের পূজা করিল। একারে উপবিষ্ট হইল। ধর্মকথা গুনিয়া সে কামাদি রিপুর দোধ এবং প্রজ্যার গুণ বুঝিতে পারিল এবং সভা হইতে উঠিয়া ভগবানের নিকট প্রজ্যা যাক্রা করিল। ভগবান্ বলিলেন, "যে মাতাপিতার অনুমতি পার নাই, তথাগতগণ তাহাকে প্রজ্যা দান করেন না।" ইহা গুনিয়া যে গৃহে ফিরিয়া স্তাহকাল অনশনে থাকিয়া মাতাপিতার অনুমতি লাভ কবিল এবং ছেতবনে গিয়া পুনর্বাব প্রজ্যা চাহিল। শাস্বা এক ভিগকে আজ্ঞা দিলেন : সেই ভিক্ষ শ্রেষ্ঠিকমারকে প্রজ্যা দান কবিলেন।

প্রবিদ্যা এইণ করিব। তে স্ত মহালাভ ও সম্মান পাইলেন। তিনি আচার্য্য ও উপাধ্যায়ের সেবা করিমা উপনম্পদা লাভ করিলেন। তিনি পাঁচ বংসরে সমস্ত ধর্মগ্রন্থ আয়ন্ত করিলেন। ইহার পর তিনি ভাবিতে লাগিলেন, আমি ওই জনবহুল স্থানে অবস্থিতি করিতেছি; ইহা আমার পক্ষে যুক্তিসঙ্গত নহে।' তিনি অবগ্যাসে বিদর্শনপুর ও পরিপূর্ণার্থ ( অর্থাং সম্পূর্ণরূপে অন্তদৃষ্টি লাভেব আশায়) উপাধ্যায়ের নিকট কর্মস্থান গ্রহণপূর্বাক কোন প্রতাম্ভ্যামে গনন কবিলেন এবং দেখানে ম্বণো'বাস করিতে লাগিলেন। এই অরণ্যে তিনি বিদর্শন উংগাদনের অত্যাবার বংসর যথাসাধ্য চেন্তা ও পারশ্রন করিলেন, কিন্তু উহা লাভ করিতে পারিলেন না।

এদিকে উচ্চার মাতাপিতা কালক্রমে দুরবস্থাপর হইলেন। বাঁহারা **উচ্চানের দেকের বা বাণিজ্যে নিরোজিত** ছিল, এচাবা দ্বিল ঐ বংশে কোন পুত্র বা আতা নাই বে, প্রাপ্য অর্থ আদার কবিতে পাবে; কাজেই তাহারা গ ব হওপত ধন এইল বাহাব বেবানে ইছে পলাখন করিল, গুহের দাসভ্তাগণও স্বর্ণরৌপ্যাদি লইলা পলাইয়া গেল, শেবে প্রেট্টিদশ্বতি এমন নিঃপ স্ইলেন যে, উচ্চানের হাত ধুইবার পাতটী পর্যান্ত বহিল না; উচ্চারা বার্টা গব বিক্য কবিলেন, উচ্চানের মাধা রাধিবার স্থান পর্যান্ত গেল; তাহারা নিতান্ত দীনদশাপর হইবা ছিরবন্ত প্রিয়া প্রাপ্তির ভারতি না বিজ্য কবিলেন ক্রিলেন না

এই সময়ে একজন ভিন্দু জেতবন হইতে নিজ্ঞান্ত হইয়া শ্রেষ্টিপুজের সেই অরণাবাদে উপন্থিত ছইলেন। ্রান্তিপুত্র তাহার আভিযাকতা করিলেন এবং তিনি স্বথাদীন হইলে জিজ্ঞাদিলেন, "আপনি কোথা হইতে আসিত্তেছেন ?'' ভিক্ষু উত্তর দিলেন, ''জেতবন হইতে।'' তথন খেন্তিপুত্র শাস্তা ও মহাপ্রাবকাদি হস্ত আছেন কি না দিজ্ঞানা করিয়া নিজেব মাতাপিতাব কথা তুলিলেন। তিনি বলিলেন, "ভরন্ত, শ্রাবন্তীর অমুক শ্রেষ্টিকলের ক্ষাংবাদ ত ?'' ভিন্দু উত্তর দিলেন, 'ভাই, দেই শ্রেষ্ঠিকলের কথা আর জিল্পানা করিও না।' ''কেন্ড্রন্ত ?' "ভাই, দেই গোটকুলে না কি একটামাত্ৰ পুত্ৰ জনিয়াছিল: সে বৌদ্ধশাসনে প্ৰবন্ধা গ্ৰহণ কৰিয়াছে: ভাহাৰ প্রকাগ্রহণের সময় ইইতে এই পরিবারের অবস্থা হীন হইতে আরম্ভ হয়। কর্ত্তা ও কর্ত্রী দুইজনে জনসাধারণের কুপাপাত্র হইগ্ন ভিন্দা কৰিয়া ে ডাইডেছেন।'' ভিন্দুৰ কথা শুনিয়া শ্রেষ্টিপুক্ত আত্মসংবৰণ করিতে পারিলেন ন। ভিনি অন্পূর্ণনেতে রেণ্দন করিতে লাগিলেন। ভিন্ন জিজ্ঞাসিলেন, "ভাই, কান্দিভেছ কেন ?" "ভদস্ত, সেই চুই বাজি আমার মাজপিত। : মামি তাঁহাদের প্রা'' "ভাই, তোমার দোবেই তোমার মাতাপিতার সর্কনাশ স্ট্রাছে: যাও, এখন গিয়া তাঁহানের বক্ষণাবেগণ কর।' ইহা গুনিয়া শ্রেষ্টিপুল্ল ভাবিলেন, 'আমি এই বার বংসর অবিরত চেষ্টা ও প্রিশ্রম করিয়াও, কি মার্গ, কি মার্গফল, কিছুই লাভ করিতে পারি নাই। আমি, বোধ হয় ইহাতে সম্পূৰ্ণ মন্দৰ্য। প্ৰব্ৰজায় আনার কি কল ? আমি গহী হইয়া মাতাপিতার পোষণ করিব, দান দিব এবং এই ১পাবেট বর্গপরামণ হইব।' এইরূপ চিন্তা কবিয়া তিনি অরণায় কুটীরখানি স্থবিবকে দান করিয়া প্ৰাদ্য গৃহাভিম্প মাতা কবিলেন এবং চলিতে চলিতে আবন্ধীর অবিদরে ছেত্রনের প্রচাদেশ বিচামে উপনীত ংইলেন। সেনান লীতে একটা পথ আবর্তার দিকে এবং একটা পথ জেতবনের দিকে গিরাছিল। শ্রেষ্টিপুত্র মেথানে দাড়াইয়া ভাষিতে লাগিলেন, 'প্রথমে মাতাপিতাকে দর্শন করি, কি দশবলকে দর্শন করি ? মাতাপিতাকে পূর্বের্ব এইদিন দেবিয়াছি: কিন্তু এখন হইতে বুদ্ধদর্শন আমার পক্ষে চুল্ভি হইবে। অভএব আন্ধ সমাক্ষমমুদ্ধকে দেখিয়া এবং ধর্মকথা শুনিরা কাল প্রাতঃকালেই মাতাপিতাকে দর্শন করিব।' ইহা স্থির করিয়া তিনি প্রাবন্ধীর পথ ছাডিয়া সায়াই সময়ে জেতবনে প্রবেশ করিলেন।

ঐ দিন এত্যুৰ্কালে শান্তা সকল ভূবন অবলোকন করিতে করিতে দেখিতে পাইয়াছিলেন যে, সেই কুলপুত্রের অর্থনপ্রতিব সময় আদিরাছে। উাহার আগমনকালে শান্তা মাতৃপোষক সূত্র হারা মাতাপিতাব তা কীর্তন কবিতে লাগিলেন। শ্রেষ্টিপুত্র ভিকুসভাব একপ্রান্তে অবস্থিত হইয়া ধর্মকথা শুনিতে শুনিতে ভাবিলেন, ''আমি গৃহী হইলে মাতাপিতার রক্ষণাবেক্ষণ করিতে পারিব বটে, কিন্তু শান্তা বলিতেছেন যে,

<sup>\*</sup> पुत्र - कात । देश विविध-अञ्चल अ विदर्गनथत वर्षाय निका এवः कराम हि वा शान ।

প্রাক্তিত পদ্রও বাতাপিতার উপকার করিতে সমর্থ। আমি পর্কো দালাকে ধর্ণন না করিবাট (অরণো ) जिलांकिताय · कार्क्सरे अञ्चल अञ्चलांत्र जनस्मिन स्टेशिकि : अथव जामि शनी वा ब्रेशिक अवस्थांत शास्त्रिकारे প্ৰাত্তাপিতাৰ প্ৰৰুপোষণ কৰিব।" এই সকল কৰিব। তিনি শলাক। লইব। শলাকাভুক্ত এবং শলাকা-ব্ৰান্ত প্ৰচৰ ৰভিলেন . ভিজ্ঞ ডাঙাৰ বোধ চুটতে লাগিল যে, বাদশ বংসৰ অৱশ্যে বাস কৰিব। ডিনি ভিক্সজৰ চুটতে নিদ্ধাসনাৰ্চ ৰ্ট্টলাছন। তিনি প্ৰয়িন প্ৰাতঃকালেই প্ৰাৰ্থীতে গমন কৰিলেন এবং ভাবিতে লাগিলেন 'আমি প্ৰথাম হয়াগট প্রচণ করিব, না মাতাপিতাকে দর্শন করিব গ' তিনি দেখিলেন, বাঁহারা দীনহীন, তাঁহাদের নিকট বিক্ষাহান্ত বাওরা উচিত নতে। এজন্ম তিনি ববাগ প্রহণ করিয়া বৃদ্ধ ও বৃদ্ধার প্রবাতন গ্রহারে গমন করিলেন। ওারার মাতাপিতা তথন, বৰাগ ভিক্ষা কৰিয়া সন্মুখৰভা প্ৰাচীবের নিকটে বসিরাছিলেন। ভাঁচাদিগতে এট অৱসায দেশিব। শ্রেপ্তিপার সাতিশব ছংখিত হইলেন : তিনি সাঞ্চনদনে তাঁহাদের নিষ্টে গিয়া গাঁড়াইলেন। শ্রেপ্তিনম্পতী ভাগতে দেখিয়াও চিনিতে পারিলেন না। তাঁহার মাতা ভাবিলেন, লোকটা ব্যি ভিন্ধার আমার ইনটেইবা জাতে। ক্ৰিনি বলিলেন 'ভদল্প, আপনাকে দিবার উপযুক্ত আমাদের কিছুই নাই : আপনি অন্তন্ত ভিকা করুন গিয়া।" লালার হথার ভেজিপালের জন্বর শোকে পরিপর্ণ ১টল : কিন্তু ডাছা সংবর্গপর্জক ডিনি সাম্রন্তান সেধানেট है।ভাইরা থাকিলেন । বদ্ধা তাঁছাকে দুই তিনবার অক্সরে যাইতে অফুরে'র করিলেন । কিজ তিনি দাঁঘাইয়াই বচিলেন। তথন তাঁচার পিতা বলিলেন, "ভৱে, গিরা দেখ ত, এই বাজি ভোমার পুত্র কি না।" বন্ধা পুত্রের কাতে গিলা উচ্চাকে চিনিতে পারিলেন এবং উচ্চার পাদ্যলে পড়িয়া পরিদেবন করিতে লাগিলেন - উচ্চার শিতাও ঐরপ করিলেন : দেখানে শোকের মহোচ্ছা স হইল। পুত্রও মাতাপিতার দুর্দশা দেখিয়া আর আছ-লংবংগ করিতে পারিলেন না : তিনি অঞ বিসর্জন করিতে লাগিলেন। অতঃপর শোভবেগ কথঞিৎ প্রশমিত করিয়া তিনি বলিলেন, ''আপনাদের কোন চিন্তা নাই : আমি আপনাদিগের ভরণপোবণ করিব।'' মাতাপিতাকে এট আবাদ দিলা তিনি তাঁছাদিগকে ঘৰাগ পান করাইলেন কিলংকৰ তাঁহাদের পার্বে বসিলা রহিলেন পুনর্ব্বার छिका चाइबन कविता छाडामिशरक ट्रांसन कताहराम : चनखर निराय सम् चारात छिका कतिरामन छोडारमन নিকটে পিলা আর থাটবেন কি না, জিজাস। করিলেন এবং নিজের আহার সম্পাদন করিলা ওাঁচাদেরই অবিদরে বাস কবিজে লাগিলেন । ঐদিন ছইতে তিনি জক্ত প্রকাবে ছাডাপিতাকে পোষণ কবিতে প্রবন্ধ ছইলেন । জিনি যে ভিকা পাইতেন, এখন কি, প্ৰতিপক্ষে বে খালাদি পাইতেন্® সমন্তই তাঁহাদিপকে দিতেন এবং আবার ভিকা ৰবিল্লা কিছ পাইতে ন ত তাহাই নিজে খাইতেন। লোকে ডাঁহাকে বৰ্ধাবাদের জন্ম যে খাজ্য দিত, বা তিনি অন্ত যাহা কিছ পাইতেন, তাহাও মাতাপিতাকে দিতেন। জাহারা পরিধানের পর যে সকল জীর্ণ বন্ধ তাাগ করিতেন। তিনি ঘরের দর্মা বন্ধ করিয়া সেঞ্চলিতে রং দিয়া নিজে পরিধান করিতেন। তিনি অন্নচ্চিন্ট ভিকা পাইতেন, বহুদিন পাইতেন না। তাঁহার অন্তর্মান ও বহিন্দাস অতি ক্লফ হইল : নাতাপিতার পোষণ করিতে করিতে ঠাহার শরীর ক্রমে নিভান্ত কুল ও পাতুবর্ণ হইল। ভাঁহার এই দলা দেখিরা বন্ধবয়স্তেরা জিজ্ঞান। করিলেন, ''ভাই, পূৰ্ব্বে তোমার দেহ সোণার মত উচ্ছল ছিল : এখন পাণ্ডবৰ্ণ হইয়াছ : তোমার কোন পীড়া হইয়াছে কি ১'' তিনি উত্তর দিলেন, "না ভাই, আমার কোন পীতা হয় নাই : কিন্তু একটা বিদ্রু ঘটিরাছে।" তিনি ব্লাদিগকে বৰত ব্যাপার থলিয়া বলিলেন। ২ন্ধরা বলিলেন, "উপাসকেরা এডাবলে বাহা থান করে, শান্তা তাহা নই করিতে নিবেধ করিয়াছেন ; তুমি সেই শ্রদ্ধাদক্ত দ্রব্য গৃহীদিগকে দান করিরা ভাষবিক্রম কার্য্য করিতেছ।" ইহা গুনিরা েইপুত্র লক্ষার অবোবদুন হইলেন। বন্ধুরা ি ছ ইহাতেও সম্ভুষ্ট হইলেন না : ওাঁহারা শান্তার নিকটে গিয়া বলিলেন, ''ভদন্ত, অমুক ভিকু গৃহীদিগকে পোৰণ করিলা এদ্ধাদন্ত এবোর অপচয় কবিতেছেন।'' শান্ত। সেই কুলপুত্রকে ডাকাইরা জিজ্ঞাসা করিলেন, ''সভাই কি তুমি শ্রন্ধাদন্ত দ্রব্য দারা গৃহীদিগের পোবণ করিতেছ ?'' ্ৰেষ্টিপুত্ৰ উত্তর দিলেন, 'হা, ভদ্ভ: একথা সতা।" তাঁহার সংক্রিয়ার নাহান্তা বর্ণন করিবার এবং নিজের পূৰ্ব্বস্থাচরিত কার্ব্য প্রকৃতিত করিবার অভিপ্রায়ে শাস্তা আবার জিজ্ঞানা করিলেন, ''ভূমি যে গৃহীদিগের পোষণ ৰুরিতেছ, তাহারা কে • '' ভ্রেটিপুত্র বলিলেন, "ভদত্ত, তাঁহারা আমার মাতা ও পিতা।" ইহা গুনিরা তাঁহাব উৎসাহবৰ্দ্ধনাৰ্থ শান্তা "সাধু", "সাধু" বলিয়া ভিনবার সাধুকার দিলেন এবং বলিলেন, 'পুর্ব্ধে আমি যে পথে চরিরাছিলাম, তুমিও সেই পথ ধরিরাছ। আমিও পূর্বে ভিক্কাচর্ব্যা বারা মাতাপিতার পোবণ করিয়াছিলাম।" শান্তার এই কথার শ্রেষ্টপুত্রের মনে উৎসাহ সঞ্চারিত হইল। অনম্ভর ভিকুদিগের প্রার্থনার নিজের পর্বাচরিত-বৰ্ণনাৰ্থ শাস্তা সেই অভীত কথা বলিতে লাগিলেন :-- }

 <sup>&#</sup>x27;গক্ষিকভন্তাদি'— প্রতিপক্ষে ভিকুদিগকে বিহার হইতে বিশিষ্ট ভক্তাদি দিবার প্রথা ছিল।
 গাঁচ প্রকার ভক্তের উল্লেখ দেখা বার—নিত্য ভক্ত, শলাকা তক্ত, গাাকিক ভক্ত, গোষ্থিক তক্ত ও প্রাতিপদিক

স্কি।

পুরাকালে বারাণসীর নিকটে নদীর এপারে এক থানি এবং ওপারে একথানি নিষাদ-গ্রাম ছিল। প্রত্যেক গ্রামে পঞ্চশত নিষাদপরিবার বাস করিত এবং প্রত্যেক গ্রামে এক জন নিষাদজ্যেষ্ঠক ছিল। এই উভয় নিষাদজ্যেষ্ঠকের মধ্যে বন্ধুত্ব জ্বান্ধাছিল। ভাহারা যৌবনে অঙ্গীকার করিয়াছিল যে, ভাহাদের একজনের ক্ষ্যা ও একজনের পুত্র জ্বালে ঐ পুত্র ও ক্যাকে পরম্পার বিবাহস্তত্তে বন্ধ করিবে।

নদীর এপারে যে নিষাদজার্গ্রক বাস করিত, কালক্রমে তাহার একটী পুত্র জারিল।
এই শিশু যথন ভূমির্গ হইয়াছিল, তথন তাহাকে একথণ্ড স্ক্ষাবন্তের উপর ধরা হইয়াছিল,
এই জাল্ল তাহার নাম রাখা হইল প্রকৃলক। অপর নিষাদজ্যের্গকের একটা কল্পা জারিল;
সেনদীর অপর পারে জাল্লিয়াছিল বলিয়া তাহার নাম বাখা হইল পারিকা। এই শিশুব্র
উভয়েই পরমস্ক্রমার ও হেমকান্তি হইল, নিষাদকুলে জালিথাও তাহার। প্রাণিহত্যা করিত্ত
না। ক্রমে যথন তাহাদের বয়স্ বোল বৎসব হইল, তথন তুক্লককুমারের মাতাপিতা বলিল,
"বংস, তোমার জাল্ল একটা পাত্রী আন্যান করিব। তুক্লককুমারের মাতাপিতা করিয়া
মান্ধ্যারূপে অবতীর্ণ ইইয়াছিল; তাহার মনে পাপের লেশমাত্র ছিল না, সে উভয় কর্পে
আকুলি দিয়া বলিল, 'আমার গৃহবাসে ফচি নাই; আপনাবা এমন আজ্ঞা করিবেন না।'
তাহার মাতাপিতা পুন: পুন: বলিলেও সে গাইস্থার্য্য প্রহণ করিতে ইচ্ছা করিল না।

পারিকা কুমারীর মাতাপিতা যথন তাহাকে বলিল, 'বিংদে, আমান্দের বন্ধুব এক পুত্র আছে; সে পরমস্থানর; তাহার বর্ণ স্বর্ণেব মত উজ্জ্বল, আমর। তোমাকে তাহারই হত্তে স্প্রাণান করিব.'' তথন সেও কাণে আঙ্গুল দিয়। ঐকপ উত্তব দিল, কাবণ সেও ব্যাসাক্ষাক হইতে আসিয়াছিল।

ছক্লক গোপনে পারিকাকে বলিয়া পাঠাইল, "যদি তোগোর মৈথ্নে অভিক্ষচি থাকে, ভবে অক্ত কাহারও গুছে গমন কর, কারণ আমার মৈথ্নে প্রবৃত্তি নাই।" পারিকাও ছকুলককে এইরপ কথাই বলিয়া পাঠাইল। কিন্তু ভাহাদের ইচ্ছা না থাকিলেও নিধাদ-জ্যেষ্ঠক্ষ ভাহাদিগকে পরস্পরের সহিত বিবাহস্থতো বন্ধ করিল। ভাহারা তুই জনেই কামসমুদ্রে অবভরণ না করিয়া একই গুহে মহাত্রন্ধে ভায় বাস করিতে লাগিল।

তুক্লক মৎস্থা, মৃগ প্রভৃতি মারিত না, এমন কি অঞ্চে মাংস আনিয়া দিলেও সে তাহা বিক্রেয় করিত না। তাহার মাতাপিতা বলিল, "বাছা তুমি নিষাদকুলে জল্পিয়াছ; তিল্প না চাও গৃহস্থালী করিতে, না চাও পশুপক্ষী মারিতে; তুমি কি কনিবে, বল তং" তুক্লক বলিল, "আপনারা আজ্ঞা দিলে আমি আজ্ঞাই প্রক্রতা লইব।" "বেশ, তোমরা তুই জনেই যাও," বলিয়া তাহারা ছুক্লক ও পারিকাকে বিদায় দিল। তাহারা মাডাপিতাকে প্রণাম করিয়া গঙ্গার তীর অবলম্বন করিয়া যাতা করিল এবং হিমালয়ে প্রবেশ করিল। যেখানে মুগসম্মতানায়ী নদী হিমালয় হইতে অবতরণ করিয়া গঙ্গার সহিত মিশিয়াছে, তাহারা দেখানে উপস্থিত হইয়া গঙ্গাগ করিল এবং মুগসম্মতার অভিমুধে শৈলারোহণ করিতে লাগিল।

এই সময়ে শক্রজ্বন উত্তপ্ত হইল। শক্র ইহার কারণ জানিয়া বিশ্বক্ষাকৈ সম্বোধনপূর্বকৈ বলিলেন "বৎদ, তুই জন মহাপ্রাণী নিজ্ঞ্মন করিয়া হিমাল্যে প্রবিষ্ট হইয়াছেন।
উাহারা যাহাতে উপযুক্ত বাসস্থান পান, তাহার ব্যবস্থা করা আবশ্রক। তুমি মুগস্মতা
নদীর অর্থ ক্রোশান্তরে ♦ ইহাদের জন্ম পর্ণশালা এবং প্রব্রাজক-ব্যবহার্য উপকরণাদি প্রস্তুত

 <sup>&</sup>quot;অভ্চ কোসন্তবে'। মৃতন পালি অভিধানে 'কোন' শব্দ এই প্রসক্ষে 'কোব' বা 'গৃছ' অর্থ ধর।
 ইইন্নিটে। কিন্তু পুরুষনির্দ্ধেশার্থ এ অর্থ প্রহণ করা বৃক্তিবৃত্ত বলিয়া বোধ হর না। কোন — কোশ, এই আর্থ করাই স্থীটান। পালিভেও 'অভ্চ বোলভবে' এই পালিভর আছে।

করিয়া রাখ।" বিশ্বকর্মা 'যে আক্রা' বলিয়া সম্মতি জ্ঞাপন করিলেন, মৃকপঙ্গুজাতকে থেরপ বলা ইইয়াছে, ঠিক দেইরূপে সমস্ত ব্যবস্থা করিয়া দেখান ইইতে কর্কশরাবী পশুদিগকে তাড়াইয়া দিলেন এবং পদপ্রজে যাতায়াত করিবার উপযোগী একপদিক পথ প্রস্তুত করিয়া স্থানে প্রতিগমন করিলেন। ছক্লক ও পারিকা সেই পথ দেখিতে পাইয়া তাহা অহসরণ করিয়া আশ্রমপদে উপনীত ইইলেন। পর্নশালায় প্রবেশ করিয়া ছক্লক প্রজ্ঞাজকব্যবহার্য্য উপকরণসমূহ দেখিতে পাইয়া কুরিলেন, শক্রই দে সমস্ত দান করিয়াছেন। তিনি পরিহিত বঙ্গ ত্যাগ করিয়া রক্তবন্ধলের প্রস্তুত্তকরিলেন। এইরূপে প্রথিবেশ ধারণ করিয়া তিনি পারিকাকেও প্রক্রা দিলেন। অনস্তর তাহারা উভয়েই সেখানে বাস করিয়া কামাবচরলোক-লভ্যা \* মৈত্রী চিন্তা করিতে লাগিলেন। তাহাদের মৈত্রীভাবনার প্রভাবে তত্ত্বত্য পশুপক্ষীরাও পরস্পরের প্রতি মৈত্রীভাবাপন হইল; একে অস্তুকে আক্রমণ যা প্রহার করিতে বির্ত হইল। পারিকা থাত্ত ও পানীয় সংগ্রহ করিতেন; আশ্রমপদ সমার্ক্তন করিতেন এবং অন্ত সমস্ত সম্পাদন করিতেন; উভয়েই বন্ত ফল আহ্রণ করিয়া ভোজন করিতেন এবং অন্ত সমস্ত ক্রত্ত সম্পাদন করিতেন; উভয়েই বন্ত ফল আহ্রণ করিয়া ভোজন করিতেন এবং ভোজনাক্তে স্ব স্ব পর্ণশোলায় গিয়া শ্রামণ্যধর্ম পালন করিতেন। শক্র স্বয়ং উপস্থিত থাকিয়া তাহাদের সংকার করিতেন।

একদিন শক্র চিন্তা করিয়া দেখিলেন, তুক্লক ও পারিকার একটা মহাবিত্র ঘটিবে;—
তাহারা অন্ধ ইইবেন। তিনি তুক্লকের সন্দে দেখা করিয়া প্রণাম করিলেন এবং একান্তে
উপবিষ্ট ইইয়া বলিলেন, "ভদস্ত, বুঝা ঘাইতেছে যে আপনাদের একটা বিদ্ধ উপস্থিত ইইবে।
আপনাদের রক্ষণাবেক্ষণার্থ একটা পুদ্রলাভ করা নিভান্ত আবশ্রক। অভএব আগনারা
লোকধর্মের অনুসরণ করুন।" তুক্লক বলিলেন, "শক্র, আপনি এ কি কথা বলিতেছেন?
আমরা যথন গৃহে ছিলাম, তথন লোকধর্মকে কুমিসঙ্গুল মলরাশিবৎ মনে করিয়া পরিহার
করিয়াছি; এখন বনে আদিয়া ঋষিপ্রশ্রেজ্যা গ্রহণ করিয়া কিরুপে সেই লোকধর্মের সেবা
করিব।" "ভদন্ত, যদি একান্ত ভাহা না করেন, ভবে পারিকা অতুমভী ইইলে আপনি
হক্ষারা ভাহার নাভি স্পর্শ করিবেন।" তুক্লক বলিলেন, "ইহা করা ঘাইতে পারে।"
শক্র ভাহাকে প্রণাম করিয়া সম্বানে চলিয়া গেপেন।

মহাসন্ত পারিকাকে এই বৃত্তান্ত জানাইলেন এবং তিনি ঘখন রজন্বলা হইলেন, তখন তাঁহার নাভিতে হাত ব্লাইলেন। ঐ সময়ে বোধিসন্ত দেবলোকে দেহত্যাগপূর্ব্বক পারিকার পঠে ছল্পান্তর লাভ করিলেন। দশমাস মতী চ হইলে পারিকা এক হেমকান্তি পূত্র প্রস্ব করিলেন। প্রের কনকোজ্জন বর্ণ দেখিলা মাতাপিতা তাঁহার নাম রাখিলেন স্থবর্গাম। পর্বতান্তরবাসিনী কিন্তরীপণ পারিকার পুত্রের ধাত্তীকর্ম করিয়াছিল। ফুকুলক ও পারিকা পুত্রেকে স্থান করাইয়া পর্বশালায় শোওলাইয়া রাখিয়া বহু ফলমূল আহরবের জন্ম যাইতেন; ঐ সময়ে কিন্তরীরা শিশুটীকে লইয়া গিরিকল্বরাদিতে স্থান করাইত, পর্বত শিশবে উঠিয়া তাহাকে নানা পুশাভরবে সাজাইত, এক তাহাকে হরিতাল-মন:-শিলাদির তিলক পরাইয়া প্রশালায় আনিয়া শোওলাইয়া রাখিত। পারিকা ফিরিয়া আসিয়া তাহাকে গুল্প পান করাইতেন।

ছ্বর্ণপ্রাম এইরণে প্রতিপালিত হইরা ফ্রন্থে বোড়খবরে উপনীত হইল। তথনও মাতাপিতা তাহার রক্ষণবেক্ষণ করিতে লাগিলেন। তাহারা প্রতে পর্ণশালায় বসাইয়।

কামাবচর লোক বা কামবর্গ। ইহা চয়টা (১ম খণ্ডের ৮য় পৃষ্টের পাদটাকা ক্রষ্টব্য)। কামলোকের অধিবাদীরা বেবছ লাভ করিয়াও কানের বনীভূত; ব্রক্তনাকবাদীরা কানের অতীত।

রাখিরা নিজেরা বস্ত কণমূল আহরণের জন্ত যাইতেন। কথন কি বিপদ্ ঘটে, এই আশকার বহাসত তাঁহাদের গমনপথটা লক্ষ্য করিতেন। অনস্তর একদিন তাপসদন্দতী বন্ধ দলমূল সংগ্রহপূর্ত্তক সায়াছকালে প্রত্যাগমন করিতেছিলেন, এমন সময়ে আশ্রমপদের অনুষ্ঠে আকাশে মহামের দেখা দিল; তাঁহারা একটা বৃক্ষের মূলে গিয়া বল্লীকোপরি আশ্রম লইলেন। ক্র বল্লীকের মধ্যে একটা বিষধর সর্প বাস করিত। তাঁহাদের শরীর হইতে স্বেদগক্ষ্যুক্ত লল নামিয়া সর্পটার নাসাপুটে প্রবেশ করিল; ইহাতে সে কুক্ত হইয়া সবেগে নাসাবাড ভাগে করিল; উহার সংস্পর্শে তাঁহারা ছইজনেই অন্ধ হইলেন, একে অপরকে দেখিতে পাইলেন না। ছকুলক পশ্তিত পারিকাকে সম্বোধন করিয়া বলিলেন, "পারিকাও ঠিক এইক্রপ বলিয়া নিজের তুর্দ্দশা জানাইলেন। তাঁহারা পথ দেখিতে না ।" পারিকাও ঠিক এইক্রপ বলিয়া নিজের তুর্দ্দশা জানাইলেন। তাঁহারা পথ দেখিতে না গাইয়া. "হার, আজ আমরা প্রাণ হারাইলাম," এইক্রপ পরিদেবন করিতে করিতে ইওন্ততঃ বিচরণ করিতে লাগিলেন।

পূর্বাক্বত কোন্ কর্ম্মের ফলে তাঁহাদের এই তুর্দশা ঘটিল ? তাঁহারা নাকি কোন বৈজ্ঞ কুলে জন্মগ্রহণ করিয়াছিলেন। কোন মহাধনশালী ব্যক্তির চক্তরোগ হইলে বৈশ্ব তাঁহার চিকিৎনা করিয়াছিলেন; কিন্তু রোগী তাঁহাকে কোন পারিশ্রমিক দেন নাই। ইহাতে কুল্ক হইয়া বৈজ্ঞ নিজের ভার্য্যাকে এই কথা বলিয়া জিজ্ঞানা করিয়াছিলেন, "বল ত, এখন কি করি ?" ভার্যাও কুলা হইয়া বলিয়াছিলেন, "সে পাপিষ্টের কাছে খন দইবার কোন প্রয়োজন নাই; তুমি একটা দ্রব্যকে ঔষধ বলিয়া উহা একবার ভাহার চক্তে প্রয়োগ কর এখা এই উপায়ে তাহার চ্ইটা চক্ষ্ই নই করিয়া ফেল।" পত্নীর এই পরামর্শ গ্রহণ করিয়া বৈশ্ব উত্ত লোকটার চত্ত্র্য নই করিয়াছিলেন। এই কর্ম্মণলে এখন তাঁহাদের সুইজনেরই চক্ষ নই হইল।

এদিকে মহাসত্ত ভাবিতে লাগিলেন, 'আমার মাডাপিতা অক্সান্ত দিন এই সময়ে ফিরিয়া আদেন; কিন্তু আজ তাঁহারা কোধার আছেন, কিছুই বুঝিতে পারিতেচি না। তালারা যে পথে যান, আমি দেই পথ ধরিয়া গিয়া দেখি। ইহা দ্বির করিয়া তিনি ঐপরে গিয়া শব্দ করিতে লাগিলেন। তুকুলক ও পারিক. ঐ শব্দ শুনিয়া বুঝিলেন, তাঁহাদের প্রদ্রই শুক করিতেছেন। তাঁহারা দাড়া দিলেন এবং পুত্রবেহবশতঃ বলিলেন, "বংস থাম, এ প্রে বিপদ আছে। তমি অগ্রস্ব হইও না।" মহাদ্ত তাঁহাদের হত্তে একথানি দীর্ঘ মষ্টি দিবা বলিলেন, "তবে আপনার। এই যৃষ্টি ধরিয়া আহ্মন।" তাঁহারা ষ্টির এক প্রান্ত ধরিয়া পুত্রের নিকটে গেলেন। মহাস্ত জিজ্ঞাসিলেন "আপনাদের চকু নট হইল ক্রিপ ?" তাঁহারা উত্তর দিলেন, 'বাবা, বৃষ্টি হইতেছিল বলিয়া আমরা বৃক্ষ্যলে একটা বল্মীকের উপর বসিয়া-हिनाम : हैश हाफा खना दकान कात्रण छ दानिया शाह ना।" हैश छनिया महामख दिखानन যে ঐ বন্ধীকে বিষধর দর্প আছে; দে ক্রন্ধ হইয়া নাদাবাত ত্যাগ করিয়া থাকিবে। অনস্তর তিনি মাতাপিতার দিকে দৃষ্টিপাত করিলেন, এবং একবার কান্দিলেন ও একবার হাসিলেন। हेशांक कांशावा किकामित्वन, "वावा, कांनित्व वा तकन, शामित्वरे वा तकन ?" जिनि विमानन, "(योजदान व्यापनाता हक शाबाहातन, वहबना कामिनाम ; किन्न व्यापनादानत ভ্রৰপোষৰ ও ৰক্ষণাবেক্ষণ করিব, এইজনা হাদিলাম। আপনার! চিম্বা করিবেন না: আমি আপনাদের রক্ষণাবেক্ষণ করিব ." এইব্রপ আশ্বাস দিয়া মহাসন্ত মাতাপিতাকে আশ্রমে নইরা গেলেন ; তাঁহারা রাত্রিকালে বেবানে থাকিতেন, দিবাভাগে বেবানে থাকিতেন, তাঁহাদের हक मानः भर्गमानावः मनकृतिदा ও क्षव्याव-चात्म-गर्सक अमन कविवा व्यक् वाकितनन त्व. छात्रा विवा छीहात्रा वयन द्यवादन ब्यद्याचन, वावेट्ड शाद्यन : अवर श्वतिन हरेट्ड छीहाविश्रदक আশ্রমে রাখিয়া নিজেই বন্ধক্ষণ্য আহ্বপ কবিতে লাঞ্চিলন। তিনি প্রাতঃকালেই উাহাদেব বাদস্থান সম্মাৰ্ক্ষন কবিতেন, মৃগসম্মতা নদীতে গিয়া জল আনিতেন, তাহাদেব ভোজা দি ক্রব প্রকাত কবিতেন, দক্ষকাঠ ও মৃথোদক সাজাইয়া বাধিতেন, ভোজনের জক্স নানাবিধ্য মধুর ফল দিতেন, এবং তাঁহারা ভোজনান্তে) মৃথ প্রকালন কবিলে নিজে ভোজন কবিত্নেন। ইহার পর মাতাপিতাকে প্রণাম করিয়া তিনি মুগগণ-পরিবৃত হইয়া ফলাহরণার্থ বনে প্রবেশ কবিতেন, পর্বতান্তরে কিল্লবগণবিবৃত্ত হইয়া ফল সংগ্রহ কবিতেন, সামাহকালে আশ্রম ফিরিতেন, কলসী পূর্ণ করিয়া জল আনিত্তেন, উচা গরম করিতেন; গরম জল দিয়া মাতাপিতার ইচ্ছামত হয় তাঁহাদিগকে স্থান করাইতেন, নয় তাঁহাদের গা গোওয়াইতেন, খাণড়ায় জ্বলার আনিয়া উল্লোকে গায়ে সেক দিতেন, উহাদিগকে কলাইয়া নানাবিধ্ ফল খাওয়াইতেন, শেষে নিজে খাইয়া যাহা অবশিষ্ট থাকিত, ভাহা এবিদনের জন্য রাথিতেন। এইরূপে মহাস্থ মাতাপিতার সেবা করিতে লাগিলেন।

এই সময়ে বাছাণসীতে পিলিয়ক্তনামক এক বাজা ভিলেন। কিনি মুগ্নমাংসলে দ মাতার উপর রাজারকার ভার দিয়া পঞায়ধে অসজ্জিত চর্ট্যা হিমালতে প্রবেশ ক্রিগানিকেন अवर मन वस कविशा जाहारमव मारम नाहरजहित्तमः अहेत्राल विहत्तन अविराज कविराज একদ। তিনি মগদন্ততা নদীর ভীরে উপন্থিত হইলেন এবং যে ঘাট হইতে ভাগ জল নই। যাইতেন, সেধানে মগপদ্যতিক দেখিয়া মথিবৰ্ণ শাখা ছাবা একটা কোষ্ঠ নিৰ্মাণপৰ্যক শ্বাসন বিষ্টিষ্ঠ পর সংযোজন করিয়া ভাষার মধো লকাইয়া বৃত্তিলন দ্মতাস্পুস্কাকেলে নানাবিধ ফল আহরণ করিয়া যে সমস্ত আতামে হাসিয়া মাঙ্গপিতে দ প্রপাম করিয়া বলিলেন, ''আমি স্থান কবিয়া জ্বল লট্যা আসিতেছিল বাং মান্মব্যক্ত উচ্চত্ত দিবিয়া পাঁডাইল ে তিনি হুইটী মগ একল কবিয়া ভাতাদেহ প্রেট লাশ্র মুল্পনা রাণিলেন এবং নেই ছইটীকে হাত দিয়া ধবিয়া নদীভীবে গমন করিলেন। ভোটকস্থিত রাজা জাহাকে ঐভাবে জাসিতে দেখিয়া ভাবিলেন, আমি এডদিন এই অঞ্চলে বিচৰণ কৰিছেছি। কিছ নামুবের মুখ দেভি নাই। এ দেবতা, কি নাগ ? আমি ইহার নিকটে গিছা জিল্পাসা করিলে এ যদি দেবতা হয় তবে আকাশে উথিত হইবে : যদি নাগ হয় তবে ভগতে প্রবেশ করিবে। আমি ত চিরকাল এই হিমালয়ে থাকিব না: বারাণদাতেই ফিরিতে হইবে। সেখানে व्यभारकाता किकामा कतिर्वत, 'महाताक, व्यापनि हिमानस वाम कविवाद काल वाक्की कि দেখিয়াছেন কি ?' আমি উত্তৰ দিব, এইকপ একটা প্ৰাণী দেখিয়াছি। কিছু জাতাৰা হণ্ন भावात्र श्रम कतिरवन. 'रत लागी रक ।' उथन भामारक विनए इहेरव रथ, भामि कानि ना। এই উত্তর গুনিয়া তাঁহারা আমাকে নিন্দা করিবেন। অতএব এই প্রাণীকে শরবিদ্ধ করিয়া ছর্বল করা বাউক: শেষে ইহার পরিচয় জিজাসা করিব।' রাজা এইরপ চিন্তা করিতে শাগিলেন; এদিকে বোধিদত্তের অমুগামী মুগেরা প্রথমে নদীতে অবতরণপূর্বক অলপান করিয়া উপরে উঠিল: তাহার পর বোধিসত ত্রভাচারসম্পন্ন মহাস্থবিরের স্থায় ধীরে ধীরে জলে नांभित्तन. अभाखभात উপরে ফিরিয়া আসিলেন বঙলটা পরিধান করিলেন, এক ছল্কে অজিন भारत कतिरामन, कमन जुनिया जाहात वाहिरत नामत खन मुख्या स्मृतिरामन अवर जेहा वामाः मकुछि श्रामन कतिरमन। ताका जाविरमन, देशहे अतिविद्य कतिवात उद्धम ममय। তিনি বিষদিশ্ব শর নিক্ষেণ করিয়া মহাসম্বকে দক্ষিণণার্শে বিদ্ধ করিলেন; শর এভ বেগে निक्शि रहेशाहिल व छेरा मरामाख्य त्वर एक कविशा वाम्यार्थ विशा वाहित रहेशा (१०)। ভিনি বিদ্ধ হইয়াছেন ব্ৰিয়া মুগগণ ভয়ে পলায়ন করিল। স্মুৰ্গুস্তাম প্ৰিভ কিছু শুর্বিছ दरेगांच दर दम अकारत जतमा चलाकी तका कश्चितमा। जिलि कथिन श्राहणिय द्देश छेदा

ধীরে ধীরে নামাইলেন, বালি সরাইয়া সেই গর্জে উহা রাখিয়া দিলেন এবং দিক্ নিজ্পণ করিয়া যে দিকে তাঁহার মাতাণিতার আশ্রম, দেইদিকে নিজের মন্তক স্থাপন করিয়া রজতপট্টনিভ সিক্তার উপর স্বর্ণ প্রতিমার ভার শুইয়া পড়িলেন। তিনি পুনর্কার চৈত্ঞা লাভ করিয়া বলিলেন, "এই হিমালয়ে ত আমার কোন শক্র নাই; আমি ত কাহারও সহিত শক্রতা করি নাই!" এই সময়ে তাঁহার মূথ হইতে মরণস্চক রক্তপ্রবাহ নিঃস্ত হইল। তিনি রাজাকে দেখিতে না পাইয়াই বলিলেন,

> ১। জল তুলিবার কালে না ছিলাম সাবধান; হেনকালে দেহে মোর কে তুমি হানিলা বাণ? ক্ষয়য়. আক্ষণ, বৈশু— কোন্ কুলে জয় তব? বিভি মোরে লকাইলে। বীরের কি এ গৌরব?

छाँदान रमट्ट्स भारम रा व्यक्तमा हेश श्रमर्भन कत्रिवात क्रम जिनि व्यावात विमासम,

शाःम মোর খান্ত নয়; চর্মে নাই প্রয়োজন;
 বৈধার্ক ভাবিলে তবে তুমি মোরে কি কারণ ?

অভাগের শরনিকেপ্কের নামাদি জানিবার জন্ম তিনি তৃতীয় গাথা বলিলেন: —

ওধাই তোমার, সৌম্য; হাও পরিচর, কি নাম তোমার ? তুমি কাহার তনর ?
 কি হেত বিশ্বিলা মোরে ? প্রকায়ে এখন রহিয়াছ, বল, শুনি, তুমি কি কারণ?

ইং। ওনিয়া রাজা ভাবিলেন, 'এই ব্যক্তিকে আমি বিষণিক্ষ শরে আহত করিয়া ফেলিয়াছি; তথাচ এ আমাকে গালি দিতেছে না, বা আমার নিন্দা করিতেছে না; এ থিয় বাক্য বারা আমার দ্রদয়ে খেন সাজনা দিতেছে! যাই, ইংার নিকটে গিয়া দেখি।' ইংা স্থিব করিয়া তিনি ভামের নিকটে গিয়া বলিলেন

- काশীরাজ আমি পিলিযক্ষ নাম ধরি,
   মাংসলোভে রাজ্য ছাড়ি বিচরপ করি।
   মগ অছেষবে সদা ফিরি বলে বলে:

এইক্রণে নিজের বল বর্ণনা করিয়া রাজা ভাষের নাম গোতা জিজাদা করিলেন: --

। कि নাম ভোমার ? বাও নিজ পরিচর ; ,কোন্ গোতে জয় ? তুমি কাহার ভনর ?

শ্রাম ভাবিলেন, 'আমি যদি দেব, নাগ, কিলর বা ক্ষত্রিয়াদি বলিয়া আত্মপরিচল দেই, ভবে ইনি ভাহাই বিশ্বাস করিবেন। দ্র হৌক, সত্য কথাই বলা উচিড।' ইহা স্থির ক্রিলা ভিনি বলিলেন,

- নিবাদের পুত্র আমি; লীবিত হিলাম ববে
   'ছাম' নামে ভাকিতেন মোরে আতিবলু সবে।
   অভিম শব্যার, হার, শুইরাহি আমি আল,
   হউক বর্কতোশুরু, ভোনার, হে মহারাল।
- মুগবৎ বিদ্ধ জানি বিবদিশ্ব মুদ্দ শরে;
   পশ্চিত, দেখ বা, নিজ-মক্তর্য ত কলেবরে।

ত্ৰিক্ষিত। দক্ষিণ পাৰ্থ নিদাকৰ বাব তৰ ۱ د ৰাম পাৰ্শ দিয়া, দেখ, গেছে চলি, নইৰ্ন্ছ । उक्त डेट्रे मृद्ध , कांत्र मुखान विमय नाहे . विकि भारत मुकारेबा हिला स्कन, बन छारे।

শুন্দর চর্শ্বের তরে লোকে ধীপী বধ করে ; 5 - 1 দস্তবপ্রের তরে বধে লোকে করিবরে: সাধিতে কি প্রবোজন, ভাবিলে আখাচ, বল,

বেধার্ত্ত,-জানিতে ইহা জন্মিয়াছে কুডুহল।

স্থানের কথা শুনিয়া, যাহা প্রকৃত ঘটিয়াছিল ভাষা পোণন করিয়া, রাজা মিখাা উত্তর मिटलन :-

শরপান্তনের পথে মুগ এক এসেছিল; >> 1 তোমার দেখিয়া সেটা ভন্ন পেন্নে পলাইল। ক্ষ আমি তব প্রতি হইলাম সে কারণ ; বিক্সিতে ভোষাকে শর করিলাম নিক্ষেপণ।

মুগ্রাম বলিলেন, " আপুনি কি বলিতেছেন, মুগুরাজ ? এই হিমালয়ে আমাকে দেখিয়া প্ৰায়ন করে, এমন কোন পভ নাই।

করিতে সারণ, যতদর পারি আমি ১২। জীবন-বস্তান্ত পূর্বব জান-উন্মেৰণ, চ্ট্যাছে, নরনাথ, বধন চউতে মোর দর্শনে আমার अ व्यवस्था काटक यांवा, কি বা মগ, কি খাপদ, আমি যে বিশাসপাত তাহ। সবাকায় । হয় নি চকিত কড় : বজলচীৰর আমি করেছি ধারণ, ১৩। যধন হইতে এই পেন্ধেছি যৌবন বালা অতিক্রম করি যথন ১ইতে আমি प्रणीत कामाव এ অরপো আছে বারা, कि वा मृत्र, कि चालम, আমি যে বিশাদপাত্ত ভালা স্বাস্থান ৷ হর নি চকিত কড় : এ গৰুমাদনে আছে কিম্পুরুষগধ, ১৪। থাকক প্ৰেব কথা, বিশাসভাজন। কিন্ত নামি ভাহাৰেৰ সভাবত: ভীকু যারা --व्यानाम विवित्र । পর্বতে, কাননে আমি মিলিয়া তাদের সনে বৃথিতে না পারি। দেখি মোরে পেল ভর, তবে সে হরিণ কেন

উহা শুনিয়া বাক্স। ভাবিলেন, 'একে ত আমি এই নিরপরাধ ব্যক্তিকে শ্রবিদ করিলাগ; ভাহার পর আবোব মিথ্যা বলিলাম! এখন স্ভা কথাই বলা যাউক। এই সঙ্কল কবিয়া ভিনি বলিলেন,

वित्र ज्लोक कथा : क्षत्र व्यापात । ১৫৷ দেখি নাই মুগ কোন ; হে ঋাম, ভোষায় করিমু তোমার দেহে শর নিক্ষেপণ। ক্রোধ ও লোভের দাস আমি নরাধ্য 🔭

ইহা বলিয়া বান্ধা আবার ভাবিলেন, 'এই স্থ্বর্ণখাম এ বনে একাকী বাদ করে না; নি\*চয় এখানে ইহার জ্ঞাতিবন্ধুগণ আছে ; জিজ্ঞাশা করিয়া দেখি।' ভিনি বলিলেন,

প্রেরণ ডোমারে কেবা করেছে হেখার ১৬। কোথা হ'তে আদিরাছ বল ত আমার;

কার আজা পেয়ে তুরি আসিলে নদীতে? মুগদন্মতার জল লইরা যাইতে ? শরাঘাতে শ্রাম মহা যাতনা ভোগ করিতেছিলেন; তিনি কণঞ্চিৎ ধৈষ্য অবলম্বন

क्तिमा मुथ इहेट जुक्तवमन शूर्वक विलागन,

তাঁহাদের সেধা আমি করি সবতৰে। ১৭। মাতা পিতা অস্কু মোর; এ ভীবৰ বৰে মুগদশ্বতার আমি এসেছি, রাজন্। ক্রিতে ওাদেরি তরে জল আহরণ

<sup>🥆</sup> মুলে 'তে' আছে। ইহার কোন অর্ধ হয় না। পাঠান্তর 'তে ন'। ইহা একপদরূপে (অর্থাৎ 'তেন' এই ২;বে ) গ্রহণ করিলে সুসঙ্গতি রক্ষা হর। তেন=সে কারণ।

অনুষ্ঠা ডিনি মাত্যাণিডাকে উদ্দেশ করিয়া বিলাপ করিতে লাগিলেন :--

১৮ ৷ কীৰ্ণাৰ্থ ভাৱা জীবনাডের সমান বাঁচিয়া আছেন , হায়, কটারে কেবল

কল বিনা এডদিনে, ব্যাপ নিশ্চয়

১৯। মৰিব ভালাতে বিজ্ঞ গ্ৰাণ নাই তত জননীর পাদপদ্ম না দেখিব আর .

২০। মরিব ভাহাতে কিন্তু দুঃৰ নাই তত জনকের পাদপত্ম না দেখিব আর .

२)। जननी आमात मीना, ना स्विच आमात निगीर्थः शन्तिम यास्य वित्र अकारिकी

কন্ত স্রোভস্বতী বধা, নিদাঘে বধন ২ং। জনক আমার দীন, না দেখি আমায়

> নিশীখে, পশ্চিম হামে একাকী বদিয়া का बारी क्यांठ यथा. निवादय यथन

২০। শ্যা ছাড়ি প্রতিদিন এই তিনবার না পেয়ে ডা' ভ্ৰমিবেন এ বিশাল বনে ২০। অক মাতাপিত। মোর নারিক দেখিতে

ইহাই দ্বিতীয় শলা, জালায় যাহার

দেহের উত্তাপে শুধ হয় অসুমান **छउ**छै विस्तत थोना तरबस्य मचल। মরিবেন শুক্তকটে সেই অভ্যন্ত। সকল প্রাণীই হর মতামধগত। এ চিন্তার ভবিষয় কিন্ত ডঃগভার।

সকল প্ৰাণীই হয় মৃত্যুম্থগত। এ চিম্নায় দুবিষ্ফ কিন্ত তঃশভার। (भारक क्रिके हित्रमिन इंटेरियन, शह ।

ত্টবেন অনিদার শীর্ণা অভাগিনী**—** এপন প্রথব তাপ করে বর্ষণ।

শোকে ক্রিট্র চির্দিন হইবেন, হার। যাইবেন অনিদ্রায় ক্রমে ওকাইরা-

জন্ম প্রথব তাপ করে বর্ষণ। कविशक्ति (प्रवा-मःवाहन छ'सनाव। 'কোথা, বংদ খ্যাম' বলি তারা ছই স্কলে।

মরণসময়ে : এই তঃখ বড চিতে।

ক্লদন্ত হতেছে মোর পুডি ছারখার।

খামের বিলাপ শুনিয়া হাজা চিন্তা করিতে লাগিলেন, 'এই বাজি পূর্ণ বন্ধচার্যা অ্প্রতিষ্ঠিত হইয়া মাতাপিতার পোষণ করেন, এখন এই ভীষণ যন্ত্রণার মধ্যেও ইনি কেবল তাঁহাদিগ্রেই লক্ষ্য করিয়া বিলাপ করিতেছেন। ঈদশ ওগবান ব্যক্তিকে শরবিদ্ধ করিয়া আমি মহা অপুরাধী হইয়াছি। কি উপায়ে এখন ইংাকে আখাস দেওয়া যায়? আমি यथन नत्रक लादन कतिव. ताला उथन आमात कि उपकारत आमिरव ? हिन माडा-পিভাবে বে ভাবে পোষণ করিতেন, আমিও ঠিক দেই ভাবে তাঁহাদের ভরণপোষণে পার্বত হইব। ছাহাতে ইহার মরণও অমন্তণবৎ হইবে।' এইরূপ সম্বল্প করিয়া তিনি বলিলেন.

२०। क'त्रा ना विलाश विनो, क शिक्षपर्णन । করিব এ মহারণো যন্তনে সভত १७। वडहे निश्न व्यामि भवनिक्तिशत !

আমিট চটবা দাস এট মচাবনে

२१। প্রুরা বনে যে খাতা ষাইবে ফেলিয়া, • বনজাত ফলমূল সংগ্রহ করিব ,

२৮। अनकजननी छत्, रल प्रिथ, छाटे

যাইব সেখানে আমি. করিব পোষণ

আমিট চটয়া দাস ভরণ-পোষণ মাডার পিডার তব : হও হে, আবস্ত। एए- थया दलि माद्र कारन मर्ककरन । পৃষিব নিশ্চয়, জেন, সেই ছই জনে। যতনে সে সব আমি লব কুড়াইয়া। शामकारण काकदरव यखरन स्मविव । এ অরণো বসতি করেন কোন ঠাই ? डार्द्रित, करवह, श्राम, छुमिछ रवमन ।

মহাসত विनिद्यन 'शिधु, মহারাজ, शाधु। তবে আপ্রিই আমার মাতাপিতার ভরণপোষণের ভার গ্রহণ কলন।" ভিনি একটা গাখার মাল্লমের পথ নির্দেশ করিলেন :-

> ২৯। শিশবের দিকে অই একপদী পথ: অই পথে অৰ্থক্ৰোল করিলে গমন দেখিতে পাইবে এক আশ্রম, রাজন। মাতাপিতা মোর সেখা করেন বসতি। বাও চলি : আৰু হতে লও ভাৰাৰের রক্ষণাবেকণ ভার---সভাসক ভূমি।

এইরণে রাজাকে পথ বুঝাইয়া দিয়া মাতাপিতার প্রতি প্রসাঢ় ভক্তিবশতঃ ভাদৃশী ব্যুণা ভোগ করিবাও শ্যাম ক্লডাঞ্জিপুটে রাজার নিকট পুনর্কার প্রার্থনা করিলেন :--

কাশীরাজ্যাধিপ তুমি, কাশীনরেশ্বর,
 মাতাগিতা অন্ধ মোর : পালিবে ছ'লনে

নমন্ধার, কাশীরাজ। বৃড়ি ছই কর

মাতার চরবে, আর পিতার আমারিক কর

চরণে তোমার নমকার বার বার। এই মহারণো জুমি পরম বতনে। এই ভিন্দা নাগুনভেডি, ওচে নরেখর,— জানাবে জামার্থ কোটি কোটি নমকার।

"নিশ্চয় জানাইব" বলিয়া রাজা সমতি জ্ঞাপন করিলেন। মহাসন্ধ রাজার সূধে পিতানাতাকে নমস্বার জানাইয়া বিসংজ্ঞ হইলেন।

> এই বৃদ্ধান্ত সম্পষ্ট করিবার জন্ম শান্তা বলিলেন ৩২। বলি ইহা, বিবৰেগে দে প্রিয়দর্শন যুবক মুর্জিত হ'ল—সংজ্ঞাহীন এবে।

শ্যাম এতক্ষণ কথা বলিতেছিলেন বটে, কিন্তু তাঁহার শাসপ্রশাস বেন কছঃ ছইরা আদিতেছিল। ক্রমে বিষবেগে তাঁহার ভবাল, চিন্তসন্ততি, \* ক্রংপিণ্ড ও দেহ এলন অভিতৃত হইল যে, তাঁহার আর কথা বলিবার সামর্থা রহিল না; তাঁহার মুথ বন্ধ হইল, চক্ষ্মম নিমীলিত হইল, হন্তপদ গুভিত হইল; সর্বাশরীর শোণিতসিক্ত হইল। রাজা ভাবিলেন, 'এই ব্যক্তি এখনই আমার সজে কথা বলিলেন; এখন কেন ইনি এমন হইলেন গ তিনি শ্যামের নিঃখাস প্রশাস পরীকা। করিলেন; দেখিলেন যে, নিঃখাস প্রশাস বন্ধ হইয়াছে, শরীরও তার হইয়াছে। তথন 'শ্যাম ত তবে মরিয়াছেন!' ইহা দ্বির করিয়া তিনি শোকবেগ সংবরণে অসমর্থ হইলেন। তিনি উভয় হত্তে মন্তক রাধিয়া উচ্চৈঃখরে বিলাপ করিতে লাগিলেন।

**এই वृष्णाच** क्रूनाडे चारव वर्गन कत्रिवात सक्र भारत। विज्ञालन,

- ৩০। দেৰি ইহা নরপাল বহু পরিভাপ করেন করুপখরে :— "হার, এতকাল অজর অমর আমি, ভাবিতাম মনে। মৃত্যু বে অবশাস্থাবী, বুরিলাম আল। পুর্বে কিন্তু এই জ্ঞান ছিল না আমার।
- । বিষদিক শরাহত, বিবে অভিতৃত —
   তথাপি করিল ক্সাম উপদেশ দান।
   এও বদি মৃত্যুমুখে হইল পতিত,
   মৃত্যু না গ্রাসিবে বল অক্স কোন ক্সমে ই
- श्रीतबाट , छात्र ; সুপে নাই কথা তার ;
   নরকে নিকর হবে পনন আবার ।
- ৩৬। প্রারকে বিজিয়া শরে বে তীবণ পাপ করিরাছি, চিরদিন বোর পরিশাম ভূঞ্জিতে তাহার হবে; গ্রামবালকেরা বিকার পাপীরে দিবে শত শত বার। জনহীন কিন্তু এই অরণ্য মার্বারে এবন কেহই নাই, চিনে বে আবারে।
- গ্রামবালকেরা মিলি করাবে শ্বরণ,
  করিলাম আমি আন্ধাবে গাপা তীবন।
  ক্রমবান কিন্তু এই শ্বরণ্য নারারে
  এবন কেন্ট্র নাই, চিনে বে শাবারে।"

এই সময়ে বক্ত সন্দ্রী নামী এক দেবক লা গন্ধমাননে বাদ কবিতেন। তিনি জাতীক স্প্রম জাব্য মহাস্তের জননী ছিলেন। পুত্রস্কেহবশতঃ তিনি মহাস্তের কথা ভারিতেন। ... ঐ দিন কিছ তিনি নিজেই দিবা সম্পত্তি অফুভব করিতে করিতে বোধিসম্বের কথা ভাবেন নাষ্ট। কেচকেচ বলেন, তিনি ঐ দিন দেবসভায় গিয়াছিলেন। শাম যথন মঠিত करेलन, তথন হঠাং দেবীৰ মনে হটল, তাঁচার প্রত্তর যেন কি চইয়াতে। তিনি চিন্তা ক্রবিহা দেখিলেন রাজা পিলিযক্ষ তাঁছাব প্রত্তে বিযদিয়া শরে বিজ্ঞা করিয়া মুগসম্মতানদীর সৈকজভনিতে পাতিত করিয়া উলৈঃমবে বিশাপ কবিতেছেন: তিনি নিজে যদি সেখানে मा बाम. उटाव डाँहार भूख खबर्गगाम माता शाहरतम. तालात कृत्य विमीर्ग हहेरत, भारमत মাজাপিতাও অনাহারে, পানীয় জলটক প্রয়ন্ত না পাইয়া গুকাইয়া গুক্তাইয়া মরিবেন : কিন্ত তিনি যদি সেধানে উপস্থিত হন, তবে বাজা জলের কলদী লইয়া শ্যামের মাতাপিতাব निकंडे शहरदन ও পুজের মৃত্য সংবাদ দিয়া **छाँ। मिश्रतक नमी** जीत आनश्न कवित्वन : দেশন শামের মাতাপিত। এবং দেবী নিজে সভাক্রিয়া কবিবেন: এই সভাক্রিয়া দ্বারা শ্যামের দেহপ্রবিষ্ট বিষ নষ্ট ইইবে. শ্যাম প্রাণ লাভ কবিবেন, জাঁগার অস্কু মাতাপিতঃ প্রনর্মার চক্ষ্ পাইবেন, রাজাও শামের মুখে ধর্মকথা শুনিয়া রাজধানীতে প্রতিগমনপূর্বক মটাদানে প্রবত্ত চইয়। পরিণামে স্বর্গলাভ করিবেন। এইরূপ চিগ্তা করিয়া বৃত্তস্থূ-দ্বী মগদম চাব তীরে গ্রম করাই যক্তিয়ক্ত বলিয়া স্থিব করিলেন এবং দেখানে গ্রিয়া আকাশে অদশাভাবে অধিষ্ঠিত হইয়া রাজার সঙ্গে আলাণে প্রবৃত্ত হইলেন।

এই বৃত্তান্ত হস্পইকলে বর্ণনা করিবার জন্য শান্তা বলিলেন
তদ। পদ্ধমানন পর্বতে অদৃশু থাকিছা;
হইয়া রাজার প্রতি অমুকম্পাবশ,
বলিলা বহুহস্পরী এই গাবান্ত্র :

করিরান্ত, মহারান্ত, মহা অপরাধ :

মহাপাপ তুমি, ভূপ, করিরান্ত স্থান্ত ।

মাতা, শিতা, পুত্র তিন নির্দ্ধোর প্রাণীকে

সংহার করিলে তুমি এক শরাণাতে।

১০ এম, দেই উপদেশ, পালনে মাহার

স্থাতি করিবে লাভ সম্ভবতঃ তুমি।

মধাধর্ম অন্ধর্মে করিলে পোধন

দেবীধ কথা শুনিয়া রাজার বিশাদ হইল যে, শ্যামের মাতাপিতার তরণপোষণ করিলে তিনি পরলোকে স্বর্গলাভ করিতে পারিবেন। তিনি স্থির করিলেন, "রাজ্যে আমার কি প্রয়োজন প আমি অন্ধ স্থইজনকেই পোষণ করিব।" এই দৃঢ় দহল করিয়া এবং বহু পরিদেবন দারা শোকভার লঘু করিয়া তিনি ভাবিলেন, 'স্থর্ণশ্যাম মারাই গিয়াছেন'। তিনি নানাবিধ পূপদারা তাঁহার শরীর পূজা করিলেন; তাহাতে জল সেচন করিয়া ভিনবার এইকিশ করিলেন, তাহার চতুর্দ্ধিকে প্রণাম করিয়া, স্থর্ণশ্যাম যাহা জ্লপূর্ণ করিয়াছিলেদ ও দেই কলদী লইয়া নিতান্ত বিষয়মনে দক্ষিণাভিমুধে যাত্রা করিলেন।

মুগতি হইবে তব, মনে এই লফ ৮

<sup>•</sup> মূলে 'তেন প্ৰিতং উদক্ষটং' আছে। আমার মনে হয় 'পুরিতং' পদের পরিবর্তে 'পুরিতং' পদ এহণ করাই যুক্তিমুক্ত।

এই हासास कष्णकेशास्त्र नातः कनियान कृत्र भारतः विहासकः ৪) ৷ কৰিল কৰণপৰে বিভাগ আনক. লইল টেয়কটে কংশীলবপজি र्दामका अधिकारश्च सामग्राह्मण्यान ।

কুম্বেক্ত মহাবল হটালেও বাজা জ্ঞান কল্মী লটয়া অভিকৃত্তি সমস্ত্ৰত মাছাইতে মাডাইতে আশ্রমপ্রে প্রবেশ্পর্যক চকলপ্তিকোর পর্বশ্লাকার উপনীত চইতেন - প্রিত ভিন্তৰ হলিল উত্তৰে সল্ভাক জালিছ ভাবিকেল 'এ ভ শাবেমৰ প্ৰশাস নয় কে ามประชากระบำ โทโม โดสเปราสม

> ৪২। ক্ৰিকেটি প্ৰেশ**ল** মানুকেই কটে। ভাগের প্রের শব্দ কিছে বিরা নহা কে ভূচি মারিদ, একে অত্তরে মেধনের গ वकः अध्यक्तान्त्र शहरे क्षाच अध्यक्षात्र कात লাক চলাগ্র অমূচত অ**ম্**কল , আন্মের চাটের শক্ষ এ জারানিক্য।

ইয়াক্ষিণায়কো ভাবিলেন 'জামি নিজেব বজিপদনা জানাইলা দদি বলি যে, ভোমানের প্রত্যুক্ত বধ কবিধাতি, ভবে ইতারা ক্রন্ধ হইং আমানে তর্ববারা বলিবে : ভতে ভ্রিষ্য ইচালের প্রতিও আমার তেরার জালাবে, হয়ত সে জলা আমি ইচালিগতে প্রচার কৰিব। খোলাকে যেন এখন পাণ নাকৰিছে হয়। আমি ৰাজা, ইহা বলিকে ভয় না পাইবে এমন লোক নাই, অতএব আমি যে বাজা, ইতাই বলি ? ইচা কিব কৰিয়া তিনি कस ताशिकात और के कालव सलमी टारिया अर्थना नाचारत में छाईया दिल्हिन.

কে ভূমি, মাহিষ, এলে ভাগ্রমে নাম্পর গ

৪৪। কাশীবাজ আহি, পিলিয়ক নাম ধবি মুগজতেরৰে সদা কিবি বনে বনে । বডুই নিপুগ আমি শংনিকেপণে। বুচধবাবলি মোবে জানে স্কল্পন মাশুষ ভ ডচ্চজীব, নিজে লাগেখব,

द्रांत्रहाताहर अन्तर क्रांकि दिहन्न कवि : গুড়ে হলি শ্বপ্রে অংমার কংল মংণ হইতে ভাব নাছিক নিয়াৰ।

ইটা ভুনিয়া চুকুলপড়িত বাজাকে সাদ্বস্ভাহণ কৰিয়া বলিলেন,

৪৬ ৷ জালাত তে মহাবোলা তব জালামনে গতিকে হউল এই আগ্রম মেধ্যের। ত্রি নরেবর , বল কোন প্রয়োজনে দেখা দিলা দুৱা কবি দীনের আগ্রমে গ

৩৭। তিনাক, বিধাল, কাপ্রমারী \* ও মধক--অভি হোতা নানাবিধ বাদ্র করে কল । দীন মোৱা, পথা কবি তাই, দববৰ, ভক্ষণ করিছা কর পুডার্হ আমায়।

ab ! এই सुभी छन्न यत हरराह साजी छ গিবিওয়াক্তে মুগদক্তা হইচেড • इय यपि हेल्डा, पृथ, कत्र हेडा भाग ।

এইরূপে সম্ভাষিত হইয়া রাজা ভাবিলেন, 'আনি ভোমানের প্রকে ৰণ কবিয়ারি अपराष्ट्र शक्या तथा जान दहेरत मा: व्यापि स्था लिखूहे लागि मा, खहेफारव हेश्सार नाम ভালাপ আরম্ভ কবি।" ইহা স্থির কবিয়া তিনি বলিলেন

<sup>&</sup>quot; কাত্ৰমাত্ৰী কি কৰা আছে। দিৰ্গত কবিলে পাৰি নাই।

৯৯। অভ আপমারা; ববে না পান ছেখিতে;
কে করিল এই সব ফল আহরণ গ

নিশ্চয় সে অভ নর, হেন মনে লয়,
করেছে বিশুদ্ধ হেন খায়াবে সঞ্য়।

হকুলপণ্ডিত বলিলেন, "মহারাজ, আমরা ফলমূল আহরণ করি না; সামাদের পুত্র এই সমগু আহরণ করে।

পরস ফুল্মর, বুবা নাতিদীর্ঘকার,—
 কুকিতাপ্ত দীর্ঘ, কুক কেল ভার দিরে,—

া ভাম নামে আমাদের ফুপুত্র এসব

কল আহরণ করি গিয়াছে নদীতে

ঘট লবে হেখা হতে আনিতে পানীর।

অদুরেই আছে নদী; ফিরিবে এখনি ''

हैश श्रमिया त्राका विश्वतम्,

পরমফুলর বুং। যে শ্রামের কথা
বলিলে, তাপস, তুমি, পরিচর্বা। তব
করিত যে অফুলন অপ্রমন্তভাবে,
বিধ্যাহি তারে আমি হানি তীক্ষলর।
 ক্ঞিতারা, দীর্ঘ বটে তার কৃষ্ণ কেল;
ক্থিরে হয়েছে লিপ্র তাহা এবে, হাছ।

বধিয়াছি ভামে আমি: কম, মহাপয়।
ছকুলপণ্ডিতের অদ্রে পারিকার পর্ণশালা ছিল। তিনি কুটীরে বদিয়া রান্ধার কথা
ভনিতে পাইয়া প্রকৃত বৃত্তান্ত জানিবার জন্ম বাহিরে পেলেন এবং রঞ্জুর সংস্কৃত্ত পৃত্তিতের নিকট উপস্থিত চুইয়া বলিলেন

१८। হরেছে নিহত খ্রাম, কে বলিল, হার।
দুকুল। কাহার সলে বলিতেছ কথা?
নিহত হরেছে খ্রাম, শুনি এ বারতা,
হলর বিদীর্ণ মোর ছইতেছে শোকে।

তরণ অবপাত্র, হার, আচ্ছিতে
হল কি হে ভাগ আঞ্চ প্রভারনাথাতে ?
নিহত হরেছে স্থান, তানি এ বারতা

ক্ষর বিদীর্ণ মোর হইতেছে পোকে। পারিকাকে উপদেশ দিবার উদ্দেশ্যে তুকুল বলিলেন,

ইনি কাশী নরেবর ওন লো, পারিকে
মুগসন্মতার তীরে :ক্রাধবলে ইনি
ভামকে করিয়াছেন বিদ্ধ তীক্ষণরে ।
অভিলাপ এরে যেন না বেই আময়া ।

পারিকা বলিলেন

বহুকটে প্রিরপুত্র করেছিত্র লাভ;

হিল সে পদ্দের ঘট এ ভীবণ বনে।
সেই এক পুত্রে বোর বহিল বে জন
কেন না ইইবে কট তার প্রতি মন।

স্বিধান

স্

इक्न वनिरमन,

বছৰটে অিনপুত্ৰ করেছিলু লাভ;
 ছিল সে অন্ধ্যে বৃষ্টি এ ভীবন বলে।

ছেন পুত্রে কিন্তু বধ করে বেই এনু দিওনা ক শাপ তারে, ববে সাধুগণ।

আনম্বর পজিপত্নী উভরেই বক্ষাহ্মলে করাঘাত করিতে করিতে শ্যামের গুণকীর্তন-পূর্বক বছ বিলাপ করিতে লাগিলেন। মাজা তাঁহাদিগকে আখাদ দিবার জন্ম বলিলেন,

- ৫৯। বধিরাছি স্থামে আমি করিত্ব বাকার, ক'রো না ভোষরা আর ক্রখন বিলাপ। আমিই হইরা ভৃত্য এই মহাবনে হব রভ ভোমাদেব বক্ষণাবেক্ষনে।
- বড়ই নিপুণ আমি শরনিক্ষেপণে,

  বৃত্বহা বলি হোরে জানে পর্কজিকে।

  আমিট হইলা দাস এই মহাবানে
  প্রিব নিশ্চল, জেন, তোমা এটলেন।
- ৬)। পশুরা যে খাল্প বনে যাইবে ফেলিরা, যতনে শে এই আমি লব কুডাইছ।; বন হতে কলমুল করিব সঞ্চল; তোমরা অভাবত্রতা হবে না নিশ্চর। আমিই হবরা লাস এই মহাবনে বব রত তোমালের ব্যালাব্যকরে ।

## निराममञ्जूषी विवासन

তুমি হবে দাদ, তুল, - ধর্ম ইহা নয়;
 আথাদেরও পক্ষে ইহা শোহা নাহি পায়।
 রালা তুমি আমাদের;
 ভাষাভরে তুই লনে করি নমস্কার।

ইহ' গুনিয়া রাজা অভিযাত্ত সম্ভাই হইলেন। তিনি ভাবিলেন, 'অহে! কৈ আশ্চর্ধা! আমি ইহাদের এমন সর্কানাশ কারলাম, তথাপি ইহাদের মুখে একটা পক্ষয় কথাও গুনিলাম না। ইহাদ, আমাকে সাদরেই সম্ভাষণ করিভেছেন।' তিনি বলিলেন,

৬৩। ধর্ম কি, বুঝাও মোরে, বে নিগাদবর।
রাজা বলি আমার যে রাখিলে সম্থান,
তোমার(ই) মাছাস্কা এতে হইন একংগ।
ভূমি মোর পিতা হ'লে একন হুইতে,
ভূমিও, পারিকে, মোর ক্ষরনীস্থানীয়া।

তাঁহারা কৃতাঞ্চিপুটে বলিলেন, "মহারাজ, আপনি বে আমাদের দাদ ইইয়া থাকিবেন, ইহা হইতেই পাণ না। আপনি যটির অগ্রভ গ ধরিয়া আমাদিগকে ভামের কাছে লইয়া চনুন, আমবাঞ্জিকা চাহিতেছি।

৬০। প্রথম চরপে তব, কাশীনরেছর;
এই কিছা মাগি মোরা বৃড়ি দুই কর,
বেথানে রবেছে প্রায় মৃত্যুর লব্যান,
সেধানে কইরা চল আমা দ্ব'লনার।
৬০। লুটারে চরপে তার পাড়েব দ্ব'লনে;
চুবিব মুধারবিক্ষ প্রেরহর্গনের;
বন্ত দিন বেছে থেবে রগিবে প্রীবন
মৃত্যুর প্রতীক্ষা কবি'কাটাইব কাল।

ভিন জনে এইল্লপ বলাবলি করিডেছেন, এমন সময় কর্ব্য অভামিত হইল। তথ্য বাজা ভাবিলেন, 'আমি ইর্লিগকে এখনই দেখানে লইয়া গেলে ভামতে ছেবিবালাত ইহাদের হৃদয় বিদীর্ণ ১ইবে, এইরূপে তিন মহাপ্রাণীর মৃত্যু ঘটিলে আমার নবকে পতন অবশুজ্ঞাবী। এজক্ক ইংগদিগকে এখন সেধানে ঘাইতে দিব না ' এইরূপ চিম্বা করিয়া তিনি চাবিটী গুখা বলিলেন :--

> ৬৬। ভাষণ বাপদাকার্ণ, আকাশংমাণ\* অবণ্য, ষেধানে ভাম প্রির্ববনন পড়িয়া বরেডে, হার, প্রাণহানদেহে; শুডলে আকাশচন্তে চক্রমার মক।

ভূজনে আকানচাত চন্দ্ৰমার মৃত।

তাব বাপদাকীর্ণ, আকাদাপ্রমাণ

অবন্ধা, যেখানে স্থাম প্রিয়দরশন

পড়িয়া রয়েছে হার, প্রাণহীনদেহে,
ভতকে আকাশচাত ভাস্থরের মৃত।

৬৮। ভীষণ খাপদাকীর্ণ, আকাশপ্রমাণ জরণা, যেথাদে গ্রাম প্রির্গরশন পড়িরা রয়েছে, হাচ, প্রাণহীনদেহে। ধুলি ধুসবিত ভার মোণার শরীর।.

বুল বুনাগত ভার নোনার নরার।.

১৯। তীষণ বাপদাকীর্ণ, আকাশগ্রনাল।

অরণা, বেখানে জাম বিশ্বেদর্শন

পড়িয়া রয়েছে, হায়, প্রাবহীনাদেছ।

অক্সেই আপনারা থাকন এখন।

তীংহারা যে খাপণাণিকে ভয় কবেন না, ইহা প্রদর্শন কবিবার জন্ম নিষ্যদদম্প । বিদিলেন,

থাকুক মে বনে শত সহল, নিযুত †
 তীষণ খাপদ, মোরা নাহি পাই ভয়।
 কবিবে না তাবা কোন ক্ষতি আমাদের।

কোন রূপে নির্ত্ত করিতে না পারিয়া রাজা তাঁহাদিগকে হাত ধরিয়া মুগদক্ষতাব তীরে লইয়া গেলেন।

এট বভাল সম্পর্রণে বাজ করিবার জনা শান্তা বলিলেন,

৭)। হাত ধৰি সঞ্জাৰ্যে কাশী-নৰপতি তথন লইয়াগেলাশ্রাহত ভাম ভিলেন পডিয়াযেশাবনেৰ ভিত্র।

রাজা উহিাদিগকে লইয়া স্থামেব পাশে বদাইলেন এবং বলিলেন, ''এই আপনাদেব পুরা '' তথন পিতা স্থামেব মন্তক এবং মাতা পাদেঘ্য বক্ষঃস্থলে রাশিয়া উপ্ৰেশনপূধ্যক বিলাপ করিতে শাগিলেন :—

> ৭ং। মহাবনে প্র ভাম শরাহত≄ হবে ধূলি ধূদারত দেহে বরেছে পড়িয়া ভূতলে আবকাশচাত চক্রমার মড়,

<sup>\* &#</sup>x27;আকাসন্তঃ পদিস্সতি'—তঃ বনং আকাসন্স অন্তঃ বিষ হয়। পদিস্সতি; অথবা, আকাসসমানং প্রকাসমানং। বেধি হয়, বেধানে ভূডনের সহিত আকাশ মিশিয়াছে অর্থাৎ দিগ্বলয় পর্যন্ত বিকৃত, এই অর্থ প্রহণ করা বাইতে পাবে।

<sup>†</sup> মূলে 'নহত' আছে। নহত একটা বৃহৎ স'গা—একের পিঠে আটাশটা শুক্ত বসাইনে বভ হয়।

মূলে 'অপৰিদ্ধ' এই বিপেৰণ পৰ আছে। অপৰিদ্ধ = নির্থকশেদিডান্ত, বেষন অপৰিদ্ধ শিশু = a foundling .

 শ্রিদ্ধ এখানে বোৰ হন্ন 'পরাহত' অর্থেই প্রতীয় প্রয়োগ হইছাছে।

- ৭৩। মহাবনে পার লাখে শ্বাহতে হ'তে ধুলিধুসবিত দেহে ২য়েছে পড়িয়া ভূতলে আকাশচ্যত ভান্ধরের মত ৭৪। মহাবনে পত্র ভাষে শ্রাহত হ'রে খলিধসবিত ফেন্ডে বাহাচে প্রভা দেখি, দোঁছে বাত তুলি করেন বিলাপ :---৭৫ ৷ মহাবনে প্র জাম শ্রাহত হ'বে ধলিধসরিত দেকে রয়েছে পড়িয়া দেখি, দেঁতে সকলৰ কৰেন বিলাপ :---'থৰ্ম, গিয়াচেন চাত্রি হার, ধরাধার। ৭৬ া রয়েছ কি. ৭৭স, গাট নিজার মগন ৮ এডক্ষণ বসি মোৱা আছি তব পালে. उत ना विलिष्ठ कथा, एवं खिल्ह्मर्पन । ৭৭ ৷ কিংবা মতে চইয়াচ কবি প্রপান ? এডক্ষণ বসি মোৱা আছি এব পালে. ত্র নাবেলিছ কথা, ছে প্রিরদর্শন । ৭৮) অথবা আলস্তবলে এ দশা ভোমার গ এডক্ষণ বসি মোৱা আচি ভব পাশে. তবু না বলিছ কথা, ছে গ্রিয়দর্শন। ৭৯। হ'য়েছ কি ক্রন্ধ তুমি আমাদের প্রতি? এডক্ষণ বসি মোবা আৰু ভব পালে. তব না বলিছ কথা, ছে প্রিয়দর্শন। ৮ । কিংবা ইহা ছল ভব । আছ দর্প করি ! এডক্ষণ বসি মোরা আছি তবু পাশে. ত্ত্ৰ বা বলিছ কথা, হে ত্ৰিপ্ৰপূৰ্ণন। ৮)। বিমনা কি হইরাছ, বাছা, কোন হেও? এতক্ষণ বলি মোরা আছি ভব পালে. ड्र मा विनिष्ठ कथा, (१ थिरपर्नन। पर ! श्रुप गरत आभारतत कहाँ व मखन মলপিত, কে ভগন ধৌত কবি ভাই! রাখিবে, হায় রে, পুন: প্রিক্সপ্ত কবি ? শ্রাম যে অকোর যতি ছিল আমাদেব। মবিল সে . এখে বুলা কে করিবে আব গ ৮০। সন্মাৰ্জনী হাতে লয়ে কে আর কবিরে সম্বৰ আভ্ৰমপদ নিতা প্ৰিকাৰ ? সাম যে অক্ষের যাই ভিল আমাদের। মরিল সে . এবে হলা কে করিবে গার গ 🕬। শীতল, উদ্ভব্ত কল, ৰ হুছেদে আনি কে করাবে সান আর অক ডুইজনে গ স্থাম বে অক্ষেত্ৰ বৃষ্টি ভিল আমাদের।
- মহিল সে; এবে বন্ধা কে ভারিবে আছ ?

  ১৫। বন হ'তে ফলমূল আহরণ করি

  করাবে ভোলন কেবা আছ তুইজনে ?

  ভার বে অছের বন্ধী হিল আমাদের!

  মহিল সে; এবে বন্ধা কে করিবে আর ৪

খ্যামের মাতা বহু বিদাপ করিয়া বিজেপ বুকে হাত দিয়া প্রপ্তেই শোকের কল্লণ আছে থি না, বুঝিতে লাগিলেন: তিনি বিবেচনা কবিলেন, 'পুজের জন্ত ত বিলাপ স্থিলাম; ক্ষিত্ব হয় ত বাছা বিধবেগে মৃচ্ছিত ইইয়াছে। আমি বিশেব বীশা নই ক্ষিত্রার ক্ষিত্র সভাক্রিয়া করিব।' ইহা স্থির করিয়া তিনি স্তাক্রিয়া করিলেন।

### [ बरे युक्तांस युग्नहेकरण वर्षना कदिवांत समा नांच्या विशासन.

- ৮৩। ধুলার ধুসর ভাষ পডিলা ভূডলে, বেৰি শোকাত্যা মাতা এই সভা বলে ংক
- ৮৭। "চিরদিন ধর্মপথে ১/রবাংছ জাম ;— সভ্য যদি হয় ইহা, সভা বাংকা এই জউক বাছার ছেকে ভিচনীয়ালক।
- ৮৮। ব্রহ্মব্যারত ভাম ভামে নাই কলু :-সন্ত্য যদি হয় ইহা, সতা বাকো এই
  ইউক বাছার দেছে বিষ্কার্যন্থ ।
- ► ≱। সতাভির মিথাক জুবলে গই ৠম ,— সতাবদি হব ইহা, সতাবং েশ .৭ই হউক বছার দেহে বিহবীথক য
- মতাপিত্সেরা সদ্ধ বিরোধ ক্ষাণ ্লসত্য যদি হয় ইছা, ক্ষান বাকো এই

  ইউক বাছার দেকে বিশ্ববীধাশ্য ।
- ৯)। কুলজোঠদেব খ্রাদ ক'থেছে -বান ,—

  সত্য যদি হয় ইহা, সভা ব্যাকে, এই

  উক্ত বাভাব দেহে বিষবীগ্রাকর।
- ৯২। প্রাণ হ'তে প্রিয়তর ভাম যে সংনার: -সতা ধণি হয় ইছা, সতা বাকো এই
  হউক বাছার দেহে বিধবীবাকয় ।
- ৯০। আমমি ও প্রাণের পিটা ক'রেছি অর্জন যে পুণা এতেক কাল, প্রভাবে ভারার হউক বাছার দেহে বিষবীর্থাকর।"

মঞ্জ সাত্তী গাধ্যে এইরপে স্তাক্রিয়া করিলে প্রান্ধ পাশ কিবিয়া অন্নতন ও ভথন পিতা বলিলেন, 'আমার পুত্র ত জীবিত আছে। আমিও স্তাক্রিয়া করিলেন, তার্থন বলিয়া জিনিও স্তাক্রিয়া করিলেন।

## এই ৰুক্তান্ত ফুশ্ট্ৰকাৰে মক্ত কবিবাৰ জক্ত শান্তা বলিলেন,

- ৯এ। ধুলার ধূসর ভাষে পড়িরা ভূডলে , দেখি শোকাতুর পিতা এই সতা বলে ;---
- ১০। 'চিন্নদিন ধর্মপথে চ্রিচাছে স্থায় এ— সঞ্জ যদি হল ইছা, সভাবাজে। এই ইউক যাচাও দেকে ভিক্তীভাক্তর।
- শ্বর্জনের্যারত ভাগে ভালে নাই কতু:—
  নতা যদি বয় ইবা, সক্রাথগ্রেল এই
  বউক বাচার দেকে বিয়বীর্থকেয়।
- ৯৭। সত্য ভিন্ন মিখন কভু বলে নাই ভাষ; সত্য বলি হন ইহা, সভাবাকো এই ইউক নালান বেলে বিষয়ীগাক্ষা

```
৯৮। মাতাপিত্দেবা সদা করিবাছে শ্রাম ;—
সত্য বদি হয় ইহা, সত্যবাকো এই

হউক বাছার দেহে বিষবীর্যাকর।

৯৯। কুলজোষ্টদের প্রাম করেছে সন্মান ,—
সত্য যদি হয় ইহা, সত্যবাকো এই

হউক বাছার দেহে বিষবীর্যাকর।

সত্য যদি হয় ইহা, সত্যবাকো এই

হউক বাছার দেহে বিষবীর্যাকর।

সত্য যদি হয় ইহা, সত্যবাকো এই

হউক বাছার দেহে বিষবীর্যাকর।

ত পুণা এতেককান, প্রভাবে তাহাব

হউক বাছার দেহে বিষবীর্যাকর।

ইউক বাছার দেহে বিষবীর্যাকর।
```

তুক্লকের সভাক্রিয়ার পর সহাসন্ত আবার পাশ ফিরিয়া অপর পার্শে ভর দিয়া শুইলেন। অভ্যার সেই দেবতা সভাক্রিয়া করিলেন।

এই বুড়ান্ত সম্পর্তকপে বর্ণনা কবিবার জন্য শাস্থা কলিলেন,

মহাসংস্থাৰ আবোগালাভ, ভাঁহাৰ মাতাপিতাৰ প্নৰ্কীৰ চফুলাভি, অক্ৰোদ্যেৰ সংক্ষ সংক্ষা দেবাছভাবৰলৈ ভাঁহাদেৰ চাৰিজনেৰই আশ্ৰমে উপস্থিতি,— এই সমস্থ এক সম্থেই ইটিল। শ্যামেৰ মাতা পিতা দৃষ্টি লাভ কৰিয়া এবং ভাঁহাকে কৃষ্ দেখিয়া প্ৰমুষ্ঠ ইইলেন। বিভাগৰ শ্যাম প্ৰিত এই গাথাগুলি ব্লিলেন।—

১০৬। তাম কাষি , স্বংট্ হত, কোন্তা সকলে ,
স্বাহদেহে উটিগছি মৃত্যুশ্বা হ'তে।
ক'বোনা বিলাপ আব ; স্বেহ-সভাবনে
প্রিয় তনবের কর আনন্দ বিধান।
১০৭। স্বাপ্ত, হে মহারাজ; তব আপমনে
প্রিয় ইউল এই আত্ম মোদের।
তুমি নরেম্বর; বল কোন্প প্রয়োজনে
দেখা দিনা দ্যা কবি দীনের আ্যান্তা গ

<sup>ৈ</sup> ৯৬ম ইইতে ১০০ম পাৰা ৮৭ম হইতে ৯২ম গাৰার পুনরু জি।

১০৮। তিন্দুক, পিয়াল, কাহমারী ও মধুক—
আছে হেতা নানাবিধ পুত্র পুত্র ফল।
দীন মোরা; দরা করি তাই, নরবর,
ভক্ষণ করিয়া কর কৃতার্থ আমার।
১০৯। এই সুশীতল জল হয়েছে আনীত
গিরিগুহাজাতা মুক্ষমন্ত্রতা হইতে।
হয় বদি ইচ্ছা, তুপ, কর ইহা পান।\*

এই অন্তত ব্যাপার দেখিয়া রাজা বলিলেন,

১১• । বিশ্বয়ে বিমৃত আমি; দিক্ ও বিদিক্
কিছুই বিশ্বয়ে নারি নির্ণিতে এখন।
দেখিলাম এইমাত্র মরিয়াছে শ্রাম,
পাইল জীবন শ্রাম কেমনে এখন ?

শ্যাম ভাবিলেন, 'রাজা আমাকে মৃত মনে করিয়াছিলেন; আমি যে জীবিত ছিলাম তাহা ইহাকে ব্যাইতেছি।' তিনি বলিলেন,

> ১১১। বারেছে জীবন দেহে; পাঢ় বেদনার চিত্তবৃত্তিরোধ কিন্তু ক্ষণতরে হয়। যদিও জীবিত আছে, দেখিলে ভাহার মৃত মনে করা কিছু অসন্তব নর। ১১২। বারেছে জীবন দেহে; গাঢ় বেদনার নিঃবাস প্রধাসরোধ কভু কভু হয়। যদিও জীবিত আছে, দেখিলে ভাহার মৃত মনে করা কিছু অসন্তব নয়।

এই কারণে লোকে সময়ে সময়ে জীবিত লোককেও মৃত মনে করে।" অতঃপর শ্রাম পণ্ডিত রাজাকে এই ব্যাপারের প্রকৃত অর্থ বুঝাইবার জন্ম ছইটী গাণায় ধর্মদেশন কবিলেন:-

> ১১০। যথাধৰ্ম কৰে যেই মাতাপিতৃদেবা,
> কৰেন চিকিৎসা তাৰ দেবতারা নিজে।
> ১১৪। যথাধৰ্ম কৰে যেই মাতাপিতৃদেশ সর্কান্ধ প্রশংসা লভি ইছলোকে দেই প্রলোকে স্বর্গে পিরা ভুঞ্জে বছর্থ।

ইহা শুনিয়া রাজা বলিলেন, "অংহা! ইহা বড়ই আশ্চর্যা! যে মাতাপিতার পোষণ করে, তাহার ব্যাধির নাকি দেবতারাও চিকিৎসা কবেন! এই শ্রাম বড়ই গৌরবের পাত।" তিনি কডাঞ্জলিপুটে বলিলেন,

১১৫। পাইতেছে বৃদ্ধি মোর ক্রমেই বিশ্বর; দিও মৃঢ় হরেছি আমি: শরণ তোমার সইলাম, জাম, আমি, এখন হইতে শরণ হইলে তুমি এই পাতকীর।

ভাম বলিলেন, '' মহারাজ, আপুনি যদি দেবলোকে যাইতে এবং প্রভৃত দেবসম্পত্তি ভোগ করিতে চান, তবে দশবিধ ধর্মচর্যা করুন।' অনস্তর তিনি রাজাকে দশধর্ম চর্যা। গাথাগুলি। গুনাইলেন:—

১০৭য় ইইতে ১০৯য় গাঁখা যথাক্রমে ৪৬ল —৪৮ল গাঁখার পুনক্ষন্তি।

<sup>†</sup> এই দশটা পাৰা রোহত্তমুগ-জাতকে (৫০১) এবং ত্রিশকুন-জাতকেও (৫২১) পাওরা প্রিয়াছে ।

27.4 1	মাজাৰ পিভাৰ দেবা	যথাধর্ম কর তুমি,	কতিৰ বাজন্;
	इंश्लाक धर्मक्षा	করিলে রাজাব হয	স্বরুগে গমন।
3311	দাবাস্বভগণে তৰ	যথাধর্ম পাল সবে,	ক্ষত্রিধ বাজন্ :
	ইহলোকে ধর্মচর্যা	ক্ৰিল ৰাজাৰ হয়	অবংগ প্ৰমন।
2721	মিক্র'মাভাগণে তব	যথাধৰ্ম পাল সবে,	শ তিয় বাজন্;
	देशकारक धर्माःगा	কবিলে রাজাব হয়	স্বরগে গমন।
225	যুদ্ধযাত্ৰা আদি তৰ	হয যেন যথাধৰ্ম,	ক্ষত্ৰিয় বাজন্ .
	ইহলোকে ধর্মচর্য্যা	করিলে বাজার হয়	স্বৰণে গমন।
>> 1	কি নগবে, কিবা গ্রাংম	যথাধর্ম ক্লে প্রজা,	ক্ষত্রিয বাজন্ ;
	ইহলোকে ধর্মচর্যা	করিলে বাজার হয়	স্ববগে গমন।
252.1	পৌশ্বজানপদগণে	বথাধর্ম পাল তুমি	ক্ষত্রির রাজন ;
	ইহলোকে ধর্মচর্যা	করিলৈ রাজাব হয়	স্বংগ গমন।
342	শ্রমণত্রাহ্মণগণে '	যথাবৰ্দ্ম কব শ্ৰহ্মা,	কবিষ রাজন্;
	ইহলোকে ধর্মচর্য্যা	কবিলে রাজার হয়	হুবংগ গমন।
१२०।	ইত্তর জীবেব প্রতি	যথাধর্ম কর দয়া	কলিয় বাজন্,
	ইহলোকে ধর্মচর্যা	কবিলে বাজার হয়	ৰবণে গমন।
1884	धर्म्ब्रहर्या कद (पर ;	হুচরিত ধর্ম হয়	হুখের হিদান ;
	ইহলোকে ধর্মচর্য্য।	করিলে রাজার হয়	স্বরগে প্রয়াণ।
>20	धर्माहर्या। कत (नव ,	প্রমাদ ইহাতে যেন	হয়নাকখন ;
	ধর্মবলে স্বৰ্গলাভ	কবিলেন ইন্দ্র আদি	দেবব্রহ্মগণ।

মহাসন্ত এইরপ পিলিযক্ষকে দশবাজধ্র্ম শুনাইয়া আরও অনেক উপদেশ দিলেন এবং প্রকাশীলে স্থাপিত করিলেন। রাজা অবনতমন্তকে এই সকল উপদেশ গ্রহণ করিয়া তাঁহাকে প্রণাম করিয়া বারাণনীতে ফিরিলেন এবং দানাদি পুণ্যাফুষ্ঠানপুর্বক পাবিষদগণসহ স্বর্গপ্রারণ হইলেন। বোধিসন্ত মাতাপিতার সঙ্গে অভিজ্ঞ। ও সমাপতিসমূহ প্রাপ্ত হইয়া ক্রমলোক লাভ করিলেন।

্র এইরপে ধর্মদেশন কবিয়া শাস্তা বলিলেন, ভিন্মুগণ, মাতাও শিতার পোষণ পণ্ডিভছনের চিষাগত ধর্ম 🚉 অনুপ্র তিনি সতাসমূহ ব্যাগা করিলেন। তাহা গুনিহা সেই ভিন্মু স্রোতাপ্তিফল প্রাপ্ত হুইলেন।

সমবধান—তথন অধনক ছিলেন সেই বাজা, উৎপলবর্ণা ছিলেন সেই দেবকতা। অনিকন্ধ ছিলেন শক্ত কাশুপ ছিলেন সেই পিতা; ভদ্রকাপিলানী ছিলেন সেই মাতা এবং আমি ছিলাম স্বর্ণখাম পতিত।

শাম-জাতক পাঠ কবিলে বামায়ণবণিত দশরথকর্ত্ব অক্ষত মুনির পুত্রবংধর কথা মনে পড়ে। অক্ষত বৈশা; তুকুলক চতাল। দশরথ অজ্ঞানকৃত বংধর জনাও অক্ষককৃত্বি অভিশপ্ত চইঘাছিলেন . কিন্তু পিলিয়ক্ষ্ট আনকৃত বংধর জনাও চতালতাপদ কর্ত্বক অভিশপ্ত চন নাই। ইচাই বৌদ্ধর্মের অহিংদা-নীতিৰ অনুমোদিত।

# ৫৪৯–নেমি·জাতক <u>৷</u>

ি মিধিলার নিকটবর্জী মথাদেবাস্থবণে অবস্থিতিকালে শান্তা একদা ঈবৎ হাস্ত কবিষাছিলেন এবং তহুপলক্ষ্যে এই কথা বলিবাছিলেন। শান্তা ঐ দিন সন্ধাকালে বহু চিন্দুসহ উদ্ধ আমবণে বিচৰণ কবিতে কবিতে এক রমণীয় ভূভাগ দেখিতে পাইয়া নিজেব কোন অভীত জন্মবৃত্তান্ত বলিবাৰ মভিপ্রাবে ইবং হাস্ত করিয়াছিলেন। আনুমান্ স্বির আনন্দ এই হাস্যেৰ কারণ জিজ্ঞাসিলে ভগবান বলিয়াভিলেন, "আনন্দ, পুনাকীলে, আনি ঘংন মথাদেব নাম গ্রন্থ ক্রিক রাগত্ত্ব করিবাছিলাম, ভ্রন্থ এই ভূভাগে অবস্থিতি কবিয়া গানিহার ভোগ কবিয়ালিনাম।" অতঃ প্র আনন্দের প্রার্থনায় স্বাহতি আসনে উপ্রোধ্ন করিয়া ভিনি দেই অভীত হুতান্ত বলিবাছিলেন:— ]

পুরাকালে বিদেহ রাজ্যে মিথিলা নগবে মথাদেব নামে এক রাজা ছিলেন। তিনি চতুরশীতি সহস্র বংসব কৌমাব ক্রীডায় অতিবাহিত করিয়াছিলেন, চতুবশীতি সহস্র বংসব স্থপরাজ্য করিয়াছিলেন এবং আবেও চতুবশীতি সহস্র বংসর রাজক্ষ করিবাব পর একদা নাপিতকে বলিয়াছিলেন, ''ভন্ন, মামাব মন্তকে পককেশ দেখিবামাত্র তংক্ষণাং আমাকে জানাইবে।"

ইহার কিছুকাল পবে নাপিত মথাদেবের মন্তকে পক্ষকেশ দেখিতে পাইয়া তাঁহাকে জানাইল। তিনি সন্না দিনা তোলাইয়া উহা নিজের হাতে রাধাইলেন এবং ললাটে থেন মৃত্যুর আজ্ঞা পাঠ করিতেছেন, এই ভাবে অবলোকন করিতে লাগিলেন। তিনি স্থির করিলেন থে, প্রব্রজ্যা গ্রহণের সময় উপস্থিত হইয়াছে। তিনি নাপিতকে একথানি উৎকৃষ্ট গ্রাম দান করিলেন এবং জোষ্ঠপুত্রকে ভাকাইয়া বলিলেন, "বংস, তুমি রাজ্য গ্রহণ কব; আমি প্রবজ্যা লইব।" পুত্র জিজ্ঞাসিলেন, "এ মাজ্ঞা কবিতেছেন কেন, পিতঃ ?" মথাদেব বলিলেন:—

দেবদুতরূপে÷ দেখা দিয়াছে মন্তকে মোর শুক্ল কেশরাজি বয়স গিয়াছে চলি ; প্রস্তুলা লইব, তাই আমি বংস, আজি।

মথাদের জ্বোষ্ট পত্রতে বাজে। অভিষিক্ত কবিলেন তাঁচাকে কর্মবাসমূলে উপদেশ দিলেন, নগর হইতে নিক্রমণপর্ষক ভিক্ষপ্রসা গ্রহণ কবিলেন, এবং চতরশীতি সংস্থাবর্ষ ব্ৰহ্মবিহার5তৃষ্ট্য খ্যান কবিয়া ব্ৰহ্মলোকে জন্মান্তৰ প্ৰাপ্ত ইউলেন। ভাঁহাৰ পুত্ৰও এই উপাত্তে প্রক্রা গ্রহণানন্তর বন্ধলোকে গমন কবিলেন : তদনন্তর ঐ প্রের পুত্রও উক্ত গতি লাভ করিলেন। এইরপে একে একে মধাদেবের বংশেব ছান চত্রশীতিশহন্ত পুরুষ স্ব স্ব মন্তকে প্রক্রেশ দেখিয়া উক্ত আমবণেই প্রব্রজ্যা দইয়া ব্রন্ধবিহারচত ইয় ধ্যানপর্বক ব্রন্ধলোকে জন্মান্তব প্রচণ করিলেন। তাঁহাদের আদিপুরুষ মধাদের ব্রহ্মলোকে অবস্থিত হইয়া নিছের বংশ-চরিত চিষ্ঠা করিয়। দেখিতে পাইলেন দান চত্রশীতিসংস্থা বংশধর শেষ বয়সে প্রবাজক বুজি গ্রহণ কবিয়াছেন। ইহাতে সৃদ্ধুষ্ট হুইয়া তিনি আবাব ভাবিলেন, 'অতঃপর এই প্রথা অফ্টিত হইবে, কি অফ্টিত ইইবে না' তিনি ব্রিতে পারিলেন যে, ইহা আর চলিবেনা। তথন তিনি সহল্ল কবিলেন, 'আমার কলপ্রথা আমাকেই অক্সর রাখিতে ছটবে।' তিনি ব্ৰন্ধলীলা সংব্ৰণপ্ৰক্ষক মিথিলা নগৰে বাজাৰ অগ্ৰম্বিধীৰ গৰ্ভে জন্মান্তৰ গ্রহণ করিলেন। তাঁহার নামকবণ দিবদে দৈবজেবা অঙ্গলক্ষণসমুহ দেখিয়া বলিলেন 'মহারাজ, এই কুমার আপুনার কুলপ্রথা বন্দা কবিবার জন্ম উৎপন্ন হইয়াছে≯ ৮ আপুনার বংশ প্রবাজকবংশ, ঐ কুমারের পবে কিন্তু এ বংশে আব প্রবজাাগ্রহণপ্রথা প্রচলিত ় লাকিবে না, <sup>14</sup> ইহা শুনিয়া রাজা বলিলেন, "এই কুমাব রণচক্রনেমিব ভায় **খামার বংশ**় পদ্বি অভ্নেরণ ক্রিবার জনা জ্রিয়াতে ব্লিয়া আমি ইহাব 'নেমিকুমাব' এই নাম বাখিলাম। †

কুমাব লৈশব ইইভেই দাতা, শীলসম্পন্ন ও পোষধ কর্মে অভিরত ইইলেন। তাঁহার পিতা পূর্বপূক্ষপরম্পরাগত প্রথাম্পারে নিজেব মন্তকে পককেশ দেখিবামাল, নাপিতকে একখানি উৎকৃষ্ট গ্রাম দান করিয়া এবং পূত্রকে রাদ্রপদে অভিষিক্ত কবিয়া এই আত্রবণে প্রজ্ঞা গ্রহণপূর্বক ব্রন্ধনোকপরায়ণ ইইলেন। মহারাজ নেমি মহাদানশীল ছিলেন বলিয়া নগরের ছারচভূষ্টয়ে ও মধাভাগে পাঁচটী দানশালা নির্মাণ করাইয়া প্রভৃত দানে প্রস্তুত হুইলেন। এক এক দানশালায় প্রতিদিন এক লক্ষ কার্যপিণ বিভরিত ইইত। এইরূপ

পালি সাহিত্যে 'দেব' শব্দটীতে ব্যবেও বুরার ; কাজেই নেবদূত – ব্যদ্ত ।
 বুরিতে হইবে বে 'নেবি' শব্দটী উচ্চাঃগদোবে 'নিবি' তে পরিণত হইয়াছে ।

তিনি প্রতাহ লক লক কার্যাপন দান করিতেন! তিনি প্রতাহ পঞ্চশীল রক্ষা করিতেন, পক্ষমিবদে দ পোহধ পালন করিতেন। তিনি প্রভার্ত্তকে দানাদি পুণাগ্রহানে উৎসাধিত করিতেন এবং স্বর্গান্তের পথ প্রদর্শন করিয়া ও নবকেব ভর দেখাইয়া ধর্মোপদেশ দিতেন। তাঁহার উপদেশ মত চলিয়া এবং দানাদি পুণা কর্ম করিয়া লোকে মৃত্যুর পরেই দেবলোকে ধক্ষান্তর লাভ করিতে লাগিল। এইবণে দেবলোক পূর্ব এবং নরক প্রায় শৃন্য হইল। দেবলপ গ্রেষ্টাঞ্চাঞ্জবনে স্বধ্যানায়ী নেবকভাৱ সম্বন্ত ইইয়া মহারত্তর গুণকীর্ত্তন তাঁহার বলিতেন, "করে। আমাদের আচার্য্য মহারাজ নেমির কি মাহাল্যা! তাঁহারই কুণায়, তাঁহারই বৃধ্বলভ জ্ঞানের প্রভাবে আমরা এই অপার দিব্যসম্পত্তি ভোগ করিতেছি। নরলোকেও নেমির গ্রেণকথা মহাগাগ্রপৃষ্ঠে নিক্ষিপ্ত ভৈলের ন্যায় চতুর্দিকে ব্যার হইল।

# এই বভান্ত প্রকট করিবার জন্ত শাতা ভিত্রসক্ষকে বলিলেম,

১। আত্মপংকুশনার্থী সুসাভিত দেমি যাবে করিছেন পৃথিবী শাসন,
বহুলোক সাধুনীক হইলে, দেবিয়া ইং। চমৎকৃত হ'ল ক্রেড্রন।
হ' অরিক্ষম বিদেহেশ করিতেন মহাধান দিতা দীনে, শ্রমণে, প্রাজ্ঞণে;
দান করিবার কালে একদা হইল উার এ বিভর্ক উপলাভ ননে—
দান আর ব্রহ্মানে, এ ড্'রের কোন ধর্ম মহতর ফল দিতে পারে গ্
কোনটী এদের প্রেষ্ঠাণ সর্ভাক্তির গ সভতের কে দিবে আমারে গ

এই সময়ে শক্তভবন উত্তপ্ত হইন; শক্ত ইহার কাবণ চিন্তা করিও। মিথিলাণ্ডির মনে যে বিতর্ক জন্মিয়াছে তাহ। বুঝিতে পারিলোন, তাঁহার মনেন্দ্র নিরাবরণের অভিপ্রায়ে অভিনয়ে মন্দ্র সমত রাজভবন উদ্ভাবিত করিয়া রাজার শ্বনকক্ষে প্রবেশপুর্কক দেই ইইডে প্রভা নিশ্বিত্রণ করিতে করিতে আকাশে অবভিত্ত ইইলেন এবং রাজাব প্রশ্নের বিশ্ব উত্তর দিলেন।

#### 48 दुखां युन्नाईकाल दुवाहेवात क्रम मांचा द्वित्वन

- বাসবের দিব: নৃষ্টি করি নিরীলণ
  শিংরিল মণ্ডলেল্-নেমির শ্বীর; প
  জিজাসেন "কে হে তুমি গুলেন, কি পদ্ধর্ক,
  কিংবা দেবরাল শক্ত ব্যন্দালিত "
- পেরেছেন ভর নেমি, বুরিরা বাসব
  বিজলা, "দেবেজ আমি; নির্ভয়ে, রাজন্
  জিজাস যে কোন শুল ইছে। তব লব।
  আসিয়ারি হেখা আমি দিতে সমুত্র।
- । জিজাসার অবসর পেরে এইরপে
  বলেন বাদবে নেমি, "সর্বাকৃতভবর
  বহাবার শক্ত তুমি, জিজাসি তোনার,
  বান আর এক্ষর্বা, এ মুই ধর্মের
  কোনতী সমর্ব বিতে বহুত্তর কল 

  ""

क्वीर इपूर्वनी, नक्वनी ७ वहेंगी छिथिछ ।

- গ। শুনি নরদেবের এ প্রশ্ন পুরক্ষর দিলা সহস্তার; ভাল জানা ছিল জার এক্ষচর্যা প্রিণানে কি ক্কন দের। জানা নাবি ছিল শুছা বেনি মুপ্তির।
- দ। "উত্তৰ, মধ্যম, হীন, এ তিন প্ৰকার ব্ৰহ্মচৰ্ব্য আছে, ভূপ; হীনের প্ৰভাবে জনম ক্ষত্ৰিরকুলে সভে জীবগণ; মধ্যম দেবছ দেৱ; উত্তম আচরি অর্থন নির্কাণ পান ভবসিদ্ধপারে।
- अनাসার তপশীরা ব্রহ্মচর্বাবলে

  যে উত্তরগতি লাভ করেন, ভূপান,

  লালে—যঞ্জে ক্রমত তা' বাছে ভ্রমতন ।" •

শক্ত উক্ত গাধাগুলি ঘারা ব্যান্থ কামগোক ক অকটিত করিলেন এবং পুরাকালে যে সকল রাজা মহালান করিয়াও কামলোক ক অতিক্রম করিতে পারেন নাই, তাহাদিপের উদাহরণ প্রদর্শনার্থ বলিলেন,

- ১০। দিলীপ, সগর, শৈল, পৃথু, সুচলিক অইক, অথক, উপীনর, ভগীরখ,—
- ১১। এই সৰ হাবিখ্যাত মূপতি-পুলব, আর. ৩) জপ্ত কণ্ড শতি ফাত্রির বান্ধাপ করিয়া ব্যানেক বজ্ঞ, দিয়া বছ দান্ নারিলেন অতিক্রমি বেকে প্রেত্তলোক। ‡

দানফল হইতে ব্ৰহ্মচণ্যফল যে মহত্তর, এইব্নপে তাহা প্ৰদর্শনপূর্বক, যে সকল তপস্থী ব্ৰহ্মচন্ত্ৰ্যকে প্রেফ্তলোক অতিক্রম করিয়া ব্রহ্মণেকে জ্যান্তর লাভ করিয়াছিলেন, শক্ত এখন ভাষানের দল্ভান্ত প্রদর্শন করিতেছেন :—

- 'বে কারে তপস্সিনে। উপপল্লান্তি, এতে কারা বাচবোগেন ন ফুলভা —এখানে 'কার' শল্প ব্লক্ষ্ট (ব্রহ্মসূত্র বা ব্রহ্মলোক-প্রান্তি) কুরাইভেছে। যাচবোগ ক্লাচনপুত্রক্ষাচবোগ বাবাক, প্রকৃষ্টক্ষাতি উভয়মণি দারকসনেবেতা নাম।
- † ব্রহ্মলোকের অধন্তন একালশ লোক কামলোক নামে অভিহিত—ছন্নটী দেশলোক মুখালোক অধ্যনোক, প্রেতলোক তির্বাপ যোনি ও নিরর। এই সমন্ত লোকের অধিবাসীবা কামগুলের বশব্দী। ছন্ন দেবলোক, বধা :—পরনির্দ্ধিতবশব্দী, নির্দাণরতি, তৃষিত্যবাস, অন্তর্গণ ও চতুম হারাজিক। অধন্তন কামলোক চারিটী 'অপার'। কামলোকের উদ্ধে বিদ্ধালক—বোলটা রূপব্রদ্ধলোক এবং চারিটী অপরপ্রক্ষলোক। সমুদান্তে একবিশটী সকলোক।
- া সাধারণতঃ আতকবর্ণিত রাজানিগের এবং হিন্দুদিসের পৌরাণিক রাজাদিসের নাম আর একই। কিন্তু দশম গাধার 'শৈল' রাজার নাম কোন সংস্কৃত পুরাণে পাওয়া বাহ না। মূলে 'পুথুজ্জনো' রাজার নাম আছে। আমি ইহাকে 'পূথু বলিরা এহণ করিলাম। 'পুথুজ্জন' (পুথগ জন) বলিলে সামাক্ত বাজিক বা বৌদ্ধেতর ব্যক্তিক, বুবার। ইহা কোন রাজার নাম হইতে পারে না। অন্তক রাজার নাম প্রকাশ পরের শরভক্ত আতকেও (৫২২) পাওয়া গিরাছে।
- ্ একাপশ গাখাখ দেবতাদিগকেও প্রেতের মধ্যে গণ্য করা ইইরাছে, কেননা 'কামামচন্ত্রহেবতা হি রুপাদিনো
  কিলেদ্রবন্ধ দ্দ্র কারণা পরং প্রচাসিংসনতো কপণতার পেতা তি ব্রুচন্তি।' এই উজির সমর্থনে টাকাকার একটা
  বাবা উদ্ব করিয়াছেন:—বাহারা অজের সাহচর্য বিনা, একাকী বাকিরা হথলাত করিতে না গারে, বাহারা
  বিবেকলা প্রতির আ্বান্ধ পারনা, তাহারা ইল্লের মত সৌভাগ্যনানী হইনেও পরাধীনহণ (হবের মত পরম্বাশেকী)
  ববং কুগার পারে।

১২-১৩। গামহন্য, সোমগাগ, মাব, মনোজৰ,
সমুদ্ৰ, ভরত, কালিকর তপোধন—
এই সপ্ত ধবি, আন কণ্ঠপ অঙ্গিরা,
অকীর্ত্তি ও কুশবৎস, এই চারিজন—
অতিক্রমি প্রেডলোক ব্রন্ধচর্থাবলে
ক্রিলেন বন্ধালোকে অভিনেম প্রচাধ।

ব্যাচ্যা মহাফলপ্রদ, এ সহস্কে শক্র যাহা অক্সেব মুখে শুনিয়াছিলেন, এতক্ষণ ভাহাই বর্ণন করিলেন। অতঃপব তিনি নিজে যাহা প্রতঃক করিয়াছিলেন ভাহা বুঝাইবার জন্স বলিলেন

- ১৪। বংগছে উন্তৰ দেশে নদী সুগভীবা দীদা-নামণেথা, \* নাহি পারে কেছ বাহ। স্মতিক্রমি থেতে, এত লঘু তাব জল। বিবাজে উভয়পাখে নলাগ্রিদায়িত কাঞ্চন পর্ব্যক্রবাধি সেই ডাটনীব
- ১৫! নদীকছে আমোদিত গল্পে তগবেন; গিরিকছে আন্তাদিত বমণীর বনে। প্রকৃতির অতিপ্রির এ রমা ভূতাবে খ্যাকতেন প্রাকালে তপ্রী অযত।
- ১৬। ছিলাম তথন আমি মহাদানশীল।
  ক্ষিবা বিবিক্তচাবী, দান্ত, জিতেক্সির।
  নিবোধি চিত্তেব বৃত্তি পালিতেন তাঁরা
  ক্রমচর্যাত্রত সবে; তুমিতাম আমি
  তাঁপেবারে প্রতিদিন দিয়া বহুদান।
- ১৭। কুটলতা বিবর্জিত চবিত্র বাঁধার,
  শ্বভাব দর্কাপা বাঁর দারলামপ্তিত,
  তাঁহার(ই) দতত আমি করিতাম দেবা।
  ভাতাংশে কিরপে তিনি উচ্চ কিংবা নীচ,
  কতু নাহি কবিতাম এ বিচাব আমি।
  একমাত্র কর্মই শরণ মইনের;
  ভাতিবলে কর্মফল এডাতে কে পারে গ
- ১৮। উচ্চ, নীচ সর্কাবর্ণ পড়িবে নরকে, কবে যদি পাপপথে শিচবণ ভারা। উচ্চ, নীচ সর্কাবর্ণ সন্ধর্ম আচরি শুদ্ধিমার্গে কামলোক করে অভিক্রম। †

টীকাকার বলেন যে, এই নদীর জল এত লঘু বে, তাহাতে মযুরেব পালক পড়িলেও তংক্ষণাৎ ডুবিয়।
 যায়: এই কারণেই ইহায় নাম 'সীলা' হইরাছে।

<sup>†</sup> ব্রহ্মার বিদান অপেকাও শ্রেষ্ঠ, শক্র নিজের দৃষ্টান্ত বারা তাছা বুঝাইতেছেন। তিনি দানলীল ছিলেন, বিবার তপজ্ঞা করিতেন। দান করিরাও তিনি কামলোক অতিক্রম করিতে পারেন নাই; কিন্তু যে সকল দবি উহার দান গ্রহণ করিতেন, ব্রহ্মচর্যাবলে তাঁহারা ব্রহ্মলোক লাভ করিয়াছিলেন। এই গাথা পাঁচটার ব্যাণ্যায় টিকাকার একটা অতিদার্থ আখ্যায়িক। যোজন করিয়াছেন। তাহার সুসমর্থ এই — সীদানদীতীরকাসী দশসহত্র অবিধা এক জন এক বার ভিক্ষার্থ আকাশপথে বাবাণগাতে গিয়াছিলেন। তাঁহাকে দেখিয়া তত্ত্বতা রাজপুরোছিতের প্রক্রাগ্রহণের ইচ্ছা হয় এবং তিনি রাজার অনুমতি লইয়া প্রব্রাগ্রহণ করেন। কালক্রমে তপ্পাদিকিলাভ করিলা তিনি বারাণসীরাজকে দর্শন দেন। তাঁহার মুবে ক্রিদিগের ভগকীর্জন শুনির। রাজা ক্রিদিগকে ভোজন করাইবার লক্ত্ব ব্যবং পাছে তাঁহার। বারাণসীতে আগিতে সন্মত না হন, এই আশক্ষার নিক্রেই বহু অনুচর ও নানা ক্রব্য গ্রহণ সীহাতীরে প্রমন করেন। এখানে তিনি দশসহত্র বংসর সেই দশক্ষ্য ব্যবংক নিত্যভোজন

শক্ত আবার বলিলেন, "মহারাজ, দান অপেক্ষা ব্রহ্মচর্ঘা অধিকতর মহাফলপ্রদ বটে; কিন্তু মহাপুরুষদিগের চরিত্রে এই ছুই গুণেরই সমাবেশ আছে। অতএব আপনিও অপ্রমন্তভাবে দানে রত থাকিবেন এবং শীলরক্ষা করিবেন।" নেমিকে এই উপদেশ দিয়া শক্ত স্বস্থানে প্রতিগমন করিলেন।

এই বুস্তান্ত বিশদ করিবার জন্ত শাস্তা বলিলেন,

১৯। বিদেহেশে করি এই উপদেশ দান দেবরাঞ্চ শক্ত অর্পে করিলা প্রস্থান।

দেবতারা শক্রকে জিজ্ঞাসা করিলেন, "মহারাজ, আপনাকে ত কয়েকদিন দেখিতে পাই নাই; আপনি কোগায় গিয়াছিলেন ?" শক্র বলিলেন, "মারিষগণ, মিথিলারাজ নেমির গনে একটা সন্দেহের উদয় হইয়াছিল। তাঁহার প্রশ্নের উত্তর দিয়া সেই সন্দেহ নিরাকরণ করিবার জন্ম গিয়াছিলাম।" অভঃপর তিনি তিনটী গাথায় এই বৃত্তাস্ত আবার বিশদ করিয়া বলিলেন:—

विलिতেছি যাহা, সমবেত দেবগণ,
 ধার্শ্মিক বলিয়। গণ্য ভূমগুলে যায়।

২)। অরিশ্বন প্রমার্থকানী, হুপণ্ডিত

২ং। মহাদানশীল তিনি , দানের সময়
দান, আর ব্রহ্মচর্যা—কোন্টী প্রধান ?

অবহিতচিত্তে তাহা করুন প্রবণ :— উচ্চ, নীচ-বর্ণ ভেদে বহুবিধ তারা। বিদেহের পতি নেমি সর্ক্ষার বিদিত।

াবদেহের পাত নোম সক্ষত্র াবাদত। ভইল ওঁভোৱ মনে সন্দেহ উদয় .—

কোনটা এদের করে মহাফলদান।

এইরপে কিছই অমুক্ত না রাখিয়া শত্রু রাজার গুণ বর্ণনা করিলেন। তাহা ওনিয়া নেমিকে দেখিবার জ্বন্স দেবতাদিগের ইচ্চা চইল। তাঁহারা বলিলেন "মহারাজ নেমিই আমাদের আচার্যা। তাঁহার উপদেশ মত চলিয়া এবং তাঁহারই কুপায় আমরা এই দিব্যসম্পত্তি লাভ করিয়াছি। তাঁহাকে দেখিবার জন্ত আমাদের বড় ইচ্ছ। হইয়াছে। আপনি তাঁহাকে আহ্বান করিয়া আমাদিগকে দেখান।" শক্র এই প্রস্তাব স্থুসঙ্গত মনে করিয়া সমত হইলেন এবং মাতলিকে ভাকাইয়া বলিলেন, "সৌমা মাতলে, তুমি বৈজয়য়-রথ যোজন করিয়া মিথিলায় যাও এবং মহারাজ নেমিকে সেই দিব্য যানে তুলিয়া এখানে আন্মন কর।" মাতলি, 'যে আজ্ঞা' বলিয়া রথ যোজনা করিয়া যাতা করিলেন। শক্তের সহিত দেবতাদিগের কথোপকখন, মাতলির প্রতি আজ্ঞাদান, এবং মাতলির রথযোজনা -- এই সকল কার্য্যে মহাত্রগণনায় এক মাদ অতিক্রাম্ভ হইয়াছিল। নেমি পূর্ণিমার পোষধ গ্রহণ করিয়া পর্বাদিকের বাতায়ন উদঘটনপর্বক প্রাসাদের উচ্চতলে অমাত্যগণ পরিবৃত হইয়া শীলের মাহাত্মা চিস্তা করিতেছিলেন, এমন সময়ে পূর্ব্বদিকের ক্ষিতিজ রেখার উদ্ধে উদীয়মান চক্তমগুলের সহিত মাতলির রথও দেখা গেল। লোকে তথন সায়মাশ সমাপনপর্বক স্ব স্থ গৃহদ্ববৈ বদিয়া প্রম ক্রথে কথাবার্তা বলিতেচিল: তাহারা ঐ দশ্য দেখিয়া বলিল, "আজ ८४ छूटेहै। हन्द छेपिछ इहेल।" जाहारमत कथावार्छ। त्यव इहेवात शुटर्स्ड पिरातश्थानि म्महेब्राल दम्या गाइटि नातिन। ज्यन वहालाटक विनेश छेठिन, 'विजीशकी ठक्क नटर, छैर। রথ।" কিষৎকণ পরে মাতলিচালিত সহস্রদৈদ্ধবযুক্ত বৈলয়ন্ত রথধানি স্বস্পষ্টরূপে দেখা যাইতে নাগিল। লোকে ভাবিল, 'কাহার জন্ত এই দিব্যর্থ আদিতেছে?' ভাহারা একট চিন্তা করিয়া বলিল, "আর কাহার জন্ত আদিবে ? আমাদের রাজা ধার্মিক; मक छाँहात्रहे कम देवकवल वर्ष शाहीहियाद्वत। य मुमान आमारमत बाकात छेशपूकहे ब्हेबाडिं." अनस्त लाटक পরিতৃষ্ট इहेबा এই গাথা বলিল:-

করাইতেন। এত লোকের নিয়তবসতিহেতু সীদাতীরে একটা নগরের উৎপত্তি হইয়াছিল। কালক্রমে ক্ষিরা তপংপ্রভাবে ক্রমলোক প্রাপ্ত হন; রাজা কিন্ত এত দানশীল হইয়াও শক্রম ভিন্ন আর কিছু লাভ করিতে পারেন নাই। ২৩। অহো। কি অভত কাণ্ড ঘটিল এখন। দিবারথ অবতীর্ণ সুরলোক হ'তে

ভাবিলে বিশ্বাহ দেছে হয় বোমাঞ্চন। বিষেত্ৰকে সশবীৰে স্বৰ্গে লাখ যেতে। 🛎

লোকে এইরপ বলাবলি করিভেছিল: এদিকে মাতলি বাতবেগে অগ্রসর হইয়। বথ ঘরাইলেন, প্রসাদ-বাতায়নের ঝনকাঠের নিকটে থামাইলেন এবং উহা সঞ্জিত করিয়া वाकारक चारवाहरणत क्रम चलरताथ कतिराम ।

এই বভাল ফুলাইরপে বঝাইবাব জন্ম শান্তা বলিলেন,

২৪। দেবপুত্র, ঝদ্ধিমান শক্তের সার্থি মাজলি বলিলা তবে মিথিলাপতিকে. ( ৩২০ে হার মন্ধ সক্র-রাজ্যবাসিগণ ) :---২৫। "এস হে, দিকপালকল্প নরেন্দ্রপুসর। আবোহি এ বথে চল ক্রিদশ-আলিছে সেল দেবগণ বসি কথা সভায করেন শ্ববৰ সেখা জগঞাম তব।

রাজা ভাবিলেন, 'দেবলোক কথনও দেখি নাই, এখন দেখিতে পাইব : মাতলিব অমুরোধও রক্ষা করা হইবে; অতএব যাওয়াই কর্ত্তবা।' এই চিস্তা করিয়া তিনি অক্তংপরচারিণী এবং প্রজাদিগকে আহ্বান করিয়া বলিলেন, "আমি শীঘ্রই ফিরিব; তোমরা অপ্রমন্তভাবে দানাদি পুণাকার্য্যে নিরত থাক।" অনস্তর তিনি রথে আরোহণ করিলেন।

এই বৃত্তান্ত সম্পট্রপে ব্যাইবার জক্ত শান্তা বলিলেন.

২৬। সভব মিথিলাপতি আসন ভাজিরা পশ্চাতে বাধিয়া যত সমবেত জৰ. क्रवित्त्वन खारवाङ्ग मिडे विवादस्य । ২৭। মাতলি শুন্দনারত রাজাকে তথন বলিলা, "আদেশ ত্মি কর, নর্বর, কোন পথে লরে যাব ত্রিদিবে ভোমার। পাপীর যন্ত্রণাগার আছে এক পথে: অস্তা পথে পুণায়ার সুধ্ময় ধাম।"

রাজা ভাবিলেন, 'আমি পুর্বেই ইংার কোন স্থানই দেখি নাই; আমাকে ছই স্থানই দেখিতে চটবে।' তিনি বলিলেন.

২৮। লয়ে চল মোরে তুমি, হে দেবসারথে,

উভয়ত:, যেৰ আমি পাই নিব্পিতে কি বা হুথ করে ভোগ পুণ্যাক্সা যে জন।

কি যন্ত্রণা পায় লোকে পাপের কারণ, মাতলি ভাবিলেন, 'ছুই পথই ত একদঙ্গে দেখাইতে পারা যায় না। জিজ্ঞান। করিয়া (मिथ, हैनि क्षथरम कान १०० याहेर्ड हान।' डिनि विनिद्धन

> ২৯। কোন পথে, বাজপ্রেষ্ঠ, যাইবে প্রথমে १ স্বৰ্গবাদ পুণ্যাস্থার, পাপীর যন্ত্রণাগাব

कानी पिथिए जात हेन्हा इस मति ?

রাজা ভাবিলেন, 'আমি ত দেবলোকে নিশ্চয় যাইব। প্রথমে তবে নরকই দেখা যাউক।' ডিনি বলিলেন.

এই গাখাটা এর্থ বাধার-লাতকেও (৪৯৫) আছে। ফলতঃ বাধান-লাতক এবং পঞ্চম বাবের সংকৃত্য-জ্বাতক ( ৫৩০ ), এই হুইটা আগাদ্বিকা লইয়া নেমি-জাতকের অধিকাংশ রচিত। সংকৃত্য-জ্বাতকের নরকবর্ণনা এবং এই জাতকের নরকবর্ণনা প্রায় একই।

৩ । দেখিব নৱক আগে

আগে পাপীরা যেখানে খাকে

কুরকর্মান্টের স্থান করিব দর্শন ; দেখিব কি গতি লভে তঃশীল যে জন ,

ইহা শুনিয়া মাতলি রাঞ্চাকে বৈতরণী দর্শন করাইলেন

এই वृक्षांख विभावकार्थ वर्षना कत्रिवांत क्या भाषा विलित्सन.

- ৩১। দেখাইলা নরবরে মাতলি তথন মহাঘোরা ক্ষারোদকা বৈতরণী মদী, ফুটিতেছে জলরাশি অবিরত যার ছতাশনশিখাসন প্রচেক্ত উদ্রাপে। \*
- থ । বোরা বৈতরিশীগর্চে পড়িতেছে পাণী দেখি, ইহা মাতলিকে বলিলেন নেমি, "গাপীর বন্ধা। বোর করি দরশন বড় ভর পাই মনে, হে দেংসারখে। বল, শুনি, এরা সব কি পাপের ফলে পেতেকে বন্ধা। পাড়ি বৈতরণী ফলে।"
- ি পালে, কি দও পালী পার পরলোকে,
   রবিদিত নাতলির আছে সম্লার;
   রাজার ছিল না জানা; সে কারণ তিনি
   লাপিলেন ব্যাইতে পাগ-পরিণাম:—
- \*৪। "সবল ছইয়া যদি জীবলোকে কেছ

  য়ুর্বলের করে হিংসা, অধবা পীড়ন,
  সে নিষ্ঠুর পাপকর্মা জীবনাবসানে

  শাক্তি পার পতি এই বৈতরণী-জলে।"
- ০৫। "রন্তবর্ণ কুরুর, শবল গুঞাগণ,
  ভীবণ কাকোনসক্ষ দংগ্রুত্ভাঘাতে
  ছি ডি নাংস পাণীদের করবে ভক্ষণ।
  পাণীদের এ যত্ত্রণা করি দরশন,
  বড় ভর পাই মনে, হে দেবসারবে।
  বল, শুনি, এরা সব কি পাপের কলে
  কাকোলের ভক্ষা হয়ে ররেতে এখানে।
- ০৬। কি পাপে, কি বন্ধ পাপী পার পরলোকে, হবিদিত মাতলির আছে সমুদার; রাজার ছিল না জানা; সে কারণ তিনি জাগিনেন বুকাইতে পাপ-পরিণান:---
- ৩৭। °কুশণ বাহারা ছিল, কিংবা অপরের্ দাবে বাধা দিত বারা, বলিত গুর্কাকা

শ টাকাকার এই প্রসংক্ষ বৈত্যপীর রোমহর্ষক চিত্র অন্ধিত করিরাছেন। ইহার জল বেত্রলতাছের : সেই বেত্রের কউকওলি ক্ষুরধার ও অপ্নিমর! নদীতীরে নরকপালেচা প্রজ্ঞানিত অসি-দ্রাজি-ভোনর-ভিন্দিপালমৃলারাণি অল্পন্ত নইরা অবস্থিত। ভাহাবের প্রহারের ভাড়নার পাণীরা বস্তবিথও বেছে ঐ বেত্রাবরণের উপর
পতিত হয়। এবানে ভাহারা কটকে বিদ্ধ হয়; অংগাভাগ হইতে ভালপ্রমাণ প্রজ্ঞানিত অন্যূল্য মৃথ্ উথিত
হইয়াও ভাহাবের বেছ বিদ্ধ করে। ভরিছে জলের উপর লোহময় ও ক্ষুরধার প্রস্পত্ত। এই সকল পত্তের নিমে
ক্ষারবন্ধ ভর্তরণ; নদীর ভলবেশত ভীক্ষুরাছের। পাণীরা বন্ধণার ভূব দিরা দেখানেও সিল্লা লাভি পার না
ভাহারা ভীবৰ আর্তনায় করিতে করিতে কবনও প্রোভের অনুক্রে, কবনও বা বিপরীত থিকে চুটাছুট করে
ইহার পর ববন ভাহারা ভীবে উঠে, তথন সরকপারের আবার প্রতিণ প্রাহ্ব করে।

শ্রমণ-তাহ্মণগণে, চিংসাপথারণ কোপনস্বভাব চেন মহাপাপিগণ চয়েচে কাকোল-ভক্ষা নথকে এখন i

- ৬৮ । 'অলিতেছে নিবয়ীব পরীব অনলে
  ছুটিছে সে প্রজ্বলিত অব্যোভূমি' পরি
  ধাইছে নবকপাল পশ্চাতে ভাহাব
  চূর্ব করি দেহ তপ্তলৌহদণ্ডাঘাতে ।
  দেখি ইহা বভ ভয় পাইতেছি মনে ।
  বল, হে মাতলে, এরা কি পাপেব ফলে
  ভূতলে পাতিত হয় ভীমদণ্ডাঘাতে ?"
- ১৯। কি পাপে, কি দও পাপী পায় পয়লাকে
  ফুবিদিড মাউলিব আছে সমুদায়
  রাজার ছিল না জানা সে কাবণ ভিনি
  লাগিলেন ব্যাইতে পাপ পরিণায়ঃ
  -
- "জীবলোকে যে সকল মহাপাপী কবে
  হিংসা বেষ সাধুশীল নর বা নাব কৈ
  ক্রকশ্বা তাবা এবে দে পাপের ফলে
  ভ্রলে পাতিত হয় ভীমদণ্ডাগাতে।"
- "জ্বলস্থ অসাবপূর্ণ কণ্ডেব ভিতবে
  পড়িতেছে কেই কেই নরকণালের।
  দার'পরি ভাষাদের করে বরবণ
  ক্ষলস্থ অসাবরাশি দগ্ধদেই, হায়,
  কাপে ধর ধব পাপী কবন ক্রন্দা।
  দেশি ইয়া বড় ভর পাইভে চি মনে
  বল, সে মান্তলে এবা কি পাপের কলে
  প্রেছে গ্রুণা হেন অগ্রিক্ড মাথেক।

  প্রেছে গ্রুণা হেন অগ্রিক্ড মাথেক।

  প্রেছে গ্রুণা হেন অগ্রিক্ড মাথেক।

  স্বি
- ৪৯ ৷ কি পাপে কি দও পাপী পাব পরলোকে সুবিদিত ছাত্তলির আছে সমুদার রাধার ছিল না জানা সে কারণ তিনি লাগিলেন ব্য়াইতে পাপ-পরিণাম ঃ—
- ৪৩। "করিষ 'শ্রেণীর' হিত এই বাপদেশে শ্বাহারা সংগ্রহি অর্থ, গণজোঠগণে উৎকোচ করিয়া দান, মিথ্যা সাক্ষাবলে কনে উলা আত্মাৎ, জানি, গুলি আক্সার্থায় নে ধন বারা, সেই পাপাত্মারা অলস্ত অক্সারকুতে পড়িছা এখন করিতেছে চটুকট্ আব্যক্ষা-দোলা।"
- ৪৪। "প্ৰজ্ঞানিত, অগ্নিময় পৰ্বাভগ্ৰমাণ দ্ৰবীভূত লৌঙ পূৰ্ণ কৃত কট চে<del>পান</del>

<sup>\*</sup> মৃলে "পুৰারতনস্স হেতু" ইভাদি আছে। পুগ = শ্রেণী, guild পুৰারতন = পুগসন্তক ধন অর্থাৎ জেনীর প্রাধা ধন, বেমন বর্জনান সময়ের বরাজভাগার ইত্যাদি। টীকাকার বলেন, "ওকানে সভি দানং বা ক্লুনান পুরা বা প্রত্যাদি। বিধার বা করিস্সাম সংকত্তিবা ঠাপিং স্স পুগসক্তিস্স ধনস্স হেতু উই ধন বধারতি বাদিবা স্বক্তেঠিনান জকা দ্বা অনুক্টিঠানে দন্তক ব্যক্তন্ত গভং বহুক্ত ইয়ানে অক্তেই এন্তক বিধানতি বাদিবা কর্তিক বিধানতি বাদিবা করিব বিধানতি ।"

ভীবণ আলার বার ঝলসে নরন :
পাণীবের এ বস্ত্রণা করি মর্মান
বড় ভয় পাই মনে, হে দেবসারখে :
কি পাপের কলে পড়ে ভিতরে উহাব
অধঃশিরে সাণিগণ, বল ত আমার ?"

8৫ ৷ কি পাপে, কি দণ্ড পাণী পার প্রলোকে,

- শনাধুশীল অমণবাদ্ধণগণে যারা
   বিংসে, কিংবা পীড়া দের, সেই মছাপাপে
   পড়ে ডারা অধংশিরে গৌহকক্তে এবে।"
- গণার লোহার ফাঁস পরারে পাপীব দেখ না দিতেতে পাক নরকপালের। । ছি ডি মুও তপ্তজলে দিতেতে ফেলিয়। । একের বিচ্ছিত্র মুও বৃড়িতেতে গিয়। অপবের গলদেশে পুন: পুন: হায় এইরূপ তুর্বিষহ গাইতে ছ মনে বল, হে মাতলে কোন পাপে এইকপে পাপীর মন্তক ভিল্ল হয় বার বার?"
- শ্রীবলোকে যে পাপীরা পাথী ধরি তার
  পক্ষ তুটা ফেলে ছি'ড়ি, অথবা মন্তক,
  সেই শাকুনিক সব নবকে, রাজন,
  শুইরা দারুপ দ্বংথ পার এই মঙ।"
   শুটর সলিলে পুর্ণা সমতটা অই
- বহিতেছে নদী, যাব আছে ছই খাবে স্থগঠিত ঘাট সব : পিপাদার্স লোকে যায় হোখা স্থাীতল বারিপান তবে , কিন্তু কি আক্রর্বা। দের মুখে যবে জন, অমনি তা' গুক্ত ব্বে + হয় প্রিণত। †
- ৫১। বেধি ইহা বড় ভর পাই আমি মনে। বল, হে মাউলে, কোন পাপে ইহাদের পীরবাব জল হয় বুদে পরিণত ?"
  ৫২। কি পাপে, কি মণ্ড পালী পার প্রলোকে
  - ছবিদিত যাতলির আছে সমুদার , বাজার ছিল সাঁ লানা , সে কাবন ভিনি কাগিলেন ব্যাইতে পাপ-প্রিণার : —
- শালি 'ভূদং' : বাজালা 'ভূদি'।
- † থীকু পুরাণের Tantalus আৰু চানে মণ্ন থাকিতেন, ওাহার বতকোপনি এণ ওচ্ছ ফুপক প্রাক্ষাকন থাকিত, কিন্তু তিনি জলপান করিবার ইচ্ছা করিনে জল অদুগু হইত , পুধার কাতর হইন। তাকাপ্রহণের জন্ত বস্তু প্রদায়িত করিনে তাহাও অন্তর্হিত হইত।

eo। ভাল শতের মিশাইয়াবস যে বণিক ক্রেডাকে বঞ্চনা করে, সেই মহারাক, নবকজালায় যাব পিপাসার্ক হ'লে নদীতে ছটিয়া যায়, কৰ্মদোৰে ভাব নদীর সলিল হয় বঙ্গে পরিণ্ড।" en । "अतिहा छेखाना में निविधालन শ্বশক্তিভোমবাদি ন্বকপালের।। দেখি ইছা বড ভন্ন পাইভেচ্চি মনে। ফোন প্রাপে, হে মাতলে, এই সব লোকে হইতেহে ভপাতিত শক্তিশরাঘাতে :" ee : कि लारल कि मध्य लाली लाग्र लडातारक. প্রতিষ্ঠিক মাতলির আছে সময়ত রাক্লার ছিল না জ্ঞানা পে কারণ তিনি লাগিলেন বঝাইতে-পাপ-পরিণাম :--৫৬ : যে সকল পাপালয় থাকি জীবলোকে অপ্তবি ধন, ধানা অধ্ব ব্লাভ অল্ল-মেধ-মহিবালি পাল অপারের ক্ষিত, তে ভমিপাল, জীবিকানিব্বাছ, ভাছারাই সেই পাপে নর্কভতলে হজেছে পাত্তিত এবে শক্ষিশরাখ্যতে।" ৫৭। "প্রীবায় আবদ্ধ অই লৌহমরপালে গরেছে পাতকী সব : অক্স এক দল থণ্ডবিবত্তিত ২ম শন্তের জাঘাতে . দেখি ইহা ভন্ন বঙ পাইভেছি মনে। কি পাপের হেড় বল হে দেবসারখে. খণ্ডবিখণ্ডিত দেহ হতেছে এদেব ?" er: कि भारत कि मर भानी भाष भवतारक. ত্বিদিত মাত্ৰির আতে সম্লায়: বাছার ছিল না ভানা সে কারণ ডিনি লাগিলেন ব্যাইতে পাপ পরিবাম ! --৫৯ । "গে: মহিল-ছাল মেল শকর-মীনাদি প্ৰাণিবধ গাচান্তের বাসি জীবলোকে বহি মাংস ভাছাদের বিক্রয়ের ভরে সুনার সাজাহে যারা রাখে ও পাকারে. तिहे क वक्षी नव कीवनावमादन থও বিখণ্ডিত হয় নয়কে এখন।" ৩০ ৷ "মলবত্তে পূৰ্ব অই হদ দেখা যাত্ত্ব, ওষ্ঠাগত প্ৰায় গ্ৰাণ প্ৰভিগতে হাব। হণাৰ্ত্ত পাপীয়া, দেখ, ধার ভর পালে ওখানেট পিরা অই নলমতা ধার । দেশ ইচা বদ্ৰ ভব পাই আমি মৰে। कि शालव करन अवी. रह स्वयावस्थ করিতেছে ক্ষিণ্ডি মলমত্র খেরে

১ কি পাপে, কি দও পাপী পার পরলোকে.
 প্রবিদিত বাতলির আছে সমুদার;

রাজার ছিল না জানা : সে কারণ তিনি লাগিলেন বঝাইতে পাপপরিণাম :---७२। "बिक्टलाडी, अप्यातत शीक्षक शाहाता, সজত নিবত বাবা পাৰের চিংসার. সেই সৰ পাপী, তৃপ জীবনাৰসানে ৰরকে পড়িয়া করে বিশ্ব ত্র ভোজন।"+ ७०। "ब्रक्तभारत भूर्व कहे इम ब्रेक्सकत. ওঠাগতপ্রায় প্রাণ পৃতিগলে যাব, তঞ্চার মানবগণ করিতেতে পান ক্সকারজনক অই বক্ত আর পর। দেখি ইছা বড় আমি পাইডেছি ভর। कान भारभ वल त्याद्य. ए प्रवमाद्राय. করে পান লোকে ছেখা বক্ত অ'র প্র : ৬৪। কি পাপে কি দও পাপী পার পরকোকে, প্ৰিদিত মাতলির আছে সমদায় : বাজাব ছিল না জানা , সে কারণ তিনি লাগিলেন ব্যাইতে পাপপ্রিণাম :---৩৫। "সমাজেৰ পরিত্যাজ্য পাপাস্থা যে সব মাতা, পিতা প্রনীয় অক্যান্ত বাজিৰ করিয়াছে প্রাণবধ থাকি জীবলোকে. ক্রকর্মফলে তারা পড়িয়া নরকে রক্তপুর পানে করে পিপাসা দ্মন।" ৬৬। "হয়েছে বডিলে বিদ্ধ রসনা পাপীব, শক্ত শক্ত হারা বিদ্ধ চর্ম্ম যে প্রকার . স্থানতে নিক্ষিপ্ত, হায়, মীনের মতন করে এরা খড় ফড় কান্দে অবিরত. মৰ হ'তে হয় সদা ফেন উদিগ্রণ। ৬৭। দেখি ইহাবত ভয় পাই আমি মনে। कान भारम, वल भारव, ८१ रमवमावरम, চয়েছে বড়িশে বিদ্ধারদনা এ দর १॥ ৬৮। কি পাগে কি দও পাণী পায় পরলোকে. প্রবিদিত মাতলির আছে সমদায় : রাজার ছিল না জানা, সে কারণ তিনি লাগিলেন বঝাইতে পাপপরিণাম :---৬৯ ৷ "ক্রম্বিক্রয়ের স্থানে অর্থকারকের পদে প্রতিষ্ঠিত যারা উৎকোচগ্রহণে ক্রব্যের প্রকৃত মূল্য দের কমাইরা,

ধনলোভে কৃট তুলা করি বাবহার ওকনের বাতিক্রম ঘটার যাহারা, অধ্চ বলিরা মূথে মধ্র বচন নিজের ধ্রতা বাধে কবিলা গোপন —

ছলে "কার্ণিকা বিরোদক। পরেসং হিংসাত সদ। নিবিট্টা" আছে। টীকাকাব বলেন 'কার্ণিকা তে
কারণকারকা বিরোদকা মিন্তহুক্তাবং পি বিষ্ঠেক।"। সুহক্ত নহুত্ব। 'কারণিক' শক্ষের অর্থ এখানে বে কি
হইবে, তাহা নির্ণর করা কটিন। বাহারা শর নির্মাণ করে তাহানিগকে 'কারণিক' বলা হয়। কিন্তু এ অর্থ এখানে
অর্প্রবাল্য। বোধ হয় ইহা, এখানে 'অকুত্তা' বা 'কর্তব্যে উদাসীন' এইরণ কিছু বুখাইতেছে।

মংস্ত ধরিবার তরে লেণকে গে প্রকার বড়িপ আমিনে চাকি যেলে ক্লাপতে—

- ংশ কৃতিকাবিগণ প্রিজ্ঞাণ কছু
  লভিতে না পাবে; তারা নিজ কর্মকলে
  পার না ক প্রথার পরলোকে গিয়া।
  কুব কর্মকলে দেই পাপীরা এখানে
  পেতেকে যম্বা বন্ধ হইলা বভিলে।"
- গণ কভিবিক্তভাকে, অই দেশ, নামীগণ বাহ তুলি করিতেছে সভত ক্রন্তন। জিল্পনীবাং গবী যথা থাকে আবাতনে, জিল্পনিত লোণিত পূবে লিপ্তদেহা এবা। ভূমিতে নিবাও আবেছি আকটি শগাঁর; পর্ব্বভগ্রাব অপবার্দ্ধ প্রস্তাভিক ইইতে ছুটি অনক প্রস্তাভিক ইইতে ছুটি অনক প্রস্তাভিক ইইটে ছুটি অনক ব্যাহতে উর্ক্বল ইহাদের, কিন্তু নবাতৃত পিট অংশ হর পুনং, উচ্চতার বাহ। অভিক্রেদে দেই সব অনক্ত প্র্ক্ত। া
- বং। বেথি ইং। বড় আমি পাইডেছি তর। বল, হে মাডলে, এবা কি পাপের ফলে ফাকটি নিথাত আছে ভ্যতিত সতত গ কেনই বা পিটু উদ্ধিকার ইংাদের । নবীভূত হয়ে প্ন: করে অভিক্রম ইচডোর অই সব অলম্ভ পর্বাত গ'
- ৭০। কি পালে কি দত পাণী পাল পরলোকে, গুবিদিত মাতলির আছে সম্পাল, বাহার ছিল না জানা; সে কাবণ তিনি লাগিলেন ব্যাইকে পাশ-প্রিণাম :—
- ৭৪। ''দংকুলে ল'ভিন্ন কর এবা জীবলোকে কবিল অঞ্জ কর্ম ; ছিল ছুল্ডাবিনী , কবিয়া কপের গর্কে পতি পরিত্যাপ ভঞ্জিল পুক্ষান্ত্র্যের কাষের তাভ্তন। ভৌবলোকে কামস্থা চবিগার্থ কবি প্রেট্ডেড এখন এই বন্ধণা ভৌবন।''
- ৭৫। শুসন্বয় ধ্রি, দেল, অধ্ঃলিরে অই ; পাশীকে নরকপ্রে ফেলিছে নরকে।

<sup>\*</sup> जाथाउन-कश्हेबाना ( Slaughterhouse )।

<sup>†</sup> এই গাধার শেব চরণ—''থদ্বাতিবতন্তি সংলাতিত্তা'' প্রর্কোধা। 'অতিবত্তি' পদেব মর্থ অতিক্রম করে। কিন্তু কাহাকে অতিক্রম করে। 'থক'-ই বা কি গ টাকাকার বলেন, ''নারিয়ো এতে পক্ষতথলা অতিক্রমি, তাসং কিব এবং কটিপ পমাবং প্রিসিয়া ঠাপিতকালে পুর্থিমার দিসার জলিতাে অবপক্ষতে। স্মৃট্টাইখা অসনি বির বিরবতাে আগঝা সঙাবং সন্হক্ষণিত বির পিংসন্তা গক্তি। তামিন অতিবন্তিকা পাছিল-প্রস্কৃতি প্র তাসং সরীরং পাতৃত্বতি, তা প্রকৃষ অবিবাসেকুং অসক্ষেত্রিরা বাহা পগ্রহ কলি, সেস দিসার উট্টেজপ্রত্র পা এনেব নরো, বে পক্ষতা সমৃট্টাই উচ্ছুর্টিকং বিয় পাছেতি এতেনার ক্রাচিবন্তারীতি।'' ইয়া ইতি কি অকুমান করা যায় যে, 'এক শল বারা ঐ সকল অয়ংপর্কত বৃত্তিত হট্যা সন্তানার বিরব্ধ উত্তাগ প্রত্রেমাণ উচ্চ, নচেং পেরণের হবিধা হয় না; একবার পিট ইইয়া উষ্ট্যাকারীত হর এবং আলার ও উচ্চতার ঐ সকল পর্বত্তেও অতিক্রম করে।

বল, হে মাতলে, আৰি গুণাই ভোমাঃ, কোন্ পাণে মানুষের এ ছুর্নিনা ২৯ হু'' ১৬ ৷ কি পাপে, কি দও পাণা পায় প্রলোকে, হুৰিদিত মাতলির আছে সমূদায়;

হাৰাণত নাতাগর আছে সম্পায়;
রাজার ছিল না জানা; সে কারণ তিনি
লাগিলেন বুঝাইতে পাপ-গামিণাম:---

'৭৭। "গ্রিয়া পত্নী সর্বজ্যেষ্ঠ ধন মানুবের। হেন ধন হরণ যে করে নরাধন, প্রদারসেবী সেই পাপাত্মার হয় উদ্ধানে অধংশিরে নসকে প্রন।

শ্। বহুবর্ধ এইরপে নরকে থাকিয়া এতাদৃশ পাপান্ধারা ভূজে হুংখ দদা। জুরক্মী হুমতিরা কত্, মহারাজ, নাহি পার পরিজাণ জীবনাবদানে। আরক্ত কর্ম থাদি অপ্রে ইহাদের ব্যবস্থা করিয়া রাবে উচিত দণ্ডের। ভাই, এরা অধ্যনিত্র পতিছে নরকে।"

ইহা বলিয়া দেবদারথি মাতলি ঐ নরকও সন্তর্ধাণিত কবিলেন এবং আরও অ্থাসর হইয়া যে নরকে মিধ্যাদৃষ্টিক কলেকে দও ভোগ করে, হাজাকে ভাহা দেধাইলেন। অনস্তব রাজা প্রশ্ন করিলে মাতলি ভাঁহাকে সমত্ত ব্যাইয়া দিলেন।

এদিকে দেবলোকে দেবলার প্রধান্দ সভায় সমবেত হইয়া রাজার আগমন প্রতীকা করিতেছিলন। মাতলি ফিরিতে বিশ্ব করিতেছেন কেন, ইং। ভাবিয়া শক্র বিলম্বের কারণ ব্যিকোন। তিনি লানিলেন যে, 'মাতলি নিজের দোতাকুশসভা প্রধান করিবার জক্ত নেমিকে লইয়া নরকে নরকে প্রতেছেন এবং পাশীরা অমুক পাণে অমুক নরকে অমুক দণ্ড ভোগ করে, ইহা বলিভেছেন। এরপ করিলে নেমির সমন্ত জীবন কাটিয়া ঘাইবে, অপচ তিনি নরকের শেষ দেখিতে পাইবেন না।'' এজন্ত শক্ত একজন মহাবেগবান্ দেবপুশ্রকে বলিলেন, "তুমি মাতলিকে বল গিয়া যে, রাজাকে কইয়া শীত্র এথানে আগমন কক্ষন।'' বেবপুশ্র সম্বর মাতলির

বাছারা ধর্মদলকে আন্ত মত পোষণ করে ও সদ্ধর্কে বিশান করে না।

নিকট পিয়া শতেজ আদেশ জানাইলেন। তাহা শুনিয়া মাতলি দেখিলেন যে, আর বিলম্ব ক্যা চলে না। তথন তিনি রাজাকে চতুদ্দিকের বহুনরক সুগণৎ দেখাইয়া বলিলেন,

৮২। বেশিলেন পাণীবের বন্ধণা-আগার;
ক্রুকশাবের স্থান, ত্রঃশীলের গতি
ক্রক্মেরেররের, দব পেলেন দেশিতে।
চলুন এখন বাই শক্রের নিকটে।

ইহা যলিয়া মাতলি দেবলোকাভিমুণে রথ চালাইলেন। দেবলোকে শইবার ালে রাজা দেবিতে পাইলেন, আকাশে ছাদশনোজনবিজীৰ, মুশিময়-পঞ্কুটাগারলোতিত, দর্বলিকারবিভূষিত, উজান-পুকরিণী-সমন্তিত, কর্মুকপরিবৃত এক বিমান শেভা পাইতেছে। ঐ বিমান দেবছহিতা বীরণীর।, বীরণী তথন একটা কৃটাগারে শ্যাপৃষ্ঠে উপবেশন করিয়া মনিময় বাতায়ন উদ্যাটনপূর্বক বাহিরে দৃষ্টিপাত করিতেছিলেন; এক সহস্র অপ্ররা তাহাকে বেইন করিয়া ছিল। রাজা মাতলিকে এই বিমানের বৃত্তান্ত জিজ্ঞানা করিলেন এবং মাতলি তাহাবে তাহা বৃশাইয়া দিলেন:—

- ৮০। "ি ফলব, হগঠিত ঐ যে বিমান, গোভিছে উপনে যাব পঞ্চুটাগার। দিব্যমালাধ্রা, নপাভরণমন্তিতা, মধা-অনুভাবা এক নাবা ও বিমানে বলেছে শশান, দেবস্থ্যত বিস্তৃতি গৌদিশে বিকাশ কবি নাবান প্রকাব।
- দ্র। মেন্টি ফারিয়া ইছা, হে দেবসাকথে, হইডেটি পুলব্দিত জানন্দে অপার। সম্পাদিয়া কোন সাধুকর্ম নথকোকে এ রমনী কর্মকণ ভাজেন বিদ্যালে গ
- ৮৮। কি পুণ্ডো, কি মুখ তে, ছ লেইক প্রকারে হবিদিত মাত্র তিব আহে সম্ভায়। রাজার ছিল না জালা, সে কারণ তিনি লাগিলেন বঝাইতে প্রণায় হল্ল।
- ৮ও। "হয় নি কি জীবলোকে শ্রবণগোচয় নাবলীয় নাম কন্তু? ছিচা প্রাকালে কোন এক ব্রাহ্মণের গর্জনামী \* সেই।

<sup>\*</sup> লাসৰামীৰ গৃহে লাসেৰ উৰ্নে ও লাসীৰ গতে জাত সস্তাম গৰ্ডদাস বা গ্ৰতদাসী বলিয়া অভিহিত হইত। পালি সাহিত্যে এইৰূপ সন্তামকে 'আমাৰ দাস' 'জাতদাস', 'আমাৰ দাসী' 'জাতদাসী' বলা যাৰ েঃ য থণ্ডেৰ উপক্ৰমণিকাৰ ৩০ পৃষ্ঠ জুইৰা )।

বীরণীর সন্থান্ধ এই কিংবদন্তী আছে :—সে দশবল কাপ্তপেন সময় জন্মগ্রহণ কবিয়াছিল। তাহান ব্যক্ষণ প্রজু ভিলুসকলকে আই শলাকান্ডক দিবান সকল্প কবেন। তিনি পূচে গিছা ব্রাহ্মণীকে বলিলেন, "আগামী কলা হইতে প্রজান্ত এক পত ভিকুর জন্ম এক এক কার্যাপিন মুলোর বাস্ত্যের ব্যবহা কবিয়া আটটা শলাকান্ডক প্রস্তাহ কবিতে হইবেন। ব্রাহ্মণী উত্তর দিলেন, "ভিকুরা ধৃষ্ঠ; আমি এ কাজ করিব না।" ব্রাহ্মণের কন্যানান্ত কেই তাহার আক্রা পালন করিতে চাহিল না। তথন তিনি বীরণীকে এই ভার লইতে বলিলেন; বীরণী প্রকুর্মিতে ভাব প্রহণ করিল, বছসহকারে বাগ্তকাদি রক্ষন করিতে লাগিল, যে সকল ভিকু শলাকা পাইল যথাকালে ব্যহ্মণের পূচে দেখা দিতেন, উাহাদিগকে আদ্ব করিয়া গোমরলিপ্ত প্রিকৃত হানে আসন পাতিছা বসাইত এবং মাতা যেকপ প্রসামাত পুরুষ্ক সেবা করেন সেইরূপে তাহাদিগকে ভোজন করাইত। ব্যহ্মণান্ত পুরুষ্ক সেবা করেন সেইরূপে তাহাদিগকে ভোজন করাইত। ব্যহ্মণন্ত অর্থ ভিরু সে নিত্যের অর্থ ভিকুলে বিবাহ নিবাহিত কবিত।

যথাকানে সমাগত অভিথিগণের করিত সে সেবা যড়ে, সেবে যথা মাডা আন্ধগর্ভনাত পুত্রে সানন্দ অন্তরে ! শীলবতী, ডাগেবতী সে পুণোর বলে কভি এ বিমান এবে ভক্তে স্বর্গন্তব।

ইহা বলিয়া মাতলি রখ লইয়। অগ্রদর হইলেন এবং রাজাকে শোণদন্ত দেবপুত্রের কনকময় সপ্ত বিমান-প্রদর্শন করিলেন। রাজা বিমানগুলি এবং তাহাদের শ্রীসম্পত্তি দেবিয়া, শোণদত্ত পূর্বেক কি কর্ম করিয়াছিলেন তাহা জিজ্ঞাসিলেন, মাতলিও তাঁহার প্রশ্নের উত্তর দিলেন:—

- - ৮৮। দৰ্শন করিয়া ইহা, ৫০ দেবসারপে, হইতেছি পুলকিত আনন্দে অপার। সম্পাদিয়াকোন শুভকার্যা নরলোকে ভয়েন এ স্বর্গস্থা ইনিও বিমানে গ''
  - ক পূণ্যে, কি হথ ভ্ঞে লোকে প্ৰকালে সুধিদিত মাতলিব আছে সমুদার।
     বাজার ছিল না জানা , সে কারণ তিনি লাগিলেন ব্রস্কাইতে পূর্ণোর প্রফল।
  - ৯০। "নরলোকে শোণদত্ত নামে হ্বিদিত ছিলেন, রাজন্, ইনি আটা গৃহপত্তি, মৃক্তহত্ত দলা লানে , প্রাক্তদের উদ্দেশ্যে বিহাব সপ্ত নিজবাতে ইনি নির্মি উৎসূর্গ কবিলেন প্রাকালে। \*
  - ৯১ সর্বাপাপবিনিম্ ক্ত সংলক্ষতাব ভিলু গাঁবা থাকিতেন এ সপ্ত বিহাবে, নেবিতেন শোপদত্ত সদম্মানে সবে সক্ত প্রসল্পনে, অল্লবক্ত বিহা প্রাদীপ-আদি আব হাব্ছাক থাহা।
  - ৯২ : চতুর্মণী, প্রধানী অষ্ট্রমী তিথিতে, প্রাভিহার্থাপকে আব গালিতেন ইনি স্বতে অষ্ট্রাক্সণীল : t.
  - ৯৩। পোৰবী হইলা সৰ্ববলা সংঘ্যাবনে হকিডেন শীল। সে সংঘ্যা, সেই দানমাহান্ত্যো, হাজন, ভূবেন বিযানে ইনি এবে বর্গস্থ।"

শোগদন্ত ( দোগদির ) কাশ্রপবৃদ্ধের সময়ে কাশীর জ্যের কোন নিপমপ্রামে বাস করিতেন।

<sup>†</sup> এই সাধাটী চতুর্থ বণ্ডের স্থকটি জাতকের (৪৮২) ১৪শ গাধা। 'প্রাতিহার্বা-পক্ষ' সম্বন্ধে ওত্রতঃ পাষ্টীকা স্তইন। টীকাকার বলের বে, এই অভিন্নিজ পোষধদিন অন্তমীর পূর্বের বা পরে অর্থাৎ সপ্তমী বা নবমীতে, এবং চতুর্জনী ও পঞ্চদীর পূর্বের বা পরে অর্থাৎ ব্যৱদাদী বা প্রতিপদে পালিত হইত। কলত; ইহা একটী অভিনিজ পোষধদিন; এবদ কিছে ইহা কেছ পালন করে না।

এইরপে শোণনতের পূণ্যের কথা বলিয়া মাতলি সম্মুখের দিকে আবও অন্ধর ক্রার বিধার রাজাকে একটা ক্ষাঁটক বিমান দেখাইলেন। উহা পঞ্চবিংশতি বোদন উটা, বর্ণত সপ্তরত্বময় অস্তযুক্ত, বহুশত কুটাগারপ্রতিমণ্ডিত। উহার চতুর্জিক বিধিনিযুক্ত জালে বেইভে; চূড়ায় স্বর্ণরজ্জময় পতাকা; চতুজ্পার্যে নানাপুল্প-মণ্ডিত তক্ষলতার বিচিত্র উন্থান ও উপব্ন; তাহাদের মধ্যে মধ্যে রাণীয় পুক্রিণী। ভিতরে গীতবাছাদি-নিপুণা সহম্র অব্যরা। এই বিমান দেখিয়া রাজা অব্যরাদিগের পূর্বেকৃতকর্মদম্বন্ধে প্রশ্ন করিলেন এবং মাতলি সেই প্রশ্নের উত্তর দিলেন:—

৯৪। **"কটিকনির্শ্বিত অই শোভিছে বিমান** ' কটাগাররাজি যার অতি মনোচর। দিব্যাঙ্গনা শত শত রয়েছে ওথানে : অমুপানে পরিপর্ণ : দিবানতাগানে মথবিত হইতেছে প্রকোষ্ঠ উহার। ৯৫। দর্শন করিয়া ইছা, ছে দেশসার্থে, প্লকিত হইতেছি আনন্দে অপার কোন শুভকর্মফলে এই রমণীরা স্বৰ্গপ্ৰথ ও বিমানে ভঞ্জেন এখন গ" ৯৬। কি পুণো, কি মুখ ভঞ্জে লোকে পরকালে. স্থবিদিত মাতলির আছে সমদায়। রাজার ভিল না জানা : সে কারণ ডিনি লাগিলেন বঝাইতে পুণাের হুফল। ৯৭। "যে সকল উপাসিকা থাকি নরলোকে সতা আর শীলরক্ষা করিল যতনে. অপ্রমন্তভাবে যারা পালিল পোষধ, সতত প্ৰসন্ত্ৰচিত্তা, ছেন নারীগণ সে সংযম, সেই দান-মাহান্মোর বলে ভূঞিছে ৰগীয় হব বিমানে এখন।"

কিন্ত এইরূপ বলিয়াও চক্রকুমার পিভার মুখে হাঁ, না, কোন উত্তরই পাইলেন না। তথম ভিনি মাভার পাদমূলে পভিত হইয়া পরিদেবন করিতে লাগিলেন্:---

১২১। কত কটে চলে, মা পো, করিলে পালন; ইারাইলে জাল সেই অঞ্চলের ধন।
এন মা, চরণে তব করিব প্রণাম; পিতা মোর বর্গথাবে করুণ প্রছাণ।
১২২। সেহতরে জালিকন কর, মা, আমার ,
করিবেন বস্তু রাজা, তাহার কারণ;
১২০। সেহতরে জালিকন কর, মা, আমার ;
নহাবারা করিব পো আমি এইবার ;
১২৪। সেহতরে জালিকন কর, মা, জামার ;
নহাবারা করিব পো আমি এইবার ;
সহাধারা করিব পো জামি , এখন ;
বিবাদসাগরে মন্ন হবে প্রভাগণ।

জাতার মাজাও চারিটা পাধার এইরপ বিলাপ করিলেন :---

১২৫। পৌতনীর প্রাণধন, বাঁধ রে মাখার
প্রশার পামের মোলা, ভিতরে ঘাহার
থাকিবে চম্পকদল ; এই ত বে ভোর
উপরুক্ত মোলা বাছা, ছিল এত দিন।
১২৬। যেতিস্ সভার, বাছা, বিলেপি পরীরে
বে চম্মনরস তৃই, এ জন্মের মত
লেপ সে চম্মনে তোর পরার এখন।
১১৭। বেতিস্ সভার, বাছা, পরি কাশীজাত
যে কোবেব বন্ত তুই, এ জন্মের মত
পব্ ভাহা দেখি চক্ত্ জুড়াক্ আমার।
১২৮। স্কাঞ্মনির্শিত, মুক্তামাণিকাথচিত
যে হস্তাহরণ পরি যেতিস্ সভার,
পব রে সে আভরণ এ জন্মের মত।

চল্লের অগ্রমহিনীটার নাম ছিল চন্দ্র। তিনি পতির পাদমূলে প্রভিন্ন এইরূপ বিশাপ করিতে লাগিলেন:—

১০৯। রাষ্ট্রপাল ইনি, প্রস্তুসকল প্রস্লোর, বাজ্ঞোব সর্ক্রে এ র পূর্ব ক্ষমিক ।
পৌরস্কানপদদের ক্ষাড়ে যত বিত্ত, সমত্তই শাল্লমত ইংগর আয়ন্ত ।
কিন্তু, হার, ইছা বড় এংখের বিষধ, প্রপ্রেম্ছণ্ড হেন রাজার জ্ঞান দ্বা।

#### हैश क्रिश बाका विलिशन।

১০ । পুত্র সুবা, ভারা হোব আমিও আমাব প্রিয় ভূঞিব কর্সের হুখ, দেই হেড় সমুক্তাত সকলেই প্ৰীতির ভাঞন, কবিব ডা' কেমনে গোপন। এই বড সাধ মনে মনে; হইবাহি পুজের নিধনে।

## চন্দ্রা বলিলেন,

১৯১। বধৰ প্ৰথমে মোৱে , চন্দ্ৰেৰ নিধন যদি সে পোকে জনম মোব নিশ্চিত বিদীৰ্ণ হবে , পুদ্ৰ তব সুকুমাব সনোহর কলেবব

সাজ না হইবে যক্তা উদ্দেশ্য তোমার বার্থ ১৩২ ৷ বধ আমো ছুই জনে , চল্রের সহিত আমি

শুধু এঁবে বধ যদি কর, নিশ্চিত ইইবে, নরেশর। পরলোকে করিব গমন, বিচরিব সেখা অফুক্রণ।

इत्र कार् शं. (पत्. मन्नांक्रव.

डिलक ना उड़ित कोवन।

#### बाका दनिस्मन,

১০০। বরণ কামনা, চন্দ্রে, কেন তুমি কর ? তিমার রংহছে ছবে অনেক ছেবর।
মহিলে গৌতমী-পুত ভাহারাই সবে, বিশালান্দ্রি তব মনস্কাইরত হবে।

তুজনেই একদক্ষে

चिंड:भन्न भाषा वर्षनाथा वनितन।

महार्थना हरव छव ;

ठ<u>ला</u> विक राक कर हारव।

# ১০০ (ফ)। গুনিলা রালার কথা চক্রা আবার বিলাপ করিতে লাগিলেন:—

১৩৪ (ব)। জীবনে কি ফল যোৱ দু ১৩৫। মাই এ বাজার কি গো বে বলে ইহারে, "ডুমি ১৩৫। নাই এ বাজার কি গো

त्व वरन हॅशारा, "कृषि

যিত্র কি অমাত্য ছেন ক্লব, করিও না আত্মন নিধন ?" জ্ঞাতি কিবো মিত্র ছেন ক্লব, করিও না আত্মন নিধন ?"

এ প্ৰাণ ডাজিব বিষণাৰে।

<sup>🍅</sup> ইহাতে বিধবাদিগের নধ্যে বেবরকে পতিজ্ঞপে গ্রহণ করার প্রথা স্থচিত ব্রহীরাহে 🕻

১০৭। আছে ত কেবুরধর গুলী আরে পুত্র কত তব .
বজার্থে কেন নাবধ কর তুমি সেই পুত্র সৰ ?
গৌতমীর পুত্র চক্র তোমার বংশের ধুরক্কর ;
বধিও না তারে তুমি, এই ভিক্ষা মানি, সরবর ।
১৬৮। শতধা কাটির। মোরে কর তুমি, মহারাজ, সম্পাদন যক্ত সপ্তস্থানে ;
কেশবি বিক্রম এই জোইপুত্রে বিনা দোবে বধিও না, বধিও না প্রাণে ।

১৩৯। শতধা কাটিরা মোবে কয় ভূমি, মহারাজ সম্পাদন বজ্ঞ সপ্তত্থানে, সর্বাজনপ্রিয় দেই লোটপুত্রে বিনা দোবে বধিও না, বধিও না প্রাবে।

চন্দ্রা রাজার সমীপে এইরূপ বিলাপ করিলেন, কিন্তু কোন আশাস পাইনেন না। তথন তিনি বোধিসন্ত্বের নিকটে গিয়া বিলাপ করিতে লাগিলেন। বোধিসন্ত বলিলেন, "চল্লে, বতদিন জীবিত ছিলাম, যথনই কোন সংপ্রসঙ্গ বা সদালাপ হইয়াছে, • তথনই তোমাকে অল হউক, অধিক হউক, মুক্তাদি বছ আভরণ দান করিয়াছি। আজ ভোষাকে এই শেষ দান দিতেছি। তুমি আমার এই গাতাভ্রণ গ্রহণ কর।"

## এই বৃত্তান্ত ফুল্পষ্টরূপে বুঝাইবার জন্ত শাস্তা বলিলেন,

১৪০। গগনি হরেছে প্রিচে, দৎপ্রসক্ষ, সদারাপ এ রাজ্জবনে
তুষেছি ভোমার আমি ছোট বড় বতবিধ আওরণদানে।
এই মোর শেষ দান, হীরক-বিদুখানত লক্ষ-আভরণ
দিলাম ভোমার এবে: প্রশাহর শেষ চিক্ষ কর পো গ্রহণ।

## हेश अभिया हमारमयी नयुषी शाधाय अदिरावन कदिरानन :--

১৪১। শোভিত থাঁহার ক্ষত্তে ফুলু কুসুমের দাম, চাইৰে পাডিত।
এখনি তাঁহার ক্ষতে গাতকের বিগদিক নিপ্তিন। পাজিত।
১৪১। রাজপুরদের ক্ষতে এখনি ফুড্রাক গল গবে বে পাডিত।
তব না আমার বন্ধ বিদ্যাল। নিশ্চিত ইয়া পাবাৰে পঠিত।

১৪১। পরিধান কাশীকাত কৌৰক বসন উচ্চন কুণ্ডল লোভে শ্রণগুগলে . অপ্তক্ষ-চন্দনলিপ্ত বপু মনোহব .— হেন চন্দ্র-মুর্বো লবে বাও গো তোমঞ্চ সম্পাদিতে যক্ত একরাক্স ভূপতির।

১৪৫ । পরিধান কাশীজাত কৌবিক বসন উজ্জান কুণ্ডল শোভে প্রবব্দুপলে , অঞ্জচন্দনলিপ্ত বপু মনোচর ,— কেন চন্দ্র পূর্বো লয়ে বাও গো তোমরা হানি মহাপোকশন্য জননীয় ব্লো

১৪৬। পরিধান কাশীজাত কৌবিক বসম;
উজ্জন কুওল শোতে প্রবণবৃপলে;
অগুরুচন্দনলিপ্ত বপু মনোহর,—
ক্রেন চক্র পূর্বো লরে বাও গো ভোমরা
ভবাইছ। প্রজাগনে বিবাদ-নাগরে।

১৪৭। প্রপক্ষ মাংদের রসে রসনা এঁকের প্রতিদিন হ'ত তৃপ্ত ় স্লাপকেরা কও

<sup>\* &#</sup>x27; প্রস্তবিতের কবিতের'' – আমি ইহার বেরপ কর্বপ্রহ করিয়াছি, অনুবাদ ভাষাই বিশাদ।

<sup>•</sup> निज्ञिःम = छत्रवाति ।

গতনে করা'ত স্নান এ কুমাব্যুয়ে . শ্রবণে এ দের শোভে উজ্জল কণ্ডল অগুরুচন্দ্রে লিখ বপ মনোহর :---হেন চন্দ্ৰ পূৰ্যো লয়ে যাও গো ভোমৰা সম্পাদিতে যজ্ঞ একরাজ ভপতিব। ১৪৮ ৷ প্রপক মাংসের রুসে রসনা এ দেব ঞাতিদিন হ'ত তপ্ত: স্নাপকেব। কত যতনে ক'রাত সান এ কুমারবয়ে এবণে এ দেব শেন্তে উজ্জল কণ্ডল . वक्षकान्यत लिश्च वर्ष मन्दि : = ছেন চন্দ্র কর্ষো লয়ে যাও গো ভোমব। হানি মহাশোকশলা জননীর বকে ! ১৪৯ ৷ প্রপক মাংদেও রদে রসনা এ দের প্রতিদিন হ'ত তৃপ্ত , স্নাপকেরা কত যতনে কবাত স্থান এ কুমারগ্রে। এবণে এ দেব শোভে উজ্জল বণ্ডল . অঞ্চলনে লিপ্ত বপু মনোহব ---হেন চন্দ্র কর্যো লবে যাও গো ভোমনা ভবাইর। প্রজাগণে বিধাদ-সাগরে।

চন্দ্র। এইরূপ বিলাপ করিতে লাগিলেন; এ দিকে যজ্ঞতুতে সমস্ত আয়োজন সম্প্র হইল। বাজভূভোবা চন্দ্রকে সেখানে লইয়া গেল এবং তাঁহার গ্রীবা অবনত করিয়া বসাইয়া রাখিল। খণ্ডধাল একটা স্বর্গ পাত্র নিকটে বাশিয়া তাঁহার গ্রীবা ছেদন করিবার জন্ম খন্তগাহতে অবস্থিত হইল। চন্দ্রা দেখিলেন, তাঁহার অন্ত কোন শরণ নাই; তিনি নিজের সভ্যপ্রভাবে স্বামীর কল্যাণসাধনের সংকল্প করিলেন। তিনি কৃতাঞ্জালিপুটে সভামধা বিচরণপূর্বক সভাক্রিয়া করিলেন।

এই বুড়ান্ত	(वनमकरण तुकाहेबाब छ	ক্ত শাস্তা বলিকেন,	
34+1	হল নৰ আয়োগন:	বসাইল চন্দ্রে তারা	যজনহেতুকরিতে নিধন ,
	পঞ্চালরাক্রের কন্তা	প্ৰাঞ্লি হইযা আমি	বলে তবে এতেক বচন :
501	"এইমতি খণ্ডহাল	কবিয়াছে পাপকৰ্ম,	এই বুণাসভাহয় যদি,
	এ সভাবাকোর বলে	খামীর সহিত মোর	বাস যেন ঘটে নিরবধি।
>45 (	লোকাভীত শক্তিখৰ	দেব, যক্ষ, ভূতভবা+	উপস্থিত বাঁহারা এখন,
	কক্ৰ এ দলা মোরে,	শ্বামীর বিচ্ছেদ যেন	হয় নাক আমার ঘটন।
340	ভূতভবা দেবতারা,	এদেছেন হেখা থাবা.	শরণ লইন্থ স্বাকার,
	বিপদে উদ্ধাবি আজ	ৰুকুৰ ভাঁছাবা এই	প্রার্থনা প্রণ অনাধার।
	এই ভুরাশরদেব	চক্রান্তে পড়িয়া যেন	হারাই না পতিরে আগার।"

দেবরাজ শক্ত চন্দ্রার পরিদেবনশব্দ শুনিয়া সমন্ত কাণ্ড র্ঝিতে পারিলেন, অগ্নিময় প্রকাণ্ড লৌহধণ্ড হল্ডে লইয়া হজ্জভূমিতে অসভীর্ণ হইলেন এবং রাজাকে ভয় দেধাইয়া যজার্থে আনীত সমন্ত প্রাণীকে মৃক্তি দেওয়াইলেন।

এই বৃত্তান্ত সম্পটজনে বৃত্তাইবার জন্ত শতা বলিজেন,

: es । তনি ইছা দেবরাজ প্রকাণ্ড লৌহের পিও

যুৱাইতে যুৱাইতে দিলা দরশন।

দেবি তাহা মহাহরে হল সবে কম্পমান;

রাজাকে বলেন শত্র প্রতক্ত বচন:—

<sup>॰ &#</sup>x27;ভূতভবা' দৰকে ৫ম থাঙের শোপনন্দ-জাতকের ( ৫০২ ) ২০১ম পৃঠের পাষ্টীকা এইবা ।

১৫৫. 'ব্সেরে লক্ষীছাড়া রাজান প্লেনে বাখ , মাখা ছোর ভালিব এখনি এই লোচলিভালতে কেশরিবিক্রম ভোর বলজেট জোটপজে कतिम (त वध यपि विभा अभवादधः ১৫৬। বল ড রে, হডভাগা, ্দ্রখন্তে কি কেন পর্মে বিনা গোবে বধে লোকে স্বৰ্গলাভ তুলে দারা, হুত, হুতা আর **ভেষ্ঠ গছপতিগণ** ৮ এমন নিষ্ঠার কর্মাকেই কি য়ে করে ং" an । स्वि (मरवरस्त्रत वांगी, ছেরি এ অস্তত দৃষ্ঠ, হাজা, খণ্ডহাল ভৱে কাপে খব খর করিল সকল জীগে তখনি বন্ধনমক निर्द्भावत्क छाट्ड यथा विठादक शतः। seb । मुक्त (पश्चिमकनारक সেবানে আছিল বাৰ প্রত্যেকে লইল এক লোই ভুলি হাতে: শ্ৰহ নিজ কৰ্ম্ম ফল তুর্চাব পত্রাল নিহত চইল দেই সব লোষ্ট্রালে ।

খণ্ডহালের প্রাণান্ত করিয়া দেই জনসজ্য রাজাকেও বধ করিতে উন্নত হইল।
কিন্তু বোধিসন্ত পিতাকে আলিঙ্গন করিয়া রাধিলেন, কাহাকেও তাঁহার গায়ে হাত দিতে
দিলেন না। লোকে বলিল, "বেশ, এই পাপিট রাজার প্রাণ বধ করিলাম না বটে, কিন্তু
ইহাকে রাজচ্ছত্র ভোগ করিতে কিংবা নগরে বাস করিতে দিব ন!। ইহাকে চণ্ডাল করিয়া
নগবেব বাহিরে বাস করাইব '' তাহারা একরাছের রাজবেশ কাডিয়া লইল, তাহাকে
কাষায় বস্ত্র পরাইল, তাহার মন্তকে পীত্র্ব ছিন্তবন্ত জড়েইল এবং তাহাকে চণ্ডালজাতিভূক্ত
করিয়া চণ্ডালপল্লীতে পাঠাইয়া দিল। যাহারা এই পশুঘাতক যজের অফুটান করিয়াছিল,
যাহারা ইহার সম্পাদনে ব্রতী ইইয়াছিল এবং ঘাহারা ইহা অফুমোদন করিয়াছিল, সকলেই
নরকপরায়ণ হইয়াছিল।

এট বজান্ত প্রশাররপে ব্যাইবার জন্ম শান্তঃ বলিলেন

১৫৯। পদ্রিল নরকে সবে এই মছাপাপকর্মকলে। স্বর্গে বায় করি পাপ। এ কথা কি প্রায়ে ভজু বলে?

উক্ত কালকণীব্যকে (রাজ: ও খণ্ডহালকে ) অপ্সারিত করিবা জনসভ্য সেই বজ্ঞ-ক্ষেক্তেই অভিধেকের সমন্ত দ্রুবা আহম্মণ্যুক্তক চন্ত্রকে রাজপুদে অভিযক্তিক করিল:

#### এই বুড়ান্ত বিশ্বরূপে ব্যাইবার লক্ত শান্তা বলিলেন,

১৬-। বজ্ঞার্থ আনীত প্রাণিসমূহ যথন রাজভ্ঞাদর্শকাদি, দবে একমনে ১৬১। বজ্ঞার্থে আনীত প্রাণিসমূহ যথন রাজকন্যা-দর্শকাদি, দবে একমনে ১৬২। বজ্ঞার্থে আনীত প্রাণিসমূহ যথন দেব, দেব-অন্তুর, দবে একমনে ১৬৩। বজ্ঞার্থে আনীত প্রাণিসমূহ যথন দেবকল্পা-দর্শকাদি, দবে একেমনে

২৬৪। বজাৰ্বে জানীত প্ৰাণীসমূহ যখন রাজভূতা, দৰ্শক এভৃতি সৰ্বাজন ছটল বন্ধনমুক্ত; সমবেতগণ—
অভিষিক্ত করে চন্দ্রে রাজসিংহাসনে।
ছটল বন্ধনমুক্ত; সমবেতগণ—
অভিষিক্ত করে চন্দ্রে রাজসিংহাসনে।
হইল বন্ধনমুক্ত; সমবেতগণ—
অভিষিক্ত করে চন্দ্রে রাজসিংহাসনে।
হইল বন্ধনমুক্ত; সমবেতগণ—
অভিষিক্ত করে চন্দ্রে রাজসিংহাসনে।
ছইল বন্ধনমুক্ত; সমবেতগণ—
অভিষিক্ত করে চন্দ্রে রাজসিংহাসনে।
ছইল বন্ধনমুক্ত, সমবেতগণ—
আবন্ধে পতাকা-আধি করে সঞ্চালন।

১৬৫। যজার্থে স্থানীত প্রাণিসময় যখন বালকলা, দৰ্শক প্ৰভৃতি সৰ্বাহন

: ৬৬। বঞার্থে আনীত প্রাণিসমূহ বপন দেব, দেব-অন্যুচর-আদি সর্ববজন

১৬৭। যজার্থে আনীত প্রাণীদমত যথন দেবকন্মা-দৰ্শকপ্ৰভতি সৰ্ববজন

১৬৮। हलाबि সকলে यस्ति लखिल यथन

इहेन वस्त्रमुख्यः, नम्दव्यन्त्र — আনন্দে পভাকা-আদি করে সঞালন। হুটল বন্ধনমক. সমবেতগণ — আনন্দে পতাকা, বস্তু করে সঞ্চালন। হইল বন্ধনম্কে, সম্বেতগণ ---আন্দে পভাকা-আদি করে সঞালম।

অপার আনন্দ লভে পরবাসিগ্র। क्षक्रम्य महादम्मत्व शत्राम नगरव : वाक्रांत्मरम व्यावना कृतिल यह यह---যত জীব বন্দিভাবে আছে এই দেশে, লভুক সকলে মুক্তির চল্লের আদেশে।

পিতার যথন যে অভাব হইত, বোধিসত্ত তাহা পুরণ করিতেন: কিন্তু সেই বৃদ্ধ আৰু নগৰের অভ্যন্তরে প্রবেশ করিতে পারিতেন না। বোধিসত যদি উল্লানকেলি প্রভতির জন্ম নগরের বাহিরে ঘাইতেন, আর ঐ সময়ে যদি বৃদ্ধের অর্থ ফরাইয়া যাইত. তবে তিনি বোধিদত্তের সম্মধে যাইতেন। কিন্তু 'আমিই প্রকৃত রাজা', মনে মনে এই অভিমান ছিল বলিয়া তিনি বোধিসতকে বন্দনা করিতেন না, অঞ্চলি পাতিয়া, আপনি চিরজীবী হউন'' এই কথা বলিতেন। বোধিশ্ব জিজ্ঞাদিতেন, ''কি চাই ?', ৰদ্ধ যাহা আবশ্ৰক, তাহা জানাইতেন; বেংধিদত্ত তাহা দেওয়াইতেন। বোধিদত্ত ব্ৰাধ্ত রাজত করিয়া দেহাতে দেবলোকে গমন করিয়াভিলেন।

ি এইরপে ধর্মদেশন করিছা শান্তা বলিলেন, ''ভিশ্বগণ, দেবদন্ত যে কেবল এখনি একা আমাতে বধ করিবার वना वरुकारनद शान नात्मद रहेडा कविद्यारक छारा नरह : शर्द्र ७ रम अक्रुश कविद्याहित ।

সমৰধান-তথ্য দেবদন্ত ছিল থগুহাল; মহামায়া ছিলেন পৌতমা গেবী: রাহলমাতা ছিলেন চল্লা, রাহল ছিল বাহল; উৎপলবর্ণা ছিলেন শৈলজা, কাশুপ ছিলেন শুর বামপোত্ত, মৌদ্গল্যারন ছিলেন মৌদ্গল্যায়ন, সারীপুত্ত ছিলেন সুর্যাকুমার।

## ৫৪৩-ভূরিদত্ত জাতক

িশান্তা আবন্তীনগরে অবস্থিতিকালে কভিপয় পোষ্ধী উপাসককে উপঃ কা করিছা এই কথা বলিছাছিলেন। ঐ উপাসকেরা কোন পোষধদিনে প্রাতঃকালেই পোষ্ধ গ্রহণপুর্বাক দান করিরাছিলেন এবং আছারাত্ত গন্ধমালাদি লইয়া কেতবনে গমনপূৰ্বক ধৰ্মাশ্ৰবৰ-বেলায় একান্তে উপবিষ্ট কুইয়াছিলেন। অতঃপর শাস্তা ধৰ্মসভায় উপন্থিত হইরা অলম্ভত বৃদ্ধাননে আসীন হইলেন এবং ভিন্নসংজ্ঞার দিকে দৃষ্টিপাত করিলেন। ভিন্নপ্রভৃতির মধ্যে যাঁহাদিগকে উপলক্ষ্য করিয়া দশ্মকথা আরম্ভ হয়, তথাগতগণ তাঁহাদের সঙ্গেই এখনে আলাপ করেন। সেইজন্ত, আজ উক্ত উপাদকদিগকে উপলক্ষ্য করিয়া পুর্মাচার্য্যগণসংক্রান্ত ধর্মকথা উত্থাপিত হইবে, ইহা জানিয়া শাতা উহাদের সঙ্গেই আলাপে প্রবৃত হইলেন। তিনি জিজাসা করিলেন, "উপাসকগণ, ভোমরা পোষ্ধ প্রহণ করিরাছ কি 🕍 ভাঁহার। বলিলেন, "হাঁ, ভদক্ত।" "সাধু, সাধু। ভোমরা অতি কল্যাণকর কার্য্য করিরাছ। কিন্তু মাদৃশ বৃদ্ধকে উপদেষ্ট্ রূপে পাইরা ডোমরা যে পোষধ গ্রহণ করিরাছ, ইহা আংশ্চর্যের বিষয় নহে। পুরাণ পভিতের। আচার্বাহীন হইহাও মহৈখব্য পরিহারপূর্বা≠ পোষণী হইগাছিলেন।" অনকার ভিনি সেই অভীত কথা আরম্ভ করিলেন :-- ]

( > )

পুরকালে বারাণদীতে ব্রহ্মনন্ত নামে এক রাজ। ছিলেন; ডিনি পুত্রকে ঔপরাজ্য দান করিয়াছিলেন; কিন্তু একদিন পুতের মহৈশ্বগ্য দেখিয়া ভাবিয়াছিলেন, "কি জানি, এ পাছে আমার রাজত্ব কাড়িরা লয়।" এই আশকায় ডিনি পুত্রকে বলিলেন, "বৎস,

আখারিকার চল্লদেন-নামক কোন ব্যক্তির উল্লেখ নাই। 'চল্লদেনর' পরিবর্থে 'ভরদেন' পৃদ্ধিক। नमवधान नन्त्रभृति इस ।

তমি এ ताका इटेट निकास इटेश रिशात टेका इस ताम कर : आमात स्थन मूजा इटेर. তথন আসিয়া কলক্ৰমাগত বাজা প্ৰহণ করিবে।" কুমার "যে আক্রা" বলিয়া পিতাকে প্রণাম করিলেন এবং রাজধানী হইতে নিজ্ঞান্ত হইয়া যমুনাতীরে গিয়া যমুনা ও সমুজের অমর্বন্তী 🔹 কোন স্থানে পর্ণশালা নির্মাণপর্বক সেধানে ফলমলাভারে জীবন যাপন কবিতে লাগিলেন। ঐ সময়ে সাগ্রগর্ভ ভুনাগভবনে এক বিধবা নাগকলা ছিল। সে সধবা নাগকজাদিগের সৌভাগা দেখিয়া কামবশে নাগভবন চইতে বাহির হইল এবং সাগরভীবে বিচরণ করিতে করিতে রাজপুলের পদচিষ্ণ দেখিয়া ভদক্ষমরণে সেই পর্ণশালায় উপস্থিত হইল। রাজপুত্র তথন ব্যাফলাদি আহরণ করিবার জ্বা বাহিরে গিয়াছিলেন। নাগৰকা প্ৰশালায় প্ৰবেশ করিয়া তাঁহার কাষ্ঠময় শ্যা ও অন্তান্ত গৃহসকলা দেখিতে পাইল এবং স্থির করিল যে উহা কোন প্রবাঞ্জের বাদস্থান। তিনি প্রস্তাবশে প্রস্তান কইয়াছেন. বা অন্ত কোন কারণে গৃহত্যাগ করিয়াছেন, নাগকলা ভাহা পরীক্ষা করিবার স্কল্প করিল। মে ভাবিল 'ইনি যদি প্রদাবশে প্রবলা গ্রহণ করিয়া থাকেন তবে, আমি ইঁহার শ্যা ক্ষন্দর্মণে সাজাইয়া রাখিলেও নিজে তপ্সাানিরত বলিয়া ভোগ করিবেন না। কিছু ইনি যদি কামাভিবত হন এবং শ্রহাবশতঃ প্রব্রজ্ঞা অবলম্বন না কবিয়া থাকেন, তবে নিশ্চয় আমার রচিত প্যার প্রন কবিবেন। এরপ ঘটিলে আমি ইগাকে নিজের স্বামিরপে বর্ণ করিয়া ইহার দক্ষে এখানেই বাদ করিব।' মনে মনে এইরূপ স্থির করিয়া দে নাগভবনে গেল এবং দেখান হইতে দিবপেন্স ও দিবাগন্ধ আনমুনপূর্বক পর্ণশালার মধ্যে পুন্সশ্যা। রচনা করিল, পুশোপহার রাখিয়া দিল, ভুমিতে গৃদ্ধচুৰ্ণ বিকিরণ করিল এবং পর্ণশালাটীকে ফুলররপে দাজাইয়া নাগভবনে ফিরিয়া গেল।

রাজপুত্র সন্ধাকালে ফিরিলেন এবং পর্ণশালায় প্রবেশ করিয়া নাগকলার এই সকল কাণ্ড দেখিতে পাইলেন। কে তাঁহার শ্যা। সাজাইয়াছে, ইহা ভাবিতে ভাবিতে ভিনি বক্ত ফলাদি ভক্ষণ করিলেন এবং বলিতে লাগিলেন. "অহো. পষ্পগুলির কি তুগন্ধ। আমার শ্যাও অতি মনোংররণে রচিত হইয়াছে।" তিনি শ্রন্ধাবশতঃ প্রবাজক হন নাই; এ কারণ পূজান্যা দেখিয়া সম্ভষ্ট হইলেন এবং উহাতেই শয়ন করিয়া নিজিত হইলেন। প্রদিন ক্রোাদয়কালে বিনিত হট্যা তিনি পর্ণশালা সম্মার্জ্জন না ক্রিয়াই বস্তুফনাদি আংরণের জন্তু বাহির হইলেন। নাগক্সাও ঠিক সেই সময়ে ফিরিয়া আগিয়া য়ান পুষ্পগুলি দেখিয়া বুঝিতে পারিল, 'এ ব্যক্তি নিশ্চয় কামপরায়ণ; এ আছাবশে প্রবজা। গ্রহণ করে নাই; ইহাকে আত্মবশে আনিতে পারিব।' সে দান পুষ্পগুলি বাহির করিল, অস্তান্ত পুষ্পান্ধাদি আনয়ন করিয়া নবশয়া ওচনা করিল, পর্ণশালাটীকে স্থুন্দরক্ষপে সাকাইল, এবং চকুমণ্স্থানে পুষ্প বিকিরণ করিয়া নাগভবনে ফিরিয়া গেল। রাজপুত্র সে দিনও পুষ্পশ্যায় শ্যুন করিলেন এবং প্রদিন ভাবিতে লাগিলেন, 'কে আমার এই পর্ণশালাটীকে সাজাইয়া রাখিতেছে )' সে দিন তিনি আর বস্তু ফলাদি আহরণের জনা গেলেন না; পর্ণশালার অনতিদ্রে দুকাইয়া রহিলেন। এদিকে নাগকভা বছবিধ ণ্ছ ও পূষ্প লইরা আশ্রমে উপস্থিত হইল। রাজপুত্র সেই সর্বাদ্রমন্ত্রী নাগকন্যাকে দেধিবামাত্ত ভাহার প্রতি আসক্ত হইলেন: কিন্তু ভাহাকৈ দেখা দিলেন না। অনস্তর শে ঘণন পর্ণশালায় প্রবেশ করিয়া শয়া রচনা করিতে লাগিল, তখন তিনি কুটারের ভিতরে 'ণয় তাহার সমূপে উপস্থিত হ**ইলে**ন এবং ভিজ্ঞাসা করিলেন, "ভত্তে তুমি কে ?" সে

শাইই কো বাইভেছে, গেখক বমুনা কোধাব, ভাহা জানিভেন না : জানিলে ভিনি পর্ণশালার স্থান
 শাক্ত নির্দেশ করিতেন।

উত্তর দিল, "স্বামিন্, আমি নাগকন্যা।" "তুমি সধবা, না স্বামিহীন। ?" "স্বামিন্, আমি স্বামিহীনা – বিধবা।" অতঃপর নাগকস্থা জিল্ঞাদা করিল, "আপনার নিবাদ কোথার?" রাজপুত্র বলিলেন, "আমার নাম ব্রহ্মদত্তকুমার; আমি বারাণদীরাজের পুত্র। তুমি নাগভংন ত্যাগ করিয়া বিচরণ করিভেছ কেন?" "স্বামিন্, নাগভবনের সধবা নাগক্যাদিগের দৌভাগা দেখিয়া আমার মনে ভোগবাদনা জলিয়াছে; দেই উৎকণ্ঠাবশতঃ আমি নাগভবন ত্যাগ করিয়া মনোমত স্বামী লাভ করিবার উদ্দেশ্যে বিচরণ করিছেছ।" "ভল্লে, আমিও প্রক্রাবশে প্রস্তামা বাহণ করি নাই; পিতাই আমাকে নির্বাদিত করিয়াছেনি এবং দেই জন্য এখানে আদিয়া বাদ করিভেছি। তুমি নিশ্চিম্ভ হও; আমিই তোমার স্বামী হইব এবং আমরা ছুইজনে সম্প্রীতভাবে এখানেই কাল্যাপন করিব।" নাগকস্তা 'যে আজ্ঞা' বলিয়া তাঁহার প্রস্তাবে দা্মত হইল এবং ঐ দিন হইতে তাঁহারা ছুইজনে সম্প্রীতভাবে দেখান করিল অমুভাববলে এক বৃহৎ প্রাদাদ নির্মাণ করাইল এবং একখানি, মহার্হ পল্যক্ক আনাইয়া ভাহাতে শ্যা রচনা করিল। তাঁহারা বছফলম্বলর পরিবর্তে দিব্য অন্ধণান ভোগ করিতে লাগিলেন।

বালক্রমে নাগকনা গর্ভবতী চইল এবং হথাকালে এক পল্ল প্রদব কবিল। এই প্রের নাম হইল সাগর ব্রহ্মদত্ত। সাগর ব্রহ্মদত্ত যথন পারে হাঁটিয়া চলিতে শিথিল, তথন নাগকন্যা এক কন্যাসম্ভান প্রদ্র করিল। সমুদ্রতীরে ভমিষ্ঠ হইয়াছিল বলিয়া এই কন্যার নাম হইল সমুদ্রজা। অতঃপর বারাণদীবাদী এক বনেচর ঐ স্থানে উপস্থিত চইল। বাজপল ভাষাকে मानत्त्र अलार्थना कतिरामन, रमख बाक्रमलाक हिन्निएक भावित এवः रमधान क्रिक्नि वात्र क्रिया श्रेष्टानकारम विमया श्रीम, "वाक्रभेल, जापनि एय अर्थान वात्र করিতেছেন আমি গিয়া রাজকলে এই সংবাদ দিব।" এদিকে বারাণ্দীরাজের মৃত্য হইয়াছিল। অমাত্যেরা তাঁহার উদ্ধদৈহিক কতা সমাপনপর্বক সপ্তমদিবদে সম্বেভ হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন "অরাজক রাজ্য অচিরে বিনষ্ট হয়: রাজপুত্র কোথায় আছেন, ভিনি এখন জীবিত কি মৃত, তাহা আমরা জানি না। অত্থব পুষ্পর্থ পাঠাইয়া বাজা নিৰ্ব্বাচন করা হউক। " ঠিক এই সময়ে উক্ত বনেচৰ নগৰে প্ৰবেশ কৰিয়া ভাঁচাদের এই কথোপকখন জনিতে পাইল এবং তাঁহাদিগের নিকটে গিয়া বলিল, ''আমি রাজপ্তের সহিত তিন চারিদিন একত বাস করিয়া ফিরিয়া আসিতেছি।" এই সংবাদ শুনিয়া অমাজোবা ভাহাকে পুরস্কার দিলেন, সে যে পথ দেখাইয়া চলিল, দেই পথে গিয়া রাজপুল্রেব নিকট উপস্থিত হইলেন এবং অভার্থিত হইয়া রাজার মৃত্যুসংবাদ জ্ঞাপনপূর্বক বলিলেন, ''দেব, আপনি এখন রাজা গ্রহণ করুন। রাজপুত্র নাগকনারে মনোভাব পরীক্ষার জন্য তাহার নিকটে গিয়া বলিলেন, "ভত্তে, আমার পিতার মৃত্যু হইয়াছে; অমাত্যগণ আমার মন্তকোপরি রাজচ্চত্র উত্তোলন করিবার অভিপ্রায়ে এখানে উপস্থিত হইয়াছেন। চল যাই, উভয়েই বাদশ যোজনবিত্তীর্ণ বারাণদীপুরীতে গিয়া রাজত করি। দেখানে তুমি বোডশদংঅ ব্মণীর मत्या मत्या कर्ताक भाग विश्व विश्व हरेता ।" नाशक ना विनन, "सामिन, जामि शहरे भावित না।" "না পারিবার কারণ কি ?" আমরা ছোরবিষা; হঠাৎ ক্রুদ্ধ হই; সামাঞ্চকারণেই আমাদের ক্রোধ জব্ম। ভার্ব্যারা সপত্নীদিগের প্রতি স্বভাবতঃ বোষপ্রার্থা। আমি যদি কিছু দেখিয়া বা শুনিয়া বোষবশে কাহারও দিকে দৃষ্টিণাত করি, সে তৎক্ষণাৎ বুসামূটির\* ষ্ণাম চূর্ণ-বিচূর্ণ ও ইতত্তত: বিক্ষিপ্ত হইবে। এই কারণেই আমি যাইতে অসমধা।" রাজপুত্র পরদিনও নাগকন্যাকে তাঁহার সলে ঘাইবার জন্য অমুরোধ করিলেন, নাগকনা বলিল,

<sup>🕈</sup> পুসা---জুবা, ভূবি।

"আমি বিছুতেই বাইৰ না; আমার পুদ্র ও কমা। কিন্তু নাগের সন্থান নয়; আপনার 
ররসজাত বলিয়া ইংারা বছ্বাজাতিভূক; আপনি যদি আমাকে সেহ করেন, তবে বেন
সাবধানে ইংাদের রক্ষণাবেক্ষণ করেন। ইংারা কিন্তু জলীয় খাতুবিশিষ্ট এবং সুকুমারকায়।
পথ চলিবার কালে বাতাতপে ক্লিষ্ট হইয়া ইংারা বারা যাইতে পারে। অতএব আপনি
কাঠ খোদাই করাইয়া একটা ভোলা প্রস্তুত করিবার ব্যবস্থা কলন। উহা জলপূর্ণ করিয়া
সন্তান তুইটীকে পথ চলিবার কালে তাহাতে কেলি করিতে দিবেন। রাজধানীতে গিয়াও
প্রীর মধ্যে ইহাদের জন্য একটা পুদ্ধবিশী খনন করাইবেন। এইরূপ ব্যবস্থা করিলে ইংারা
কথনও ক্লান্ত হইবে না।" ইংা বলিয়া নাগকন্যা ক্লান্তপ্রেকে প্রশাম ও প্রদক্ষিণ করিল,
দন্তান তুইটীকে আলিক্ষন করিয়া ন্তনান্তরে চাপিয়া ধরিল ও তাহাদের মন্তক চুম্বন ক্লিল
এবং তাহাদিগকে রাজপুত্রের হত্তে সমর্পণপূর্বক রোদন করিতে করিতে সেখানেই অন্তাহিত
হইয়া নাগভবনে চলিয়া গেল।

নাগকভার অন্ধানে রাজপুত্র বিষপ্প হইলেন; তিনি সাঞ্চনমনে বাসভবন হইতে বিজ্ঞান হইলেন এবং চকু প্রোঞ্জনপূর্বক অ্যাতাদিগের নিকটে গ্যমন করিলেন। অ্যাতোরা সেখানেই তাঁহার অভিযেক সম্পাদন করিছা বলিলেন, "দেব, চলুন, এখন আ্যানের নগরে যাই।" রাজা বলিলেন, "ডাহাই করা যাউক; তোমরা একখানা ডোলা ধোদাই করাইয়া গাড়ীতে ভোলা, উহা অলে পূর্ব কর এবং ঐ জলে নানাবর্ণের স্থগন্ধি কুল ছড়াইয়া লাও; কারণ আ্যার সন্তান তুইটী জলীযুধাত্বিশিষ্ট; তাহারা ঐ জলে কেলি করিয়া স্থা হইবে।" অ্যাতেগ্রা রাজার আদেশ্যত সমস্ত করিলেন।

অতঃপর রাজা বারাণদীতে উপস্থিত হইলেন এবং অ্মজ্জিত নগলা প্রবেশপূর্ব্বক যোড়শদহত্র নর্জকী রমণী ও অমাত্যগণে পরিবৃত হইয়া প্রাদাদের বলভীতে উপবেশন করিলেন। দেখানে তিনি এক সপ্তাহ কাল প্রচুর অ্রাপানে অতিবাহিত করিলেন; অতঃপর সন্থানদ্বয়ের জন্ম তিনি একটী পুন্ধরিণী ধনন করাইলেন। শিশুত্ইটী প্রতিদিন দেখানে কেলি করিতে লাগিল।

এক দিন লোকে যখন ঐ পুছবিণীতে জল প্রবেশ করাইতেছিল, দেই সময়ে জলের সহিত একটা কছেপ উহার মধ্যে গিয়াছিল। সে বাহির হইবার পথ না পাইয়া পুছবিণীর তলদেশে লুকাইয়া রহিল। ইহার পর শিশুছইটী যখন কেলি করিতে লাগিল, থখন সে উঠিয়া জলের উপর মাথা তুলিল এবং তাহাদিগকে দেখিবামাত্র আবার তুব দিয়া অদৃশ্য হইল। শিশুরা তাহাকে দেখিয়া ভয় পাইল। তাহারা পিতার নিকটে গিয়া বলিল, "বাবা, পুরবিণীর মধ্যে একটা ফল আছে; সে আমাদিগকে ভয় দেখাইতেছে।" রাজা ভ্তাদিগকে আজা দিলেন, "বাও, ফলটাকে ধর গিয়া।" তাহারা জাল কেলিয়া কছেপটাকে ধরিল শবং রাজাকে দেখাইল। শিশুছইটী চীৎকার করিয়া বলিল, "বাবা, এটা পিশাচ।" প্রস্কেশীল রাজা কছেপের উপর কুছে হইলেন। তিনি আজা দিলেন, "ইহাকে অপরাধের উপযুক্ত দণ্ড দাও।" ভ্তাদের কেছ কেহ বলিল, "এটা রাজার শক্ত। ইহাকে উদ্ধলে ফেলিয়া মুম্বলের আবাতে চুর্ব বিচ্ব-ক্রা কর্জব্য।" কেহ কেহ বলিল, "এটাকে জলন্ত অলারে দেই করা তিচিত," কেহ কেহ বলিল "এটাকে আলা করা উচিত," কেহ কেহ বলিল "এটাকে একটা কটাহে ফেলিয়া পাক করা ঘাউক।" একজন আমাত্য জল

<sup>\* &</sup>quot;তীহি পাকেহি পচিছা"—ইংৰানী অনুবাহে ইহাৰ অৰ্থ করা হইবাছে "cooking it three times over" অৰ্থাং তিনবার রাজিয়া। তিনবার রাজিয়াই একোনন কি ? আবার বোধ হয়, কতক পোড়াইয়া, কতক ভাছিয়া, কতক ভিছা প্ৰবাহনাতি প্ৰকৃত কৰিছা, এইকৰ্শ অৰ্থ ইনকত হয়।

ভ্রম কবিতেন: তিনি বলিলেন, "এটাকে যমনার আবর্তে ফেলিয়া দেওয়া কর্ত্তব্য: দেখানে এ নিশ্চয় মহাবিনাশ প্রাপ্ত হইবে। কোন দণ্ডই ইহা অপেকা কঠোরতর হইতে পাবে লা । কাহার কথা ক্রিয়া কচ্চণ মহাক উল্বোলনপ্রক বলিল, 'ভাগো মহাশ্যুগণ, অপুলি কি অপুরাধ কবিয়াতি যে, আপুনারা আমার জন্ম এইরুপ দুণ্ডের বাবস্থা করিতেতেন ? ছামি অনা দ্রু সহা কবিতে পারি : কিন্তু আপনারা শেষে যে দুর্ভের কথা কলিলেন ভাচা হে বুদ্ধের ক্রেটার। দোহাই আপুনাদের: আপুনারা এরপ দুজের নাম্টী পুর্যার করিবেন না।" ইতা প্রিয়া রাজা বলিলেন, "তবে ইতাকে এই দণ্ড দেওয়াই আবশাক।" তথন জাঁহার আনেশে লোকে কচ্চপটাকে যমনার আবর্ত্তমধ্যে নিক্ষেপ করিল। একটা জলপ্রবাহ নাগভবনের দিকে চটিতেছিল: কচ্চপ তাহাপাইয়া নাগালয়ে উপনীত হইল। ধতরাই-নাগবালের প্রকলাগণ ঐ ছলপ্রবাহে কেলি করিতেছিল: তাহারা কচ্চপ্রে দেখিতে পাইয়া বলিল, "ধর ত ঐ দাস্টাকে।" কচ্চপ ভাবিল, 'অহো, আমি বাবাণদীরাজের হত্ত চইতে মজিলাভ কবিয়া এখন কি না এই দকল নিষ্ঠ্যস্থভাব নাগদিগেব হাতে পজিলাম। কি উপায়ে এখন উদ্ধার পাইব ?' কিছুক্ষণ চিম্না করিয়া দে ভাবিল, 'বেশ একটা উপায় আছে।' সে মিখ্যা কবিহা বলিল, "ভোমবা নাগৰাজ ধুভবাটেৰ পাৰ্যচৰ ইইমা কেন এমন তুর্বাকা বলিভেছ ? আমার নাম চিত্রচড কচ্ছপ। আমি বাবাণদীবাজের দুড ছইয়া ধতবাঠের নিকটে আদিয়াভি। আমাদের রাজা ধতরাপ্তকে তাঁহার ক্ষা দান কবিবার অভিপ্রায়ে আমাকে প্রেরণ করিয়াছেন। ভোমবা আমাকে লইয়া গুতবাষ্টের সহিত্ত সাঞ্চাংকার করাও '' বচ্চাপের কথাত নাগদিগের মন নবম হটল ভোহারা উগাকে वजवारहेत लामारह लहेश जांकारक मध्याह पहिला। वजवाहे जारहण हिस्ता, "जांकारक व्यारम আমান্তন কর।" কচ্চপকে দেখিলা কিন্তু ধত্রাষ্ট্র বিবক্ত হইলেন: তিনি বলিলেন, "মাধাৰ ইদশ ক্লাকার ও ক্ষপ্রকায়, ভাহার। কি ক্থনও দৌতা সম্পাদন কবিতে পাবে ?'' কচ্ছণ বলিল "রাজার। কি তবে তালপ্রমাণ দের খাজিয়া দত নিযুক্ত করিবেন ? ক্ষুকারই হউক. আমার মহাকায়েই হউক, তাহাতে কিছ আবে যায় না: কর্মসম্পানন কবিবার সাম্থ্যই क्टेरउटक मन कथा। महाताङ, खामारमन बार्कान वक्तक आरकः — मरुवानर करा खरत, প্লিদ্ভেরা আকাশে এবং আমি জলে তাঁহার কার্য্যস্পাদনে নিরত ? আমি বিশিষ্ট প্রে নিযুক্ত এবং রাছার প্রিয়পাত্ত। আমার নাম চিত্রচভ। অত এব, মহাবাজ, উপহাস করিবেন না।' কচ্চপ এইরপ আত্মগুণ বর্ণনা কবিলে ধৃত্রাই জিজ্ঞাদা করিলেন, ''রাজা ভোগাকে কি অভিপ্রায়ে পাঠাইয়াছেন।" "মহারাজ, রাজা বলিয়াছেন, আমি জম্বরীপের দকল রাজার সহিত নিত্রতা-সম্ভল স্থাপন করিয়াছি। এখন নাগরাজ ধুতরাষ্টের সহিত নিত্রতা করিবার উদ্দেশ্যে আমার কলা সমস্তলাকে তাঁহার হতে সমর্পণ করিব।" এই প্রস্তাব উত্থাপন করিবার জন্মই তিনি আমাকে পাঠাইয়াছেন। আপনি কালকেপ না করিয়া আমার সঙ্গেই আপনার বিশ্বস্ত নাগদিগকে প্রেরণ করুন এবং বিবাহের দিন দ্বির করিয়া রাজক্রার পতি হউন।

কচ্ছপের কথায় ধৃতরাষ্ট্র সন্তুষ্ট ইইলেন; তিনি উহার আদর অভ্যর্থনা করিলেন এবং উহার সঙ্গে ঘাইবার জন্ম চারিজন নাগ্যুবক পাঠাইলেন। তিনি বলিয়া দিলেন, "ভোমরা গিয়া রাজার আদেশ তুনিয়া বিবাহের দিন ছির করিয়া আইদ।" তাহারা "যে আজ্ঞা" বলিয়া কচ্ছপকে লইয়া নাগভবন হইতে প্রস্থান করিল। যমুনা ও বারাণদীর অন্তর্কারী প্রদেশে একটা প্রস্থাবার ছিল। তাহা দেখিয়া কচ্ছপ কোন একটা উপায়ে প্লায়ন করিবার ইচ্ছায় বলিল, "ওহে নাগ্যাণ্যক্গণ, আমাদের রাজা, রাজপুত্র ও রাজমহিমীগণ

জামাকে জল হইতে উঠিয়া রাজভবনে যাইতে দেখিয়া বলিয়া থাকেক, "আমাদিগকৈ প্রশ্ব দাও, বিসম্প দাও।" অতএব আমি তাঁহাদের জন্ত এই দক্ত ক্রেয় দংগ্রহ করিয়া লাইয়া যাইব। তোমরা আমাকে এখানে ছাড়িয়া দাও; আমাকৈ দলে পথে আরু দেখা না হবলৈক তোমরা অত্যে গিয়া রাজার সহিত সাক্ষাংকার কর; আমাকে দেখানেই দেখিতে পাইকেল নাগ্যুবকগণ কচ্চপের কথা বিখাদ করিয়া ভাষাকে ছাড়িয়া দিল; দে ভংক্ষণাথ অংশ ভূব দিয়া রহিল।

নাগবালকেরা কচ্ছণকে দেখিতে না পাইশ্বাভাবিল, 'বোধ হয়, সে রাজার নিকটেই গিয়াছে।' তাহারা মানববালকের বেশে রাজার সকাশে উপস্থিত হইল। রাজা তাহাদিগের অভার্থনা করিয়া জিজ্ঞানা করিলেন, ''ভোমারা কোথা হইতে আদিয়াছ ‡'' তাহারা বলিল, ''আমরা নাগরাজ ধৃতহাষ্ট্রের নিকট হইতে আসিতেছি।" "কি উদ্দেশ্তে শৈ মহারাজ, আমরা তাঁহার দৃত; ভিনি আপনার অনাময় জিজ্ঞানা করিয়াছেন। আশনিক যাহা চান, ভিনি আপনাকে তাহাই দিবেন; আপনি আপনার কন্যা সমুদ্রজাকৈ আমাদেক বাজার পাদ্চারিকা ককন।

। ধৃতহাট্র নাগরাজ ;—প্রাসাদে তাঁহার আছে যতক রতন
সমস্তই পাবে তুমি ; নিজ ছহিতায় কয় উহিবে অপ্ন।"

ইহা শুনিয়া রাজা দিতীয় গাথা বলিলেন: -

২। নাগক্তে কথানান করে নি ক্মিন্কালে এ কুলের কোন নরপতি; অসমত এ বিহাই; কি একারে বল, গুনি, দিব আমি ইহাতে সম্মৃতি ঃ

রাজার উত্তর শুনিয়া নাগবালকেরঃ বিজ্ञল, "যদি যুতরাষ্ট্রের দলে দহস্ক স্থাবন আপনি অলাঘাকর মনে করেন, তবে আপনার পরিচারক চিত্তুজুনামক কচ্ছপের মূধে বলিয়া পাঠাইলেন কেন যে, তাঁহাকে আপনার দম্ভজানায়ী কন্তা দান করিবেন? এইরপে দৃত পাঠাইয়া এখন আমাদের রাজার অবমাননা করিলে. আমাদের কি কর্ত্তব্য, তাহা আমরা দেখিয়া লইব।' ইহা বলিয়া তাহারা ছুইটা গাখায় রাজাকে ভক্জন করিল:—

গারাইবে প্রাণ, নৃপ; এ বিশাল রাজ্য তব নিশ্চন হইবে ছারধার;
 কুদ্ধ হ'লে নাগগণ অচরে বিনত্ত হয় নর বারা সদৃশ তোমার।
 গা প্রদ্ধিহীন নর তুমি; কিসীহেদ্যেকর তবু বাগুন নাগের অণমান ! ধরণের পুত্র তিনি, নাগকুল-অধিপতি, ত্রিলোকেবিধ্যাত, কদ্ধিনান।

ইহার উত্তরে রাজা চুইটা গাথা বলিলেন:-

। ধৃতরাই বংশাবান; নাগকুল-অধীবর জানি আমি তাহা বিলম্ব ;
 ব্রেছ ডোমরা ভূল; অপমান আমি তার করিতে কি পারি হে কথন ?
 । অসীম তাহার বাদ্ধি; তথাপি উরপ তিনি; সম্দ্রনা উচ্চকুল-জাতা;
 বিদেহ ক্ষাত্রয়কুলে। অন্য বার, হার পক্ষে সর্প পতি অধ্যান্য সর্বাধা

রাজার কথার নাগবালকদিগের ইচ্ছা হইল যে, তাঁহাকে দেইখানেই নাসাবাত ঘারা নিংত করে; কিছু তাহারা ভাবিল, 'আমরা বিবাহের দিন হির করিতে আসিয়ছি। আমাদের পকে এই রাজার প্রাণসংহার করিয়া ফিরিয়া যাওয়া অসমত। সিমা আমাদের রাজাকে জিজ্ঞাসা করিয়া দেখি; তাহার পর যাহা করিতে হয়, বুঝা যাইবে।' তাহারা মনে মনে এই কথা স্থির করিয়া সেইখানেই অন্তর্হিত হইল এবং ধৃতরাষ্ট্রের নিকটে সেকা।

গৃতভাই নাগ বসুবাৰ হাত বলিছা বাসুন (বাসুনের) নামে বর্ণিত। ললিভবিভারে বরণকে 'নাগরাল'
 বলা হইবাছে।

<sup>🕂</sup> वृद्धिक स्टेरव रम, बक्क्स वातापनीय बाबा व्टेरमध विरवस-कृतवाक वनिया नवर स्तिक्य । .

ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন, "বৎসগণ, তোমরা রাজক্যাকে লাভ করিতে পাবিলে কি ?" তাহারা কোধবশে উত্তর দিল, "মহারাজ, আপনি আমাদিগকে অকাবণ কেন হেখানে সেধানে প্রেরণ করেন ? যদি আমাদিগকে প্রাণে মারিতে চান, তবে এখনট মারুন না কেন ? দে রাজা আপনাকে গালি দিল, নিলা করিল, জাত্যভিনানবশত: সে নিজেব ক্যাকে স্বর্গে তুলিতে চায়।" ফণত: বারাণসীরাজ যায়ু বলিয়াছিলেন এবং যাহা না বলিয়াছিলেন, তাহারা এমন ভাবে সাজাইয়া গুজাইয়া নাগরাজকে নানা কথা শুনাইল যে, তিনি নিছতিশয় ক্রের ইলেন। তিনি নিজের অভ্যুচ্বদিগকৈ সম্বেত করিবার আক্রা দিলেন:

ণ। কমলাম্বতর-আছি÷ যেগানে বে আছে নাগ, অবিক্সে কয়ক উথান , না'ক করা কাশীধামে : কিজ সেখা কভ বেন করে নাক বণ কার(ও) প্রাণ ।

ইং। তনিয়া নাগেরা জিজ্ঞাসা করিল, ''যদি মাছুষ বধ না করিতে পারি, তবে সেগানে পিয়া কি করিব ?'' 'তোমরা গিয়া এই কর, আমি গিয়া এই করিব,' ইং। বুঝাইবার জন্ম নাগরাজ ছুইটা পাথা বলিলেন:—

> ৮। লোকের কালয়ে, পথে, জলাশয়ে, বিজ্ঞান নিজ নিজ নিজ

গুলারে, ভোরণে হ'রে প্রলম্বিত. কলক সকলে তথ উল্লোলিস।

শনি গিয়া নিজে এই দর্কবেত

শরীরের ভোগে সপ্তধাবেইন

করি হুবিশাল বারাণসীপুরী;

দেখি মহাভয় পাবে সর্বাহন।

নাগগৰ ভাহাই কবিল।

## এই বৃদ্ধান্ত সম্পট্রপে বৃধাইবার এক্ত শান্ত। বলিলেন,

 গুলি এ আদেশ নাগ নানাবিধ নাগেশের আক্রা শ্বরি কিন্ত তার।

১১: লোকের আলরে, পথে জঙ্গাশতে, বিভারি বিশাল নিজ নিজ দেহ

১২। স্বণ ভূলি সাপ কবে কোঁস ফোঁস , কান্দে উচ্চৈঃখনে বার বার ভারা ,

১০। বারাণদীবাদী পেলে মহাভল এখনি ছুহিত। করি দক্ষদান বারাণসীথামে করিল প্রমাণ ,
দত্তায়াতে কার(ও) না বধিল প্রাণ ।
বুক্ষাপ্রে, তোবদে হ'য়ে প্রলম্বি ছ ।
করিল সবায় ভয়ে কংপাসিত।
দেখি মহাভয় পার নারীপ্র ,
বলে, "এই বার গেল বে জীবন।"
কাররচনে বারু ভূলি কয়,
নাগেশে প্রদান্ন কব, নহাশদ্ম।

বালা শুইয়া শুইয়া নগরবানীদিগের এবং নিজেব শুর্যাদিগের আর্ত্রনাদ শুনিদেশ শাইলেন; এদিকে সেই নাগমাণবকচতৃইয়ও তাঁহাকে তর্জন করিতে লাগিল। কাজেই তিনি মরণভয়ে তিনবার প্রতিজ্ঞা করিলেন, ''আমার কলা সম্ভুজাকে ধুতরাষ্ট্রের হজে সমর্পণ করিব।'' ইয়া শুনিয়া সমস্ত নাগ গব্যুতিপ্রমাণ শ্বান হঠিয়া গেল এবং দেখানে দেবপুরীর লায় একটা পুরী নির্মাণ করিয়া অবস্থিতি করিতে লাগিল। ভাহারা এই পুরী ইইতে রাজার নিকট উপহার প্রেরণ করিল এবং তাঁহাকে কলা পাঠাইতে বলিল। রাজা নাগরাজের উপহার গ্রহণ করিলেন, এবং যাহারা উহা আনয়ন করিয়াছিল, ভাহাদিগকে বলিলেন, 'ভোমরা যাও; আমি আমাত্যদিগকে সঙ্গে দিয়া কলা পাঠাইতেছি।'' অনস্তর জিনি কলাকে ভাকাইয়া ভাহাকে লইয়া প্রসাদের উপর উঠিলেন এবং জ্বানালা খুলিয়া খলিলেন, ''মা, ঐ যে স্কর্মর নগর দেখিতেছ, তুমি নাকি উহার একজন রাজার অগ্রামির ইবে। ঐ নগর বেশী দ্রে নয়; চিত্তের উৎকর্চা জিয়িলে অক্লেশেই তুমি এখানে আগিতে পারিবে। এখন ঐ নগরে গমন কর।' কলাকে এইরণে বুঝাইরা ভিনি তাহায় মস্তক ধোঁত করাইলেন, এবং ভাহাকে সর্কবিধ অলঙার পরাইলেন। নাগবরগা প্রত্যুদ্

বৃথিতে হইবে যে, কমল, অখতর প্রভৃতি ভিন্ন ভিন্ন নাগল।তির নাম।

গমনপূর্বক মহাস্থারোহে রাজক্সার অভার্থনা করিলেন। এমাত্যেরা নগ্গর প্রদেশ, ক্ষিত্র নাগরাজকে ক্যা সম্প্রদান করিলেন এবং প্রচর ধন পাইয়া ব্যবাশসীতে ফিরিলা গ্রেলন।

নাগেরা রাজকন্তাকে প্রাদাদে তুলিয়া অলক্ষত দিব্যশ্যায় শয়ন করাইল; নাগকতালগ দেই সময়েই কুজাদির রূপ ধারণপূর্বক মহয়পরিলারিকার স্থায় উহার সেবায় নির্ভ্ হইল। রাজকতা দিব্যশ্যায় শয়ন করিয়া দিব্যস্পর্শের প্রভাবে অবিলম্থে নির্ভ্ত হইলেন; য়ৢড়রাষ্ট্র উহাকে লইয়া নাগপরিজনসহ সেধানেই অন্তর্হিত হইয়া নাগলোকে চলিয়া গেলেন। নিজাভলের পর রাজকতা অলক্ষত দিব্যশ্যা, হ্বর্ণমিনিয় রমণীয় ওঞান ও পুরুরণী, এবং দেবপুরীর হায় মনোহর নাগভবন দেবিয়া কুজাদি পরিচারিকাদিগকে জিজাদা করিলেন, "এই নগর অতীব অলক্ষত; ইহা আমাদের নগরের হায় নহে; এ নগর কাহার ৮" তাহারা বলিল, "দেবি এই নগর আপনার স্থামীর সম্পত্তি; য়াহায়া অলপ্ত তাহারা এরূপ সম্পত্তি লাভ করিভে পারে না। মহাপুণোর ক্রেলই ইহা ভোগ করা হায়।" এ দিকে ধুওরাষ্ট্র পঞ্চশত্যোজন বাাপী নাগলোকের সর্ব্জ ভেরীবাদন হারা ঘোনলা করিভে "বিদি কেহ সমুজ্জার সম্পুরে স্পর্জপে দেখা দেয়, তবে ভাহার কঠোর দণ্ড হইবে।" এই আদেশবস্তঃ নাগদিরের কাহারও সমুজ্জাকে স্পর্জিপে দেখা দিতে সামর্থ্য রহিল না সমুজ্জা ভাবিলেন; 'আমি মহুয়লোকেই আছি'; এবং এই বিশ্বাদে পতির সহিত্ত প্রম্পন্ত্রীতভাবে বাদ করিভে লাগিলেন।

## নগরখণ্ড সমাপ্ত

#### ( 2 )

কালসহকারে প্রবাষ্টের নবীনা মহিন্তা গর্ভবতী হুইলেন এবং একটা গুল্ল 🚉 🚉 করিলেন। শিশুটীর অন্দর রূপ দেখিরা তাহার নাম রাখা হইল অবদর্শন। ইহার পর ওচিত আর এক পুত্র জান্তির: ভাহার নাম হইল দত্ত । পুনর্ববার আর একটী পুত্র জারিল : ভাহাত নাম হইল মুভর। শেষে আরও একটা পুতা জ্বিল: তাহার নাম হইল অরিট। প্র প্র চারিটী পুল প্রস্ব করিয়াও সমন্তলা জানিতে পারিলেন না যে, তিনি নাগভবনে আছেন धनस्त्र तकह तकह खित्रहेतक विवाद एए छाड़ात गांछ। नाशी नरहन । देश में छ। कि मी পরীকা করিবার জন্ম অরিষ্ট এক দিন গুলুপানকালে সর্পশরীর গ্রহণ করিয়া ধালাব্যার মাতার পাদপুষ্ঠে আঘাত করিল। সমুদ্রজা তাহার সর্গদেহ দেখিয়া মহাভয়ে চাঁংকা ক্রিয়া উঠিলেন এবং অরিষ্টকে ভূতলে ফেলিয়া নথখারা তাহার একটা চক্ষতে থোঁচ দিলেন। চকুর ক্ষতস্থান হইতে রক্ত বাহির হইল। এটিকে, সমুদ্রজার চীংকার শুনির নাগরাজ ইহার কারণ জিজ্ঞাসা করিলেন এবং অরিষ্টের ক্রতকার্য্যের কথা জনিয়া ''ধ্র হ' দাসটাকে: এখনই উহাকে ঘমালয়ে পাঠাইয়া দি" এইরপ তর্জন করিতে করিতে ছাট্র-পেলেন। নাগরাঞ্চ কুক হইয়াছেন দেখিয়া সমুজ্জা পুত্রস্থেশতঃ বলিলেন, "খামিন্ বাছার একটা চকু বিদ্ধ ইইয়াছে: উহাকে ক্ষমা কলন।" তিনি এই কথা বলিলে নাগরাও ভাবিলেন, 'তবে আমি আরু কি করিতে পারি ?' তিনি ভারিষ্টের অপরাধ ক্ষমা কবিনেন: সমুদ্রজা ঐ দিন ব্রিভে পারিলেন যে, তিনি নাগভবনে আছেন। এই সময় হইতে অরিটেং নাম হইল কাণারিট।

कालकरम नाগরাজের পুত্র চারিটা প্রাপ্তবয়স্ক এবং কর্তব্যাকর্তব্য-নির্ণয়ক্ষম হইলেন:

<sup>\* &#</sup>x27;দত্ত'নামক দাগরাজপুত্রই বোধিসৰ।

তথন তিনি তাঁহাদিগকে শত্যোজনব্যাপী এক একটা রাজ্যাংশ দান করিলেন। কুমারেরা ঐশ্বর্যভোগ করিতে লাগিলেন; যোড়শসংস্থা নাগকলা তাঁহাদের প্রত্যেকর পরিচর্য্যায় রত হইল। তাঁহাদের পিতার রাজ্যের পরিমাণ এখন মাত্র এক শত যোজন হইল। কুমারদিগের মধ্যে তিন জন প্রতিমাদে এক বার মাতাপিতাকে দেখিতে যাইতেন। বোধিসন্থ কিন্তু প্রতিপক্ষে এক বার যাইতেন, নাগলোকে কোন কঠিন প্রশ্ন উঠিলে তাহার সমাধান করিতেন, পিতার সক্ষে বিরূপাক্ষ মহারাজকে অভিবাদন করিতে যাইতেন; তাঁহার সমক্ষে কান প্রশ্ন উঠিলেও তাহার মীমাংসা করিতেন। এক দিন বিরূপাক্ষ নাগপরিষৎ দক্ষে লইয়া আদিশালয়ে গমনপূর্ব্যক শক্রকে বন্ধনা করিয়া সভাগীন হইয়াছেন, এমন সময়ে দেবতাদিগের মধ্যে একটা প্রশ্ন উত্থাপিও হইল। উৎকৃষ্ট পলাক্ষাধিষ্টিত বোধিসন্থ ব্যতীত আর কেইই তাহার উত্তর দিতে পারিলেন না। ইহাতে প্রীত হইয়া দেবরাজ দিব্যসন্ধ্র্যাধিশার। তাঁহার অর্জন। করিলেন এবং বলিলেন, "দত্ত, তোমার প্রজ্ঞা পৃথিবীয় স্থায় বিপুলা; অতএব এখন হইতে তোমার নাম হউক ভ্রিদন্ত।" এইরণে, দেবরাজের নিদেশমত, দত্ত 'ভ্রিদন্ত' আখ্যা লাভ করিলেন।

অতঃপর ভরিদত্ত শক্তের প্রতি সম্মান দেখাইবার জন্ম দেবলোকে যাইতে লাগিলেন। সেধানে অলকত বৈজ্ঞন্ত প্রাদাদ, দেবতা ও অপ্সরোগণ্পরিকীর্ণ শক্রপুরী এবং শক্তের প্রভুত এখর্ষা দেখিয়া তিনি দেবলোকলাভের স্পৃহা করিলেন। তিনি ভাবিলেন, 'মণ্ড কভকানাগজীবনে কি ফল ? আমি নাগলোকে গিয়া পোষধত্ৰত পালন করিব এবং যাহাতে এই দেবলোকে জ্বান্তর লাভ করিতে পারি, ভাহার জ্বায় হবান হইব। মনে মনে এই সম্বল্প করিয়া ভরিদত্ত নাগলোকে ফিরিয়া মাতাপিতাকে বলিলেন, "আমি পোষধন্তত পালন করিতে চাই।" তাহারা বলিলেন, "বংস, ইহা অতি সাধুসঙল; কিন্তু বাহিত্রে না গিয়া এই নাগালয়েরই কোন নিভত বিমানে এতপরায়ণ হও। বাহিরে গেলে নাগলিগের মহাবিপদের আশেষা।" ভরিদত্ত 'যে আজ্ঞা' বলিয়া তাঁচাদেব আদেশ পালন করিবার অঙ্গীকার করিলেন। তিনি নাগলোকেরই একটা অধিবাদিহীন বিমানে পোষ্ধবত্তপালনে প্রবৃত্ত হইলেন। কিন্তু সেথানে নাগক্সাগণ নানাবিধ বাতাগত্ত হতে লইয়া তাঁহাকে বিবিয়া দীজাইত। এই অন্থ তিনি ব্ঝিতে পারিলেন যে, নাগলোকে বাস করিলে তাঁহার ব্রত স্ফল হইবে না। কাজেই তিনি মনুষালোকে গিয়া পোষণী হইতে সঙল করিলেন: কিন্তু পাছে তাঁহার মাতাপিতা বারণ করেন, এই আশঙ্কায় তিনি তাঁহাদিগকে কিছু জানাইলেন না; কেবল নিজের ভাষ্যাকে সংখাধন করিয়া বলিলেন "ভদ্রে আমি মহুযালোকে যাইডেছি। সেধানে যমুনাতীরে একটা বিশাল লগ্নোধ তব্দ আছে। তাহার অদুরে একটা বৃদ্ধীকের উপরি দেহ কুঙলিত করিয়া আমি চত্তরঙ্গসমন্তিত পোষধা অবলম্বনপূর্বক শুইয়া শুইয়া এত পালন করিব। সমন্ত রাত্রি এইরূপে পোষধ পালন করিতে করিতে যথন সুর্য্যোদয় হইবে, তথন প্রতিবারে তোমার দশ দশ জন পরিচারিকা যেন বাক্সয়ত্র হত্তে লইয়া আমার নিকট উপস্থিত

বিরুপাক - ইনি চতুম হারাজের অশুভম। ১ম খণ্ডে ৭০ম পৃঠের পাদটাক। দ্রপ্তবা।

<sup>†</sup> চতুবলসমবিত পোষৰ কি ? চতুবৰিংও স্থকটি-লাতকে (৪৮৯) অই।ল পোষধেন উল্লেখ আছে—ভালার ব্যব্ধ এই যে. পোষধী অইণীল পালন কৰেন। বিতীয় বণ্ডে ধর্মধ্যক্ত-লাতকে (২২০) চতুব্বিধ উৎকৃষ্ট গ্রুপের বর্ণনা আছে—অপ্রাত্যাগ, মজ্ঞভ্যাগ, আমনক্তিত্যাগ ও কোষত্যাগ। বিহুরপণ্ডিত-ভাতকের (৫৪৫) প্রধ্যম ইন্ত্রাদি চারি ক্ষমের যে পোষধের কথা আছে, তাহাতেও চতুবল পোষধের পরিচয় পাওরা যায়। চতুব্বিধে চতুপোষধিক নামক (৪৪১) একটা লাতক আছে; কিন্তু উহাতে কোন আখ্যারিক। নাই; "পূর্ণক" নামক একটা লাতকের উপর বরাত বেবা আছে। লাতকার্থবর্ণনার কিন্তু পূর্ণক্ষায়ক কোন লাতক পাওয়া যার না।

হয়; আমাকে গদ্ধ ও পূল্পদারা পূজা করে; এবং গান করিয়া ও নৃত্য করিয়া আমাকে লইয়া নাগভবনে ফিরিয়া আদে।" ভার্যাকে ইহা বলিয়া বোধিসত্ত সেই বল্মাকাগ্রে কুওলিড দেহে চত্রক্ষসমন্তি পোষধত্রত গ্রহণ করিলেন। তাঁহার দেহটী লাক্ষলশীর্ষপ্রমাণ \* হইল। তিনি বলিলেন, "যে আমার চর্মা, বা ক্ষায়ু, বা অন্থি, বা ক্ষধির চায়, সে তাহা গ্রহণ কক্ষক।"

বোধিসন্ত বল্মীকাগ্রে শয়ন করিয়া রাজিকালে পোষধ পালন করিতেন, এবং পর দিন অফণোদয়কালে নাগক্সারা গিয়া পূর্ব্বনির্দেশযত কার্য্যসম্পন্ন করিয়া তাঁহাকে নাগলোকে লইয়া যাইত। তিনি বত্তকাল এই নিয়মে পোষধ পালন করিলেন।

পোষধথক সমাধা।

## ( • )

তংকালে বারাণদী নগরের দারদল্লিহিত কোন গ্রামবাদী এক আদ্ধণ দোমণত-নামক পুজকে সংক্ষ লইয়া বনে যাইত, শূল, যন্ত্ৰ, পাশ, বাগুৱা ইত্যাদি খাটাইয়া মুগ বধ করিত. বাঁকে তুলিয়া ঐ দকল মূগের মাংদ নগরে লইয়া যাইত এবং তাহ! বিক্রন্থ করিয়া জীবিক। নির্বাহ করিত। দে এক দিন একটা গোধার শাবক প্রয়ন্ত মারিতে না পারিয়া পুত্রকে বলিল, "বৎস সোমদন্ত, যদি থালি হাতে ফিবিয়া যাই, তোর মা ত তবে চাটীয়া লাল হইবে। দেখা যাউক; যা কিছু পাই, লইঘা যাইতে হইবে।" ইহা বলিয়া সে বোধিসত্তের পোষধ-স্থান সেই বল্মীকের নিক্ট উপস্থিত হইল, এবং যে সকল মুগ জলপানের জস্তু যমুনার অবতরণ করিত, তাহাদের পদচিক্ত দেখিয়া বলিল, "বংস, মুগদিগের চলিবার পথ দেখা ধাইতেছে; তুই ফিরিয়া দাঁড়া; কোন মুগ জল পান করিতে আদিলে আমি তাহাকে বিশ্ব করিব।" ইহা বলিয়া দে ধহু লইয়া এক বুক্ষমূলে বসিয়া মুগ আদে কি না, দেখিতে লাগিল। অনন্তর, সন্ধ্যার প্রাকালে একটা মুগ জল পান করিতে আদিল; এান্ধণ ডাহাকে শরবিদ্ধ করিল; মুগটা কিন্তু দেখানেই পড়িয়া গেল না; শরাঘাতে ব্যথা পাইয়া পলাইতে লাগিল; তাহার ক্তন্থান হইতে রক্ত ছুটিল; পিতাপুত্র উভ্যেই তাহার অঞ্ধাবন করিল; শেষে মুগটা যথন অবদল হইয়া ভূতলে পড়িল, তথন তাহারা উহার মাংদ লইয়া বনের বাহির হইল। তাহারা যথন সেই গুগোধরকের নিকটে পৌছিল, তথন স্থা অন্ত গিয়াছিল। ভাহারা বলিল, 'এ অসময়ে ত আর অগ্রসর হওয়া যায় না; রাত্তিটা এখানেই থাকা যাউক।" তাহারা মাংসঞ্জলি এক স্থানে রাখিয়া বুক্ষে আরোহণ করিল এবং উহার বিটপাল্পরে শুইয়া রহিল।

প্রভাতে বান্ধণের নিজাভদ হইন। সেমুগের শব্দ শুনিবার জন্ত উৎকর্ণ ইইল; এমন সময় নাগকভারা আসিয়া বোধিসবের জন্য পুশাসন সক্ষিত করিল; বোধিসব সর্পদেহ পরিহারপ্রক সর্বাভরণবিভূষিত দিবাদেহ ধারণ করিলেন, এবং ঐ আসনে শক্ষালার উপবিষ্ট হইলেন। তথন নাগকন্যার। গদ্ধালা টোহার পূজা করিল এবং দিব্য ভূষ্থিবনিসহকারে নৃভ্যগীত করিতে লাগিল। ঐ শব্দ শুনিয়া আহ্মণ বলিল, 'এ লোক্টা কে রে ? ইহার পরিচয় জানিতে হইতেছে"। সে পুদ্রকে বলিল, "ওঠ্, বাবা।" কিছ

 <sup>&#</sup>x27;নালসনীসমন্তং'। 'নাস্ক্রনীসমন্তং' এই পাঠ এহব করিলে অর্থ বয়, উহায়ে বেহটা এক ছোট
করিলেল বে, উহাতে বেন কেবল মাধাটা ও লেওটা থাকিল।

ইহা বলিয়াও দে তাহাকে জাগাইতে পারিল না , বলিল "ধাকুক শুয়ে ; বোধ হয় বড় ক্লান্ত হিয়াছে ; জামিই গিয়া পরিচর লই।" দে বৃক্লাইইতে অবতরণ, করিল, এবং বোধিসন্তের নিকটে গেল। তাহাকে দেখিয়া নাগকন্যারা বাত্তযন্ত্রাদিসহ ভূগতে প্রবেশপূর্বক নাগভবনে চলিয়া গেল। বোধিসন্ত দেখানে একাকী রহিলেন। ব্রাহ্মণ তাঁহার সন্মুথে দাঁড়াইয়া ছুইটী গাথায় প্রশ্ন কবিল :—

३८। व १८७१तक, पुरुक्त কে:হে তুমি আছ বসি কুন্থমোপহাথ-বিভূষিত এই বনে 🌣 লোহিত বরণ তব নর্ন্যগল হেয়ি বড়ই বিশার মোর উপজিছে মনে। ক্ৰম্মর বসন পরা, হুবর্ণ কেয়ুর ধ্রা দশটী রমণী তব নিরতা সেবার: কোথায় বসতি কর ? কে ভূমি ় কি নাম ধর গ সত্য করি দাও মোরে আত্মপরিচয়। ১৫ ৷ কেছে তুমি, মহাবাহ, রয়েছ এ বনে বসি উজলিয়া দশ দিক, উজলে যেমন ঘুতের আহতি পেরে দীপ্ত হতাশন। মহেশাথ্য + দেব ভূমি কিংবা অল্ল কোন দেব গ কিংবা কোন নাগরাজ মহাঋদ্মিমান গ বল সত্য: কর আত্মপরিচয় দান।

ইহা শুনিয়া মহাসত্ত ভাবিবেন, 'আমি শক্রাদি দেবতাদিগের মধ্যে এক জন, এইরূপ আত্মপার্চয় দিলেও আহ্মণ তাহা বিশাস করিবে; কিন্তু আজ আমাকে স্তাই বলিতে হইবে।' ইহা শ্বির করিয়া, তিনি যে নাগ, এই পরিচয় দিবার জন্য বলিলেন,

১৬। নাপ আমি থাজিমান্. তেজৰী ছুরতি ক্রম,
কুদ্ধ হরে দংশি যদি, বিষে তৎক্ষণাং
প্রসমূজ জনপদ হয় ভক্ষমাং।
১৭। সম্ভ্রজা মাতা মোর; ধৃতরাষ্ট্র জন্মদাতা;
অগ্রজ আমার নাগবর স্ক্রণন;
ভূরিদত্ত নাম মোর জানে সর্ক্রন।

ইহা বলিয়া মহাদৰ আবার ভাবিলেন, 'এই ব্রাহ্মণ কোপন ও প্রুষ ; হয়ত এ কোন আহিতুভিত্তক সংবাদ দিয়া আমার পোষধকর্মের ব্যাঘাত ঘটাইবে। অতএব নাগ্ডবনে লইয়া গিয়া মহাদ্যারোহে ইহার আদর অভ্যর্থনা করা যাউক এবং ইহাকে প্রচুর ঐশ্বর্য দেওয়া যাউক ; এই উপায়ে আমার পোষধন্ত অব্যাহত থাকিবে।' মনে মনে এইরূপ স্ক্র ত্রিয়া তিনি ব্রাহ্মণকে বলিলেন, 'নাগ্ডবন রমণীয় স্থান ; চল, দেখানে যাই ; দেখানে ত্রিম মহাদ্যারোহে অভ্যর্থিত হইবে এবং প্রচুর ধনরত্ব উপহার পাইবে।'' ব্রাহ্মণ বলিলে, ''পভা; আমার একটা প্র আছে; দেও মদি সক্ষে যায়, তবে যাইতে পারি।'' বোধিসন্থ বলিলেন ; ''যাও, তোমার প্রকে লইয়া আইস।" অনস্তর তিনি হুইটা গাথায় নাগ্ডবন বর্ণা করিলেন :—

১৮। ঐ বে বমুনাগর্ভে অভি ভয়ানক পেবিতেছ সদাবর্জ হুদ নীলোদক,
দিব্য মম বাসহান উহার(ই) ভিতরে; বহু বহু নাগ তথা হুথে বাস করে।

<sup>&</sup>quot;महाविष्टिमणा । महाविष्टिमणा ।

১৯। অন্পোৰ মাঝে হেড, কি শোভা ফুল্বর নীলাপুৰাহিনী এই নদী যমুনার ় মধ্র ক্রোকের নালে তট নিনালিত ; পশ এ নদীর গর্ভে না হইব। ভীত। ধার্মিক বাঁটারা, সাধ্যত-প্রায়ণ, দা হন উচ্চারা কভ অশিবভাজন।

ব্যাগ্রণ গিয়া পুত্রকে এই সকল কথা বলিল এবং ভাষাকে সঙ্গে লইয়া মহাসন্তের নিকট ফিরিল। মহাসত্ত ভাষাদের তুই জনকেই লইয়া যমূনাতীরে গমন করিলেন এবং নেবানে দাঁডাইয়া বলিলেন.

২০। একে লবে পূত্র আর অনুস্করণণ নাগালরে ধবে তুমি করিবে গমন,
সর্বব কামাবস্ত দিলা পুলিব তোমার: পাকিবে প্রমন্তব্যে তান্ধিন সেধায়।

ইহা বলিয়া মহাদত্ব পিতাপুত্র উভয়কেই নিজ অমুভাববলে নাগভবনে লইয়া েরেন। তাহারা সেখানে দিব্যভাব প্রাপ্ত হইল; মহাদত্ব তাহাদিগকে দিব্য সম্পত্তি প্রদান কবিলেন, তাহাদের প্রত্যেকের পরিচর্য্যার জন্য চারিসহস্ত নাগকন্যা নিয়ে।জিত করিয়া দিলেন; তাহারা সেখানে মহাসম্পত্তি লাভ করিল। বোধিদত্ব অপ্রমন্তভাবে পোষধকর্ম সম্পাদন করিতে লাগিলেন: তিনি প্রতিপক্ষে মাতাপিতার চরণ দর্শন করিতে যাইতেন; সেখানে ধর্মকণা বলিয়া আন্ধণেব নিকট ফিরিতেন, তাহাকে কুশণ জিল্লাদা করিয়া বলিতেন 'তোমার যাহা আবশ্রুক হয়, তাহাই আদেশ করিবে। তুমি অলৎকঠিত মনে কুথ ভোগ কর।" অতংপর সোমদত্তকও অভিবাদনপূর্বক তিনি নিজালয়ে ফিরিতেন।

ব্রাহ্মণ নাগালয়ে এইরূপে এক বংসর অভিবাহিত করিল। অভঃপর পুণাক্ষয়বগভঃ ভাতার মনে উৎকণ্ঠা জন্মিল: সে নরলোকে ফিরিবার জনা বাগ্র হটল: ভাতার নিকট নাগভবন নরকবং, অলম্বত প্রাদাদ কারাগারবং, অলম্বতা নাগকনাগণ ফুলীবং প্রতীয়মান হইতে লাগিল। সে ভাবিল, 'আমি ত বড উৎক্রিত হইয়াছি: একবার সোমদকের মুন্ন পরীক্ষা করিয়া দেখি।' সে সোমদত্তের নিকট গিয়া বলিল, "বংস, তোমার মনে উৎকর্ত্ত। জনিয়াছে কি ?" দোমদত্ত বলিল, "উৎক্ষিত হইব কেন? আপুনি বুঝি উৎক্ষিত ছইয়াছেন ?" "হাঁ বংস: আমি উৎক্ষিত হইয়াছি।" "ইহাব কারণ কি ?" "ভোমাব মাতার ও সংগ্রেমগোর অদর্শনবশত:। চল, বংস সোমানক: আমরা নরলোকে ফিরিয়া ঘাই।" 'না, বাবা, আমি ঘাইব না।" কিন্তু বাহ্মণ পুন: পুন: বলিলে শোমদত শেষে "বে আজ্ঞা" বলিয়া মাইতে সমত হইল। তথন ব্রাহ্মণ ভাবিল, "পুজের ত মন পাইলাম: কিন্তু ভ্রিদত্তকে যদি বলি যে. আমি উৎক্তিত হইয়াছি, তবে সে আমার আদর যত আরও বেশী করিবে: তথন ত আমার যাওয়া ঘটিবে না। তবে একটা উপায় আছে। আমি নাগলোকের ঐত্বর্ধ্য বর্ণনা করিয়া জিজ্ঞাদা করিব, 'তুমি এরূপ ঐত্বর্ধ্য ত্যাগ করিয়া মহুষ্যলোকে গিয়া পোষধ পালন কর, ইহার কারণ कि?' मে উত্তর দিবে, 'ऋर्गलाहु क्रमा।' আমি বলিব, 'তুমি যথন ঈদশ সম্পত্তি ত্যাগ করিয়া স্বর্গলাভের জন্য পোষধ পালন তয়, তখন আর্মাদের পক্ষেত এই ব্রত আরও মড়ের সহিত পালন করা কর্ত্ব্য, কেন নং আমরা এত কাল প্রাণিহত্য। করিয়া জীবিকা নির্বাহ করিয়া আসিতেছি। অভএব আমিন মহুবালোকে গিয়া জ্ঞাতিগণের সঙ্গে দেখা করিয়া প্রব্রজ্যা গ্রহণপ্রক আমণ্যধর্মপালনে বুড হইব। প্রিদন্তকে এই অভিপ্রায় জানাইলে দে আমার নরলোকে প্রতিগ্রমন অহুমোদন করিবে। " বাল্প এই সমল্ল করিয়া রাখিল। অভংপর একদিন ভূরিদপ্ত ভাহার নিকটে গিয়া যথন জিজ্ঞানা করিলেন, "ব্রাহ্মণ, তুমি উৎক্তিত হুইয়াত কি" তথন সে উত্তর দিল "আমাদের যাহা কিছু আধশুক্ আপনার অনুগ্রহে তাহার কিছুরই অভাব নাই।" অনন্তর নরলোকে ফিবিবার ইচ্ছা গোপন করিয়া দে প্রথমে মাগলোকের শোভা বর্ণন করিতে नाशिन :--

- ২১। সর্বস্থানে সমতল ভূতল এখানে নম্বনের অভিরাম ছরিং শাঘলে আছোদিত , কোথাও বা উজ্জ্ব লোহিড ইক্সগোপে<sup>6</sup> শোসা এর হয়েছ বদ্ধিত। তগরের পূপারাজি রাজে মনোহর।
- ২০। কৃঞ্জে কুঞ্জে রম্য চৈতা, সরোধৰ সধ, পক্ষজ পুপোর বৃষ্টচুতে পত্রস্তুলি চাকিয়া রেখেছে স্বচ্ছ সলিল যাদের; মধুর কুজনে সেখা কল ২ংসগণ ক্রিতেতে কর্ণে সদা স্থা ব্রহণ।
- ২৬। সুগঠিত অষ্ট্ৰকোণ বৈদুৰ্গ্যনিশ্বিত শোভিতেছে শুপ্তরাজি কিবা মনোহর ' ঈদৃশ সহস্র শুন্তে প্রত্যেক প্রাসাদ ব্য়েছে গঠিত হেখা , এ নাগত্তবন উজ্ঞানিতে দিবাক্সনালাবণা প্রভাব ।
- १৪। দিবা পুণাবলে তুমি করিয়াছ লাভ এ রমা বিমান, হেবা অবচ্ছির ছাবে কলা।বছায়ন তুমি, কবিতেছ ভোগ সভত অপার মুধ পরিজনসহ।
- ৰং। ডাই ভাবি, লভি তুমি ঈদৃণ বিমান নাচাও লভিতে পুৰী তিদেশরাজের, সক্ষে বার তুলনার হয় নাক হীন বিপুল ঐম্বায় তব, প্রাসাদ উজ্জুল।

ইকা ভ্নিয়া মহাসত্ত বলিলেন, ''বাহ্মণ, তুমি এমন কথা মুধে আনিও না। শক্রেৰ মহিমার তুলনার আমাদের মহিমা হুমেকর পার্যে স্থপকণার ন্যায় ক্লাদপি কৃত্য। আমর। শক্রের পরিচারক হইবারও উপযুক্ত নই।

> বঙা কি বল, আপ্লগ, তুমি গুসর্কাণজিমান্ দেবতা উজ্জনকান্তি, অনুচর বানা নাসবের, কত অনুভাব যে ওালের, মনেও ধারণা মোরা করিতে না পারি।''

বান্ধণ যখন আবার বলিল "আপনার এ বিমানও সহস্রনেত্তার বিমানসদৃশ," তথন মহাসন্থ বলিলেন, 'কখনই না; আমি সেট বিমানই সারণ করিয়া তাহা পাইবার আশায় পোষধ পালন করিতেছি।" তিনি আলগতে নিজের কামনা জানাইবার জন্য বলিলেন,

> ২৭। লভিতে পরমুখনী অমরগণের উজ্জল বিমান আমি এ জন্মের পরে, কঠোর পোবধ ব্রত করি হে পালন শুইয়া বন্মাকশীর্বে পোবধের দিনে।

ইহা ভ্রমিরা আহ্মণ দেখিল, তাহার নিজের ইচ্ছা জানাইবার অবদর পাইয়াছে। দে হটমনে নরলোকে প্রতিগমনার্থ অমুমতি পাইবার জন্ম ছইটা গাথা বলিল:—

২৮। আমিও অবেধি মুগ পুদ্রসহ পণিলাম বনে;
মরেছে কি বেঁচে আছে, জানিনাক, জাতিবক্ষনে।

<sup>॰ &</sup>quot;ইক্সৰোপ' সহকে চতুৰ্থ থঙের ১৭৭ম পৃষ্ঠের পাদটীকা জইবা।

২৯। তাই বলি, ভরিদত্ত দাও অনুমতি, যাই

কাশীরাজত চিতানন্দন. জাতিগণে স্ববিতে দর্শন।

(वाधिमच विलालन.

৩-। একান্ত আমার ইচ্চা

ধাক হেখা ডোমবা জন্তন.

এমন সমভ কাষা ৩)। কিন্তু যদি চাও বেতে.

নরলোকে পাবে না কথন।

দিত্ব আমি অনুমতি.

কামাবল্ম দিব, যাতা ল'তে হও হথী গিয়া নিজালয়ে।

ইহা বলিবার পর বোধিসত ভাবিলেন, 'এ ব্যক্তি যদি আমার অভুগ্রে জরে জীবন-যাপন করিতে পারে. তবে কখনও কাহারও নিকট আমি কোধায় পোষধ পালন কবি. এ কথা প্রকাশ করিবে না। অতএব ইহাকে সর্বকামপ্রদ মণি দান করা যাউক। অনম্বে ব্রাহ্মণকে মণি দিতে উত্তত হুইয়া তিনি বলিলেন

> ৩২। পণ্ডপুত্ৰলাভ হইবে নিশ্চয় कडे पिया प्रशिक्त श्रीतिक श्रीति : না থাকিবে রোগ, হবে চিবকুথী : যাও ইহা ল'রে ভ্রমি, হে ব্রাহ্মণ।

ইহা ভূনিয়া ত্রাহ্মণ বলিল,

৩০। আমার কুপলভরে

বলিলে যা'. ভূরিদন্ত,

পরম সম্ভোবে তাহা করিত এবণ :

কিন্ত আমি জীৰ্ণ এবে :

ভোগের বাসনা নাই :

थाउसारि जेर्द भाव हरेर्द भवत ।

(वाधिमच विनातन.

া। বন্ধচৰ্যাৱত তথ

इस यपि छन्न कछ.

ভোগের বাসনা যদি জব্মে পুন: মনে.

না করিয়া দ্বিধা চিত্তে,

कित्रिय निः भाक्त दिया.

তুবিব ভোমার জাসি বছধন-দানে।

দ্রাহ্মণ বলিল,

৩৫ ঃ আমার কুণলভরে

बिलिल यां', जुतिशख,

পর্যসন্তোবে তাহা করিত্ব প্রবণ ;

আসিব হে পুনর্বার

এ দিবা খামে ভোমার

আসিতে কথন(ও) যদি হয় প্রয়োজন ।

ব্রাহ্মণের আর নাগলোকে বাদ করিতে ইচ্ছা নাই দেখিয়া মহাদত্ত চারিজন তরুক মাগকে আহ্বান করিয়া তাহাদের দলে বাহ্মণ (ও তাহার পুত্র )কে মন্ত্র্যুলাকে পাঠাইরা पिट्नन ।

[ कि इंडोड म्महेक्टम यूबाईशांत कल मांछा विलालन,

৩৬। অতঃপর ভূরিদন্ত "নরলোকে উঠি শীস্ত চারিজন নাপে ডাকি

**७ थन है जिल्लाम आ**रमन.

৩৭। ওনি নাগেশের আজা উঠিল বমুনা হ'তে

এই ছই ব্ৰাহ্মণকে

পৌছাইয়া দাও নিএদেশ।"

ন্যলোকে পৌছাইয়া

দিগা ছুই ব্ৰাহ্মণকে

व्यविनय नाम हाविकन : ब्राकारकम् कविक भाजन ।

ত্রাহ্মণ নরলোকে আসিরা, "বৎস সোমদত্ত, এইস্থানে আমরা মুগ বিদ্ধ করিয়াছিলায়: এইছানে শুকর বিভ করিয়াছিলাম", পুত্রকে এইছুপ বলিচত বলিতে অঞ্জান চুইল এবং প্রিমধ্যে একটা প্রছবিণী দেখিতে পাইয়া বলিল "এম বাবা, আমবা এই জলে স্থান কবি।" সোমদর "যে আজ্ঞা" বলিয়া সমত হইলে উভয়েই দিব্যাভরণ ও দিব্যবস্তাদি মোচন কবিয়া একটা পটলি বান্ধিয়া প্রহুবিণীর জীবে বাথিয়া দিল এবং জ্বলে অবভাবণ কবিল। কিন্ত দেই সময়েই ঐ সকল বস্তাভবণ অন্তৰ্ভিড চইয়া নাগলোকে কিবিয়া গেল - জাহাবা প্রথমে যে কাষাঘ্রদেব জীর্ণ বন্ধ পরিয়া আদিয়াছিল, ভাহাতেই আবার ভাহাদের দেহ আচ্চাদিত হইল: তাহাদের ধম:. শর ও শক্তি প্রভতি অন্তশন্ত পর্যের যেরপ চিল ঠিক (महेक्कल इंटेल। इंटा (मिथ्रा मामण्ड পরিদেবন করিতে লাগিল। সে বলিল, "ধাষা. তমি আমাদের সর্বনাশ ঘটাইলে।" আহ্মণ ভাগাকে আশাস দিবার জন্ম বলিল, "কোন চিল্ল। নাই: বনে যতদিন মূগ থাকিবে, ততদিন তাহাদিগকে বধ করিয়াই জীবিকা নির্বাহ করিতে পারিব।" পতি ও পুত্র ফিরিয়া আদিয়াছে শুনিয়া দোমদত্তের মাতা প্রতাদগমন-পর্বক তাহাদিপকে গতে লইয়া গেল এবং অল্পান ছারা তাহাদের কংপিপাসা অপ্রয়ন ক্রিল। আহারাত্তে ব্রাহ্মণ নিজিত হইলে সে সোমদত্তকে জিজ্ঞাসা করিল "বাচা, তোৱা এতকাল কৈথা গিয়াছিলি ?" সোমদত্ত বলিল, "মা, ভবিদত্ত-নামক নাগবাক্ত আমাদিগকে नागिपर्गत महाभूतीएक लहेश शिशक्तिता। छेरकश्रीत्मकः अथन स्मान हहेएक कितिश আদিয়াছি।" "কিছ রত্ব আনিয়াছিস কি ।" "না, মা, কিছই আনি নাই." "দে কি । ित कि ट्लिनिश्टक किछूहे एमन नाहे ?" "मा. खित्रक मर्वकामन मिन मिटक ठाडिशाहिटलन : क्छि यांचा जाहा अहन करवन नाहे।" "दकन अहन करवन नाहे ह" "वावा नाकि अवसा ্ইবেন।" "বটে, এডকাল আমার ঘাড়ে ছেলেপিলে প্রিবার ভার চাপাইয়া নাগলোকে हिन ; এथन कि ना मन्नामी इटेरव।" टेंटा ভाविषा बाचनी किसा इटेन : रम बटे ভाकियात হাতা দিয়া ব্রাহ্মণের প্রেষ্ঠ প্রহার করিতে করিতে বলিল, "পোডারমথ বামণ: সন্ন্যাসী হুইবি বলিয়া মণি ল'স নাই: তবে কেন সন্ধাস না লইয়া এখানে এলি ? দুর হ এখনই আমার ঘর থেকে।" আহ্মণ নিনতি করিয়া বলিল, "ভজে, রাগ ক'রোনা: বনে যতদিন মুগ থাকিবে, ততদিন আমি তোমার ও ছেলেমেয়েদের ভ্রন্পোষ্ণ কবিব।" ইংা বলিয়া बाञ्चन প्रवित्त भूखरक नहेशा तरन राम धरा भूर्वतर कीविकानिकार श्रव हरेन।

#### বন প্ৰবেশখণ্ড সমাপ্ত।

#### (8)

ঐ সময়ে হিমালয় পর্কতে দক্ষিণ সাগরের দিকে এক গক্ষড়পক্ষী একটা শাল্মলি বৃক্ষে বাস করিত। সে একদিন পক্ষবাত্যারা সাগরের জ্বল ছিধা বিভক্ত করিয়া নাগডবনে অবভরণপূর্বক তৃগুহারা একটা বৃহৎ নাগের মন্তক ধরিয়াছিল। নাগদিগকে কির্দ্ধে ধরিতে হয়, গক্ষড়েরা তখন তাহা জানিত না; কখন জানিয়াছিল, তাহা পাণ্ডরজাতকে (৫১৮) বলা ইইয়াছে। গক্ষড় নাগটার মন্তক ধরিয়া, তুই পাশের জলরাশি মিলিয়া এক ইইবায় পূর্বেই, তাহাকে তুলিয়া হিমালয়ের দিকে ছুটিল; নাগটা তাহার মূখ হইড়ে ঝুলিতে ঝুলিতে চলিল।

তথন কাশীরাজ্যের এক রান্ধণ ধবিপ্রব্রম্যা অবলখনপূর্বক হিমালয়ে পর্ণশালা নির্মাণ করিয়া বাস করিতেছিলেন। তাঁহার চঙ্কুমণের এক প্রান্তে একটা বিশাল ছাগ্রোষ বৃক্ষ ছিল। ধবি ঐ বৃক্ষমূলে দিবাবিহার করিতেন। গরুড-এই ছাগ্রোধ বৃক্ষের উপরি দিয়া নাগটাকে গইয়া ঘাইতেছিল; নাগটা ঝুলিতে ঝুলিতে মুজিলাভের আশায় লাশুল্যারা উক্ত বৃক্ষের একটা শাথা অভাইয়া ধরিল। গরুড় ইহা আনিতে পারে নাই; সে নিজেছ অসীম বন্যায়া আকাশে উজ্জয়ন করিল; ছাগ্রোধ বৃক্ষা সমুলে উৎপাটিত হুইল। মুপর্ণ

নাগকে লইয়া শালালিবনে পেল এবং দেখানে তপ্তাঘাতে ভাহার কৃষ্ণি বিদীৰ্থ করিয়া নাগ্ৰেদ ভক্ৰপূৰ্ব্ ক্ৰৱটা সমূদ্ৰপূৰ্তে ফেলিয়া দিল। ঐ সক্ষে প্ৰশ্ৰোধ বক্ষাও পতিছ हडेस करा त्मक्क प्रशंभक क्षेत्रा श्रम । शक्क कार्रिम, 'क किरमूत भक्त !'' तम व्यविदिक बादनाकत करिया अध्याध वक्षेत्राक दिशा किया कदिए मात्रिम, 'क वक्षेत्र बाधि दिश् হইতে উৎপাটন করিলাম।' অভঃপর সে ব্রিল বে, ব্রির চঙ ক্রমণ-কোটিতে যে প্রপ্রোধরক ভিল, সে নিশ্চয় ভাগাই উৎপাইন করিয়াছে। তখন সে ভাবিল 'এই পাছটা ধ্বির বছ खेनकार कविक : डेडाएक नहें कविता चामि शांत्रकांक रहेनाम ना कि? चविरक विकास केविशा क्षति, किति कि वालता' हेता खिब कविशा शक्फ प्रागवाकव त्यान क्षित्र तिकी প্রমন করিল। ধবি তথ্ন বুক্ষমূলের গর্ওটা সমান করিতেছিলেন। গরুত জাঁগাকে প্রশাস कविशा अकारस छेश्रिक हहेन अवर (धन विकृष्टे कारन ना. अहेजार किकामा कविन. "अमस. ख शावनाय कि किन ?" "अक्टा शक्क चारावार्थ अक्टा नान धरिया लहेश शाहराजिन : নাগটা মক্তি পাইবার আশায় লাক্সবারা ক্সপ্রোধ্যক্ষের শাখা কড়াইয়া ধরিবাচিল: মহাবল গরুত আকাশে উদ্ভৱন করিয়া ঘাইবার কালে গাচটাকে উৎপাটন করিয়াচিল। পাচটা এট স্থান হইতেই উৎপাটিত হইয়াছিল।" "ভদস্ক, ইহাতে সেই গৰুডের কি পাপ হইয়াছিল ?" "दन यम ना सानिया कतिया शादक, एरव वान वय नाहे : कावन व्यक्तानवनए: दकान काक করিলে তাহাতে পাপ স্পর্লে না।" 'সেই নাগের বেলায় কি বলিবেন, জদস্ত ।" "সে ত शांक्रवादक महे कविवाद खन्न धरद मार्डे : कार्त्क्रडे फार्डादल भाग उद्दे मार्डे ।" श्रादिक केंद्रदे পরিভট হইয়া গরুড় বলিল, "ভদত্ত, আমিই সেই স্থপরিবাজ: আপনি আমার প্রেরে বে পত্তর দিলেন, ভাষাতে প্রীত হইলাম। আপনি বনে বাস করেন। আমি আলমারন-নামক একটা মন্ত জানি। এই মন্ত অখলাধন। আমি জাপনাকে শুকুদকিণাস্থরণ এই মন্ত मान क्रिन। जापनि हेरा खर्ग क्रमन।" अबि बिल्लिन, "जामात मरत श्राकन नाहे খাপনি এখন প্রস্থান বক্ষন।" কিন্তু গ্রন্থত তাঁহাকে মন্ত্র গ্রহণ করিবার জন্ত পান: পুন: অমুরোধ করিতে লাগিল। কাজেই তিনি অগত্যা সমত চইলেন। গরুত তাঁহাকে মন্ত্র चित्राहेश अवर बाबाक्य खेरर कियाहेश दिश किला (अल ।

ঐ সময়ে বারাণদীর এক দরিজ ব্রাহ্মণ বছ ঋণ গ্রহণ করিয়াছিল। উত্তমর্ণগণ चानारात क्या श्रीकाशीफ कविरत तम कावित, 'এशान शाकिया ताक कि ? हेश चरतका বনে গিয়া মৰা ভাল ।' সে বারাণদী চইতে বাহির চইয়া কালক্রমে ঐ অবির আইমে প্রবেশ করিল এবং একমনে তাঁচার পরিচর্ব্যা করিতে লাগিল। ঋষি ভাবিলেন, 'এই রাম্মণ আমার বড় উপকারক: সুপর্বাঞ্জ আমাকে যে দিবা মন্ত্র দিয়াছেন, আমি তাহা ইহাকে দিব।' তিনি বান্ধণকে বলিলেন, ''দেখা আমি আল্ডায়ন মন্ত্ৰ জানি। তোমাকে এই মন্ত্ৰ बिरिडि : छ्या हेटा शहर करा" अन्तर विन, "मा, छन्छ, आभार मध्य कान शासिकन নাই।" কিছ অবি সনিম্মতভাবে পন: পুন: বলিলেন বলিয়া সে সমত হইল। পবি ভাহাকে यह नान कवितन अवर यहत्व डेल्यक खेरपक्ति । महाभागां वस्त्र वृक्षाह्या मितन । बाचन छारिन, 'अछनित जामात्र कीरिकानिकारित अक्षे। १४ वहेन ।' रन अधित जालाम चावश करवकानिन वान कविशा এक शिन विनित, "अम्छ, चामि वाजवाशीय वर् कहे **गारेएकि।"** तम धरे करन चवित निकृष्टे विभाग महेन, छाँहात क्रमा छिका कृतिया छ ভাঁহাকে প্ৰশাম কৰিবা বন হইতে বাজা কৰিল এবং কালক্ৰমে হমনাতীৰে উপনীত হইবা সেই মন্ত্র আবৃত্তি করিতে করিতে বাজপুথ দিয়া অপ্রসমূ হইল। ঐ দিন ভূরিদত্তের সংশ্র প্রিচারিকা সেই সর্ক্রামদ মণিসহ নাগভবন হইতে নিজ্ঞমণপ্রক উহা বমুনাতীরত্ব बामुकाबानिव खेलत जालन कतिशा खेटारहे खालाइ मर्खवाखि कनाकृति करियाहिन धरः

অন্ধণোদয়কালে স্ব স্ব দেহ সর্বাভবণে বিভূষিত করিয়া মণিটার চতুর্দিকে উপবেশনপূর্বাক উহার শ্রীতে নিজ নিজ দেহ উদ্ভাসিত করিতেছিল। বান্ধণ মন্ত্র জপ করিতে করিতে দেখানে উপস্থিত হইল; নাগকভারা মন্ত্রের শব্দ শুনিয়া ভাবিল, লোকটা বোধ হয় ছ্মবেশী স্থপণ। এইজন্ত ভাহার। অতিমাত্র ভীত হইয়া সেই মণিটা না তুলিয়া লইয়াই ভূগর্ভে অদুশ্র হইয়া নাগভবনে চলিয়া গেল। বান্ধণ মণি দেখিয়া ভাবিল, 'আমার মন্ত্র সফল হইয়াছে।' সে হুইচিতে মণিটা তুলিয়া লইয়া আবার পথ চলিতে লাগিল। ঐ সময়ে সেই নিষাদর্ভিধারী বান্ধণ সোমদত্তকে সক্ষে লইয়া মুগবধের জন্ত বনে প্রবেশ করিতেছিল। সে বান্ধণের হত্তে মণি দেখিয়া ভাহার পূত্রকে বলিল, 'ভূরিদত্ত আমাদিগকে যে মণি দিতে চাহিয়াছিলেন, এটা নিশ্চয় সেই মণি।'' সোমদত্ত বলিল, ''ই। বাবা, এ সেই মণিই বটে।'' 'তিবে এখন মণিটার দোষ দেখাইয়া এই বান্ধণকে বঞ্চনা করিয়া ইহা গ্রহণ করা যাউক।'' ''দে কি বাবা। পূর্বে ভূরিদত্ত ইহা দিতে চাহিয়াছিলেম; তখন আপনি ইহা গ্রহণ করেন নাই; এখন কিন্তু এই বান্ধণই আপনাকে বঞ্চনা করিবে। আপনি চূপ কন্ধন।' ''দেখ না কেন, বংদ, আমাদের ভূই জনের মধ্যে কে কাহাকে বঞ্চন করিতে পারে।' ইহা বলিয়া সেনাক লয়বনের ভাসপ্ত আলাপে প্রবৃত্ত হইল:—

৩৮। বিচিত্র মঙ্গলগ্রদ অভি মনোরম এই ফাটক রতন : লক্ষণ দেখিয়া চিনি , কোখা পেলে এই মণি. বল ভ ভাকণ ?

আৰম্মন বলিল,

৩৯। নোহিডাক্ট্র নাগকন্যাস্থ্র চৌণিকে
ছিল বসি বেষ্ট এরে আন প্রাতঃকালে।
চলিতে চলিতে পথ আমি সেইখানে
উপস্কি হলে লাভ করিত এ মনি।

ব্যক্ত-নিযাদ আল্ডান্ডকে বজনা করিয়া নিজে ঐ মণি লইবার উদ্দেশ্যে উহার অন্তণ বর্ণনা করিয়া তিনটী গাধা বলিল:—

8 . 1		রাখিছে এ মণি,	कर्फना कतिरल धव,
	হানি যদি এব	না ঘটে, প্রাক্ষণ,	অদামান্য গৌর্বের,
	ধারণের কালে,	কিংবা যবে খুলি	তুলিয়া দ্বাথিতে হয়,
	সাবধানে এর	রাখিলে মর্যাদা	স্কার্থ এ মণি দের।
851	ৰিম্ব কোন ক্ৰটি	घटि यति कजू	এ মণির ব্যবহারে,
	ধারণের কালে,	কিংবা ধৰে ভূমি	রাখিবে খুলিয়া এয়ে,
	बक्द हर्द	হলে বিশৃত্বল	অমনি তথন, হায়,
	সভাগা মণীশ	পড়িয়া সকটে	युटन व्यांटन मान्न योग ।

৪২। হেন দিবা কিন্তু অকলাণ মণি নও ভূমি যোগ্য করিতে ধারণ। লগু শত নিক; বিনিমক্ষে তার দাও মোরে এই অঙত রতন ৮

তথৰ আক্ষায়ন বলিল,

৪৩। গৌ, বা বয় কছ দিলেও জামার নারিবে কিনিতে এ মহারতর; অসক্ষমবাদ এ রয় জামার: কেচিব ইহার বল, কি কারু প

 <sup>&#</sup>x27;আলবারন' মত্র লার্ভ করিলাছিল বলিয়। এই ব্রাশ্বরের নামও 'আলবারন' বলিব। লিখিত আছে!

<sup>†</sup> আক্সের বিকট এক বিকও ছিল না , কিন্তু সে ভাবিণাছিল বে, মণি হাডে পাইলেই ভাছার প্রভাবে সৈ শত সিক আহরণ করিতে পারিবে।

## ব্ৰাহ্মণ বলিল,

৪৪। পো বারত বচ কি পেলে বেচিবে গ পেলেও বদাপি বল সভা করি - বেচিতে বাসনা নাই. ক্ষধাই ভোমার ভাই।

## আল্ছায়ন ব্লিল,

এং। উপ্ত তেজোবলে দর-জতিক্রম, সেই মহানাগ ররেছে কোথার विनाद य सादा, व उक्तन मनि मिन्ना विनामुला छुविव छारात ।

## खाञ्चण विनन,

৪৬। ভমিকি ছে খগরাক্স? করিতের এ বনে অমৰ. ছন্মবেশে ব্রাহ্মণের থ জিতেছ নাগ তাই; পেলে তারে করিবে ভব্দ। খাত্র অধ্যেষণ ভরে গ

#### चानचायत विलन.

৪৭। 'নই আমি ধগরার:

वंशतीटक एमधि निकथन :

अनिश्व विश्ववेद्या

व्याप्ति, हेश क्षारत मर्खकत।

## ব্ৰাহ্মণ জিজাসা কবিল,

৪৮। কি শক্তি ভোমার ? ফান কোন বিজ্ঞা ? কিসের ভর্মা করি বুরিতে আমি না পারি। আশীবিবে তুমি কর ডুচ্ছ জ্ঞান, তখন আলম্বায়ন আত্মশক্তি-ছোতনার্থ করেকটা গাথা বলিল :---

৪৯। পুণাঝা কৌশিক খবি দীৰ্ঘকাল বনমাৰে ত্ৰপৰ্ণ আসিয়া ভাৱে

করিলেন তপস্তা সদাই : निथारेन विवंबिछा, यात जूना जन्म विछा नारे ।

• । সিরিরাজি মাঝে সেই নিয়ত সংবতচেতা তপোধৰ্ক করিতেন বাস : অতন্ত্ৰিত ভাবে ভাঁৱে

সেবিলাম দিবারাত্র হ'লে তার চরণের দাস। খেচছায় সে ভগবান, পরিভুষ্ট হইয়া দেবার,

e১। ব্ৰভ ব্ৰহ্মচৰ্যাবান জীবিকানিকাহ তবে ৫২। মন্ত্ৰলৈ বলীয়ান:

দরা করি দিলেন আমার। সেই দিব্য মহামন্ত্ৰ কৰি নাক আশীবিষে কিছুমাত্ৰ ভয় হে এখন ,

বিষ্ঠেপ্তারাজ আমি: আলম্বায়ন নাবে জানে এবে যোৱে সর্বজন।

ইহা শুনিয়া নিধাদসুতিধারী ত্রাহ্মণ ভাবিল, 'যে নাগরাজকে দেখাইছা দিবে, আলম্বায়ন ভাহাকে মণিটা দিবে। আমি ভ্রিদত্তকে দেখাইয়া দিয়া মণি গ্রহণ করিব।' অনস্কর পুত্রের সঙ্গে পরামর্শ করিবার জন্ম সে বলিল,

> **८७। अम. वरम (मांबरस.** मिन (माता क तिव अहन : মৰ্থেই হাতের লক্ষ্মী দভাগতে করে বিভাচন। \*

## त्रांभण्य विन.

🕬। লয়ে নিজ পুহে তিনি मर्कविश्व कामारख-- व्यव्जशानशनवज्-शाना এরপ কলাপকারী প্রস্তুদের অনিট্রকামনা

সেবিলেন আমা ছুইজনে,

মোহবলে, পিতঃ, তুমি স্থান কড় মনেও দিও না।

৫৫। ধন পেতে ইচ্ছা যদি, চাও পিরা ভূরিকত্ত-পাশ ঃ যত চাও, তত দিয়া মিটাবেন ভিনি তব আগ।

## उपद्मव विमन.

৫৬ ৷ হাতে বাছা পাইরাছ, কিংবা পাত্রে তব, অথবা রেখেছে ৰাজি সমূথে ভোষার

हिर्छाग्रहम-वर्गिछ अञ्चन छ मञ्चनहारवत्र कथा दर्शभ इत बाठकत्रहनाकारम अहसिछ छिन ।

## বে খাদ্য, ভোগৰ তুৰি কর সেই সবু: मुर्थ (त. मि पृष्ठेकन कृत्त गतिहात।

#### त्रामस्य विकत.

 শেক্ত ক্রিক বিশ্ব কিন্তু । ক্রিক ক্রেক্ত ক্রিক ক্রি বাঁচিয়াও পুডি সেই অস্তাগানলে व्यवा विशेष श्रव व महीमक्त

প্ৰেডবং বিচৰণ কৰে মহীজলে। গ্রাসে ভারে : পার পাপী নিজ কর্মকল , বত চাও দিয়া ভিনি পরাবেন আশ।

e৮। চাও যদি ধন, যাও ভ্রিদত্ত-পাশ : কিন্তু যদি কর পাপ, সে পাপ ভোমার দিবে উপবক্ত ফল অচিরে নিশ্চর।

## ব্ৰাহ্মণ বলিল

 ৫৯। শুদ্ধি লভে, বংস সোমদত্ত, বিপ্রপ্র আমিও দম্পাদি মহাযক্ত অভঃপর

যথাশাল্ত মহায়ত্ত করি সম্পাদন। অ পাপ হইতে মক হইৰ সভৱ।

## দোমদত্ত বলিল.

৬ । হা থিক। এখনি আমি গ্রন্থান করিব , সঙ্গে তব আজ হতে আর না থাকিব । जेम्म अध्य कार्या इत (यत। तक, এক পাও তার সঙ্গে চলা অসুস্ত ।

মুণণ্ডিত আহ্মণকুমার এইরূপ বলিয়াও ঘধন পিতাকে স্বীয় অভিপ্রায়মত কাঞ্জ করাইতে পারিল না. তথন সে বজ্রগন্তীর স্বরে বনছলীর দেবগণকে চমকিত করিয়া বলিল, ''আমি এমন পাপকর্মার সংস্পর্শে থাকিব না।'' সে আফলের সম্প্রেট পলায়ন কবিল এবং হিমবত্তে প্রবেশপুর্বক প্রব্রা গ্রহণ করিয়া অভিজ্ঞা ও সমাপত্তিসমূহ লাভ করিল। অনস্তর যে ধ্যানবদ অক্ষয় রাখিয়া দেগান্তে ব্রহ্মলোক প্রাপ্ত চইল।

**এই বৃত্তান্ত হস্পট্রেশে বৃধাইবার এক শাল্তা বলিলেন.** 

৬)। অপনিনির্ঘোব করে পিডাকে বলিলা ইহা চমকিল ভতগ্ৰ: সভার প্রমনে কথী

সোমদন্ত ভূরিপ্রজাবান ; সেধা হতে করিলা প্রস্তান।

নিষাদবৃত্তিধারী ত্রাহ্মণ বিস্ত ভাবিল, 'দোমদত্ত নিজের বাড়ী ছাড়া আর কোথা याहें(द ?' अनखत आनशायनरक এक है विद्रक (मिथा (म वितन, "(छत ना, आनशायन; আমি ভূরিণতকে দেখাইতেভি।" অনন্তর সে আলম্বায়নকে সঙ্গে লইয়া, নাগরাক বেথানে পোষ্ধ পালন করিতেন, দেইখানে গেল। নাগরাল্প দেহ কুগুলিত করিয়া শ্যান ছিলেন। তাঁহাকে দেখিয়া অনতিদুরে অবস্থানপূর্বক আহ্বাদ হন্ত প্রসারণ করিয়া তুইটা গাথা বলিল:---

> ७१। धत कार्ड महानात्त्र. লোহিত মক্তক যার ইন্ত্রগোপনিত শোডা পার: পাল তব অঙ্গীকার: বিলম্বাকরি আর মহামণি দাও হে আমার। কার্পাসত্তের রাশি- সম শোভে ওল প্রবিষল : ७०। भन्नीत छेशांत्र (पथ বল্মীকারে আছে গুরে: ধর অবিলম্বে গুরে: ছোক তব উদ্দেশ্য সফল।

মহাসন্ত চক্ষু উন্মীলন করিয়া নিষাদকে দেখিতে পাইলেন এবং ভাবিতে লাগিলেন, এ বুঝি আমার পোষধপালনের অন্তরায় হয়। আমি ইহাকে নাগভবনে লইয়া পিয়া মহাসম্পত্তির অধিকারী করিয়াছিলাম: আমি মণি দান করিতে চাহিলেও এ তাহা গ্রহণ করে নাই: এখন কি না একটা সাপুড়েকে লইবা এখানে আসিতেছে? আমি এই মিঅস্তোহীর উপর কৃত্র হইলে আমার শীলভদ হইবে। আমি প্রথম হইতেই চতুরদবিশিষ্ট পোষধত্রত গ্রহণ করিয়াছি; নেই ব্রভ অব্যাহত রাধিতে হইবে। আলমায়ন আমাকে

থপ্ত থপ্ত করিয়া কাটুক, আমার মাংস পাক কক্ষক বা আমাকে শ্লে বিদ্ধ কক্ষক আমি কিছুতেই তাহার উপর কুদ্ধ হইব না.। আমি যদি ইহার দিকে দৃষ্টিপাত করি, তাহাতেও আমার পোষধ ভঙ্গ হইবে । মনে মনে এইরপ আন্দোলন করিয়া মহাসন্ধ চন্দ্ নিমীলন-পূর্মক অধিষ্ঠান-পারমিতাকে স্কাত্তে পালনীয় বলিয়া স্থির করিলেন এবং কুপ্তলের মধ্যে সন্ধক পূকারিত করিয়া নিশ্চলভাবে প্রহায় বহিলেন।

## শীৰখণ্ড সমাপ্ত।

EN HOLE

( e )

নিষাধর্ডিধারী আছেণ ৰলিক, "ভো আলম্বায়ন, এই সাপটাকে ধর এবং আমাকে মৰিটা লাও।" আলম্বায়ন নাগরান্তকে দেখিয়া তুই হইল এবং মণিটাকে অকিঞ্চিংকর মনেকরিয়া "এই লও" বলিয়া আছণের হস্তে নিকেপ করিল। মণিটা আছণের হস্তেখলিত হইয়া বেমন মাটিতে পড়িল, অমনি ভূগর্ভে প্রবেশ করিয়া নাগভবনে চলিয়া গেল। এইরুপে আছণের সব দিক্ নই হইল; সেঁ. মণি হারাইল, ভূরিদত্তের সহিত মিত্তা হাত্তাইল এবং পুরুকে হারাইল। "হায়, আমি পুল্লের কথা না শুনিয়া সর্কাম্ব হারাইলাম", এইরুপ পরিশেবন করিতে করিতে করিতে সেগৃহে কিরিয়া গেল।

এদিকে আলম্বান নিজের শরীরে দিব্যোযিধি মাধিল, একটু ওব্ধি থাইয়া নেহের আভ্যন্তর ভাগটা সবল ক্রিয়া লইল, এবং দিব্যাত্ম জপ করিতে করিতে বোধিসন্তের নিকটে পিয়া লাস্প ধরিষা তাঁহাকে টানিয়া আনিল। অনন্তর দৃচ্রুপে ধরিষা গে তাঁহাকে ইা করাইল এবং ওব্ধি চিবাইয়া তাঁহার মুখের মধ্যে থুৎকার নিক্ষেপ করিল। বিশুদ্ধবংশক নাগরাজ শীলভকভয়ে ক্রোধ সংবরণ করিয়া রহিলেন এবং চক্ষু তুইটা উন্মালন করিয়াও উন্মালন করিয়াও উন্মালন করিয়াও উন্মালন করিয়াও উন্মালন করিয়াও উন্মালন করিয়া আল্বায়ন তাঁহাকে ওব্ধি বারা সম্পূর্ণরূপে ক্রুয়ীয় করিয়া আল্বায়ন তাঁহার লাকুল ধরিয়া মাধাটা অধ্যাদিকে রাখিল এবং এইভাবে পুন: পুন: স্কালন করিয়া, তিনি বেং থাছা উদরন্থ করিয়াছিলেন, সমন্ত বমন করাইল। অনন্তর সে তাঁহাকে সটান মাটির উপর রাখিয়া দিল এবং লোকে যেমন বালিশ । মন্দিন করে, সেও সেইরূপ তুই হাতে তাঁহার দেহ মন্দিন করিল; ইহাতে তাঁহার অন্তিগুলি চুর্ণপ্রায় হইল। সে আবার তাঁহাকে লাকুল ধরিয়া তুলিল এবং খোপারা ধ্যমন কাপড় পিটে, সেইরূপে তাহার দেহটা পিটিতে লাগিল। কিন্তু এত তুংশ পাইয়াও মহাসন্থ ক্রছ হইলেন না।

এই বুডাছ সুস্টরূপে থাক করিবার ধন্য শান্তা বলিলেন, ৬০। দিব্য ওবধির বলে, সম্বল্প বারা জাব হরে সুরক্ষিত নাগেশে ধরিতে শক্তি লভিন্ন বান্ধন তাঁরে করে বশীভূত।

মহাসন্থকে এইরূপে তুর্মন করিয়া আলসায়ন লভাষারা একটা পেটিকা প্রন্ধত করিল, এবং তাঁছাকে উহার মধ্যে নিকেপ করিল। মহাসন্থের বিপুল দেহের সমন্তটা উহার মধ্যে প্রবেশ করিল না; তথন আলম্বায়ন তুই হাত দিয়া পুন: পুন: তাঁহাকে আঘাত করিতে লাগিল এবং কোন রূপে তাঁহাকে পেটিকার মধ্যে প্রবৈশ করাইয়া, উহা লইয়া একটা গ্রামে উপস্থিত হইল। সে প্রামমধ্যে পেটিকা নামাইয়া বলিল, "বাছারা লাপের নাচ দেখিতে চায়,

অধিষ্ঠান—দৃঢ় সকল—ইহা দৃশপার্নিতার অক্সতন।

<sup>🛊</sup> मण्डम- अस्थानात्र मक्ता निव्हाता चामन । किन्नु मर्भुवस्मरक 'वानिम' नक्षेष्ट्रे स्थारवाजा ।

ভাগারা আফুক।" ইহা ভনিয়া গ্রামবাসী সকলে সেধানে সমবেত হইল। তথ্ন **আল্**থায়ন বলিল, "মহানাগ, তমি বাহিরে এদ।" মহাসম্ব ভাবিলেন, 'আজ নত্য করিয়া এই সকল त्नारकत्र मरस्रायविधान कतारे कर्खग्। हेशरण चानचात्रन धनलां कतिरव धवः धनलारख ভষ্ট হইয়া হয় ত আমাকে ছাড়িয়া দিবে। অতএব এ আমাকে যাহা করিতে বলিবে, ভাহাই ক্রিৰ।' অনন্তর আলমায়ন তাঁহাকে পেটিকা হইতে বাহির ক্রিয়া বলিল, "দেহটা ৰ্ভ কর।" মহাসন্ত বিশাল দেহ ধারণ করিলেন। আলমায়ন তাঁহাকে ক্ষুত্র হইতে, কুণ্ডলিত হইতে. চেপ্টা \* হইতে. একফণ, বিফণ, ত্রিফণ, চতুক্ষণ, পঞ্চ-বয়-সপ্ত-অষ্ট-ন্ব-দশ্ব-বিংশতি ত্রিংশং-চত্তারিংশং-পঞ্চাশংফণ বা শতফণ হইতে, উচ্চ বা নীচ হইতে, দৃশ্যমানকায় বা অদ্ভামানকায় হইতে, নীল, পীত, লোহিত খেত বা মঞ্জিষাবৰ্ণ হইতে, মুখ দিয়া আগত্তন বাহির করিতে, বা জল বা ধুম বাহির করিতে—ইত্যাদি যখন যাহা বলিল, তথনি তিনি নিজের শরীর তদরপ করিয়া নৃত্য দেখাইতে লাগিলেন। ইহা দেখিয়া কেহই আনন্দাঞ (१) সংববণ করিতে পারিল না; লোকে বছ মর্ণ, বস্ত প্রভৃতি দান করিল; আলম্বয়ন এইরূপে ডাহাদের গ্রামে এক লক্ষ মুদ্র। প্রাপ্ত হইল। আলখায়ন মহাদৰকে ধরিয়া ভাবিয়াছিল, 'ইহাকে দেখাইয়া সংক্ৰমুন্ত। পাইলেই ইহাকে ছাড়িয়া দিব'; এখন এত ধন পাইয়া ভাবিল, 'গ্রামেই যথন এত ধন পাইলাম, তথন নগরে গেলে আরও বেশী ধন পাইব।' কাজেই ধনলোভবশত: দে মহাসত্তকে মৃক্তি দিল না; দে ঐ গ্রামেই নিজের পরিজন রাখিয়া দিল; একটা রত্নমন্ত্রী পেটিকা নির্মাণ করিল, মহাসত্তকে ভাহার মধ্যে নিকেপ করিল, স্থধানে আবোহণপূর্বক বহু অমুচরদহ নগরাভিমুধে যাতা করিল এবং পথে নানা গ্রামে ও নিগমে ক্রীড়া দেশাইয়া বারাণদীতে উপস্থিত হইল। সে নাগরাজকে মণ্ডক মারিয়া ভাগা এবং মধু-মিশ্রিত লাজ থাইতে দিত; কিন্তু পাছে আল্যায়ন ক্থনও তাঁহাকে না ছাড়ে, এই ভয়ে ভিনি আহার করিতেন না। তিনি অনাহারী ছিলেন; তথাপি আলম্বায়ন নগরের মার্থাম-চতুইরে ও অভাত ভানে এক মাদকাল তাঁহার ক্রীড়া দেখাইল। অনন্তর পক্ষান্তপোধ্ধের দিনে সে রাজাকে জানাইল যে, সেই দিন তাঁহাকে ক্রীড়া দেখাইবে। রাজা ভেরীবাদন দারা নগরবাদী দিগকে আহ্বান করিলেন: ভাগদের উপবেশনের জন্ম রাজাঙ্গণে মঞ্চ ও অতিমঞ্চ নিৰ্মিত ১ইল।

ক্ৰীড়াখণ্ড সমাপ্ত।

( b )

আগলায়ন যে দিন ভ্রিদন্তকে ধরিয়াছিল, দেই দিনই ভ্রিদন্তের মাতা স্বপ্ন দেখিয়াছিলেন, এক ক্ষুক্তনায় রক্তচকু ব্যক্তি যেন থড়গুলারা তাঁহার বাছ ছেদন করিল; ক্ষির বাছ হইতে রক্ত নির্গত হইতে লাগিল; লোকটা উহা লইয়া চলিয়া গেল। ইহাতে ভয় পাইয়া তিনি শ্যা হইতে উঠিলেন এবং দক্ষিণ বাছতে হাত বুলাইয়া বুঝিলেন যে, তিনি স্বপ্ন দেখিতিছিলেন। অনস্তর তিনি ভাবিতে লাগিলেন, 'আমি অতি ভয়াবহ ছঃস্বপ্ন দেখিলাম, ইহাতে হয় আমার প্র চারিটার, নয় ধুতরাষ্ট্র-মহারাজের, নয় আমার নিজের কোন বিশ্ব ঘটিব।' মহাসন্তের বিপদাশক্ষাই তাঁহাকে অধিক কাতর করিল, কারণ অফ্র সকল নাগ স্ব আলয়ে বাস করে; কিন্তু তিনি শীল রক্ষার জন্ম মহ্যালোকে গিয়া পোর্বধ পালন করেন; কাজেই সেথানে কোন অহিতৃভিক বা স্বপর্ণ তাঁহাকে ধরিয়া লইয়া যাইতে পারে।

মৃলে 'ৰিপ্পিড' আছে। শুদ্ধ পাঠ 'চিপিড।'

উতা ক্রাবিখা তিনি ক্রিদ্তের জন্মই ক্ষিক চিমারি হা হইলেন। মধন এক পক্ষ ক্রীত হইল, দেহন ডিনি ভাবিকেন 'এক প্ৰু অভীত হটলে ত বাচা আমায় না দেখিয়া ডিষ্টিতে পারে না। নিশুর ভাগার সময়ের কোন ভয়ের কাবণ ঘটিয়াছে।' এই ছশিস্তায় তিনি বিষয় ছটলেন। অনতঃপর যুগন এক যাস অভিকোজ হটল, তথন ভাঁহার শোকাঞ্চনংবরণের সময় ষ্ঠিল না: তাঁচাৰ বক শুকাইয়া গেল, তিনি চারি।।কে অম্বন্ধ দেখিতে লাগিলেন \*, 'বাছা এখনই আদিবে' মনে করিয়া তিনি ভ্রিদত্তের আগমনপথের দিকে তাকাইয়া ব্দিং। विश्वास । असम्ब डीशाव (फार्क्षेप्रस स्वर्गन मानास्त्र माफाणियाक वर्गन कविवास অভিপ্রায়ে বস্তু অফ্রবস্তু আগমন করিলেন এবং অফ্ররেদিগকে বাগিরে রাখিয়া প্রাসাদে আংরোহণপুর্বক মাতাকে প্রণাম ক্ষিয়া একাছে উপবিষ্ট ইইজেন। মাতার সন্য তথন ভরিদত্তের শোকে অভিভত : তিনি স্থদর্শনের সহিত কোন আলাপ করিলেন না। স্থদর্শন ভাবিলেন, 'ব্যাপার কি ? পূর্বে যখন আদিতাম, মা কত তৃষ্ট ইংলেন, আমাকে কড মিষ্ট কথা বলিতেন: আজ বিশ্ব ইনি নিভান্ত বিষয়।।' অনুভব ভিনি মাতাকে ইংার কারণ โดยสาก ซ โอเสม : -

> ७६ । अवस्था ७'स्ट्रक यत्र शर्व यत्रवाम . ভথাপি হর্বের চিঙ্গ নাই তথ মুখে।

es । वक् क'टि कि कि का कि कि विश्व किया कि मान विश्व विश्व कि विश्व किया विश्व किया कि विश्व किया कि विश्व किया (क्रमनि (काक्षाव मण ) शृक्ष कात्रावान । अत्माक ठवान के बाक अनाम,

अत्मिक हर्दा व्य करिएक धानाब । মলিন ভোমার মুখ, বল, কোন ছবে গ

ভবাপি বিষয় তুমি, বল, কি কারণ? কে হ'বেছে, মা গো.তের ক্ষীতিভালন ?

জন্মন এটকণে কাৰণ জিজাদা কবিলেও তাহার মাতা কোন উত্তর দিলেন না। ত্থন অনুষ্ঠান ভাবিলেন, 'হয় ত কেই ইহাকে ছুকাকা বলিয়াছে, অগ্ৰা ইহাৰ কোন মানি বটাইয়াছে ।' এইজন্ম তিনি আবার বলিপেন.

৬৭। বলেতে কি কট কেছ? কি তব বেদনা? এসেটি ফিরিয়া আমি, তব কি কাবণ জোঁতাৰ মাতা বিষাদেৰ কাৰণ বলিলেম :--৬৯। এক মাস হ'ল গত, দেখিত স্পন কে যেন সে শোণিতাক ছিল বাত্থান কালিকাৰ কত আমি তাতি তাতি বলি . ১৯। বে দিন দেশিত এই স্থা ভয়ন্তব দিধাবাত্র প্রথ নাই তিলেকেব ভরে .

জানিতে বড়ট বাপ্স হ'ছেছি, ৰল না ? হেবিতেছি, মা গো, তব বিষয় বদন ?

তামার দলিও বাং করিণা ছেদন. লইয়া এখান হ'তে কবিল প্রস্থান। তথাপি সে বাস काটি লয়ে গেল চলি। কাপিছে সে দিন হ'তে হিয়া ধর পৰ। সদা অমক্ষ কাশ্যা আমার অস্তরে।

ইহার প্র ভিনি পরিদেবন করিতে করিতে আবার বলিলেন, "বৎদ, ভোমার কনিষ্ঠ আমার অতি প্রিদপুত্র; মন্তবতঃ তাহার কোন ভয়ের কারণ ঘটিয়াছে।

> ৭০ ৷ চাৰ্মকী উবগক্ষা শত শত – প্রেমভরে যার সেবিত চরণ,

৭৫। কর্ণিকারবং উচ্ছল কুপাণ দিবারাত্র শতসহস্র প্রহরী,

৭২। বাইৰ এখনি ভূরিদন্ত যেথা — वन नील भारत महा मावधारन ,

হেমজালে কেশদাম আচ্চাদিত-দেই ভূরিদত্ত কোখার এখন গ হাতে লয়ে যাবে কবিত **বক্ষ**ৰ সেই ভূরিদন্ত কোথার এখন ? প্ৰাতা তৰ দেই ধৰ্মপরারণ ; দেখিয়া ভাহাকে জ্ডাব নয়ন।"

এইরুণ বিশাপ করিয়া তিনি নিজের ও স্থদর্শনের অন্নচরগণসহ যাতা। করিলেন। ভূরিদত্তের ভার্যাগন তাঁহাকে দেই ক্লাকাত্রে না দেখিতে পাইয়াও এতদিন কোন আশক।

<sup>🖭 &</sup>quot;উপচ্চিংস্ক" না হইয়া বোধ হয় 'লপচিয়িংস্ক' হইবে।

করে নাই; কাষণ ভাহারা ভাবিয়াছিল যে, তিনি মাতার পৃহে অবস্থিতি করিতেছেন। কিন্তু যখন ভনিল যে, ভাহাদের শাশুড়ী পুত্রের অদর্শনে ব্যন্ত হইয়া আসিতেছেন, তথন ভাহারা প্রভাগমনপূর্বক পরিদেবন করিতে করিতে তাঁহার পাদম্বে পত্তিত হইল। ভাহারা বলিল, "আমবা এই এক মাস আপনার পুত্রের মুধ দেখিতে পাই নাই।"

িএই বুড়ান্ত বিশদরূপে বর্ণন করিবার জন্ম শাস্তা বলিলেন,

৭০। আসিছেন দেখি ভূরিদত্তের জননী

৮০। এই দীর্ঘ একমাস পুত্রের ভোমাব দে ফশস্মী মাগরাজ, ধর্মপুরায়ণ বাহ তুলি কান্দে সব জাহার রমণী: -অদর্শনে পাইভেছি বাতনা অপার।
জীবিত অপবা মত জানি না এখন।

ভূরিদত্তের জননী পুত্রবধ্দিগের সহিত পথিমধ্যে ব**ল্ল পরিদেবন করিলেন এবং** তাংশিদিগকে লইয়া ভূরিদত্তের প্রাদাদে আরোহণপূর্বক পুত্রের শৃত্ত শহা অবলোকন করিয়া বিলাপ করিতে লাগিলেন: --

৭৫। শাবক বংগছে বাাবে, শৃস্ত নীড় ছেরি শোকানলে পুড়ে গথা অভাগী শক্নী, না দেখিলা প্রিল্পুত্র ভূতিদতে মোণ ডেমনি পুডিব শোকে আমি চিরদিন।

१७। শাবক বধেছে ব্যাবে; শুজ্বানীড় হেরি শাবকের অবেষবেণ, হার রে যেমন ইতত্তত: যার ছুটি শোকার্তা শক্নী, তেমনি অমিব আমি পুত্র-ক্ষেব্বেণ।

গণ। শাবক বংশছে ব্যাধে; শৃক্ত নীড় হেরি শোকানলে পুড়ে যথা অভাগী কুররী, না দেখিরা প্রিয়পুত্র ভুরিদত্তে মোর তেমতি পুঙ্বি শোকে আমি চিরদিন।

৭৮। না দেখিয়া ভূরিদত্তে চিরকাল, ছার.
দহিবে হুদ্য মোর, দহে যে গ্রহার
চক্রণকী নির্দক প্রান মাধারে।

৭৯। কামারের হাপর বাহিরে ঠাঙা বটে; ভিতরে এবর অগ্নি কিন্তু ফলে তার; ভূরিদত্তে না দেখিয়া আমার(ঙ) তেমন শোকানলে ক্রন্য ক্টবে চারধার।

ভূরিণত্তের মাতা যথন এইরপ পরিদেশন করিতে লাগিলেন, তথন ভূরিণত্তের বাসভ্যন অর্ণবকুন্দির মত এককোলাংলময় হইল। কেহই প্রকৃতিত্ব থাকিতে পারিল না; সমস্ত নাগলোক প্রলয়বাতাহত শালবনের ভায় প্রতীয়মান হইল।

[ এই বুডান্ত বিশদরপে ব্যক্ত করিবার হল শান্তা বলিলেন,

৮০। মহাশোকবেগে ভূরিকন্তের ভবনে হইল জীপুত্র তার ভূতলে লুচিত,— হার রে. যেমন হর শালকক্ষরণ প্রভাৱনবিমর্থিত অরণা মারারে।

অরিষ্ট ও হতের মাতাপিতাকে প্রণাম করিবার জন্ম জানিয়াছিলেন। তাঁহারাও এই কোলাংল শুনিয়া ভূরিদত্তের গৃহে গমনপূর্বক মাতাকে আখাস দিতে লাগিলেন।

## [ এই বৃদ্ধান্ত বিশদরূপে বর্ণনা কবিবার অভিপাবে শান্ত: বালেনেন,

- ৮১। জ্বি ভূবিদন্তগৃতে ক্রন্সনের বেলি, ক্বিল, সুভ্র- এই তুট স্ট্োচন ছটি পিয়া উপস্থিত ইউল সেখাল।
- দ্ব। "আৰতা হক পো মাতঃ, করিক না লোক । প্রাণীদের ধর্ম এই নিখিল জগতে — ভাতি দেহ দেহান্তর করন গ্রহণ , জীবেব নিম্নতি এই না চন্ন থপ্তন।

### সমুদ্রকা বলিলেন,

- ৮০ ! জানি, বাছা, প্রাণীদের ইহাই ধরম। ভূরিণতে না দেখিলা কিন্তু রে কামার কাদর দালেশ শোকে হ'ল অভিভূত।
- ৮৪। শোন, বাছা অদর্শন, বলি যাহা ভোৱে— অন্ত: অন্তকার রাজি না হ'তে প্রভাত। বোধ হয় প্রাণ যোর না এবে এ দেছে, যদি না দেখিতে পাই ভ্রিয়তে আনি।

### ऋपर्यन विनादनन,

- ৮৫। আবলা হও, গো মাতঃ, আতাকে এখানে নিশ্চর আনিব মোরা , অবেবণে ভার আমিতে সকল দিকে চলিমু এপনি। ৮৬। পর্কতে ও গিরিছুর্গে, প্রামে ও নিগ্নে
- দৰ্কত্যে পুঁজিব তারে তন্ন ভন্ন করি , অস্তা হ'তে দশ হ'তিন না হ'তে অতীত, নিশ্চর অংশিব ডারে ; তাজ শঙা ভূমি ,

অমস্তর হৃদর্শন ভাবিতে লাগিলেন, আমরা তিন দহোনরই এক নিকে গেলে বিলম্ব ঘটিবে; এক্স তিন জনের তিন দিকে যাওয়া কর্মবা—এক জন দেবলোকে, এক জন ছিমবস্তে, এক জন মনুষ্যলোকে। কিন্তু কাণারিষ্ট মনুষ্যলোকে গেলে, যেখানে ভূবিনপ্তকে দেখিবে, সেখানকাব সমস্ত গ্রাম ও নিগম দম্ম করিয়া আসিবে, কারণ দে প্রিটি নিটুর ন পক্ষয়; অভএব ভাগেকে সেখানে পাঠাইতে পারি না।' ইংা দ্বিব কলিছা ভিনি খলিলেন, 'ভাই অরিষ্ট, সূমি দেবলোকে যাও, দেবভারা হদি ধর্মকথা প্রবণ করিবার অভিপ্রাণ্ড ছিরিনতকে সেখানে লইয়া থাকেন, তবে তাঁহাকে সঙ্গে করিয়া ফিবিবে।' ইংা বলিয়া ভিনি অরিষ্টকে দেবলোকে প্রেরণ করিলেন, এবং স্বভগকে বলিলেন, 'ভূমি, ভাই, হিমবস্তে গিয়া পক্ষ মহানদীতে ভূরিনন্তকে খুজিয়া এস।' ইংা বলিয়া ভিনি স্বভগকে হিমবস্তে পাঠাইলেন এবং নিজে মহুষ্যলোকে যাইবার ইচ্ছা করিয়া ভাবিলেন, 'আমি ঘদি মহুষ্যলোকে মাণবব্দের বেশে যাই, তবে লোকে আমাকে গালি দিবে\*; আমার ভাপসবেশে যাওয়াই কর্তব্য, কারণ প্রপ্রাভ্রেকরা লোকের প্রিয়ণাত্র।' ইংা স্থির করিয়া স্থাপন ভাপস সাজিলেন এবং মাডাকে প্রণাম করিয়া যাত্রা করিলেন।

 <sup>্</sup>থল 'ওগলিস্মন্তি' আছে । ইংল লেখা আছে আছিল আছিল লাখাকে আমাকে কেথিছে লাইছে গাইছে । এই আই অহংশালা । ইংলাজী অনুবাদক ওস্পিস্মৃতি : অহংশালা আছুক ) এই পাই প্রহণ : বিভালেন ইংলাজী ছং দ্বীচীন :

বোধিদছের অচিম'ধী নামী এক বৈমাত্তেয়ী ভগিনী ছিলেন। তিনি বোধিদছকে বছ ভালবাসিকেন। সদর্শনকে ঘাইতে দেখিল তিনি বলিলেন, "ভাই, আমিও বড উদবিগা হইয়াতি। আমি ভোমার সঙ্গে যাব।" স্বদর্শন বলিলেন, "তমি যেতে পার না, বোন: দেখিতেছ না যে, আমি প্রবাজকের বেশে যাইতেছি।" "আমি কুল মণ্ডকীর বেশ ধরিয়া ভোমার জটার ভিতর বসিয়া যাইব।" "তবে এস।" অর্চিম্ খী মণ্ড কশাবিকার क्रम धार्रिया क्रममें स्तर करीत जिल्हा शिशा विश्वासता। क्रममें स्वर क्रियान, 'मने इट्टेंड আরম্ভ করিয়া খাজিতে খাজিতে যাইব।' তিনি বোধিদত্তের ভার্যাদিগের নিকট তাঁহার পোষধপালন-স্থান ভানিয়া লইলেন এবং প্রথমেই দেই স্থানে গিয়া যেথানে আলম্বায়ন বোধিসম্বৰে ধরিয়াছিল সেধানে বক্তেব চিক্ত দেখিতে পাইলেন : যেখানে সে লভা দিয়া পেটিকা প্রস্তুত করিয়াছিল, ভাষাও দেখিলেন। তথন আর ওাঁচার সন্দেহ বহিল না যে. বোধিগল্পকে কোন সাপডে ধরিয়াছে। তিনি শোকাঞ্পূর্ণ নয়নে আল্লায়নের গ্রন্মার্গ অমুসরণ করিতে করিতে যে গ্রামে দে প্রথমে থেলা দেখাইয়াছিল, সেই গ্রামে প্রবেশপর্মক ভরিদত্তের আকার বর্ণন করিয়া লোকজনকে জিজ্ঞানা করিলেন, "এইরূপ একটা সাপ লইয়া কোন সাপতে এখানে খেলা দেখাইয়াচিল কি ?' তাহারা বলিল, "হাঁ মহাশয়: আৰু এক মাৰ হইল আলম্বায়ন নামে এক সাপতে সাপ্ৰেলা দেখাইয়াচিল।" "সে প্ৰেটিল কি ?" "এই এক গ্রামেই দে এক লক্ষ্মুলা পাইয়াছিল।" "এখন দে কোলা গিয়াছে ?" "ৰোধ হর অমুক গ্রামে।" স্থলন এই সত্তা পাইয়া দেখান হইতে জিজাসা করিতে করিতে কালক্রমে রাজ্বারে উপস্থিত হইলেন। ঐ সময়ে আল্বায়নও গ্রেল্কাদি দ্বারা লান করিয়া, চন্দনাদি খারা বিলেপন করিয়া, পট্টবস্ত্র পরিধান করিয়া, রত্তপেটিকা হত্তে লইয়া, সেখানে (मेथा निन। त्मथात्न वह त्नाक ममत्वल इहेशाहिन: तालात लग पामन मिल्लिक इहेशाहिन: তিনি অন্তঃপুর হইতে বলিয়া পাঠাইলেন, "আমি আসিতেতি: নাগরিকদিগকে জীতা দেশাউক।" আলমায়ন বিচিত্ত আন্তরণের উপর রম্বণেটিকা রাধিয়া উহা খুলিল এবং "এম, মহানাগরাজ" বলিয়া সংখত জানাইল। ঐ সময়ে সুদর্শনও জনসভেত্র বাহিরে দীড়াইয়া ছিলেন। মহাসত মন্তক বাহির কবিয়া সমস্ত জনসভয় অবলোকন করিতে লাগিলেন। সর্পেরা তুই কারণে জনসভ্য অবলোকন করিয়া থাকে:-উহাদের মধ্যে ভাগদের পরিপন্থী কোন স্থপর্ণ কিংবা কোন নট আছে কি না ইহা দেখিবার জন্ম। স্থপৰ্ব দেখিলে ভাষারা ভয়বশত: নতা করে না: নট দেখিলেও লজ্জায় নৃত্যু করে না। মহাসম্ব অবলোকন করিতে করিতে জনসংক্ষর মধ্যে তাঁহার ভাতাকৈ দেখিতে পাইলেন। তাঁহার চকু অঞ্পূর্ণ হইল: তিনি উহা সংবরণপর্কক পেটিকা হইতে বাহির হইয়া ভ্রাতার অভিমুখে চলিলেন। লোকে তাঁহাকে আদিতে দেখিয়া ভয় পাইয়া হঠিয়া গেল: একা অদর্শনই দেখানে দাড়াইয়া রহিলেন। মহাস্ত গিয়া তাঁহার পাদপুঠোপরি মন্তক রাধিলা অফলন করিতে লাগিলেন। স্থাপনিও কান্দিলেন: মহাস্ত কেন্দ্রন করিল। ফিরিয়া পুনর্কার সেই পেটিকার মধ্যে প্রবেশ করিলেন। আলম্বায়ন ভাবিল, দর্প বোধ হয়, তাপদকে দংশন করিয়াছে: সে তাঁহার নিকটে গিয়া আখাদ দিবার জয় विनन:--

> ৮৭। হাত হ'তে পড়ি বোর এই সর্পরাল সবলে বরিল পাদ তোমার, তাপস; বংশিল কি ? করিও না কিছুমাত্র ভয়; করিতেছি তোমার এখনি অনামর।

আক্রায়নের সঙ্গে আলাপ কবিবাব উদ্দেশ্যে স্থদর্শন বলিলেন,

৮৮। নাই এ নাণের শক্তি এ:থ দিতে মোরে; গাপুড়ে গতেত সাংক এই পৃথিবীতে কার্পুর। গাধ্য নাই অভিক্রমিতে আমারে।

ফুদুৰ্শন যে কে আল্ছায়ন ভাষা জানিত না: সে ক্ৰেছ ইইয়া বলিল,

কে বে এই সুলবৃদ্ধি ? প্রাক্ষণের বেশে
এসেতে সভাব এই ? কি সাহসে করে
বৃত্তিতে আহ্বান সোরে ? গুল, সভাবন,
দিও না আমার দোব কেত অতঃগর।

च कर्म स के किए विद्यान

 বৃষ তুরি দর্শ করে , মপ্ত ফু-শাবিকা কইরা বৃদ্ধির আমি , এ বৃদ্ধের যাজি

গতিল সহত্র পঞ্চাপ্য বিজেতার।

আলয়ারন ৰজিল,

- ৯১ ৷ লাভে মের ধনরত্ব প্রত্যুগ্রমাণ ,
  কুই ও গরিত্র প্রতি, ত্রান্ত্রণকুমার ,
  কে ভোর প্রতিকু, বলুণ কোবা হ'তে তুই
  লাভিকে প্রের অর্থ নিবি বে, বটুক গ
- ৯২। আহে মোর অর্থ বছ, বাহা হ'তে আমি এখনি সহত্র পকা দিব রে হারিলে , গুলিতু বস্তুপি চাল্ আকাব ভাহার হবে নারে , রাখিলাম বিধা নাহি করি এ হুছে সহত্র পকাপ্র বামি ভাই।

টিছ: গুনিহ; কুনশ্ন বলিলেন, 'বেশ, আমাদের মধ্যে পঞ্চ সহত মুজাই বাজি থাকুক," অনস্তর ভিনি নিউলে রাজভবনে আরোহণপূর্বক তাঁহার মাতুল বারাণসীরাজের সংশ্রধে নীডাউল বলিলেন

> ৯০ । মাগি, ভূপ , হও তুমি কল্যাণভাঃন ; এতিকু আমার তুমি হও, ধীর্ত্তিমান, শণের সহস্র পঞ্চ কার্যাপণ তবে।

:: ভাবিলেন্ 'এই তপস্বী আমাৰ নিকট অভিবছ ধন বাচ্ঞা করিতেছে; ইংকি কারণ কি পু' ডিনি বলিলেন,

৯৪ ৷ পিতঃ মোয়, কিংবা আমি নিজ্ঞ কে:ম বিদ লারেছি কি তব ঠাই কোনদ্ধণ ঝণ. বার জঞ্জ হেখঃ তুমি করি আগমন বলিছ তোমার এবে দিতে এত ধন গ

ইহার উত্তরে স্থলনি তুইটা গাথা বলিলেন ,—

৯৫ । সর্গ লভে আক্সান বুদ্ধে বোরে পরাজিতে চার সঞ্চুক-শাবিকা লভে নারি ভূপ লংগাব ভাগার । ১৬ এস. হে বাষ্ট্রবর্জন অনুচবগণ সজে লভে , হেন ও অনুক্র বৃদ্ধ নারা স্বোচন উক্তরে ।

এংশ্বন বাজিলেন ''আছো, হাইডেছি চল।'' ভিনি তপৰীর সংক্ষেত্রাসাদ হইডে কণ্ড্ড এইজেন - ইয়া দেখিয়া আলবায়ন ভাবিল, 'এই ভাপস সিয়াই রাজাকে নইয়া

```
আসিল! রাজকুলের সহিত বোধ হয় ইহার বিশিষ্ট ঘনিষ্ঠতা আছে।' সে ভয় পাইয়া
স্থাননির পশ্চাতে পশ্চাতে চলিল এবং বলিল:—
```

নণ। বিজ্ঞাবত আছে মোব, বলি ইহা আক্ষালন করিতে না চাই ; তোমাকেও হতমান করিতে সভাব মধ্যে ইচ্ছা মোব নাই । বিজ্ঞামদে মন্ত তুমি ; ভাব, আর নাই কেহ তোমার সমান ; তাই ঘোরবিধ্ব নাপকুলখালে এই কর তক্তলান।

## স্থাপন বলিলেন,

৯৮। বিষ্ণাৰ বড়াই কৰি তোমাকেও হতমান বিহহীন দৰ্প লয়ে ভুলাইছ দৰ্শজনে,

বিষ্টান দর্প লায়ে তুলাইছ দর্শজনে, দেখি ইয়া বড় লাজ পাই।

১৯। জানিত লোকে হে যদি ভোমার বিদ্যাব দৌড় স্নানিতেছি আমনি যে একার,
ধন ত দ্বেব কথা, একমুষ্ট শকুমাত্র ভাগো নাহি জুটিত ভোমার।

করিতে আমার ইচ্চা নাই:

এই উপদেশ मुनाबान.

দেহ-অন্তে স্বরগে প্ররাণ।

वर्फिम् बी नाम এই बता :

ভন্ম এই করিবে ভোমারে।

দিলাম ইহার পরিচয়;

পচিদু'ৰী ৰংশিৰে তোমায়.

থাকিতে ভোমার দেছে প্রাণ।

এই উভরে আলমায়ন কুদ্ধ হইয়া বলিল,

২০০। কর্কণ অভিনবান, সন্তক্তে জটাৰ ভাৰ, দেহেৰ ভুগজে ভোৰ ভিঠা হেলা দায় :

হতিমুগ তুই, ডাই, নিক্লিব বলিখা নিন্দা ক্রিম এ সপ্নাকে আসিয়া সভার।

১-১। আরুনানিকটে এব, পরীকাকবিরাদ্যাপ্

ৰত উগ্ৰতেৰে পূৰ্ণ এই নাগ্ৰন্ত ; বাবেক দংশিলে জোৱে - বিষেক জালাৰ কোন

বাবেক দংশিলে ভোরে বিষের জ্বালার ভোর নিমেবে হইবে ভগ্মীকৃত কলেবর।

াৰবেৰে ২২ৰে ভন্মাপৃত কলেবর

## হুদর্শন আলম্বায়নকে পরিহাস করিয়া বলিলেন,

১০২। ঘৰে থাকে ছেলে সাপ,+৫োডা থাকে জলে ; নলডগা; নামে সাপ বেড়ার জঙ্গলে ; ইহালের গাঁতে বিব যদিই বা হর কোন কালে, তবু, তুমি জানিও নিকল, এ বক্তমন্ত্রক স্পার্থ বিচরদিন তেওাবীগাঁহীন, আর বিধ্বস্ত্রীন।

### আলখায়ন বলিল

১০০। তপৰী, সংযতেক্রির অর্হন্দিপের মুখে কবিয়ছি আমি বে এবন, এ জীবনে করি দান হর দাতা ভার কলে দেঃ-অক্টে বর্গপরারণ। ভাই, বলি, কর্ দান বা' কিছু আছে বে ভোর, যতক্ষণ রহিবে জীবন। ১০৪। বন্ধিনান, মহাভেনা সর্বাধা ত্রস্তিক্রম এই মহাবিষধর কর্মী; ইহার সাহাব্যে ভোর করিব বে দর্গচূর্ণ ভন্মীভূত ইইবি এখনি।

কিডেক্সির মনিদের

স্থাপনি বলিলেন, ১০০। আমিও গুনেছি, সৌমা,

এ লোকে করিলে দান করে দাতা তার কলে তাই বলি, লাও এবে দাতব্য না' আছে তব, ১০৬। উত্তাতেকে পরিপূর্ণ। তেকের লাবিক। এই :

हैशंत्र माहार्या छव कतित हि वर्गहूर्व ;

১০৭। ধৃতরাষ্ট্র পিতা এর ; আনি বৈদারের জাতা ; উপ্রতেজে পরিপূর্ণ। মণ্ড করুপবারিশী

भानि 'निमृक्ष'—चत्रमा । योशांना 'स्ट्रानं व 'वस्त्यांनाहे ।'

🕈 পালি 'বেড,ভুড'।

्र भागि 'निमाष्ट्र' = नोमन्त्रायह नहा ।

অনন্তর অদর্শন সেই বিশাল জনসজ্যের মধ্যে হন্ত প্রদারণপূর্ব্যক বলিলেন, "ভাগিনি আর্চিম্বি, তুমি জ্ঞটার ভিতর হইতে বাহিব হইবা আমার হাতে বোদো ত।" উাহার আহ্বান শুনিয়া আর্চিম্বী তিনবার মন্তক্তরে শব্দ করিলেন; জ্ঞটা হইতে বাহির হইয়া প্রথমে তাহার অংসকৃটে বণিলেন এবং সেগান হইতে লক্ষ দিয়া পড়িয়া ভাহার হন্ততলে তিন বিন্দু বিষ নিক্ষেপপূর্ব্যক প্রব্যার জ্ঞটার মধ্যেই প্রবেশ করিলেন। স্থদর্শন বিষ গ্রহণ করিয়া তিনবার উচ্চৈ: অব্যে বলিলেন, "এই জ্ঞনপদ ধ্বংস হইবে, এই জ্ঞনপদ বিনষ্ট হইবে।" ভাহার এই মহানিনাদ স্থাদশ্যেজন বিস্তীপ বারাণসীপুরীর সর্ব্যে পরিব্যাপ্ত হইল। রাজা জ্ঞাসা করিলেন, "জনপদ বিনষ্ট হইবে কেন ?" স্থদর্শন বলিলেন, "আমি যে এই বিষ নিষ্টেনের স্থান দেখিতে পাইতেছি না!" "বাপু, এই পৃথিবী বিপুলা; তুমি ইহা পৃথিবীতে নিক্ষেপ কর।" স্থদর্শন বলিলেন, "না মহারাজ, ভাহা করিতে পারি না।" তিনি রাজার আদেশ পালন করিতে না চাহিয়া বলিলেন

১-৮। নিকেপিলে এই বিৰ পৃথিবী উপরি তৃণলভা ওবধি গুড়ভি সমূদাব নিমেৰে গুজারে, ভূপ, হবে ছারখার। এত বীধা এ বিষেৱ জানিও নিক্ষা।

রাজ। বলিলেন, "তবে ইগা উর্জনিকে আকাশে নিকেপ কবা" স্থদশন বলিলেন, "আকাশেও ইগা নিকেপ কবিতে পারি না।

১০৯। উদ্ধাদিকে কেলি বদি, সপ্তবৰ্ধ কাল বৰ্ধণ পৰ্জ্জগুৰে না করিবে বারি; হিমপাত হবে না ক এ রাজ্যে ভোমাব। এত বার্ধা এ বিবের জানিও নিক্ত।"

রাজা বর্লিলেন, "ভবে ইগ জবে নিকেপ কব।" স্থদর্শন বলিলেন, "ইছা জ্লেও নিকেপ কবা যায় না।

১১•। জলে যদি কেলি ইহা জলচরপণ—

মংস্তকৃর্ম্বশর্কাদি—মারা যাবে সবে।

এত বীর্যা এ বিবের জানিও নিশ্চন।"

তথন রাজা বলিলেন, "আমি ত বাপু, কিছুই বুঝি না। বাছা করিলে আমার রাজ্য বিনষ্ট না হয়, তাই। তুমিই জান।" স্থদনি বলিলেন, "তবে মহারাজ, তিনটা গর্ত্ত খনন করাউন।" রাজা তিনটা গর্ত্ত খনন করাইলেন। স্থদনি মাঝের গর্ভটা নানাবিধ ভৈষজ্ঞারা, বিভীষটা গোমঘ্যারা এবং তৃতীয়টা দিব্যোষ্থিখারা পূর্ণ করাইলেন। জনস্কর তিনি মধ্যম গর্ত্তে বিষ্ঠিম্পুলি নিক্ষেপ করিলেন। জমনি তাহা হইতে প্রথমে ধ্যু, পরে অগ্নিপিবা উবিত হইল; ঐ অগ্নিপিবা গোম্যপূর্ণ গর্ভটাকে স্পর্ণ করিল; তাহা হইতে আবার অগ্নিপিবা নির্গত হইয়া দিব্যোষ্থিপূর্ণ গর্ভটা ধরিল এবং ওব্ধিগুলি দল্প করিয়া নিবিয়া পেল। আলম্বাদন, এই গর্ত্তের অদ্বে দাঁড়াইয়া ছিল; বিষের আলা তাহার পরীবে লাগিল এবং সর্বান্ধের অক্ উৎপাটন করিয়া পেল। অমনি সে স্বেডকুষ্ঠগ্রন্ত হইল; সে মহা ভ্যা পাইয়া তিন বার বলিল, "আমি নাগ্রাক্ষকে মৃক্তি দিতেছি।" ইয়া ভনিয়া যোধিনজ্ব মুদ্ধপিটিকা হইতে বাহির হইলেন, এবং সর্বান্ধরারবিভ্বিত আত্মরূপ প্রকটিত করিয়া দেবরাজ শক্রের ন্যায় বিরাজ্ব করিতে লাগিলেন। স্বদ্দিন এবং অচিত্র্বীও সেইভাবে স্বস্থিত হইলেন। জনস্ত্র স্বর্দ্ধনি বান্ধানে, "মহারাজ, চিনিতে পারেন, স্বিভিত্ত হইলেন। জনস্ত্র স্বর্দ্ধনি বান্ধানেক বিলিলেন, "মহারাজ, চিনিতে পারেন,

কি ইচারা কাচার প্রত্র" রাজা ব্রিলেন, "আমি ত চিনিতে পারিতেছি না।" "আমাদিগকে চিনিতে না পারেনঃ কিন্তু কাশীরাজকলা সমূত্রতা যে প্রতরাটের সহিত भित्रिगीला इट्टेश्डिलिन, इंटा क जातन ?" "ही, लाहा खानि : मम्लका चानांद्र किही ভূগিনী।" "আমরা তাঁছার পুত্র : আপুনি আমাদের মাতল।" ইহা ভূনিয়া রাজা তাঁহাদিগতে আলিক্স করিকেন, তাঁহাদের মন্তক চহন করিলেন; আনন্দ্রশ্র রিম্প্রন করিয়া তাঁচাধিনকে श्रामातः महेश (शतम, এदः মहा कार्य यह कदितम् । अनस्य एविष्युक कछिनयन्थर्यक রাজা জিজ্ঞাসা করিলেন, "বংস, ভোমার বিষ এত উগ্র: অথচ আলহায়ন ডোমাকে গ্রহণ করিতে পারিক, ইতার কারণ কি ?' ভরিদত্ত রাজাকে সমস্ত ব্তাক্ত জানাইলেন এবং রাজা-দিশকে কি কি নিয়মে বাজ্ঞাশানন কবিতে হয়, তাহা ব্যাইয়া মাতলতে ধর্মকথা অনাইলেন। অবজ্ঞান ব্যালান মামা, ভরিনতকে না দেখিলা মা বভ কট পাইতেছেন: আমরা বাহিরে থাকিয়া আর কালফেপ করিতে পারি না।" রাজা বলিলেন, "বেশ বংসার, ভোমরা এখন ঘটিতে পার: আমারত এফবার ভগিতীকে দেখিবার বড় ইচ্ছা হইয়াছে। কিব্রুপে তাঁহার দেখা পাইব বল ভা" "মামা, আমাদের মাতামহ কাশীরাজ এখন কোথায় ।" "আমার ভগিনীকে দান করিবার পর ওঁচার বিপ্রযোগবশতঃ তিনি আৰু বাজধানীতে ডিষ্ঠতে পারিলেন না: প্রভ্রজা গ্রহণপর্বক এখন ব্যুক বনে वीन कविट्राल्ट्राह्म ।" "मामा, जानसाटक ध्या नानमहासहरक दन्धियात ज्ञा मारहरू वर्ष ইচ্ছা। আপুনি অমুক দিন দালা মহাশ্রের বিকটে ঘাইবেন: আ্যার্ডে মাকে লইয়া দান মহাশ্যের আল্লামে উপস্থিত ইইব : এইকাপে দেখানেই সকলের সাফামকার ইইবে।" ইচাবলিয়া জাঁহাব। দিন ভির করিয়া রাজপ্রাসাদ হুইছে অবভরণ করিলেন। রাজা ভাগিনেম্ভিগ্রেক বিদায় দিল সাঞ্চলোচনে প্রভাগেমন করিলেন : ওঁছোরা ভিনন্তনও ভগর্ভে खविहे ३३४। मध्यकारम शमम कवित्तम ।

#### নগরপ্রবেশগগু সমাধ।

#### (9)

মহাসন্ত প্রতিগমন করিলে সমন্ত নাগভবন পরিদেবন-শব্দে নিনাদিত হইল। একমাস পেটিকার মধ্যে অনাহারে থাকিয়া তিনি নিতান্ত ক্লান্ত হইয়াছিলেন; এখন তিনি রোগশ্যায় শগ্ন করিলেন। তাঁহাকে দেখিবার জক্ত যে কত নাগ আসিতে লাগিল, তাহাদের সংখ্যা নির্দ্ধ করা অস্তব। ইহাদের সংক্ আলাপ করিবার সময় তাঁহার বড় ক্লান্তি হইত। কাণাবিষ্ট দেবলোকে গিয়াছিলেন; সেধানে তিনি মহাসন্তকে না পাইয়া সর্কপ্রথমেই নাগভবনে ফিরিয়াছিলেন। তিনি চত্ত ও পক্ষ; মহাসন্তের কর্সনার্থী নাগদিগকে বারণ করিতে তিনিই সমর্থ, এই বিবেচনায় ক্মপনাদি তাঁহাকেই মহাসন্তের শ্যনগৃহে দোবারিক নিযুক্ত করিলেন।

এদিকে, স্ভগ প্রথমে সমন্ত হিমালয় পর্বত তন্ত্র করিব। খুঁজিঘাছিলেন; তাহার পর মহাসমূল ও অক্সাল্প নদীতে অহসজান করিয়া যমুনা নদী পরীক্ষা করিবার জক্স তাহার তীরে উপস্থিত হইকোন। আলিখায়ন কুর্ররোগগ্রন্ত হইবাছে দেখিয়া নিষাদর্ভিধারী সেই আদ্দ ভাবিঘাছিল, 'ভ্রিদত্তকৈ ছঃখ দিয়া ইহার ত হুঠ হইল; ভ্রিদত্ত আমার মহা উপকার করিয়াছিলেন; আমি কিছু মৃণিক্র লোভে তাঁহাকে আল্পায়নকে দেখাইয়াছিলাম; এ পাপের ফল ত আমাকেউ ভ্রিণতে হইবে। কিছু সেই ফল দেখা দিবার প্রেই আমি সমুনার পিয়া পাপবাহতীর্থে অবগাহনপূর্বক পাপ প্রকালন করিব।' এই উদ্দেশ্তে সে যমুনার পিয়া পাপবাহতীর্থে অবগাহনপূর্বক পাপ প্রকালন করিব।' এই উদ্দেশ্তে সে যমুনার পিয়া প্রামান ভ্রিদত্তের স্থকে মিত্রেশ্রে ইহা পাপ করিয়াছি: এখন সেই পাপ প্রকালন করিব,"

এই সময়প্র্বাক জলে অবতরণ করিল। স্থভাগ ঠিক সেই সময়ে সেধানে উপস্থিত হইলেন এবং তাহার সেই সকলে ভানিয়া ভাবিলেন, "এই পাপিষ্ঠই মণিরত্বের লোভে, আমার যে সহোদর ইহাকে এত ধনরত্বাদি দিয়াছিলেন, তাঁহাকে আলখায়নের হাতে ধরাইরা দিয়াছিল; ইহাকে আর প্রাণ লইয়া ফিরিডে দিব না।" ইহা স্থির করিয়া তিনি লাল্ল্ছারা ভাহার পদ্দর বেষ্টন করিয়া তাহাকে জলের ভিতর টানিয়া লইয়া গেলেন এবং অলে ভ্বাইয়া ধনিয়া রাধিলেন। পরে যথন তাহার খাসকল হইবার উপক্রম হইল, তথন তিনি বন্ধন একট্ শিথিল করিয়া তাহাকে মাথা তুলিয়া খাস গ্রহণ করিতে দিলেন। তাহার পর তিনি আবার তাহাকে টানিয়া জলে ভ্বাইলেন। বহুবার এইরপ চুবানি থাইয়া নিষাদ-আন্ধণ অবস্থা হইয়া পড়িল; শেবে অভিকটে জলের উপর মাথা তুলিয়া ব্লিল,

১১১। প্ররাগে করিলে স্নান দেই পণাজীর্কে স্নান

গ্রাসিতে আমারে চাস

লোকে বলে হয় পাপকর;
করিডেছি, এমন সময়
কে রে ভই যক্ষ পাপাশর ?

স্থভগ বলিলেন.

১১২। নাগলোক-অধিপতি যে যপৰী ধৃতরাষ্ট্র নিজের বিশাল দেহে করিলা বেট্রন সর্ব্ব-বারাণদীপুরী, সেই নাগোন্তমহত 'হুভগ' নামেতে আমি বিদিত, ব্রাহ্মণ।

ইহা শুনিয়া ব্রাহ্মণ ভাবিল, 'এ ভ্রিদত্তের ভ্রাতা; এ ত কিছুতেই আমার প্রাণ রাধিবে', না। ইহার এবং ইহার মাতাপিতার গুপকীর্তন করিয়া যদি ইংার মন নরম করিতে পারি, তবে তথন নিজের জীবন ভিক্ষা করিব।' সে বলিল,

> ১১৩। ভূৰনবিদিত কংসরাজবংশে<sup>ক</sup> অসরসদৃশ উরগগণের মর্ত্তাকে যার অতুল্যা জননী,

জননী ভোষার লভিলা জনম ; অধিপতি তব পিতা নাগোত্তম ; মহা-অফুভাব জনক যাহার,

এ ব্রাহ্মণাধ্যে জলের ভিতর ভ্বাইরা মারা সাজে না ক তার।

ক্ষঙগ বলিলেন, "অরে হাই আছাণ, তুই আমাকে বঞ্চনা করিয়া মৃত্তি পাইবি মনে করিয়াছিন। আমি কিছুতেই তোর প্রাণ রাধিব না।" অনস্তর তিনি কয়েকটী গাথায় আদ্ধণের ছুক্ত বর্ণন করিলেন:—

১১৪। জলপান তরে আসিল হরিণ: বৃক্ষ-অন্তরালে থাকি শর-নিক্ষেপণে বিধিলি ভাছারে, মনে তোর পড়ে না কি ? বিদ্ধা হরে পরে **एता, यञ्जनीय.** मुश कटेत्र शंनांत्रन : শরবেগে ছটি যার বহদুরে : করিলি অনুগমন। ১১৫ ৷ শেবে মহাবনে পড়িল ভূঙলে मृश व्यवमञ्जकारा : মাংস সব তুই लहेनि कारिया. থণ্ড থণ্ড করি তায়। বাঁকে তুলি তাহা করিলি রে যাত্রা গৃহে ফিরিবার আংশ: সন্ধ্যা হল পথে : হলি উপস্থিত ক্সগ্রোধ ভক্তর পালে। ১১৬। কিভূষিত তক্ষ শাখার পল্লবে : বসি তাহে করে গান মঞ্ভাবী পাথী -শুক, সারী, পিক— তুলিয়া মধ্য তান। রম্য সে ভূভাপ, পিক্লবরণ মুত্তিকামর সে স্থাদ : চির্ভাষ ভার শাঘল!তারণ .पश्रित बुढ़ांत्र थान ।

<sup>\*</sup> क्रिकाकात बरलम, कानीतास अन्यसरखद्र मामाखत्र 'करम ।'

339 1	ৰন প্ৰাহতু ত,	সম্মুখে রে তোর	দেখানে দোদর মন,—
	মহা-অনুভাব	<b>খন্ধিতেজোদী প্ত</b>	বিতীয় ভাশ্বরসম।
	নাগকন্ত(গণ	বেষ্টি ছিল ভারে	পরিচর্য্যাহেডু সেথা ;
	কর্ত, ভ্রাহ্মণ,	শারণ; এখন	পড়ে কি মনে সে কথা ?
22F I	করিলেন বতু	ৰভই রে ভোর ;	তুবিলেন করি দান
	ভোগ ভবে ভোৰ	<b>উরগ ভব্</b> ৰে	কাস্যবস্তু অপ্রমাণ।
	হেৰ হিতকারী	নাগেশ রে ভোর।	তুই কিন্ত নীচাশর
	कतिनि व्यनिष्टे ;	সে পাপের ফল	পাবি এবে নিশংসয়।
>>> 1	কর্ শীঘ্র তোর	প্রীবা প্রসারণ ;	শির তোর ছেদ করি।
	সোদরে আমার	দিলি রে যে ছখ.	মারিব ডোবে তা স্মবি।

বান্ধণ ভাবিল, 'এ ত, দেখিতেছি, আমার প্রাণ রাখিবে না; তবে ষা' জা' কিছু বলিয়া আমন্ত একবার মুক্তিলাভের চেটা করা যাউক।' সে বলিল.

১২•। বেদ-অধ্যয়ন, যাজন, হবন,— এ তিন কারণে অবধ্য গ্রাহ্মণ।

ইং। শুনিষা হৃত গৈর চিত সংশ্যে দোলায়মান হইল। তিনি স্থির করিলেন, 'ইংাকে নাগলোকে লইয়া সংহাদরদিগকে জিজানা করিয়া তাঁহারা ধেরপ বলেন, সেইরূপ ব্যবস্থা করিব।' দে বলিল,

> ১২১। যমুনা নদীর গর্ভে হিমালয় পর্যান্ত বিস্তৃত ধৃতরাষ্ট্র-নাগপুরী হেমমণী আছে বিরাজিত।
> ১২০। সেধানে পুরুষবাাজ সোদবেরা আছেন আমার;
> তাদের বিচারে হবে দও কিংবা নিছতি তোমার।

ইং৷ বলিয়া তিনি আহ্মণের গ্রীবা ধরিলেন, এবং তাহাকে ঝাকুনি দিতে দিতে, গালি দিতে দিতে ও তর্জন করিতে করিতে মহাসংব্র প্রাসাদ্বারে লইয়া গেলেন :

### মহাসত্ত্বে পর্য্যেষণথণ্ড সমাপ্ত।

কাণারিষ্ট ধারপাল ইইয়াছিলেন, একথা পূর্ব্বে বলা ইইয়াছে। তিনি ধারণেশে বিদিয়াছিলেন; স্থভা আদ্ধানক অবসন্ধ করিয়া টানিয়া আনিতেছেন দেখিয়া তিনি তাঁহার সন্মুখে গিয়া বলিলেন, "ভাই, উহাকে ব্যথা দিওনা; আদ্ধান্য মহাত্রদ্ধার পূত্র; ওঁহোর পূত্রকে ছংখ দিতেছি, ইছা জানিতে পারিলে মহাত্রদ্ধা কুদ্ধ হইয়া আমাদের সমস্ত নাগপুরী ধ্বংস করিবেন। ইহলোকে আদ্ধানেরাই শ্রেষ্ঠ ও মহাহাভাব; তুমি আদ্ধানের মহিমা জান না; কিন্তু আমি জানি।" কাণারিষ্ট না কি ইহার পূর্ব্বান্ত্র বজ্ঞকারী আদ্ধান ছিলেন; সেইজন্মই তিনি এমন দৃঢ্ভাবে বলিলেন। তিনি পূর্ব্বান্ত্রমারবশতঃ যক্ত্রশীল ছিলেন; এখন স্থভাব জন্ম নাগদিগকে আহ্বানপূর্বক বলিলেন, "এস, আমি যজ্ঞকারী আদ্ধাদিগের ঋণ বর্ণন করিতেছি; তাহা তন।" অনস্তর তিনি প্রথমেই যজ্ঞের মাহান্ধ্যা-সংক্ষে বলিতে লাগিলেন.

১২০। বেদ-অধ্যান আর বজনের মত
নাই ক হফলপ্রদ অক্ত ধশ্ব কোন;
হোক না ব্রাহ্মণ কেন পাপাপায় বড,
এ ছই ধর্মের বলে সে শ্রদ্ধাভাজন।
নিশার অযোগ্য সেই; নিশিকে ডাহার
বিত্ত ও সদ্ধর্ম লোকে উভয়(ই) হারার।

মৃলে 'বাচবোপ' আছে। বাচবোপ — (১) লানে মুক্তহন্ত—বং বং পরে বাচলি তস্ম তস্ম লানজো
বাচনবোগ; (১) বঞ্-এমুক্ত বা বাজক। পেবেক্ত আৰ্থি এখানে প্রবোজা।

অতঃপর কাণারিট জিজ্ঞাসা করিল, "স্থতগ, জান কি তুমি, কে এই জগৎ স্টি করিরাছেন ?" স্থতগ বলিলেন, ''আমি তাহা জানি না।" "রাহ্মণদিগের পিতামই এই জলং স্টি করিয়াচেন।

১২৪ । মহাব্রহ্মা স্থান্তিলেন জগৎ যথন, দিলেন ব্রাহ্মণে আজ্ঞা, "কর অধ্যাংন ।"
ক্ষাব্রহাকে বলিলেন ধরণী শাসিতে; বৈস্থাগণি কৃষিদারা শস্ত উৎপাদিতে।
শুদ্রেরা পাইল আজ্ঞা, "হও সবে রত
এ তিন বর্ণের পরিচর্যায় সতত।"
এখনও সে করে না ক স্থাতিক্রম তার।

ব্রাহ্মণেরা উদৃশ মহাগুণসম্পন ! যে ইহাদিগকে প্রসন্তড়ে দান করে, সে অক্ত কোথাও
ক্ষান্তর গ্রহণ করেনা, একেবারে দেবলোকে চলিয়া যায়।

১২৫। প্রথা, সোম, যম, ক্বের, বরণ,
করি বজা বহ, বহু ধনদান

১২৬। শীমকার সেই কার্ডবীর্থার্জ্জন
বরি ব্যাপৎ চাপ পঞ্চলত

তুলা প্রতিদ্ধী ছিলনা বাহাব

সেও ত আহতি দিত হতাশনে

তুবি বিপ্রগণে দিলা বহুধন।"

অবিষ্ট আবারও ব্রাহ্মণদিগেরই মাহাত্ম্য বর্ণন করিতে লাগিলেন:-

১২৭। পুরাকালে এক বারাপসীরাজ করাত ভোজন ব্রাহ্মণসংশ বহু সংবৎসর ঘণাসাধ্য তার অন্নপান দিরা হুপ্রসন্ত মনে। ইহাতেই তার উপজিল মনে শুন, হে হুভগ, পর্মা জীতি: সে পুণাের বলে দেবছ লভিয়া করে গিয়া এবে বর্গে অবস্থিতি।

বান্ধণেরা এমনই অগ্রদক্ষিণাই !" বান্ধণদিগের ঈদৃশ প্রাধায়ের কারণ ব্ঝাইবার অস্ত তিনি বলিলেন :—

১২৮। সমুজ্জনর্প, দেবের প্রধান দেব সর্বজ্বে স্বভাহতিদানে.

তুবিলেন যিনি, সেই মুচলিক্ষ পেলা মর্গে চলি দেহ-জ্বসানে। \*

রান্ধণ বাজীত অহা কেবা বন, এ যক্ত ভাহারে বলিল করিতে ?

রান্ধণসাহায্য বাতীত কি ছিল সাধা তীর এই বক্ত সম্পাদিতে ?

म्राम्ब ভाव चात्र विभागक्राल व्याहेबात क्र चित्र विलागन.

১২৯। সহশ্র বংসর ছিল আরু: হাঁর, রখ, সেনাবল ছিল অপণন,
সে দিলীপ ভূপ পুণা উপার্জিতে সর্বেম্ব ব্রাহ্মণে করিলা অর্থণ।
পোলা বনে চলি ভালি রাজপুরী; প্রজ্ঞারাজার্বি করিলা এছণ;
করিলেন ভিনি স্বর্গে প্রদান।

चक्रः भन्न चतिष्ठे चात्र अक्टाक्की डिमाहत्र अमर्मन कतित्वन : --

সপর মুমণি আসমুদ্র ধরা

বজ্ঞাতে উহার বিশাল সুন্দর

তৃষি বৈদানরে বড় সহকারে

সভেন দেবদ তার ফলে শেবে;

১৬১। লোমপাদ, অস্বদেশের ভূপাল,

সভিন বা বিশিক্ষ স্থান স্থানিক বি বিশিক্ষ স্থান স্থানিক বি

कतिराम अंख प्रदक्षित, यहन, छनि छ। विश्विष्ठ **१३ नर्सवन** ।

কুচলিক প্রভৃতি রাজার নাম ইভঃপূর্বেং নিমি-জাতকেও (৫৪٠) পাওয়া সিয়াছে।

<sup>79--</sup>

ভোজনাবশিষ্ট ছিল হন্ধ বাহা, সেই ক্ষীর, পুন:, দুধিকপে গিলা অগ্লির হবন, ব্যাক্ষণভোজন— নরমেহ ভাজি দেবত্ব লভিনা তা হতে গঙ্গার হল উৎপাদন , সাগরের গর্ভ করিল পুরণ ।\* এই স্কৃতির বলে তিনি আঞ্চ, সহস্রাক্ষপুরে করেন বিরাশ ।

#### অবিষ্ট অভীতকালের আর একটা উদাহরণ দিলেন :--

১০২। মহা ৰহিমান্ বে দেংপুক্ষব সোম্যক্ষে করি পাপ নিব্ফালন

নেবলোকে এবে শক্রাসেনাপজি, লভেছেন জিনি এমন স্থপতি।

কথনীয় বিষয় আরও বিশদ করিবার জন্ম অরিষ্ট বলিলেন.

১ > । এই জগতের স্প্টিকর্ড। যিনি, অগ্নিকে পুঞ্জিয়া সে দেবাতিদেব গঙ্গা, হিমালয় + সৃষ্টি বাঁহার, লভিলেন এড কদ্ধি তাঁহার। İ

১৩৪। করিলেন যক্ত বারাৎসীরাজ ; পুঞ্জমালাগিরি-হিনালয় আদি

চৈত্যক্রণে ওার হই**ল উদ্গন্ত** আছে পুৰিবীতে পর্বত হত।§

এই সকল উদাহরণ দেখাইয়া অবিষ্ট হুভগকে জিজ্ঞাসা করিলেন, "ভাই, জান কি, সমুদ্রের জ্বল লবণময় ও অপেয় হইয়াছে কেন?" হুভগ বলিলেন, "না অবিষ্ট; আমি তাহা জানি না।" "তাহা জানিবে কেন? তুমি কেবল ব্রাহ্মণকে পীড়ন করিতে জান। বলিতেছি ভন:—

১০০। বেদ- অধারনে রড় বেদমত্রে স্থনিপুৰ যাজক তপুৰী এক সাগরের—তীরে করিডেছিলেন জল সেচন শরীরে; ক্যেকালে অকমাৎ উধলিয়া উঠে জল; করিল সাগর প্রাস সৈই তপোধনে; অপেয় কইল তার জল এ কারণে। শ

- \* গলার উৎপ্রিক্ষকে এই কিংবদ্ধী বিচিত্র বটে। টীকাকার বলেন, 'অভীতক্মিন্ হি অলো নাম লোমপালো বারাণনীরাজা রাজ ণ সগ্গমগগং পুর্চিছ্ডা তেই হিমবস্তং প্রিস্থিয় রাজণানং স্কারং কন্তা হল গিং পরিচরা' তি বুলো অপরিমাণা গাবিয়ো চ মহিবিয়ো চ আদার হিংবল্কং প্রিস্থা তথা অভাসি; রাজণেহি ভূঞা-তিরিল্ডং বারদ্ধিং কিং কারকাং তি চ বুলে ছড়েড্খা ঠি আং ; তত খোকস্ব বীরস্ব ছড়িডট্ঠানে কুল্লীলো অহেক্ং; বহু কস্ব ছড়িডট্ঠানে গ্লা প্রত্থা; তং পান বীরং যব দ্ধি হলা সন্নিসিল্লং ঠিতং তং বেব সম্কং নাম জাতং।" "লোমপাদ"কে বিশেষণালানীল করিয়া বারাণসীর রাজা বলিলা বর্ণনা করা মহাভারতালি প্রাণেতিহাসে জনভিজ্ঞতার পরিচালক।
- † এথানে গুএকুটেরও নাম আছে। ইহা রাজগৃহের নিকটবর্তী একটা কুল পর্বতঃ কিন্ত বৌদ্ধাপের নিকট বড় পর্বত, কারণ এথানে বুজনেব কিরৎকাল বাস করিয়াছিলেন্।
- ‡ স্টেক্স্তা প্রকাষলাভের পূর্বের মানব ছিলেন এবং প্রাক্ষণদিগের সাহাব্যে বঞ্চ করিয়া প্রশাহ পাইরাছিলেন।
- ্বু এই গাধার স্বৰ্গন, নিগভ ও ভাকনেক, এই তিন্টী পর্যবেষণ্ড নাম আছে। টাকাকার বলেন, প্রাকালে বারণসার এক রাজা প্রকাপিগের নিকট বর্গলান্তের উপার ক্রিক্রাহিলেন। প্রাক্ষণের বিলয়ছিলেন, "আপনি প্রাক্ষণিপের পূজা কক্ষন।" এই উপদেশ শুনিরা রাজা প্রাক্ষণিপকে মহাদান করিয়াছিলেন, এবার ক্রিক্রাহিলেন, "আমার দানে কোন এবার অভাব হইরাছে কি!" প্রাক্ষণেরা ব্রিয়াছিলেন, "অভ্যান করিয়াছিলেন, "ক্রিক্রাহিলেন, "ক্রেক্রালান্তি আদ্বান্ধান করিয়াছিলেন, "ক্রেক্রালান্তি আদ্বান্ধান করিয়াছিলেন ক্রিক্রাহিলেন লালাগিরি অভ্তি পর্বতে পরিশ্র ইক্তা।

শ্ব একা কুছ হইব। যাগরকে অভিশাপ দিলেন, ''তুই আয়ার পুস্তকে বধ করিলি, এই পাপে ভোছ জল লবণময় ও অপের হইবে।"

১০৬। ত্রাক্ষণসাহাত্রা বত

वर्गन कविव कक्ष ?

থেবেন্দ্রের প্রিরপাত্র দক্ত ব্রাহ্মণ ; র্যানের সংক্ষেত্র, অঞ্চলকিশাভার্যা ।

উল্লাব, চক্ষিত্ৰ পৰ্যে

পশ্চিষে--বে দিকে বাঙ

ত্রাহ্মণপ্রাধান্য অব্যাহত সর্পস্থানে ;

ब्राश्चन(३) (१एक जहा, स्नाटन गर्ककटन ।

ক্রিল চৌদ্টী গাধায় অবিষ্ট আছাণ, যক্ষ ও বেদের মাহাত্মা কীর্দ্রন করিলেন।
ব্রু নাগ পীড়িত মহাসন্থকে দেখিতে আসিত; তাহার অবিষ্টের কথা শুনিয়া বলাবলি
করিতে লাগিল, ''অবিষ্ট পুরাণ কথা বলিতেছেন।'' তাহারা এইরপে মিথ্যাদৃষ্টি
ক্রেম্বানুষ হইল। মহাসন্থ বোগলয়ায় থাকিয়াই এই সকল কথা শুনিতে পাইলেন।
নাগেরাও তাহাকে সমন্ত বুহাত্ম জানাইল। শুখন তিনি ভাবিলেন, 'অবিষ্ট মিথ্যামার্শের
প্রশাসা করিতেছে। তাহার এই মিথ্যাবাদ খণ্ডন করিয়া নাগদিগকে সমাস্ত্রিসম্পন্ন
করিতে হইতেছে।' ইহা দির করিয়া তিনি শ্রা হইতে উঠিলেন, সানাস্থে সর্বাভরণে
বিশ্বন্তি হলৈ ধর্মানে উপবেশন করিলেন, এবং সমন্ত নাগ সম্বেশ্ত করাইয়া
ও অবিষ্টাক ভাকাইয়া বলিলেন, ''দেখ অবিষ্টা, তুমি অলীক কথা বলিয়া বেদ, যক্ষ ও
ক্রান্ধণের মাহাত্মা কীর্তান করিতেছ। প্রাপ্তান্ধার বে বেদাবিধান্থসারে যক্তয়ান্ধন করেন,'
ভাগা অনিষ্টের আবর, তাহাতে প্রপ্রাপ্তি ঘটেনা, তুমি যাহা বলিয়াত, তাহা নিভান্ধই
অসার। শি অনক্রে তিনি কভকগুলি গাণ্যা নানাবিধ যক্ষের প্রক্রণ বর্ণনা করিলেন: —

 शक्त विभि. छै। व कारक त्वम स्थापन धानकाषकत अछि बर्हाना (करत হাবে, এভে চবে ভাবা কলাপভালৰ। (बम्खन, बार्शनिमी मनी हिनम्भ, ভপথে লটবা যাত ভার অভার**ে** शासा क निकास माथा नाहि हैशाव व 14 ১ अन् । श्रामित्रस्था + श्रितरस्थात्री भागवर्त्वारस्य পাৰে কি করিতে জাণ বেদ কোনকালে › भाशामध खादावित्रकि व कार्या वज তে এন কক্ষ না সে বড়াচালিখাৰে অগ্রিপরিচর্বা। সদা, অগ্রি কও ভাবে মাহিবে করিতে ত্রাণ নবক চইছে। ১৯৯ - পথিবীর কাঠ সব তপের সভিত মিশাইরা অগ্নি বদি আলে কোন জন निरसंत ममल थन, (ठांशावस आत আছতি ভাষাতে দেখ তব সেই নাগ. ! মারিবে অভিভেক্ত। অগ্রিক কর্পিক।

 <sup>&#</sup>x27;কলী ভি বীরাণ; ভট: বপান:"— দৃতে জীড়ার পাশার বে 'লান' বাবা প্রায়য় হয় জালা "কলী" ,
 কালা বারা য়য় হয় ওালা 'কট'।

<sup>† &#</sup>x27;ভূনছনো'। 'রুনহা' শক্ষীর অর্থ টাকাকারের মতে বড্চিগাতক, অর্থাং বে ছবি প্রভৃতি পূজ্য বাজিকের অবসাননা করিলা নিজের পার্ত্তিক উল্লক্তি নই করে। অভিধানমতে ইলা 'প্রাণিহস্তা' এই অর্থেও প্রথম করা বাইতে পারে।

<sup>্</sup>ব বুলে 'দিবসঞ্জ' এই পদ আছে। ১৪৫, ১৭৪ এবং ১৮৪ সংখ্যক বাখাতেও এই পদের প্রয়োগ দেখা কাম। সিকাকার ইকার অর্থ করিয়াকান কিন্তির ব' অর্থাৎ সর্গ —বীতি লিচ বাতি রসজাননসমস্ক থা। এই ার্থাই

১৪ । তথ্ বর নিতা-- ট্রচা পরিবর্জনীল : ছ্রমের বিকারে হয় দৃধি, নবনীত। স্থাপরিবর্জশীল অগ্নিও তেমন :---क्षे नारे करे का रत देशभावन করিকে অরণি খারা অরণি ঘর্ষণ। ক্তম তথ, ক্তম কাঠ পেলে তার পব ক্রমশ: অগ্নির তেজ হয় বিবর্দ্ধিত। লোকে বাঙ্কে করে সৃষ্টি এ সৰ উপারে. অচেতৰ এমন: গুলার্থে করে পঞা নিতান্ত কথাজ বিনা, আর কোন জন ? ১৪১। শুৰু বল, আৰ্দ্ৰ বল, কোন কাঠে কড় আপনা হইতে অগ্নি দেখা নাছি দের। মান্তবের চেষ্টাবলে, অরণি ঘর্ষণে অগ্নির উৎপত্তি হয়। পরচেটা বিন। হয় কি হে জাতবেদ আবিভূতি নিলে? ১৪१। चालांबार्ज काल-चलाबाद व्यथि यहि থাকিত নিহিত বয়া, যেত ক্ষকাইয়া অৱণাৰ ভক্ষতা ক্ষ কাই যত অলিত আপনা হ'তে-- অক্ত চেটা বিনা। ১৪০। ধমধ্যক কুপ্রভাগ অগ্রিকে ভোকন ধারতণ দিয়া নিভা করাইলে যদি इस भूगादान (कह, अनादिक \* गाता, क्रम क्रांग पित्रा यात्रा मः अटह नद्य. সুপকার, আর যারা করে শবদাহ,--এরা ত সদাই তবে করে পুণার্জন । > । এता चिम प्रशास्त्रम मा भारत कतिएछ. পারে 🗣 ভাছারা, যারা মন্ত্র উচ্চারিয়া ধ্যধ্যক কুপ্রতাপ অগ্নিকে অর্চন অরে নিতা সফ্তনে গুতাত তি লিয়া ? >80 । लांक् बांद्र शृत्म, जात्र वन कि कांत्र4. গলিত পদার্থদাহে তাব্ত এত, ভাই ? এমনি বিকট গন্ধ, দুর হ'তে খারে এডাইরা অক্তদিকে বার চলি লোকে। এমন अपन अधि शृक्तिर कि नांति ? ১৪৬ ৷ অগ্নিকে দেবতা বলি মানে বহুলোকে : জনকে দেবত। ভাবি অর্চের ক্লেছগণ। मकरलद(रे) यहाजय । मनिन, अनन সামাক পদার্থমাত : নয় এরা দেব ৷ ১৪৭। নিরিক্রির সংক্রাহীন সকলের দাস হেন বৈখানরে পূজি পাপকর্মাণণ নভিবে ক্লডি--ইছা বিখাস কি ছৱ গ

সকত। নৃতন পাণিকতিথানে এই শব্দের বে বাাখা। করা হইরাছে, তাহা জ্বান্তিকা। 'বির্সঞ্ঞ' পানী সংবাধনবাচক। জুং---সর্বাঞ্ঞু, কতঞ্জু।

খাছার কাঠ পোডাইরা অসার একত করে।

- ১৯৮। জাবিকা-নির্বাহতরে বলে যুর্ত্তগণ,
  "সর্ব্ধশক্তিমান ব্রক্ষা প্রেন জয়িকে।"
  অতি অসম্ভব ইহা; অবোনি বে লন,
  সর্ব্বশক্তিমান, সর্বস্থতের ঈশর,
  কি উদ্দেশ্যে সে পদার্থ পূজিবেন তিনি
  করিকেন আম্মেক্সার স্থলন বাহার গ
- ১৪৯। ধন-উপাৰ্জন হেতু আন্ধল ইবুল হান্তান্দদ, প্ৰাক্ত-বিগহিত নিধাবাদ প্ৰচার করিয়ছিল প্ৰাচীন সময়ে। হল না বধন লাভ তাহাতে প্ৰচুৱ, প্ৰাণিগণে যজক্ষেত্ৰে রাখিল বাছিয়া শান্তি-স্বায়নসহ; করিল প্রচার, হবে না ক শাস্তিকর্ম, প্রাণিবধ বিনা।
- ১৫০। 'বেদ-অধ্যয়ন হবে প্রাক্ষণের কাঞ্ ক্ষত্রিধের কাঞ্জ হবে পৃথিবী-পালন : বৈশ্য হবে কৃষিজীবী : এ তিন বর্ণেব পরিচর্ধা, করা হবে কর্ত্তবা শুদ্রের—— গোকস্বিতি হেতু এই ব্যবদ্বা ফ্রন্সব ক্রিলেন মহাপ্রক্ষা,'—বলে প্রাক্ষণেরা। এক্সপে নিদ্দিপ্ত হল বে ধর্ম ঘাহার অন্যাপি তাহাই না কি করে দে পালন
- ১৫১। রাজণের এই উক্তি সত্য যদি হ'ত,
  কব্রিয় বাতীত অস্তা কেই কি কথন
  পারিত লভিতে রাজা ? বাজণ বাতীত
  বেদমত্রে বিশারদ হইত কি কেই ?
  বৈশা বিনা কৃষিজাবী হ'ত না অপরে;
  পরের দাসত হ'তে মুক্তিলাত, ডাই,
  হুইত শুন্তের ভাগো চির অসভব।
- ১৫২। এতই অলীক কথা মানবসমাজে প্রচারে ব্রাহ্মণগণ। এক মিখ্যা বলে উদরসর্ববিদ্ধ এরা। অল্পবৃদ্ধি লোকে এ সব বিখাস করে প্রবিদ্ধ সভ্যক্রানে। কেবল প্রকৃত তথা জানে প্রাক্তগণ।
- ১৫০। কি ক্ষত্রির, কিবা বৈশা, অনেকে ত ভাই.
  প্রেনা দেবতাগনে নানা উপচারে:
  ব্রাহ্মপের(ও) অনি সৃদ্ধি দেশি অমুক্ষণ।
  ঘর্শ-ধর্ম সনাতন হ'ত বদি কড়ু,
  মর্য্যালাক্ষন তার বল কি কারণ,
  না করেন মহাব্রহ্মা কমন এখন গ
- ১৫৪। প্রজ্ঞাপতি সহারক্ষা প্রকৃতিই বণি হন সর্বভূতেখর, সর্বগজিমান, ভবে কেন শ্লীবনোকে অসপল এড গ কেন না করেন তিনি হাবী সর্বক্রাবে গ
- ১০০। প্রজাপতি মহাবন্ধ। প্রকৃতই বণি হন সর্বভূতেখন, সর্বশক্তিমান

কেন মায়ামিখ্যা-আদি অধর্মের জাবে বেষ্টি তিনি স্ফারেলন এই জাব্যুলাক ৮

১**০** । প্রজাপতি মহাব্রফা একুডই গদি

১ কে। অসপোত মহবেদা এক এই বাদ হন সর্কান্তবের, সর্কান্তিমান নিজেও ত অধার্ষিক তিনি তে করিই।

कारक स्थानिहरू सर्च असर्च रुखना

১৫৭। 'উবগপতক্ষকীটভেকমক্ষিকৃমি— বৰি হেন গুণিগণে শুদ্ধি লভে নৰ,

ইগাই প্রকৃষ্ট ধর্মা'-- অনাধ্য একখা কাষোজবাসীব\* মথে শুধ গোড়া পার।

>०४। (वळार्थ) य वस्य आनी, य इव निक्क,

উভয়েই অৰ্ণে যায়, সভা যদি ইছা, এাহ্মৰ এ:ক্ষণগণে+ কেন প্ৰস্পৰ কৰেন। ক'ব্ধ ভাই ? যজ্মান ধারা

বিষাদ স্থাপন করে এ সর কথার করে না কি হেডু ডাবা পুরোহিতে বধ অবিশয়ে ফর্সে ডাবে দিছে পাঠাইরা ৮

১৫৯। গো-মুগ প্রভৃতি পশুকরে কি প্রার্থন। আহারবধ কভু ভাই গ কাঁপে না কি তাখ।

জ্ঞারে ব্যক্তক্ষেত্রে হয় সমানীত জীবিকানিকাহেছেত্ একিণগণের ?

১৬০। যূপে বনে বাজে পণ্ড, অনর্গল মূথে কন্ত না বিচিত্র কথা বলে ধ্র্তগণ। পরকোকে এই যুণ কামথেমুকণে

মঞ্চলদাধক তব হবে চিরদিন।
১৬১। শুক্ত কিবো আর্ক্র কাঠে গঠিত যে মুশ্
সতা যদি হব ত'হা মনিমুকুমের —
পরিপূর্ব ধনধাক্তে, ত্ববর্ধ বল্লভে
সর্ক্রকাম দান যদি প্রকৃতই তাহা
করে যজমানে, ববে স্বর্গে বার দেই,
বেষ্ড্রেয়ে বাংপ্র প্রাক্ষণ কি কার্ণ

নিজেই করে ন বছ যজ্ঞ সম্পাদন গ ১৬২। পুক কিংব। আর্জুকাটে গঠিভ বে বৃপ্ স্বশিম্ভামর ভাহা হইবে কেমনে গ

ধনধাক্তবৰ্ণরোপা আছে তার মাঝে, স্বর্গে তাহা সর্ব্যকামা করিবে প্রদান, একখা উন্মত ভিন্ন কে করে বিখাস গ

১৬●। প্রবঞ্চক ভরানক, শঠচুড়ামণি ব্যাহ্মণেরা অজ্ঞ জনে বেড়ার বঞ্চিলা

শনকৈন্ত ক্রিয়ানোগারিয়া: ক্রিয়নাতর: গৌণ্ড কান্টোডু দৰিড়া: কাম্যোন্ডানবা: শকা: বৃবল হং গতা লোকে ত্রাহ্মণাদর্শনেন 5 -পারদাপফারান্টীনাঃ কিরাতাদরদাঃ থলাঃ।

<sup>•</sup> কামোলেরা পতিত কবির। মনু: - ১০।৪৩, ৪৪ :--

<sup>† &#</sup>x27;ভোবাছি ভোধানিনা মাননেবা:'। এাক্ষণেরা জাতাভিমানবশত: অন্তবর্ণের লোককে 'ভো' এই শব্দ কালা সম্বোধন করিক—দেই লোক বছাই জানী ও সম্রাপ্ত হটক না কেন। এই নিমিল্প বৌদ্ধ সাহিত্যে 'ভোবাদী' ক্ষম আক্ষম বুখার।

যথেরে প্রশংসা কন্ত বিচিত্র ভাষার শুনার অবোধ জনে অনুর্গল মধ্যে। ৰলে, 'পজ অগ্নিদেবে , দাও বিস্তু মোরে , ইহাতেই হবে কথী লভি সৰ্ব্যকাম ।" \* ১৬৪ ৷ বলে অনুসলি মধ্যে বিচিত্র ভাষ্যি যজমানে ব্রাহ্মণেরা, "কর্ছ প্রবেশ অগ্নিশালা মাঝে ভ্ৰমি: কেশ, খাঞ্ৰ, নগ কাটি অগ্রিহোক্ত কর সম্পাদন।" বেদের দোহাই দিয়া এইরূপে ভারা য**লমান-বিত্ত**ধ্বংস করে চির্কাল। ১৬৫ ' নিভতে পেচকে পেলে কাকেরা যেখন পালক ভাহার সব করে উৎপাটন. সেইরূপ মৰোমত পেলে যঞ্জমান যজের মাহাত্মা বিপ্র কড়ই শুনায় : করিয়া মণ্ডিত ভারে লয়ে যায় পেষে যক্তরূপ মহাপথে হুগতি লভিতে। ১৬৬) যজমান একা: বছ প্রবঞ্জ তার সক্ষে পুঠিয়া লয় হবে দুইখন अपटे धरनत त्मां प्रभारत मगरक। ১৬৭ ৷ 'অকাশিক' আখ্যাধারী<sup>#</sup> করগ্রাহকেরা রাজার আদেশে করগ্রহণের কালে প্রজার সর্বান্থ লঠে: এরাও সেরপ অসাগু - ভক্ষর সব: সর্কাসাও করে যজমানে: বধদও বিহিত এদের: ভথাপি না কোন দত করে এরা ভোগ! ১৬০ তে দিয়া পলাগ্যস্থি যজে এরা বলে ইল্রের দক্ষিণ বাহ এই দেখ সবে।" সত্য যদি এই কথা, ছিল্লবাহ্ছ হ'লে কিরুপে অন্তরগণে দমেন বাসব ? ১৬৯। নৱ কি এ সব কথা নিতান্ত অলীক ? महर्कि, व्यवसा भक्त, रहा व्ययस्त्रतः। দেবরাজ ছিল্ল-বাই হন কি কথন গ ব্রাহ্মণের মন্ত্র সব নিভাস্ত নিম্মল বঞ্চনা প্রত্যক্ষভাবে করে মৃচ জনে। ১৭ । 'भानावान, हिमालव, शुध, द्वपर्नन, আর(ও) যত মহীধর আছে ধরাতলে,

এই দাখা এবং এতাদৃশ অফান্য পাখা পাঠ করিলে চার্ককদর্শনের নিয়লিখিত শ্লোকগুলি মনে পড়ে:
নিব বর্ণাশ্রমাদীনাং ক্রিকাণ্ড ক্তলদায়িকাঃ।
অগ্নিহোত্তেং তেরোবেদাজিদতং ভৃত্মগুঠনম্
বৃদ্ধিপৌরুষহানানাং জীবিকা ধাতৃনির্মিতা।
পতকেরিহতঃ বর্গং জ্যোতিষ্টোমে গমিষ্যতি,
বিপাতা যজমানেন তত্ত্ব ক্সাল হিংসাতে ?

জ্বন্নেবেদন্ত কর্ত্তারো ভণ্ড-ধূর্ত্তনিশার্রাঃ ; কর্তনী-তুক্ রীত্যাদি পঞ্চিতাদাং বচঃ মুত্রন্। এ গৰুল হৈত।মাত্র—যজমানধণ করেছিল বজ্ঞ-অক্টে এসব নির্মাণ ইষ্টকে প্রাচীনকালে।'—ব্রান্সপেরা এই মিখা। বলি, তে অভিট, জোকেরে জলায়।

- ১৭১। বান, হে আন্তর, লোকেরে ছুলা ১৭১। বেরপ ইষ্টক বারা চৈত্র্য যে প্রকার গড়ে যজকর্তুগণ নর ত সেরপ পর্বত কোথাও, তাই ' জচ্চ এ সব কঠিন অন্তর বারা আমূল গঠিত।
- ১৭২। থাকিলেও বচকাল ইট্রক কি কড় ৰতে পাবে পরিণত স্থৃদ্য পাবাৰে গ কড় কি নৌহাদি খাড়ু ইট্রকের জুপে সম্ভবে গ মাহান্তা তবু বর্ণিতে যজ্ঞের আক্ষণের। বলে, 'চৈতা হটবাচে গিরি।
- ১৭০। 'বেদ অধ্যয়নরত মন্ত্রস্ত তাপস করিতেহিলেন যদি সাগবের তীরে সলিল সেচন দেছে, এমন সময় গ্রাসিল সাগর তারে,—এ পাণের কলে হইল লবণমর সাগবের জল।' — তানি এই মিধা। উক্তি ব্রাক্ষণের মধে।
- ১৭৪। বেদক মন্ত্ৰক্ত শত সংস্ৰ ব্যক্ষণ নদীৰ আৰক্ষে পিডি হাৰাৰ জীবন। হেন গুৰু অপবাধে, গুনেছ কি কেই, কথন, গু) নদীৰ জল হংবছে বিশ্বাদ ? অগাধ্যাগ্ৰস্তল কি বিচাৰে তবে চাইল আপেল মাবি একটী বান্ধন ?
- ১৭ং ৷ সমুয়নিধাত আছে কুপ শত শত কারছলে পূর্ব , বল, এ দলা তালেৰ হয়েছে কি বেদাধায়ী বাক্ষণে প্রাসিয়া গ
- .৭৬। কে কাহার ছিল ভাষাা বল আদি কালে ?
  ত্তীপুরুষ নিজতেদ ছিল না তথন ,—
  মনোজাত মনোমর দেহধারী নর
  বিচরিত ধরাতলে , এ শ্রেষ্ঠ, ও হীল,
  এ অভেদ অবিদিত ছিল দে কারণ।
  কিন্তু কালক্রমে হ'ল আক্সকর্মকনে
  ভিন্ন ভিন্ন সম্প্রধারে বিভক্ত মানব,
  সম্মানের(ও) তাহাদের পার্থকা ঘটন।
- ১৭৭। সুবৃদ্ধি চণ্ডালপুত্র বেদশিক্ষা করি
  উচ্চারণ করে বদি বেদমন্ত সব,
  হয় কি সপ্তথা ছিন্ন মন্তক ভাছার ?
  বচি মিখ্যা বেদমন্ত ভালাগের পুধ্
  নিজেদের অধংগাত করেছে সাধন।
- ১৭৮। বিখ্যা বাক্যে পরিপূর্ণ বেদমন্ত্র তব ;

  অর্থলোকে ত্রাক্ষণেরা রচি এ সকল

  নানা সুপলিত ছলে চানার সমাজে।

  মিধ্যা ধর্মে বন্ধচিন্ত অঞ্চান মানব

  সন্ত্য বলি মানে বেদ ; গারে না এড়াতে

এ অন্ধ বিখাস তারা পারে না বেমন উদ্বিরিতে মীন কভ গিলিত বৃদ্ধিশ। ১৭৯। নম্ব ও পৌরুষবলে তলা ভ্রাহ্মণের। मि: इ-वीशि-वास खाक्रि चानप्रवाने । গো-জাতির সঙ্গে আছে সমতা এদের : व्यक्तित प्रकृत अता : व्यक्त अव्याप প্ৰভেদ গোগৰ হ'তে দেখা নাতি বাব। ১৮٠ ৷ কব্ৰিৰে স্বাম্বলা বন্ধা পৃথিৱী শাসিতে, সভা বদি হ'ত ইহা, থাকিতেন রামা বিশ্বাসী অমাত্যপারিবদে পরিবৃত : না করি সংগ্রহ সেনা অনারাসে তিনি একাৰীই দমিতেন অবাতি সকলে: থাকিত প্ৰভাৱা তাঁৱ কৰে জন্মৰ। ১৮১। উদ্দেশ্য-সম্বন্ধে यति कत दह विচাत. वाक्रनीजि. (वश्वक- क प्रदेश मार्थ £टक किहरे, छारे, नातित्व स्थिए । বাছার বেমন কচি, বিধান তেমনি कृतिक दोर्बीक्रमन । स्वत्राधावतन তথা না বিচাব করে : উক্ষেপ্ত একড বুৰিতে না পারে ভাই : বুৰে না বেমদ निवक शक्तवा नथ सम्बद्ध प्राप्त । ১৮২। উদ্দেশু-সম্বন্ধে যদি কর হে বিচার, রাজনীতি, বেদক্রের এ গুরের মাঝে প্রভেদ কিছুই, ভাই, নারিবে শ্বেধিতে। বর্ণনির্কিশেবে এই ধর্ম সবাকার-हार लाह, हार यथ अलाख, अशाबि मक (अत्र(है) इस मामा प्र:(श्रेत कांत्र । ১৮**৯** ৷ পৃহপতিগৰ যথা ধন**ধান্ত** হেত পৃথিবীতে বহু কর্ম্ম করে সম্পাদন বেদজ্ঞ ব্ৰাহ্মণগণ ঠিক সেই মত ধনার্জন বেড হয় নাম। কর্ম্মে রড।

১৮৪। পৃহছেরা হ'বে, ভাই, বাসনার দাস,
কৃষিবাণিজ্ঞাদি কর্ম করে বহুবিধ ,
বিজ্ঞাম ভাদের নাই ক্ষণেকের ভরে।
ব্রাক্ষণের(ভ) এই দশা; নাই কোন স্তেদ ,
পৃহত্বে, ব্রাক্ষণে আর ; ব্রাক্ষণ এখন
হারাইয়া প্রজ্ঞাধন, কার্ম জ্ঞাবন ,
সক্ষম হইতে দূরে গড়িয়াহে সরি।

অক্সান্ত জাতির মত জীবিক। যাহার, কি হেত পুজিব তারে প্রেট ভাবি মনে •

তৎকালে বারাণ্দীতে চারিজন মহৈশ্ব্যাশালী গৃহী আদাণ বাদ করিছেন। তাঁহার। পরস্পর স্থাস্থত্তে বন্ধ ভিলেন। বিষয়ভোগই ছঃথের নিদান, ইহা ব্রিতে পারিয়া উ।চার। গৃহত্যাগপর্বক হিমালয়ে গিয়া ঋষিপ্রবজা গ্রহণ করিয়াছিলেন এবং জভিলা ও সমাপত্তিসমূহ লাভ করিয়া বত্তফলমুলাহারে দেখানে অবস্থিতি করিছেন। বছদিন অতীত হইলে তাঁহারা লবণ ও অমুদেবনার্থ ভিক্ষার্চ্যা করিতে কবিতে একলা অকরাজান্ত কালচম্পানগরে প্রবেশ করিলেন। তত্ততা চারিজন ভ্স্বামী (ইহারও প্রস্প্র বরুত্তরে বন্ধ ছিলেন ) ঋষিদিগের সাধজনোচিত চাল-চলন দেখিয়া মুগ্ধ হ**ই**লেন, তাঁহাদিশকে প্রণাম করিয়া ভিক্ষাপাত্রগুলি নিজ নিজ হল্তে গ্রহণ করিলেন, এক এক জনকে এক এক জনের গ্রহে লইয়া গিয়া উৎক্রষ্ট খাছা ভোজন করাইলেন এবং ঋষিরা উংগ্রদের উদ্ভানে অবস্থিতি করিবেন, এই অঙ্গীকার গ্রহণ করিলেন। অতঃপর তাপদেরা ভ্রামীদিনের গ্রে ভোজন করিয়া দিবাবিহারের জন্ম এক জন অয়ন্তিংশ ভবনন, এক জন নাগভবনে, এক জন অপর্গতবনে এবং এক জন কৌরবরাজের মুগাচির-নামক উল্পানে যাইতেন । যিনি দেবলোকে গিঘা দিবাবিহার করিতেন, তিনি শক্তের ঐশ্বর্যা দেখিয়া আদিয়া নিজের উপস্থাপকের নিকট ভাহা বর্ণনা করিতেন: যিনি নাগলোকে দিবাবিহার করিতে ষাইজেন, তিনি নাগবাজের সম্পত্তি দেখিয়া আদিয়া নিজের উপস্থাপকের নিকট তাহা বর্ণনা করিতেন: যিনি স্থপণ্ডবনে দিবাবিহার করিতেন, তিনি স্থপর্বাজের বিভতি দেখিয়া আসিয়া নিজের উপস্থাপকের নিকট তাহা বর্ণনা করিতেন: যিনি কুক্করাজের উন্থানে দিবাবিহার করিতেন, তিনি নিজের উপস্থাপকের নিকট রাজা ধনপ্রয়ের শ্রী ও দৌভাগ্য বর্ণনা করিতেন। এই সকল বর্ণনা শুনিয়া উক্ত উপস্থাপকদিগের মনে তাদৃশ দিব্যস্থান লাভ করিবার বাদন। আশুলিল এবং তাঁহারা দানাদি পুণাকার্য্য করিয়া আয়:ক্ষয়ান্তে একজন শত্রুত্বপে জন্মান্তর প্রাপ্ত হইলেন, এক জন সদারাপত্য নাগলোকে জামিলেন, এক জন শালালিবনম্ব বিমানে জনালাভ করিয়া স্থপর্ণদিগের রাজা হইলেন এবং একজন ধনগ্রন্ধ কোরবের প্রধানা মহিষীর গর্ভে জন্মপ্রহণ করিলেন। উক্ত তাপস চারিজনও কাশক্রমে ব্রহ্মলোকে জন্মিলেন।

ধনপ্তরের পূত্র বড় ইইয় পিতার মৃত্যুর পর রাজ্যে প্রতিষ্ঠিত হইলেন এবং যথাধর্ম রাজত্ব করিতে লাগিলেন। তিনি দ্যুত-বিশারদ ছিলেন; এবং বিছ্রের উপদেশাস্থারে লান করিতেন, শীল রক্ষা করিতেন, পোষধ পালন করিতেন। এক দিন পোষধ প্রহণ করিয়া তিনি কিয়ৎকাল নির্জনে অবস্থিতি করিবার উদ্দেশ্যে উত্থানে গিয়া কোন রমণীর স্থানে উপবেশনপূর্বক আমণাধর্ম পালন করিতে লাগিলেন। শক্রও সে দিন পোষধ গ্রহণ করিয়াছিলেন; দেবলোকে শাস্ত্রির অনেক বিদ্ধ আছে দেখিয়া তিনিও মফুষ্যলোকে সেইউছানে অবতরণপূর্বক কোন রমান্তান উপবিষ্ঠ হইয়া আমণাধর্ম পালন করিতে লাগিলেন।

অর্থাৎ ঐতিক ও পারত্রিক কুললসম্বন্ধে উপদেশ্র।

নাগরাজ বঞ্পও পোষধী ছিলেন; তিনি নাগলোকে বছবিদ্ধ আছে দেখিয়া ঐ উন্থানের আর একটী রম্য অংশে আদীন হইয়া প্রামণ্যধর্ম পালন করিতে লাগিলেন। স্বপর্বরাজও পোষধ অবলঘনপূর্বক স্বপর্বলোকে অনেক বিদ্ধ ঘটে বলিয়া ঐ উন্থানেরই আর একটী রম্য অংশে আদীন হইয়া প্রামণ্যধর্ম পালন করিতে লাগিলেন।

এই চারি জন সন্ধাকালে স্থাস্থ আসন ত্যাগ করিয়া মঙ্গলপুন্ধরিণীর তীরে সমাগত হইলেন। পরস্পরকে অবলোকন করিবামাত্র তাঁহার। পূর্বজন্মের স্থেহবশতঃ আনন্দিত হইলেন; তাঁহালের মনে পূর্বজন্মের সেই মৈত্রীভাব জাগরুত্ব হইল; তাঁহারা পরস্পরকে প্রতিসন্তায়ণপূর্বক স্থোনে উপবেশন করিলেন। শত্রু মঙ্গলিলাণটো বসিলেন; অফ্র তিন জনও স্থাম মর্থানা বিবেচনা করিয়া য্থাযোগ্য আসন গ্রহণ করিলেন।

আনতঃপর শক্র বলিলেন, "আমরা চারিজনেই রাজা। দেখা যাউক, আমাদের মধ্যে কাহার শীল মহন্তর।" ইহা শুনিয়া নাগুরাজ বক্ষণ বলিলেন, "আপনাদের তিন জনের শীল হইতে আমার শীলই মহন্তর।" শক্র জিজ্ঞাসিলেন, "ইহার কারণ কি ?" ''এই অপর্ণ জ্ঞাতাজাত সমস্ত নাগের শক্র; কিন্তু আমাদের প্রাণনাশক ঈদৃশ শক্রকে দেখিয়াও আমি কুক হই নাই; এই জন্মই বলিতেছি, আমার শীল মহন্তম।

>। যে জ্বন ক্রোধের পাত্তে ক্রোধ নাহি করে, হইলেও ক্রন্ধ তাহান। করে যে ব্যস্ত, না উপজে কোধ কভু যাহার অন্তরে, ভাহাকেই বলে লোকে শ্রমণ প্রকৃত।

ि हें। मन निश्रांटित हरू ल्लाविय-कोट्टक ब्रथम शांथा। ] \*

আমার এই দকল গুণ আছে; এই কারণেই আমার শীল মহত্তম।" ইংগ শুনিয়া স্থপর্বাজ বলিলেন, "এই নাগ আমার প্রধান ভক্ষ; ঈদৃশ প্রধান ধাতা সম্মুধে রহিয়াছে দেখিয়াও আমি যথন ক্ষ্ধা সংবরণপূর্বক আহারহেত্ক পাপ করিতেত্বে না, তথন বলিতে হইবে যে, আমারই শীল মহত্বম।

কুথা সহা করে যেই কুথার সময়, আহারের তরে যে না পাপে রত হয়,
তপোনিঠ, জিতেপ্রিয়, মিতপানাহার প্রকৃত শ্রমণ বলি প্রশংসা তাহার!"

অনস্তর দেবর। জ শত্রু বলিলেন, "আমি নানাবিধ হুগের আলয় ও দেবলোকের ঐখন্য পরিহার করিয়া শীলরকার্থে মহুবালোকে আসিয়াছি; এই কারণে আমারই শীল মহত্রন।

আমোদ প্রমোদ সব যে করে বর্জনে,
 বেশ, ভ্রা, মৈথুনে যে নাহি হয় য়ত,
 তিন্দির বাদে প্রমণ প্রকৃত।"

শক্ত এইকপে নিজের শীল বর্ণনা করিলেন। তাহা শুনিয়া ধনপ্তম ক বলিলেন, "আমি প্রচুর ঐমর্থা এবং যোড়শসহত্র নর্ত্তকীপূর্ণ অঙঃপুর ত্যাগ করিয়া আবদ উচ্চানে আদিয়া শ্রামণ্যধর্ম পালন করিতেছি; এজন্ম আমার আমারই শীল মহত্তম।

গাবগুণ সম্পান মনেতে বিচারি, কাম্য, লোভনীয় সর্ব্ব জব্য পরিহরি,
থাকে বে সংযত; ত্বির, ধীর, অনুষ্ঠাসক, অমম যে, তা'কে বলে শ্রহণ প্রকৃত।"

তাঁহার। এইরপে সকলেই স্থাস্থ শীল মহন্তম বলিয়া বর্ণনা করিলেন। তথন
শক্র ধনঞ্জরকে জিজ্ঞাদা করিলেন, ''মহারাজ, আগনার সভায় এমন কোন পণ্ডিত আছেন
কি, যিনি আমাদের এই সংশয় নিরাকরণ করিতে পারেন।" ধনশ্বয় বলিলেন, ''মহারাজপণ, বিছর পণ্ডিত নামক এক ব্যক্তি আমার অর্থধর্মাফুশাদক; তিনি এই পদে যে ভার বহন
করিতেছেন, অন্ত কেইই ভাহা বহন করিতে পারে না। তিনিই আমাদের সংশয় অপনোদন

চতুল্পোষধ-জ্ঞাতকে (৪৪১) কিন্তু এ পাখা নাই।

<sup>🖈</sup> ব্ৰিতে হইবে যে পিতাপুত্ৰ উভয়েরই নাম ধনপ্লয়।

করিবেন। চলন, আমরা তাঁহার নিকটে যাই।" "উত্তম প্রস্তাব" বলিয়া অপর তিন্তন ইহাতে সমত হইলেন। অনুষ্ঠ তাঁহারা সকলে উল্লান হইতে নিজ্ঞান হইলা ধর্মসভায় প্রমন कविरमत, উठा अमेल्डिक कविशा व्याधिमस्तक भनारक देशव्यमत कवानेत्वत करा शिवि-সম্ভাষণপর্বক এক পার্ছে আসীন হট্ট্যা বলিলেন, "পণ্ডিতবর, আমাদের মনে একটা সংশ্র ক্ষিয়াছে। আপ্রিতারা অপ্রোদন করুন।

> । মহাপ্রাক্ত তমি: ধর্মার্থ-সম্বর্জ बोकां बनक्षत्र भारमन अवर्षकाः ৰলিলাম মোরা গাথা চারি জ্পনে: কিন্তু ভাছা ল'রে মভবৈধ ঘটে ১ দে সংশয় দুর করিবার তরে কর অপনীত সংশয় মোদের সংশহবিতীন কৰ সৰাকাৰে

উপদেশ ভব কবিয়া প্রচৰ करवन निरक्षत्र कर्रवा शासन । আসিলাম সবে তোমার নিকটে। নিক প্রজাবলে তমি, বিজ্ঞাবর : ল্টলাম মোরা শরণ ভোমার।<sup>খ</sup>

छांशास्त्र कथा अभिया विमृत विश्लिम, ''मश्राताक्ष्रण, आश्रमाता अय मीमनघरक যে সকল গাণা বলিয়াছিলেন এবং যাহাব জন্ম মডভেদ ঘটিয়াছে. সেই সকল গাণায় আপনারা যাহা সাধুজনপ্রাফ তাহা বলিয়াছিলেন, কিংবা ঘাহা সাধুজনপ্রাফ নয় ভাহা বলিয়াছিলেন, ইছা আমি কিরুপে জানিব চ

> ৬। বিবাদের মূল যদি পারেন জানিতে, কুমীমাংসা বটে তার : কিজ, ভপগৰ, দোবগুণ ভাহাদের কবিতে নিশ্চয়,

অর্থীবং পঞ্জিরো পারেন করিছে জোমাদের গাথাঞ্জলি মা করি এবণ, অতি বড পণ্ডিতের(ও) সাধা নাহি ইয়।

१। कि विलल। नाशवान, किवा देवन छन्न, कि गांशा रिलिका मुक्त शंकर्राञ्चे बढ কি গাখা বলিলা কুরুরাজ ধনপ্রয়, ন্ডনি পরে যথাজ্ঞান করিব বিচার।"

তখন শক্র প্রত্তি এই গাথা বলিলেন:-

৮। নাগেশেব মতে কান্তি শীল মহন্তম : গরুডের মতে আঠ হয় মিতাহার : দেবেশের মতে শ্রেষ্ঠ রতি-পরিহার : ককরার অকিঞ্নে দেন শ্রেষ্ঠাসন।

জাভাদেৰ কথা গুনিহা সহাদত এই গাথা বলিলেন:-

৯। সকলেট বলেছেন উল্লেখ বচন । বলেন নি কেছ বিছ সাধ্বিগছিত : এই চতর্বিধ ধর্মে যিনি প্রতিষ্ঠিত, ভারতেই বলা বার প্রকৃত প্রমণ। চক্ষনাভি মধ্যে সুসংলগ্ন অর যথা সম্পাদে সর্বতোভাবে চক্রের দচ্ডা. তেমনি এ চারি গুণ অস্তরে নিহিত ভাইলে চরিক্ত**জ:**স ঘটেনা নিশ্চিত।

মহাসন্ত এইরূপে চারিজনের শীলই একরূপ বলিয়া প্রতিপন্ন করিলেন। তাঁহার মীমাংসা শুনিয়া উক্ত চারিজনেই পরম প্রীত হইলেন এবং একটী গাথায় তাঁছাব ছতি কবিলেম:--

> ১ । সরকলে শ্রেষ্ঠ তমি : রোমার মতন नारे এই पृत्रश्रम । महा अक्षांवरन অবলীলাক্রমে ভূমি সংশন্ন ছেবন প্রস্তুত্র করপত্রবারা দ্রভার।

धर्त्रारभाश्चा, धर्त्राविद, वृक्तियान सन आस्त्र जारभर्ग छूमि निरम्त वृक्तिता। कतिब्रोक कामारमञ्. द्वरम ट्व द्वनन इकेन जाला पर कामा जनकाता।

<sup>\*</sup> विष्कृते (वाधिम् ह विरण्य ।

উক্ত চাবি বাজি এইবাপে তাঁহাৰ নিকট প্রাশ্বর উত্তর শুনিয়া প্রমুস্কাল লাভ করিলেন। অনন্তর শত্রু তাঁহাকে দিবা চকুল দিয়া, গরুড সুবর্ণমালা দিয়া, বঞ্চল ( মাগুরাঞ্চ ) মণি দিয়া এবং ধনপ্রয় সংস্থাবাদি দিয়া পালা করিলেন। প্রথম বলিলেন,

> ১১। প্রায়ের উত্তর তমি দিয়ার সম্মর: হাইলাম তই বড় ছে পঞ্জিত্বর । वृष এक. वर्षी এक. गरी मण्यक. आसारमध्य समयक मण्यामि वस. ফুন্দর সমন্ত বোলখানি প্রাম আর.

এসব ভোষার আমি দিকু পুরুষার।

শক্তাদি মহাসন্তের পঞ্জা করিয়া স্ব স্ব স্থানে প্রতিগ্রমন করিলেন।

চত্তপোষধর্থক সমাধা।

( )

मानवारकव आर्थात मात्र किल विभना (परी । मानवाक प्रमाणि एवं भनि परिएकम फाड़ा (प्रचिएक मा भाडेशा विश्वता किस्साना कविरनम, "अरखा जाभमाद प्रणि (काशाह ?" নাগৰাক বলিলেন, 'ভাষে, চল্লানামক আহ্মণের পদ্ধ বিভাবের মধে ধর্মারুখা ছানিয়া এক চিত্রপ্রদান লাভ করিয়াছিলাম যে. আমি তাঁহাকে মণিটা দিয়া পূলা করিয়াছি। কেবল আমি महे. यह: शक कांडाटक किया कुकल निया, अपनिवाक अवनियाना निया এवर वाला अमध्य प्रदेख গৰাদি দিয়া পূজা করিছাছেন।" 'তিনি তবে ধর্মকথাছ বেশ পট গ' 'বল কি, ডলে দ (वाथ इस त्यन अथन कम्बीर्भ बरबार बाविकार इतेशाहा । ममन कमबीर्भर अक माउ अक सन বাকা তাহার মধ্য ধর্ম কথায় বীপাশ্বরুম্ম মন্তবারণসমূহের ক্রান্ত এমন মুগ্ধ চইবাচেন বে. তাহারা এখন বা বা রাজ্যে প্রতিগমন করিতেছেন না। বিভব এডট মধ্য জাবে ধর্মদেশন क्रिया थार्कन ।" विकृत पश्चिरकत अन्या क्रिया विक्रमावत हेक्का हडेन एवं फिनि क्रीहाव मृत्थ धर्मकथा व्यवन करत्न । जिनि काविरतन, 'कामि यति वति, वामिन। कामाद्र हे हे हैं। হইবাছে যে. বিভরের মুখে ধর্মকথা ভুনি : আপনি জাঁহাকে এখানে আনহন কলন, তবে সম্বত: ইনি সেই পণ্ডিতকে আনহন করিবেন না। অভ এব পীড়ার ভাগ করিয়া বলা वांडेक रह. (शक्टे शिक्षांडे अमरा-शाश्त्र थांडेवांत कवा आधात रमाहम क्रमिशाह ।' हेहा दित করিয়া বিমলা পরিচারিকাদিগকে ইলিত করিয়া ভাইয়া রভিলেন। যে সময় নাগেরা নাগরাক্তকে দর্শন করিতে যাইত. সে দিন ঐ সময়ে বিমলাকে দেখিতে না পাইয়া তিনি পরিচারিকাদিগকে জিজ্ঞানা করিলেন. "বিমলা কোধায় ?" ভাহারা বলিল, "প্রস্কু, তাঁহার चन्नच कतिशाहि।" हेश अनिश नाशतां विभनात निकार शासन अवर नशांत शास উপবেশনপূর্ব্বক ওাহার গা টিপিতে টিপিতে প্রথম গাথা বলিলেন :--

 শরীর হরেছে পাতৃ, দ্রবল ভোষার ; বল, প্রিয়ে, কিছমাত্র না করি গোপন,

(मरहा बान बाड़े शर्कावर खाव । किकाल करवाक वाथा नवीरव असम ।

বিমলা বলিলেন

र । एए शंदक, नांशवास प्रचिमां त्र हैका वह : राष्ट्र यांगात, नाथ এথানে আনিতে ভারে

ব্ৰী কাতির ইজা এক বোৰৰ বলিয়া ভাবে বিদ্যবের ক্রংপিক পাৰ বৃদ্ধি সমপাতে

कारम मर्खक्रम । ৰাইতে বাসমা मा कदि वक्ता।

ইহ। ভূমিয়া নাগরাক ভভীয় গাখা বলিলেন :--

ত। অনুষ্ঠ ছোৱা তব কে বল পুরাবে । विद्वार प्रमान निकास प्रमास

(बरक ठाव ठळ. वर्षा किरवा बावालाव । কে পাছে জানিতে উত্ত সম্মিধানে ভাষ্ ? নাগরাজের কথা শুনিষা বিমলা বলিলেন, "বিত্বেব হ্রপ্রাংস না পাইলে এখানেই আমার মন্ত্রণ হইবে।" তিনি পাশ ফিরিয়া নাগবাঙ্গের দিকে পৃষ্ঠ রাখিয়া এবং পরিহিত্ত বন্ধের অঞ্চল দ্বারা মৃথ ঢাকিয়া শুইয়া রহিলেন। নাগবাঙ্গও নিজেব শ্বনকক্ষে গিয়া বসিয়া ভাষিতে লাগিলেন, 'বুঝিডেছি বে, বিমলা বিত্বের হ্রপ্রাংস আনাইবার জ্বন্তু ব্যাকুল ইইয়াছেন। তাহা না পাইলে ভিনি বাঁচিবেন না। কিন্তু আমি কি উপায়ে তাহা পাইব ?' নাগরাঙ্কের ইরন্সভী-নামী এক কল্পা ছিলেন। তিনি এই সময়ে সর্কাশ্বারে বিভূষিতা ইয়া নিজের সৌন্দর্যাক্ত্রটা বিকিরণ করিতে করিতে পিতৃদর্শনে উপস্থিত হইলেন এবং পিতাকে প্রণাম করিয়া এক পার্শে উপবেশনপূর্কক ব্বিতে পারিলেন, ছলিস্তাবশতঃ নাগরাজের চিত্তবৈকলা ঘটিয়াছে। তিনি জিক্তাসা করিলেন, "পিতঃ, আপনাকে ধে নিতাক ক্র্নায্যান দেখিতেতি, ইহার কারণ কি ?

৪। কি ছল্ডিল। আজ সম্বাবে তোমার গ করবিমন্দিত কমলের মত গ তুমি অরিকাম, ঐবর্গা অপার তবে কি কারণ করিতেছ শোক গ হরেছে শ্রীমুধ কেন পরিমান কি হেডু হয়েছ হুম নামমান । রয়েছে তোমাব ভোগে নিমোজিত , বিধানের ভার পরিহর, পিতঃ।"

ক্ষার কথা ভ্রিয়া নাগরাজ বিষাদের কারণ বলিলেন:--

 "মান্তা তব, ইরন্দতি, চাহেন খাইতে বিদ্রুর পশ্চিতে হেথা? দর্শন(ই) তাঁহার

বিহুরের হুংপিও । কে পারে আনিতে দেবনাগনরভাগো ঘটে উঠা ভার ।

মা, বিজুরকে আমার নিকট আনিতে পারে, এখানে এমন কেই নাই। যাংগতে তোমার মাতার প্রণারক। হয়, তুমিই তাংার ব্যবস্থা কর। বিজুরকে আনিতে পারে, তুমি এমন কোন ভর্তা অফুসন্ধান কর।" তিনি ক্যাকে উৎসাহ দিবার জন্ম অর্ধগাথা বলিলেন:—

(क)। হেন কোন ভর্তা তুমি যাও লো খুঁজিতে

পারিবেন যিনি হেখা বিছুরে আনিতে।

নাগরাজ কামমৃত হইয়া কল্পাকে যাহা বলা অছচিত, ভাহাই বলিলেন।

৬ (4)। গুনি ইছা ইরন্সতী ভর্তার সন্ধানে

নিশিতে করিল যাত্রা কামাসক্তমনে।

ইবন্দতী বিচরণ করিতে করিতে হিমালয় পর্কতে বর্ণগদ্ধরসদম্পন্ন পুম্পাদম্ছ আহরণ করিলেন, সমস্ত পর্কতিটাকে একটা মহার্ছ মণিব স্থায় সাজাইলেন, উহার উপরিভাগে পুম্পাশ্যা রচনা করিলেন এবং মনোহন নৃত্য করিতে করিতে মধুর স্থবে সপ্তম গাখা গান কবিলেন:—

গভর্ম-রাক্ষ্য-নাগ-কিম্পুক্র্য-নর
 আছেন কি হেন কেন্ত পুরি মনস্কাম

সর্ব্বকামপ্রদ যিনি, পণ্ডিতপ্রবর, আজীবন যিনি মোর ভর্ত্তা হ'তে চান ?

ঐ সময়ে মহারাক্ষ বৈশ্রবণের ভাগিনেয় পূর্ণক-নামক যক্ষদেনাপতি ত্রিয়োজনপ্রমাণ মনোময় ৬ গৈছব অখে আবোহণপূর্বক মনঃশিলাময়ী অধিত্যকায় উপস্থিত হইবার কয় কালপ্রবিতের উপর দিয়া গমন করিতেছিলেন। তিনি ইরন্দতীর গান শুনিতে পাইলেন; অমনি ভবান্তরাফুভূত প্রীকঠনিংসত সেই গীতশব্দ গাঁহার ছঙ্মাংসাদি ভেদ করিয়া ওাঁহার অস্থিমজ্জায় প্রবিষ্ট হইল। তিনি বিমুশ্ধচিতে প্রতিবর্শ্তন করিলেন এবং অশ্বপৃষ্ঠের আদনে থাকিয়াই ইরন্দতীকে আশাদ দিবার ক্ষন্ত বলিলেন, "ভত্তে, কোন চিন্তা নাই; আমি প্রজাবনে, ধর্মবিলে ও শমবলে বিভ্রের হুংপিও আনম্বন করিতে সমর্থ।†

৮। হব পতি তব; শকা করিও নামনে;
আনহে যোর বৃদ্ধি, আমি প্রভাবে বাহার
দিলাম আধাস: কর পরিহার ভর;

ছৰ তব ভৰ্জা আমি, অনিস্ফানয়নে ! পারিব করিতে পূর্ণ বাসনা ডোমার। হুইবে স্থামার ভার্গ্যা তুমি লো নিক্ষয়।"

<sup>\*</sup> মনোমর = মনবারা গঠিত, ঐল্রজালিক।

<sup>।</sup> वृक्तित्व इंदेरव त्व देवमारी भूर्वकरक प्रिथिवामाळ निरक्ष भूर कानादेवाहित्तन ।

ছিলা ইরুক্তী পূর্ববেশে পূর্ণকের कांच क्रिक मार्ड मक , विनान क्रमबी,

১০ ৷ অক্তেড়া ক্রমন', চম্প্রচিত্তা, हेवलठी कवि इस राक्षव अहर

कार्या - कांडे अरव कांत्र बडेन हिरक्क "शिकांव विकादि स्थाव हरू क्यां कवि । कि हाउँ सामता किएम कडेरव कलावि, विज्ञातन वसावता (मेरे मिकाम।"

বিচিত্ৰ-ত্ৰগন্ধি-পুস্পমাল্যবিভ্যিত্ৰা পিতার সদ্ধন পিরা দিলা দর্শন।

২ক পৰ্বক ট্রালডীকে বাচিতে বাধিয়া <sup>ক</sup> সাগ্রাজের সিকটে গিয়া জাঁচার কয়। এ।র্থনা করিলেন :--

১১। কথা ভঙ্জি নাথবাজ, কলৰ স্বাৰ कांश्रेनांव कन्ना डेरमजीटक विवाह উপযক্ত গুৰু আমি দিব আপন্যৱে :

११। मा हत्ती, मा खब, व्यवहरी माह, এ সক্ষ উপভার দিব তব পার।

প্রার্থনা করিতে বারা কেখা আগমন। করিতে আমার বড হয়েছে আগ্রহ। করন সমারীভত আমা চলনারে।

নানা বছে পূৰ্ণ শত বছং শক্ট --করুন গুহিতা দিয়া কুডার্থ আমার।

ৰজাসপ্ৰদান আমি ওবিতে পারি না।

माधवाक चनित्नन.

> । छ। छिवस्त्रिक्तमक्रतम् व शतामर्ने विशा মা করি মন্ত্রণা, কার্যো প্রবস্ত্র যে হর, অফুডাপভাগী শেবে হর সে নিশ্চর।

১৪. ১৫ । नारमण वक्क्न श्रद्धानिता काळः शत অন্ত:পরে বিমলাকে ডাকিলা সহর ৷ বলিলা তাঁহারে, "অন্তে, বলকলোত্ম পূর্ণৰ প্রার্থনা করে তুহিতাকে মম। দিবে সে বিপুল ব্ৰহ্ম। বল ভাবি দেখি স্লেহেরপুত্তলি তা'কে সমর্পিও না কি ?"

विभवा विलालन.

১**৬। ধনবিজ্ঞদানলভ্যা ন**গ্ন ইরন্দতী। পণ্ডিতের হৃৎপিও ধর্ম্মবলে পেছে এই গুকে লভ্যা মোর ভদরা, রাক্সন

১৭। শুনি বিমলার কথা বরুব তথন পূর্ণককে সম্বোধন করি অত:পর १८। धनविख्यानन्या मह देवसकी।

পণ্ডিতের হাৎপিও ধর্মবলে পেয়ে শুধু এই ওৰে লভা ওনহা আমার :

সেই হুপগ্রিত জন হবে তার পতি. আনিতে সম্ব থেই হবে নাগালয়ে। অন্ত ক্ৰে-ৰিছে কিছু নাই প্ৰয়োৱন।

পাব তমি, হুছে যক্ষ্ণ হতে তার পঞ্জি, আনিতে সমর্থ যদি হও নাগারছে। চাই মাক অভাধন বিনিময়ে ভার।

कविरत्न अखःश्व इत्त निक्रमंग।

বলিলা বক্তব্য নিজ নাগকলেশর :--

পূৰ্ণ ৰ লিলেন.

) > । এक सार्व करण शांत श्रीकार शांत्र अ मद्दल मङ्ख्य यथन अमि.

অক্টে ভারে মুর্খ বলি করে কেরজান, কোন পণ্ডিতকে লক্ষ্য কবেন আপনি ? +

নাগুবাল বলিলেন,

 । কুকুশাক্ত ধনপ্রের উপদেশ পালি বাঁর क्रमां हानन मना, खराई कि मांम जात ! বিত্র তাঁহার নাম : স্থপতিত বিচক্ষণ : সহপারে তাঁরে তুমি কর হেখা আনয়ন। লভ মোর ছহিতারে দিয়া তমি এই পণ :

পত্নী হ'রে সেবা তব করিবে সে আলীবন।"

<sup>🍍</sup> বুলে 'পটিহারেলা' আছে। নুতন পালি অভিধানে ইছার যে অর্থ আছে, ভাছাই গ্রহণ করিলা শুকুৰাছ क्ला इहेत। কিন্ত ক্টকলনাথারা ইহার আরও একটা অর্থ করা ঘাইতে পারে:-"এতিহাতীৰ নালা

<sup>+</sup> উরদ্পতী: পূর্ব্বেই বিছুর পভিতের নাম করিরাছিলেন। এখন পূর্ণক উাধার সবিশেষ প্রিচয় উ... বির উদ্দেশ্যে এইরাপ বলিভেছেন।

- ২১। শুনি বরুণের বাণী সানন্দ অস্তরে উঠিলা আসন হতে যক্ষসেনাপতি। সেধানেই সেই বেশে, অসুচরে তাকি দিলা আঞ্জা, ''আআনের সৈম্বর তুরগ সাম্বারে সম্বর হেখা কর আনহন।
- ২২৷ সেই অব আন, যার কর্ম বর্ণমন্ত্র; রক্তমণিমন্ত্র বার ব্র চারিধানি; গঠিত লোহিত বর্ণে ♦ উরব্দেশ বার ।"

পূর্ণকের ভূতা তৎকণাৎ ঘোটক আনয়ন করিল; তিনি তাহার পৃষ্ঠে আরোংণ করিয়া আকাশমার্গে গমনপূর্বক বৈশ্রবণের নিকট উপস্থিত হইলেন এবং নাগলোকের শোভা বর্ণন করিয়া সমস্ত বৃস্তান্ত নিবেদন করিলেন। এই ঘটনা ব্রাইবার জন্ম কয়েকটা গাণা বলা যাইতেতে:—

- ২৩। বেবের বাহন সেই দিবা অবোপরি আরোহি পূর্ণক ( ক.প্ত কেনখাশ্রু বার ) উঠিলা নিমেবমধো অস্কুরিকলোকে।
- ২০। কামানলংগ্ধ সেই পূর্ণকের মনে জান্মিল প্রথম্যা ইচছা ইরক্ষতী তরে। বিভূতিসম্পন্ন ভূতপতি কুবেরের নিকটে বলেন তিনি এতেক বচন ঃ —
- ২৫। প্রথিতা হির্ণাবতী নামে নাগপুরী; 'ভোগবতী' নামে তথা বিচিত্র প্রাসাদ;
- থ্ববর্ণ গঠিত সেই নাগরাজধানী।
  ২৬। পালরাগ-বৈদুর্গাদিশ-মণিতে পচিত
  অট্টালক শোডে তার ওঠগ্রীবাকারা;
  মণিশিলা বিনিশ্বিত প্রাদাদ সকল
  স্বর্ণে রড়ে আচ্ছাদিত ভিঠরে বাহিরে।
- ২৭, ১৮: থাম, জমু, সপ্তপূর্ণী, কেতকী, ভিলক,
  মৃচ্চুন্দ, উন্ধালক, সিন্ধুৰার, সহ
  প্রিরক, নাগমালিকা, ভক্রক, চন্দাক,
  কোল ও ভগিনামালা এ সকল ভক্ল,
  ফলপুপ্পে অবনত লাখা যাহাদের,
  করে নাগভবনের লোভা বিবৃদ্ধিত। ৪

মূলে অংখানলস্স' আছে। অধু নামক নগীতে থে বিশুদ্ধ রক্তান্ত পাতোজ্ঞা বর্ণ পাওয়া যাইড, তাহাকে
আধুনদ বলিত।

<sup>+ &</sup>quot;লোহিডক্ষসারগলিকো"। লোহিডক্ক=লোহিডক বা পলবাগমণি (ruby); মদারগল্প= ক্ষরমণি বা বৈদুর্গ (cat's eye)।

<sup>‡ &</sup>quot;ওট্ঠগীবিয়ে।"। অট্টালকণ্ডলি খ্ৰীৰাকার ও ওটাকার, কিংবা ডাহাদের গাবে ওঠ ও খ্ৰীবার আকারের গড়ন ছিল।

<sup>§</sup> উদ্যালক — সোণালি (casia fistula)। সিদ্বাস — নিহিন্দা। 'সহ' সথকে টীকাকার বলেন যে, ইহা 'সহকার'। বে আম গাছের ফল অতি হগজযুক্ত (বেমন বৃদ্যাবনী), ভাষা সহকার। ''সহকারোহতি মৌরছঃ''। সংস্কৃত সাহিত্যে 'সহ' শব্দে অক্ত জাতীর কোন কোন উদ্ভিদ্ও ব্যার (যেমন রারা)। উপরিভজ্ঞ বা ভজক — দেবদাল কিবো কদব। 'নাগমালিকা' অভিযানে নাই আৰিড় দেশে এক জাতীর যুথিকাকে 'নাগমনি কলে। 'ভগিনীমাল' কি ভাষা ঞানি না। কুণাল-জাতকে (২০৯) শুকুলিন্দা-নামক বুক্তের নাম পাওৱা।গরাছে।

- ২৯। ইন্দ্রনীলমণিমর থর্জুর পাদপ রয়েছে দেখানে এক ; নিত্য বিভূষিত কনককুত্বমে যাহা ; হেন রমাল্লানে মছদ্ধি উপপাদিক \* নাগেশ বরুশ নিহত করেন বাদ প্রিক্তন সভ ।
- মহিবী বিমলা তার হুচাক্রদর্শনা,
   হবর্ণপ্রভিমাসমা, তক্তনী, হন্দরী,
   মধুর-বিলাসবতী, কালানতা বধা
   বোলে ববে মুহ্মন্দ সমার ছিলোলে।
   অলাগ্রে চচকরর নিষ্ফলনিত।
- । উচ্ছল দেহের বর্ণ , করপদতল

  লাক্ষারসে সুবঞ্জিত , বিরাজেন তিনি

  বিরাজে নিবাত স্থানে পুপ্সসমূজ্য

  কর্শিকার তক্ষধা ; কিংবা ইন্দ্রালয়ে

  বিরাজে অপ্সরা যথা ; অথবা বেমন

  অন্মেত্বিনিংস্তা পোতে সৌদামিনী ।
- কংলছে বিশ্বয়য়ড়য় লোইয় উাহায়—
   চান ভিনি বিপ্রবের হৃৎপিও পাইতে।
   য়ানি উহা দিব, প্রভা, নাগদপতীকে;
   কজালানে তুরিবেন উাহারা আমায়।

বৈশ্বধণের অমুমতি বিনা যাইতে সাংগ ছিলনা বলিয়া পূর্ণক তাঁংার অবগতির জক্ত এই দকল গাথা বলিলেন। বৈশ্রবণ কিন্তু তাঁংার কথা শুনিতে পাইলেম না, কারণ তথম তিনি, তুইজন দেবপুজ্রের মধ্যে একটা বিমানের অধিকার লইয়া যে বিবাদ ইইয়াছিল, ভাষার নিশান্তি করিভেছিলেন। পূর্ণক বুঝিলেন যে, তাঁংার কথা বৈশ্রবণের কর্ণগোচর হর নাই। দেবপুজ্রেরের মধ্যে যিনি বিচারে জয়ী ইইলেন, পূর্ণক তাঁংার পার্থে দিড়াইয়া রহিলেন। বৈশ্রবণ বিচারাক্তে পরাজিত দেবপুজ্রের দিকে দৃক্ণান্ত না কবিয়া আগম্ম হেবপুজ্রক বলিলেন, 'যাও, ভোমার বিমানে গিয়া বাদ কর।" কিন্তু তিনি 'যাও' পদটী উচ্চারণ করিবামান্ত পূর্ণক কতিশয় দেবপুজ্রকে সাক্ষী করিয়া বনিলেন, 'আপনারা শুনিলেন, মাতৃল মহাশয় আমাকে যাইতে আজ্ঞা দিলেন।' অনন্তর পূর্বেক শেষ্ঠ বলা ইইয়াছে, দেইভাবে বৈশ্বব ঘোটক আনাইয়া তিনি ভাহার পৃষ্ঠে আরোহণপুর্বক প্রস্থান করিলেন।

এই রুভান্ত বিশদরূপে বুঝাইবার জন্ম শান্তা বলিলেন,

বিভৃতিদম্পল ভূতনাথ ক্বেরকে
বলি ইংা লইলেন বিদান পূর্বক।
সেগানেই উপস্থিত অমুচরে তাকি
থলিলেন, 'আজানের সৈক্ষর তুরগ
সালারে সম্বর হেখা কর আনরন।
 গেই অস্থ আন, বার কর্ণ ক্রমণিয়র;
রক্তমণিমর যার খুর চারিখানি;
গঠিত লোহিত বর্ণে উর্ম্ছদ বার.''

পালি 'ওপপাতিক', সংস্কৃত 'ঔপপাত্বক' বা 'ঔপপাদিক।' বে জয়ে শুক্রশোণিতের সংযোগ বিনা অকতনি
অতিসন্ধি লাভ করে, তাহা ঔপপাদিক নামে অভিহিত। বিনি এ ভাবে জয়াস্তর প্রীপ্ত হন, তাহাকেও উপপাদিক
বা বাহার। এরপ লয় দেবতাদিপের লভা। অধাভোজন-জাতকেও (৫০৫) উপপাদিক লয়ের উল্লেখ কাছে।

থেবের বাহন সেই দিবা অংখাপরি
আরোহি পূর্ণক (ক্রুপ্ত কেশখুক্র বার)
উঠিলা নিমেবমধো অস্তবিক্রজাকে।

আকাশপথে ঘাইবার কালে পূর্বক ভাবিতে লাগিলেন, "বিহুর পাঞ্জতের বছ অফ্টর আছে; তাঁহাকে যে বলপ্রয়োগ করিয়া ধরিতে পারিব, ইহা অসম্ভব। ধনপ্রম রাজা প্রতিবিশারদ; তাঁহাকে দৃতে পরাজিত করিয়া বিত্রকে গ্রহণ করিতে হইবে। রাজার কোষে বছরত্ব আছে; তিনি অল্পমৃগ্য কোন পণ্শ রাখিয়া দৃত্তকৌড়া করিবেন না। অভ্এব কোন নহার্ঘ রত্ব লইয়া যাওয়া আবশুক, কারণ রাজা যে দে রত্ব গ্রহণ করিবেন না। রাজগৃহ নগরের নিকটে বিপুল গিরির অভ্যন্তরে রাজচক্রবর্তীর পরিভোগ্য এক মহার্হ মণি আছে। এই মণির অভ্যুত্ত শক্তি। আমি উহা কইয়া রাজাকে লোভ দেখাইব এবং দৃত্তে জারলাভ করিব।" অনন্তর পর্ণক ভাহাই করিবেন।

এই বঙাত্ত বিশদক্ষণে বৃঝাইবার চক্ত শাস্তা বলিকেন,

- ৬৬। গেলেন পূর্ণক ত্তরা রাজপৃহ-ধাঘে।
  ১নধাত্তে, অল্লপানে পূর্ণ দে নগর,
  কঙ্গরাজ নিকেতন, + শক্রেছরান্দ,
  অনুরাধতীর মত শিরাজে ভত্তেল।
- ১৮। বিপ্ল-নামক সেই শৈলে আবোহণ কবিলা পূৰ্বক; মণি লাগিলা থুঁ জিঙে পাইলা দশন ভার বিরিক্ট মাথে।
- ্ষ। বৈদ্ধী যে মহামণি দীপ্ত, দাতিমাদ, বিহালভাগমপ্রভাগ বৈ ধন বে চাল, মণির প্রভাবে সেই ওখন(ই) ভা°পাল।
- ৪০। দেখি সেই মহামৃল্য, মহাশক্তিমান, মনোহর মহামিদি লইলা তুলিরা পূর্ণক ফুলরবপু: আজানেরপৃঠে আরোক্ষ করি পুনঃ অস্তরিকপথে ইক্রপ্রদু-অভিমুখে হইলা ধাবিত।
- হয়ে উপছিত সেধা, নামি অব হ'তে,
   এবেশিলা কুল্লর'জসভার পূর্ণক।
   এক শত এক রাজা ভিলেন সেধার;
   অকম্পিতচিত্তে তবু করিলা আহ্বান
   দতে সবে।

मुल 'नकः' भक्त आहि। ेदिनक मोहिरछाउ हैहां 'श्रेग' वा 'वाक्ति' आर्थ वावक्रछ हहेग्राह्म ।

<sup>†</sup> টীকাকার বলেন যে রাজগৃহ তথন অসরাজের অধীন ছিল। ইতিহাস কিন্তু এ সাক্ষা দের না।

t অঙ্গনাক র সন্তলভূমি, বেমন <sup>ব্</sup>বভার পর্বত**ছ জরাসক্ষের বৈঠক** (१)।

8 2 1 क बाद्धन बाक्ष्यन माद्य. চাৰ যিনি দাতে জিতি পেতে গড়োন্তম • পরাজিত করি কিংবা আমিই শা কারে লভিৰ উত্তম ধন ? পাৰ মহামণি চিতি দাতে কার সঙ্গে ? কিংবা কোন রাজা জিভিরা লবেন এই মহারত্ব মোর ?

পূর্ণক এইবপে চারিটা পালে কুকরাজকে নিজের উদ্দেশ জানাইয় পাঠাইলেন। রাজা ভাবিলেন, 'এত আম্পদ্ধার সহিত কথা বলিতে পারে, এমন লোক ত আমি কখনও দেখিতে পাই নাই ৷ লোকটা কে ?' তিনি জিজ্ঞাসা কবিলেন,

> ৪০,। কোন রাজ্যে জন্ম তব ? কুকুরাজ্যবাসী বারা, এভাবে ত কথাবার্তা কভু নাহি বলে তারা। হন্দর শরীর তব, শবীবের দীপ্তি আর হেবি অভিভূত মন হইয়াছে স্বাকার। কি নাম ভোমার, বল : কাহারা বান্ধব তব গ জিক্তাদি ভোমারে আমি , সত্য করি বল দব।

ইং। শুনিয়া পূর্ণক ভাবিলেন, 'এই রাজা আমার নাম জিজ্ঞাদা কবিতেছেন: আমি ড কুরেবের দাস। আমি যদি পূর্ণক নামে নিজের পরিচয় দি, তবে ইনি মনে করিবেন, এ লোকটা নিজে দাস হইয়া আমাৰ সহিত এক্সপ প্রগলভভাবে কথা বলিতেছে কেন। ক্লত: ইনি আমাকে অবজ্ঞা করিবেন; অতএব ভৃতপুর্বজন্মে আমার যে নাম ছিল, ভাগা বলিয়াই আত্মপরিচয় দিব।" ইহা থির করিয়া তিনি বলিলেন,

> ৪৪। মাণবক আমি, ভূপ: গোত্র মোর কাত্যায়ন, व्यन्त 🕆 अ नाम स्थात ; कारन हेश मर्द्रवन । জ্ঞাতি বন্ধুগণ মোর অঙ্গদেশে করে বাস , অক্ষক্রীড়া হেডু আমি এসেছি ভোমার পাশ।

বাছা জিল্লাদিলেন, "মাণবক, দাতে পরাজিত হইলে তুমি কি দিবে? ভোমার কি আছে ?

৪৫। মাণবৰ তুমি; তব আছে কি রতন, রাশি রাশি আছে রক্ত রাজার ভাণ্ডারে ,

পূর্ণক বলিলেন,

৪৬। এই দ্যুতিমানু মণি মোর, নরবর, रय क्षत्र रव धन हाब भारत हेश पिएछ। এই মহামণি, আর অরাভিদ্মন

रेश अनिया बाका विलियन,

৪৭ এক মণি, এক অখ, বল কি করিবে ? রাশি রাশি মহামণি মহাদাতিমান, আছে, তুমি জান না কি প্রত্যেক রাজার ? किं । शांश तत् , वत, वकांप्रक वन १ দক্তির কি করে দাতে আহ্বান ভারারে •"

রত্বতে ইহা ; এর নাম 'মনোহর'। ্ দ্যুতে যে সমর্থ হবে মোরে পরাজিতে, **এই আজানেয় সেই করিবে হরণ।** 

এ লোভে कि पृष्टि कि श श्रुष्ट इहेरव ? শত শত অন্ব বায়ুসম বেগবান্ সর্ববিষ্ণ ভোষায় ভার ভুলনায় ছার।

#### দোহদথত সমাপ্ত।

<sup>\*</sup> ৪২শ গাখাটী মূলে চারি চরণবিশিষ্ট।

<sup>🕂 &#</sup>x27;অনুন' প্ৰটী লিষ্ট। ন + উন = (১) কোম বংশে খাট নয় অৰ্থাৎ গৌরববাঞ্জক; (২) কোন অংশে কম मद्र करीर भूर्व श भूर्वक ।

( • )

রাজার কথা শুনিয়া পূর্বক বলিলেন, "মহারাজ, আপুনি এরপ কথা বলিবেদ না। একটা অশ্ব আছে : সহস্ৰ অশ্ব কাতে, লক অশ্ব আছে । একটা মণি আছে, সহস্ৰ মণিও আছে। কিন্তু সকল অস্থ একযোগ কবিলেও অনেক সময় একটার তলামলা হয় না। আমার चरचव दिश किक्रभ, এकवात द्रमथुन ।" हेहा विनया भूर्नक रमहे चाकार्तरावत भूर्छ चारवाहर করিলেন এবং প্রাকারের শীর্ষ দিয়া ধাবিত চইলেন। প্রথমে বোধ ইইল যেন স্থায়োজন-ব্যাপী নগবপ্রাচীর সর্বরেই অশ্বরারা পবিবেষ্টিত হইতেছে এবং ঐ সকল অশ্বের গ্রীবাঞ্চলি পরস্পর আঘাত করিতেতে। ক্রমে বেগ আরও বহিতে ইইল: তথন কি আমা. কি যক্ষ. কাহাকেও আর দেখা গেল না : মনে হইল আহ্বোহীর উদরবদ্ধ রক্তপট্রথানি দ্বারা যেন সমন্ত নগর বেষ্টিত হট্যা বভিয়াতে। অনন্তর পূর্ণক অখ হট্তে অবতরণপূর্বক বলিলেন, ''মহারাজ, আমার অশ্বের বেগ দেখিলেন ত 🕫 বাজা বলিলেন. ''ই। দেখিয়াচি।'' ''তবে আরও দেখন." ইহা বলিয়া তিনি নগ্রমধান্ত উল্লানের ভিতর একটা জলাশ্যের প্র্টোপরি অশ চালাইলেন: অম্বটা লক্ষ্য দিতে দিতে ধাবিত হইল কিন্তু তাহার থ্বাগ্রও জল্পিক ধ্ইণ না। অতংপর তিনি অশ্বটাকে প্লপত্তের উপর দিয়া বিচরণ করাইলেন এবং করতালি দিয়া হত্ত প্রদারণ ক্রিলেন; অশ্ব অমনি আসিয়া তাহার হত্ত-তলের উপর দাড়াইল।" ইহা দেখাইয়া পূর্বক বলিলেন, "নরনাথ, ভাবিষা দেখুন ত ইহাকে অশ্বরত্বলা যায় ন। কি " ৰাজ। বলিলেন, "মাণুৰক, ইহা অখুৱডুই বটে।" "মাচ্ছা: এখন অখুবডুকে রাখিয়া দেওয়া যাউক; এক বার আমাব মণিরতের ক্ষমতা দেখন।" অনস্তব পূর্ণক করেকটী গাণায় তাঁহাৰ মহামণিৰ ক্ষমতা বৰ্না কৰিলেন :--

- ৪৮,৪৯। দেখুন ছে নরশ্রেষ্ঠ রয়েছে নির্পিত এ মণির অভ্যস্তরে মৃত্তি নানাবিধ — স্তীমৃত্তি, পুক্ষমৃত্তি, মৃত্তি পশুদেদ, শকুন-নাগের মৃত্তি, মৃত্তি হুপর্ণেব।
  - গলসাদি-বথি-প্রি-অ্যারোহণণ
    চত্রক বল ধ্বল িচিত্রবরণ,
    এ মণির অহারুরে ররেছে নির্মিত;
    চহি অরাতিরা হয় সভরে কম্পিত।

  - নির্দ্ধিত এ মণিমধ্যে, দেখুন চাছিল।,
     ফুলর নগর এক, বেটির। বাছার
     ক্রাকার সুদৃঢ়ভিত্তি আহে গাঁড়াইরা
     অনেক ভোরণ সহ; বহু শুস্পাটক।
  - কুম্বর পরিথা : শুস্ক, অর্গল, কীলক,
     আটালক, দার এর সব(ই) ফুগঠিত।
- ে৪, ৫৫। তোরণের পথে, ছের, রয়েছে নির্পিত
  বিহল্প নানাজাতি—সমূব, উৎকোশ,
  পিক, চক্রবাক, চিক্রা, জীবঞ্জীব আদি।

অনীকত্ব পা• অনীকটঠ )। ৪র্থ বতের ১৪-ম প্রের পাদটীকা দুইল।

<sup>†</sup> শৃক্সাটক — ভিনটী কিংবা চারিট পথেব মেলনছান। ় টাকাকাব বলেন যে চিক্স = চিক্সপত্র কোকিল (পাপিয়া ডি ?)। এই সকল পক্ষীর নাম তুধাছোওন-জাক্তেওও (এম থপ্ত, ২০০ম পুঠে) পাওয়া পিরাছে।

- ৫৬। অত্ত, বিশায়কর নগর কুলব
   হবর্ণ প্রাচারে এই রবেছে বেটিত।
   বর্ণয়ের বারা ওর কাকীর্ণ ভূতল।
   বিভিত্ত পতাক। উদ্দে প্রাচাদ শিবরে।
- ে । হের পণাশালা । দব কি স্থন্দররূপে
  ছইয়াছে স্থবিভক্ত প্রকোঠে প্রকোটে ।
  পরক্ষর অসংলয় হের গৃহয়াজ্ঞি —
  প্রত্যেকর ছই পার্যে বহিয়াছে পথ —
  কোনটা প্রশন্ত, বাহে করে গভায়াত
  শকটাদি; অপ্রশন্ত পথগুলি দিয়া
  করে লোকে উতঃশ্বতঃ গমনাগমন । ।
- ৰদ। বাংছে আপান ভূমি, মন্ত্ৰপায়িগণ, কুনা, ওদনিকগৰ, বাধাক্ষণা কত, ‡
- ে : গ্রন্থ-অধ্যয়নরত মাণ্যকপণ, রজক, বস্ত্রবিক্রেতা, শিল্পী শত শত— মালাকাব, বর্ণকার, মণিকার আদি— হের এই মণিনধ্যে নির্মিত, গ্রাজন।
- ে। প্রপ্রকার-পাচক-নর্ত্তক-ন্ট্রপন, গাহক-পাইছে যাবা করভালি দিয়া । ই বাদক বাজাইভেছে যম্ম-ক্রম্মন,
- ৬১. ৬০। পণৰ, দিগুম, শ**য়, তেবী ও মৃদ্স,** কাংসা-কৰ্ডাল, বীণা। নৃত্যবাদ্যগীত স্থাধুৰ, লংগুদ্ধ, শ্রুতিস্থা**ক**য় .— স্থোধুৰ, লংগুদ্ধ, শ্রুতিস্থা**ক**য় .— স্থোধুৰ, লংগুদ্ধ, শ্রুতিস্থা**ক**য় .—
  - ৬০। নল বল্ল, লজক, মারাবী, বৈতালিক, বিদ্যক--- মণিমধ্যে হের বিনিশ্বিত। ৭
  - ৬৪। রারেছে ভিতৰে এর চাকুরকভূমি . নকোপরি মঞ্চকত হয়েছে গঠিত। বদিয়া ভাষাতে নমনারী শত শত দমাজ-উংসৰ তারা করে দ্রশন।

<sup>&#</sup>x27; "পদ্দ ছং প্রশালায়ে।"—পর = পর্ব, এই সর্ব ধবিলে পরশালা = পর্বাচ্ছাদিত কুটার। বিজ্ ানানে এই অর্থ অসঙ্গত। এই জক্ত টাকাকাবের মতে পর = পশিব (পণ্য); পরশালা = আপুণ (বে।কান্)।

<sup>† &</sup>quot;নিবেদনে নিবেদে চ সন্ধিবৃঁহে পথন্ধিয়ে।"। সন্ধিবৃহে তি ঘরসন্ধিয়ে চ অনিকিন্ধ রচছা 5; পথনিয়ে তি নিকিন্ধ বীথিয়ো। ঘরসন্ধি—ঘরগুলির মধ্যে ফ্রাঁক। নিকিন্ধ—অর্থণি নাহা দিরা সর্কার। বাতায়াত করা যায়: অনিকিন্ধ রচছা (রখ্যা) ⇒বে পথ দিয়া সচরাচর পদরক্ষে চলা যায় না; কিন্তু বধ খকটাছি চলে। নিকিন্ধ বীথি—যে গলি দিয়া লোকে পদরক্ষে রাতায়াত করে।

<sup>‡</sup> প্রা= বেগানে পণ্ড বধ করিয়া ভাষাদের মাংস বিক্রন করা হর (slaughter house)। ওছরিক পুর-বেগুতে অলমণ্ড বিক্রীক হয়।

<sup>§</sup> অথবা "পাইছে পাণিষর বাজাইয়া"। পাণিয়র একপ্রকার বাজ্যয় ; কিন্তু টাকাকার অর্থ করিয়াছেন "পাণিপ্পারেণ থারছে"। 'কুছছুণ' একপ্রকার আনন্ধ বাজ্যয় (মুংকুরের মুথ চর্মহাবা আচ্ছাদিত করিয়া এছত), বেমন বোল, নাকাড়া ইত্যাদি।

<sup>¶</sup> বুলে 'মুটুঠিক'। মুটিক) = এল। সোভিয় (দৌভিক) = বিদ্যুক কিংবা যাহারা সং সাজে। 'জল্ল' শলের আর্থ চিকাকারের মতে ''মল্পনি করোজো নহাপিতো.'' কর্থাৎ যে নাপিত ক্লোকার্য্য করে। আমি ইহার গাভিগানিক 'বল' কর্থ ই প্রহণ করিলায়।

- ৬৫। দেখ অই মলগণ বঙ্গভূমি মাঝে বিগুণিত বাহু সৰু করিছে ক্ষোটন , ধেহু বা হয়েছে জয়ী, কেছু প্ৰালিত।
- ৬৬। বিচরে পর্বান্তপাদে গণ্ড নানাঙ্গাতি,— সিংহ, বাান্তি, কোক, ঋক, তরকু, ববাহ, \*
- ৬৭ ৬৮। গণ্ডার, মহিন, শণ, বিড়াল, হবিণ,— এণ-শুক্ত-চিত্রমূগ-কর্ণক প্রভৃতি।† মণিমধ্যে হের এই সব বিনিপ্রিত।
- ৬৯, ৭০। হৃথভিটা নদী কত! বছে জলমো চ বর্ণরেণুমর গর্ভে হর প্রবাহিত। বিচরে ভাষাতে মংস্থা – পাঠীন, পাগুদ, বোহিত ফুন্দর ় কুর্মা, কুন্তীর, সকব শিশুমাব আদি আব(ও) নানা জলচে ।
  - মশিমধ্যে বিনিশ্বিত দেগহ অবণা
    নানাজমদমাকী

    কি বিহল্প নানাজাতি

    বিহল্প নানাজাতি

    মণ্ডিত হইবা শোতে এই বনস্থান ।
  - ৭২। চতুৰ্দ্ধিকে পৰিনাপ্ত পূৰ্ম বিশীসৰ , মংস্থা আৰু জলচৰ বিহক্ষম নান। পেলিচে যাগাৰ জলে , দেগ মণি মাথে ।
  - ৭৩। দেখ আব(ও) বস্তক্ষবা সাগবকুগুলা,
    সর্ব্বতঃ বেছিখা লাতে জলরাশি যায;
     তীবে শোভে বনরাজি নয়নমোহন।
  - ৭৪। হের পুরোভাগে আছে নিদেই, নবেশ; পশ্চাতে তাহাব গোয়ানিক-জনপদ; 
    ক্রুরাজা, জদুবীপ, সকল(ই) নিশ্বিত হয়েছে এ মণিনধ্যে কি চারুকৌশলে।
  - ৭৫। হের চন্দ্রকা, কাই, বেটিরা স্থমের অমিডেছে চতুন্দিক করি উদ্ভাগিত।
  - १७। স্থমেরু, হিমান্তি, মহাদাগব দকল,
     চতুম হাবাজা, হেব, নির্মিত ইহাতে।
  - ৭৭। আংবাম, অরণা, অধিতাকা সমতল, বি প্পুরবাকীর্ণরমা ভূধর নিচয় রয়েছে নির্মিত এই মণির মাঝাবে।
- \* কোক = নেক্ডে (wolf); ঋক = ভনুক; তবকু = hyena।
- † এই সকল প্রাণীৰ অনেকগুলিৰ নাম থম পণ্ডে মুখাভোজন-জাতকের (০০০) ৭০ম ও ৭৬ম গাখার এবং কুশাল-জাতকের (০০০) প্রাংস্তে (২৬২ম পৃষ্ঠে) পাওয়া গিয়ছে। প্রদাস ⇒গণ্ডাব ; গণী ⇒ গোকর্ণ ; নিক্ক ভ্রন্থ করক বা শশকরিক = শশ+ ব্যাকর (বা করিক)। মুখাভোজন-জাতকের টীকার দেখা যায় করিক বা করক এক জাতীয় হরিণ। কুণাল-ছাতকের অনুবাদকালে অনবধানতাবশতঃ আমি এই অর্থ ধরিংত পারি নাই। 'গ্র্যা ইউতে 'কর্ণক' প্রান্ত পদন্তলি ভিন্ন ভিন্ন জাতীয় হবিশের নাম। ৬৬ম ইইডে ৬৮ম গাখায় পুনক্তি-দোষ বেশী মাআর দেখা যায়, কারণ প্রুদিশের নামে 'ববাহ' শক্টী ছুইবার এব' শূকর শক্টী একবার প্রযুক্ত ইইরাছে।
  - ় পাবুস বা পাগুস = বাগুস ( সংস্কৃত ), ৰাউস ( বাঙ্গালা )।
- \$ मृत ও টীকা, উভরেই এর্কোধ্য। মূল 'বেল্রিবকরো দায়ো'; টীকা—'বেল্রিয়পায়াবে পয়রিয়া সক্ষ্
  করিয়ে।'।
  - পাথানিক অণ্রগোবানদীপ: •টীকাকার । ইহাতে কোন্বেশ বুঝাইতেছে ভাগা কানা বাল লা।

৭৮। শক্তের উদ্ধান চারি— নন্দন, মিশ্রক, পারুষক, চিত্ররধ—বিরাজে ইহাতে। ভাই দেগ বৈজয়স্ক, শক্রের প্রাসাদ।

৭৯। নির্মিত 'হুধর্মা' সভা এ মণির মাঝে আন্বেরি:শ-ধাম, পারিজাত কুহুমিক,

নাগরাজ ঐরাবত অই থেখা বায়। ৮০। নলনে ক্রীড়ার রঙা ক্রিংশ-অক্লবা

নম্বত্তের সমা, কের এই মৰি মধ্যে রয়েছে নির্মিতা।

৮)। দেবপুত্রমন হরে দেবক জ্যাপণ, দেবপুত্রগণ হথে করে বিচরণ — সকলে(ই) এ মণিমধোপাইবে দেখিতে।

৮>। বংগছে গহস্ৰাধিক, বৈদুৰ্য্যমণ্ডিত সমুজ্জল দেবগৃহ মধ্যে এ মণিব।

৮০। আর স্থানে, যামে, প্রনির্মিতে, তুরিতে
আহেন যে সধু দেব, সকল(ইং, নরেন্দ্র,
কল্পত এ মণিমধ্যে তের, বিনির্মিত।

১৫ ৮৬ ৮৭ : বিবিধ বিচিত্ত বেথা এ মণির মাথে — দশ খেড, দশ নীল স্বৃত্তি মনোহৰ একুল পিঙ্গলবৰ্ণ, চৌদ্দ পীডোচ্ছেল, বিশ্বিশ্বৰ্গ তাৰ বছড়সন্থিত : ইন্দ্ৰোপ্ৰিভ্বেণ্ড আৰু শ্ৰেণ্ড বাছ

কুলবৰ্ণ হলে বেগা, মঞ্জিটাবৰ্ণেৰ বংৰকে পঢ়িল বেগা, মঞ্জেটাবৰ্ণেৰ বংৰকে পঢ়িল বেগা, সঙ্গে ভাহাথেৰ বজড়ীৰ নীলোক্সলহাক মনোছৰ

৯৮। স্বৰাঞ্চলৰ, দৃ(ডিমান, মানাংৰ এট মণি দৃ(চেপৰ বহিল আমায়। সে মোৰে কৰিবে জয় দৃ(ডে, নবৰছ এন মণি লভিযা ধঞা চৰে সেই জন।

মণিখণ্ড সমাপ্ত।

(8)

এইরপে মণির গুণ বর্ণনা কবিয়। পূর্ণক বলিলেন, "মহারাজ, আমি দৃত্তে প্রাজিত হইলে এই মণি দিব, আপনি প্রাজিত হইলে কি দিবেন বলুন ও ?" রাজা বলিলেন, "আমার শ্রীব, (আমাব মহিষী) এবং আমার খেবছেন্দ্র বাডীত সর্বস্থাই পণ করিলাম।" "বেশ কণা, মহাবাজ; তবে আব বিদয় করিবেন না; আমি বছদ্র হইতে আদিয়াছি। শুদ্র দৃত্যপ্রনা সক্ষিত্ত কবিতে আদেশ দিন।" রাজা আমাত্যদিগকে আজ্ঞা দিলেন.

<sup>\*</sup> দেবলোক ছয়টী-- চাতুম হারাঞ্জিক, জন্মন্তিংশ, যাম, তুবিত, নিশ্মাণরতি, প্রনির্দ্ধিত বশবস্তী।

<sup>+ &#</sup>x27;পুত্ৰমঞ্জন' বলিলে দৃত্তফলক বা দৃত্তণীঠ ( অর্থাৎ বাহার উপব ওটিকাঞ্চি চালিত হর ) বৃষ্ণার।-কিন্তু এখানে বোধ হয় ইয়া 'গৃতপালা' অর্থে ব্যবহৃত হইয়াছে।

তাঁংবারা অচিবে দ্যতশালা সাজাইলা কুফরাজের জন্ম উৎকুষ্ট ঘনান্তর্ণযুক্ত আসন, অপর রাজাদিণের জন্ম আসন এবং পূর্ণকের জন্ম উপযুক্ত আসন বিন্যাস করিলেন এবং রাজাকে লানাইলেন যে, দাতক্রীড়ার সময় উপস্থিত হইয়াছে। তথ্য পূর্ণক রাজাকে সংখাধন করিয়া रशितमा.

> ৮৯। হুসজ্জিত দাতশালা লক্ষ অভিমধে চল যাই এভাদশ মহামণি তোমার ত. নরবর, নাই। প্রয়োগ না করি বস্ অসাধ উপায় পরিহরি ক্রীডায় হইব জয়ী. এস এ প্রতিজ্ঞামোরাকরি। অবিলয়ে করিবে অর্পণ হও যদি পরাক্তিত দাতে ধাহ। করিয়াছ পণ। আমাকে সে ধন, ভপ,

রাজা বলিলেন' "মাণ্যক, আমি রাজা বলিয়া ভয় করিওনা। আমাদের জয়-পরাজয় বিনা বলপ্রয়োগেই সম্পাদিত হইবে।" ইহা শুনিয়া পূর্ণক সভাস্থ রাজাদিগকে সাক্ষী করিয়া বলিলেন, "আমাদের জয়পরাভয় ধর্মাত্রাদিত উপায়ে ছইবে।

> । २९छ-मक्ट-णुद्धानन-পঞ্চাল-কেকর আদি যত कीर्डियान (इशा मयानड. দেশের ভূপালগণ দেখুৰ সকলে, ধেৰ যথাধৰ্ম দাতক্ৰীড়া হয় . সভার কেহই যেন অসায়ের না দেন প্রশ্রেষ।"

অনুস্তুর কুরুরাজ এক শত এক জন রাজপ্রিবৃত ইইয়া এবং পূর্ণককে সঙ্গে লইয়া দাভ্যভায় প্রাবশ করিলেন : দেখানে সকলে ঘথাযোগ্য আসনে উপবিষ্ট হইলেন, রজভফলকের উপর মুবর্ পাশক স্থাপিত হইল। পুর্ণক কালক্ষেপ না করিয়া বলিলেন, "মহারাজ, জিতিবার জনু মালিক, সাবট, বছল, শান্তি, ভদ্র প্রভৃতি\* চব্বিশ রক্ম দাংন আছে। আপুনি নিজের ক্ষ্রিমত ইহাদেব যে কোন দা'ন ফেলুন।'' "বেশ কথা" বলিয়া রাজা বছল' গ্রহণ করিলেন, পর্ণক 'সাবট' গ্রহণ ..করিলেন। অনস্তর রাজা বলিলেন, "মাণবক, তুমি পাশক নিক্ষেপ কর।" পূর্বক বলিলের, "প্রথম দা'ন আমার প্রাণা নছে; আপনিই প্রথম দা'ন ফেলুন।" বাজা বলিলেন, "বেশ, তাহাই করা যাউক।" রাজার ততীয় পূর্বাজনে বিনি জননী চিলেন, এ জন্মে তিনি তাঁহার রক্ষিকা দেবতা ইইয়াছিলেন। তাঁহারা অমুভাববলে রাজা দ্যান্তে জয়লাভ করিতেন। তিনি অদূরে অবস্থান করিতেছিলেন; রাজা তাঁহাকে স্মরণ ক্রিয়া এবং দ্যুত্গীত গান ক্রিয়াণ অক্ষ গুলি মৃষ্টি মধ্যে ঘুরাইয়া আকাশে নিক্ষেপ ক্রিলেন।

† ব্ৰহ্মদেশীয় কোন কোন প্ৰকে এই দাতগীতগুলি পাওয়া যায় :--

১। मुख्या नहीं वक्कनहीं, मृद्ध्य कथा बनामहाः স্কিবিথিরো করে পাপং লব্ভমানে নিবেদকে।

২। দেবতে ছজ্জু রক্থ-দেবী পদ্দ মামং বিভাবেষা; অমুকম্পকা পতিঠা চ পদ্দ ভদ্রানি রক্ষিতং।

৩। জম্বোনদময়ং পাসং চতুরং সমঠসূলি

৪। দেবতে মে জয়ং দেহি প্সৃদ মং অপুপ্তাগিনং

। অনঠকং মালিকং বৃত্ত পাবটুং চছকং মতং .

৬। চত্ৰিশতি আরা চ মুনিন্দেন প্রাসিত। তি

বিভাতি পরিসমঞ্বে সককামদদো ভব।

মাতাবুকম্পিকে। পোসো সদা ভন্তানি পসস্তি।

চতুকং বছলং ক্রেয়াং দ্বিক্সন্ধিকভক্তকং।

मालिका ह हार काका मारही मधका त्रवि

বছলোনেমি সভবটো সভি ভালাচ জিভিথা জি।

এই গাখাগুলির পাঠ এড জনদ্বিত সে সর্বজ্ঞ অর্থগ্রহ করা অসম্ভব। বোটামুটি ভাব বোধ হয় এইরূপ :--13) मकत नहीं है को का बैका , मकत कथा है (१) , अर्थितिहा थाकिएत मकत और शांभ करत । (१) एक एक्ट एक्ट

<sup>\*</sup> এই পারিভাষিক শব্দগুলির কর্থ বুঝা কঠিন। নহাভারত, মুক্তকটিক প্রভৃতি গ্রন্থে অক্ষয়তের যে বৰ্ণনা আছে, ভাহাতেও এ সকল শব্দ পাওৱা যায় না। দা'ন = কেপ (throw)।

অক্ষঞ্জলি পূৰ্ণকের অফুভাববলে এমন ভাবে পড়িতে লাগিল যে, ভাগা দেখিয়া মনে হুটুল, রাজার পরাজয় হইবে। রাজা দাতবিভায় স্থানিপুণ চিলেন: তিনি দেখিলেন পাশকগুলি শেই জাবে পড়িলে জাঁহার পরাজয় অনিবার্যা: সেই কারণে ডিনি সেগুলি আকাশেই ধরিয়া ফেলিলেন এবং পনব্বার নিক্ষেপ করিলেন। কিন্তু দ্বিতীয় বাবেও অক্ষঞ্জলি পর্ববং পড়িতেতে দেখিয়া তিনি নিজের পরাজয় অবশান্ধারী মনে করিলেন এবং সেগলৈকে আকাশেই ধরিটা ফেলিলেন। ইহা দেখিয়া পূর্ণক ভাবিতে লাগিলেন, 'এই রাজা মাদশ যক্ষের সঙ্গে দাতে প্রবৃত্ত হইয়া প্রনশীল অক্ষর্জলিকে এক সক্ষে আকাশেই ধরিতেছেন, ভতলে প্রিতে দিতেছেন না, ইহার কারণ কি !' তিনি ইতঃগুত দৃষ্টিপাত পূর্বক বৃঝিলেন যে, পেই রন্ধিকা দেবতার অঞ্ভাবেই ইহা ঘটিতেছে। তিনি চক্ষম্ম ক্রমভাবে উন্মেলন করিলেন: ইহাতে ৰক্ষিকা দেবতা ভম্ব পাইয়া চক্ৰবালপৰ্বতের মন্তকোপরি গিয়া কাঁপিতে কাঁপিতে বৃদিয়া পুডিলেন। এদিকে বাজা ততীয় বার অক্ষ নিকেপ কবিলেন। এবং দেগুলি পুডিবার কালে বঝিলেন জাঁহার পরাজ্য হইবে। তিনি অক্ষণ্ডলি ধরিবার জন্ম হল্ম প্রদারণ করিলেন : কিন্তু পূর্ণকের অফুভাববশতঃ ধরিতে পারিলেন না। কাজেই সেগুলি এমন ভাবে ভত্তে পতিত চইল যে তাঁহার পরাজ্য ঘটিল। ইহার পর পর্ণক অক নিক্ষেপ করিলেন। দেওলি এমনভাবে পডিল যে, তাঁহারই জয় হইল। রাজা পরাজিত হইলেন ব্রিয়া পুর্ণক করতালি দিয়া তিনবার উল্লেখ্যে বলিলেন, 'আমি জিডিয়াছি, আমি জিডিয়াছি।" তাঁচার এই উচ্চ নিনাদ জম্বরীপের সর্বতে প্রতিগোচর হইল।

#### এই বুড়ান্ত বিশদরূপে বুঝাইবার জন্ত শান্তা বলিলেন।

উভয়েই দাতোক্সক — কুলরাজ, বন্ধ-সেনাপতি;
প্রবেশিনা দাতাগারে উভয়েই অভিশীজগতি।

 করিলা গ্রহণ কলি বাছি বালা ধনঞ্জ;
পুশিক লইলা কট — নিশ্চর ঘাহাতে হর কর।

\*\*\*\*

৯২। উভয়েই অবিলম্বে হইলেন প্রবৃদ্ধ থেলিতে;
সমবেত রাজগণ সাক্ষিরণে লাগিলা দেখিতে।
যক্ষের হইল জয়; কুকন্পবর পরাজিত;
হইল দে দাতাগারে মহাকোলাংল সম্বিত।

পরা সমবশতঃ রাজা বিষয় হইলেন । পূর্ণক তাঁহাকে আখাদ দিবার জঞ্জ বলিলেম,

৯৩। প্রতিযোগীদের মধ্যে সকলে না জরী হয়; কেই করে জয় লাভ, কা'র(ও) ঘটে পরাজয়। হইরাছ পরাজিত; জিতিয়াছি বহু ধন; বিলম্ম না করি তাহা আমাকে কর অপ্পা।

ভূমি আছ আমাকে রক্ষা কর; আমার সর্বনাশ করিও না; তুমি সদয়ভাবে প্রতিষ্ঠিত হও; আমার কুশল বেষ রক্ষিত হয়। (৩) বর্ণনির্দ্ধিত এবং চতুরঙ্গনিপ্রমাণ এই অক্ষ সভামধ্যে বিরাজ করিতেছে। হে দেবতে, তুমি আমার সর্ববিদ্ধানন পূর্ণ কর। (০) তুমি আমাকে বার দাও; (?) বে বাক্তি মাতার অপুকল্পা লাভ করে সে কল্যাণভালন হয়। মালিককে অন্তক, সাবট্টকে বঠক, বহলকে চতুছ এবং ভাবককে বিব্দানিক (?) বলে। মুনীল্র জালাভের ব্যক্ত চতুর্বিংশতি প্রকার কেপ নির্দ্ধোক বির্যাহেন। মালিক ছুইটা কাকের এবং সাবট্ট মতুক্র জান শক্ষকারী (?); বহলের শক্ষ রখচক্রের ঘর্বর শক্ষের ভার এবং শান্তি ও ভ্যার শক্ষ ভিন্তিবের রবের জায়।

<sup>\* &#</sup>x27;কলি' ও 'কট' সম্বন্ধে ১৯৭ম পৃঠের পাদটীকা স্তপ্তব্য । কলি বলিলে পাশকের যে পিঠে একটা বিন্দু থাকে এবং কট (সংস্কৃত 'কৃত') বলিলে যে পিঠে চারিটা বিন্দু থাকে ভাষা বুঝার। 'কট' **ব্যাভাতক** ; 'কলি' পরাজয়-ছোতক ।

বাজা একটী গালাম পূৰ্ণককে এবলন ধন গ্ৰণ কৰিছে ।লিলেন :--ə8। গোজ্য কুল্ল-মণি, কুওলাদি বাভাগ —

আছে যত রঃ মোর লও তবি, কালাহন। সর্বান্ত আমার উমি স্বন্থলৈ গ্রহণ করি, হয়ে পূর্ণমনস্থাম, যেখা ইছুল বাজ চলি।

পূৰ্ণ বলিলেন,

ac। গো-অখ-কুঞ্জর-মনি, কুণ্ডবাদি আভ্যন বিবিধ রতন বটে অন্তে তেও, তে লাভন অমাতাবিছৰ হি. ৪ তেওঁ ভৰ বাল। ১৯ লভেছি তাঁহাবে পৰে : দাও মেধে দেই এন।

বাজা বলিলেন.

৯৬। বিতৰ আমাৰ আহা, দ শরণ অংমাৰ ভগ্নপাত নাবিকেব বেমন আগ্রন প্রিকের প্রের গুলো, দেবা দেব হরে

দেৰপ, বাসনে মোৰ একমাত্ৰ গতি . কেবল অমাতা নন, নিতীয় স্নীবিত

ভলনা বলে। সঞ্জে হয় না ভারাগ। याधरता राज भी १. किथा वदा हु। 2895 Me in Cemaura सामग्रह । अपन अहा विषय सुप्रस्थि । শ্ৰমার যে মহামতি বিদ্যাপ্তিক।

পূৰ্ব ব্যৱহান,

৯৭। বিদ্যারের তরে দেখি। दर्शनीय नायांच १८८ চল বিছরের ঠাই : তাঁকেই বলিৰ মোৰা বিচার কবিয়া ডিনি

भिरवन स्य शङ्गा<u>रि</u>, **र**हेरव गृहो 5, छून :

বাদ-অনুবাদ বহুখন . এ বিবাদ কৰিতে ভ্ৰপ্তন মানিয়া লইব মোৱা তাই . वर्षा वाकावादक काळ माडे ।

রাজা বলিলেন,

তাহাই এমাণ্রূপে

av । विज्ञाह, नागवक, নিশ্চিত এ সভাকথা, পেন কি জয়দান্তি এতে কিছু নাই। চল বিভয়ের পাণে: किकामा कविरश डाटक. তাহার বিচারে ১৪ হব হুজনার।

ইং৷ বলিয়া রাজা দেই এজনত একজন বাচকত্ক পানরত হইয়া এবং পূর্বককে সংস্নে লইয়া ষ্ট্রচিত্তে ও জ্বতগতিতে ধর্মদভায় গমন ব বিংলন। বিছব আসন হইতে অবতরণপূর্বক রাজাকে প্রাণিপাত করিয়া এক পারে অব্যিত ছণলেন : অনন্তর পূর্ণক তাঁথাকে সংখ্যাবন করিয়া বলিলেন, "পণ্ডিতবর, আপুনি দুর্মুপ্রায়ণ, নিজের প্রাণরক্ষাব कन्न थांशन मिशा वरनन ना, जिङ्गात मर्सक थांगनात এই कोर्डिक्श कुनिएक शाह । **আপনি ধর্মে কতদুর স্থপ্রতিষ্ঠিত,** ভাহা আমি আদ্ধ পরীক্ষা করিব।

৯৯। দেবগণমুখে করি সভত শ্রবণ, সভাকি নাএই উক্তি, প্ৰীফাক্তিতে বিছয় বলিয়া খ্যাত ভুবনে ধে দ্পন. রাজার কি দাস তুমি ? কিংবা জ্ঞাতি উার ? প্রকৃত উত্তর লাও এখেব আমার।

বিচর অমাতা অতি ধর্মপরারণ বিহুবে একটা াম চাই বিজ্ঞাসিতে :--সমাতে কাণ্টা ভিনি মধ্যাদাভাষন গ

**প্রথম থাঙের অন্মতুউজাউকেও (৬২) অল** দাতের বর্ণনা দেখা যার। টারের প্রথম গালা এবাং এই জাউকের व्यथन मृष्डिनाथा आह अकरे । अक्कृडकांडद्दत हेक श्वा वहे-नाता नरी अवता करेंक्रिया बना স্বিস্থিনে। করে পাণং লভ্যানা নিগারকে।

🍍 পূৰ্ণককে আজা কাআয়ন-নামে সংখ্যাস কলিতেংন, কেন না ডিনি ডবল্ড বুণিকেও বক্ষভাব ভানিতে ,পারেন নাই।

🕈 बाला १९५ किताकित्वन, पूर्वक श्वराजिक हर्देक नेन्द्रबन सकेत, बादनी अव ६४ करन पात्रीक सर्वात विरुचन । बचन विद्वत । । ठिल स्व उद्य--- अकृष्य--- वस्तुष्य श्रुन स्व इट्टेरफर ज्ञार है। उन्हें र अर्जन व

মহাসত্ম ভাবিলেন, 'ইনি ত আমাকে এই প্রশ্ন করিলেন। আমি রাজার জ্ঞাতি, বা বাজা অপেকা কুলপৌরবে উচ্চতর, বা রাজার কেহই নই, একপ কোন উত্তর ত দিতে পারিব না। ইহজাগতে সভোর জ্ঞায় আশ্রয় ত আর কিছু নাই। অভগ্র সভাই বলা আবহাক।' মনে মনে এই সম্ভ্র করিয়া তিনি বলিলেন, "মাণবক, আমি রাজার জ্ঞাতি নই, কুলগৌরবে তাঁহা অপেকা উচ্চতরও নই, সমাজে যে চতুর্বিধ দাস আছে, আমি তাহাদেবই অক্সত্ম।

: • । যানব্দযালে আছে দাস চতুর্বিধঃ— বেজার বীকার করে দাসত বেজন শক্তভার প্রবলের কইরা আশ্রয়

১০)। মামুবের থাকে দাস এ চারি প্রকার;
হউক রাজার এতে হিড কি অহিত .
থাকি যদি দূরদেশে, নিকটে অক্টের
আচে অধিকার এঁর ধর্ম অসুসারে

গর্ডদাস, দাস বেই ধনহার। ক্রীত;
লভিতে প্রভুর ঠাই আস-আক্রাদন .
অথবা বেজন তার দাস হবে রয়।
বানিতঃ আমিও দাস নিক্র রাজার†।
কিছুতেই বলিব না কবন(ও) অনৃত।
তবু চিরদিন দাস রব আমি এঁর;
করিতে আমায় দান বাকে ইছবা ভারে।

ইং। শুনিমা পূর্ণক অভিমাত্র হাই হইয়া করতালি দিয়া বলিলেন,

১০২। হল আজ ভাগো মোর বিজয় বিতীয় বার , মনাত্য প্রাণেব মোর দিয়াছেন সমুস্তর। রাজকুলে শ্রেষ্ঠ তুমি , হবে কি অধর্মকর গ কেন না মানিতে চাও বিহুরের হুবিচার গ

বিত্রের উত্তর ভ্নিয়া বাজা কুদ্ধ ইইয়াছিলেন। তিনি বলিনেন, "আমি ভোমার প্রতি এক সমান প্রদর্শন করি; মধচ আমার দিকে না ভাকাইয়া তুমি, যে মানবকের এই মাজ প্রথম দেখা পাইলে, ভাহারই প্রতি সম্পাদন করিলে।" অনস্তর তিনি পূর্ণক্ষে বলিলেন, "ইনি যদি 'দাস' হন, ভবে ইহাকে লইয়া যেখানে ইচ্ছা গমন কব।

১০০ ৷ 'দাস আমি, নই জাতি কুকনরেশের' লঙ্জ, কাডাায়ন, ভূমি সর্কাঞ্চেধন এ উত্তর দেন বদি মোদের প্রশ্নের, বেধ। ইচ্ছা ল'বে এ'রে করত গমন।"

কিছু ইহা বলিঘাই রাজা ভাবিলেন, "পণ্ডিতকে লইয়া মাণ্যক যেখানে ইচ্ছা চলিয়া ঘাইৰে। কিছু পণ্ডিত প্রস্থান করিলে ত মধুর ধর্মকথা গুলুঁত হইবে। অতএব পণ্ডিতকে এখানে রাখিয়া তাঁচাকে 'ঘরবাস' প্রশ্ন জিজ্ঞাসা করা ঘাউক। ই" এই সঙ্কল করিয়া রাজা বলিলেন, "পণ্ডিতবর, আগনি এখান হইতে চলিয়া গেলে ত আমার পক্ষে মধুব ধর্মকলা আবন ছুলুঁত হইবে। অতএব আগনি অসঙ্কৃত ধর্মাসনে উপবেশন করিয়া এবং আপনার প্রাচিতভাবে প্রতিষ্ঠিত হইয়া আমি যে ঘরবাস প্রশ্ন করিতেছি, তাহার উত্তব দিন।' বিছ্ব 'বে আজা' বলিয়া রাজার প্রস্তাবে সম্মত হইলেন এবং স্থাজিত ধর্মাসনে আসীন হইয়া বাগা যে প্রশ্ন করিলেন, ভাহার উত্তর দিকেন। রাজার প্রশ্ন করিলেন, ভাহার উত্তর দিকেন। রাজার প্রশ্ন প্রই :—

১০৪। ''নিমপুহে পৃহছের। ঘবে করে বাস, কি করিলে হবে বন্ধ ডা'রা ক্ষেমান্দর, সংযুক্ত্তির পাত্ত, সর্কজনপ্রির গঙ্গ

<sup>\* &#</sup>x27;নাস'-সম্বন্ধে বিতীয় বণ্ডের উপক্রমণিকার ০। পুঠ স্তইরা ।

বর্থাথ আমি রাজার পর্তদাস । দাসের উরুসে দাসীর পর্তদান্ত হাসকে পর্তদাস (born slave ) বলা

কাইত । মহাভারতের বিভূরণ দাসীপ্ত

ই অর্থাং পুরস্থাদিশের কর্ত্তব্য কি, ভংগদান গ্রন্থ ক্লিক্সাসা করা হাউত ।

<sup>্</sup>ঠ কথা যু মুদ্দ সংগ্ৰেণ "সংগ্ৰহণ বলিকে কলা স্বাপুত্তি ইত্যাদি যুৱাব। যৌদ্ধ-সাহিত্যে ভদ্ধিক সংগ্ৰহে ইল্লেখ পাঞ্চা বাব—কান প্ৰিবকাৰা, কুথাৰ্থচিব। কু সমক্ষমুখ্যুখন্ত।

- ১০৫। কি করিলে ছ:খ হতে পাবে অবা।হতি ?
  কিরূপে যুবকগণ হবে সত্যবাদী ?
  কি করিলে হবে না ক ছ:খের ভাজন,
  যাবে যবে পরলোকে চাডি মার্নাধাম ?'
- সহত সন্মার্গগামী নিজপ্রজাবলে,

  গৃতিমান, হুপণ্ডিত, পরমার্থবিৎ
  বিতর রালারে এই দিলেন উত্তর:

  —
- ১০৭। হর না গৃহস্থ যেন পরদাররত, 

  শাতু জব্য একা যেন না করে ভোজন;

  হর না প্রবৃত্ত যেন বুধা বিত্তায় †

  জ্ঞানবিবর্জন যাহা করে না কথন।
- ১০৮। শীলবান্, শুচিত্রত, অপ্রমত্ত সদা, বিনয়ী, মাৎসর্ঘাহীন, কেহপরায়ণ, মিষ্টভাষী কাষ্মনোবাকে। মত সদা,
- সদুপায়ে সাধ্মিত্তসংগ্রহে নিপুন,
  লাতা, কালাকালবিং; হইবে গৃহয় ।
  ৢবিবে সে অন্নপানে শ্রমণবাদ্ধরে ।
- ১১•। হুচরিতধর্মকামী, ধর্মের রক্ষক,
  ধর্মকে জিজ্ঞাকু দদা বহুশাস্ত্রবিৎ,
  শীলবান্ সাধদেব সেবায় নিরত —
  এ সকল গুণাধিত হয় যেন গহী।
- ১১১। নিজগৃহে গৃহত্বেনা করে যবে বাস, এই সব গুণে তারা হবে ক্সেমাম্পদ , লভিবে সহাসুস্তি, সর্বজনশীতি। ইহা ডিন্ন অস্তু কোন নাই সমুপায়।
- ১১২। এড়াবে ছংগের হাত ইহাতেই তাবা , ইহাতেই মূবকেবা হবে সভ্যবাদী , ইহাতেই হবে না ক ছংগেব ভালন যাবে যবে প্রলোকে ছাভি সর্ভাগেন।

বাজা গৃহবাস-সম্বন্ধে যে প্রশ্ন করিয়াছিলেন, এইরপে তাহাব উত্তর দিয়া বিছুর পল্যাক হইতে অন্তত্তরণপূর্বক রাজাকে নমস্বার করিলেন। রাজাও তাঁহার মহাসন্ধান করিয়া একশত একজন রাজার সঙ্গে স্বগৃহে চলিয়া গেলেন।

[ খরবাসপ্রশ্ল'সমাপ্র ]

(a)

মহাসন্ত ফিবিয়া আসিলে পূর্ণক বলিলেন,

১১০। চল এণে যাই মোরা। পুরু প্রডু ভব করিলা ভোমায় দান, কর্ত্তবা যা এবে অং হমন্তভাবে ভাহা কর সম্পাদন। ইয়াই ভ. বিভাবর, ধর্ম-সনাতন।

 <sup>&</sup>quot;ন সাধারণদার' অসম"। সাধারণদার শব্দে একপ্রীয় বহুপতি ব্রাইবে না, বহু উপপতি ব্রাইবেশী

<sup>🕂 &#</sup>x27;ন দেবে লোকায়তিকং'। লোকায়তিকং = অনথনিস্দিতং সগ্প্ৰপ্ৰানং অদায়কং।

<sup>া</sup> কথন কি ( যথা কর্ষণবপনাদি ) কর্ত্তবা, কখন বা অকর্ত্তবা ইহা গাচার ক্রানা আছে ।

বিছব, বলিলেন

. ১৪। জানি, মাণ্বক আমি এবে তব দাস .
তব হত্তে এড়ু মোবে করিলা অর্পন।
তিন দিন তব পাণে ভিক্ষা আমি চাই
থাকিতে নিজেব গৃহে, দিতে উপদেশ
পদ্ৰগ্যে, কুইবাসম্বন্ধে তাহাদেব।

ইং। শুনিয়া পূর্ণক ভাবিলেন 'পণ্ডিত সত্য কথা বলিয়াছেন, ইংৰাতে আমার বহ উপকার হইবে; ইনি এক সপ্তাহ কিংবা অর্দ্ধ মাসও আমাকে এখানে রাখিতে চাহিলে আমি সম্মত হইতাম।' তিনি বলিলেন,

> ১১৫। ভাই হোক; দিনত্রর আমিও থাকিব গৃহে তব; কব গৃংকুতা সম্পাদন, পুত্র ও কলত্রগণে দাও উপদেশ,— দাবধানে, মবে তুমি কবিবে প্রস্থান, পালি যাহা হবে তা'রা কলাগিভালন।

हैश विलग्न भूर्वक प्रशंमाखन माम जाहात जाहार अरवन कविरासन ।

্রেই বৃত্তান্ত সুম্পষ্টকপে বৃঝাইবাব জন্ম শান্তা বলিলেন,

১১৬। মহাভাগ সাধাশ্রেষ্ঠ পূর্ণক জগন বিজ্ঞান প্রস্তাধে সম্মতি কবি দান, উাহাকে লইয়া সঙ্গে কবিলা গমন প্রধ্যেনি অস্তংপুরে, নানাস্থানে বাব হস্তা, আধানেয় অম্ব ছিল নানাবিধ

ভিন ঋতুতে বাদ কবিবাব জন্ম হাদংশ্বৰ ক্ৰোঞ্, মযুব ও প্ৰিয়কেত নামক ভিনটী শ্বভন্ন শ্বভন্ন প্ৰাদান ছিল। এই ভিনটীকেই লগ্য কবিহা বলা হইথাছে,

> ১১৭। ক্রেঞ্চ প্রিংকেত আর মণুব, এ তিন আছিল প্রানাদ রম্য বিচরের সেধা— ভক্ষাভোজো, অন্ত্রপানে পরিপূর্ণ সদা, ইক্সভবনের তুলা গঠিত ক্ষমর। একে একে এই তিন বিচিত্র ভবন দেখাইলা পূর্ণককে বিদুর পশ্ডিত।

গৃহে গিয়া বিশ্বর একটা অকষ্ট প্রাসাদের ভূমিতে একটা শ্যনগৃহ ও মহাতল সক্ষিত করাইলেন, গৃহের মধ্যে উৎকৃষ্ট শ্যা রচনা কবাইলেন, সর্ক্ষবিধ অন্ধণানাদি রাধাইলেন. দেবকন্যোপমা পঞ্চশত রমণী আনাইলেন, এবং "ইহারা আপনাব পাদচারিকা হউক, আপনি অন্থংকঠচিত্তে এথানে অবস্থিতি করুন" পূর্ণককে এট কথা বলিয়া নিজের বাসভবনে প্রবেশ করিলেন। তিনি চলিয়া গেণে ঐ বমণীব। নানা বাছ্যন্ত গ্রহণ করিয়া পূর্ণকের পরিচর্ষার্থ নৃত্যুগীত আরম্ভ করিল।

সংক্রাপরিক ছার।

### , এই ক্ষান্ত (ভিজন্তিশ প্রভাগ করিবার করা গাস্তা বলিলেন

- ১)৮। নৃহা কবে পান কবে, মধ্য:চবে অভাগিতে দয়াব। কবে নারীগণ বিবিধভূগণে দবে হইয়া মণ্ডিত— ভূতলে জিদিবচুডো দেবকক্সাসমা। নৃত্যের সৌলর্থো, আব মাধুর্গ্য গানেব একে কবে ক্ষতিক্রম অক্টেপক পর।
- ১১৯। অনুপান প্রমধানিদানে যক্ষে তুষি
  ধর্মতা বিহুব চিন্তি কলাণি স্থাব,
  প্রামধিলা ভাগার স্কাণে অভ্যের।
- : ३० । পুদর্শনিকান্তা, অনুলিপ্তা সর্কাদেহে
  বিশিষ সাক্ষর মার চন্দদের এসে,
  ভাগানেক সম্বোধি তিনি থলেন, 'ভাষান্দি,
  গ্রহণনে ত ক্তিয়া কান এই প্রানে।''
- ১২১। িদুবের যুহা চেডা আবিওলোচনা, দুসুপ্রমণ না লোভিডবংগ — ব্যাসনে ভবিশ ভাবে বলেন অলুলো <sup>●</sup> শতাও ইলীবা লাগে, আন্ত দা কিলা পুলুগ্ধে এই লানে, হ্বকিডা তুমি ব্যাভবণ্ডপ বর্ষ কবি পরিধান।"+

চেডা "বে আজ্ঞা" বলিতা প্রাসালের সর্পত্ত বিচরণপূর্পক বিত্রের পুল্নিগকে বলিলেন, "আপনাদিগকে উপদেশ দিবার নিমিত্ত পিতা আহ্বান করিছেছেন। তাঁহার সক্ষে আপনাদের ইহাই শেষ দেখা।" ইহা বলিয়া তিনি বিহরের সকল সহস্যান এবং পুত্রহক্তাদিগকে সেগানে সমরেত করাইলেন। এই কথা শুনিয়া বিত্রের পুত্র ধর্মপাল ক্ষার ক্রন্সন করিছে লাগিলেন এবং কনিষ্ঠ শ্লাত্রগণপরিবৃত্ত হইয়া পিতার নিকট উপস্থিত হইলেন। তাহাদিগতে দেখিয়া নিহণ পশ্ভিত চিত্রের বৈধ্যা রখন করিছে পারিলেন না; তিনি অম্পূর্ণনেত্রে তাহাদিগতে আলিখন করিলেন, তাহাদের মন্তর্ক চুছন করিলেন, স্মেষ্টপুত্রের মৃহত্ত্বের জনা নিজের বক্ষঃস্থানেশ্বি রাখিলেন, শেষে তাহাদের বক্ষঃ ইইতে অবতারণ করিয়া শয়নকক্ষ হইতে বাহির হইলেন এবং মহাতলে পল্যান্থে উপবেশনপূর্পক পুত্রসমূহকে উপদেশ দিতে লাগিলেন।

## ( এই বুখান্ড বিশ্বস্ত্ৰণে ব্যক্ত ক্ত্ৰিবার জন্ম শাল্ডা বলিলেন,

১২২। সমাগত গুলগুংগ দেবি ধর্মপাল ‡
করিবেন কাতকটে ধর্মগাংগলখন;
মন্তক ভাবের বরি সম্মেহে চুপন
কলিকেন, "বংনগণ, নাণবক-হত্তে
করিকেন দান মোবে রাজা মহাশর।
হইবাভি এবে, ভাই, দান মাণবের।

विद्वति श्रीत्र नीय 'अन्दा'।

বীরের পাণে বেমন বর্মা, এট রমণীর গকে তেমনি ভাঁচার আচরণ।

<sup>ः</sup> विद्यासह अर्थाना करा देशहरू।

১২৩। আয়বদ আমি আছে - ত্রির দির পরে . অক্সিমীন হব কিন্তু সেট মাণুৰের। বৰ। ইচ্ছা লৱে ডিনি ব্যবেন আপাৰ। অব্যক্তি অৰম্ভাৱ ফেলি জোমা সংয বাইতে অক্স আমি : আদিছাভি তাই দিতে কিচ উপয়েশ কলাবভাৱত। ১২৪ · কুরুরাজ এনস্ক<sup>©</sup> আ*রতের* সহ विकारमन यपि कछ । हेल:शर्स्य वक्त পুরাণ বস্তান্ত কি কি কেনেড জোমনা • কি বা উপদেশ দিয়া পিডা ভৌমাদের প্ৰথছন কক্ষেণপ্ৰিজ্ঞাপ্ৰালে ? ১২৫। গুনি ভোমাদের মুখে উপদেশ ময আদরে বলেন যদি,ককুনরপতি, 'মোর দক্তে একাদনে হও দমাদীন---তোমরা সকলে এবে . এই রাজকলে কে আছে সন্মানবোগা ভোমাছের মত গ'--বলিবে তোমরা তবে কুডাঞ্চলিপটে 'বিবেন না, বেব, এই আজা'অফুচিত -কলধর্ম আমাদের নর ইহা, প্রভো। হীনজাতি শুগাল কি করিবে প্রচণ ঘটাবল বাছিত্রালস্ত একাস্ত্র 🕫 "

লক্পণ্ড সমাপ্ত।⇒

( + )

বিত্রের এই কথা শুনিয়া তাঁহার পুত্রকনা-জ্ঞাতিমিত্রগণ কেহই থৈগ্যাবলম্বন করিছে মা পাবিয়া উচ্চৈ:ম্বরে বিলাপ করিতে লাগিলেন এবং মহাস্ত তাঁহাদিগকে সাম্বনা দিলেন :

ক্রাতিগণ উপস্থিত হট্যা নীরব রহিলেন দেখিয়া বিদ্বুর বলিলেন, 'বংসগণ, কোন ছালিচছা করিও না। যাহা জারিয়াছে (সংস্কার মাত্রই) অনিভা; সম্পত্তি বিপত্তিভেই পর্যাবসিঙ হয়। আমি ভোমাদিগকে রাজপরিচর্যা৷ সহক্ষে ক্ষেক্টী উপদেশ দিভেছি; এওলি পালন কবিলে লোকে সম্পত্তি লাভ করিতে পারে। ভোমরা একাপ্রচিত্তে এই উপদেশগুলি শ্রবণ কর।" অনস্থর তিনি বুদ্লীলার রাজপরিচ্যা৷ সংক্রান্ত উপদেশ দিতে আরম্ভ কবিলেন।

[ अहे वृक्षांच विनम्बर्गः वृक्षाहेवात संख्य नाता विल्लान, 🌼

১২৬। মনে ও সকলে কড়ু কণটতা কিছু
হিল না ক বিদ্বের । আরম্ভিলা ডিনি
মিত্রামিত্রজাতিগণে দিতে উপদেশ : —
১২৭। "এস বংসগণ; হেখা উপবিষ্ট হয়ে
হাজপরিচর্বাধর্ম শুন মোর ঠাই;
রাজকুল সেবে যারা, কি নিরমে চলি
সম্মানাহ হয় তারা, বলিতেভি আমি।

পুর্বেবনা ইইবাছে যে রাজার নাম ছিল ধনপ্রব। কাঙেই 'জনসংগ্র' গুলটাকে বিশেবণ-ভানীর
 ীহুলাকার বলিয়াছেন, ''মিস্তব্জনেন মিত্তলনস্য সন্ধানকাবে।'' ফলিডাণ্ড' চনস্ক ও লনজির প্রায় এক।

১২৮। অপ্রকট গুণ যার, শৌর্যা বার নাই, প্রমন্ত ও বন্ধিছীন-- ঈদশ লোকের সম্পান না ঘটে ভাগো সেবি বাহকল। ১২৯। দেবকের শীল প্রক্রা, শৌধা ঘবে রাজা পারেন জানিতে, তিনি বিখাস স্থাপন করেন চরিত্রে তার : নিগঢ় মন্ত্রণা না রাখেন গুপ্ত আর নিকটে তাহার। ১৩ । বেমন ক্রধত হ'লে তলাদও কভ না ছেলিয়া কোন দিকে থাকে সমভাবে. ভেমতি আক্রপ কর্ম সম্পাদে যেজন অকম্পিত মনে, ভালমন্দ না বিচারি সেই যেন হয় রাঞ্জকলের দেবক। ১৩১। বেমন মুধ্ত হ'লে তলাদণ্ড কভ না তেলিয়া কোন দিকে থাকে সমভাবে, ভেমজি যে করে সর্ববালকতা সদা অকম্পিত মনে, ভালমন্দ না বিচারি সেই যেন হয় বাজকলের সেবক। ১৩২। কিবাদিন, কিবারাল্রি, যথনট কেন রাজকার্যাসশাদনে হইলে আদিষ্ট, \* নিৰ্ভৱে সম্পাদে তাহা যে পণ্ডিত জন সেই খেন হয় বাজকলের সেওক। ১০০। किया जिन, किया द्रांकि यथनहीं कन বাক্সকার্য্য সম্পাদনে হউলে আদিই. হুসম্পন্ন কৰে ভাষা যে পঞ্চিত জন, সেই যেন হয় রাজকুলের সেবক। ১৩৪। বাজবাবভারতার ফুনির্শ্বিত পথ রাজার নিমিত্ত যাহা হয়েছে সজ্জিত.— দে পথে, চলিতে আজা দেন যদি ভিনি, তথাপি তাহাতে নাহি চলে যেই জন. সেই যেন হয় রাজকুলের সেবক। ১৩৫। কাম্যবস্তু ভৃঞ্জে না যে রাজার মতন, রাজা হ'তে হীনতর ভাবে চলে দলা সর্ববিধ ভোগহুখে যে পণ্ডিত জন, সেই যেন হয় রাজকুলের সেবক। ১৩৬। বসমালাবিলেপন রাজার মতন ব্যবহার করা কভ নয় নিরাপং . বেশভ্ষা স্বরভঙ্গী, এ সকল(ও) যেন হয় না রাজার মত ভত্তোর কখন। ছবে অসুবিধ তার বস্ত্র আভরণ। এমন সভক ভাবে চলিতে যে পারে,

সেই যেন হর রাজকুলের দেবক।

১০৭। ভার্যাগণে পরিবৃত ভূপতি যথন
জমাতাদিগের সঙ্গে হন ক্রীডারত,
যে জমাতা বৃদ্ধিমান, কোন রূপে যেন
না করেন তিনি রাজীদিগের সম্বন্ধে
প্রকাশ মনের ভাব বাকো বা ইকিতে।

- ১৩৮। অনুদ্ধত, অচপল, বিজ্ঞ, জিতেন্দ্রিল, স্থিরচেতা, অণিধানসম্পন্ন বেজন, সেই যেন হয় ব্যজকুলের সেবক।
- ১৩৯ ৷ না হবে ক্রীড়ার রত রাজপত্নী সহ .
- গোপনে ভাঁদের সঙ্গে কহিবে না কথা। রাজকোষ হ'তে ধন লবে না কথন .---
  - এসৰ নিঃম পালি চলে যেই জন, সেই যেন হয় রাজকুলের সেণক।
- ১৪•। অভিনিদ্রাপরায়ণ যে জন না হয়, মন্ততার হেডুফ্রোনাকরে যে পান, রাজার রক্ষিত বনে মুগরানাকরে
  - সেই যেন হয় রাজকুলের সেবক।
- ১৪১। আমি রাজপ্রিয় ভৃত্য এই গর্ববংশ রাজার পলাক, পীঠ, কোচ্ছ \* নাগ, রখ যে না করে ব্যবহার নিজে কদাচন,
- ১৪২। অভিবুরে কিংবা অভি নিকটে রাজার বৃদ্ধিমান অবস্থান করে না কথন। থাকে সে সমূধে তাঁর হেন কোন খানে সেধানে সকল কথা ক্ষান্ত সে পায়।

সেই যেন হয় রাজকলের সেবক ।

- ১৪০। বুজে রচরিত রাজা, যে সে লোক নৰ,
  তুল্য তার জন্য কেই না পারে ইইতে,
  যবশৃক প্রবেশিলে চলুতে যেমন,
  তথন(ই) দারুক ক্রাপ্তরে উৎপাদন,
  সামান্য কারবে তথা ইয় অকলাং
  রাজার ভ্তেয়ে প্রতি ক্রোধ প্রাক্রিত।
- ১৪৪। নিরত সন্দিগাটির নরপতিগণ:
  না করে পর্কষ্থরে উত্তর প্রদান
  রাছাকে মেধাবী, প্রাক্ত কড়ু সে কারণ,
  ভাবি মনে, 'রাজা মৌরে করেন সম্মান।'
- ১৪৫। হবোগ পাইলে তাহা করিবে গ্রহণ ; রাজকুলে বিখাস না করিবে কবন । রাজকোপ অগ্রিসম , অগ্রমন্ত ভাবে ভাহা হ'তে আল্লবন্ধা করে যেই জন, সেই বেন হর রাজকুলের সেবক।
  - ১৪৬। নিজের পুত্রকে কিংবা ব্রাতাকে যথন তুবিতে চাহেন রাজা করি কিছু দান,— ব্রাম বা নিগম কোন, অথবা প্রতুত্ব পৌর জানপদ কোন শ্রেণীর উপর, রহিবে নীরব প্রাক্ত অমাত্য তথন; বা বলিবে ভাঁচারের দোব কিংবা ক্রব।

১৪৭ ৷ পজনানী, অনীকন্ত, \* রুগী, পদাতিক---এদের কাহার(ও) গুলি বীরত্বের কথা, বেতন করিতে বৃদ্ধি চান যদি রাজা, যে বিজ্ঞ তাহাতে কোন বাধা নাহি দেল. সেই যেন হয় রাজকুলের সেবক। ১৪৮ ৷ চাপুৰু কুশোদর, † বংশের মন্তন সহজে নমনশীল কার'(ও) প্রতিকৃল হয় নাকখন যেই বৃদ্ধিমান নর. সেই ধেন হয় রাজকুলের সেবক। ১৪৯। চাপুৰ্ৎ কুশোদর, মংখ্রের মতন জিহ্নাহীন, প্রাক্ত, শ্রু, মিতাহার যেই, সেই যেন হয় রাজকুলের সেবক। ১৫০। জভাধিক প্রীসংসর্গে হয় ভেজ:ক্ষয়, কাস, খাস, চকলিতা, সক্ষাঞ্চে বেদনা, বদ্ধিব বিলোপ আর। এগব কুফল দেশি স্থীসংগর্গে সদা হবে মিতাচাব। ১৫১। ওজন ना कवि क्यांन कथा वला प्लाय: निटास नीवत थाका,—'डा' ଓ ভाल नह। উপযুক্ত অবসৰ গাইবে যান, সংক্ষেপে ও মিতভাষে বক্তবা ভোমার निर्विषयं मिनित्य गोडांग (गांडर । ১৫২। ক্রোধহীন, সভাবাধী, মধুরচবিত, ধ এছবিন্ধ,—প্ৰনিশা নাই মূৰে . কলাচ অনাৰ কৰা বলে না যেজন, O.हे (पन १४ वर्ष: ३८वर भावक । ১৫०। अम्मिन, द्विति उ, भाष, द्वमायक, शूटास्त्रिय । यस्या विट्ड मत्त डेहा**मीन**, অপ্রমন্ত, অভিসাদশুর, দফ, ওচি – একাধাৰে এতঃগ থাকিবে ঘাহাৰ (महे (यन इत्र वोङ्क्ष्यत (भवक । ১৫৪ ৷ ব্যোকুদ্ধের কাছে দর্কদা বিনীত, আক্ষাবহ, শ্রন্ধাবান, স্নেহপরায়ণ, আচাৰ্যাভ্ৰাণু সৰা প্ৰকুল অন্তবে,— সেই যেন হয় রাজকুলের সেবক। ১০০। প্রবাজা হতে তব রা**জার সকাশে** আদে যদিচর কোন নিকটে ভাহার ষেও নাকখন তুমি , প্ৰভু বিনি ভব निद्धि कलाान एव कतिरवन श्रांवि, যেও না লইতে অন্য রাজার শরণ। ১০৬। শীলবান, সুপণ্ডিত শ্রমণবান্ধণে

ভক্তিভরে বার বার সেবে বেই নর, সেই খেন হয় রাজকুকের সেবক।

<sup>\*</sup> দেহরকী, bodyguard.

<sup>†</sup> বেশী নোওরাইলা রাখিলে ধ্তুকের জোর থাকে না। এজন্ত, যথন ব্যবহার না করা হয় তথন লোকে

ছিলা শিখিল করিরা হাথে। ‡ पामि 'यरदर्श' अहै नार्ड अंदन कतिनाम ( यक अवीर मःयक पांचा' संस्थित ) b

```
১৫৭। শীলবান, পণ্ডিত শ্রমণ ব্রাহ্মণের
        ভক্তিভারে আজা যেই করম পালন
         मिटे स्वन दश त्राङक्टलव (मवक ।
 ১০৮। শীলবান, সুপণ্ডিত ভাষণ ব্যক্ষণে
        অলপান দিয়া তুষ্ট করে যেই জন,
        সেই যেন হয় রাজকুলের সেবক।
 ১০৯। আত্মহিত তবে প্রাক্ত, সাধু, শীলবান
        শ্রমণবান্ধণগণসংগ্র সভত
        থাকিয়া ভাঁদের দেশ কর স্বভ্নে।
 ১৬ । শ্রমণবাহ্মণে যাহ। কবিয়াভ দান
        ক্দাপি ক'রো না তুমি তার প্রত্যাহার।
        দানকালে ভিক্ষার্থীকে দেখি উপস্থিত
        🌄 'বো না কথন(ও) পুহ হ'তে বিভাডিত।
 >>> । भूगांका क्वृक्ति, नानविधविधिविध,
        कालाकालकानवान इब (यह नब.
        সেই যেন হয় রাজকুলেব সেবক।
> ২। কর্ত্তবা উল্যোগী, অপ্রমন্ত, বিচক্ষণ-
        যাহার যে কার্যা, তারে ফুশুড়ালরণে
        অর্পণ দে কর্মভার করিতে যে পারে
        নিজের(ও) কর্ত্তব্যে বেই নিয়ত উল্পোপী,
        यमगील, चालछविशीन विहे सन.
        সেই যেন হয় রাজকুলের সেবক।
১৩৩। থল, বাটী, গৃহ, পশু, ক্ষেত্র পুন: পুন:
        निक्त शिया भदीका कविरव स्थीकन।
       মাপিয়া রাখিবে শস্ত ভাণ্ডাত্রে তুলিয়া.
       মাপিয়া করিতে পাক দিবে প্রতিদিন।
১৬৪। পুত্র কিংবা ভ্রাতা যদি শীলভাষ্ট হয়,
        আধিপত্য গৃহে তারে দিবে না কখন।
        এমন তঃশীলসহ অজ-অজিভার
        নাই তব: ভাব যেন হয়েছে নে প্রেত।
        আসে যদি নিকটে সে, করিবে ব্যবস্থা
        গ্রাসআজ্ঞাদন মাত্র করিতে প্রদান *
>७१। मान कि:वा कर्याकत +-- (मं शिम इव
        উদ্যোগসম্পন্ন, দক্ষ, সচ্চরিত্র আরু,
        বরঞ্চ ভাহার(ই) হাতে কর্ত্তু সমর্পি
        হবে নিজে নিক্লেগ বিজ্ঞ গৃহপতি।
 ১৬৬। শীলবান, ক্রোধহীন, রাজ-অমুরক্ত---
```

রাজার সদনে সদা করি অবস্থিতি রাজহিতপরাবণ হল যেই জন, সেই যেন হর রাজকুলের সেবক। ১৯৭। জানিবে বিশিষ্ট্রপে ইচ্ছা কি রাজার যোগাইবে মন তাঁর সদা সাবধানে ,

ছশ্চরিত্র লোকে গৃহে কর্ভৃত্ব করিলে সর্বনাশ ঘটে; গৃহছের পকে রাজসেবা অসাধ্য হব।

<sup>🕽</sup> কর্মকর 🗕 বর্তনভুক্ ভৃত্য, 'জন'। ইহারা খাধীন 🗕 কাহারও দাস নছে।

রান্তার প্রতীপগামী হবে না কথন ----তবেই করিতে পারে রাজকল সেবা। ১৬৮। कतिरव ब्राह्मत यत्र निर्द्ध मःवाहन : করাইবে খান তাঁরে আনত নয়নে : \* যদি ডিনি কোপবলে করেন গুড়ার. তথাপি না হবে ক্ৰন্ধ ,-- এই সব ক্ৰণে **১'তে পাবে লেকে রাজকলেব দেবক।** ১৬৯ । মঙ্গল কামনা কবি **ু**ভাঞ্লিপুটে জনপূৰ্ণ কুন্তে লোকে কবে নমন্তাৰ, দেখিলে বায়স, ভাবে কৰে প্ৰদক্ষিণ। যিনি সর্ববিদায়ালাভা খীব নরবর পজার্থ সহস্রগুণে তিনি সবাকার। † ১१०। भवा, वज्र, वामग्रह, यानग्रहनापि তিনিই করেন দান , ববংঘন তিনি দকল ভোগের বন্ধ ভতাগণোপরি, বরবে পর্জন্ম থখা বারি ধরাতলে। ১৭১) বলিলাম, বংসগণ, কিরূপে করিবে বাজপরিচর্যা লোকে। এ সব নিরম দাবধানে পালি যেই করে রাজসেবা. হইবে প্রভুর সেই সন্মানভাজন।''

অবিতীয় শ্বতিমান্ বিহুর এইরূপে বুদ্ধলীলায় রাজপরিচর্যাদম্বন্ধে উপদেশ দিলেন।

রাজপরিচর্ব্যাখণ্ড সমাপ্ত।

## ( 1 )

স্ত্রীপুত্ত-স্থল্পণকে এইরপে উপদেশ দিতে দিতে তিন দিন অতিবাহিত হইন।
নির্দিষ্ট কাল পূর্ণ ইইয়াছে দেখিয়া বিত্র চতুর্থ দিনে প্রাত্তংকালে নানারপ উৎকৃষ্ট রসমুক্ত
ভক্ষ্যভোজ্য আহার করিয়া রাজার সহিত সাক্ষাংকারপূর্বক মাণববের সঙ্গে প্রস্থান
করিবেন এই অভিপ্রায়ে, জ্ঞাতিগণের সহিত রাজভবনে গমন করিলেন এবং রাজাকে
প্রাণিতপূর্বক একপার্যে অবস্থিত ইইয়া, নিজের যাহা বক্তব্য তাহা বলিলেন।

### ( এই বৃত্তান্ত বিশদরূপে বাক্ত করিবার জন্ম শান্তা বলিলেন,

১৭৭। এইরপে উপদেশ দিয়া জ্ঞাতিগণে
শত শত জ্ঞাতি মিত্র সঙ্গে গেল তাঁর;
১৭৭। প্রশাম রাজার পদে, করি প্রদামণ
১৭৪। "মাণবক এবে মোরে লইয়া যাইবে,
স্বজ্ঞাহিতার্থ কিছু করি নিবেদন;
১৭৫। রহিল পুত্রেরা থবে, আর বছধন .
বেন শেবে, ববে জামি করিব প্রস্থান
আমার জ্ঞান্তীরগণ দুংব নাহি পান।

কেন মা রাজার মুখের দিকে দৃষ্টিপাত করা অবিধের।

<sup>্</sup>বিলাকে ইং। লগেকাও ভজিজনা করা কর্ত্তব্য, কারণ রালা ইচ্ছা করিলেই সেবকের মন্ত্রক সাধান করিতে পারেন।

১৭৬। যে মাউতে পড়ে নোক, উঠে ধবি তাই; কবিষাছি দোব বটে, কিন্তু এবে চাই তোমাব ই) দাহায্য; শবি মম দোদ, ভূপ, মম দাবাপতাপ্রতি হ'লো না বিরূপ। \*

ইহা শুনিয়া রাজ। বলিলেন, "পণ্ডিতবর, আপনি যে চলিয়া যাইবেন, ইহা আমার ভাল লাগিতেছে না। আপনি যাবেন না। আমি কৌশলে মাণবককে এখানে ভাকাইয়া আনিব। তথন তাহাকে বধ করিয়া সমস্ত ব্যাপার চাপ। দিয়া রাথিব। আমার নিকট ইহাই উরুম উপায় বলিয়া বোধ হয়।

১৭৭। সঙ্কল আমান এই:
 ভাকি আনি কাতাারনে করিব এখন(ই) তার প্রাথিত তোমারে;
 অবি থার সংগ্রাহ্ম তুরি, হে পণ্ডিতবর; এই আমি চাই,—
 বাবে না অক্তরে কতু; থাকিবে আমার মঞ্চে তুমি হে স্বাই।'

ইহা ভ্নিয়া মহাস্থ বলিলেন, "দেব, ভবাদৃশ ব্যক্তির পক্ষে এরপ স্কল্প নিভাস্থ অযোগ্য।

১৭৮। হর নাক, ভপুযেন ঈদশ অধর্শ্বে ভব কোন কালে মতি : धर्म्यः भाग्नवहनारर्थः হে দেব, মুপ্রভিন্তিত शक निवर्वाध । অনাহা অনহকিব পাপকর্মে শতরিক. অনুষ্ঠানে যার দেহ-অবসানে জীব ভীষণ নরকে পড়ি करत जाजीकांव। ১৭৯। এ নয় ধর্মসক্তে. ঈদশ ভাগস্য কর্ম অকর্ত্তবা হাতি : ধদিও দণ্ডিতে দাসে প্রহারিতে বা ব্যাতি পারেন ভপতি। উপলে নি ভিলমান্ত ক্রোধ, প্রভো, মনে মোর মাণবের প্রতি : এখে আমি দাস ভার: যাইৰ তাহার নকে: দাও অনুমতি।"

ইং। বলিয় মহাসন্ত রাজাকে প্রণাম করিলেন এবং রাজান্তঃপুরবাদিনী ও রাজ পুরুষদিগকে উপদেশ দিলেন। তাঁহারা কেইই প্রকৃতিগত ধৈণ্য রক্ষা করিতে না পারিয়া উটেন্ডাবরে হাহাকার করিতে লাগিলেন ৮ বিহুর রাজভবন ইইতে বাহির ইইলেন; এদিকে, নগববাদীরা সকলে শুনিয়াছিল যে তিনি মাণবকের সহিত প্রস্থান করিতেছেন। ভাহারা তাঁহাকে দর্শন করিবার জন্ম রাজান্ত মনবেত ইইয়াইল। বিহুর তাহাদিগকৈ বলিলেন, "কোন চিন্তা নাই; সংখ্যার মালেই অনিত্য; তোমরা অপ্রমন্তভাবে দানাদি সন্ধ্য প্রতিগালন কর।" ইহা বলিয়া বিহুর তাহাদিগকে ফিরাইয়া দিলেন এবং নিজের গৃহাভিম্বে গমন করিলেন। ঐ সমযে ধর্মপালকুমার লাত্গণসহ পিতার প্রত্যাদ্গমনার্থ বাটীর বাহির ইইতেছিলেন। প্রাসাদের ঘারদেশেই তিনি পিতাকে দেখিতে পাইলেন। ভাহাকে দেখিয়া মহাসন্ত শোকসংবরণ করিতে অসুমর্থ ইইলেন; তিনি প্রতকে আলিক্ষন করিয়া ব্যবহার উপর চাপিয়া ধরিয়া গৃহহ প্রবেশ করিলেন।

[ अरे देखांख विनासकरण व्याहेवात कक्ष मांखा वृज्ञितम,

১৮০। প্রাণাধিক ছোটপুত্রে করি ঝালিঙ্গন, স্কলমনিহিত বাখা করি সংবরণ, অঞ্পূর্ণনৈত্রে সেই পণ্ডিতপ্রবর করেশিলা নিজের প্রাসাদে অভ্ডংপর। ]

বিচরের গৃহে তাঁহার এক সংস্ত্র পুদ্র, এক সংস্ত্র কল্পা, এক সংস্ত্র ভার্যা এবং সপ্তশত গণিকা ছিল। ইহারা এবং দাস-কর্মকর ও জ্ঞাভিমিত্র প্রভৃতি সকলেই শোকবেগে

আমি আপনার মনের ভাবের দিকে দৃক্পাত না করিয়া, "আমি দাস" এই কথা বলিয়া আপনার বিকট
অপরাধী ইইরাছি বটে; কিন্ত এখন আমার স্ত্রীপ্তদিগের হিতের কয় আপনার সাহাব্য ভিকা করিতেছি।

<sup>†</sup> বিছয়ের ভোঠপুত্র।

ভ্যাবলায় ত ২ইতে লাগিল – সমস্ত জ্ঞানাদ প্রলম্বাতোর লিভ শালবুকার্কার্য অবল্যের স্থায় ত্ৰিশাপর হইল।

। জন্ম শাস্তা বলিনেন,	
অম্থিত, প্ৰম্পিত,	हिल्लाहित नारवा मनन
বিহ্নবেৰ গৃহে ভাৰ	দারাপতা-আয়ীবস্বন্ধন।
ম <b>প্তৰত দা</b> নী আৰ	किस योगी विश्वदिय ग <b>्र</b> 4,
সৰুলেই বাহ তুলি	कान्त्रिक वाचिन इंटेफ्ट:श्रव ।
কুমার, বাঞ্চন, বৈজ	ছিল ধক বিছবের যবে,
সকলেই বার তুলি	দ্ৰান্তি লাগিন উচ্চি:খরে।
রথী আর পদাতিক	ডিল যত বিহুবের ঘৰে,
সকলেই বাহ তুলি	কান্দিতে লাগিল উচ্চৈ:স্ববে।
ক্ৰি এই ছঃসংবাদ	शियां मद्द विश्वत्व चरव
নকলেই বাহ তুলি	কান্দিতে লাগিল উচ্চৈ:ম্বৰে।
সপ্তগত দাসী আৰ	ছিল বিছবেৰ নিকেডদে:
"আমা সবে পরি গাগ	করিতেছ, প্রভূ, কি কাবণে ?"
কুমাৰ, ত্ৰাহ্মণ, বৈছ্য	ছিল যত বিহুৰভবনে,
"আমা সবে পবিভাগ	করিতেছ, গুড়ু, কি কাবণে ?"
রধী, পদাতিক যত	ছিল বিপ্ৰবেৰ নিকে <b>ঙনে</b>
"আমা দৰে পৰিভ্যাগ	কৰিতেছ, প্ৰভু, কি কাৰণে গ"
শুনি এ অশুস্বার্না	গিয়া বিহুবেব নিকেওনে
" <b>আমা সবে</b> পরিত্যাগ	ক্ষবিক্তেছ, প্রাভূ, কি কাবলে গু"]
	অমনিত, প্রমন্ধিত, বিপ্রবেশ গৃতে তাব  দপ্তশন্ত পানী আন —  দক্ষেত্র পাথ পুলি কুমার, বাধান, বৈঞ্চ  দক্ষেত্র বাত তুলি কবা আর পদাতিক  দক্ষেত্র বাত তুলি কবি এই প্রসংবাদ  দক্ষেত্র বাত তুলি  দপ্তশন্ত দানী আব  "আমা দবে পরিত্যাগ কুমাব, বাধান, বৈঞ্চ  "আমা দবে পবিত্যাগ রখী, পদাতিক যত  "আমা দবে পবিত্যাগ তুলি এ ক্ষপ্তধারী।

মহাদম্ব এই মহাজনদভাবে দকলকেই আখাদ দিলেন, নিজের অবশিষ্ট ক্রাদ্মহ गुल्लाम्ब कदित्तम, अत्य: श्रद्ध मक्तरक छेल्लाम कित्तम, याश याश विल्यां केल्यक ममख बलिएनन जुबर व्यवस्थात भूर्वत्कत निकरते तिया स्थानाईरलन, जीशाव स्य त्य ताथा कतिबाब সঙল ছিল, সমস্তই সম্পন্ন হইয়াছে।

িএই বুড়ান্ত বিশদকপে ৰাজ কৰিবাৰ এক শান্তা বনিলেন,

১৯০--১৯১। গৃহকুতা সমুদার কবি সম্পাদন, সবাকেই যথাযোগা দিয়া উপদেশ অস্তান্ত কর্ত্বা সব করিবা নির্দেশ, আছে कि कि धन गुरह, कोशा श्वश्यम । वरप्रदेश निहिल, शिश करि अपर्नन, দেয় প্রাপ্য সমস্তই বুঝাইয়া দিয়া

প্রাপ্রাধার বামাতা গাগার্যর ন-बिल्ला विक्रम उद्य भुनंदक छाकिया,

১৯২। "রহিষাত মুমাপারে তিন দিন, কাত্যায়ন , ক্রিয়াছি গৃহকুতা সমন্তই সংগাদন : উপদেশ বিধিমত দিয়াছি পীপুলুগণে: এখন করিব আনি, যাহা ইচ্ছা ভব মনে।

## পূৰ্ণক বলিলেন,

১৯০। मित्रा यिन शाक, ८२ अमोजायत् । भातालका आव अनुकोविनात

উপদেশ তুমি প্রযোজন মত, বিলখ না আব করিও গমনে। অতি দীর্ঘ পথ সন্মুখে মোদের হইবে যাইতে করি অতি ক্স: ধাত্রা এবে তাই, কবহ সম্বর ; কালম্বেপ সাব ২য় কি কাবণ গ ১৯৪। এই অবপ্তছ ধৰি এই হাতে নির্ভায়ে যাইতে হবে মোৰ সাথে। ভোমার পণ্ডিত, জীবলোক সনে এই শেব দেখা, জেনে বাগ মনে ৷

यशम् वृतित्वन,

১৯৫ ৷ কার্যনোবাকো আমি বে জন্ম দুৰ্গতি পাব :

ছমার্হা কথন(ও) কিছ কি কারণ হবে ভবে

করি নি এমন, ভীত যোৱ মন •

মহাধর এইরপ সিংহনাদ করিলেন, এবং অধিষ্ঠান-পারমিতা \* আশ্রয় করিয়া লতরণে শাটক পরিধানপুর্বক নির্জীক সিংহের স্থায় বলিলেন, "এই শাটক যেন আমি ইচ্চানাক্রিলে খুলিয়ানাবায়। অনস্তর তিনি আখের পুচ্চলোমঞ্জলি তুই ভাগ ক্রিয়া छहे हाट धतित्वत. अम्बय बाता वास्यत छक्रबाय ठाल निया नाफाहेत्वत. এवर विनातन. "মাণবক, আমি অংশর পুচছ ধরিয়াতি। তুমি ইচ্ছামত গমন করিতে পার।" পূর্ণক ভৰনই সেই মনোময় অখকে সঙ্কেত করিলেন; সে পণ্ডিতকে লইয়া উল্লন্ধ্নপূৰ্বক আকাৰে উখিত হটল।

ि अहे उखास विभागकरण वसाहैवात सम्म भागा विज्ञातन.

১৯৬। বিগুরে বছন করি সেট আগুরাজ ছটিল আৰাশপথে : না লাগে আঘাত বিপ্ররের গারে কোন বুক্ষ বা শৈলের। 'কালাগিরি' শৈলে গিয়া হল উপত্নিত। ]

পূর্ণক মহাসন্তকে লইয়া এইরণে প্রস্থান করিলে, তাঁহার পুত্র প্রভৃতি সকলে, পূর্ণক বে গ্রহে বাস করিয়াছিলেন সেধানে ছটিয়া গেলেন, এবং সেধানে মহাস্কৃতে দেখিতে না পাইয়া ছিল্লপাদবৎ ভূতলে পড়িয়া ইতন্ততঃ অবলুঞ্চিত হইতে হইতে উচ্চৈঃম্ববে পরিদেবন কবিতে লাগিলেন।

# এই ব্ভাব বিশদরূপে বৃঞ্জীবার জন্ম শান্তা বলিলেন,

১৯৭। সহস্র বিভবভার্বা। ব্রাহ্মণের বেশ ধরি.

১৯৮। जन्द्रश्वतानिनीता, ব্ৰাহ্মণের বেশ ধরি

३३३। अखादबार, व्यथनाथी. ব্রাহ্মণের বেশ ধরি ২০০ ৷ পৌরস্কানপদগ্র

২০১। সহস্র বিভরভার্বা। बटल मदब "हाव. हाव.

ব্রাহ্মণের বেশ ধরি

२ - २ । चल्छः भुवरामिमीबा. बत्त मत्त्र, "हाव्र, हाव्र,

२.७। शकादबार, व्यथनाती. a व्हिम्द "हांब हांब.

২০৪। পৌরীজানপদগণ

बटन जटव, "हांब, हांब,

সপ্তশত দাসী আর ना जानि कि कु উদ্দেশ্য

কুমার, ত্রাহ্মণ, বৈশ্য, না জানি কি ক উদ্দেশ্যে রধী, পদাতিক, সবে

নাজানি কি ক উদ্দেশ্যে সমবেত হয়ে সবে

না জানি কি কু উদ্বেশ্ত সপ্তপত দাসী ভার. বিভৱ পণ্ডিতবর

কুমার, ত্রাহ্মণ, বৈঞ্চ বিছয় পণ্ডিডবর . ৰথী, পদাতিক, সৰে

বিদ্ৰৱ পণ্ডিতবর সমরেত হরে সবে

বিদ্ৰৰ পৃত্তিত্বৰ

वात किन कान्ति बटन, "हांब. विश्वतक यत्क नत्त्र यात्र।"

वांछ जुलि मत्व कात्म, "हांब, विश्व ब्राटक यहक लहा योद ।

বাচ তলি কান্দি বলে, "হায়, বিপ্রকে যকে লয়ে যায় !"

वाष्ट्र जूनि कान्ति वरन, "श्व. विश्वतक यत्क लात्र योत्र।"

বাছ তলি করর ক্রেম্মন : করিলেন কোথার পদন ?" বাহ তুলি করর ক্রন্সন ;

করিলেন কোথার গমন গ' বাহ তুলি করম ক্রন্সন : क्तित्वन काथांत्र श्रमम १" বাছ তুলি, করন্ন ক্রন্দন :

क्त्रित्वन क्लांबान्न नम्म १''

লোকে মহাসম্বকে আকাশপথে ঘাইতে দেখিয়া ও অনেকে লোকমুখে এই বুকার শুনিয়া. উক্তরণে জন্দন করিল এবং সমন্ত নগরবাসীদিগের সহিত মিলিয়া জন্দন করিতে করিতে রাজ্বারে গিয়া উপস্থিত হইল। তাহাদের মহাবিলাপ শুনিয়া রাজা বাতায়ন খুলিয়া জিলানা कविरनन, "ट्लायता পরিদেবন कविर्छ क्त ?" नमरवे लाक्ति विनन, "महाताल,

<sup>🍍</sup> ৰশ পাৰ্বমিভাৰ অক্সভৰ। অধিচান 🗕 দুড়সঙ্কর।

সে লোকটা না কি ব্ৰাহ্মণ নম ; সে যক্ষ ; ব্ৰাহ্মণের বেশে আদিয়া পণ্ডিতকে লইয়। গিয়াছে। পণ্ডিত না থাকিলে আমাদের জীবন ব্যা। যদি আজ হইতে সাতদিনের মধ্যে তিনি না ফিরেন, তবে আম্রা শত শকট, সহস্র শকট কাষ্ঠ আহবণ করিয়া সকলেই অগ্রিডে প্রবেশ করিব।

২০৫। মধ্যাহের মধ্যে না ফিরিলে তিনি অনলে প্রবেশি সবে
মরিব আমরা: এ জীলম্পার বহিলা কি লাভ হবে গ'

ভারাদের কথা শুনিয়া রাজা বলিলেন, "বিচর মনুবভাবী; ভিনি মাণ্বক্ষে
ধর্মকথা শুনাইয়া এমন মৃশ্ধ করিবেন যে, সে ভারাব পাদম্লে পভিত হইবে; তিনিও
অচিরে প্রভাগমন করিয়া ভোমাদিগকে আহলাদিত করিবেন—ভোমাদের অঞ্লাবিত
মুধে আবার হাস্ত দেখা দিবে। ভোমবা শোক পবিহার কর।

২০৬। হপণ্ডিত, ফুল্মদর্শী, অংশীনর্থ চদর্শক, প্রাত্তাৎপর্মতি ,
করিও নাক্য কোন ; কিবিনেন শীঘ তিনি প্রতিয়া মকতি ।''

এদিকে পূর্ণক মহাসত্তকে কালাগিরিব শিধবোপত্তি গুর্লিভ করিয়া ভাবিসেন, 'এই ব্যক্তি জীবিত থাকিলে আমার উর্জির সন্তাবনা নাই। অভএব ইহাকে বধ করা ঘাউক। ইহার হৃৎপিও লইয়া নাগলোকে গিয়া তাংগ বিমলাকে দিব এবং ইরন্দভীকে পাইমা দেবলোকে ঘাইব।'

[ এই বুভান্ত বিশদরূপে বাক্ত করিবার জন্ম শান্তা বলিলেন

২০৭। গিয়া দেখা পূর্বক ভাবিলা মনে স.ন এই ভাল, এই মন্দু ভাল নানাবিধ ইইরাছে ইচ্ছা মোর ইহাকে বাংতে; ইহার জীবনে মোর নাই এগোলন 'কংখে লা চিষ্ণেব ভাব এক সর্বাহ্মন। ইইতেছে অবিরত জন্তুরে উপিত। কি হেডু বিলয় আব সে ইন্ডো সাধিতে গ যদির্থা প্রবাসকার কবিব গাছন।

ইহার পর পূর্ণক চিষ্কা করিলেন, 'ইহাকে অহতে না মাবিষা ভীষণ করণ দেখাইলা মারা যাউক।' এই উদ্দেশ্যে তিনি ভহতৰ বাজদেব বেশ ধরিয়া বিভারের নিকটে গেলেন, তাঁহাকে ভতলে পাতিত কবিয়া এবং মুখে পবিয়া এমন ভাব দেখাইলেন, যেন তাঁহাকে গ্রাস করিলেন। বিস্ত ইহাতে মহাসত্তের ব্রোখাক্ষনও হইল না। অনন্তর পূর্বক একবার নিংহরুপে, একবার মহামত্তহত্তিরূপে গিয়া দেখাইলেন, খেন মহাস্তুকে তীকু দক্তদংশনে বা দস্তাঘাতে বিদীন করিবেন: কিন্তু ইঞাতেও মহাসত ওয় পাইলেন না। তথন পূর্বক একটা জোণাকার নৌকার মত তথৎ সর্পের দ্ধারণ করিয়া কোন কোন করিতে করিতে তাঁহার দেহবেষ্টনপুর্বাক নিপীড়ন করিতে লাগিলেন এবং তারার মন্তকের উপর কব বিভার করিছা विश्वता किन्न महामन खद्भव दकान हिट्ट (१४११) (शन ना। क्रेट्रिश खक्छकारी हरेगा পূর্ণৰ ভাবিলেন, 'ইছাকে পর্বাতমন্তকে রাখিলা দেখান ছাইতে ফেলিলা চুর্ণবিচুর্ণ করা ঘাউক।' ক্রমনি তিনি ভয়মর বায়-প্রবাহ উৎপাদন করিলেন: কিছু তাঞ্চত সংাসবের কেশাগ্রও कष्मिण इहेन ना। ७ वन পूर्वक भश्यक्तर नक्ति होनातानीय वाधिया, हसी वियन वर्ष्ण्य বৃষ্ণ দক্ষালন করে, দেইব্রপে পর্বভটা সঞ্চালন করিতে লাগিলেন: কিছু ইহাতেও মহানত্ত বেখানে ছিলেন, সেধান হইতে কেশাগ্রপ্রথাণ বিচলিত হইলেন না। ইহার পর পূর্বক खावित्सन. 'घटानस्वाता एव (प्रवाहतन हेटात कर्पाल दिनीन हहेत्त : कहे खेपादहें हेटादक বধ করিষ ' এই উদ্দেশ্যে তিনি পর্বাতের অভান্তরে প্রবেশ করিয়া এমন ভয়ত্বর নিনাদ করিলেন যে, ভাষাতে পুলিবী ও আকাশ যুগণং নিনাদিত হইল: কিন্তু এই জীষণ

শব্দেও মহাসন্থেব অণুমাত্র ত্রাস জানিল না, কাবণ তিনি জানিতেন, যে বাজি যক্ষ, সিংহ, হস্তী ও নাগবাজেব বেশে আসিঘাছিল, মহাবাত ও মহাবৃষ্টি ঘটাইয়াছিল এবং পর্বতাভান্তরে প্রবেশপূর্বক ভীমনাদ করিতেছিল, দে মাণবক ভিন্ন আর কেহ নয়। বার বার অক্সভকার্য্য হইয়া পূর্ণক ব্রিলেন হে, কোন বাফ্ল উপায় প্রযোগ করিয়া তিনি বিত্ত্রকে বধ করিতে পারিবেন না; অহস্তেই তাঁহার নিগন সাগন কবিতে হইবে। এইজনা তিনি মহাসন্ত্রকে পর্বত্যস্তবে স্থাপন করিয়া নিগেল পর্যত্তি গ্রমা কবিলেন, মণির ছিল দিয়া হেমন পাঙ্কত্র প্রবিষ্ট হয়, সেইরূপে (অবশীলাক্রমে) পর্যতের ভিতর দিয়া মহানিনাদ করিতে করিতে উত্তিত হইয়া মহাসত্তকে প্ররেজ বিশ্বত ইয়া মহাসত্ত্ব প্রতিলন। উক্র ঘটনা এইরূপে বিহৃত্ত ইইয়া থাকে:—

- ২০৮। পূর্ণক অন্ধৃষ্টচিত পর্সতের পাদে দিয়া।
  পুনগপি উঠিলেন প্কতের মধ্য দিয়া।
  আছিল এপাত এক দেখা অতি ভয়কর;
  উদ্ধৃহিতে ভলদেশ না হ'ত দৃষ্টিগোচর;
  দে প্রপাতে বিহুরকে ধরিলেন পুন্ধানি,
  অহারে শিখরোপরি চর্ণিতে মক্কে ভাব।

  •
- ২০৯। প্রস্ম, নরকবৎ দে প্রপাত ভয়স্কর দেখিলে শিহরি দেহ কাপে ভয়ে গ্র থব। কুকার অমাত্যবর† তথাপি নির্দ্রননে নিজাব মনের ভাব বলিলেন কাডাগ্রন।
- ২১•। "অধ্যিৰেশ ধরি তুমি অনাধ্য আচারে রস্ত। বাছিরে সংযত, কিন্তু ভিতরে ত অসংযত। অত্য হিত কুরকর্মো হরেছ প্রস্তুত তাই; হাদতে কি লেশমাত্র সংপ্রস্তুতি তব নাই গ
- ২০১। প্রপাত হইতে মোরে করিতেছ নিজেপ।
  বিধিতে আমারে, বল, চাও তুমি কি কারণ ?
  নয় ত মনুষোচিত তোমার এ বাবহার।
  কে তুমি, বল ত শুদি, ওহে দেবকুলাকার ?

# পূৰ্ণ বলিলেন,

পূর্ব্বে বলা ছইরাছে যে যক বিহুরকে নিক্ষেপ করিয়াছিলেন , কিন্তু এই গাধায় দেবা যায়, ভাঁহাকে নিক্ষেপার্থ প্রপাতের ধাবে অধঃশিরে ধরিয়াছিলেন মাত্র। পরক্ষারবিরোধী এই উক্তির্বের সাংগ্রন্থ কলা করিবার এক টীকাকার বলেন, যক বিহুরকে তিনবার নিক্ষেপ করিয়াছিলেন — প্রথম বারে বিহুর অধাবিকে পনর বোজন পড়িলে যক ভাঁছাকে হস্তবিশ্বারপূর্বক ধরিয়া কেলেন এবং এত দূর পড়িরাও ভাঁহার মৃত্যু হয় নাই কেছিয়া আরও তুইবার নিক্ষেপ করেন। খিতীয় বারে বিহুর জিশ বোজন এবং তৃতীয় বারে বাট যোলন পড়িরাছিলেন এবং প্রতি বারেই ভাঁহাকে তুলিয়া যক দেবিতে পাইয়াছিলেন যে ভিনি জীবিত আছেন বর্ত্তনান গাধার যে সম্বরের কথা হইতেছে, তবন যক বিহুরকে তৃতীয় বার ধরিয়া আকাশেই অধঃশিরে রাখিরাছিলেন। বিহুর মনে করিয়াছিলেন, 'যক এবার আমাকে নিম্নে নিক্ষেপ না করিয়া উদ্ধেশ উৎক্ষেপণ করিবে এবং পর্ক্তমন্তকে আভড়াইরা আমার মন্তক চূপ করিবে।'

<sup>+</sup> কল্প নেটঠ (কল্প নেট্ঠ)। 'কল্প শেকটি পূর্কেও বহবার পাওয়া গিয়াছে। ইহার অর্থ 'রাজকর্মনার' সন্তবত: ইহা সংস্কৃত 'কল্প' (কল্প) শাক্ষর রূপান্তর। 'কল্পা' দৌবারিক, সার্থি এভূতি নানা অর্থে বাবহুত ইইত। কল্পিয়ের উরসে শুক্তকনার গর্ভে এবং শুক্তর উরসে কল্পিয়েকনার বা বৈশ্বকনার গর্ভে লাভ পুরুষকেও ক্ষাবিদ্যা বাইত। মহাতারতের বিপ্রবেশ্বক নামান্তর ক্ষাবিদ্যা বাইত। মহাতারতের বিপ্রবেশ্বক নামান্তর ক্ষাবিদ্যা

২> । তাৰ ৰাই কজু কি ছে পূৰ্ণকের নাম,
আহিই পূৰ্বক সেই। প্ৰয় ইন্দৰ,
মহাবীধা বহুণের নাম(ও) সম্ভবত:

২১০৷ কঞ্চাণ ঠার ইরন্সতী সদৃশী শিতার নভিতে স্বয়ধা, প্রিরা সে নাগক্তারে কুবেরের হন যিনি সচিবপ্রধান ? মহাকার, শুনিরত, নাগকুলেবর হরেছে কর্বন(ও) তব ফ্রাতিপ্রধান । রূপে আর গুনে; আমি পানি গ্রামী তার। করিভেচি চেরা আমি ব্যিতে ডোমারে।

ইছা শুনিয়া মহাসন্ত ভাবিলেন, 'লোকে সূতৃ কারণ বুঝিতে না পারিয়া অনর্থের উৎপাদন করে। এ নাগকভার পাণিগ্রহণাথী; সেই উদ্দেশ্যনাধনের জন্ত আমার ম্বণের প্রয়োজন কি. ভাষা ভন্তঃ জানা আবশুক।' তিনি বলিলেন,

২১৪। কবিও না যক্ষ ভূমি মৃতবং আচরব। বিপরীত অর্থ বুঝি নট্ট হয় বছজন।
স্মধা প্রিয়ার তব কি ইটু সাধিত হবে, বল দেখি বিচারিলা, আমান্ত বধিৰে ববে গ
পূর্ব ই হাব উত্তবে বলিপ্রেন.

२ । । यह। अनुकात (महे यहा है ब्राम्ब ৰ জ্ঞাপাণিগ্ৰহণাৰ্থী আমি, সে কাৰণ ব্যস্থানীর জার হয়েছি বিভার। চাহিত প্রিয়াকে যবে, পবিত্র প্রণয় আমার করিয়া লকা বলিলা খড়ার: -১১৬ ৷ 'পুত্ৰু, প্ৰমেৱা, শুচিমিডা ইবলতী, क्ष्मबार्शक्तश्च **काव वश्च बार्बाह**ड । পাহির ফবিতে দান এ ছেন মতন ভোহার, হন্দি, তে যক্ষ, পারহ আনিতে বিছবের হৃ:পিও লভি সহুপালে। क्ष এই कुरक तथा क्यांशे यागा। চাই না ক অলু ধন বিনিময়ে তার।" ২১৭। তবেই দেখিলে তুমি তে অমাতাবর, মৃত আমি নই ; বুঝি নি ক বিপরীত এ বাংপাং কিছমার , লফ সভপার হাংপিও ভোমার নিলে ৰাপেশ জ্ঞান্ত ত্ধিবেন ইরন্সতী সম্প্রথন করি। ২১৮। এই ছেত বধে তব এবড় আমাৰ ভোমার নিধনে এই ছবে ইইলভে। নরক্ষদশ এই প্রপাত হইতে ক্ষেলিয়া জোমায়ে বধ করিব এখনি :

পূর্বতের কথা প্রনিষ্ণ মহামত্ত ভাবিলেন, 'আমার স্থংপিওছারা বিমলারণ কোন প্রয়োজন দিছ হইতে পাবে না। বক্ষণ ধর্মকথা শুনিষা মণি দান করিয়া আমাকে পূজা করিয়াছিলেন তিনি নিজালয়ে গিয়া বোধ হয় আমার ধর্মকথানুতান্ত বর্ণনা করিয়া থাকিবেন এবং ভাষা হইতেই আমার মুধে ধর্মকথা শুনিবার জন্ম বিমলার লাধ জ্যায়া থাকিবে। বক্ষণ বিমলার কথার অর্থ বুঝিতে পাবেন নাই; তিনি পূর্ণকতে সেই জনাই এই নিষ্ঠ্য আজন দিয়াছেন। পূর্ণকও সেই বিপ্রীত অর্থেব প্রতাবে আমাকে বধ্ব করিবার জনা এই মহা

ৰ্যি চাংলিশু জৰ কবিৰ প্ৰচৰ।

<sup>&</sup>quot; তস্থাপুত: খাওবং"।—ইংৰাজী অসুখাদক অসুনা শংলর 'লোদরা' অর্থ ধরিল। বিষম আনে পতিত ইইনিছের। অসুনা আকুলানা, অর্থাৎ বে রূপে ওবে জনক (বা চননীয়) অসুনানা, এই অর্থ প্রত্ন করিতে ইইবে প্রেক্ত বলা ইইবাছে, ইরশভী বলবের কলা; এখানেও "খীতরং" পদ সেই সম্মান করিছেছে;

भूकि किछ निष्ठत्वत्र निक्छ अछक्न विश्वात् नाव करत्व नारे ।

অনর্থ ঘটাইয়াছেন। আমি পশুত; নিমেষের মধোই প্রত্যুৎণ লমতি ঘবলে উপায়নির্ধারণে সমর্থ। আমাকে মারিলে ইহার কি লাভ হইবে? একবার বলিরা দেখি, "মাণবক, আমি সাধুনরধর্ম জানি; যতক্ষণ আমার মরণ না হয়, ততক্ষণ আমাকে পর্বতমতকে বসাইয়া সাধুনরধর্ম শ্রবণ কর। তাহার পর তোমার যাহাইছে। করিও"। ইহা বলিয়া আমি সাধুনরধর্ম বর্ণন করিব। এই উপায়ে আমার জীবন রক্ষা করিতে হইবে।' তিনি অধঃশির অবস্থায় থাকিয়াই বলিলেন

২১৯। সতাই কংগিওে মোর ধাকে যদি তব প্রবাহন,
সদর স্বামায় তুমি উত্তোলন কর, কাত্যাবন।
সাধুজন প্রতিপালা যে যে ধর্ম জানে রখীগণ,
তোমায় ব্যাব আজ কর মোরে শীভ উত্তোলন।

ইং! শুনিয়া পূর্ণক ভাবিলেন, 'সম্ভবত: এই পণ্ডিত এমন ধর্মকথা বলিবেন, যাং। দেবতা ও মহুয়দিগের মধ্যে কেইই পূর্বেব বলেন নাই। অতএব শীল্প ই হাকে উত্তোলনপূর্বক সাধুনরধর্ম প্রবণ করা যাউক।' এই সঙ্কল করিয়া তিনি মহাসম্বকে উত্তোলন করিয়ী,প্রতম্ভবে উপ্রেশন করাইলেন।

#### ि এই वुश्रेख विभावताल वर्गन कतिवात कक्ष भारत। विज्ञासन

ইং । কুক্নুপতির যিনি অমাত্য প্রধান,
সেই প্রাক্ত বিদ্রুরকে পূর্ণক তথন
তুলিয়া পর্ব্বতোপরি করিলা স্থাপন।
বিদি যবে ক্ষীবর লাগিলা দেখিতে
অবও পাদপ এক, ছিল অবস্থিত
সন্মুখে উহার যাহা, বলিলা পূর্ণক :—
ইং) । "প্রপাত ইইতে তুলি এনেছি তোমায়;
কংপিতে তোমার আজ প্রয়োজন থোর।
( বতক্ষণ আছে প্রাণ ) বল, মহাশর,
সাধুজন প্রতিপালা ধর্মসমুদার।"

#### यशम्य दिवालन.

২২২। "তুলেছ আমার তুমি এপাত হইতে; লংগিতে আমার তব আছে প্রয়োজন। তথাগি তোমার আমি তনাইব আজ সাধুজন অতিগালা ধর্মসমূদার।

আমার শরীর ধ্লিকর্দমানিতে মলিন হইয়াছে; আমি স্থান করিব।" হক "ধে আজা" বলিয়া স্থানার্থ জল আনমন করিলেন, স্থানকালে মহাস্থকে দিবাবস্ত্র ও দিবা পদ্মালাদি দিলেন এবং বেশভ্ষা সম্পাদিত হইলে দিবা খাত আহার করিতে নিলেন। ভোজনায়ে মহাস্থা কালকীরির মন্তক স্থাজিত করাইলেন, আসন রচনা করাইলেন এবং সেই অকম্বত আসনে উপবিত্ত হইয়া ব্দ্নীলায় সাধুনরধর্ম ব্যাখ্যা করিতে প্রস্তুত ইলেন:—

২ং৩। পতামুগতিক হও; আর্ডিহত ক'রো মা দাবন; হ'বো না ক বিত্তবেলিটাঃ অসতীতে রত কমাচম।

এই পাধার বিতার চরণে "অব্দং চ পানিং পরিবজ্জহন্ত" এই পাঠ বোধ হয় অবধূলিত; এ অক্ত ইহা
য়ুর্বোধা । টীকাকার বাাধার বলেন, অব্দং চ...তি অলং ডিজং পানিং যা দহি বা আপরি।" বিত্ত বুলের সহিত এই
বাাধার ঐক্য কোধার ? পরবর্তা ৩২০ম ও ৩২৬ম পাধার বণাক্রমে "লব্দং চ পানিং দহতে" ও "অলুব্ জুপানিং

সাধুনরধর্ম চারিটী অতি সংকেপে ক্থিত হইল ব্লিয়া যক উহাদের অর্থ ব্রিতে । পারিলেন না। তিনি স্বিভার ভূনিবার জলুজিজাসা ক্রিলেন ঃ—

২২৪। "কি প্রকারে করে লোকে গতামুগমন ? কিরুপে বা হয় আর্জ্রন্তের দাহন ?
কে অসতী ? বিত্তলোহী কারে বলা যায় ? কিরুসি, বিস্তারি তুমি বলহ আমাছ।"

২২৫। "নত্ত্ব পরিচিত বেই, দেখা যার সনে

রত্ত্ব নি কথন(ও) পুর্নের, যদি হেন জবে

অভ্যর্থনা করে কের, অরাদি না হো'ক,

বসিতে জাদন মাত্র করিবা প্রদান,

আভিথের এতাদৃশ লোকের কল্যাপ
সাধনে সতত্ত রত হব ধর্মিব।

গতাসুগমন ইহা বলে সুধীজন। †

২০৬। কেবল একটা রাত্রি আগারে যাহার

গাহিরা করেছে সেধা লাভ অরপান,

মনেও কথন(ও) তার অনিস্টকামনা,

করে না ক ধর্মিবিং। মিত্রপ্রোহী সেই,

উপ্রভাব্যরুব ভক্ত করে যে দাহন। ই

২২৭। শরনোপবেশনের নিমিও ঘাছার ছারার আশ্রর তুমি লও একবার, দে তরুর দাধা ভারা অবিধের কতি , যে ভারে, দে বিক্রজোরী, কুব, পাণমতি।

২২৮। ধনরত্বে পরিপূর্ণা বহুজরা যদি
পের কেছ রমণীকে, ভাবি ইছা মনে,
আমিই ইছার প্রির, অক্স কেছ নর,
অবকাশ পেলে কিন্তু সে নারী আনার
করিবে সে পুরুষকে তৃণবৎ জ্ঞান।
নারীর চরিত্রে হেন কলুবতা হেবি
অসতীর সম্বতাগি করে ধর্মবিৎ।
২২৯। পতামুগতিক হয় এইরপে বেকে,
এইরপে করে অ'র্ড্র হত্তের হাছন;
অসতী কে, ধিত্রভোগী কারে বলা বাদ,
বিক্ত ভাবে সকলাতোমাই।"

মহাসত্ত এইরপে বৃদ্ধনীলায় যককে চারিটা সাধুনরধর্ম শুনাইলেন। তাহা শুনিরা পূর্ণক বৃবিলেন, 'এই চারিটা ধর্মের উল্লেখনার বিশ্বর নিজের লীবনই ভিকা করিতেছেন। আমি ইহার সম্পূর্ণ অপরিচিত ছিলাম; তথাপি ইনি পূর্বের আমার অভ্যর্থনা করিয়াছেন; আমি ইহার গৃহে ভিম দিন অবস্থিতি করিয়া যথেষ্ট আদর হত্ত পাইয়াছি। আমি কিন্তু একটা রম্পীর অন্ত ইহার প্রতি এই নিষ্ঠুর ব্যবহার করিতেছি। কাছেই আমি সর্বাথা মিজদোহী।

ছহতে" ৰেখা বাৰ। অনুৰ্ভপাৰি ≔বে হস্ত বধাৰ্থ উদ্ভত হয় নাই, যে হস্ত কোন অপরাধ কৰে নাই । ইংগডে বোধ হয় 'অকং' পাঠের পরিবর্তে "অনুৰ ভং" পাঠ গ্রহণ করাই সম্ভত। 👼ত "পরিবজ্ঞসূত্য" (ভাগ কর) পদের প্রয়োগ সমর্থন করা বায় কিয়পে ? ত্যাগ কর – মাগ কর— নষ্ট করিও না এইকপ কল্পনা করিতে ংইবে কি ?

<sup>🕈</sup> ভূণানি ভূমিরণকং বাক্ চতুর্বী চ অনৃতা, এতাঙ্গণি সভাং গৃহে নোচ্ছিন্ততে কলাচন।

<sup>†</sup> অর্থাৎ ভোষার সলে বে বেরুণ ( সর্ ) ব্যবহার করিবাছে, ভাষার সবজেও ভোষার কেইরুণ ( সর্ ) ব্যবহার করা কর্মনা।

i हैरशकी "biting the hand that feeds" फननीय ।

<sup>§</sup> शक्य बरक्ष महारवादि-बाक्टक्य (०२०) ७०म अवर वेष्ठ बरक्ष मूक्ताक्टक्य ३०म शांवा १

এই প্রিতের কোন অনিষ্ট করিলে আমি সাধনরখর্ম হইতে এট হইব। নাগকভাম আমার কি প্রয়োজন ? আমি ইহাকে সম্বর ইন্দ্রপ্রয়ে লইয়া গিয়া ওত্রতা ধর্মসভায় অবভারণ क्तिशा निव : मशदवानीमिश्शद ज्ञाक्ष्माविक मृत्य ज्ञावात शंक एनथा मिरव।' मान मान ইহা স্থির করিয়া পূর্ণক বলিলেন.

২০০। তিন দিন ছিত্র আমি আগারে তোমার:

হইরাছি তপ্ত পেরে পানীর, আহার।

তাই তুমি মিত্র মোর, ওবে প্রাক্তবর : ২৬১। নাপেরা কি চার, কার্য্য আমার কি তাতে? ইপিতার্থ তাহাদের বা'ক অধঃপাতে, নাগৰস্তালাতে যোর ইন্ধা নাই আর :

শুনাইয়া নিজে ধর্মকথা সুভাবিত

করিব না কোনরূপ অহিত তোমার। বধ হ'তে মুক্তি আজ লভিলে, পণ্ডিত,

দিমু মুক্তি; ইচ্ছামত যাও নিজ ঘর।

মহাসত্ত বলিলেন, ''মাণবক, তুমি এখন আমাকে আমার গৃহে পাঠাইও না; আমাকে নাগভবনে লইয়া চল।

> করেন বদক্তি: २७२ । हम लख् यक (मांद्र যেখালে খণ্ডৰ তব আমার এ ইচ্ছা পূর্ণ কর অক্তিছচিতে: চল শীভ্রণতি। मानकरतपदा, जाव বিচিত্র বিমান তার করিব দর্শন : पिथि नाई भूत्स यांश पिथि छांश हरद अरव मार्थक नवन।"

शर्क दनित्तन,

২০০। সামুধের পক্ষে যাহা হিতকর নর, অমিত্রসঙ্গ সেই স্থানে কি কারণ প্ৰাক্ত কি দেখিতে ভাৱা কোন কালে চার গ চাও, মহাপ্রাজ্ঞ, ভূমি কবিতে গমন ?

মহাস্ত বলিলেন.

२०१। "सामित कानि, (इ एक, याहा नद्र हिजकत দেখিতে না চার ভাষা কভু কোন প্রাক্ত নর। কিছু আমি কোন কালে পাপ কিছু করি নাই: ঘটিবে মরণ ভাবি, দে হেডু, না শঙ্কা পাই।

বেধ, আমি ভোমার কার নিষ্ঠর যক্ষকেও ধর্মকথা শুনাইয়া এমন মৃত্তিত করিয়াছি বে. তমি এখন বলিতেছ, 'নাগক্ষার আমার প্রবোষন নাই: আপনি নিজগৃতে প্রতিগ্যন क्कन।' नामदास्क्रित मन नदम कदिवाद जात जागाद छेभद्र शांकिन। रमशास्त नहेंचा हम ।" हेश छनिया भूर्यक छांदात खखादव मध्य छहेरमन अवः विमासन,

> ২৩৫। "এস, হে অমাত্যবয়, সলে মোর গিয়া . मिथित कर्णानवर्गभूनं ताहे हात. সূত্যগীতোৎসৰে বেখা করেন বসতি নাগকুল-অধিপতি, বরেৰ-ছেমন वम्राक्ति मिनामेशास्त्र<sup>क</sup> शत्क्रम कृदवद्ग । ২৩১। অহোরাত্র বিভ্যাদেশ নাগকভাগণ (बड़ांब कदिवां (कनि : चारह क्रश्रह পুল্যবাদ্য পুলাক্তর সে নাগভবনে ; त्यात्व काहा, व्यवतित्य त्रीमाविनी यथा। २०१। अञ्चलारम जनानुर्व रत मागडवम : সভত আদশবৰ নৃত্যবান্ত্ৰীতে ; অগস্থতা নাগৰকা, বহু; অগস্থার---यत होत. एक रम्था शाहरद रम्बिल्ड 112

<sup>&</sup>quot; সংস্কৃত সাহিত্যে কুবেরের রাজধানী "সলস্" নামে বর্ণিত।

২০৮। কুক্রান্নানাতাশ্রেট বিছরে পূর্বক বসাইলা অখপঠে নিজের পশ্চাতে। লইরা-সে মহাপ্রাক্তে বক্ষ এইরপে ছইলেন উপনীত নাগেণভবনে।

২০৯। আছুল-এবজপুর্ণ থেই স্থানে পিথা রহিলেন গড়োইরা যকের পশ্চাতে বিহুর অমাত্যবর। হেরি নাগরাজ যক্ষমানবের মধ্যে সৌহার্দ্দিলকণ, ভাষাকেন ভাষাভাকে প্রধান সম্ভাবি:-

नानवास वनितनन,

২৪•। পণ্ডিতের হৃংপিও আহরণ ওরে
মর্ত্তানোকে হরেছিল গমন তোমাব।
হুংহেছে কি ইটুসিদ্ধি? মহাপ্রাক্ত সেই
অমাতো লইণা তমি এসেছ কি হেখা?

পূৰ্ণক বলিংশন.

২৪১। এই সেই ধর্মগোপ্তা হেখা উপরি ন,
লাজিংত বাঁহারে তব ইচ্ছা বলবতী।
সন্তুপারে আমি এঁরে করিয়াছি লাভ।
দীড়ায়ে সমূবে তব, হেন, নাগবাল,
বলিবেন ধর্মকথা এই মহামতি।
সাধ্যক্ষ হয় সদা হথেয় কারণ।

মহাসংখ্য দিকে দৃষ্টিপাত করিরা নাগরাজ বলিলেন,

২০২। বেশিকা অদৃষ্টপূর্বে এ নাগভবন, ভর পেরে আমার না করে সন্তাবণ;
মন্ত্রাবাদী মৃত্যুম্বরে হরেছে কম্পিত; নর ত এমন ভর প্রাক্তরনোচিত।

মহাদত্ব নাগবাছের সভাষৰ প্রতীকা করিতেছিলেন। এখন তাঁহার কথা ওনিয়া "তুমি আমার বন্ধনীয় নও" ইহা না বলিয়া নিজের জ্ঞানলক উপায়কুখলতাবলে, 'আমি বধাঙাবাপর; যে বধা দে কি কখনও বন্দনা করে ?" এই ভাব ব্যক্ত করিবার জন্য ছাইটা বাধা বলিলেন:—

২০০। পাই নাই ভন্ন, নাধ ; হই নি ক আৰি কাতৰ মৃত্যুৰ ভবে। বধা বেই জন, সে কি কলে বধাৰ্থীকে প্ৰিয় সভাবণ ? বধাৰ্থী বা সভাবণ কৰে কি কথন বধাজনে ? এই হেতু রহেছি দীয়ৰ।

২৪৪। ববিতে বাহাকে ইচ্ছা, প্রীতি-সঙাবণ করা তারে জসন্তব ; পেতে তার ঠাই প্রীতি-সভাবণ নিজে-কেবা আশা করে ? পারে না এমন ক্ষেত্রে হ'তে কোনরূপে প্রীতিবচনের কোন আদান-প্রদান।

ইহা ওনিয়া নাগরাক ছইটী গাণায় মহাসংখন স্তুতি করিলেন: --

২৪৫। বলিলে বা', সত্য ডাহা, ওছে বিজ্ঞান ; বুল্য ব্যাবীকে নাহি করে সভাবণ ; ক্যাবীও ব্যাকে না সভাবে কৰন। ২৪৬। বধিতে যাহাকে ইচ্ছা, প্রীতি-সম্ভাবণ করা ভাবে অসজন : পেতে ভার ঠাই প্রীতি-সম্ভাবৰ মিল্লে কেবা আদা করে গ গাবে না এমন ক্ষেত্ৰে হ'তে কোনকপে की जिस्हातन (बात जोशान-अशान ।

অভঃপর মহামন্ত নাগরাঞ্জকে প্রীতিসন্তায়ণপর্মক বলিলেন

২৪৭ ৷ এট বে এখর্যা তব, মহিমা অপার, বলিও শাৰত বলি আৰু মনে হয়.

এই शकि. यमशेरी एवं. मार्श्यत ---কিছই প্ৰকৃত পক্ষে শাখত ভ মর।

বিজ্ঞানা কথিতে আমি চাই হে ডোমারে, এ মহাবিমান তুমি পেলে কি প্রকারে ? २०४। देशवार कि शाहिश्वक १ तक कि निर्दाण ब दरह छा मात्र छद्र अ महाविमान १ निर्मान करत्र निरम ? किश्वा स्मर्गन

क्रिशंद्रका क्षांत्रों के विकित खब्म ? কি উপায়ে পাইহাছ তুনি ভাগ্যবান %

किकामि, गार्मम, वह देखम विमान नाश्रवाच विमात्रन.

২৪৯। দৈবাৎ মা পাইরাছি: করে নি নির্দাণ कति निर्दाण निरक्ष : किश्वा रमवनन निष्णाण सकर्त्रवरम, भुगा-अस्ट्रीरन बहामच विल्लान.

(काष्ट्रे काश्वेव एटव क महाविमान । দেন নাই আমাত্তে এ বিচিত্ৰ ভবৰ । করিতেছি বাস আমি এ মহাবিমানে।।

३००। कि उठ, कि उक्तार्थ। करवह शास्त्र १ क्रे चक्ति, क प्रशिमा, क्रे वीर्यादन- কোন কুকুতির ফল এ দিবা ভবন !! কি পুণোর বলে তমি পেলে এ সকল ?

नागतास विश्वन.

২০)৷ আমি আর ভার্যা মোর ছিলাম বধন रहिक्य सहाभीन, श्रमनवादन : ব্ৰাজ্পথ-সন্নিহিত দীৰ্ঘিকাৰ বত

मत्रालात्क\$ नत्रवह कत्रिश शहर, মুক্তবন্তে করিডাস দান অসুক্রণ। গ্ৰহ মোর সর্বভোগা থাকিত সতত : ৪ অল্পানে লভিডেন সম্বোহ সর্বধা।

অব্বরাক্ষণগণ বাইতেন সেধা : २११ । यथन यां कारक व वेल बांबात. बीभ-बाल्हाक्त-भशा-बद्ध बाद शान्य

याना-भक्ष-विदल्लभन-वहा-वामानाव. সাদ্ধে বাচকে মোরা করিতাম দান। পেছেছি এ সৰ সেই কুকুভিৰশতঃ।

aeo । अहे त्यांत जनात्री, अहे शिक्तत्र : क्रों चकि, क पश्चिमा, क्रों वीदावन,

क महाविभान - मय त्म भूरगात कल । प्रधातक विकासन.

> ees : a छेशांद्र लाक विष कविवाह a विमान. বিশ্চর পূপ্তের ফল জান তুমি, বডিযান। পুৰাবলে ভবান্তরে লভে জীব कि হুগতি, তাহাও নিক্তর জানা আছে তব্ নাগপতি। অতএব সাৰ্থানে কর ধর্ম অনুষ্ঠান : द्यम बन्नाहरत भूमः शांध रह रहन विमान ।

शक्य बटलड मच्योज-जांख्टकप्र (४२०) र ४म शोपी ।

প্রথানের শ্রাপাল-জাতকের (৫২৪) ২৯শ গাবা।

<sup>1</sup> প্ৰুৰ ব্যৱহা শ্ৰাপান-সাত্তকের (৫২৪) ৩০খ গাধার প্ৰবসার্ছ।

**ड जिलाकात बरम्स, अवसारका कांगरूमा मनरत ।** 

<sup>।</sup> अक्ष वरको मध्यभाग-माजस्मा (१२०) ०२म शाबात स्माई।

प्र बाधात 'रमवार' (मवार) अरर 'महनर' छेडव शबहे जारक। जानि 'रमवा' मरक वाहिना अक्टि अवर 'সাৰ' শব্দে বাছৰ ভোষ্ক ইড়্যাদি বুৰিলাম।

# নাগরাজ বলিলেন,

২০০। নাই নাগলোকে অমণতাক্ষণ, জন্মপানদানে, ছে অমাতাবর। কি করিলে প্রাপ্তি হইবে আমার ক্ষরিব বাঁদের ভৃপ্তি সম্পাবন জিজ্ঞাসি ভোমার, দাও সমুস্তর, ভাগো এভাদুদ বিমান আবার ?

## মহাগত ংলিলেন.

২৫৬। জারিয়াছে ছেখা নাগ অগণন— ভাজি ছুইভাব, কার্যো ও বচনে

২৭৭। ছও অগ্নছট কার্ব্যেও বচনে;
পূর্ব আয়ুকাল যাপি এ বিমানে

তব পুত্ৰ, দারা, জমুজীবিগণ। করহ পালন সেই সব জনে। হও এত সদা আফ্রিতপালনে; যাবে শেবে উর্কৃত্র দিবাধামে।

মহাসত্ত্বের ধর্মকথা শুনিয়া নাগরাজ ভাবিলেন, 'পশুভকে আর অধিক্ষণ ইংার গৃহ হইতে দ্বে রাখিতে পারি না! ইংাকে লইয়া বিমলার নিকটে যাই এবং ধর্মকথা শুনাইয়া তাঁহার দোহদ নিবৃত্ত করি। তাহার পর ইংাকে ইক্সপ্রত্থে পাঠাইয়া রাজা ধন্প্রের মুনস্তুষ্টিসম্পাদন করা কর্ত্ব্যা' ইংা চিন্তা করিয়া তিনি বলিলেন,

> ২০৮। সচিব বাঁধার জুমি, নিশ্চর সে নরবর তোমার বিহনে, প্লাক্ত, পেরেছেন ছ:খ বড়। তু:খিত যদিও এবে, শোকার্ত হুণর তার, দেখিলে তোমায় হুখী হইবেক পুনর্কার।

# ইং৷ শুনিয়া মহাদত্ত একটা গাথায় নাগরাব্দের প্রশংদা করিলেন :--

२०३। विनाद्य या' नागत्राज.

দাধুদের ধর্ম তাহা ;

ভাহ। হ'তে ভাল কিছু নাই । অভীভ ফুবিবেচিঠ

বিজ্ঞজনোচিত বাকা শুনি তব তৃপ্তি আমি পাই।

প্তান তথ তৃত্তি আমি পাই। স্থানশী বিশং যথে উপন্থিত হথ, নাগ,

তখন(ই) জানিতে পারা যায়,

কি বিশিষ্ট প্ৰস্তাবলে

মাদৃগ গণ্ডিত জন

অভিভূত নাহি হয় ভাষ।

# ইহা শুনিয়া নাগরাজ আরও সম্ভ হইয়া বলিলেন,

২৬০। বল ড, পুৰ্ণক কি হে বিনাশুল্যে লভেছে তোমার ? অধ্বা ডোমায় কি লে দুতে করিরাছে প্রাজয় ? বলে সেই, "আনিয়াছি না করি অসাধু বাবহার;"

বলে সেই, "আনিয়াছি না কার অসাধু বাবহার ; বল, গুনি, কি একারে হতুগত হইলে ডাহার ?

# भशामच विमाल

২৬১। 'বে রাজা আমার প্রভু ইক্সমন্বধাৰে, ছইলেন অকদাতে পরাজিত তিনি। দাত্তপণরপে লত আমি, নাগরাল। লভিলা পূর্ণক মোরে ধর্ম-অসুনারে, অসাধু উপার কোন না করি প্রবোগ।

হুভং। পণ্ডিভের সভ্য কথা করিয়া শ্রবণ হুভি ধরি সহাগ্রাক্তে লইরা তথন

মংতিজা মহোরগ হন হটমন। ক্রিলেন বিমলার স্কালে প্রমন।

```
মাগবাদ বলিলেম.
```

১৬৩ ৷ "বার হক্ত পাঞ্বপ শরীর ভোমার, वाष्ट्रभारत माउँ कृति, कर ना वाषाय, क्षतिता औषरथ याँव पर्यंत रमनन खळानिडिमित्रमुक इत्र कीरगन, অতলা বাঁহার হাজা, সেই প্রপতিত বিদ্ৰৰ সম্মাৰে তৰ এবে উপন্থিত।

২৬৪। সংপিত পাইতে যাঁত ছিলে ব্যাপ্তির, কানপ্রভাকর সেই এবে সম্পিত।

क्रम. श्रिया. श्रीमार्थन मधन बहन : २७०। यहां आक विद्वादत (भारत प्रतमन,

> বিষলা অপমে ভারে যুক্তি বশাসুলি : লভিয়া পর্যা প্রীতি প্রচার অভয়ে করবারাবাভালেটে বলে অত্যপর :--

युद्धल अवस्था हैशा प्रमृत ।"

विमना । विद्वातन नहनश्चित्रहर ]

२७५। "पिनिया अपृष्टेन्स এ नागल्यन, क्ष शिक्ष कोमांटक में करते मेखांवर s মর্দ্রাধানী মৃত্যভয়ে হরেছে কম্পিড; নর'ড এমন হয় বিজ্ঞানীচিত।

> con : "लाहे नाहे छक्त, नाशि : इहे नि क सामि কাতর মৃত্যুর ভারে : বধ্য বেই জন, সে কি করে বধার্থীকে কন্ত সন্তাবণ গ

২০৮ ৷ বৰিতে গাংকে ইচ্ছা, প্ৰীতি সম্ভাবণ করা ভারে অসম্বন: পেতে ভার ঠাই

> ক্ৰীত্তি-সম্ভাৱণ নিজে কেবা আলা করে ? গারে না এমন কেত্রে হ'তে কোনমূপে

এীতি-বচনের কিছ জাদান-প্রদান।" २५% । "विलाल था", मठा छोड़ा, श्राह विकास :

वशा वश्रीकि नहि कद महावन . वश्राधिक वशास्त्र का महारव कथन ।

২৭০ ৷ বধিতে যাহাকে ইচ্ছা, ঞীতি-সম্ভাৱৰ

করা ভাবে অসম্বন: পেতে ভার ঠাই প্রীতি-সম্ভাষণ নিজে কে বা আশা করে ?

> পারে না এমন ক্ষেত্রে হ তে কোনরূপে প্রতি-বচনের কিছু আদান-প্রদান।"

২৭১। "এই যে এখাঁগ্য তব, মহিমা অপার.

হঞ্জি পাশত বলি আগু মনে হয়.

ভিকাসা করিতে আমি চাই লো ভোমাবে १ ११। रेमवाद कि लाहेबाछ ? क्य कि निर्माण

নিৰ্বাণ করেছ নিজে ? কিংবা দেবপণ ৰল শুমি, নাগৰুৱে, কি উপায়ে তুমি

2401 "शिवार ना शाहेबाद्धि : करत्र नि निर्दाव

করি নি নির্মাণ নিজে , কিংবা সেবগণ निज्ञाल वकर्षदस्य, পूना-वयुक्तीस्य

१९७। 'कि उठ, कि उन्नाहरी करतह शासन ? এই वृक्ति, अ महिमा, এই दीवीदश-

২৭০ ৷ "আমি আর পতি মোর হিলাম বধন

श्रविष्य अक्षानीत, वर्षभवावन । ৰাজগৰ-সন্তিষ্টিত ধীৰ্ষিকাৰ মত अवनुजाकानमन वाहेर्डन (मधाः এই গুদ্ধিবলবীগা প্রভৃতি ভোমার, --কিছুই প্ৰকৃত পক্ষে শাৰত ত নয়। এ মহাবিমান ভূমি পেলে কি প্রকারে ? করেছে তোমার তবে এ মহাবিমান ?

शिवाद्यम ट्यामादा व विक्रिय खबन !" করিয়াছ লাভ হৈন দিবাবাসভূমি ?" কেঃই আমার তরে এ মহাবিদান। (पन नारे जामादा क्रिविटिया करण।

**क्र**बिट्डिह वान जानि এ मश्चिमात्न ।" কোন পুকৃতির ফল এ দিবা ভবন ? कि शूर्वात वरत छुवि शाल अ मक्त "

महार्काक नहाम कहिया थात्रण. মুক্তহত্তে করিতাম দান অমুক্তণ , ্ পুছ নোর সর্বাভোগ্য থাকিও সভও।

অল্লপাৰে লভিডেন সংস্থাব নাক্ষা।

২৭৬ বিশ্বন বা' আবিশ্বক বইত বাহার বীপ-আচ্ছাদন-শ্বা-অন্ন আন পান

২৭৭। এই মোর একচর্বা, এই হিতরত ; এই ক্ষি, এ মহিমা, এই বীর্যাবল, মান্যগৰ্ভবিলেপনখটু বাসাগার-সাধ্যর বাচকে মোরা ক্ষরিভাষ দান । পেছেছি এসৰ সেই ফুক্তবিশতঃ। এ মহাবিমান—সৰ সে পুণ্যের কল .?"

২৭৮। 'এ উপারে লাভ বদি করেছ এ বাসভূমি,
নিক্তর পুণোর কল, নাগদারে, জান ভূমি।
পুণাবলে ভবান্তরে লভে জীব বে প্রসভি,
ভাবাঙ নিক্তর জানা আছে ভব, ভাগাবভি।
অন্তএব সাবধানে কর ধর্ম অসুঠান,
বেন ক্যান্তরে পুন: পাও লো হেন বিমান।''

২৭৯। ''নাই নাগলোকে জমণবাদ্ধণ, অন্নপানদানে, ছে জমাত্যবয়। কি করিলে প্রাণ্ডি হইবে জানার

২৮০। 'ক্ষেত্রিয়াছে হেথা নাগ অগণন— ভাজি তুইভাব, কার্যো ও বচনে পূর্ণ আযুদ্ধাল বাপি এ বিমানে করিব বাঁদের তৃত্তি সম্পাদৰ
নিজ্ঞাসি তোমার, নাও সহস্তর,
ভাগ্যে এডাদৃশ বিমান আবার ?"
তব পতিপুত্র-অমুজীবিদণ ৷
হও রত সদা আগ্রিত-পালনে;
বাবে শেবে উর্জন্ত দিবাধানে ৷"

২৮২। "সচিব বাঁছার তুমি, মিশ্চর সে নরবর তোমার বিহনে, প্রাজ্ঞ, পেরেছেন ছ:খ বড়। ছ:বিভ বনিও এবে, শোকার্য ক্রম উা'র, দেবিলে ভোমার স্থাবী হইবেক পুনর্বার।'

२৮०। "वनित्न वा", मानवारक,

माधुरमत्र धर्म छाहा :

তাহা হ'তে ভাল কিছু নাই।

বিজ্ঞানোচিত বাকা

অভীৰ হৰিৰেচিত

ওৰি ভৰ ভৃত্তি আমি পাই।

जेपृणी विश्व यद

উপন্থিত হয়, নানি,

মাদৃশ পবিভয়ন

তথনই জানিতে পারা বার,

কি বিশিষ্ট প্ৰজাবলে

অভিভূত নাহি হয় ভায়।"

২৮৪। ''বল ড, পূৰ্ণক কি কে অথবা ডোনায় কি দে বলে দেই, 'আনিবাছি

बल, छनि, कि अकादा

বিনাৰ্ল্যে লডেছে ভোষার ? লুতে ক্রিরাছে পরাজর ? না করি অসাধু ব্যবহার'। ফলেকত হইলে ভাহার ?''

২৮৫। 'বে রালা আনার প্রভূ ইক্রপ্রহণানে, হইলেন অকদাতে পরাজিত তিনি। সূত্রপ্রকাশে গত আনি, নাগজারে। গতিকা পূর্বক নোরে ধর্ম-অসুসারে, অসাধু উপার কোন না করি প্রবাস।"

২৮৬। করিয়াহিলেন হে হে প্রশ্ন নাগরাক, নাগী **তবে জিজা**সিলা গভিতে সে সব।

২৮৭। বন্ধবের প্রযোজর দিরা হুণীবর
করিবাছিলেন তার সংকাবসাধন;
নারীর প্রস্নের(৩) সেই নত সন্ত্তরে
সন্তোধসাধন কুধী করিলেন তার।

২৮৮। \* নাগরাজ, নাগজায়া, প্রসন্ন উভরে
হয়েছেন বৃদ্ধি সুধী অবিকলচেতা,
নির্ভন্ধ, অরোমাঞ্চিত — বলিলা ছ'লনে,
২৯০। ''কোন চিন্তা নাই, নাগ। সিক্র বিদ্ মোরে
বিতে নারিবে আর—ত্যক্ত এ ভাবনা;
আছি গড়াইয়া আমি। আমার দেহের
মাংসে কিংবা কংগিতে থাকে যদি তব
প্রয়োজন, বহুতেই ক্রিরা ছেদন
সাধন অব্রিব তাহা, বলিবে যেরপে।"

# নাগরাল বলিলেন.

২৯১ ঃ প্রজাই হংগিও হব পণ্ডিত জনের।
পরম সঞ্জোব মোরা করিবাছি লাভ
অতুলা প্রজার তব পেয়ে পরিচর।
বাঁচার অনুন নাম+, নডুক দে এবে
তনমাকে আমাদের, রাধুক ভোমার
অক্সই দে কুকরাক্যে ইক্রপ্রস্থাবে।

ইহা বলিয়া বরণ ইরন্দতীকে পূর্ণকের হত্তে সম্প্রদান করিলেন। পূর্ণক ভার্যা লাভ করিয়া আনন্দিত হইলেন এবং মহাসত্তের সহিত শিষ্টাশাপ করিতে লাগিলেন।

এই বুডাত্ত বিশদরূপে ব্যক্ত করিবার জন্ত শান্তা বলিলেন,

২৯২ ৷ ইরন্সতীশাভে হ'রে প্রকৃষ্ট-অন্তর মহোলাসে বলিলেন পূর্ণক তথন কুল্লালামাতাব্যে

5701

"এদাদে ডোমার করিলাম ভাগা লাভ; এ উপকারের উপযুক্ত এতিলান করিব নিশ্চম। দিলু এই মহামণি; করহ এহণ। কুকুলেশে পৌছাইরা দিডেছি ডোমার।

भशंमच अर्थिक व वाग्या कतिया विवासन,

২৯৪। "থাক বেন, কাত্যারন, ভার্য্যান্ত ওব অক্টেক্স প্রথবে বন্ধ হইবা সতত। করহ সানশচিকে, প্রদার অববে মণি মোরে বান, যক। গ্রাণ্ড পৌছাইরা সত্তর আমাকে তুমি ইপ্রপ্রহণাবে"

২৯৫। তুলি অখপুঠে কুজনাজাবাত্যবরে পুর্বক বসান তারে সমূপে নিজের। মহাপ্রজ বিদ্বরকে ল'রে এই ভাবে ইক্সপ্রস্থাক্তব্যুবে করিলা গ্রাম।

২৯৬। বনোগতি শীম অতি; শীম অতোহধিক হইল আকাশপথে গতি পূৰ্ণকের। নিমেৰ না হ'তে গত কুকরাকামতো লয়ে তিনি ইক্সপ্রছে হন উপছিত।

ज्यार वाहात वाव ध्यूर्वक्"।

# অতঃপর পূর্ণক বলিলেন.

২৯৬। হের এই ইন্সপ্রস্থপুরী রমণীরা, দানা থণ্ডে প্রবিজ্ঞা; আম্বরণ সর রয়েহে চৌদিকে ওর, অহো কি ফুক্সর! বাও হে বিবার; হল ব্রীলাভ আমার; ভূমিও বুগুহে, হুবী, হ'লে প্রভাগিত।

क्रेमिन প্রতাঘকালে রাজা ধনপ্রয় এক সপ্র দেখিয়াছিলেন । স্বপ্রটা এই :-- রাজভবনের ভারদেশে যেন একটা মহাবুক বহিয়াছিল; উহার ক্ষম প্রজাময়, শাথাপ্রশাধা দশশীল ফল পঞ্জারস÷: অলক্ত হত্তী ও অখনমূহ যেন উহাকে পরিবেটন করিয়া রাধিয়াচিল এবং বচলোকে যেন কতাঞ্চলিপটে নমন্তার করিয়া ভক্তিভরে উহার পূজা করিতেছিল। কিছ হঠাং দেখানে এক ক্লফকায় বাক্তি দেখা দিল : তাহার পরিধান রক্তবন্ত্র, কর্ণে রক্তপুলের कथन. हत्त्व चायम । तम चानियाहे द्रक्तित्व नमत्त रहत्त्व कदित्व कदित्व हहेन । तनात्व ভাচা দেখিয়া পরিদেবন করিতে লাগিল: দে ভাচাতে কর্ণাভ না করিয়া ভিন্ন বক্ষটীকে টানিতে টানিতে লইয়া গেল: কিন্তু কিয়ৎকাল পরে ফিরিয়া আদিরা উঠা প্রস্তানেট স্থাপিত করিয়া চলিয়া গেল। রাজা এই স্থপ্নের মর্ম উদ্যাটনপূর্বক স্থির করিলেন 'মহাবক্ষটী আর বিছই নয়. উহা বিত্র পণ্ডিত; যে ব্যক্তি বহুলোকের পরিদেবনে কর্ণপাত না করিয়া উহাকে সমলে ছেদন করিয়া লইয়া গিয়াছিল, সেও আর কেছ নয়, সেই মাণবক যে বিছর পণ্ডিতকে লইয়া গিয়াছে। দেই লোকটা যে বুক্টীকে আনিয়া পুনর্বার ষ্ণান্তানে রাখিয়া গিয়াছে. ইহাঁ দারা কৃচিত হইতেছে যে, সে পণ্ডিতকে আন্মনপুর্বক ধর্মসভাষ वाथिया চलिया याहेरत । अञ्चल जिलि राष्ट्रे मिनहे शिक्षरेज मर्मन लांक करिएतन।' क्रे শি**ষাত্ত** করিয়া তিনি অভাত্ত আনন্দিত ইইলেন, সমন্ত নগর e ধর্মসভা কুস**ক্তি**ত করাইলেন, পূর্বকিথিত এক শত এক জন ভুপতি এবং পৌর ও জানপদগণে পরিবুত হইয়া विनातन, "राज्यामा विश्वा कतिश्व ना : अश्वरे পश्चित्रक विश्वाद राष्ट्रिय ।" महनदक এইরপে আশত করিয়া তিনি পশুতের আগমনপ্রতীক্ষায় ধর্মদভায় বদিয়া বুছিলেন: এদিকে পূর্বকিও পণ্ডিতকে ধর্মসভাদ্বারে অবভারণ করিয়া উপস্থিত লোকদিগের মধ্যে স্থাপন क्तिरनन अवर हेदलाखीरक नहेश निरक्तत (मवनशरक हिन्सा रशरनन ।

## **এই वृक्षांख विगम**कारण वर्गना कविवाद संख्य भारत विलालम-

ং কণ। কুলবালামাত্যবরে ধর্মসভামারে দিলা নামাইয়া সেই বক্ষ দিব্যরণ ; আলানের অবে পুনঃ কবি আবোহণ কবিলা আকাশ-পথে তথন(ই) প্রস্থান।

২০৮। ধরশন প্নর্কার পেরে বিভ্রের লভিনা পরমা প্রীতি কুম্বান্ধ মনে; উঠিয়া জাসন হ'তে বিন্তারিয়া বাছ করিলেন জালিম্বন অকম্পিত দেহে; সক্ষ্যের পুরোতাগে, সভাজন মারে বসালেন স্থাব্যরে উল্লয় জাসনে;

বিভ্রের সঙ্গে সংখ্য সম্ভাষণ-প্রতিসম্ভাষণানম্ভর রাজা মধুরশ্বরে বলিলেন,

<sup>🗖</sup> পঞ্গোরস—ৃক্ষীর, দধি, তক্ত্র, নংশীত ও সর্বি:।

২৯»। সারধি সজ্জিত রথ চালায় বেখন,
কুমিও তেমতি সদা উপবেশদানে
সংপথে চালাও আমা সেনে, বিজ্ঞান ।
কুজরাজ্যাসী সব দর্শনে তোমার
কত বে সম্বন্ধ, তালা কি বলিব জার ।
মাণবক্তত হ'তে বল, কি উপালে
মক্তি লভি কিরি তমি জাসিলে এখানে ?

#### মহাসম বলিলেন

- 'বলিলেদ মাণ্বক বাঁরে, নন তিনি
  নর, ছে নৃপনার্জ্ ল! পূর্ণকের নার
  বােধ হয় আছে তব প্রবণ-গোঁচর।
  ইনি সে পূর্ণক, প্রভো, মহা-অভিমান,
  বক্ষরাল করেতের সচিবপ্রধান।
- ৩০২। প্ৰমধ্যা সে প্ৰিয়া নাগস্থতার কারণ পূৰ্ণক করিলা চেট্টা বণিতে আমার ভার্থ্যালাভ ভাগো তার ঘটেছে এখন ; মহামণি করি লাভ আমিও তাহার পাইরাছি অসুমতি কিরিতে এখানে।

মচারাক, আমি চতুপোষ্ধিক প্রশ্নের যে সমুত্তর দিয়াছিলাম, \* তাহাতে প্রসন্ন হইরা সেই নাগরাক আমাকে একটা মণি দিয়া পূজা করিয়াছিলেন। তিনি নাগলোকে প্রতিগমন कवित्म विश्वना (परी), प्राण (कांशाय किकामा कतियाकितन। देशात खेळा प्रतियां कात्न নাগরাক আমার ধর্মকথকতার প্রশংসা করিয়াছিলেন। ভাগতে বিমলার মনে ধর্মকথা क्रित्वात हेका दम अवर जामात स्थिलिश शाहेबात क्रम छाशात लाहन सम्मित्राह. अहे कथा ৰলেন। নাগৰাৰ ইহার প্রকৃত অর্থ বৃথিতে না পারিয়া তাঁহার কলা ইরন্সতীকে विवाहितन, "विहरत्त्र क्षरमार्ग भारेवांत्र संग्र जामात्र माजात्र त्मारम सरेवांहा जारा चानित्क मुम्ब, धमन चामी नांक कतिवात हाही कत।" चामीत व्यवस्थ वाहित हहेवा हेवमजी दिल्लवरनंद जागिरतय भूर्वक नामक यक्तक रमिर्ड भाग। भूर्वक छाँहांद्र खिंड অভবাগবান হইয়াচেন দেখিয়া ইরন্দতী তাহাকে পিতার নিকট লইয়া যান। নাগরাজ ৰলেন যে, তিনি বিভুরের ছদয় মাংস আনমন করিতে পারিলে ইরন্সতীকে লাভ করিবেন। পূর্বক বিপুলগিরিতে গিয়া রাজচক্রবর্ত্তি-পরিভোগ্য মণি আহরণ করেন এবং আপনার সলে ল্যভক্রীডার ক্ষ্মী হইরা আমাকে প্রাপ্ত হন। তিনি আমার গৃহে তিন দিন ছিলেন; তাহার পর আমাকে তাঁহার অবের পুত্র ধরাইয়া হিমালয় পর্কতে লইয়া বান। তিনি প্রথমে ভাবিয়াছিদেন, বুক্ষের ও পর্বতের আগতে আমার মৃত্যু ইইবে: কিছ তাহা হইন না (मिथा। जिनि **উद्धेष्ठ मश्चेमण्डा**त्वत देवबस्य वाय + मान्य महेशा आमात मिरक जेनक्तन कतिएस ক্রিতে অগ্রসর হটলেন, আমাকে ব্রীয়োকন উচ্চ কালাগিরির উপরে স্থাপিত করিয়া शिःशानित्र त्वरण नानाक्रण छत्र तिथारेतन : किन्क किन्द्राउरे आमारक मात्रिष्ठ शातितन ना ।

वह परवत २१४ म मुक्ते जहेरा । † देवतक सायुक्त मचरक सम प्रविच २०४म क २९०म मुक्ते जहेरा ।

তথন আমি জিজাসা করিলাম, 'আপনি আমাকে বধ করিতে চান কেন'? ভিনি ইছার উত্তরে সমন্ত ব্তাস্ত বলিলেন: আমি তাঁহাকে সাধুনরধর্ম শুনাইলাম: তাহা শুনিয়া তিনি প্রসর হইলেন, এবং আমাকে এখানে ফিরাইয়া আনিতে ইচ্চা করিলেন। অভঃপর আমি তাঁহাকে লইয়া নাগভবনে গমন করিলাম এবং নাগরাজ ও বিমলাকে ধর্মকথা ভনাইলাম। ভাষাতে নাগলোকের সকলেই প্রমস্তোধ লাভ করিল। আমি নাগলোকে ছয় দিন বাস করিলে নাগরাজ পূর্ণকের হত্তে ইরন্দভীকে সম্প্রদান করিলেন। ইহাতে অভিমাত্র আহলাদিত হইয়া পূর্ণক সেই মহামণি দিয়া আমার অর্চনা করিলেন, নাগরাজের অফুমত্যসুসারে আমাকে মনোময় অখবরে তুলিলেন, আমাকে সম্মুখের আদনে এবং ইরম্বতীকে পশ্চাতে বসাইয়া নিজে মধ্যমাদনে উপবিষ্ট হইলেন. আমাকে এখানে আনিয়া দভামধ্যে নামাইবা দিলেন এবং ইরন্সভীকে লইমা নিজের নগবে চলিরা গেলেন। অভএব ব্রিভে পারিলেন, মহারাজ, যে, পূর্ণক তাহার প্রিয়া সেই স্থমণামা নাগবলার ক্ষুত্ত আমার প্রাণবধের চেটা করিয়া-ছিলেন, এবং শেবে আমারই প্রজ্ঞাবলে তিনি ভার্যা। লাভ করিলছেন। আমার ধর্মকথা ভনিয়া নাগরাজ প্রদল্লচিত্তে আ্মাকে ফিরিতে অনুমতি দিয়াছেন এবং আমি পূর্ণকের নিকট হইতে এই সর্বকামন রাজচক্রবর্তি পরিভোগ্য মহামণি প্রাপ্ত হইয়াছি। মহারাল, আপনি এই মণি এংণ ককন।'' ইহা বণিয়া বিহুর রাজাকে দেই মণি দান করিলেন। রাজা প্রভাষকালে যে স্থপ্র দেখিয়াছিলেন, এখন ভাগা নগরবাদীদিগকে বলিবার অভিপ্রারে বলিলেন, ''ভে৷ নাগরিকগণ, আমি আজ যে স্বপ্ন দেখিয়াছি, তাহা প্রবণ কর :---

৩০৩। জ'নিল অপুক্ৰিবৃক্ষ প্ৰানাদের হাবে;—
প্ৰজ্ঞামৰ কাও তার; শীলসমূচনে
গঠিত হয়েছে তাৰ শাখা ও প্ৰশাবা;
ধৰ্মে আবাৰ অৰ্থে পুষ্ট দেই ভক্ৰবর;
ফল তার পঞ্চিধ – ক্ষীর, নৰনীত,
দখি, তক্ৰ, সপি: আর; বেষ্টিত সক্ৰিত;
পো-অধ-মাতস হার;

০০৪। পুলিতে নে তল

ইল প্রবৃত্ত লোকে মহাসমারোহে;
কেছ নাচে, কেছ পায়, কেছ বা বাজায়।
কেন কালে অকলাং পুল্ন ভীব্ন
ছেলি সেই জল লাম ক্রিল গ্রন।
ছবৈছেন গুছে মোর সেই স্বচাতক
সমাপত পুনর্কার; এস, সব্বে মিলি
বিশ্বিদ্য পলা ভাবে ক্রিব এখন।

০০ব। তাতি অসুগ্রহ মোর সম্ভট যাহার), কর সবে আজ নিজ সম্ভোহ একান ; উপগার স্থাচুর করি অংনরন পুরু এই উক্ররে মনের উল্লাসে।

৩-৬। আমার এ রাজ্যে বদ্ধ সংগ্রহার। বন্ধন হইতে মুক্ত হোক সংগ্রহার। বিশ্বর বন্ধনমুক্ত হলেন বেচন, সেইকণে লাভ মুক্তি বদ্ধনীবিধনে।

৩০৭। হউক এ রাজ্যে মহোৎসৰ এক সাস; বাধুক কাকল ভুলি ক্বিন্তীবিগ্ৰ:\*

 <sup>&#</sup>x27;ठेवचना मान्नियः कवसा'

পলারে করাও সবে ব্রাহ্মণভোজন।
উপাচয়া পড়ে মস্তু, হেন পূর্ণ পাত্র
হাতে লবে মস্তুপেরা স্থ বা পানাগারে
বিদ্যা করুক পান ইচ্ছা যত হয়।
বংগে মুদ্যার কর হসজ্জিত;
আহমানি আনহ সেথা বারাল্যগাণে।
শান্তিরক্ষা হেতু কর ব্যবহা এমন,
না পাবে করিতে যেন একে অপরের
কোনরূপ কতি ক্ছু; কর এইরূপে
সকলে মিলিয়া পুলা এ তরুবরের।

#### রাজা এইরপ বলিলে

। রাজ্পত্নী, য়াজপুত্র, বৈশু ও বাল্লণ

ক্রিবিধ উপহার, অর আর পান

০১০। গদ্ধারোহ-অবারোহ-রখি-পত্তিগর্ণ, বহুবিধ উপহার, অন্ন আর পান

৩১১ ৷ সমবেত হয়ে পৌরক্ষানপদগণ, বছবিধ উপহার, আর আার পান

৩১২। হেরি বিছরকে গৃহে প্রত্যাগত বেখি তাঁরে সবে হরবের বেগে সকলেই করিলেন সন্ধর প্রেরণ
বিদ্রুব পণ্ডিতবরে দেখাতে সন্মান ।
সকলেই করিলেন সন্ধর্ব প্রেরণ
বিদ্রুর পণ্ডিতবরে দেখাতে সন্মান ।
সকলেই করিলেন সন্ধর প্রেরণ
বিদ্রুর পণ্ডিতবরে দেখাতে সন্মান ।
হয় মধ্য সবে আনন্মসাগরে ।
উত্তরীয় বাস সঞ্চান করে ।\*

একমাস পরে উংসব শেষ হইল। অতঃপর মহাসত্ব যেন বৃদ্ধকত্য সম্পাদন করিতে লাগিলেন; তিনি সমত্ত লোককে ধর্মতত্ম শিকা দিলেন, রাজাকে উপদেশ দিলেন এবং মতদিন জীবিত ছিলেন, এইভাবে অভিবাহিত করিয়া বর্গপরায়ণ হইলেন। তাঁহার উপদেশাহ্নসারে চলিয়া রাজা এবং কুফরাজাবাদী অন্ত সকলেও দানাদি প্ণাাহ্র্টানপ্র্বক আয়ুঃক্যান্তে বর্গপুরী পূর্ব করিতে গেলেন।

্ এই রূপে ধর্মজনন শেব করিয়। শাতা বলিলেন, ''ভিকুগণ, কেবল এখন নয়, পূর্বেও ভথাগভ প্রজাসন্পায় ও উপাংকুশল হিলেন।

সৰবধান—তথন বৰ্ত্তৰান রাজক্লের মাভাপিতা ছিলেন বিহুরের মাভাপিতা রাহনমাত। ছিলেন বিহুরের জ্যেষ্ঠা ভার্বা ; রাহল ছিলেন ভাহার জ্যেষ্ঠ পুত্র ; সারিপুত্র ছিলেন নাগরাজ বলুণ, মৌগুগল্যায়ন ছিল্লেন সেই স্পর্ণরাজ ; অনিকল্প ছিলেন শক্ত ; আনক্ষ ছিলেন রাজা ধনপ্রত্ন এবং আমি ছিলাম বিহুর পণ্ডিত। ]

# ৫৪৬—মহা উন্সার্গ্ জাতক। +

্বিগাল বেতবৰে আৰ্থিডিকালে প্ৰজাণার্মিকার স্বাধ্য এই কথা বলিয়াছিলেন। একদিন ভিকুষা ধর্মসভার উপবিষ্ট হাইলা ওপাগতের-প্রজাপার্মিতা বর্ণনা করিতেছিলেন। ওাহারা বলিতেছিলেন, "আহো। ওপাগতের কি অসামাভা প্রজা। ইহা মহিরসী ও বিধব্যাপিনী; ইহা বেমন রসবতী, তেমনই প্রত্যুৎপল্লা; ইহা হতীকা ও বিক্ষরাখ-৭৩নকুশলা। এই অপার প্রজাবলে তিনি কুটনন্ত প্রভৃতি রাম্মণিলকে, সভিক প্রভৃতি প্রজাবিদকে, অপুনিমাল প্রভৃতি হত্যাদিশকে, আমারক প্রভৃতি বক্ষাধিগকে, অপুনিমাল প্রভৃতি হত্যাদিশকে, আমারক প্রভৃতি বক্ষাধিগকে, সহস্র সহস্র লোককে প্রবজ্ঞা কিয়া মার্গকলের অধিকারী করিবাছেন। ভিকুরা এইকপে পাতার মহাপ্রজার মহিমা কার্তন করিতেছিলেন, এবন

<sup>• &#</sup>x27;रिवृक्तवर्था व्यवस्था' । देश मारहवी 'waving of handkerchief' अत्र मछ ।

<sup>†</sup> डिवार्त-कृत्रार्ड बांड शब्द धर्मानी, क्षत्रत्र वा वर्ष-हरत्रांनी tunnel वा mine नासद जूनाविवाहक

<sup>‡</sup> कृष्टेण्ड-मनवर्तात्मात्र अक्सन विशास शक्ति। देनि श्रेष्ट्रनगरित नाम क्रिस्टिन । देनि असूनिन

সমরে তিনি স্থানে উপস্থিত হইরা বিজ্ঞানা করিবেন, "ভিক্পণ, তোমরা এখানে বসিরা কোন্ বিষরের আলোচনা করিতেছ?" তাঁহারা আলোচনোন বিবর বিজ্ঞাপিত করিনে শান্তা বলিলেন, "ভিক্পণ, তথাগত বে কেবল এখনই প্রজাবান্ হইরাছেন, এমন নহে; যখন তাঁহার জ্ঞানের সম্পূর্ণ পরিপক্তা করে নাই, বখন তিনি বৃদ্ধপ্রাধির আলোর বোধিসম্বরূপে বিচরণ কবিতেছিলেন, সেই অতীতকালেও তিনি অসাধারণ প্রজার পরিচর দিয়াছিলেন।" অনভার তিনি সেই অতীত কথা আরভ করিলেন:— ]

## ( )

পুরাকালে মিথিলায় বিদেহ নামে এক রাশা ছিলেন। সেনক, পুরুল, কবীস্ত্র ও বেবেজ, এই চারিজন পণ্ডিত তাঁহার ধর্মাছশাসকের কাজ করিতেন। যেদিন বোধিসত্ত্ব মাতৃকুলিতে প্রতিস্থি লাভ করেন,\* সেইদিন প্রত্যুষকালে রাজা এই স্বপ্ন দেখিয়াছিলেন:—রাজালণের চারিকোণে চারিটা অধিক্তভ্ত যেন মহাপ্রাকারের সমান উচ্চ হইয়া জালিতেছিল; পরে তাহাদের মধ্যে খন্যোতপ্রমাণ অধিক্তিল উখিত হইয়া মুহূর্ত্তমধ্যে অধিক্তভ চারিটাকে অভিক্রমপূর্বক ব্রহ্মানাকপ্রথাণ উচ্চতা লাভ করিল এবং চক্রবালসকল এরণে উদ্ভাগিত করিয়া রহিল যে, ভূপভিত সর্বপ্রীক্ষ পর্যান্ত দেখা ঘাইতে লাগিল; দেবমানব প্রভৃতি সমন্ত লোক মাল্যান্তানি ছারা তাহার পূকা করিতে লাগিল; বছলোক তাহার ভিতর দিয়া গ্রান্ত করিল; কিন্তু কাহারও লোমকুপমাত্রও উষ্ণতা অমুভব করিল না।

এই ব্পু দেখিয়া রাজা ভীত ও ত্রন্ত লইয়া শ্যাভাগ করিলেন এবং না জানি ইহা হইতে কি অনুথই ঘটিবে, অরুণোদয় পর্যন্ত বিদ্যা বদিয়া এইরূপ ভাবিতে লাগিলেন। পূর্বক্ষিত পণ্ডিত চারিজন প্রাভঃকালেই তাঁহার নিকটে উপস্থিত হইয়া জিল্লানা করিলেন, "মহারাজ হবে নিজা গিয়াছিলেন ত ?" রাজা বলিলেন, "হুপ কোথার পাইব ? আমি এই ছুংব্র্পা দেখিরাছি।" তাহা শুনিয়া দেনক পণ্ডিত বলিলেন, "ভ্যু পাইবেন না, মহারাজ। এ হুব্র্পা; ইহাতে আপনার শ্রীবৃদ্ধিই হইবে।" "কিরূপে বুরিলেন ?" "এমন একজন পঞ্চম পণ্ডিতের আবিভাব হইবে, যিনি আমাদের এই চারিজনকে ভাতক্রমণপূর্বক নিপ্রান্ত করিবেন। আমরা আপনার স্বপ্রকৃত্ত অগ্নিগুড় চারিটা; ভাহাদের মধ্যহলে যে মগ্রিছ দেখিয়াছেন, তাহাই দেই পঞ্চম পণ্ডিত। দেবলোকে ও নরলোকে, কুর্তাপি তাহার তুল্যকক্ষ কের থাকিবে না।" "তিনি এখন কোথায় ?" দেনক নিজের বিদ্যাবলে দিব্যচক্ষ্বারা প্রত্যক্ষ করিরা বলিলেন, "মহারাজ, তিনি অদ্য হয় প্রতিসদ্ধি গ্রহণ করিয়াছেন; নয় মাডুগর্ভ হইভে ভূমিষ্ঠ হইয়াছেন।" তথন হইতে রাজা এই কথা স্বন্ধ করিয়া রাথিলেন।

ৰজ্ঞাৰ্থ বহু পশুৰ্ধের আ্যোজন করিয়াছিলেন, এমন সমলে বুক্তেব সেখানে উপস্থিত হট্যা বুঝাইয়া দেন বে, নানই প্রকৃত যক্ত: অক্স যক্ত বুখা। তখন কৃট্যক্ত পঞ্পত পিয়স্ত বৌদ্ধর্ম অবলম্ম করেন।

সভিক—ইমি একজন বিখ্যাত তাৰ্কিক। ইনি প্ৰথমে গৌতমকে তল্পবিহাক বলিয়া অবজ্ঞা করিতেন, কিন্তু শেবে ভাষার নিব্য ছইরাছিলেন। পাতা তথন বেণুবনে অবস্থিতি করিতেন।

আগৰক—এই নামধেষ এক যক গৌতমকে ধর্ম-সবজে ক্তিপয় প্রশ্ন করেন এবং উত্তরপ্রধানে ঐতি ইইয়া যুদ্ধশাসনে প্রবিষ্ট হন। চতুর্ব ধণ্ডের (মহাকৃক-জাতক) ১২৪-১২৫ম পৃষ্ঠ ফ্রইবা।

বন্ধ—বৌদ্দের থানের থে, একালোক বহু; একাও বহু। বক একাদের অস্তত্ম। বক অনিতার্থনাক বীকার করিতেন না; তিনি ভাবিতেন, একালোক ও একাথ নিত্য। গৌতম একালোকে গিয়া ভাষার এব মুখাইনা মেন। বক্ষাক্ষাত্ত (৪০৫) এইবা।

বৃদ্ধার সংক্ষ করভানি িঞি, হয়; পঞ্জয় আবার বিনিত হইকে লক্ষান্তর বটে।

তৎकारन मिथिना नगतीत हरूद दिनमीत श्रस विवर्भाक, मिन विवर्भाक, शिक्ष वेद-মধাত ও উত্তর যবমধ্যক নামে চারিধানি গগুগ্রাম ছিল । ইহাদের মধ্যে পূর্ব যবমধ্যক প্রামে 🕭 বর্ডন নামে এক শ্রেষ্টি খাস করিতেন। ভাঁহার ভার্ধার নাম ক্রমনা দেবী। যে দিনের কথা চটন, সেটদিন, বাজার স্থপ্নশিনসময়ে, মহাসত তথাত্তংশদত্বন ভাগি করিয়া এই রুমণীর গর্ভে প্রবেশ করিলেন। অপর এক সহস্র দেবপুত্রও তার্বিংশদভবন ত্যাগ করিছা সেই প্রামেই অন্যান্য শ্রেষ্ট ও অক্তলেষ্ট্রদিগের কলে প্রতিদ্ধি গ্রহণ করিলেন। স্থমনা দেবী দশমাস গর্ভধারণ করিছা এক ছেমবর্ণ পত্র প্রস্তুর করিলেন। ঐ সময়ে শত্রু নরলোক পর্বাবেক্ষণ কবিভেছিলেন। মহাসত মাতগর্ভ হইতে বিনিক্রাম হইতেছেন জানিরা তিনি স্থিয় कतिरानन, 'धरे युकाञ्चनरक रानदानारक अ नतरानारक अकृषिक कतिराक क्षेट्रेस ।' महानक ষধন ভমিষ্ঠ হইতেভিলেন, তথন শক্ত অনুভাষান শরীরে উপস্থিত হইয়া তাঁহার ইতে अक्थत अविध जानमार्थक चजारम लाजिशमम कवितमम। महामच जे अविधयक महिनक कविशा बाधितन । जिनि यथन जिमे वहेतान, जथन छातात गर्छधाविणी किष्ट्रमाख यश्रमा (कांत्र कतिरागन मा। धर्मप्रेड (कमल्ला) इटेटिक कन द्यमन नश्स्क निर्मेख हत्त. जिलिख (महस्त्र महत्त्व मालग्र हहेट विना क्राम वहिर्गत हहेतान । क्रामी कांश्व हत्त्व खर्बि-प्रवासिक्ष विकातित्वन. "वादा. छत्रि अ कि शाहेशाह ?" महानच विनत्वन. "मा. हैहा खेवथ।" अनस्त जिनि टनरे मिया खेवथ माछात रूख मिया विलालन, "मा, अहै वेद्य नव : वाहात द्य द्यान शीषा हछेक ना दकन. छाहादकहे अहे खेवय पिछ।" श्वमना द्यवी ছুট ও প্রস্তুত হইরা ত্রীবর্ত্বন শ্রেষ্ঠাকে এই বুডান্ত জানাইলেন। ত্রীবর্ত্তন সাত বৎসর শিরংণীভাষ কট পাইতেছিলেন: তিনি স্থমনার কথায় অতি আহলাদিত হইবা ভাবিলেন. 'এই কুমার মাতৃগর্ভ হইতে নিজাত হইবার সময়ে ঔবধ দইবা আগমন করিয়াছে: অশ্ব-মুহুর্জেই মাতার সলে কথা বলিয়াছে। একণ পুণাশীলসত্বপ্রত ঔবধ নিশ্চয় মহাফল-क्षंत्र हहेरव । जिनि के खेवश नित्न चित्रा चन्नगांक ननाटि माश्रितन ; अमिन छैरान সপ্তৰব্যের শিরোযন্ত্রণা দুর হইস, নিমিবের মধ্যে পদ্মপত্র হইতেত বেন জল সরিয়া গেল b छिनि हर्व इदित विनिद्ध वांशितन, 'बहां! धरे खेरत्यत कि बहु कमछा।"

মহাসভা বলিলেন, "মহারাজ, ছেলেব ধখন বংস সাত বংসর হয়, এবং লে গায়ের ফুট क्रमारेक थांगिष्फ भारत, जर्मन मा जाशास्क वरनन, ' मार्क या ; वाकारत मा' : रहरन वरन. 'बिल त्यांका हांक, मिठाहे हांक", जत्य यात ।' मा बरनन, 'बहे त्न ; मिठाहे हिक्टि' ; इहरन देश बाहेबा वरन: 'वा, कृषि वाफ़ीटक ठाका छावाव विश्वा थाकित्व. कात विश्व विहास छी। छी क्रिया टिंगात क्रमाहेक वारित' ? ति हाउ भा नाष्ट्रिया स मुवंडकी क्रिया मार्यत्र मिर्क ছটিয়া যায়: মাও ক্রোধে লাঠি হাতে লইয়া বলেন, 'তবে, রে পাজি, তুই বদিয়া বদিয়া আমার মিঠাই থাবি, আর মাঠে গিয়া একটু কাজ করিতে পারিবি না!' মাতার তর্জনে ছেলে ছটিয়া প্রায়ন করে: মাতা তাহার পশ্চাতে পশ্চাতে ধাবিত হন: কিন্তু ধরিতে না পারিয়া বলেন, 'দু হ, হতভাগা; চোরেরা যেন তোকে টুকর। টুকরা করে কেটে ফেলে।' তিনি ছেলেকে এইরপ যত পারেন, গালি দেন; কিন্তু মুখে যাহা বলেন মনে ভাহার क्लामाख हेक्का करत्रन नाः (इंटल कथन फित्रिय्त क्वल जाशहे जायन। एकटल निश्न সারাদিন পথে পথে ধেলা করে: সন্ধানিলে বাড়ীতে ফিরিতে সাহস না পাইয়া কোন জ্ঞাতির বাড়ীতে যার: মাতা পথের দিকে তাকাইয়া থাকেন; সে ফিরিতেছে না দেখিয়া ভাবেন, 'বাছা আমার বোধ হয় ভয়ে আসিতেছে না'; তাঁহার হৃদয় শোকপূর্ণ হয়: তিনি দাল্লনমনে জ্ঞাতিদের বাড়ীতে খুঁজিতে যান: দেখানে ছেলেকে দেখিয়া ভাগাকে আলিকন ও চছন করেন: ভাষার ছুই হাত চাপিয়া ধরিয়া বলেন, 'বাপ আমার. তুই কি আমার ক্রা সভ্যি মনে করেছিলি'? এই সময়ে তাঁহার মনে পুরুত্মের প্রগাত হয়। ইহাতেই দেখা হায়, মহারাজ, জোধের সময়ে মাতার নিকট পুত্র পুর্বাপেকাও প্রীতিভালন হইয়া থাকে।" মহাদল এইরূপে দিতীয় প্রশ্নের মীমাংদা করিলে দেবতা পূর্ববিৎ তাঁহার পূজা ক্রিলেন: রাজাও তাঁহাকে পূরা করিয়া ভূতীয় প্রশ্ন জিঞ্জাদা করিতে চাহিলেন। মহাসপ্ত বলিলেন, "মহারাজ, প্রশ্নটী কি, ভনি।" ইহার উত্তরে রাজা এই গাথা বলিলেন :--

৬০ ৷ মিছামিছি দোব দের, করে আলাতন , তবু তার প্রিয় , দে কে, বল ত, রাজন্ ?

মহাসন্থ বলিলেন, "মহারাজ, যখন স্থামী ও স্ত্রী নিভ্ত স্থানে দাম্পত্যকেলিতে প্রবৃত্ত হৃদ, তথন ভাহার। পরস্পরেব প্রতি অনীক দোষারোপ করে—বলে যে, তুমি আমাকে ভালবাদ না, ভোমার মনের টান অক্সদিকে, ইত্যাদি। এইরূপে একে যখন অপরের সম্বদ্ধে মিছামিছি অভিযোগ করিতে থাকে, তথন তাহাদের পরস্পরের প্রেম আরও বৃদ্ধি পার। মহারাজ, উক্ত প্রান্তর ইহাই উত্তর জানিবেন।" উত্তব ভনিয়া দেবতা মহাসন্থকে পূর্ববং পূজা করিলেন। রাজাও তাঁহার পূজা করিয়া আরও একটা প্রশ্ন জিজ্ঞানা করিতে চাহিলেন, এবং মহাসন্থ তাঁহাকে জিজ্ঞানা করিতে অমুমতি দিলে চতুর্থ গাথাটা বলিলেন:—

৬১। অন্নপান-বত্ত-প্ৰবা-আসনাদি ত্ৰবা,নানাবিধ লছে চলি বাঃ; তবু প্ৰিন্নপাত্ৰ গৃহত্বের সেই। বল, শুনি, সে কে ? শুণাই ভোমান।

মহাসন্থ বলিলেন. "মহারাক্ষ, এই প্রশ্নটীতে ধার্মিক শ্রমণরাক্ষণদিগকে লক্ষ্য করা হইয়াছে। শ্রমণান্ গৃংস্থগণ ইংলোকে ও পবলোকে বিশাস করেন; কাজেই তাঁহারা দানব্রতী হন এবং দান করিতে চান। ধার্মিক শ্রমণবাক্ষণগণ তাঁহাদের নিকট ভিক্ষা চান, এবং জিক্ষালক শ্রম্য তাহা ভোগ করেন। ইহা দেখিয়া গৃংস্ক্রো মনে করেন, 'আমরা ধক্ত; ইহারা আমাদের নিকট ভিক্ষা চান; আমাদের ক্ষরাদি ভোগ করেন।' এইরূপে তাঁহারা উক্ত শ্রমণবাক্ষণদিগের প্রতি আরও প্রীতিমান হন। ইহাতে স্পাইই দেখা ঘাইতেও যে, শ্রমণবাক্ষণেরা যাচ্ঞালক শ্রম্য ভোগ করিবার কালে ঐ সকল শ্রম্যের

মূলে 'বাদনিয়: ভোফনিয়:' আছে। 'বাড়্' ৩ 'ভোলা' সববে হয় বঙের ১৬২ব পৃঠের টাকা অইয়। 🎷

পূর্কবামীদিগের অপ্রীতিভাজন হওয়া দ্বে থাকুক, আরও শ্রীতির পাত্র হন।" প্রশ্নের এই উত্তর শুনিয়া দেবতা পূর্কবং মহাসত্তের পূলা করিলেন, তাংগাকে সাধুকার দিলেন, এবং "ভো পণ্ডিত, আপনি ইহা গ্রহণ করুন" বলিয়া তাহার পাদমূলে সপ্তরত্বপূর্ণ একটা রত্তকরগুক নিক্ষেপ করিলেন। রাজাও অভিযাত্র প্রসন্ধ হইয়া মহাসত্তকে সৈনাপত্য দান করিলেন। এইরপে তথন হইতে মহাসত্ত্বের গ্যোরব আরও বৃত্তি হইল।

## [ দেবতাপৃষ্ট প্ৰশ্ন সমাপ্ত ]

( > )

ইহার পর সেনকাদি পণ্ডিভচতুটয় মন্ত্রণা করিতে লাগিলেন, "গৃহপতির পুত্র ভ এখন আবও বাড়িয়া উঠিল: উহাকে অপদত্ত করিবার উপায় কি ।" অনন্তর দেনক বলিলেন, "বেশ ড: আমি একটা উপায় বাহির করিয়াছি। গুহুপতিপুত্রের নিকটে গিয়া লিজানা कांत्रव, काशात निकृषे त्रहण वना याहेटड भारत ? ८म यमि छेतत तम्य दय, काशात्र कारह বহস্ত প্রকাশ করাউচিত নহে. তবে আনারা গিয়া রাজার মন ভাঙ্গাইব—বলিব যে মহারাজ. এই গৃহপতিপুত্র আপনার অহিতকামী।" ইং। স্থির করিছা ঐ চারিজন মহৌষধের গুহে গেলেন এবং তাঁহাকে অভিবাদনপুর্বক বলিলেন, "পণ্ডিতবর, আমরা একটা এল করিতে আদিয়াছি।" মহৌষধ বলিলেন, "কি প্রশ্ন বলুন।" তথন দেনক জিজ্ঞাদা করিলেন, "বলুন ত. পণ্ডিত, লোকের কোন বিষয়ে স্বপ্রতিষ্ঠিত হওয়। করিবা।" গ্রেইবর্ধ উত্তর দিলেন, "সভ্যে।" "সভ্যে প্রভিষ্ঠিত হইবার পর কি করা উচিত ?" "ধন উপাঞ্জন করিতে হইবে।" "ধনলাভের পর কি করিতে হইবে।" "হুমন্ত্রণা শিক্ষা করিতে হইবে।"\* "ভাহার পর ।" "নিজের গুপ্তকথা পরকে বলিবে না।" ইহা শুনিয়া ঐ চারি ব্যক্তি মংহীষধকে ধক্তবাদ দিয়া হাটমনে ফিরিয়া গেলেন: তাঁহোরা ভাবিলেন. 'এখন আমরা এই গৃহপতিপুত্রকে বেশ অপদস্থ করিতে পারিব।' তাঁহার। রাজার নিকটে গিয়া বলিলেন, "মহারাজ, গৃহপ্তির পুত্রটা আপনার প্রম শ্রুইইয়া দাড়াইয়াছে।" রাজ। বলিলেন, "বামি আপনাদের কথা বিশাস করি না। সে কথনও আমার অনিটকামী হইবে না।" কিছ এইরূপে প্রভাগাত হইয়াও তাঁহারা বলিলেন, "মহাবাজ, বিশান করুন যে, আমরা সতাই বলিতেছি। যদি বিশাস না হয়, তবে তাহাকেই জিজাসা করিয়া দেখুন, কাহার নিকট রহস্ত প্রকাশ করা ঘাইতে পারে? দে আপনার শক্ত না হইলে উত্তর নিবে, 'অমুকের নিকট রহস্ত বলা যাইতে পারে'; যদি শত্রু হয়, তবে বলিবে, 'গুপুকথা অগ্রে কাহারও নিকট বাক্ত করা উচিত নয়; মনোরথ পূর্ণ হইলেই উহা প্রকাশ করা যাইতে পারে।' ভাহার উত্তর ন্ত্রনিলেই আপনি আমাদের কথা বিশ্বাস করিবেন; আপনার সংশয় নিরাক্তত হটবে।" "বেশ, . ভাহাই করা যাউক' বলিয়া রাজা তাঁহাদের প্রস্তাবে সম্মত হইলেন এবং একদিন সকলে সভায় সমবেত হইলে বিংশতিনিপাত-ব্ৰিত পণ্ডিত-প্ৰশ্লের 🕇 প্রথম গাথা ব্লিলেন : 🛶

 <sup>&#</sup>x27;श्रद्धा श्रद्धकरका'। भागिता 'श्रिद्धा'; सर्थार शिक्षताङ कतित्व हहेरत। हेहाहे त्वाप हन मृत्रकृष्ठ ।

<sup>🍨</sup> শ্ৰুৰ্থ বৰু; পঞ্চপ্ৰিত-নাতৰ (৫০৮)। ইংতে কিন্ত কোন পাধা নাই।

👀। তমি তে, ভপাল, ভর্মা আমা স্বাকার : বহিত্তের আমানের পালনের ভার। प्रा कति वथाहेशा पांख वत्रवत्. ববিহা পণ্ডিত পঞ্চ দিবেন সকলে

কি বা তব অভিপ্ৰায়, কি ক্লচি ডোমার ! वास्त्र डेखरं निक निक वृद्धितता।

বাজা কামপ্রায়ণ ছিলেন : ডিনি বলিলেন

৬৪। শীলবভী, পতিশত গ্রাণা যে রমণী, গ্রিয়ন্ত্রী সহা পতিক্রেশাসুবর্ত্তিনী, ভাল হোক, মল হোক বহুতা পতির সে ক্ষনিলে আশ্রা না বাঙ্গে বিপ্রির।

ইহা ভনিয়া দেনক ভাবিলেন, 'রাজা এখন আমার পক্ষপাতী হইয়াছেন ৷' ভিনি সম্ভষ্ট হইয়া. নিজে যাহা নির্দ্ধারণ করিয়াছিলেন ভাহা বুঝাইবার জন্ম বলিলেন,

> ७० । त्वारंग ७ वामत्व चात्र करत्वि उक्तन. আমা বিনা নাই অল বাহার শরণ. ভাল হোক মল হোক, রহস্ত আমার সে সখা গুনিলে নাই হেতু আশ্বার।

অতঃপর রাজা পুরুশকে জিজ্ঞাদা করিলেন "এ সহত্তে আপনার কি মত, পত্তিত মহাশ্য ? কাহার নিকট রহস্ত প্রকাশ করা যাইবে ?" 'পুরুশ বলিলেন,

> ৬৬। সোদ্ধ ক্লিষ্ঠ ক্ষেষ্ঠ, অথবা মধাম, তম যদি ধারচেনা, শীলপরামণ, ভাল হোক, মল হোক, রহস্ত আভার সে শুনিলে থাকে না ক হৈতু আশহার।

অনস্তর রাকা কবীন্দ্রকে জিজ্ঞাসা করিলে তিনি এই উত্তর দিলেন :--

৬৭ ৷ মনোমত আজাবহ, মহাপ্রজাবান ংল পতে ভাল, মন্দ রহস্ত নিজের কলক্রমাগত পথে করে যে প্রয়াণ, \* বলিলে থাকেনা কোন শছা বিপদের।

हेश खिनिया ताका (मरवस्तक छारात प्रख बिखामा कतितन : (मरवस विनतन,

७৮। खननी, उलाक (अर्ड, लालन मलान

কত যতে, কত স্নেহে ! তাঁর সমিধানে. ভাল ছোক, মন্দ হোক, রহস্ত নিজের প্রকাশিলে আশহা না থাকে বিপদের।

উক্ত চারিজনকে একে একে এইরূপ প্রশ্ন করিয়া পরিশেষে রাজা মহৌষধকে সংখ্যেনপুর্বক বলিলেন, "পণ্ডিতবর, তোমার মত কি ?" মহৌষধ বলিলেন.

> ৬৯। গুছ যাহা, গুহু তাহা রাখাই উচিত : হাবৎ না হয় নিজ অভীষ্ট নিশ্পন্ন. हत्व यत्व हेन्रेलाङ, हेळ्। यपि इय.

গুংহার প্রকাশ কভ না হয় বিহিত। সগতনে গুহু সুধী রাথে প্রতিচ্ছন্ন। প্রকাশ করিতে গ্রহা নাছি কোন ভর।

মঠোষ্য পণ্ডিতের এই উত্তর শুনিয়া রাজা অসম্ভূট হইলেন, দেনক রাজাব মৃণ এবং রাজা দেনকের মুধ চাওয়া চাহি কবিতে লাগিলেন। মংগ্রেষ তাঁহাদের এই কাও দেবিয়া বঝিলেন, 'এই চারি ব্যক্তি পুর্বেই আমার প্রতি রাজার মন বিরূপ করিয়াছে; এখন খে প্রশ্ন হইল, তাহা কেবল আমাকে পরীকা করিবার জন্ম।

রাজা ও অমাতাগণ এইরূপ কথোপকখন করিতেছিলেন, এমন সময়ে সুধ্য অভমিত হইল; লোকে গুহে দীপ জ্ঞালিল। মহৌষধ ভাবিলেন, 'রাজকার্য্য বড় দায়িত্বপূর্ণ-, না জানি এখন কি ইইবে। শীঘ্ৰই এখান হইতে প্ৰস্থান করা কর্তব্য। ইহা দ্বির করিয়া তিনি আসন হইতে উথিত হইলেন এবং রাজাকে প্রণাম করিয়া যাইতে যাইতে চিকা कतिरामन, 'हेशामत अकसन विमा भिरायत निकरे, अकसन विमा खालात निकरे, अवसन বলিল পুত্তের নিকট এবং একজন বলিল মাভার নিকট রহস্ত প্রকাশ করা যাইতে পারে। ৰোধ হয়, ইহারা হয় নিজেরা এইরূপে রহস্য প্রকাশ করিয়াছে. নয় অস্ত কাংগকেও প্রকাশ

<sup>• 🔸</sup> মূলে 'অমুদ্ধাত' পুত্রের সম্বন্ধে এই কথা বলা হইলছে। অমুদ্ধাত=বে পিতার সদৃশ ও কুলধর্ক ৰক্ষ। 'অভিজাত' ( অভিজাত ) পুত্ৰ কুলের গৌরৰ আরও বৃদ্ধি করে ; কিন্তু 'অবজাত' পুত্ৰ কুলধন কর করিয়া ভলকে অবংপাতে দের।

<sup>+ &#</sup>x27;बाबंक बानि मात्र काविवानि'। बाबारम्य कार्या नक् मुख्य में, अक्रम वर्षक कवा वाहेरल भारत ।

করিতে দেখিয়াছে, এবং বাংগ দেখিয়াছে তাংগই এখন বলিতেছে।' এইরপ ভাবিয়া তিনি স্থির করিলেন, 'বাংগই ইউক, আমাকে আজই বিশেষ করিয়া জানিতে হইতেছে।'

সেনকাদি চারিজন অক্সান্ত দিন রাজ্জবন ইইতে বাহির ইইয়া প্রাসাদ্ধারসন্ধিতি একটা ভজেম গণের 
ত উপর কিয়ৎক্ষণ বসিতেন এবং আপনাদের কুডাকুডা-স্থত্ম মন্ত্রপা করিয়া ব ব গৃহে গমন করিতেন। মহে বৈধ ভাবিলেন, 'আমি যদি ভোলাটার তলদেশে গিয়া ভইয়া থাকি, তবে ইহাদের রহক্ত জানিতে পারিব।' তিনি ভোলাটা ভোলাইয়া উহার নিম্নদেশে বিছানা পাভাইলেন এবং উহা আবার যথাস্থানে রাথাইয়া নিজে ভিতরে প্রবেশ করিলেন। প্রবেশ করিবার কালে তিনি অক্সচরদিগকে বলিলেন, 'পণ্ডিত চারিজন মন্ত্রণা করিয়া যথন চলিয়া যাইবেন, তথন ভোমরা আদিয়া আমাকে লইয়া ঘাইবে। ভাহারা বি আজ্ঞা বলিয়া চলিয়া গোল।

এদিকে সেনক রাজাকে বলিলেন, 'মহারাজ, আপনি ত আমাদিগকে ধবিশাস করেন না; এখন কিরপ হইল ?' রাজা উচিত্যানোচিত্য বিবেচনা না করিয়াই ভেদকদিগের কথা সত্য বলিয়া গ্রহণ করিলেন এবং ভীতত্তত্ত হইয়া জিজাদিলেন, 'বেলুন ত, সেনক, এখন কি করা যার ?'' সেনক বলিলেন, মহারাজ, কালকেপ না করিয়া, কাহাকেও কিছু না জানাইয়া, গৃহপতিপ্রের প্রাণবধ করা আবক্তর ।'' "সেনক, তুমি ছাড়া আর কেইই আমার হিডচেষ্টা করে না। তুমি নিজের বন্ধুদিগকে লইয়া লারাজ্যলৈ অবস্থান করিবে, এবং গৃহপতিপুত্ত প্রাত্তবালে যখন আমার দর্শনলাভার্থ আসিবে, তথন থড়গায়ায় তাহার লিয়ভেদ করিবে।'' ইহা বলিয়া রাজা সেনকের হতে নিজের উৎকৃষ্ট তরবারিখানি দিলেন। সেনক প্রভৃতি চারিজনেই বলিলেন, "যে আজ্ঞা, মহারাজ। আপনি নিশ্চিন্ত থাকুন; আমরা ভাহাকে বধ করিব।" ইহা বলিয়া গ্রহারা সভাগৃহ হইতে বাহির হইলেন, এবং "আমরা এতদিনে শক্রর পৃষ্ঠ দেখিলাম ( অর্থাৎ শক্রকে নাশ করিলাম ), ইহা ভাবিতে ভাবিতে সেই ভোলার পিঠে গিয়া বদিলেন।

অনস্তর সেনক বলিলেন, "ওহে, আমাদের মধ্যে কে গৃহপতিপুত্রকে আঘাত করিবে ?" অপর তিনজন তাঁহারই স্কল্পে এই ভার অর্পন করিলেন; তাঁহারা বলিলেন, "আচার্যা, আগনিই আঘাত করিবেন।" ভাহার পর সেনক জিল্লাসিলেন, "ভাল, ভোমরা বলিলে, অমুকের অমুকের কাছে রহক্ত প্রকাশ করা যাইতে পারে; ইহা কি ভোমরা নিজেরা করিয়া বুঝিরাছ, বা অক্ত কাহাকেও করিতে দেখিয়াছ, কিংবা কাহারও কাছে ভনিয়াছ ?" "ও কথা এখন থাকুক, আচার্যা। আপনি ত মত দিলেন যে, বন্ধুর নিকট রহক্ত প্রকাশ করা যাইতে পারে। ইহার ফল কি আপনি অকতকর্মে পরীকা করিয়াছেন ?" "ভাহা লানিয়া ভোমাদের লাভ কি ?" "বেলুন না, আচার্যা।" "আমার রহক্ত রাজা লানিভে পারিলে আমার প্রাণ থাকিবে না।" "কোন ভয় নাই, আচার্যা; আপনার রহক্ত ভেদ করিবে, এখানে এমন কেহই নাই; আপনি বলুন।" সেনক নথনারা ভোলাটায় আঘাত করিয়া বলিলেন, "কে জানে যে, গৃহপতিপুত্রটা এই ভোলার নীচে নাই ?" 'আচার্যা, গৃহপতিপুত্র এখন ঐশ্বর্যাবান্ হইয়াছে; সে কথনও ভোলার নীচে প্রবেশ করিবে না। সে এখন ধনে মানে মন্ত। আপনি বলুন না।" পুন: পুন: অফুক্স ইইয়া সেনক নিজের রহক্ত প্রকাশ করিলেন:—"এই নগরে অমুকী বেখা ছিল, জান ত ?" "আনি, আচার্যা।" "এখন ভাহাকে দেখিতে পাও কি হ'' "না আচার্যা, ভাহাকে এখন দেখিতে

<sup>\*</sup> তক্ত+ উম'।৭ = ভাত রাধিবার যুবৎ পাত্র বা ভোলা। বোধ হব, ইহাতে ভাত রাধিবা ভিগারীদিপকে বিতৰণ করা হইত। বিকাশে বেলা ভোলাটা উন্টা করিবা রাখা ক্তম , কাজেই সেনক এভৃতি উহার পিঠে বসিতে পারিকেন।

পাট না।" "আমি শালবনে ভাহার সহিত আমোদ প্রমোদ করিয়া, শেষে অলহারের লোভে खोशास्त्र वध कविशाहि, এवः खाशावरे वस्त्र जनवायश्वान वास्त्रिश भौतिहै। आमात वास्त्रीत कामक खानांच कामक चरत मांशमरक अलाहेश शाबिशकि। किस यकप्रिम लाटक रुटे বেখাটার কথা ভলিয়া না যাইতেছে, ততদিন ঐ সকল অলঙার বাবহাব করিতে পারিতেছি না। এরপ ভয়ানক, রাজদলার্চ অপরাধ কবিয়াও আমি ভারা একজন বন্ধর নিকট প্রকাশ করিয়াছি। সেই বন্ধ এপর্যান্ত কাহাকেও এ কথা বলেন নাই। এইজন্তই আমি বলিয়াছি যে, বন্ধুর নিকট রহস্য প্রকাশ করা যাইতে পারে।" মহাসত সেনকের এই রহস্তটী আমূল সমস্ত প্রণিধানসহকারে শুনিয়া রাখিলেন। পুরুশ আপন রহস্ত বর্ণনা করিতে প্রবন্ধ হট্যা বলিলেন, ''আমার উক্লেশে কর্ম আছে : আমার কনিষ্ঠ প্রতা প্রাত্তকালেই কাহাকেও না জানাইয়া ঐ ক্ষত ধৌত করে, উহাতে ঔষধ লাগায় এবং ক্ষতস্থান নেকজা দিয়া বালে। রাজা যখন আমার প্রতি মৃত্তিত্ত হন, তখন অনেক সময়ে এস পক্তৰ' বলিয়া আমাকে আহ্বান করেন এবং আমার উক্তর উপর মাধা রাখিয়া শুইয়া পড়েন। যদি তিনি আমার কটের কথা জানিতে পারেন, তবে কি আমার প্রাণ রাথিবেন ? কিছ এই বাপের আমার কনিষ্ঠ ভাতা ভিত্র আর কেচ্ট জানে না। এই জন্মই আমি বলিয়াছি ষে, ভাতার নিকট বহন্ত প্রকাশ করা যায়।" করীন্ত জাঁহার বহন্ত এইরপে বর্ণন ক্রিলেন;—"আমি কুঞ্পক্ষের পোষধ-দিনে নরদেব-নামক এক যক্ষকর্ত্তক অভিভত্ত চই। তখন আমি কিপু ক্রবের লায় বিরাব করিয়া থাকি। আমার পুত্রকে আমি এই ব্যাপার বলিয়াছি। আমি যক্ষকর্ত্তক মাবিষ্ট ইইয়াছি জানিলেই. সে মামাকে অন্তঃ প্রকোঠে বাদিয়া त्मालशहेशा. तात्थ, मतुक्का तक कतिया तम्ब अवः याशात्क तक व्यामात ही कात अनित्क ना পায়, এই উদ্দেশ্যে বাহিরে গিয়া, কোকজন ডাকিয়া বৈঠক করিয়া গান বাজনা করে। এই জক্কট অংগি বলিয়াতি যে. পুলের নিকট রহন্ত বলিতে পারা যায়।" অতঃপর ই হারা তিন জানেই দেবেলুকে তাঁহার রহক্ত জিজ্ঞাদা করিলেন। দেবেলু বলিলেন "আমি মণি পরিষ্কার-কর্মে নিযক্ত হইয়া, শক্ত কুশরাজকে যে জীসম্পাদক মহামণি দিহাভিলেন. \* সেই বালকীয় মণি অপ্তরণ করিয়া আমাব মাতার হতে দিয়াছি: তিনি কাছাকেও একথা বলেন নাই। আমি যথন রাজভবনে যাই, তথন তিনি উহা আমাকে দিয়া থাকেন: আমি সেই মণির প্রভাবে শ্রীসম্পন্ন হটয়া রাজভবনে প্রবেশ করি। সেইজক্সই রাজা ডোমানের সলে কোন আলাপ করিবার পর্বের আমার সঙ্গে কথা বলেন: আমার ভরণ-পোষ্ণের জন্ম श्रिकित आर्ट. त्यांन. विज्ञम. cbोयछि कारण भर्यास निया थारकन। किस ताला यनि আনিতেন যে আমি তাঁহার মহামনি লুকাইয়া রাখিয়াছি, তবে কি আমার প্রাণ থাকিত ? এই জন্মই আমি বলিয়াছি যে. মাতার নিকট রহস্ত প্রকাশ করা ঘাইতে পারে।"

উক্ত চারিজনেবই রহস্ত মহাসন্ত্রের নিকট প্রতাক্ষবৎ প্রতীয়মান হইল ;—তাঁহারা যেন স্থ উদর বিদীর্ণ করিয়া অন্ধর্তালি বাহির করিয়া ফোললেন। এইরূপে পরস্পরের নিকট গুছ প্রকাশ করিয়া তাঁহারা বলিজেন, "দেখিবেন, যেন ভুল না হয়; কাল ভোরে আসিয়া গৃহপতিপুত্রের প্রাণবধ করিতে হইবে।" অনস্তর তাঁহারা আসন হইতে উঠিয়া প্রস্থান করিলেন।

তাঁহারা চলিয়া গেলে মহাসব্বের অস্কচরেরা আসিয়া ডোলাট। তুলিয়া তাঁহাকে লইয়া গেল। তিনি স্থান করিলেন, বেশ-বিস্থাস করিলেন, উৎকৃষ্ট থান্থ ডোজন করিলেন; এবং ভাঁহার ভগিনী উভূম্বা দেবী সেই রাজিতেই তাঁহার নিকট সংবাদ প্রেরণ করিবেন, ইহা অসুমান করিয়া বারদেশে একজন বিষয় গোক রাধিয়া ভাহাকে বলিলেন, ''কেহ বাজবাড়ী

<sup>\*</sup> कून-वाषक, हम ४७, ३৯३-म शृष्टं, बहेरा ।

হইতে আসিলে শীঘ্রই তাহাকে আমার নিকটে লইয়া ঘাইবে।" অতঃপর তিনি শ্যাপৃষ্ঠে

ঐ সময়ে রাজাও শয়ন করিয়া মহৌবধের গুণাবলী পারণপূর্বক ভাবিতেছিলেন, 'মহৌবধের বয়ন্ যথন সাত বংসর মাত্র, তথন হইতে সে আমার সেবা করিছেছে। সে কথনও আমার কোন অনিষ্ট করে নাই; দেবতা যথন আমাকে প্রশ্ন করিয়ছিলেন, তথন মহৌবধ না থাকিলে আমার জীবনই রক্ষা হইত না। প্রতিহিংসাপরায়ণ শক্রদিগের কথা শুনিয়া আমি এই অঘিতীয় পণ্ডিতের 'প্রাণবধ কর' বলিয়া ভাহাদিগের হল্তে খড়াল দিয়ছি! অহা! আমি কি অস্তায় কাজই কবিয়াছি! কাল হইতে আমি ত এই পণ্ডিতবরকে দেখিতে পাইব না!' এইরপ চিস্তায় রাজার মনে মহাশোক জন্মিল; শরীর হইতে ঘর্ম ছুটিল; শোকবেগে তাঁহার চিত্তের শান্তি অপগত হইল। উভূম্বরা দেবী তাঁহার সহিত এক শ্যায় শয়ন করিয়াছিলেন; তিনি রাজার অবস্থা দেখিয়া ভাবিলেন, 'আমি কি কোন অপরাধ করিয়াছি, না অন্ত কোন কারণে রাজার শোক অন্মিয়াছে ?' তিনি জ্ঞামা করিলেন: —

গং। ছুর্মনারমান, ভূপ, আল কি কারণ ? কেন লা বলিছ আল মধ্র বচন ? বিমনা হয়েছ আল কোন্ ছৃশ্চিন্তার ? কয়েছ কি অপরাধ দাসী তব পার ? রাজা বলিলেন

> 'প্ৰাক্ত মহোবৰ বধা, একথা বলিল মোৱে বধিতে নে মহাপ্ৰাক্তে ভাবি তাহা এবে মনে

12.1

কেন নাসে শক্ত তব," সেনকাদি মন্ত্ৰী সব। দিফু আজ্ঞানাবিচারি; হইরাছে ছঃখ ভারী।

ইহা শুনিয়া উড়ুম্বা মহাদত্ত্বের জক্ত পর্বতপ্রমাণ শোকভারে নিপেষিত হইতে শাগিলেন। তিনি ভাবিলেন. 'কোন উপায়ে রাজাকে এখন সান্তনা দিয়া, ইনি যুখন নিজিত हरेरवन. उथन आमात कनिष्ठ बाजारक मध्वान किता' हेश खित कतिया जिनि विलालन. "আপনিই ত ইহা করিয়াছেন। আপনিই দেই গৃহপতিপুত্রকে মহৈখব্য দান করিয়া বাড়াইরা তুলিয়াছেন। আপনিই ভারাকে দৈনাপতা দান করিয়াছেন। এখন লোকে ৰলিতেছে. দে আপনার শক্ত হইয়াছে। শক্তকে ত কথনও ছোট মনে করিয়া তুল্ফ করা ষায় না। কাজেই মংেবাধ্বের প্রাণ্বধ করাই আবেশুক। আপুনি দে জ্বন্ত কিন্তা করিতেছেন কেন ?'' সাজ্বনা পাইয়া রাজার শোকবেগ হাগ হইল; তিনি নিজিত হইলেন; উড়ু ছরা শ্যা ত্যাগ করিয়া নিজ কক্ষে প্রবেশ করিলেন এবং এই পজ্র লিখিলেন:-"মহৌষ্ব, পণ্ডিত চারিজন তোমার সহজে মিখ্যা কথা বলিয়া রাজাকে বিরূপ করিয়াছে; তিনি কুন্ধ ইইয়াছেন এবং কাল প্রাসাদের মারদেশে তোমার বধের আজা দিয়াছেন। কাল রাজভবনে না আদিলেই তোমার পক্ষে ভাল হয়: যদি আদিবে, তবে নগরবাদীদিগকে হতাগত-করিয়া বাধা দিতে সমর্থ হইয়া আদিও।" তিনি এই পত্রখানি একটা মোদকের ভিতর পুরিলেন, মোদকটা একগাছা স্তা দিয়া অভাষ্টেলন, উহা একটা নৃতন পাত্রে রাখিলেন, উহার উপর श्च हुन इज़ारेश नित्नन, शास्त्रत मुन्दी नित्कत नामाहिक मुखा निया यह कतित्नन धवः উহা একজন পরিচারিকরে হাতে দিয়া বলিলেন, "তুমি এই মোদক আমার কনিষ্ঠকে দিয়া এদ।" পরিচারিক। তাহাই করিল। পরিচারিক। রাজিকালে-কিরপে রাজভবনের বাহিরে शंन, जाहा विश्वविद्य विषय नरह ; कावन वाका ध्राथरम्हे छेजू बतारक अहे दब निवाहितन. ( य छाहाव পরিচারিকারা यथन हेळा वाहिट्य शहेट भारित्य ): काटकहे कह छाहाटक वात्रण कविन ना । (वार्षिमक वास्त्रीक्ष उपहात शहन कवित्रा अविकासिकारक विनाय निरमन ; নে ফিরিয়া উড়ুখরাকে সেই কথা জানাইল। তথন উড়ুখুরা গিয়া রাজার সঙ্গে আবার এক

শ্বাষ্থ শ্বন করিলেন। বোধিস্থও মোদকটী ভালিয়া প্রথানি পাঠ করিলেন এবং সম্ভ বুতাস্থ বুঝিয়া কর্ত্তব্য অবধারণপূর্বক শ্বন করিলেন।

পরনিন পণ্ডিত চারি জন প্রত্যুবেই থকা হতে লইয়া ছারান্তরালে মহৌষধের আগমন প্রতীক্ষা করিতেছিলেন। তাঁহার। মহৌষধের দেগা না পাইয়া বিষয়মনে রাজার নিকট প্রেনেন; রাজা জিজ্ঞানা করিলেন, "মাপনাবা গৃহপতিপুত্রকে বধ করিয়াছিন ত ?" তাঁহারা বলিলেন, "না, মহারাজ, আমরা ভাহার দেখা পাইতেছি না।" এদিকে মহানত্ত অকণোদয়কালেই জানিতে পারিলেন যে, নগর তাঁহার হস্তগত হইয়াছে। তিনি স্থানে স্থানে রক্ষী স্থাপিত করিয়া, বহু অমুহ্বপরিবৃত্ত হইয়া মহাড্ছেরে রখারোহণ পূর্বক রাজ্বারে গমন করিলেন; রাজা প্রাাদাবাভাহন উদ্ঘাটনপূর্বক অবলোকন করিতেছিলেন; মহাসম্ব অবভ্রবপূর্বক তাঁহাকে প্রণাম করিলেন। রাজা ভাবিলেন, 'এ আমার শক্র হইলে কথনও প্রণাম করিতেন।। তিনি মহাসম্বকে ভাকাইয়া নিজে আমন গ্রহণ করিলেন, এবং যেন কিছুই জানেন না, এই ভাবে জিজ্ঞাস। করিলেন, "বংস, তুমি কাল গিয়াছ; আজ এত বিলম্বে আমিলে। আমাকে তমি এমন ভাবে পবিভাগে কর কেন ?

৭২। প্রদোষ সনায় কলা কবিলে গমন , ফিবিডে বিলম্ব এড চ'ল কি কবিব চ কি পুনি, কি প্রা ডব হয়েছে মন্তবে চ বলেছে কি কেই কিছু, চে প্রাপ্ত ডোনাবে চ বল সভা, কিছু মান্ত না কবি গোপন , এখন(ই) উত্তব তব করিব শ্রবণ।

মংাস্ক বলিলেন, "আপুনি পণ্ডিও চাবিজনের কথা শুনিয়া আমাব বধের আজ্ঞা দিয়াছেন। সেই জুকুই আনি আদি নাই।" ডিনি বাজাকে ভৎসনা ক্রিয়া বলিলেন,

৭০। গত বলনীতে, ভূপ, ভার্যাকে গোপনে বলিয়া ধাকেন যদি, ''বধা মহেবিধা", দেখুন ত ভাবি মনে, গুলু আপনাৰ হ ল নাকি উদঘাটিত গ বলিলেন যাহা, তথন(ই) তা' হল মম এবণগোচব।

ইহা শুনিয়া বাজা ব্বিলেন, উদ্পরা সেই সময়েই মহোষধকে সংবাদ পাঠাইয়াছিলেন। তিনি কুল হইয়া বাজীর মুখেব দিকে তাকাইলেন। তাহা দেখিয়া মহোষধ বলিলেন "মহাবাজ, আপনি বাজীর প্রতি কুল হইতেছেন কেন। আমি অভীত, অনাগত ও বর্ত্তমান সমস্তই জানি; মানিলাম, মহাবাজ, যে, আপনাব বংশ্য আপনার ভার্যাই প্রকাশ করিয়াছেন, কিন্তু আচার্য্য সেনকপুকুশাদির বহন্ত আমাকে কে বলিয়াছে, ভাবিয়া দেখুন ত ? আমি ইহাদেরও বংশ্য জানি।" অনস্তর তিনি সেনকের বহন্ত বলিলেন :—

৭৪। শালবনে দেনক যে করেছিল, তুপ, মহাপালকর্ম এক, আ্বা-বিগহিত, গোপনে বৃদ্ধক তাহা বলিল দুর্মতি। আয়্তুল কথা দেই কবিল প্রকাশ তপন(ই) তা' ধল মম প্রবর্ণগোচর।

বাজা সেনকের দিকে ভাকাইয়া জিজাদা করিলেন, "এ কথা দতা কি !" দেনক বলিলেন, "হাঁ মহাবাজ।" রাজা তংক্ষণাৎ তাঁহাকে বন্ধনাগারে লইয়া যাইতে আদেশ দিলেন। অতঃপর মহৌষধ পুরুশের গ্রহণ্ড বলিলেন:—

বাহে পুক্ৰের, ভূপ, উদদেশে রোগ,
শার্থের অঘোগা বাহা নৃপতিব্রের।
ব্রিলেন সংক্রপনে এ বহস্ত তিনি
ক্রান্তাকে নিরের। ভাহা জানিলাম কামি।

ৰাজা পুৰুশের দিকে তাকাইয়া দ্বিজাদা করিলেন, "ইংা দতা কি ?" পুৰুপ বলিলেন,

র্ছা, মহারাজ। তথন রাজা তাঁহাকে বন্ধনাগারে প্রেরণ করিলেন। তাহার পর মহৌবধ ক্বীজের রহস্ত প্রকাশ করিলেন:—

> १७। নরদেব বকাবেশে জন্মে করীল্রের বড়েই খুণিত পীড়া কবন কবন। বলিলেন সঙ্গোপনে এ রহন্ত তিনি পুত্রকে নিজের। তাহা স্থানিলাম আমি।

রাজা জিজ্ঞানা করিলেন্ ক্র'নত্য কি, কবীক্র ?" কবীক্র বলিলেন, "সত্য।" রাজা তাহাকেও বন্ধনাগারে প্রেরণ করিলেন। পরিশেষে মহোবধ দেবেক্রের রহস্য উদ্ঘাটন কবিলেন:—

৭৭। আটপ'লে মহামণি আপদার, নৃপ,
তব পিতামহে বাহা করিলেন দান
পুরাকালে দেবরাল, দেবেল্রের এবে
হইরাছে হন্তগত। বলিলেন তিনি
নিলের মাতাকে এই কার্যন্ত্য কথা।
হল তাহা প্রকাশিত : জানিলার স্বামি হি

রাজা দেবেজকেও জিজ্ঞানা করিলেন, "নত্য কি ?" দেবেজ বলিলেন, "নত্য।" রাজা তাঁহাকেও বন্ধনাগারে প্রেরণ করিলেন। থাহারা বোধিসন্থকে বধ করিবেন বলিয়াছিলেন, তাঁহারা সকলেই এইরপে বন্ধনদশা প্রাপ্ত ইইলেন। বোধিসন্থ বলিলেন, "আমি এই নিমিন্তই কহিয়াছিলান যে, নিজের গুহু কথা অপরকে বলিতে নাই; যাঁহারা বলা যায়" এই মত প্রকাশ করিয়াছিলেন, তাঁহারা এখন মহাবিনাশ প্রাপ্ত হইলেন।" অনস্তর তিনি ইহা অপেকাও উৎক্ষততর ধর্ম ব্রাইবার জন্ম ক্ষেক্টী গাণা বলিলেন —

৭৮। শুফু বাহা, শুফু তাহা' রাথাই উচিত ; বাবৎ না হর নিজ জভীই নিশার, হবে ববে ইইলাভ, ইচ্ছা বদি হয়, ৮৯। নর শুহা প্রকাশের রোগা কদাচন ; রহস্ত প্রকাশ পেলে হিত বে হয় না, গুক্তের প্রকাশ কলু না হর বিহিত।
স্বতনে গুক্ত হবী রাথে এতিছের।
প্রকাশ করিতে গুক্ত নাহি কোন ভর।
নিধিবং সদা ইহা করিবে রকণ।
ফুবীদের ভালমত আচে ভালা লানা।

। রমণী, অমিত্র, জার মিত্র বার্ধাবেবী, সার্থবৈত্ব মন বার হর বিচলিত, বিত্রবেশে বলে এক, ভাবে অন্ত রূপ—পান্তিত বে, কথন(ও) সে, ইংগদের ঠাই

 নিজের রহস্ত, ভূপ, করে মা প্রকাশ।

১ । জ্ঞাত রহস্য নিজ বে করে প্রকাশ কার(ও) ঠাই, থাকে সেই সন্ত্রভেদ-ভর্মে চিরজীবনের তরে লাসবৎ তার।

৮২। যতই অধিক লোকে গুড় কার(ও) জানে, একারণ গুড়া তব প্রকাশিতে নাট

ছার(৩) জানে, উদ্বেগ তাহার বাড়ে সেই পরিমাণে। ত নাই ত্রী-পুত্র-জননী-বন্ধু, কড়ু কার(ও) ঠাই।

 দিবসে বিবিক্ত হানে করিবে সত্রণা, রাজিকালে বৃত্তবরে। আতে সুকাইরা গুনিজে মত্রণা তব লোক কন্ত হানে। গুনিলে তারারা শীত্র ঘটে মত্রতের।

शक्यवरखंद शोधन-कांक्टकंद ( e>r ) ३e-->भ्रम शोधा ।

महामत्त्वत कथा अनिया बाला अविरामन, 'हेहाता चयर बालरेवती हहेबा अरहीवशरक आबाद देवती क्षांत्रिश्व कतिएक ठाव ।' जिनि क्य इहेवी जातम दिलान, "शंक, धरे लाक চারিটাকে নগরের বাহির করিয়া হয় শুলে আরোপণ কর, নয় ইহাদের শিরশ্ছেদ কর।" রাজকিছরেরা তাঁহাদের বাছগুলি পিঠমোড়া দিয়া বাছিল এবং প্রতি চৌমাথার শতবার প্রহার করিতে করিতে লইয়া চলিল। ইহা দেখিয়া মহাসন্ধ বলিলেন. "মহারাজ, এই চারি ব্যক্তি আপনার বছদিনের অমাত্য। ইহাদের অপরাধ ক্ষম ক্রন।" রাজা তাঁহার অমুরোধ রক্ষা করিলেন এবং পণ্ডিতদিগকে ভাকাইয়া আনিয়া তাঁহাদিগকে মহাসম্বের হত্তে দাসরপে অর্পন করিলেন। মহাস্ত তাঁহাদিগকে দাস্ত হইতে মুক্তি দিলেন। রাজা বলিলেন, "তবে ইছারা আমার রাজ্যে বাদ করিতে পারিবে না।" তিনি তাঁহাদিগের निकींगरनत आखा निरातन। एथन महामच आवाद विनातन. "महात्राज, এই अखानांच-দিগকে ক্ষমা করুন।" তাঁহার অন্তরোধে রাজা উক্ত চারি বাক্তিকে ক্ষমা করিলেন এবং পুনর্কার স্ব স্ব পদে প্রতিষ্ঠাপিত করিলেন। রাজা ভাবিলেন, 'যথন শক্তর প্রতিও মংহাষধের এইরূপ মৈত্রীভাব, তথন অস্ত্রের প্রতি ইংার মনের ভাব না জানি আরও কড মধুর !' ইছা চিন্তা করিয়া তিনি মহৌষধের প্রতি অতীব প্রায়র হইলেন। এই সময় হইতে উক্ত চারি জন পণ্ডিত উৎপাটিতবিষদস্ত সর্পের স্থায় নির্কিষ হইয়া মহাসংশ্বর বিক্লন্তে আর কিছু বলিতে সাহস পাইলেন না।

পঞ্চপণ্ডিভপ্রশ্ন এবং পরিভেদ-কথা সমাপ্ত।

## ( 55 )

এই সময় হইতে মহাসম্ব রাজার অর্থধার্মণাসক হইলেন। তিনি ডাবিডেন 'ঝেডছেবা রাজার বটে; কিন্তু আমাকেই ত রাজ্যের স্থাসন করিতে হয়। অতএব আমাকে নিমত অপ্রমন্ত ভাবে চলিতে হইবে।' তিনি নগরে একটা মহাপ্রাকার নির্মাণ করাইলেন, এবং ক্ষ্মপ্রকারগুলির বার ও অট্টালক স্থাকিত করিলেন। প্রাকারগুলির অন্তর্মার্কালক নির্মাত হইল এবং নগরের চতুর্দিকে তিনটা পরিধা থাত হইল—জলপরিধা, কর্দ্মপরিধা ও তার পরিধা।' নগরের অভ্যন্তরে যে সকল জীর্ণ গৃহ ছিল, তিনি সেগুলি মেরামত করাইলেন; রহৎ বৃহৎ তড়াগ খনন করাইয়া সে গুলিতে জল রাখিবার ব্যবহা করিলেন এবং নগরের সমন্ত শক্ষম্ভাতার ধাঞ্চাদি থাজশক্ত বারা পূর্ণ করাইয়া রাধিলেন। যে সকল তাপস হিমালয় হইতে রাজকুলে আগমন করিতেন, তিনি তাহাদিগের বারা কর্দ্ম ও ক্র্ম্বিরাজ আনাইতেন। জলনির্গমের অন্তর যে সকল নর্দ্মা ছিল, তিনি সেগুলি পরিধার করাইলেন, এবং নগরের ইহির্ভাগেও যে সকল জীর্ণ গৃহ ছিল সেগুলি মেরামত করাইলেন। এরণ করিবার কারণ কি ? অনাগত ভয়ের প্রতিবাহনই এই সকল কার্থার উদ্দেশ্য।

নগরে নানাদেশ হইতে বণিকেরা আসিতেন। মহাদম্ব তাঁহাদিগকে বিজ্ঞানা করিতেন, "আপনারা কোথা হইতে আসিতেছেন।" "আমরা অমুক স্থান হইতে আসিতেছি", বণিকেরা এইরূপ উত্তর দিলে মহাদম্ব আবার বিজ্ঞানা করিতেন, "আপনাদের রাজা কি ভাগবাদেন ?" তাহারা বলিতেন, "অমুক ক্রবা।" এইরূপ কথোপকথনের পর মহাদম্ব তাঁহাদিগকে সমানের সহিত বিদায় দিতেন, নিজের এক শত এক অন বোধাকে আহ্বান করিয়া বলিতেন, "বাপুনকল, আমি বে সকল উপহার দিতেছি, সেইগুলি লইয়া এক শত এক রাজধানীতে

পাঠান্তবে কর্মনের পরিবর্তে 'কুক্রস'-নামক শুডের উল্লেখ আছে। কিন্তু 'কক্ষম' পাঠই প্রাহ্য; কারণ,
 পুরে দেখা বাইবে, ইহারই সাহাব্যে এক নাজিতে ৬০ হাত বার্য কুসুহনল জন্মিনাহিল।

গমন কর এবং তোমাদের স্বন্ধ হিতকামনায় তত্ত্বতা রাজাদিগকে উপহারগুলি দান কর।
তাহার পর সেই সেই স্থানেই বাস করিয়া রাজাদিগের সেবায় নিরত হইবে এবং তাঁহাদের
কার্যা ও মন্ত্রণা জানিয়া আমাকে সংবাদ দিবে। আমি তোমাদের দারাপতাদিগের
ভরণ-পোষণ নির্বাহ করিব।" তিনি কোন রাজাকে উপহার দিবার জন্ত কুগুল, কাহারও
জন্ত স্থর্নপাত্কা, কাহারও জন্ত স্থর্নমালা নির্মাণ করাইতেন, ঐ সকল উপহারে নিজের
নামাক্ষর চিহ্নিত করাইতেন, এবং সেগুলি উক্ত যোজাদিগের হাতে দিয়া বলিতেন, "থখন
জামার প্রয়োজন হইবে, তথন এই সকল অক্ষরের অর্থ বিজ্ঞাপন করা যাইবে।" যোজারাণ
উক্ত উপহারসমূহ লইয়া এক এক জনে এক এক রাজধানীতে যাইতেন, এবং তত্ত্বতা রাজাকে
দিয়া বলিতেন, 'আমি মহারাজকে সেব। করিবার জন্ত আসিয়াছি।" "কোথা হইতে
আসিয়াছ ?" জিজ্ঞাসিলে তাঁহারা যে স্থান হইতে গিয়াছেন, তাহা না বলিয়া অন্ত স্থানের
নাম করিতেন। উপহার পাইয়া সন্তুই ইইয়া রাজারা তাঁহাদিগকে কোন না কোন কার্য্যে
নিযুক্ত করিতেন, এবং তাঁহারা ক্রমশঃ রাজাদিগের বিশাসভাজন হইতেন।

এ সময়ে একবল রাজ্যে শঙ্খপাল-নামক রাজা আয়ুধ দক্ষিত ও সেনা সমবেত করিতেছিলেন। তাঁহার রাজধানীতে যে চর গিয়াছিলেন, তিনি মহৌষধকে পত্রে সমস্ত জানাইরা লিখিলেন:—"এখানকার এই সংবাদ; কিন্তু কি উদ্বেশ্যে যে এই আয়োজন হইডেছে, তাহা জানিতে পারি নাই; আপনি কাহাকেও পাঠাইয়া তত্ব অবগত হউন।" এই সংবাদ পাইয়া মহাসন্থ এক শুকপোতককৈ সম্বোধন করিয়া বলিলেন, "সৌম্য, তুমি একবল রাজ্যে গিয়া দেখ, রাজা শঙ্খপাল কি করিতেছেন, তাহার পর জন্মন্থীপ পরিভ্রমণ করিয়া আমাকে সমন্ত বৃত্তান্ত জানাও।" তিনি শুকশাবককে মধুমিপ্রতি লাজ ভক্ষণ করাইলেন, তাহার পক্ষসন্ধিদ্বয়ে শতপাক, সহস্রপাক হৈল মাধাইলেন এবং পুর্কদিকের বাতায়নে অবস্থিত ইইয়া উংকে ছাড়িয়া দিলেন। শুকপোতক একবল নগরে গিয়া দেই চরের মুখে সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া জন্মপ্রতান করিতে করিতে কাম্পিল্য রাজ্যের উত্তর পঞ্চাল নগরে উপস্থিত হইল।

উত্তর পঞ্চালে তথন চড়নী ব্রহ্মদন্ত-নামক এক ব্যক্তি ব্যৱত্ব করিতেন। বৈকর্ত্ত নামে এক প্রাক্ত ও মুণ্ডিত ত্রাহ্মণ ভাষার অর্থধর্মামুশাদক চিলেন। একদিন কৈবর্ত্ত প্রভাষকালে (এক্ষমুহর্জে) বিনিজ্ঞ ইইয়া দীপালোকে অঞ্জন্ত শহনকক কবলোকন করিতে করিতে নিজের ঐশব্য দেখিয়া ভাবিতে লাগিলেন, ''আমার এই ঐশব্য প্রকৃতপক্ষে কাহার ? ইহা অন্ত কাহারও নহে; ইণা চড়নী অক্ষদত্তের। যিনি এত ঐশর্যোর দাতা, তাঁহাকে সমত জমুখীপের সর্বপ্রধান রাজা করা আবশ্যক। ভাগা করিতে পারিলে আমিও তাঁগার প্রধান পরোহিত ইইব।' এইরুপ চিত্তা করিয়া তিনি প্রভাত ইইবামাত্র রাজার নিকটে গিয়া জিজাসা कतित्वन, "महातात्कत स्निजा इहेबाहिन छ ?" हेशा अत जिनि वनितन, "महाताब, এकটা মন্ত্ৰণার বিষয় আছে।" রাজা বলিলেন, "আজা করুন, আচাধ্য।" "মহারাজ, নগরের মধ্যে নিভত স্থান পাওয়া অসম্ভব : চলুন আমরা উল্লানে ঘাই।" "বেশ, তাহাই करा शांडेक, जाहार्या", हेहा बनिया बाखा छाशात महिल ऐकारन शाबा कविरतन धवर त्रिमा वाहिरव वाविवा এवः श्वाटम श्वाटम श्वाटम श्वाटम विव्यक्त कविवा (कवन छाहाटक नहेवा উভাবে প্রবেশপ্রুবিক মক্তমণিলাপটে উপবেশন করিলেন। শুকপোতক এই ব্যাপার पिथिश ভাবিল, 'निक्ष देशार कात कावन चारक: चास मरशेवध अधिकरक विनवाद উণযুক্ত কিছু শুনিতে পাইব।' সে উভানে প্রবেশ করিয়া মদনশালবৃক্তের প্রান্তরে বিলীন হইয়া বদিয়া থাকিল।

वाका देववर्डक विलामन, "कि विलादन, वमून चाहार्य।" देववर्ड विलामन,

'আপনার কাণ আমার দিকে আছন: আমাদের মন্ত্র চততর্গ# হইবে। মহারাজ যদি আমার ক্লামত কাজ করেন, তবে আপনাকে জন্মীপের সর্বপ্রধান রাজা করিতে পারিষ।" বাজা षाठीय षाठारात्र महिल देकरार्खन कथा अनिरामन अवः षाठ्यामिल हरेश विमासन "वसन जाहार्या ; जापनि यादा विवादन छाटाई कतित ।" "महाताल, जायन, जामना तमा महाताल করিয়া প্রথমতঃ একটা ক্ষন্ত নগর অবরোধ করি। আমি ক্ষন্ত (পশ্চাৎ) ছাব দিয়া নগতে প্রবেশপর্বক রাজাকে বলিব, 'মহারাজ, যুদ্ধে আপনার কোন প্রয়োজন নাই: আপনি কেবল আমাদের বখাতা স্বীকার কম্বন, আপনার রাজ্য আপনারই থাকিবে। যদি ধত करवन, उत्व आमारमञ्ज अहे विश्वन वाहिनीयावा निक्षं आधनात महाधवाक्य घरित । छिनि যদি আমার কথামত কাল করেন. তবে তাঁহাকে আমাদের পক্ষতক করিয়া লইব : নচেৎ यह की हात लागा क किंव वार के किंव के वार के किंव के वार किंव के वार के একটা নগৰ অধিকাৰ কৰিতে কৰিতে ক্ষরীপের সমন্ত বাজা আত্মদাৎ করিয়া জয়পানোৎসৰ করিব।" এইরপে এক শত এক জন বাজাকে আমাদের নগরে আন্মান করিব : উদ্যানে আপান-মঞ্জ প্রস্তুত কবিব, সেধানে আদীন হইয়া ঐ দক্ত রাজা বিষমিশ্রিত স্থবা পান করিয়া মৃত্যমুখে পতিত হইবে: আমরা তাহাদের শবগুলি গন্ধায় নিক্ষেপ করিব। এইরূপে এক শত একটা রাজা আমাদের হস্তগত হইবে: আপনি জন্ম দীপের মধ্যে সর্বপ্রধান রাজা বলিয়া পরিগণিত হইবেন।" রাজা বলিলেন. "এ অতি উত্তম প্রস্তাব, আচার্য্য; আমি ইহা কার্থ্যে পরিণত করিব।" "মহারাজ, মন্ত্র চতুন্ধর্ণ, ইহা যেন মনে থাকে। আর কেই খেন ইহা জানিতে না পায়। আপনি কালকেপ না করিয়া শীল যুদ্ধাতা কম্বন!" রাজা সম্ভ হইয়া বলিলেন, "বে আজা: আমি ভাহাই করিভেছি।" শুকপোতক সমত ভনিভেছিল: মন্ত্রণা শেষ হইলে সে. লোকে যেমন ওলন ফেলে, সেইরূপে শাধা হইতে কৈবর্ত্তের মন্তকোপরি মলপিও নিকেপ করিল। "এ কি" বলিয়া যেমন ডিনি হাঁ করিয়া উর্দ্ধদিকে তাকাইলেন, অমনি শুকশাবক তাহার মুখের মধ্যে আর একটা মলপিশু ফেলিয়া मिन এवः "किति, किति" तरत भाशा इहेरल खेळीन हहेश विनन, "देकवर्ख, एमि छाविशाहिस्म. ट्यामात मन ठळकर्नः अथन हेटा बढेकर्न टटेनः भरत जहेकर्न टटेग्ना वहनळकर्न टटेरनः" কৈবর্ত প্রভতি "ধর" "ধর" বলিয়া চীৎকার করিতে লাগিলেন: কিন্ত শুক্পোতক বাতবেগে মিথিলায় গিয়া মটোষধের গতে প্রবেশ করিল। উক্ত শুক্পোতকের একটা নিয়ম এই ছিল (थ. (कान शान दहेरा कान प्रशास शानितन, उँदा यहि दक्तन मरशेयरधर निकर्टें वक्तवा हरेज, **उट्टर (म डॉ)शत ऋरकाणित करखतन कति**छ : এवर यमि छेश क्यात्रा मित्रीत्र थाउना হইত, তবে দে তাঁহার ক্রোভে অবতরণ করিত। এবার দে তাঁহার ক্ষমেণরি অবতরণ করিল। এই সংহতে লোকে মনে করিল বে, কোন শুহু কথা আছে; কালেই তাহারা সে স্থান হইতে চলিয়া গেল। মহৌষধ ভাহাকে লইয়া প্রাণাদের সর্ব্বোচতলে অধিরোহণপুর্বক विनातन, "दरनं, कि विविद्याह ७ कि अनिदाह, यह ।" त विनन, "आमि नमस अह बीत আর কোণাও কোন বালা হইতে ভবের কারণ দেখিতে পাই নাই. কিছ উলর भकान नशरत हुक्ती अश्वरखत श्रुरताहिक त्रासारक উश्वादन नहेवा श्रिता थ≉ চতুক্ৰ্ণ মন্ত্ৰণা ক্ৰিয়াছেন; আমি শাখান্তৰালে বদিয়া তাঁহার মুখে মণ্ণিও নিকেপ ক্ৰিয়া আসিলাম।" অনন্তর সে বাতা বেবিয়াছিল ও বাতা ভনিবাছিল, নমত বুডাত মহৌধবের নিকট সবিশ্বর বলিক। মহৌবধ জিজানা করিলেন, "রাজা পুরোহিতের প্রভাবে শক্ষ্ विशाहित कि?" कुक्नावक बनिन "है। जिति नुविक विशाहित।" महोयेष कुक्नावरकत क्रांखि पृत कतिवात अन वाहा कि कर्बवा छाहा कतितात. अवः छाहारक रकामनाखत्रवर्ष

<sup>•</sup> पूर-कंक्रेशिक्यक दक्षः।

স্বর্গ পঞ্চরে শোওয়াইয়া ভাবিতে লাগিলেন; 'কৈবর্ত্ত বোধ হয় জানেন না বে, আমি মহৌষধ কি প্রকৃতির লোক। আমি উাহার মন্ত্রণাটী কিছুতেই কার্য্যে পরিণত হইতে দিব না।' নগরে যে সকল তঃস্থ লোক বাস করিত, মহৌষধ তাহাদিগকে সরাইয়া নগরের বাহিরে বাস করাইলেন, এবং রাজ্যের জানপদ ও নগরোপক ঠবাসী ঐশ্বর্যালী গৃহস্থদিগকে আনাইয়া নগরমধ্যে বাস করাইলেন। তিনি বছ ধন ধান্যও সঞ্চয় করিয়া রাধিলেন।

এদিকে চড়নী ব্রহ্মদত কৈবর্তের প্রমর্শাল্পসারে চতর্লিণী সেনাস্থ যাত্রা করিয়া একটা নগৰ অববোধ করিলেন। কৈবর্ত্ত পর্বানিদ্দির কৌশলে ঐ নগরে প্রবেশ করিয়া एखणा बाकारक वयाहेशा निरम्म रय. यह कदिरम जाहाद व्यनिरहेत मुखादनाहे व्यक्ति । अ রাজা চড়নী ব্রহ্মণক্টের বস্তুতা স্বীকার করিলেন । অতঃপর তাঁহার ও নিজের এই চুই সেনা লইয়া চড়নী ব্রহ্মদত্ত এক বিদেহরাক বাতীত কম দ্বীণের অপ্র সমস্ত রাজাকে আপনার বশতাপর কবিলেন। বোধিসকের চবের। সংবাদ দিতে লাগিলেন : "রক্ষদত এতঞ্জলি नगत अधिकात कतिरम्भ : आर्थनि मावधान व्हेर्दन । अश्वमंत्र माठ वश्मत माठ ग्राम अ সাত দিনে বিদেহ ব্যতীত জন্মখীপত্ব অন্ত সমস্ত রাজ্য জন্ম করিয়া কৈবর্ত্তকে বলিলেন. ''আচার্যা, চলন আমরা মিথিলায় গিয়া বিদেহরাজা জয় করি।'' কৈবর্ত্ত বলিলেন, ''মহারাজ, যে নগর মহৌষধ পণ্ডিভের বাসস্থান, আমরা তাহা অধিকার করিতে সমর্থ হইব না। মহৌষধ বছপ্রাজ্ঞ এবং উপায়কশল।" কৈবর্ত্ত ব্রহ্মদত্তের নিকট একে একে মহৌষধের প্রণাবলী এমনভাবে বর্ণনা করিলেন, যে বোধ হইল যেন আকাশে চক্রমণ্ডল উদিত ছইল। কৈবর্ত্ত নিজেও উপায়কুশল ছিলেন: তিনি ব্রহ্মদত্তকে ভলাইবার জন্ম বলিলেন, "মিথিলা রাজ্যের আয়তন ক্ষা: সমন্ত জম্বদীপের আধিপত্য আমাদের পকে যথেষ্টা: মিথিলায় আমাদের প্রয়োজন কি ۴ তিনি রাম্বাকে এইভাবে বঝাইয়া দিলেন: বশাতাপল রাজারা কিন্তু বলিলেন, "আমরা মিথিলা অধিকার করিয়া জম্বপানোৎসবে প্রবুত্ত হইব।" কৈবর্ত্ত जांशांनिशत्कक बाद्रण कदित्तन । जिनि बनितन, "शिथिना গ্রহণ করিলে আমানের कि लांछ ? দেখানকার রাজা এক হিসাবে আমাদের অমুগতও বটেন। চলুন, আমরা উত্তর পঞ্চালে প্রতিগমন করি ।" কৈবর্ত রাজাদিগকে এইরূপ ব্যাইলেন : তাঁচারও তাঁচার কথামত নিবর্ত্তন করিলেন। তথ্য মহাসংখ্য চ্যের। জাঁহার নিষ্ট সংবাদ পাঠাইলেন যে, ব্রহ্মদত্ত এক শত এক জন অমুগত রাজার সহিত, মিথিশায় না গিয়া নিজের হাজ্যানীতেই ফিরিয়াচেন। ইংার উভবে সহাস্ত্র লিখিয়া পাঠাইলেন, "এখন হইতে ব্রহ্মত কখন কি করেন, ভাহা আনাইও।"

এদিকে, অন্ধদন্ত এখন কি কৰিবেন, কৈবর্জের সহিত তাহা মন্ত্রণা করিতে লাগিলেন। ত্বির ইইল যে, এখন জন্নপানোৎসব করিতে ইইবে। সেজনা রাজোত্তান অলপ্কত ইইল; রাজা ভ্তাদিগকে আজ্ঞা দিলেন, উত্থানে সহস্র ভাগু পূর্ণ করিয়া হ্বরা রাথ, নানাবিধ মংস্থাংস প্রভৃতির আরোজন কর। মহৌবধের চরেরা এ সংবাদও তাহাকে জানাইলেন, কিছ হুরার সলে বিব মিশাইয়া যে রাজাদের প্রাণাস্ত করিতে ইইবে, এ কথা তাহার। জানিতেন না। মহাসন্থ কিছ শুক্পোতকের মূবে এ চক্রান্ত অবগত ইইয়াছিলেন। তিনি চরদিগকে লিখিয়া পাঠাইলেন, "কোন্দিন স্বরা পানোৎসব ইইবে নিশ্চর জানিয়া আমাকে সংবাদ দিবে।" চরেরা জানিয়া তাহাকে সংবাদ দিবেন। ভোছা শুনিয়া মহৌবধ ভাবিলেন, 'মাদৃশ ব্যক্তি জীবিত থাকিতে এতগুলি রাজার প্রাণাস্ত ঘটিলে ক্ষতি পরিতাপের কারণ ইইবে। আমি এই লক্ষল ব্যক্তির সহায় হইব।' এক সহস্র বোদা তাহার সলে এক ব্যব্ধে জন্মগ্রহণ করিয়াছিল। তিনি উহাদিগকে ভাকাইয়া বলিলেন, "ভাই সকল, চুড়নী ব্রক্ষণত্ত না কি

 <sup>&#</sup>x27;চন্দ্রভবং উটুঠাপেছো' এই পাঠ গ্রহণ করিলাম।

<sup>†</sup> विविनात किन्द्र सन्वोत्भव अश्म ।

উভান সক্ষিত করিয়া এক শত এক জন রাজার সঙ্গে জ্বরাপান করিতে ইচ্চা করিয়াছেন। তোমরা গিয়া, ঐ সকল রাজা হ হ সক্ষিত আসনে উপবিষ্ট হইবার পূর্বেই, চড়নী এম্বনতের नार्बवर्षी महाई जामनशानि 'এই जामन जामात्मत तास्तात' हेहा विनया शहन कृतिरत । के मकत রাজার লোকেরা জিজ্ঞানা করিবে, 'ভোমরা কাহার লোক ?' ভোমরা উত্তর দিবে, 'আমরা विस्महत्रात्मत्र लाक। ' हेहारण जाहाता राजामात्मत्र माम कन्ह किश्वित, विनाद 'आंग्रता এই দাত বংগর সাত মাস সাত দিন নানা রাজ্য জয় কবিয়া বেডাইলাম: এক দিনও ত বিদেহবাজকে দেখিতে পাইলাম না। তিনি আবার কি বাজা ? যাও তাঁচার জন্ম সকলের পশ্চাতে একটা আসন দেখিয়া লও ৷' ভোমরা বলিবে. 'ব্রহ্মণত বাতীত আরু কেইট व्यामारम्य बाव्याव व्यापका (वर्ष नन।' धहेन्द्राण कत्न विद्या रहामदा विताद 'आमारमय রাজার জন্ম যদি উপযক্ত আসন না পাওয়া যায় ভবে ভোমাদিগকেও প্রবাপান করিতে ও মংস্ত-মাংস থাইতে দিব না।' তোমরা মহাচীংকার ও উল্লন্তন করিতে করিতে তারাদের মনে ত্রাস করাইবে, বড বড লক্ডের আঘাতে স্থরাভাগুক্তলি ভাবিবে, মংস্থা সাংস প্রভতি ছডाইश व्याशास्त्रत व्याशांक क्षित्र. महास्वरण स्मात मार्था खारण कतित्व, त्मवनगत् श्रविष्ठे অফরগণের স্থায় কোলাহল উৎপাদন করিয়া বলিবে. 'আমরা মিথিলাবাদী মহৌষ্ধ পণ্ডিতের लाक : यनि नाथा थात्क. आमानिशतक थता ।° टाजायता त्य तनशास नियाह, जाहा वहें द्वार সকলকে জানাইয়া এখানে ফিরিয়া আসিবে।" ঘোদ্ধারা 'বে আজ্ঞা' বলিয়া তাঁহার শাদেশমত কার্য্য করিতে সম্মত হটল এবং তাঁছাকে প্রণাম কবিয়া পঞ্চবিধ আয়ধ গ্রহণপর্বক নগর হইতে নিজ্ঞমণ করিল। তাহারা উত্তর পঞ্চালে গিছা নন্দনকাননের আয় ক্রমজ্জিত বাজোভানে প্রবেশ করিল, ফুসজ্জিত শ্বেডচ্চল্ল, এক শত এক জন রাজার আসন প্রভতির भरुको त्याका त्रिथिटक शाहेन, wae माठोवध ग्राठा ग्राठा विनश निश्वाहितन, समस्त्रहे सम्बद्ध ক্রিল। তাহারা তত্ত্তা সমস্ত লোক সংক্র ক্রিয়া মিধিলাভিমধে প্রতিবর্তন ক্রিল: वास्त्रकरावा शिश वस्त्रवाक अहे बालाव सामाहेत : जिमि विषयशाश्वर य वावशा क्तिशाहित्तन. जाश अरेक्ट्रा वार्थ इंडेन त्मिश्री क्रव इंडेलन: এक गठ अक बन दाखां । ক্তম হইলেন, কারণ তাঁহার। অমুপানের মুখ ভোগ করিতে পারিলেন না : গৈনিকেরাও ক্তম हरेन, (कन नां छाशवा विनामाना नहा खवाशान हरेए विकास हरेन। बचानत छक बाचानिगरक गरबायन श्रव्हक विज्ञानन, "ठनून, चायवा मिलिनाय शिया थफ्शाचार विश्व द्वारमय भाषां। कार्षि धरा छेत्रा भागमनिष्ठ कवित्रा चावाव धर्मात वित्रा मत्तव सर्व स्थान कति। আপনারা হ অ দৈর বছরাতার্থ স্থান্ত কলন।" অনহর কোন শুপ্রসানে গিয়া তিনি देक्वर्स्टाटक्थ अहे महत्व सामाहेत्वत । जिति विनातन, "सासून साहार्या, त नाक सामात्मत केंग्न वादचात्र वासवात इहेबाल, छात्रांक श्विष्ठि इहेरत । अहे अरु मेछ अरु वन वासात 'অটাদেশ অকোচিণী সেনা আছে। ভাষা কটয়া আমহা মিধিলার বাইব।" আমণ মুণ্ডিড हिरान : जिनि जादिरमन, 'बंरहीयथ शिक्षद्रक नवाकक कवित, जामारात अपन माथा नारे। बरे पिछरान भारत पामारम्बरे भाषात्र कावन हरेरत। पछ्यत वाबारक निवर्तन कवा बांधेन ।' देश किया कतिया जिन वनिरमन, "हैश विरम्हतास्मत समजाव मर्ड नारे; देश महोवध पर्शिएक हुकांच । अहे महोबध महाक्रकांच । वक्रविन किनि मिथिना बका कतिरवन, ভতবিন ঐ নগৰ নিংহৰকিতা প্ৰহাৰ ভাৰ ভক্ৰ। আপনি বাহা করিতে চাহিতেছেন, তাংগ त्यात चार्यायवरे मच्याद कावन कहेरत । चाउकद क चाउनारत काम नारे 1° दाचा कि कविव-कडाव्यनक काक्यानवनकः धवः धेवदामान यस हहेवा वितालन, "तम मारशेवध कि क्तिरव ?" किनि देक्वरक्षेत्र क्याह कर्यशाख जा कविहा अक गछ अक बन बाबारक महेश 'अवर फोर्शन चाकोरिनी अना बाबा शतिवा हरेवा बुबबाबा कवितन । देकवर्ष बाकारक

নিজের উপদেশ মন্ত চালাইতে অক্স হইয়া ভাবিলেন, 'রাজাদিগের ইচ্ছার বিরোধী হইয়া চলা সকত নয়।' কাক্ষেই তিনিও রাজার অমুগ্যন করিলেন।

এদিকে সেই এক সংস্র যোজা এক, রাজিতেই মিধিলায় কিরিয়া, উত্তরপ্রাদে বে কাণ্ড করিয়া আলিয়াছে, মহাসন্তব্দে তাহা জানাইল। তিনি প্রথমে বে সব চর পাঠাইয়াছিলেন, তাঁহারাও পক্ত লিধিয়া জানাইলেন, 'চুড়নী ব্রহ্মণত্ত বিদেহরাজকে বন্দী করিবার জন্ম এক শত এক জন রাজা সঙ্গে লইয়া যাতা করিয়াছেন; আপনি সাবধান হইবেন।' ইহার পর ক্রমাগত সংবাদ আসিতে লাগিল, "ব্রহ্মণত্ত আজ অমুক স্থানে, আজ অমুক স্থানে পৌছিয়াছেন; অমুক দিন তিনি মিধিলায় উপস্থিত হইবেন।' এই সকল সংবাদ পাইয়া মহাসন্ত্র্যাধিকতর সাবধান হইলেন। বিদেহরাজ লোকম্থণরম্পরায় তানিলেন যে, ব্রহ্মণত্ত না কি তাঁহার রাজধানী অধিকার করিতে আ।সতেত্বেন।

অবিলয়ে এক দিন সন্ধা। হইপ্ত না হইতেই ত্ৰন্ত্ৰণত শত সহস্ৰ উল্লাভ আলাইয়া সমস্ত মিথিলাপুরী পরিবেষ্টন করিলেন। তিনি নগবের চতর্দ্ধিকে প্রাকারের আকারে এক পঙ জিতে হন্তী, এক পঙ জিতে রথ এবং এক পঙ জিতে অব সন্মিবেশিত করিলেন এবং श्वारन श्वारन थक थक पन रशका वाश्विरनन। जाताव देशनिकशन हुनुसाव कविरूक माशिन, উল্লুফন করিতে লাগিল, বাছ স্ফোটন করিতে লাগিল, চীংকার করিতে লাগিল, নৃত্য করিতে লাগিল ও গর্জন কবিতে লাগিল। আততামীদিগের দীপালোকে ও যুদ্ধাভরণের আভাসে সপ্তবোজনায়তনা মিথিলানগরী সমস্তাসিত হইল: হন্তী, অশ্ব, রণ, পত্তি, তৃষ্য প্রছাতির শব্দে পৃথিবী যেন বিদীর্ণ ইইতেছে, এমন বোধ ইইল। সেনক প্রভৃতি চারিজন পণ্ডিত প্রকৃত ব্যাপার স্বানিতেন না : তাঁহারা মহাকোলাংল শুনিয়া রাজার নিকটে গিয়া বলিলেন, "মহারাজ, ভয়ত্বর কোলাহল শুনা যাইতেছে: কি কাও ঘটিয়াছে তাহা জানিতে পারি নাই: ব্যাপারটা ত জানা আবশুক, মহারাজ।" ইহা শুনিয়া রাজা বলিলেন, "বোধহয়, ব্লমণত আদিয়াছেন।" তিনি প্রাসাধ-বাতায়ন খুলিয়া বাহিরে ুইলত করিয়া ব্যালিন বে. দতাসতাই ব্রহ্মণত আসিয়াছেন। ইংগতে অভিমাত্র ভীত হইয়। তিনি ব্যিয়া বদিয়া ঐ চারিজন পণ্ডিতকে বলিতে লাগিলেন, "এতদিনে আমাদের প্রাণ গেল: ব্রহ্মণ্ড कानरे जामारनत नकरनत कोरनास कतिरान।" महामच्छ उन्नानरात छेपछिष स्नानिराज পারিলেন: তিনি নির্ভয় সিংহের জায় বিচরণপুর্ধক নগরের সমস্ত অংশে রক্ষী নিয়োজিত ক্রিয়া রাজাকে আশাদ দিবার জন্ম প্রাদাদে আবোহণ করিলেন এবং বাজাকে নমস্তার करिया धक्नार्स छेन्दिष्ट इडेलान। काजारक द्रविधा वाका खामल इडेलान: स्टिन ভাবিলেন; 'আমার এই পুত্র মংখবধ পতিত বিনা আর কেইই আমার উপস্থিত তুঃধ त्याहन कविष्ठ शाविष्य ना ।' छिन विश्वतन्त्रनः

সর্কানেনা সম্বে লয়ে পঞ্চাল রাজ্যের
অক্ষণত অব্যোগ করিলা এ পুরা।
অথবের সেবাবল পঞ্চালরাজের;
ভাবি তাই হইরাছি ভীত, বহৌবধ।

१। वर्षाक्षार, त्रकारबार,+ नखि वर्तन्य, नर्वतिय वर्तनारत विनुत वाहाता—

<sup>•</sup> উका = मनाम ।

<sup>†</sup> বুলে 'নে না' পাৰে 'নিটুট্ৰডী' এই বিশেষৰ আছে। চীকাকাৰ বনেন, "নিটুট্টা আনীতে ৰক্ষাভাৱে গৰেছা বিচন্তকৰ বড় তনীবনেন সময়াগতা' : অৰ্থাং নাড়েৰ ভাৰ নিঠে নইয়া একৰন প্ৰোধাৰ সেই সেনাৰ সাক্ষ আনিনাছিল। কিন্তু আনি নুড্ৰ নালি অভিধানেৰ অসুসৰণ করিয়া 'নিটুটা' নাক্ষ 'পান্তমান্তা' ও 'অখপুটাবোহী' অৰ্থ ই এংন কৰিলান। কাৰণ এই অৰ্থ বুলের অব্যবহিত প্রবর্তী 'পান্তিমতী' পাছের সহিত অসমত। চীকাকাবের ব্যাধার কটকরনার আত্মর লাইতে হইয়াছে।

সমর্থ অজ্ঞাতভাবে প্রবেশি নগরে
আনিতে অরাভি-শির-শঞ্চালের সেনা
হরেছে গঠিত হেন মহাযোধ লরে।
তেরীর, শঝের শব্দ শুনি যুদ্ধকালে
জানে ওরা কি করিতে হইবে কথন।
শুন ওরা করিছে কি শুনিণ গুর্জ্জন।

- লৌহবিজ্ঞা-বিশারদ কর্মকারগণ
  করেছে নির্মাণ বর্ম-শিরন্তাণ আদি।
  পরি তাহা, পরি নানা উচ্ছলাভর
  দহত্র দহত্র খারে ও দেনার,
  কেহ অবে, কেহ গজে করি আরোহণ।
  কর্মকার, হরেধার, গলাগার্য আদি
  শিল্লী দব ররেছে দিরত অনুক্ষণ.
  প্রয়োলনমত কার্য্য কবিতে দাধন।
  জ্ঞানজ্বতা এই দেনা লক্ষ কক্ষ দল্লে।
- গৃঢ়মন্থ মহাপ্রাপ্ত মন্ত্রী দশ ক্ষন
  আছেন দেনার না কি পঞ্চালরাজের।
  ততেতাহাধিক প্রজাবতী জননী রাজার
  একারণ স্থান নিজে করি অধিকার
  ক্ষন প্রিচালনের ভার ও দেনার।†
- মৃলে 'দেনা' পদের 'বামারোহিণী' এই বিশেষণ আছে। টীকাকার বলেন, "হথী চ অন্দেচ আরোহন্তা।
  বামপুন্দেন আরোহন্তীতি বামারোহিণীতি বুক্তন্তি" অর্থাৎ হন্তী বা অবে, আরোহণ করিবার কালে লোকে তাহার
  বামপুর্য হইতে উঠে, এইজন্য গল্পসাধী ও অব গদীদিগকে 'বামারোহ' বলা যার।
- বেল্লানের সাতা তলতার বৃদ্ধিদম্বলে টীকাকার একটা গল দিয়াছেন :—একদিন না কি একটা লোক এক নালিক। তণ্ডল, বিছু পাথেরাল্ল এবং এক সহত্র কার্যাপণ লইমা নদী পার হইতেছিল। সে নদীর মধাভাগে দিয়া গভীর ক্সলে প্রতিয়া হাবত্র থাইতে থাইতে তীরত্ব লোক্দিগকে স্থোধন করিয়া বলিল, "যে পার, আমাকে উদ্ধার কর: আমার সঙ্গে এক নালি চাউল, এক পাত্র ভাত এবং এক হাজার কাহণ আছে। এই সকল জব্যের মধ্যে আমি যাতা ভাল মনে করি, তাহাই পুরস্কার দিব।" এক বলবান বাজি ইয়া শুনিরা কবিয়া কাণ্ড পরিল এবং নদীতে প্ৰবিদ্যা তাহাকে হাত ধ্রিয়া উপরে তুলিল। তাহার পর সে বলিল, ''আমাকে কি দিবে, দাও।" লোকটা বলিল, "হয় তণ্ডলনালি, নয় অনুপুট লও।" "বা। আমি নিজের প্রাণ তুচছক্তান করিয়া তোমাকে বাঁচাইলাম: पाনি ও সব জিনিবে कি করিব ? আয়াকে কাহণগুলি দাও।" 'আমি বলিয়াছিলাম, এই তিদ জিনিবের মধ্যে আমি যাহা জ্ঞাল মনে করি, তাহাই দিব : এখন যাহা ভাল মনে করিতেহি, তাহাই দিতেহি ; ইচ্ছা হর, গ্রহণ কর : না হর, চনিয়া वाल ।" के बनवान बाक्ति निक्षेष्ट अक बालिक अरे बाागांत सानारेन ; त्म बनिन, "छेरात बारा छान भरन स्ट्रेटरह. ভাহাই দিতেছে : তুমি উহাই গ্ৰহণ কর।" বলবান ব্যক্তি কিন্তু তাহা করিল না : সে বিনিক্টরাগারে পিরা বিচারক-हिल्बर निक्छ खिटरान कविन : डीहाबोध मबढ छनिवा बगाएक बाउरे मुख पिरान । बनवान बालि हैशाउ खमछहे ছট্ডা রাজার নিকট প্রতিবিচার প্রার্থনা করিল। হাজা ফুবিচার করিতে জানিতেন না। তিনি বিচারক্ষিপক্ত ভাকাইবা সমগ্र শুনিবেন এবং বে বাজি নিজের আণ বিপন্ন করিয়া আর একজনকে উদ্ধার করিয়াছিল, ভাষারই প্রতিকৃষে বিচার করিলেন। ঐ সমরে রাজমাতা তলতাদেরী অদুরে থাকিরা রাম্বার কুবিচার প্রত্যক্ষ করিতেছিলেন। छिनि बाजारक विकाना कतिरानन, 'वावा, छुनि वृत्तिका श्रविका विकाद कविरान छ १' बाजा विकारतम, ''मा, जानि ব্ৰাজ্ঞাৰ বিচাৰ কৰিবাছি: আপৰি ইয়া হইতে ভান বিচাৰ কৰিছে পাৰেন ত কলন।" 'ভাষাই কৰিভেছি' যবিরা তলতাদেবী নদী বইতে উদ্ভ দেই ব্যক্তিকে ভাষাইরা যদিলেন, "বাপু, ভোষার হাতের স্তব্য ভিনটা ভূমিতে রাখ-ত।" সে ত্রব্য তিনটি ভূমিতে রাখিল। তথন তলতা বিজ্ঞানা করিলেন, "ভূমি বলে পঢ়িরা কি বলিয়াছিলে।" त्र शुर्व्स बाहा बनिवाहिन, अथनक छाहारे बनिन। छथन छनछा बनिहन, "अरे जना छिनछात करणा छपि याहा ভাল বৰে কর, ভাষা তুলিরা লও।" নে কার্বাপাওলি তুলিরা কিরক র চলিরা পেল। তথ্য তলভা ভাষাকে आवाद काकादेश विज्ञान, "वाहा, पूति करन महत्त कार्याशनहे कांग मरन कहा" रम विजन, "है। वा !" "पूर्वि

- এক পত এক লব কবির তুপাল,
  পরাক্রার কিন্ত এবে ক্রতরাল্য সবে,
  আসিরাহে ব্রহ্মবন্ত সাহাত্য করিতে।
  বড়ই ববের হুংধে, মহাতরে তারা
  করেকে আন্তাহ্রবর্তী প্রকারারের।
- া বলে ভারা বুবে বাহা, ভূবিতে পাঞ্চলে সম্পাদে ভাহাই সবে; নাই ইছা, ভবু বিয়ভাবে ব্রহ্মদন্তে সভাবে সভত। নাই ইছা, ভবু করি বখ্যতা বীকার ইইলাকে অসুগানী পঞ্চালরাজের।
- এ বিপুলা সেনা লবে পঞ্চলাধিপতি

  করিবাছে, সংহীৰণ, ত্রিসভিবেটিত ও
  বিবেবের রাজধানী মিধিলা নপরী।

  করিবেটে চারিলিকে পরিধা ধনর।
- শ্বনিতেহে উদা সব বেব চতুর্দিকে
  অগণন, নহস্তলে নক্ষত্রের মত।
  কর নির্দ্ধারণ, বংস, কি উপারে এই
  আসন্ত বিপৎ হ'তে পাব পরিত্রাণ।

রাজার কথা শুনিয়া মহাসম্ব ভাবিলেন, 'এই রাজা মরণভয়ে অভীব ভীত হইয়াছেন; যেমন রোগার্ত্তের শরণ বৈজ, ক্ষার্ত্তের শরণ ভোজন, পিণাসার্ত্তের শরণ পানীর, সেইরপ ইংরিও শরণ আমা ভিন্ন অক্ত কেই নয়। অভএব ইংকে আখাস দেওয়া যাউক।' ইহা স্থির করিয়া মহাসন্থ মন:শিলাভলন্থ সিংহের ক্সায় গন্তীরনাদে বলিলেন, "কোন ভয় নাই, মহারাজ। আপনি নিশ্চিস্তমনে রাজহুধ সেবা করিতে পাকুন। লোকে ব্যেন লোট্ডহন্তে লইয়া কাক ভাড়ার, কিংবা ধন্ন হাতে লইয়া মকটি ভাড়ার, আমিও সেইরপ অবলীলাক্রমে এই অষ্টাদশ অক্টোহণী এমন ভাবে পলায়নপর করিব যে, কেই নিজের উদরাচ্ছাদনধানি প্রাক্ত লইয়া যাইতে পারিবে না।

১। থাকুন নিশিন্ত, নৃপ; কোন ওয় নাই; 
লভুন বিজ্ঞায়, পাদ করি প্রমারণ।
কলন চিত্তের সহা কুর্দ্তি নম্পাদন
রাজহথ-ভোগে। আমি করিব উপাল,
হবে বাতে ব্রক্তর পলায়নপর,
পরিত্যাগ করি এই পঞাল-বাহিনী ।"

রাজাকে এইরণে আখান ধিয়া মহৌক্য প্রাসাদের বাহিরে পেলেন এবং নগরে উৎসবভেরী বাজাইতে আজ্ঞা দিলেন। তিনি নাগরিফদিগকে বলিলেন, "তোময়া কোন ছুল্ডিলা করিও নাঃ এক সপ্তাহকাল মানাগছবিলেণন তোগ করঃ গানভোজনে প্রযুক্ত

ৰনিয়াছিলে কি মা সে, এই তিব লগের মধ্যে আমি বাবা ভাল মনে করি, তাবাই দিব ?" 'ইা, আমি তাবাই বনিয়াহিলার ।" "তাবে তোবার উদ্ধারক্ষাতে কাহল কার্যাপাই বাও।" লোকটা নিকপার হইলা রোবন ও পারিবেশ করিতে কার্যাপন্ত কিই বিল। তলভার এই ব্যক্তির যৌধার মানা ও অব্যত্তাকর ক্ষুদ্ধী চুইলেন এবং আহাতে নাযুক্তার বিলেন। তলভার একার কথা সর্ক্তর প্রভাতিত কটন।

উন্নালার বনের, "হতী ও রথসবৃহের অন্তর্গর্ভীতার এক সন্তি; হব ও অবের অন্তর্গর্ভীতার এক সন্তি
এবং অব ও পরাভিত্তিকের অন্তর্গর্ভীতার এক সতি। পূর্বে কিন্তু বলা হইলাছে বে, হতিপ্রাক্তি, রবপ্রাক্তি ও
অধ্যাক্তি, এই ডিন প্রাকার বারা নগর অবহন্ত ইংলাছিল। ইহার সন্তে প্রাভি-পঞ্জি বোগ সা করিলে ত্রিসন্তি
পাওবা বার না।

ছও; উৎসবকেলি করিতে থাক। নগবে যেখানে সেখানে লোকে ইচ্ছামত প্রচুর মত্যপান ককক, গান ককক, বাত ককক, নৃত্য ককক, চীংকার ককক, গর্জন ককক, বাত ফোটন ককক। ইহাতে যে ব্যয় হইবে. আমি তাহা দিব। আমার নাম মহৌষধ পণ্ডিত; আমার কি কমতা, একবার দেখ।" ইহা শুনিয়া নগববাসীবা আখন্ত হইল এবং উক্তরণে আমোদ- আমোদ করিতে লাগিল। যাহার। নগবের বহির্ভাগে বাস করিত, তাহার। এই গীতবাভের খন্ত শুনিতে পাইল। পশ্চাজার দিয়া লোকে নগরে প্রবেশ করিতে লাগিল। শক্র ব্যতীত অল্য কোন লোক দেখিলে তাহাকে বন্দী করিবার নিয়ম ছিল না; কাজেই বাহিরের লোকেও নগরের ভিতরে যাইতে পারিল। তাহারা নগবে প্রবেশ করিয়া উৎসবমক্ত নাগবিকদিগকে দেখিতে লাগিল।

চূড়নী ব্রহ্মণন্ত নগরের কোণাহল শুনিয়া অমাত্যদিগকে জিজ্ঞানা করিলেন, ''ভো
অমাত্যগণ; আমরা অটাদশ অকোহিণী সেনা লইয়া নগর অবরোধ করিয়াছি; তথাপি
নগরবাদীদিগের কোন ভয় বা উদ্বেগের লক্ষণ দেখা যাইতেছে না; তাহারা মহানন্দে,
মনের ক্তিতে বাহু কোটন করিতেছে, চীৎকার কবিতেছে, গান করিতেছে। ইহার কাবণ
কি বলুন ত ?" তাঁহার নিকট মহাসন্তের যে দকল গুণ্ডচর ছিলেন. তাঁহারা মিথা বিদয়া
এই প্রশ্নের উত্তর দিলেন: - "আমরা একটা কার্যোপিনক্ষা পশ্চাদ্ধার দিয়া নগরে প্রবেশ
করিয়াছিলাম এবং উৎস্বনিমগ্ন লোকসমূহ দেখিয়া জিজ্ঞাদা করিয়াছিলাম, 'জ্প্বীপের
সমন্ত রাজা আদিয়া তোমাদের নগর অবরোধ করিয়াছেন; আর তোমরা দকলে অভি
অসতর্ক ভাবে রহিয়াছে। ব্যাপার কি বল ত ?' তাহারা বলিয়াছিল, 'আমাদের
রাজার কুমারকালে একটা বাদনা ছিল যে, জ্প্রীপের সমন্ত রাজা নগর পরিবেইন করিলে
ভিনি উৎস্ব করিবেন। আত্ম তাহার দেই মনোরথ পূর্ণ হইয়াছে; এই নিমিত্ত তিনি
উৎস্ব কেরী বাজাইতে আজ্ঞা দিয়া স্বয়ং মহাতলে মহাপানে প্রবৃত্ত হইয়াছেন,''

ইश ভ্নিচা ব্রহ্মদত্তের মহাক্রোধ হইল; তিনি এক দল দেনাকে ফাজা দিলেন. "নগ্রের চারিদিকে ঘেখানে দেখানে গিয়া পড়; পরিখা ভেদ (পূর্ণ) করিয়া প্রাকার মর্দ্ধন কর: তোরণাট্রলকগুলি চ্রমার কর; নগরে প্রবেশ করিয়া, লোকে যেমন শকটে কুমাও বোঝাই করে, সেই ভাবে নাগরিকদিগের মাথা বেংঝাই কর, এবং বিদেহরাজের মাথাটা আমার নিকট শইয়া আইস ." এই আদেশ পাইয়া বীহাবান বোধগণ নানাবিধ আযুধ লইয়া নগরবারসমীপে ছুটিয়া গেল; মহাসত্তের লোকে তপ্ত মল বর্ষণ, কর্দমদেচন এবং পাষাণাদিনিক্ষেপ শ্বারা ভাহাদিগকে এমন উপক্রত করিল যে, ভাহার। হঠিয়া গেল। যাহারা প্রাকার ভগ্ন করিবার উদ্দেশ্যে পরিধার মধ্যে অবতীর্ণ হইয়াছিল, তাহাদিগকেও প্রাকার ও পরিধার অন্তর্মতী অট্টালকসমূহে অবস্থিত লোকে শরশক্তিতোমরাদির প্রহারে দলে দলে নিহত করিল। পণ্ডিতের ঘোর্ছগুণ অন্ধণতের ংখেছাদিগকে হন্তভদী দেখাইয়া নানাপ্রকারে ভর্জন গর্জন করিতে লাগিল এবং প্রাকারের উপর বিচরণ করিতে করিতে হুরা পান করিয়া ও মংস্তমাংস খাইয়া স্থরাপাত্র ও মাংসাদিপাকের শূনগুলি হাত বাড়াইয়। দেখাইয়া বলিতে লাগিল, "ডোমরা পান্সপানীয় না পেয়ে থাক ত কিছুক্তপের জন্ম ভিতরে এস না গ কিছু পেরে ষাও।" ফলতঃ বন্ধদত্তের দেনা বিছুই করিতে না পারিয়া, তাঁহার নিকটে ফিরিয়া গিয়া বলিল, "মহারাজ, ক্ষিমান (একাজালিক) বাঙীত অন্ত কেইই পরিধা পার ইইডে পাবে না।"

কুলে 'প্রমাল' আছে। হয় ইয়া 'প্রমল' ১ইবে; য়য়েৎ সক্ধরক্ষম' এই পাঠায়য় য়ঽঀ কয়িছেয়ইবে। সক্ধরা—বাপ্রা: তালা ইণ্ড ইত্যাবি।

প্রস্নদত্ত মিথিলার প্রোভাগে চারি পাঁচ দিন অভিবাহিত করিলেন: কিছ নগ্রহ অধিকার করিবার কোন উপায় দেখিতে পাইলেন না। অতঃপর তিনি কৈবর্ত্তকে জিল্পাসা করিলেন. "আচার্য্য, আমরা ত নগর অধিকার করিতে অসমর্থ: এএক প্রাণীও ইহার নিকটে পर्वास याहेरा भारति ना। अथन कर्डवा कि ?" देकवर्छ विनालन. "अ कथा द्वार निन. মহারাজ। 'নগরমাত্তেই বাহির হইতে জল পায়। আমরা জল বন্ধ করিয়া নগর অধিকার করিব। নগরবাদীরা জলাভাবে কাতর হইয়া বার উদ্ঘাটন করিবে।" রাজা বলিলেন, "এ একটা ভাল উপায় বটে।" তিনি জল বন্ধ করিবারই ব্যবস্থা করিলেন; তাঁহার লোকে অপর কাহাকেও জ্বলাশয়গুলিতে যাইতে দিল না। মহাসন্তের শুপুচরেরা একখানি পত্তে এই বতান্ত লিখিয়া উহা একটা শরের কাণ্ডে বান্ধিলেন এবং ঐ শর নগর মধ্যে নিক্ষেপ कवित्नन । মহাসত প্রথমেই আজ্ঞা দিয়া বাখিয়াছিলেন, যে কেহ শরকাণ্ডে পত্ত দেখিতে পाইবে. সে বেন তৎক্ষণাৎ উহা তাঁহার নিকট লইয়া যায়। কাজেই যথন এক জন বোছা ঐ শর দেখিতে পাইল. তখন(ই) সে উহা তুলিয়া লইয়া মহাসত্তকে দেখাইল। তিনি বন্ধদত্তের উপায় অবগত হইয়া ভাবিলেন, 'মহৌষধের যে কত পাণ্ডিত্য তাহা ত এক্ষদত্তের জানা নাই।' তিনি বাট হাত লম্বা একধানা বাঁশ চুই ভাগে চিরাইয়া উচার ভিত্তের সাঁট এলি কাটাইয়া ফেলিলেন: এবং ঐ ছই থণ্ড পানব্বার যোড়াইয়া চামড়া দিয়া বান্ধাইয়া তাহার উপর কালা **टि**न प्रिक्त । श्रद्ध वना इरेशास्त्र, जिनि अफियान जाश्मश्रालय दावा हिमानय इरेटज কর্মম ও কুমুদবীল আনাইয়াছিলেন। এখন পুছরিণীর তীরে সেই কর্মমে সেই বীজ রোপন कवित्तन अरः वीत्कत छे परत ये वाँगो ताथिश छेश करत शूर्व कतितन्। अक तालित मार्थाहे কুমুদনল এত বৰ্দ্ধিত হইল যে,তাহার পুষ্পটী বাঁশের আগার এক অর্ত্তি উপরে শোভা পাইতে লাগিন"। তথন নলটা উৎপাটন করাইয়া তিনি নিজের ভতাদিগের হাতে দিয়া বলিলেন "এটা ব্রহ্মণত্তকে দাও।" ভৃড্যেরা উহা বলমাক্লারে কুগুলিত করিয়া নিকেপ করিবার কালে विनन, "अट बच्चनरखद रनांक कन ; राजायता किराय मरता ना ; अहे कूमुन्छ। तथ ; कूनहां निया গা সাজাও: দওটা পেট পরে থাও।" ব্রহ্মদন্তের সেবকদিগের মন্ধ্যে মহাসত্ত্বে যে স্কল अक्षात्र हिल्लन, छाशालक्षर अक्षान कुमुनननही छुलिया नशेलन अवर छेश अञ्चनत्त्रत्व निकरि लहेशा दिलालन, "दिन्थन, महादाख, धरे शुरुषद मण्डी। शुद्ध এछ हीर्घ एछ दक्ष कथन छ দেখে নাই।" ব্ৰহ্মণত বলিলেন, "মাণ ত"। অপ্ৰচরেরা বাট হাত দও 'আশী হাত হইল' ৰলিলেন। 'ইহা কোথায় জন্মে' জিজ্ঞাসিলে এক জন চর মিথ্যা কথার ঘটা করিয়া বলিলেন. "মহারাজ আমি একদিন পিণাদার্ভ চুট্যা জুরাপানের জন্ম পশ্চান্দার দিয়া নগরে প্রবেশ, করিয়াছিলাম: দেখিলাম সেধানে নগরবাসীদিগের জলকেলির জন্ত একটা প্রকাণ্ড প্রছরিত্তী वहालाक तोकाय हिल्या त्रिथात कृत जुलिका । এই कुम्मनत् সেই পুরুরিণীর ভীরসন্নিধানে ক্রিয়াছে। গড়ীর ক্রণে ক্রান্তি ইহা শত ছত্ত দীর্ঘ চইত।" ইতা শুনিয়া বন্ধদত্ত কৈবর্ত্তকে বলিলেন, "জলক্ষয় করিয়া নগর षिकात कतिय, व षाना वृथा। षात्रिन व मञ्जा छात्र करून।" देकवर्ष वितिनन, "ভবে, মহারাম্ব, আমরা শশু বন্ধ করিয়া নগর অধিকার করিব, কারণ নগরবাসীরা বাহিত্ব ছইতেই শক্ত পাইয়া থাকে।" 'বৈশ, ডাহাই কক্ষন, আচার্যা।" বোধিসম্ব পূর্ববিৎ এই মন্ত্রণাও জানিতে পারিলেন; তিনি ভাবিলেন, 'কৈবর্ত ব্রাহ্মণ ত আমার পাতিতার প্রমাণ चारित ता !' जिति धाकावमधरक कर्षम (मध्यावेश जाशरज थान द्वापन क्याहेरनत । वाधिमञ्जितित अভिश्राय नकन नम्पायके नकन हम। अक ब्राजिय मध्यके थान शाहकनि

শহরি – কর্ই বইতে ক্রিটার অধ্য পর্যন্ত।

লাভ্যাবনের লিকে চলিলেন : বিশ্ব হারত বাজিতা, "ভিভারে হেও না" বলিয়া জাতাতে बावन कवि . जि.स. विमालन, "बानि बाक्याका !" छ।शक्षा विमाल 'काश सानित विस वाकात चारमन. कालारकट व्यावन कविरक मिरव मा • खानमि किविशा वाम !\* বাক্তমান্তা দেখিলেন, তান যে উদ্দেশ্যে গিয়াছিলেন ভাগা সম্পন্ন কবিবাৰ উপায় নাই। কাষ্টেই তিনি যিবিয়ানি ে বাডীর নিকটে দাভাইয়া ডাকাইয়া বহিলেন। ইহা দেখিয়া এক बाक्ति विनन, "এখানে দাঁড়াইয়া কি কাবেডেচ চলিয়া যাও।" দে উঠিয়া তাঁচাতে গলাধানা হিলা সাটিতে ফেলিল। রাজমাতা ভাবিলেন, 'ইহারা প্রকৃত্তই বাছাব আজ্ঞা পাইয়া বাড়ী ভাকেতেছে: নচেৎ এরপ করিতে সাহস পাইত না , একবার পণিতের নিকটো লিখা দেখি ।' তিনি গিছা বলিলেন, 'বাবা মধ্যেষধ, আমার বাডীটা ভালাইতেচ কেন প' কিন্তু মহাসন্ত এটা মালের কোন উত্তর দিলেন না : নিকটম্ব আরে এড় ব্যক্তি জিজাসিল, "দেবি, আপনি কি বলিভেচেন ?" "যামার বাডীধানা ভাঙ্গাইভেচেন কেন ৷" "মুহাস্থ ৰলিলেন, "বিদেহবাজের বাসস্থান নির্মাণ করাইবার জন্ম," "বল কি, বাবা ৷ এই মঙানগরে বিদেহরাক্তের বাদোপযোগী অক্ত স্থান কি পাইলে না ? এই লক্ষ মুক্তা উৎকোচ শত : অন্স কোথাও গিয়া ডোমাদের রাজার জন্ম বাডী প্রস্তুত কর ," "তেশ দেবি : আপনার ৰাজী ছাডিয়া দিতেতি . কিন্তু আমি যে উৎকোচ লইলাম. ইহা কাহাকেও বলিবেন না। विभिन्न व्यक्त नव्यात्र छेण्टकाठ निया च च श्रर छाछाष्ट्रेट ठास्टित ।" "वावा, त्राकात थाछा हरेश डिप्टकां मियां हि. देश आयात्र भारत शब्दात कात्रन। अपि काशांक कि ষ্টিব না।" "বেশ, মা," ইহা ব্লিয়া মহাস্ত বাল্মাভার নিকট লক্ষ্ডা গ্রহণ করিয়া জাঁচার বাজী চাডিয়া দিলেন এবং কৈবংর্ত্তব বাজীতে গেলেন। কৈবর্ত্ত রাজদ্বারে গেলেন: সেধানে বাথারির অংগতে তাঁহার পিঠের চামতা উঠিগ গেল: যে উদ্দেশ্যে তিয়াছিলেন ভাহা নিদ্ধ করিবার কোন উপায় না দেখিয়া তিনিও শেষে সক্ষ্মা দিয়া নিদ্ধতি माञ्च अधिराम्य ।

এই উপায়ে. সমস্ত নগরে গৃহনিশাশের স্থান নির্বাচন করিতে করিতে মহাসন্ত নয় ্মেটি অ,খাপন উৎকোচ পাইলেন। তিনি সমত নগর পরিভ্রমণ করিয়া রাঞ্জরনে ফিরিলেন। রাজা জিজ্ঞানা করিলেন, ''কি হে পণ্ডিত, তোমার রাজাব বাংসাপ্যোগী স্থান পাইলে ফি १° তিনি বলিলেন, "মহারাজ স্থান দিতে চায় না, এমন কেংই নাই , কিন্তু আমর। কোন বাড়ী লইকেই. যাহার বাড়ী সে বড় ছঃখিত হব। তাহারা যাহা ভালবাদে, ভাল ছইতে তাহাদিগকে বঞ্চিত করা আমাদেরও কর্ত্তবা নয়। নগরের বাহিবে এক জ্রোপ দরে গৰা ও নগরের অন্তর্কতী ভভাগে আমাদের রাজার বাদের জ্ঞা নগর নির্মাণ করিছে हारे ।" रेटा अनिया ताला मक्टे व्हेलन । जिनि छावित्सन, 'नश्दात मृत्यु क्या विशक्तक. कावन याकानिराव मध्या एक चलक, एक विशक, देश सानिएक शावा याप ना । मनत्त्रत वाहित्त यह कवाव श्रविशा : अकथव नगत्त्रत वाहित्वहे देशानिगत्क हेकवा हेकवा করিয়া বধ করিব।' এইরূপ চিস্তা করিয়া তিনি বলিলেন, "বেশ বলিয়াত, মংহীষধ ; छिम दर शान निर्वाहन कतिशाह, त्यथाताह नगद निर्वाण कर ।" "छाहाह कदिव, महाबाध । কিছ আমরা বেখানে নৃত্তন কাল করিব, সেধানে আপনার গোকজন কাঠ ও শাক্ষবজি প্রফৃতি আনিবার অনু যাইতে পারে: গেলেই কলং ঘটিবে; তাহাতে কি আপনার, কি चायात्मत, नक्रानबहे व्यवस्ति कात्रन शहेरत ।" "बाल्हा पश्चित ; बाशास्त्र रत पान निवा तकश वा बाह, छाहात वाबका कर ।" "महाबाक, आमार्टिय हछो श्रीत सन छानवारन ; वहकन कनरकति करत । जाशास्त्र कन त्वाना श्रेट्व : नगरवत त्नारक इव छ ठिएव ; जाशावा बानरव, बररोवरेष वानवन्त्रन हरेए वावश नामार्थ निवन वन नारेखिक ना ।' वानमादक व অস্থবিধাও সহা করিতে হইবে, মহারাজ।" রাজা বনিলেন, "তোমাদের হণ্ডীগুলি স্বচ্ছকে জলকেলি কক্ষ ।" অনন্তর তিনি ভেরীবাদন বারা নগরবাদীদিগকে জানাইলেন, "যে নগর হুইতে বাহির হুইয়া মহৌষধের নগরনিশাণ-স্থানে যাইবে, তাহার সহত্র মুদ্রা দণ্ড হুইবে ।"

উল্লিখিডরাপে সুবাব্যা করিয়া মহাসত রাজাকে নম্মারপর্বাক নিজের অভারেরগণসঙ নগাৰের বাহিত্তে গোলের এবং পর্ব্ধ নির্ব্ধানিক স্থানে নগত-নির্মাণে প্রবহ্ন ১ইলেন। ক্রিমি গ্রহার অপর পারে গগগলি নামক একটা গ্রাম পরেন করিলেন সেধানে নিজের চন্দ্রী অব a au oat (ता-वतीवर्क मध्य वाधितात , फाडाव भव जगद-निर्माण प्रत क्रिक्ट । किटिं সমুদ্ধ কর্ম ভাগ কবিয়া কত জন লোকে কত অংশ কবিবে তাতা নির্দ্ধেশ কবিলেন এবং জনমতে অকল খনন কৰাইতে আৰম্ভ কৰিলেন। মহাজকলেৰ বাব চইল গলাৰ ঘাটে, ভয় ছাকার যোগা মহাক্রক খনন করিতে লাগিল। ভাহারা বভ বভ চামভার থলি পরিয়া গলায় মাটি ফেলিড বেমন মাটি পড়িড, অমনি হাতীগুলা ভাহা পায়ে দলিড : গলার স্রোভ रचाना इटेफ, (लाटक विलक्ष, "मरशेष्ठावत चाशमनकाम इटेस्फ चामता निर्मात खन পাইতেছি না গলা এখন আবিদ অদ বংন করিতেছে ইংগর কারণ কি ?" মতৌষাধর हरवता विलिख 'मरशेष्ट्रथत इन्छम्म मा कि स्नारकिन कविवाद कारन कर्मम जारनाष्टिक क्तिश छिन्द जल , (महे खन्नहे चारिन कन क्षेत्राहिष हहेराज्छ।" (वाधिमचनिर्मव অভিপায় সর্বতেই সিদ্ধ হয়। সেইজন করুকের মধান্ত ভক্তন তাদির মল এবং প্রস্তেরগুলি আপনা হইতে ভগতে অনুভা হইন। স্থীৰ্ণ ফুৰুপের বার ইইন উত্তর পঞ্চাল নগরের মধো। সাত শ লোকে উচা ধনন কবিদ। ভাগাব। চামভার ধলিতে মাটি তলিয়া নগরের মধ্যেই ফেলিড: মাটি ফেলিবামাত জল মিশাইয়া ভাষা দিয়া প্রাকার নিশ্মাণ করিত, অন্ত কালও করিত। মহাক্রককে প্রবেশ করিবার ছারও নগরের মধ্যে থাকিল। ঐ ছারের উচ্চতা চুটুল আঠার হাত। উহার ক্রাটে এমন একটা বছ চিল বে. একটা মাত্র ডুমনীর উপরে थाकिशाहे छेट! यक इहेछ । यहालका कर पान हो प्रिया गाँथा हहेन अदर मारे देखेंब देनव हनकाम क्या हरेन। माथाव निक एका निया छा अवस्था एका खनित एलान्य माहि দিয়া • লেপাইয়া তাহাতে শাদা রু দেওয়া হইল। এই মংাকুক্সে সর্বভদ্ধ আশীটা বঙ पत्रका अवः क्रिकिता कार्ते पत्रका थाकिन। नकन पत्रकारे वस्युक हिन अवः क्वारेशिन এक এकी माख फुमनीत छेलत चूरिया धूनिक स वह रहेक। घूरे लाल वहनक मीलानव ছিল; সেওলিও ষম্মুক্ত ছিল; একটা থুলিলে সবওলি খুলিত . একটা বছ করিলে সবওলি বছ চইত। পাৰ্শ্বয়ে আরও চিল এক শত এক জন রাজার জন্ম শয়নকক। প্রত্যেক ককতল চিত্ৰ আভরবে মঞ্জিত ছিল: উহার মধাভাগে সম্চিত্ত ত বেতচ্চত্র, উৎকট্ট শ্যা, শ্যার পার্খে সিংহাসন এবং একটা প্রমক্ষনরী নারীমৃতি। হত ছারা স্পর্ণ না করিলে দেই মৃতি যে মাছবী सब हेटा वया बाहेड मा। क्षानिश्व हिज्ञकरवता क्षकत्वत चलाचरव छेटाव शार्च नानावश চিত্র অভিত কবিয়াছিল। ভাষাদের চিত্র কৌশলে শক্তের বিভৃতি, হুমেকর চতুম্পার্শ, मात्रत. महामात्रत. ठउम् हाचील. हिमानव. अनवज्ञ हुन. यनः निनाजन. ठक. व्यर्ग. চাতম'হারাজিকাদি বটকামমর্গ এবং ভাহাদের নানাবিধ অংশ - সমস্তেরই প্রভিক্ততি সেই

শুলে 'উলোক বভিকার' আছে। 'উলোক' পদের অর্থ নিক্তর করা কঠিন। গদিব নীতে এক প্রকার কাপড় বাবহার করা হর , ভাহাকে 'উলোক' বলিত। আমার মনে বর ঐরণ কাপড়ে মাটি মাবাইরা ভজার তলবেশে বেওরা হইরাছিল। বিবাহাধির সমরে আমারের বেশে পূর্বে বে বরণের কুলা চিত্র করা হইত, ভাহার অবিও রমণীরা এই উপারে প্রকৃত্ত করিতেন। উলোর প্রথমে একখানা লাক্ডার এটেল মাটি রাখিরা বিশ্ব লাগাইতেন; পরে ভাহার উপর ছই এক বার বাটির লেগ বিধা অবি স্বাব করিতেন; শেবে বৃদ্ধির পৌঁচ বিধা ভাহার উপর চিত্র করা হইও।

ষ্ঠাকুক্তে দেখা যাইত। প্রকলের ভূতন রজতশুর বানুকায় আতৃত ছিল; উপরে প্রকৃটিও কমলসমূহ, উভয় পার্বে নানাবিধ বিপণি, মধ্যে মধ্যে গছমালা ও পূজানালা প্রলম্বিত। ফলত: সমক্ত প্রকল্টী দেববাজের সুধ্যা সভার ক্যায় সমলক্ত হইন।

মহাসক গদাব উদ্ধানে যে তিন শ প্রধার পাঠাইয়াছিলেন, তাহারাও তিন শক্ত নৌকা নির্মাণ করিয়া দেওলি প্রয়োজনীয় দ্বো পূর্ণ করিয়া ঠিক ঠাক্ করিল এবং গদাপথে অবতরণ কবিয়া মহাগবকে সংবাদ দিল। তিনি নৃতন নগবেব অধিবাসীদিগের ব্যবহারার্থ সকল প্রবা লইয়া গোলেন এবং নৌকাগুলি কোন গুপ্তস্থানে রাঘাইয়া বলিলেন, "আছি যথন আদেশ করিব, তখন লইয়া আদিবে।" নৃতন নগবে উদক পরিখা, অষ্টাদশ হক্ত উচ্চ প্রাকার, তোরণ, অট্টালক, বাছাব প্রাধাদসমূহ, হক্তিশালা, পুছরিণী প্রভৃতি সমন্তই ফ্লাররপে নির্মিত হইল; মহাদক্ত চাবি মাণের মবো মহাক্রক, সম্ভীর্থ ক্রক, নগর, এই সম্পাত্রেরই নির্মাণ সমাপ্ত করিলেন এবং এই চাবিনাদ অতীত হইলে বিদেহরাজকে আনিবার জন্ত দ্ব পাঠাইলেন।

িএই বভাস্ত বিশ্বকপে বাক্ত কবিবার ক্রম্ম পান্তা বলিলেন,

৬৯ , বিপেহরাজেব ওবে প্রাসাদাদি করিয়া নির্মাণ পুতমুপে জানাইলা ওারে নংগ্রিখ মডিমান ''আফ্রম, রাজন, এবে বিলবে নাহিক প্ররোপ্তন হয়েছে নির্মিত তব বাস্হেডু ক্ষেব ওবন।

দ্তের কথা শুনিষা বিদেহরাক মহানন্দে বহু অহুচরসহ উত্তর পঞালাভিম্বে যাত্রা ক্রিলেন।

িএই ব্ভান্ত বিশদরূপে বুঝাইবাব জক্ত শাল্তা বলিলেন,

তিরিয়া দুডের বাণী চতুরজ বলসহ

করিলা প্রয়াণ নরমণি মিথিলার

দেখিতে সমৃদ্ধিমতী কান্দিলার রাজধানী,

অনস্ত বাহনে সমাকীপ পথ যায়।

]

বিদেহরাজ যথাকালে গঙ্গাতীবে উপনীত হটলেন, মংদেশ্ব প্রত্যাদ্গমনপূর্বক তাঁহাকে শ্বনিশ্বিত নগরে লইয়া গোলেন। তিনি দেখানে উৎকৃত্ত প্রাদাদে অবস্থিতি করিয়া নানাবিধ উৎকৃত্ত থাতা ভোজন কবিলেন এবং কিয়ংকণ বিশ্বামের পর সারাহ্কণালে নিজের আগমন জানাইবার জন্ত চুডনীব নিকট দুত পাঠাইলেন।

( अहे बुखाक विभावकरण बाक्त कतिवाब बना गांचा बलिरनन,

কান্সিলে পৌছিল ভূপ নাইলা ব্ৰহ্মন্তে,
 "আসিলাহি আমি তব বন্দিতে চবণ :
 বহা। সালাহে বর্ণানভাবে সর্বাদ্ধান্ত ব
 কনা বোরে কর ধান সহ দাসীপ্র।"]

ছুতের কথা ভনিয়া চুড়নী মহা গজোৰ পাত করিলেন; তিনি ভাবিলেন, এখন আমিরি শক্ত কোথায় প্লাইবে ? তাহাদের ছুই কনেরই মাথা ফাটিয়া অয়পানোৎসৰ কৰিব।' কিন্তু মুখে কেবল হর্ষের চিক্ত দেখাইয়া তিনি দৃত্তের সম্বন্ধন। কবিলেন এবং বলিলেন

বাগত হে বিবেহের নৃপতিপুদ্ধ

 তভ্বিন, গুভক্ষণ করহ নির্বর

 খাকিবে সর্বাদেদ তার বর্ণ-আভরণ

 বছ দাসী সদ্ধে তার করিবে প্রমন

 বছ দাসী সদ্ধে তার করিবে স্বামন

 বছ দাসী সদ্ধে স্বামন

 বছ দাসী সদ্ধে তার করিবে স্বামন

 বছ দাসী সদ্ধে তার করিবে স্বামন

 বু দুর্ঘান

 হা শুনিয়া দুত বিদেহরাজের নিকট ফিরিয়া গিয়া বলিল, "মংরোচ, এক্ষনন্ত বলিয়াছেন যে, এই মঙ্গলক্রিয়ার উপযুক্ত শুভলগ্প কথন হইবে, ভাহা জান্তুন, তিনি আপনাকে ঐ লগ্পে কন্তাদান করিবেন।" বিদেহরাজ পুনর্কার দৃত প্রেরণ করিয়া ধলিয়া পাঠাইলেন, "অন্তই শুভলগ্প আছে।"

েএই বুক্তান্ত বিশদরূপে ৰাক্ত করিবার জন্য শাস্তা বলিলেন

१৪। জানিতে চাহিলা তবে রাজা বিদেহের, কথন হইবে শুভ লগ্ন বিবাহের গ শুভ লগ্ন হল স্থির, অমনি চথন চুড়নী-সকালে দুছ করিলা প্রেরণ। १৫। ''শুভদিন শুভক্ষণ করিয়াছি আভ(ই, স্থির''— দুত-মুখে আবার করিলা বিজ্ঞাপন
'সাজারে অধীলভাবে সর্কাল কুমারী তব করা। বোরে কর দান সহ দাসীরণ।'' ]

हुएनी बाखा वितश भागाहरतन,

৫৬। সর্ব্বাঙ্গ ফুলারী নারী হবে এবে ভার্বা। তব ফুরর্বে মন্তিতা, অনুগত। দাসীগণে ভোষার, বিবেছনাথ, নিক্তর করিব আমি অবিকল্পে কন্য। সম্প্রধান ক্রষ্টমনে।

এই গাথা বলিয়া চ্ডনী রাজা 'এখনই পাঠাইতেছি', 'এখনই পাঠাইতেছি' এইরপ মিথাাকথা বলিয়া সেই এক শত এক জন রাজাকে সঙ্কেত দ্বারা জ্ঞানাইলেন, 'আপনারা সকলে অষ্টাদশ অক্ষোহিলী সেনাসহ যুদ্ধার্থ সসজ্জ হইয়া নগর হইতে নির্গত হউন , আজ্ঞান্থ করা ঘাইবে।' এই আনেশ পাইয়া রাজারা নগর হইতে বাহির হইলেন; চ্ড়নী নিজে বাহির হইবার কালে তাহার মাতা তলতা দেবী, অপ্রমহিষী নন্দাদেবী, পুত্র পঞ্চালচণ্ড এবং কল্পা পঞ্চাল-চণ্ডী, এই চারিজনকে অক্সান্ত অন্তঃপুর-চারিণীদিগের সহিত প্রাসাদের মধ্যে রাজিয়া যাত্রা করিকেন।

বিদেহ-রাজের সঙ্গে বে সকল যোগা আসিয়াছিল, বোধিস্থ তাহাদিগকে প্রচুব মন্নপানাদি দিয়া তুই করিলেন। কেই হবা পান করিতে লাগিল, কেই মংস্ত মাংস বাইতে লাগিল, কেই বা দূরপথশ্রমে ক্লান্ত ইইয়া প্রটুরা পড়িল। বিদেহরাক্ত নিজে দেনকাদি পণ্ডিডদিগকে লইয়া এবং অমাত্যপণ-পরিষ্ত ইইয়া প্রাসাহের অলক্ষত মহাতলে বসিয়া ছাইলেন। এদিকে চ্ছনী রাজা অইয়েশ আক্ষাহিলী সেনা হারা নৃতন নগরটাকে চারি পঙ্জিতে বেইন করিলেন, এই চারি পঙ্জিব অন্তর্জনী অংশত্রহে কোন সেনা হারিল না, সেধানে বহু শত সহল্র লোকে উষা জালিয়া অবস্থিত ইইল। ব্রহ্মণত অক্ষণোহর ছালেই নগর অধিকার করিবেন, এই ভাবে সেনা সক্ষিত করিয়া রাখিলেন। ভাহা দেখিয়া মহাস্থ নিজের ভিন শত বোজাকে বলিলেন, 'ভোমরা সহীর্ণ স্কক্ষপথে পিরা ব্যক্ষত্রর মাতা, অগ্রহহিবী, পুত্র ও কল্পাকে লইয়া ঐ পথেই আনমনপ্রক্

विरहतांव त्वन केशार निकटिंदे केमशिक हदेशांदन, जन्नक अहेकाद केशांदन महिशांदे अशाहि बिल्दिन । केशांव केरक बहे दर, पूत्र विश्व दिरहशांवरक अहे क्वांकित क्वांदेत ।

মহাফুরুজে প্রবেশ করিবে; কিন্তু মহাফুরুজের নির্গমনার খুলিবে 'না: আমাদের আগমন প্রতীকায় উহার মধ্যেই থাকিবে: আমরা যথন আদিব, তথন তাঁহাদিগকে বাহির করিয়া निर्शासायत निरुप्त महाविभाग श्रीकर्ण गरेश गारेता " कांश्री '(श कांका' विजय সমীর্ণ ফরুত্ব দিয়া অগ্রাসর হইল: মহাদোপানতলে যে ভক্তার মঞ্চ ছিল, তাহা খলিল, त्माभानभानमूत्त, त्माभान नीर्स ७ महाज्यन त्य मकन शहरी अवर क्लामि तमसिटक পাইল, সকলকে ধরিয়া তাহাদের হাত পা বান্ধিল, মুখ চাপা দিল, যেখানে যেখানে অঞ্চলান एमिन, त्मरे तमरे थात्न जारामिशक लकारेश ताबिल, ताबात खन्न तम थान श्रेष किन, ভাহার কিছু খাইল, যে সকল জব্য সন্মুখে পাইল সমস্ত চর্ণ বিচর্ণ করিল এবং প্রাসাদোপরি আবোহণ করিল। তথন তলতা দেবী, কি জানি কি ঘটিবে ভাবিয়া, নন্দাদেবী এবং রাজপুত্র ও রাজকভার সহিত এক শ্যায় শুইয়া ছিলেন। মহাস্থের যোজারা প্রকোঠের ছারদেশে গিয়া তাঁহাদিগকে ডাকিল। তলতা বাহির হইয়া বলিলেন, 'কি জন্ম ডাকিডেছ, বাপু সকল ?' তাহারা বলিল, "দেবি, আমাদের রাজা বিদেহরাজকে এবং মহৌবধকে বধ করিয়া সমস্ত জম্বদীপের একাধীশ্বর হইয়াছেন এবং এক শত এক জন রাজার সহিত মহাসমারোচে মহাপানে প্রবৃত্ত হইয়াছেন। তিনি আপনাদের এই চারিজনকে লইয়া ষাটবার জন্ত আমাদিগকে প্রেরণ করিয়াছেন।" ইহা শুনিয়া রাজ্যাতা ও রাজ্যহিনী প্রভতি প্রাসাদ হইতে অবতরণপর্বক সোণানপাদমলে দাঁডাইলেন: বোধিমণ্ডের লোকেরা ভাঁহাদিগকে লইয়া সত্তীৰ্ণ স্থককে প্ৰবেশ কবিল। তাঁহারা বলিলেন, "আময়া এতকাল এখানে বাস করিতেছি: কিন্তু এ পথে ত কখনও অবতরণ করি নাই ।" বোধিসন্তের লোকেরা বলিল, "এ পথ সর্বাদা চলিবার জন্ত নহে: এটা মন্ত্রবীথি: আজ মন্ত্রোৎসব হইতেছে বলিয়া রাজা আপনাদিগকে এই পথে লইয়া যাইতে আজ্ঞা দিয়াছেন।" রাজ্যাতা, রাজ্মহিবী প্রভৃতি একথা বিখাস করিলেন। তথন এক দল তাঁহাদের চারিজনকে লইয়া চলিল: এক দল ফিরিল এবং রাজভবনের কোষাগার খুলিয়া ইচ্ছামত বছমূলা অর্থমিণি প্রছতি লইয়াগেল। এদিকে বন্দী চারিজনে অগ্রসর হইয়া মহাম্বরুলে প্রবেশ করিলেন এবং তাহার দেবভবনের ফাঘ শোভা দেখিয়া ভাবিদেন, 'রাজার জন্মই' বোধ হয় এম্বানটী এমন সুন্দর ভাবে সাঞ্চাইয়াছে। বাধিদক্ষের লোকে ক্রমে তাঁহাদিগকে গঙ্গার অনভিদুরে ক্ষরা গিয়া সকলের মধ্যেই একটা স্থাপজ্জিত প্রকোষ্ঠে রাথিয়া বিল, ক্ষেকজন সেধানে পাহারা पिएड लाजिल धार कराकसन जिया ताधिमचतक स्नाहित या, बासमाछा, बासमिटियी প্রভৃতিকে আনহন করা হইহাছে। তাহাদের কথা শুনিহা বোধিসম্ব ভাবিলেন, 'এখন আমার মনস্কামনা পূর্ব হটবে। 'ডিনি পরম পরিতোধ লাভ করিয়া বিদেহরাজের নিকট পিয়া এক পার্বে অব্দ্রিত হইলেন। কাষাত্র রাজা ভাবিতেছিলেন, 'এখনই বৃথি অন্ধরত জাহার কল্পাকে পাঠাইবেন, এই ববি বন্ধদন্ত তাঁহার কল্পাকে পাঠাইতেছেন।' ডিনি পৰাছ হইতে উঠিয়া বাভায়নপথে দৃষ্টিপাভপুৰ্বক দেখিলেন, বহু শত সহস্ৰ উৰায় আৰোকে हर्ज़िक् छेढानिक हरेबार्छ अवर अनश्या त्याचा मुख्य मनवरी त्यहेन अविवा विश्वास । ইহাতে তাঁহার মহাতর ছয়িল: ব্যাপার কি. এ সংস্কে তিনি পণ্ডিতবিসের (সেনকাধির) পহিত আলোচনা করিতে লাগিলেন। তিনি বলিলেন,

ব্যা, কর, হব, পদ্ধি—
 বর্মধারী বোধান
 ব্যারহ নগর এই করিয়া বেইন;

 ব্যারহে উকা কড
 বল ড, পণ্ডিভানন,
 কি বেডু হরেছে এই বহা আরোজন ?

हेरा अभिया रमनक बनिरमन, "रकान विश्वाप कावन नाहै। वह वह खेदा रम्भू

ৰাইতেছে, বোৰ হয় রাজা কাপনাকে দান কবিবাৰ জন্ত কল্পা নইব। আদিতেছেন।" পুকুশও বলিকেন, "আপনি আদিয়াছেন, আপনাৰ প্ৰতি সন্মান দেশাইবার জন্ত ব্লহনত বোধ হয় দেহরজিগন লইয়া অবস্থিতি কবিতেছেন।" এইরপে হাঁহাৰ মনে যেটা ভাল লাগিল, পণ্ডিতেবা সেই মন্ত উত্তব দিলেন। কিছু বাজা ভনিতে পাইলেন, লোকে আদেশ দিভেতে, "অমুক স্থানে দেনা খাকুক, অমুক স্থানে বন্ধী স্থাপন কর, সকলে সভ্কিভাবে স্থান বিজি হার্যা কর" ইভাদি। ইহার্যে এবং স্থাকিত সেনা দেখিয়া ভিনি মুব্ভুয়ে ভীত হইলেন এবং মংহারণ কি বলেন ভনিবাৰ জন্ত বাগ্র হইয়া বলিকেন.

ৰচ। হুবি অন্ধ বধ-পত্তি বৰ্মধানিগণ বংগড়ে নগড় এই ক্ৰিণা বেইন অলিখেড়ে ট্ৰা কতা বলত পতিত ক্ৰিণোক সামাণের ইণালা অহিত গ

রাজাব প্রশ্ন অনিষা মধানত ভাবিলেন, 'এই মুখ বাজাবে একটু ভয় দেখান থা**উক**, ভাগাব পর আমাব ক্ষমতা দেখাইয়। ইয়াবে আখাদ দেওয়া ধাইবে। এইকপ চিতা কবিয়া তিনি বলিলেন

। চুডুলীর মহাদেনা দিং চাছে পাছাগা
না পার বাহাতে থেতে প্রাংশা ইলি 
প্রের শক্ত ইন্দের ভোমান, বাছল
প্রস্তাত ভোমার দেই করিবে নিধন।

ইকা শুনিয়া সংলেট মৰণভাষ কালেতে লাগিলেন। ৰাজাৰ বঠ শুৰু ধুইল, মুখে লালানিংসরণ বন্ধ কুইল, শ্রীৰে সাহ জালিস ভিনি মৰণভাষ প্রিবেদন ক্রিডে করিছে ছুইটা লাখা বলিলেন।—

৩০। কাশিছে সংশিও যোব প্রকাইছে মুগ কিছুগ সুই না পাই বাল্য অলিয়ক্ত করি বেগ্রেছে প্রগ্ন মৌলে কেচ যেম থোকে।

বাজাৰ পৰিবেদন শুনিয়া মহাপ্ৰ ভাবিশেন, 'এই মূৰ্থ বাজা জন্ত দিন আহায় কথা মন্ত কাজ কৰে না , আজ ইংগকে আৰও একটু নিগুংীত কৰিব।' ভিনি বালিলেন,

> ক। কাৰ্যন্ত প্ৰস্তুপান্তঃপবিষ্ণ ভূমি কুম। পভিতেও কলা এপন ইলাৰ মোহাৰ এই সভট বইতে।

আছ ইচিবক হবে বাজাবা বলন

কা প্রবেষ প্রস্তবা কিউলী বস্তীব

কান্তবা বিপাধ গোবা, বুচ হল বলন

কা বিলাবি ভালাবল পত্তে বিলা কাৰে।

কাছিব পূৰ্বে বাখ কৰ ও খনন,
বাংলে বাক্তাকত বস্ত বাংল বভিলেন
লোচবলে বীৰ ববা বা লোক কেবিত.
 কবে প্রায় করে বা ক বৃত্যু এতে ক্ষে

<sup>\* -</sup> EIMA ( furnace ) 1

- ৯৬। উত্তর পঞ্চালে বলি করত গমন, অচিরে হইবে তব প্রাণান্ত নিকর। পতিত মনুষ্যপথে হরিপের মত মহাতর উপরিত হইবে তোমার।\*\* °
- ৬৭। অক্বিত সর্পবং অমাত্য অসং। দ:শে পালকেরে, নৃণ; প্রাক্ত সে কারণ, অসাধুর সঙ্গে মৈত্রী করে না ক'বন। অসাধুসংসর্গ হয় তুংখের নিদান।
- শীলবান, শান্তবিৎ বলি জ্ঞানে বারে,
   তার(ই) সঙ্গে করে প্রাক্ত মিত্রতা স্থাপন।
   সাধ্যক চিঞ্ছিন ক্ষেত্র নিদান।

রাজা পুর্বেষ্ণ মহাসম্বাক্ত যে গালি দিয়াছিলেন, যাহাতে ভবিয়তে পুত্রস্থানীয় ব্যক্তিকে আর কথনও সেরপ কথা না বলেন, এই উদ্দেশ্যে মহাসম্ব তাহা উল্লেখ করিয়া তাহাতৃক আরও নিগহীত করিলেন: —

- ৬৯ । ''মৃচ তুমি, মহারাজ ; বধিরের মত না তানিলে, দিলাম বে হিত উপদেশ। নালনের মৃষ্টি ধরি বর্দ্ধিত বে জন, কি রূপে সে পাবে বৃদ্ধি অঞ্জের মৃত্য দ
- গলা বহু গালি মোরে, বলিলে তথন,
   গলা ধরি বহিছত এ রাজ্য হইতে এখন(ই) করহ এরে। অহো কি আশার্কা। বলে কি না হবে বাহা মম অন্তরার অক্ষর কলারপ রতন লভিতে।" †

মহারাজ, আমি ত গৃহপতিপুত্র। সেনকাদি পণ্ডিতেরা আপনার হিত্যাধনোপায় বেরপ জানেন, আমি তাহা কিরপে জানিব । উপস্থিত ব্যাপার আমার বৃদ্ধির আগোচর; আমি কেবল গৃহপতিদিগের বিভা জানি। উপস্থিত ব্যাপারে কি কর্ম্বা, সেনকাদিই তাহা ভাল ব্রোন। তাহারা স্থপগুত; তাহারাই আজ অষ্টাদশআকৌহিনী-পরিবৃত আপনাকে উদ্ধার কর্মন। বরং গলা ধাকাদিয়া আমাকে তাড়াইতে আজা দিন। এখন আমার নিকট উপায় জিজ্ঞাসা করিতেছেন কেন, মহারাজ । মহারত্ত রাজাকে এইরপে মনের সাথে ভংগনা করিলেন। তাহা ভনিয়া রাজা ভাবিলেন, 'আমি যে দোব করিয়াছি, মহৌষধ কেবল তাহারুই উল্লেখ করিতেছে; এইরপ বিপশ্ব ঘটিবে মহৌষধ পুর্বেই ভাহা জানিতে ধারিয়াছিল। সেই জ্লেই এ আমাকে এত ভংগনা করিতেছে। কিন্তু এ যে এভদিন নিক্ষা হইয়া বদিয়াছিল, ইহা অসম্ভব; এ নিশ্চম আমার রক্ষার উদায় করিয়া রাখিয়াছে।' ইহা চিন্তা করিয়া রাজা ভুইটা গাধায় মহাসন্তকে ভংগনা ভরিলেনঃ—

পভিতের বাবেবির, বোল নাহি বেন
অভীতের কথা তুলি; তুর্নি ভবে কেন
বাকাবারে বিভিতেহ করে আনার ?
রক্ষরত অববং আনি হে এবন।
বাভোহনিউকে বাত কর কেন আর ?

<sup>•</sup> ७६, ७८, ७७ मःशारूक मीमा छिन्छै २९मं, २४म ७ २२म नाशावरे भूनक्रकि ।

<sup>+</sup> देवर्त्यक मका कतिया और छेनना अस्तान कता स्रेतारह ।

<sup>1</sup> २)म बाबावरे शुक्रांका

৭২। উদ্ধাৰের পথ বলি পাও নির্মিতে, কি'বা কি উপারে বক্ষা হউবে জীবন আমা সবাকার এবে ভাগাই নির্দ্ধেশ কর, বংস বাও ভূলি পূর্বের সে কথা।

মহাসন্ধ ভাবিলেন, রাজ। ত মহামুর্থ। কে ভাল, কে মন্দ, তাহা ইহার ব্বিধার ক্ষতা নাই। ইহাকে আরও একটু কট দিয়া শেষে ইহাকে উদ্ধাব করা ঘাইবে। এইরপ চিতা করিয়া তিনি বলিলেন

- ৭৩ । উদ্ধার । গ্রন্থর, ভূপ ; অসম্ভব অতি , মানুবের সাব্যাতীত উদ্ধার এখন । উদ্ধারসাধন তব করিতে আমার নাই শক্তি ; কর বাহা ভাল বুব নিজে।
- ৭৪ ৷ গুদ্ধিমান, হুবিখাত হন্তী কোন কোন অন্তরিক্ষপথে না কি পারে বিচরিতে ৷ হেন হুঙী থাকে যদি কোন নুপতির, উদ্ধারিতে ভাহারাই পারে এবে ভারে।
- ছদ্ধিমান, স্থবিধাত অব কোন কোন অন্তপ্তিক্ষপথে না কি পারে বিচরিতে।
   হেন অব থাকে বদি কোন নৃপতির,
   উদ্ধারিতে তাঁচারাই পারে এবে তাঁরে।
- ৭৬। ৰদ্মিনান্, মহাবল পক্ষী কোন কোন অন্তরিক্ষণধে সহা পারে বিচবিতে। হেন পক্ষী থাকে যদি কোন নৃপতির, উদ্ধারিতে তাহারাই পারে এবে ভারে।
- বৃদ্ধিনান্, স্ববিধাত যক্ষ কোন কোন §

   অন্তরিক্ষপথে না কি পারে বিচরিতে !

   হেন যক্ষ থাকে যদি কোন নৃশতিঃ,

   উদ্ধারিতে ভাষারাই পারে এবে ভাবে
- ওজার। ১ কর ইহা, অসত্তব অভি;

  মানুবের সাধ্যাতীত উদ্ধার এখন।

  উদ্ধারসাধন তব করিতে আমার

  অন্তরিক্ষপথে, তুপ, শক্তি কোন নাই

ইহা ওনিয়া রাজার মুখে আর কথা সরিল না। অনস্তর সেনক ভাবিলেন 'এক মহৌবধ ভিন্ন রাজার বা আমাদের, কাহারও কোন উদ্ধারকর্তা নাই। রাজা কিছু ইহার কথা ওনিয়া এমন ভন্ন পাইয়াছেন, যে ওাহার মুখ একে বাবে বছু হইয়াছে। অতএব আমিই পৃথিতের নিকট সাহায্য প্রার্থনা করি ।' ইহা চিয়া করিয়া তিনি ছুইটা গাধা বলিলেন:—

৭৯ ৷ মহার্থবে ভয়পোত নৌ বাঝী বখন কোন্ দিকে তীরভূনি, না পেয়ে ফেডিডে বে ফিকে চানার উর্দ্ধি সেই ফিকে বায় . গ্রহুপে চানার গেবে লভিনে কোবাও দীড়াবার স্থান ভার কি হুব ভবন ।

ট্রকাকার বলেদ, বড়্বন্ত ও উপোসধকুলল হন্তীরা এইরূপ ক্ষমতাবিশিষ্ট।

<sup>🕂</sup> ট্রাকার বলেন, বলাহভাবগণ এইরূপ ক্ষাতাবিশিষ্ট।

৮০। সেরপ রাজার, আর আমা সবাকার
তুমি একা, মহৌবব, গাঁড়াবার ছানু।
ত্রেঠ তুমি আমাবের মন্ত্রিগণ মাবে;
নাই অঞ্চ কার(৩) সাধা লংগ ঘচাইতে।

অভঃপর সেনককে ভর্মনা করিয়া মহাসন্ত একটা গাণা বলিলেন :---

৮) । উদ্ধার । ছুকর ইহা , অসম্ভব অতি ।
মানুবের সাধাতীত উদ্ধার এখন ।
উদ্ধারিতে কিছু মাত্র সাধ্য মোর নাই ।
করত, সেনক, তমি উপার চিক্সন।

রাজা নিষ্কৃতিলাভের উপায় চাহিডেছিলেন; কিন্তু তাহা পাইবার সভাবনা না দেখিরা মরণভয়ে কাঁপিতে লাগিলেন। মহাসত্ত্বে সহিত তাঁহার আর বাক্যালাপ করিবার সাধ্য ছিল না বলিয়া তিনি ভাবিলেন, 'দেনক হয় ত কোন উপায় জানিতে পারেন।' এই জয় তিনি সেনককে উদ্দেশ করিয়া বলিলেন

> ৮২। বলি যাথা, শুন সবে; মহাভর এবে হইরাহে উপস্থিত আমা সবাকার। জিজাসি সেনকে আমি, এ বোর সকটে ভার মতে কি করিলে গাব পরিজাণ গ

সেমক ভাবিলেন, 'রাজা উপায় জিজাগা করিতেছেন। শোভন হউক বা না হউক, একটা উপায় বলা ঘাউক।' ইহা চিন্তা করিয়া তিনি বলিলেন.

> ৮৩। সগরের বার ক্বন্ধ করিবা আমরা করিব প্রয়েসি অগ্নি প্রতি বাসগৃহে; শরহতে তার পর কাট্ট পরস্পরে সম্বর ত্যঞ্জিব প্রাণ আমরা সকলে। প্রসামস্ত বধিবে বে তিল তিল করি, এ ডাপ কারার(ও) তাগো নাহি ঘটে বেল।

সেনকের পরামর্শ তনিয়া রাজা কুত্ব হইলেন; তিনি মনে মনে বলিলেন, "তোমার বীপুত্রদিগের জন্মই এইরণ চিতার ব্যবহা কর।" অনন্তর তিনি পুরুশাদিকেও প্রশ্ন করিলেন; তাহারাও স্ব প্রজ্ঞার অন্তরণ নিতান্ত নির্কোধের মত উত্তর দিলেন। রাজার প্রশ্ন প্রতিদেশের উত্তর এইভাবে ক্থিত হইবা থাকে:—

- ৮০ ৷ 'বিদি বাহা, তম সবে ; বহাতর এনে বইবাতে উপস্থিত আবা সবাকার: বিজ্ঞানি পৃত্তনে আনি, এ বোর সকটে কার ২তে কি করিনে পাব পরিনাধ প্র'
- <sup>6</sup> 'ভাষিৰ এবন(ই) প্ৰাণ কৰি বিব পান। বন্ধানত বৰিংৰ বৈ তিল ভিন্ন কৰি, এ হাৰ কালাব,৩) কালো মাজি আই ক্ৰম ৮'
- "ৰনি বাহা শুন সৰে; বহাতত এবে হইবাৰে উপছিত আমা সৰাকার। জিজানি কবীলো আমি, এ বোর সকটে শুর মডে কি করিলে গাব পরিলোব ?"
- ৮৭। ''উৰ্ছনে, কিবো পঢ়ি প্ৰপাত হইছে ভালিব শীৰন এবে আৰম্ভা সকলে।

ত্ৰহ্বান্ত বিধিৰে যে তিল তিল কৰি,
এ ছংগ কাষাগ(ও) ভাগ্যে নাহি যটে বেন।"

৮৮। "বলি বাষা, গুন সবে , মহাভন্ত এবে
হুইৱাছে উপন্থিত আমা সবাকার।
হিজ্ঞানি দেবেজে আমি, এ বোর সহটে
গ্রার মতে কি কবিলে পাব পরিপ্রাণ ?"

৮৯। "মগুরের হাবকক্ষ কবিরা আমর।
করিব প্ররোগ আমি প্রতি বাসগৃরে ,
শত্রুংতে তার পর কাটি পরস্পরে
সহর ভাগিব প্রাণ আমরা সকলে।
নাই শক্তি আমাধের কাষার(ও), রাজন্,
করিতে মুক্তির কোন পথ নির্মারণ।
প্রজ্ঞাবলে মহোস্ব কিন্তু আনাগ্রেস
পাবেন করিতে ত্রাণ আম্যা সবাকারে।"

দেবেজ ভাবিলেন, "রাজা করিতেছেন কি ? সমুধে অগ্নি রহিয়াছে, অথচ তিনি বিভাতে ভ্ৰকার দিতেছেন! এখন এক মহৌষধ ভিন্ন কি রাজার, কি আমাণের, কোন আপকর্তা নাই। রাজা কিন্তু তাঁহার কথা শুনিয়া এমন ভ্রবিহলে হইয়াছেন যে, তাঁহার সক্ষে আর কথাটা পর্যন্ত বলিতে পারিতেছেন না। তাঁহাকে জিজাসা না করিয়া আমাদিগকে প্রের করিভেছেন! আমরা ইহার কি জানি?" ইহা চিস্তা করিয়া এবং অন্ত কোন উপায় না দেখিয়া সেনক যাহা বলিয়াভিলেন, তিনিও তাহাই বলিয়া তাহাতে চারিটী চরণ যোগ করিয়া দিলেন। অতঃপর তিনি মহৌষধের শুণ বর্ণন করিলেন:—

শাখার বে অভিপ্রার, করি নিবেদন : —
ভাষরা সকলে মিলি করি অনুরোধ
মহাপ্রাপ্ত মহৌবদে, 'করু বুফা ভূমি
অনুকর্ক হয়ে য'ল না পারেন তিনি
অবলীলাক্তবে বুফা করিতে সকলে,
এই মাত্র দেখালেন সেনক বে পথ,
লে পথে চলিরা মোরা ভারিব জীবর।

রাজা ইহা শুনিলেন; কিন্তু পূর্ব্বে তিনি বোধিণন্তের প্রতি যে ছুর্ব্যবহার করিয়া-ছিলেন, ভাষা শ্বন করিয়া জীহাকে কিছু বলিতে পারিলেন না; অবচ তিনি শুনিভে পারেন এইভাবে পরিলেবন করিতে লাগিলেন:—

তেমতি প্রথম নার
 তেমতি প্রথম নোর
 তেমতি প্রথম নোর

১২ ৷ শাব্দলি সেম্ম নার
 তেমতি প্রথম নার
 তেমতি প্রথম নার

কেমতি প্রথম নার

১০ ৷ প্রথমে করেটি নান ;

সকল বিবাহ প্রত,

শিক্তমত স্থানে নার

করে বিভিন্ন করেটি ।

করে বিভিন্ন করেটা ।

করে বিভিন্ন করেটা ।

করেবলৈ পরে কেটি ।

করেবলৈ পরের করিটা তেমবা।

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০ ৷

১০। কাপিতে ধাংশিক নোৱ; ওকাইতে নুব; ক্লিছতে না পাই বডি; অধিক কৰি । ক্লেখতে অধন নোকে দেন কেত নোৱে । ৯৫। কামারের উকাবৎ জন্ম আমার ; অন্তরে তীবণ আনা করিতেটি তোগ ; বাহিরে লক্ষ্মণ তার কিজ কিছ নাই।

ইহা শুনিয়া মহাসৰ ব্ৰিলেন 'রাজা অতাত ভয়বিজ্ঞল হইয়াছেন; এখন তাঁহাকে আৰাস না দিলে হয় ও ভাহার বুক ফাটিয়া যাইবে ও প্রাণাত ঘটিবে।' এইরপ চিন্তা করিয়া ভিনি রাজাকে আৰক্ত করিলেন।

ab वखाच कुलाहेबाल वाक कविवाद सक भावा विमालन.

৯৬। অর্থনর্শী, স্থাবর, প্রাক্ত মহোবধ
 বিদেহ-রাজের দ্রংথ হেরি, কুপাবলে
 এরূপ সাখাদ তারে বিদেন তথন: —1

৯৭। নহি ভর, মহারাল: নাই কোন ভর; বাতপ্রত চক্র পার বজি বে একার,

৯৮1 নাই ভর, মহারাজ; নাই কোন বর , রাহপ্রত ক্ষা পার মুক্তি বে প্রকার,

নাই ভর মহারাজ; নাই কোন ভব ,
প্রসয় নালে লোকে তুলে বে প্রকারে

১০০। নাই ভয়, মহারাজ ; নাই কোন ভয় . ভূমিশা পেটিকাবদ্ধ সর্পের বেমন,

১০১। নাই ভয়, মহারাজ; নাই কোন ভয় । জালবদ্ধ মীনের দুর্ম্মণা বে প্রকার,

১•২। নাই ভর, মহারাল ; নাই কোন ভর ; নিশ্চর উপার কামি করিব, হালন্,

১০৩। নাই ভয়, মহারাজ; নাই কোন ভয়; করিব পঞালসেনা আমি বিভাঙ্গ,

১০৪। প্রজার কি কল হর ° কোন্ প্ররোজন সঙ্কটে পড়িলে প্রভু এক্সিতে উাহার আমিট উদ্ধার তব করিব নিশ্চর। সেই মত মজিলাত চইবে ডোমার। আমিট উদ্ধার তব করিব নিশ্চর। গেই মত মৃক্তিলাভ ছইবে ভোষাৰ। আমিট উভাৰ তব ভবিব নিশ্চৰ। (प्रकार में कांत्र कांत्रि कविव क्रांत्रांत्र । আমিট উদ্ধাৰ তব ক্ষতিব ভিক্ষা। ভোষার(ও) ভাদুলী, আমি করিব মোচন : আমিট উদ্ধার তব করিব নিশ্চয়। ভোষার(ও) ভালুখী। আমি কবিব উদ্ধার। আমিট উদ্ধাৰ তৰ করিব নিশ্চৰ। বাচাতে পাইবে ত্রাণ সবলবাহন। আমিট উদ্ধাৰ তথ্য কৰিব নিশ্চর। লোষ্ট কেলি কাকে লোকে তাডার বেমন। বৃদ্ধিখান জমাতো বা করিবে সাধন. উপার করিতে বলি পারা নাহি বার গ

ন্থাসন্তের কথা শুনিয়া রাজা আখণ্ড ছইলেন. তিনি ভাবিলেন, 'এডফণে আমি প্রাণ পাইলাম।' বোধিসন্ত সিংহনাদ করিলে সকলেই সন্তুষ্ট হইল। তখন সেনক জিল্ঞাসিলেন, 'পশুত, আপনি আমাদের সকলকে কি উপায়ে লইয়া যাইবেন, বলুন ভ 

বোধিসন্ত বলিলেন, "আমি আপনাদিগকৈ অকঙ্কত ক্ষক্তপথে লইগা বাইব; আপনারা সিক্তিত হউন।" অনস্তুৱ তিনি যোজাদিগকৈ অকঙ্কত ব্যৱধানতে আক্রা দিলেন:—

১০৫। উঠ হে ব্যবগণ, খোল নীত্র করি ক্তরনের হার, আর প্রকার্টক্রির ; বাবেদ বিক্তরাজ ক্তরকের গবে।

বোৰারা উঠিয় রার পুলিয়া দিল; অমনি সমত কৃষ্ণ আলোকে উদ্ভাগিত হইয়া দেবসভার ক্লায় প্রতীয়মান হইতে লাগিল।

ि और वृक्षांक विश्ववकार्य मूलाहेशांत्र क्या गांखा यनिसम्ब, 🗸 🔑

১-০) পথিতের ভূতাগণ লাজা পেকে জাঁচ পুলিল ক্লমখাত, নাৰ্গল কৰাট কড় ও উস্কুত হ'ত ব্যৱহল বার। ]

বোদারা ক্ষমদার প্লিয়া মহাসম্ভাচ ঞানাইল; তিনি রাজাকে জানাইলেন, 'বহারাজ, সময় উপস্থিত; আপনি প্রাসাল হইতে অবভারণ কলন।' রাজা অবভারণ

করিলেন; সেনক নিজের মন্তক হইতে উকীয় খুনিয়া লইলেন, উত্তরাস্থান খুলিলেন। ইছা দেখিয়া মহাসন্থ বলিলেন, "কি করিতেছেন ?" সেনক বলিলেন, "পণ্ডিত, স্কুক্সপথে বাইতে হইলে শিরোবেইন খুলিয়া দৃঢ়রূপে কচ্ছ বন্ধন করা আবশ্রক।" "নেনক, আপনি ভাবিবেন নাথে, এই স্কুক্স দিয়া ঘাইবার কালে দেহ অবনত করিয়া আছার উপর ভর দিয়া প্রবেশ করিতে হইবে। যদি হাতীর উপর চড়িয়া ঘাইতে চান, তবে হাতীতেই চড়ুন; এই স্কুক্স আঠার হাত উচু; ইহার দর্মা প্রকাশ্র গালার ঘাইতে চান, তবে হাতীতেই চড়ুন; এই স্কুক্স আঠার হাত উচু; ইহার দর্মা প্রকাশ্র গালার মধ্যে ঘাইতে দিয়া রাজাকে শরিষা রাজার অগ্রে অপ্রে চলুন।" মহাসন্থ সেনককে রাজার মধ্যে ঘাইতে দিয়া রাজাকে মধ্যে রাখিলেন এবং নিজে সকলের পশ্চাতে থাকিলেন। ইহার উদ্দেশ্র এই ছিল:— রাজা স্কুক্সের শোড়া দেখিতে দেখিতে দেখিতে বান ধীরে না চলেন। ঐ স্কুক্সের মধ্যে বহুলোকের উপযুক্ত প্রচুর যবাগু, ভক্ত প্রভৃতি খাতা ছিল; লোকে যখন দেইগুলি খাইতে খাইতে ও পান করিতে করিতে এবং স্কুক্সটী দেখিতে দেখিতে ঘেলিহেব, তথন মহাসত্ত পশ্চাদ্দেশ হইতে রাজাকে শীম্ম শীম্র চলিতে উৎসাহিত করিবেন। রাজা দেবসভার ফ্রাফ্র স্কুক্সত্ত ক্রেক্স দেখিতে দেখিতে অগ্রসর হইলেন।

[ এই वृष्ठास विनयक्रम वाक कतिबात सम्र मासा वितरमन.

১০৭। সর্নাত্রে সেনক, মধ্যে সামাত্য তৃপঞ্জি; মহৌমধ সকলের পশ্চান্তে থাকিলা চলিলেন সে বিচিত্র কুকক্ষের পথে।]

বিদেহরাক উন্মার্গ প্রবেশ করিয়াছেন জানিয়া বোধিসন্তার হোজারা চূড়নীর মাতা মহিবী, পুরু ও কল্পাকে স্থাক্ষর বাহিরে কইয়া সেই বিশাল অলনে রাখিয়া দিল। এ দিকে বিদেহরাক্ষর বোধিসন্তার সহিত স্থাক্ষর হইতে নিজ্ঞান্ত হইতেন। রাজমহিবী প্রভৃতি বিদেহরাক্ষর বোধিসন্তাক দেখিয়া বুঝিলেন বে, ওাঁহার নিজ্য শত্রুহতে পতিত হইয়াছেন ও হাহার। ওাঁহাদিগকে কইয়া আর্ফিনাল করিতে লাগিলেন। বিদেহরাক্ষ পাছে পলায়ন করেন, এই আশ্বরার হুটুলী গলা হুইতে মাত্র এক গ্রাতি দ্বে অব্যাহিত করিতেছিলেন। রাত্রির নিজ্বতার মধ্যে যথন বন্দিনীদিপের আর্জনাল তাঁহার কর্ণগোচর হুইল, তথন একবার তাঁহার বলিতে ইজা হুইল, 'নন্দালেবীর কর্মবর।' কিছু পাছে লোকে পরিহাস করিয়া বলে, 'কোথার আপনি নন্দাদেবীকে দেখিডেছেন ?' এই ভয়ে তিনি নীরব রহিলেন। এদিকে মহাসন্ত সেই অলনে কুমারী পঞ্চালচন্তীকে রম্বরাশির উপর বসাইয়া মহিবীর পদে অভিবিক্ত করিলেন এবং বিদেহরাক্ষকে বলিলেন, "মহারাজ, আপনি ইংারই জন্তু আগ্রমন করিয়াছিলেন; ইনি আপনার অগ্রমহিবী হন্তন।" অভংপর তিন শত নৌকার ঘাটে আনীত হুইল; রাজা ক্ষলন হুইতে অবভরণপূর্বক একবানি স্থাক্ষিত নৌকার আরোহণ করিলেন; সেনকাদি চারি অন পত্তিত নৌকায় উঠিলেন।

( अरे वृक्षांच रामहेक्रण वृक्षारेवात कक्ष माखा विज्ञानन,

১০৮। ব্যক্ত হইতে বিয়া বাহিয়ে তথৰ করেব বিবেহরাল নৌকা-আরোহণ। উটলে নৌকার ডিনি, দুখী বহোষণ রাজাকে করিলা এই উপদেশ বান :---১০৯, ১১০। ব্যৱহানীয় এবে তব, মহারাল, ভ ইবি সে প্রধান চও; সোধ্যের মত

টাকাকার বলেন বে, ব্রহ্মক্তের অনুপছিতিবৃশতঃ ভাষার প্রকেই বিবেছপতির বভাষাবার বলিরা
কর্মনা করা ইইরাকে।

ইহারে বাসিবে ভাল। এই বলবিনী বাকড়ী ভোমার হন; পুজিবে ইহারে মাডফানে, সসন্মানে সদা সাবধানে।

১১১। ইনি সে পঞ্চালচণী রাজার নশিনী, পেতে যাঁরে এত ব্যক্ত হৈছেলৈ ভূমি। ভার্বা। এবে ইনি তব; সহবাসে এঁর ভঞ্জ হব : করিও না কন্ত জনাদর।

রাজা বলিলেন, "আমি সর্প্রতোভাবে ভোমার উপদেশ পালন করিব।" ( মহাসম্ব রাজমাতার সদক্ষে কোন কথাই বলিলেন না, ইহার কারণ কি ? ইহার কারণ এই বে ভিনি অতিবৃদ্ধা; কাজেই তাঁহার দিকে রাজার কামদৃষ্টির সম্ভাবনা ছিল'না)। মহাসম্ব তীরে দীড়াইয়াই এই সকল কথা বলিলেন। রাজা মহাসম্ব ইতিত মুক্ত হইরাছিলেন; নৌকাপথে শীঘ্র শীঘ্র প্রথম করিবার উদ্দেশ্যে তিনি বলিলেন, "বৎস মহৌবধ, তুমি তীরে দাড়াইয়াই" কথা বলিতেছ!

১১২। শীত্র করি উঠ, বংস, নৌকার এখন;
ক্রেটারে গাঁড়াইরা কেন বলিতেছ কথা?
বহু করে হুঃখ হ'তে পেরেছি নিতার;
চল, মহৌবধ, মোরা ঘাই ত্বরা করি;

महामख विनातन, "भशाताब, जामनात मान जामात पाठमा मुक्तिमुक नाह ।

১১৩। এ নর ধর্মসক্ষত, ওবে নরনাথ।
সেনার নাংহক আমি; ছাড়ি সেনা হেথা
পারি কি নিজের মুক্তি করিতে সাধন ?
১১৪। এসেছি নগরে কেলি সেনা আমাদের।
চূড়নীর অনুমতি লয়ে, মহারথ,
লইরা সে সেনা আমি বেতেছি পাকাতে।

আসাদের সেনার অনেকে দ্রদেশ হইয়া আসিয়াছে বলিয়া ক্লান্ত হইয়া নিজা বাইডেছে; কেহ কেহ বা পান ভোজন করিতেছে। আমরা যে ক্লেল্পথে নির্মাণ্ড হইয়াছি, ভাহা কেই জানে না। আবার কেহ কেহ আমার সঙ্গে এই চারিমান গাটিয়া পীড়িত হইয়াছে; ভাহাদের মধ্যে আমার সাহায্যকারী বহুলোক আছে। আমি ইহাদের একটা লোককণ্ড পরিত্যাগ করিয়া বাইডে পারি না। আমি এগান হইডেই ফিরিব, এবং বিনামুদ্ধে রক্ষণত্তের অহমতি পাইয়া আপনার সমন্ত সেনাই লইয়া আসিব। আপনি বিলম্ব না করিয়া প্রস্থান করুন; আমি আপনার গমনপথে হত্তী, রথ প্রভৃতি রাখিয়া দিয়াছি; বাইডে যাইডে যে সকল হত্তী, আব প্রভৃতি ক্লান্ত হইবে, তাহাদিগকে ছাড়িয়া দিয়া সামর্থাস্ক্র বাহনাদি লইয়া শীত্র শীত্র মিথলায় প্রতিগ্যন করুন।" ইহা শুনিয়া রাজা বলিলেন,

১১৫। জন্ধ তথ সেনাবল; বুরিবে কেমনে চুড়নীর স্থবুহৎ বাহিনীর সহ ? সবলের সজে বুছ করিলে চুর্জন নিকেই বিসট হয়, দাহিক সম্বেহ।

ख्बन वाधिमच विनातन,

১১৯। পদ্ম সৈত হয় করী প্রথমগাবলে । , মহাসৈত নট হয় প্রমন্ত্রণা বিনা ; পান হবি রাজা নত্রী উপাহসূপদ, একাকী পারেন তিনি বিভান্থিতে রবে অভ রাজগণে, বধা উদিত ভাকর রজনীর তমোরাশি করে বিভাতন।

শনন্তর মহাস্থ রাজাকে নমস্বারপৃথিক "আপনি তবে এখন বাজা ক্ষ্ণন" বলিরা বিদার দিলেন। 'শক্তহন্ত হইতে মৃক্ত হইলাম; এই রাজকন্যাকে পাইরা আমার মনোরখণ্ড পূর্ণ হইল' ইহা ভাবিয়া বিদেহরাজ মহাসন্তের খণ শ্বরণ করিয়া প্রীতিবশে ও মনের আনক্ষে একটা পাধার সেনকের নিকট মহোবধ পণ্ডিতের খণ ক্ষার্তন ক্রিলেন:→

১১৭। পথিতের সলে বাস বড় অথকর।
হরেছিয় মোরা সবে শত্রুহত্তপত
অসহার—পকী বধা আবন্ধ প্রতের,
কিংবা জালবন্ধ মীন।—সহোধৰ সবে
করিকেন পরিক্রাণ এ মহানকটে

ইহা ত্রিয়া সেনকও একটা গাথায় মহৌষধের গুণ বর্ণনা করিলেন :-

১১৮ ' প্রকৃতই, মহারাজ, বড় হ'বকর
পণ্ডিভের সঙ্গে বাস ; হরেছিত্র মোরা
শক্রেহত্তগত ; পক্ষী আবদ্ধ পঞ্জরে,
কিংবা জাগবদ্ধ মীন যথা অসহার,
ঠিক সেই মত, হার। মহৌবধ সবে
ক্রিকেন মুক্ত আজ নিজ প্রফাবলে।

বিদেহরাজ নদী পার হইয়। এক যোজন দুরে মহাসম্ব যে প্রাম স্থাপন করিয়া আসিয়াছিলেন, সেধানে পৌছিলেন। মহাসম্ব থী প্রামে বে সকল লোক নিযুক্ত করিয়া রাধিয়াছিলেন, তাহারা রাজাকে ইতী, রথ প্রভৃতি বাহন এবং প্রচুর খান্ত ও পানীয় আনিয়া দিল। এই সকল বাহন পথ চলিতে চলিতে যখন ক্লান্ত হইয়া পড়িল, তখন গ্রামান্তরে সেঞ্চলি ফিরাইয়া অন্ত বাহনাদি লইয়া রাজা অগ্রসর হইতে লাগিলেন। এই উপায়ে এক শশু বোজন অভিক্রমপূর্বক ভিনি প্রদিন প্রাভ:কালেই মিধিলায় প্রবেশ করিলেন।

এদিকে বোধিসম্ব ক্ষকম্বারে গিয়া নিজের কটিদেশ হইতে বে তরবারি প্রকৃষিত ছিল, তাহা খুলিয়া বালি খুঁড়িয়া তাহার মধ্যে রাখিলেন। তাহার পর স্কৃত্তে প্রবেশ করিয়া তিনি ঐ পথেই নগরে প্রবেশ করিলেন, গন্ধোদকে ম্বান করিয়া নানাবিধ উৎকৃষ্ট রস্যুক্ত থান্ধ ভোজন করিলেন, এবং 'আমার মনোরথ সিদ্ধ হইল', ইহা ভাবিতে ভাবিতে উৎকৃষ্ট শ্যায় শয়ন করিলেন।

য়াত্তি প্ৰভাত হইয়াছে দেখিয়া চূড়নী ব্ৰহ্মণত সেনা পরিচালনপূর্বক উপকারী নগরের# নিকটবর্তী হইলেন।

[ এই বৃষ্ণান্ত বিশ্বনাপে ব্যক্ত করিবার নক পান্ত। বলিলেন ঃ →
১১৯ । করি অতি সাবধানে নগর বেইল
চূড়নী সমত রাজি, সুর্ব্যোগরকালে,
অঞ্চল হল উপকারীর নিকটে।
১২•, ১২১। গরি নবিষয় বর্ম, পর লারে হাতে,
বলবান্ বটবর্ধবর্ম কুপ্তরে
আরোহি বলিলা ব্রহাণ্ড মহাবাল

বিয়েছয়াজের অভ বোদিনভ উভর পঞ্চলের নিকটে বে নুতন নগর নিজাণ করিবাছিলেন, লোকে-ভাহার
 উপকারী এই নাম বাধিরাছিল।

সংখাধি সে সমাগত বোধগণে, বারা হুনিপুণ ছিল নানা সময়-কৌশলে। ]

## ताहे ताताव चढल वर्गता :--

১৭৭। গ্রামানী, দেহরকী, রখী, গন্তিগ্র—

শক্তর্কদবিশারদ, বাদবেধকস—

সমারত চিল তার গতাকার তলে।

ব্রহ্মত এখন বিদেহরাক্তকে জীবিভাবস্থায় বন্দী করিতে আলা দিলেন :--

১২৬। দীর্ঘনন্ত বস্তিবর্ধবয়ন্দ্র, সবল, আছে বত হন্তী মোর চালাও এখনি ; মর্ঘন করুক তারা ফুলর নগর,

হরেছে নিশ্মিক বাহা বিদেহের করে।

১২৪। সিতোক্ষল গোবংসের দক্তের মতন
তীক্ষ-অগ্র. অস্থিবেধী শারক সকল

হউক নিক্ষিপ্ত চাপবেগে মৃত্যু হ:,
পদ্ধ ক এখনি গিয়া এদিকে, শুদিকে।

১২৫। বর্মধারী, মহীবাঁধ্য ধুবা ঘোষপুৰ, মাতক্ষের সঙ্গে বারা সমর্থ বুবিভেত্ত চিত্রদশুবকুবারধ ধরি শীল্প শুবে

হও সন্মুখীন গলগণের শক্তর। ১২৬। ছউহাতে শ্রেণীবন্ধ সক্তা সহতা

শক্তি হেখা, তৈলখোত কলক বাদের ভাষর, উজ্জল, অলে গুকতারাসম।

১২৭ এ অন্তব্যে বলীরান্, কবচে মক্ষিত, সংগ্রামে কভু না জানে পলাইতে বারা, ঈদৃল, কেমুরধারী ঘোষণণ মন ঘাকিতে এখানে, বল, বিহেছের রাজা, চর যদি পক্টা সেই, তব কি প্রকারে

পারিবে পলাতে এই নগর হইতে ? ১২৮। একটা একটা করি বাছিলা বাছিলা

এনেছি এখানে উনচল্লিশ সহজ্ৰ যোগ, যাহাদের কেহ তুলাকক নাই। চায় ভারা গুধু বীরবাল্লিভ গৌরব।

১২৯ ৷ বীর্ঘনন্ত, বাইবর্থনন্তন, সন্দিত, হের গঞ্চগণ মোর, ককে বাহাদের শোভিত্তে ভুমারগণ কুচারবর্ণন

১৩-। পাঁত-আতরণবারী : পরিরাহে সবে গাঁতবর, গাঁতবর্ণ উত্তর-আসক : শোতে গলকতে এরা, শোতে যে একার ইল্রের নক্ষরতারে বেবস্করণ।

১৬১, ১৩২। স্থাণিত, সিভোজ্জ পাটানের<sup>ও</sup> বড, বিষল, ভাষর, তৈলখোঁড, স্বধার,

<sup>•</sup> পাঠীন – বোৱাল বাহ।

অতিদৃঢ্য, সর্বোৎকৃষ্ট লৌহে হুগাটিত ।
তরবারি ধরিরাহে নরবীরগণ ,
বলবান সবে তারা, প্রহারে নিপুণ ।

৯৩০ । করিতেহে বেংধগণ ববে বিবর্তন,
অসির লোহিত কোন, হুবর্ণে থচিত
উল্লচিহে সৌরকরে কাসি নরন,
নিবিদ্ধ নেবের কোলে সৌলামিনী বধা ।

১৩৪ । অসিচর্ম্মরাহারে অতীব নিপুণ,
দৃচমুষ্টিগৃতবেদা, † এমনি শিক্ষিত,
কাটিতে গলের কল পারে একাবাতে,—
হেল বর্ম্মী বোধগণ পতাকা সইরা
হইতেহে প্রধাবিত অরাতি নাপিতে ।

১৩৫ । ঈদৃশী সেনার হ্রে বেটিত চৌধিকে
পাবে না, বিষেহ্যাল, মুক্তি তুমি আল,
না, বিশেহ্যাল, মুক্তি তুমি আল,

विराहत्वाक्षरक এই द्वरण एक्कन कतिराज कतिराज. धवर धवनहे छै। हारक वन्नी कविव. ইচা ভাবিতে ভাবিতে ব্ৰহ্মণত ব্ৰহ্মণতাৰ বৃত্তীকে তাজনা ক্রিতে লাগিলেন, এবং ধর, মাৰ, কটি বলিয়া যোধগণকে আদেশ দিতে দিতে প্ৰবল জলপ্ৰোতের স্থায় উপকাৰী নগৰের द्धेशात शिवा পिछित्तत । एक खान्न कि घटि. এই আশকার মহাসত্তের চরগণ चच अक्षात शंकात छात्रादक द्वहेन कविया कांफाकेटलन । क्रिक दमके मध्य द्वाधिमच छे९कहे भया। হইতে উত্থান করিয়া শারীরকৃত্য সম্পাদনানন্তর প্রাতরাশ ভোক্তনপর্বক স্থাব্দিত চইলেন। তিনি লক্ষ্যা মুলোর কাশীজাত বস্ত্র পরিধান করিলেন, রক্ত কম্বল বারা এক স্তম্ভ আচ্চাদিত ক্রিলেন, এবং তাঁহার পদোচিত সপ্তরত্থচিত দণ্ড ধারণপর্কক প্রবর্ণ পাতকা প্রিধান ক্রিলেন। অপু সুরার আয় কুলারী রুম্পীরা তাঁহার পার্ছে চামর ব্যক্তন ক্রিতে লাগিল। তিনি অলম্বত প্রাসাদের বাতায়ন উদঘটিন করিয়া চড়নীকে দেখাইয়া একবার এদিকে, একবার ভাগার বিপরীত দিকে শতক্লীলায় চঙ্জ্রমণ করিতে লাগিলেন। ভাগার चालोकिक अन (मिश्रा ठछनी विक्निटिख श्हेरलन :- 'এथनहे हेशदक धतिव' मरन कवित्रा क्कीदादक आवुष छाषाछाष्टि हानाहेट्छ नाशितन । यहामच छावितन, 'वित्रहवासदक হাতে পাইরাছি মনে করিয়া এই রাজা এত শীঘ ছটিয়া আদিতেছেন: আমাদের রাজা त्य हैशात शक्त ७ क्यां क लहेशा श्राम कतियाहिन, छाशा हैनि आतन ना। चामि हैठाटक आयात अवर्गनर्भागम युथ (मथाहेश अहे मध्यान आनाहेत। देश वित्र कतिश সেই বাডায়নে থাকিয়াই ডিনি মধর খরে চডনীর সহিত জালাপে প্রবৃত্ত ইংলেন :--

১০৬। "বেন. বন্ধনন্ত, হেন ক্ষতবেগে করিতেছ গল পরিচাচন ভোনার ? ক্ষতব্য আদিতেছ; নিশ্চর তেবেছ মনে, 'পুরিয়াছে কামনা এবার ;'
১০৭। যাও কেনি চাপ তব , কর প্রতিসংহরণ চাপ হ'তে কুরপ্র এখনি ;
হাড় ও কুলর বর্গা, বৈদুর্বো খচিত বাহা , বুখা এবে এ সব, সুরণি ।"

বুলে 'দিকারসময়' এই পদ আছে। উৎকৃত্ত লোহচূর্ণের সহিত বাংস মিশাইয় ক্রোঞ্চ পক্ষাকে ধাইতে
পেওরা হইত এবং ঐ ক্রোঞ্চর মল বল্প করিয়া বে লোহচূর্ণ পাওয়া বাইত, তাহা আবার বাংসের সলে মিশাইয়া
আর একটা ক্রোঞ্চকে ধাইতে বেওয়া হইত। একে একে সাতবার এইয়প প্রক্রিয়া হায়া বে লোহ পাওয়া বাইড়,
তাহা হিয়া লোকে ভয়বারি গড়িত—একবেশীয় টীকা।

দৃচস্টতে গৃত হইরাছ ৎসল ( শরের বাঁট ) বাংগিবের বারা।
 ০০৬

ইহা ওনিয়া চুড়নী ভাবিলেন, 'গৃহপতির পুত্রটা আমার সঙ্গে পরিহাস করিতেতে।
আক্রই দেখিয়া কইব, ইহাকে আমি কি দণ্ড দিতে পারি।' তিনি তর্জন করিয়া বলিকেন,

১০৮। প্রসন্ন বদন তব; স্মিতসুথে কথা কও।

আমাকে দেখিয়া বেন কিছুমাত্র জীত গও।

আসন্ন মরণ যবে, সে সময়ে মামুবের

এমন ফুক্সর শোভা হর মধ্যখন্তরে।

তাঁহারা ছুইজনে এইরপ বলাবলি করিতেছেন, এই সময়ে ব্রহ্মনন্তের গৈনিকেরা মহাদন্তের লোঁকাতীত সৌন্দর্য দেখিয়া বলিল, "আমাদের রাজা মহোষধ পণ্ডিতের সলে আলাপ করিতেছেন। চল, গিয়া শুনা বাউক, ই হারা কি কহিতেছেন।" ইহা বলিতে বলিতে ভাহারা তাঁহাদের নিকটে গেল; মহোষধ রাজার ভক্জন শুনিয়া বলিলেন, "আপনি জানেন না যে, আমি মহোষধ পণ্ডিত। আমি কিছুভেই আপনাকে আমায় বধ করিতে দিব না। আপনি যে চক্রান্ত করিয়াছিলেন, তাহা ব্যর্থ হইয়াছে। আপনি এবং কৈবর্ত বাহা ভাবিয়াছিলেন, ভাহা ঘটে নাই; আপনারা মুথে বাহা বলিয়াছিলেন, ভাহাই ঘটিয়াছে। দ

১৩৯। বুধা এ গৰ্জন তব; মন্ত্ৰণা ভোমার গিরাছে ভালিয়া ভূপ; সাধা মাই তব বিদেহরালকে বন্দী করিতে এখন। নিজুষ্ট জাতীয় কাবে করি কারোহন ধরিতে সৈক্ষাৰ কেহ কন্ত নাহি পারে। †

১৪০। অনাত্য সপরিজন নৃগতি আমার গলা পার হরে কল্য গিরাছেন চলি; পক্টাতে তাঁহার এবে বাও যদি ছুটি ঘটিবে মুর্মণা তব, ঘটে বে প্রকার হংসরাজ-অমুখাবী কাকের, রাজন।"

অতঃপর মহানত্ত নির্ভীক নিংহের স্থায় অকুতোভয়ে একটা দৃষ্টান্ত দিলেন : -

১৯১। কিংককের ফুলপুন্দ দেখি চন্দ্রালোকে, ভাবি ভাহা মাংসদিও প্রকুরাবম শুগালেরা থাকে তক্ত করিয়া বেইন, প্রভাতে থাইবে ভাহা, এই ছুরাশার।

১৪২। বিজ্ঞ রাত্রি হলে শেব, উদিলে ভাত্মর পূজা দেখি ভগ্নাল বেমন ভারা হয়.

১৯৩। সেইরূপ তুষি, ভূপ, বেটিলা এ প্রী বিবেছরাজকে বন্দী করিবার আনে; ভগ্নাশ ক্ইরা কিন্তু বাবে এবৈ কিরি, কিংশুক পাল্প ছাড়ি শিবা বধা বার।

মহাসব্যের ভীতিশৃষ্ণ বাক্য শুনিয়া ব্রহ্মণত গুলিবেলন, "গৃহণতিপুত্রটা বে বড় লোরে কথা বলিতেছে। বোধ হয়, বিদেহরাক সত্য সত্যই পলায়ন করিয়াছেন।' এই কারণে শীহার অভ্যন্ত ক্রোধ হইল; তিনি ভাবিলেন, 'পূর্ব্বে এই গৃহণতিপুত্রের কৌশলেই আমরা এমন ভাবে পলায়ন করিয়াছিলাম ধে, বিভীয় ব্রহ্মণানি পর্যন্ত সব্দে আনিতে নাই; এখন আবার ইহারই চক্রান্তে আমার মৃষ্ট্রমধ্যগত মহাশক্ত পলায়ন করিয়া গেল। এবস্প্রকারে এই লোকটা আমার বছ অনিষ্ট করিয়াছে; বিদেহরাক্ত এবং মহোবধ এই ছই জনকে বে দণ্ড

অর্থাৎ বিবেছরান্ধ সতা সতাই আগনার কলার গাণিপ্রহণ করিয়াছেন।

<sup>🕈</sup> देक्पर्क निकृतेमाधीय जय : म्बरहोत्त्व वेदकृतेमाधीय ( देन्ह्य ) जय ।

দিৰ বলিয়া মনে করিয়াছিলাম, এখন একা মহৌষধের ক্ষুষ্ট সেই দণ্ডের ব্যবস্থা করিয়া সামের বাল ঝাড়িব।' এই সহর করিয়া তিনি যোধগণকে আক্রা দিলেন.

১৯৪। হত, পদ, মানা, কৰ্ণ করিয়া ছেম্বন নাও এ ধুউকে এবে দও সমূচিত। আমার পরম শক্র বিবেহের রাজা হয়েছিল হত্তগত; কিন্ত এ তুম'তি কৌশল করিয়া মৃতি দিবাছে ভারারে।

১৯৫। কর পাক মাংস এর পুলে চড়াইরা। আবার পরম শক্র বিদেহের রাজা হরেছিল হত্তগত; কিন্তু এ চুম ডি কৌশল করিবা মুক্তি দিয়াছে ভাছারে।

১০৬ ৷ বুৰচৰ্ম, বাাজচৰ্ম, মুগচৰ্ম আদি ভূতলে পাতিবা লোকে সভূবিত্ব করি শুকার যেমন ভাবে, আমিও ডেমনি

১৪৭। শক্তিবিদ্ধ করি এরে রাখিব পাতিয়া ভূতলে, মরিতে দেখা তিল তিল করি। আমার পরম শক্ত বিদেহের রাজা হংগছিল হস্তগত ; কিন্তু এ মুর্ম ভি কৌশল করিয়া মুক্তি দিয়াছে ভাছারে।

শ্রন্থ করিবার প্রকাশ করিয়া মহাস্থা শিতমুখে চিন্তা করিলেন, 'এই রাজা জানেন না বে. আমি ইংার মহিনী ও অস্তাক্ত পরিজনকে মিথিলায় প্রেরণ করিয়াছি। এই কারণেই ইনি আমাকে এরপ দণ্ড দিবার আদেশ দিতেছেন। ক্রোধবশে ইনি আমাকে বাণ-বিদ্ধ করিতে পারেন, নিজের ইচ্ছামত অক্ত দণ্ডও দিতে পারেন; কাজেই ইংাকে শোকান্ডি-ভূত করিবার প্রয়োজন; যাহাতে ইনি হত্তিপৃষ্ঠেই বিসংক্ত হইয়া পড়েন, তাহা করিতেছি।' ইংা স্থিব করিয়া তিনি বলিলেন.

১৯৮। কটি বলি হস্ত, পদ, নাসা, কর্ণ মোর;
পঞ্চালচন্ডের অস্ত ঠিক সেই মত
ব্যবস্থা বিদেহরাজ করিবে নিশ্চর।
১৯৯। কটি বলি হস্ত, পদ, নাসা, কর্ণ মোর
পঞ্চালচন্ডীর হস্তপদকর্ণনাসা
হেম্বন বিদেহপতি করিবে নিশ্চর।

১৫০। কটি যদি হত্ত, পদ. নাসা, কর্ব মোর, নন্দা মহিবীর মন্ত ঠিক সেই মন্ত ব্যবস্থা বিংহহার করিবে নিক্ষা।

১৫১। কটি বদি হত, গদ, নাসা, কর্ম নোর, ধারাপত্যাদির তব হত্তপদ আছি ছেবন বিদেহপতি করিবে নিজয়।

১৫१। পূলে চড়াইবা যোর মাংস বছি পাক করাও, হে ব্ডমতি পঞাল-ঈশ্বর, পঞালচওের মাংস ঠিক সেই বত করাবে বিদেহরাজ পাক নিংসংলয়।

১০০। শ্লে চড়াইরা মোর বাংস বহি পাঞ্ করাও, হে মুচ্মতি পঞ্চাল-ঈশ্বর, পঞ্চালচন্দ্রীর মাংস ঠিক সেই মন্ত করাকে বিবেহরাক পাক নিঃসংগ্রঃ ১০৪। পলে চড়াইয়া বোর মাংস যদি পাক ক্রাও, তে বুচমতি পঞ্চাল-ইবর, ৰশা ৰহিবীৰ বাংস ট্ৰক সেই সঙ क्वारव विराह्णकांक शांक विश्वासका ১৫৫। পূর্বে চড়াইরা মোর বাংস বহি <del>পাঙ্ক</del> করাও, হে বুচুমতি পঞ্চাল-ঈশ্বর, তৰ ৰাৱাপভাষাংস টিভ সেট বত করাবে বিষেত্রার গাভ ভিসেখের। ১**৫৬ ৷ শক্তিবিদ্ধ করি মোরে ভাষির উপত্** রাখ বদি ফেলি, ওচে পঞাল-ইখর, পঞ্চালচন্ডকে বিদ্ধ করি সেই সন্ত बोबिरव फलात क्लि बोक्स विकास । ১৫৭। শক্তিবিদ্ধ করি লোরে ভূমির উপর রাথ বলি কেলি, ওছে পঞাল-ঈশ্বর, পঞ্চালচণ্ডীকে বিদ্ধ করি সেই মন্ত রাখিবে ভূতলে ফেলি রাজা বিদেছের। ১৫৮। শক্তিবিদ্ধ করি সোরে ভবিত্র উপর রাধ বদি কেলি, ওচে পঞ্চাল-ঈখর, নলা মহিবাকে বিদ্ধ করি সেই মন্ত রাখিবে ভুতলে কেলি রাজ। বিদেহের। ১৫৯। শক্তিবিদ্ধ করি মোরে ভূমির উপর রাথ বহি ফেলি, ওচে পঞ্চাল-ইখর, তৰ দারাপত্যে বিশ্ব করি সেই মত রাখিবে ভূতলে কেলি রাজা বিদেছের। বিবেহরাকের সঙ্গে শুপ্ত মন্ত্রপার कविशाहि निर्दात्व आधि এ देशा । ১৬০ ৷ শত পদ কার হারা করিলা কোমল, ক সেই চৰ্ম্মে চৰ্ম্মকার ব্যাসহকারে नित्रत्य रव हान, छाहा त्रत्य वथा रहरू অরাতি-নিকিপ্ত শর করি প্রতিহত, ১৬১। তেমতি আমিও রক্ষি, করি হুবী সহা वनची बिलाए : कति छ:व छात्र इत । তোৰার চক্রান্তরূপ শারক, নুষ্ণি, করিয়াছি পুনর্কার প্রতিহত আবি।

ইহা ওনিয়া ব্রহ্মণত চিন্তা করিতে লাগিলেন, 'গৃহপতিপুত্র বলে কি! আমি ইহাকে বৈরূপ দণ্ড দিব, বিদেহরাজও আমার পুত্রদারাদিকে সেইরূপ দণ্ড দিবেন! এ জানে না বৈ আমি পুত্রদারাদির জন্য বংগচিত রক্ষী নিযুক্ত করিয়া আসিয়াছি। এখন মরিবার ভয়ে এ নিশ্চর প্রলাপ করিতেছে। ইহার কথা বিধাসবোগ্য নহে।' মহাসন্থ ভাবিলেন, 'রাজা মনে করিতেছেন বে, আমি তাঁহার ভয়েই এরূপ ব্লিডেছি। ইহাকে প্রকৃত বৃদ্ধান্ত জানাইয়া দিতেছি।' তিনি ব্লিলেন,

नृत्म 'क्नमण्ड क्यर' चांत्व । ग्रिकांकांत्र वरमनं, 'क्ममण्ड-क्ममण्ड' भ्रमापः व वांत्र वांतारम्बां बङ्गणवर केम्बीकर' ।

১৬২। বেশ বিরা, শৃক্ত এবে অন্তঃপুর ওব।
হারাহতকন্যামাতা, সবে যোর লোকে
হাহির করিয়া আনি হাফালের পথে
করিয়াতে সমর্পণ বিবেচের চাতে।

তথন বন্ধদন্ত ভাবিলেন, 'গৃহপতিপুত্র অতীব দৃঢ়তার সহিত এই কথা বলিতেছে; আমিও রাজিকালে গন্ধার পার্ধে নন্ধাদেবীর গলার স্বর ভনিরাছিলাম। মহৌষধ মহাপ্রাক্ত হয় ত এ সত্য কথাই বলিতেছে।' এইরূপ চিম্বা করিতে করিতে তাঁহার মনে মহাশোক অগ্নিল; কিছু ধৈর্যালয়নপূর্ব্বক, যেন শোকার্ত্ত হন নাই এইভাবে, প্রকৃত ব্যাপার আনিবার অন্ত একজন অমাত্যকে প্রেরণ করিবার কালে বলিলেন,

১৬০। বাও অন্ত:পূরে; বিহা কান ভালরূপে সত্য কিংবা বিখ্যা কথা বলিকেন ইবি।

ষ্মাত্য নিষ্কের ষ্মান্তর্দিগকে লইয়া রাজতবনে গমনপূর্বক বার খুলিলেন এবং ষ্মন্ত্র:
পূরে প্রবেশ করিয়া দেখিতে পাইলেন যে, বছহত্তপাদ ও ক্রম্মুখ ষ্মন্ত:পুর-রিক্ষিণ ও
ক্রবামনাদি নাগদন্তসমূহ হইতে প্রলিখিত রহিয়াছে, লোকে ভোষনপাঞাদি খণ্ডবিখণ্ড
করিয়া ভোজনগামগ্রীসকল ইভন্তত: ছড়াইয়া ফেলিয়াছে, রম্বকোষগুলি খুলিয়া রম্মাদি
লুঠন করিয়াছে, শমনকক্ষের বার উন্মৃক্ত রহিয়াছে এবং মৃক্ত বাতায়নপথে কাক প্রবেশ
করিয়া ইচ্ছামত বিচরণ করিতেছে। ফলত: গমন্ত প্রাগাদ শ্রীহীন হইয়া লোকপরিত্যক্ত
গ্রামবং কিংবা শ্রশানভূমিবং প্রতীয়মান হইতেছে। তাঁহারা ফিরিয়া রাজায় নিকট
নিবেদন করিলেন,

১৬০। সভা বটে, মহোবধ বলিলেন বাহা; পুনা অভঃপুর তব; সাগরভীরের কাকপুরীবং <sup>©</sup> তাহা জনহীন এবে।

চ্ডনী পুত্র, কল্পা, মহিবী ও মাতা, এই চারিজনের বিষোগজনিত শোকে কম্পিত হইয়া বলিলেন, "ঐ গৃংপতিপুত্রটাই আমাকে এই বিপদে ফেলিয়াছে।" তিনি মহাসন্তের উপর দণ্ডাহত আশীবিষের ক্লার কুছ হইলেন। মহাসন্ত রাজার আকার প্রকার দেখিয়া ভাবিলেন, "এই রাজা মহা বশবী; বদি ইনি ক্লোধবশে মনে করেন, 'দূর হউক ও চারিজন! উহাদিগকে আমি চাই না', ভবে ক্লিয়হুলভ অভিমানবশতঃ আমাকে দণ্ড দিভে পারেন। আছে।, রাজা বেন নম্মাদেবীকে পূর্বে কথনও দেখেন নাই, এই মনে করিয়া বদি আমি তাহার ক্লপ বর্ণনা করি, ভবে বেমন হর । রাজা নম্মার ক্লপণ অরণ করিয়া নিশ্চয় ভাবিবেন, 'আমি বদি মহৌষধকে বম্ব করি, ভবে ক্লিণ জীবন্ধ হইতে চিরকালের জন্ত বিজ্ঞান করে। আভ্রুত হইব। অভ্যার প্রতি সেহবশতঃ ইনি আমাকে দণ্ড দিবেন না। এইকপ চিন্তা করিয়া মহাসন্ত আত্মরকার কন্ত প্রানাদে অবস্থিত ধাকিরাই রক্ত-ক্লাভান্তর হইতে প্রমূর্বিশ বাত্ত বিজ্ঞারপূর্বক, নম্মার নির্বমনপথ দেখাইবার ছলে তাহাের ক্লপ বর্ণনা ভারিবেন : —

১৬৫। এই পথে গিয়াছেন বৃদ্ধি ওোৰার, সর্বাদহুশরী বিনি, মধুবভাবিশী কলহংগীসমা, বাঁর বিভয়বিশাল কুবর্বপটের ভার হুচাক্ষরব।

বুলে 'কাৰণট্ৰনকং বৰা' আছে। কাৰণট্ৰ-—বে হানে সংকলোতে কেবল কাক বাস করে, অব্য কোৰ অবধানী নাই।

३७०। मात्रीकृत्य ध्यक्षी मिरे गर्साबयूनती, কৌবেরবসনা, খ্রামা, নিতত্বে বাঁহার হুপঠিত হুবৰ্ণ মেখলা শোভা পার. এই পথে ওাকে, ভূপ, করেছি প্রেরণ। অলক্তরন্ত্রিত তার পদ্ধুগলের আমরি, কি শোভা। মণিমুক্তার পচিত হেমবেশলার চাঞ্চ নিতম বেষ্টিত। কাঞ্চনবেদির মধ্যভাগের মতন कीन कंदिएन, + तथ-जेवाधानमून অগ্রভাগে আকুঞ্চিত দীর্ঘ কৃককেশ। বুপ্তরশুণ্ডের মত উক্ত স্থবর্ত ল। হেমস্তের অগ্নিশিখা মানে পরাজয় রূপের হটার তার। লোভে বকঃয়লে ভিন্দুক কলের মত গোল স্তন্দর। माजिमोधा, माजिथका, उत्रो, विश्वाधता, मिषताकी ; ! भारतिलागवजी महा ( খঙনে বৰ্দ্ধিতা ভূলবল্লী 🛭 যে প্ৰকার, কিংবা যথা কেলিশীলা বাাছের পোডিকা পর্বতের পাদদেশে ), পঞাদকল্যাণী, গা দাতিলোমা, অলোমা বা। শোভে রোমরাজি পিরিনদীবকে যথা বেডস-লডিক।। 🎏 আর বলিব আমি 🕈 প্রকৃতি-বিষরে पाष्ट्रा, नर्कात्यक्षां रहि महियो जामाव।

মহাসৰ এইরপে নন্দার সৌন্দর্য বর্ণনা করিলেন; তাহা ওনিয়া ব্রহ্মদন্তের বোধ হইতে লাগিল যেন, তিনি পূর্বে কথনও নন্দাকে দেখেন নাই। তাঁহার মনে অক্সাৎ প্রবল দাম্পতা স্থেহের উৎপত্তি হইল। তিনি স্নেহাভিত্ত হইয়াছেন জানিয়া মহাসত আর একটা গাধা বলিলেন:—

১৭১। ওংহ বন্ধৰত, বাৰা-শীবল্লক, বিশ্বর আনন্দ উপবিধে তব, ঘটবে বধৰ কৰার বরণ। শমনত্তনে করিব গমন কৰা আৰু আৰি, ছ'বে এক সাথে; নাই কিছুমান্ত সংগৱ হোৱাত।

মহাসম্ব এইভাবে কেবল নন্দাই রুপঞ্চণ বর্ণনা করিলেন, অন্ত কাহারও সহজে কোন কথা বলিলেন না। ইহার কারণ এই বে, লোকে প্রিয়া ভার্যার প্রতি যেমন আসক্ত, আন্ত কাহারও প্রতি নেরপ নহে। মহাসব কেবল মন্দাইই রূপ কীর্ত্তন করিলেন, কেন না ডিনি আনিতেন বে, পর্তথাবিশীর কথা মনে পড়িলে সেই সংক সক্তে ভগীর পর্তক পুত্রকল্পার কথাও মনে পড়িবে। প্রস্থানতের রাভা অতি বুদা বলিয়া তিনি তৎস্থম্বে কিছুই বলিলেন না। মহাপ্রাক্ত মহাসভ বধন মধ্রম্বরে নন্দাবেরীর ক্ষণ বর্ণনা করিতে লাগিলেন, ওধন করিলের করেলের, নন্দা খেন উহার সম্বাধে অব্যক্তিও হইয়াছেন। তিনি ভাবিলেন, বিশ্বেষ বিশ্ব আল কেহই নন্দাকে আনিয়া আমায় হিতে পারিবে না।' নন্দাকে স্বৰ্ণ করিয়া তিনি শোকার্জ হইলেন। তথন মহাসভ তাহাকে আলাস দিবার কল্প বনিবেনই,

বৰ্ণান্তৰ প্ৰকৃতি পরিহানের ও ছসক্তিরকার ক্রন্ত আহি এই চারিটা বাধা এক করিল অনুবাচ
করিলাব।
 ব্যালিকার প্রায় প্রায়েল স্পারেল।

- কুলারেল প্রায়েল সাধ্যা প্রায়েল ব্যালিকার্যন্ত্রাল

<sup>‡</sup> प्रा 'शादन्त्रकृषी' ( शादांवर्जाकी ) जारह । 🤰 जूकरकी वा जूकक्वती - शारत्व बाह १

व चनु, बारम, तम्, बाबू व चहि--वरे नकात्व त्र मात्री क्यती, बाहात्व मेशक्वनाचि वहा बाहा

"মহারাজ, আপনার কোন ঢিস্তা নাই: মহিষী, আপনার পুত্র ও মাতা, এই তিনকাই ফিরিয়া- আসিবেন। আমি ফিরিয়া গেলেট টচার প্রমাণ পাইবেন। আপনি আশক্ত হউন. নরেল ।" রাজা ভাবিতে লাগিলেন 'আমি নিজের রাজধানী সরক্ষিত করিয়া এত বলবাহন শারা উপকারী নগর অববোধ করিয়া আছি , অধচ এট পঞ্জিত হারক্ষিত নগর হইতেও আমার মহিষী, পতা কলা ও মাতাকে আন্তন করিয়া বিদেহবাজের হতে সমর্পন করিয়াছেন। আমরা এমন ভাবে এই নগর অবরোধ করিয়া আছি, অথচ সকল প্রাণীরই चार्त्राहरत होने विराग्नताबरक रमनावाहनमह मिथिनाय त्थावन कविवारहन । हेश कि हेससान, না আমার দষ্টিশ্রম ? তিনি একটা গাথার ইহা জিজাসা করিলেন :--

392 । मिर्थक कि सिवा माता ? करवर्ष कि ठक मान्याहन ? व्यरकृष्ठ विरमञ्ज · কি উপায়ে করিলা মোচন 🕈

মहामच विनाम "आगि निवा माथा सानि देव कि। পণ্ডিভেরা निवा माथा निविश्वार ভষের কারণ উপস্থিত হইলে আত্মরক্ষা করেন. পরকেও রক্ষা করিয়া থাকেন।

১৭৩। দিবামারা শিখে, তৃপ, পণ্ডিত যাহারা : মন্ত্রণাপ্রয়োগে সাধে আয়ুমৃক্তি তারা। ১৭৪ ৷ স্থিচ্ছেদে ফুনিপুণ যুৱা শত শত

সাধিতে আমার কার্যা রচিয়াতে বস্ত।

তাহারাই করিয়াছে গুরুক নির্দ্ধাণ

বাৰাকে স্থকৰ দেখাইতে গিয়া বলিলেন.

দে পথে বিষেত্ৰাক কৰিলা প্ৰস্থান। ইহা ভনিষা ব্ৰহ্মণত ভাবিলেন, 'অলক্ত সুকুল দিয়া গিয়াছে! এ সুকুল কেমন ?' তিনি ফুক্ল দেখিতে ইচ্ছা করিলেন। তাঁহার মুখ দেখিয়া মহাদত্ত তাঁহার মনের ভাষ বুঝিলেন; ভাবিলেন, 'রাজা স্থক্ত দেখিতে চান: ইহাকে স্থক্ত দেখাইডেচি।' তিনি

> ১৭৫। "দেব আসি ফুনির্শ্বিত কুরুক, ভূপাল: হন্তী, অৰ. ৰখ, পজি অভাস্তৱে যাৰ প্ৰনিপৰ চিত্ৰকৰে কৰেছে চিত্ৰিত। উত্তাসিত দীগালোকে এ মহাতক্ত ।

মহারাজ, এই ফুকুক আমারই প্রজাবদে নির্মিত : ইহার অভাত্তরভাগ আলোকে এমন উদ্ভাগিত বে. মনে হইবে খেন দেখানে চল কুৰ্যা উদিত চইয়াছে। ইহা স্কাত আনত্ত ; ইহাতে অশীতি মহাধার এবং চত:বৃষ্টি ক্ষুদ্র বার আছে। ইহার মধ্যে এক শত একটী শ্বনকক এবং বছৰত দীপপৰ্ড নিৰ্ম্মিত হুট্যাছে। আপনি আমাৰ সভে সম্প্ৰীতভাবে अ महानात्म गरेनरम উপकारी मशरव अरवन कक्रम ।" हेश विनया जिम्म मंत्रकात जिल्लाहिन ক্রাইলেন: ব্রহ্মত এক শত এক জন অভগামী বাজার সচিত নগরে প্রবেশ করিলেন। यहांत्रक उथन श्राताम हहेरक व्यवजननुर्वक बाकारक नयसाय कविरानन এवर छाहारक छ काहात वहात्वितिक नहेंबा एकरक व्यवित कतिरात्ता त्रासा रावतशत्व विकास विकास অপূর্ক ফ্রম্ম দেখিয়া বোধিসন্তের তাৰ কীর্ত্তন করিতে লাগিলেন :--

> ১৭৬। অতো কি পরম লাভ বিষেত্রাসীয়। चाएन व्यात्कात गरम अक बुरह किरम क्रक बाटका वान वाता क्टब, बटहोयर. काशास्त्र (७) प्रशंताक : श्रम कोता महा

অতংপর ঘহাসর ব্রহ্মদন্তকে এক শত একটা শহনকক দেখাইলেন। তাহাবের একটার খার থুলিলে সকলগুলিরই খার থুলিয়া বাইত, একটার খার বন্ধ করিলে সকলগুলিরই খার বন্ধ হইত। বাজা অকম দেখিতে দেখিতে অগ্ৰসৰ হইতে লাগিলেন, মহাসত তাঁহার পশ্চাতে পশ্চাতে চলিলেন: রাজার সমস্ত সেনাই ক্সকলে প্রবেশ করিল। ইহার পর রাজা ক্সকল रहेरा निकाब रहेराना : जिनि निकाब रहेबारहन बानिया महामच्छ निकाब रहेरानत अवर শন্ত কাহাকেও বাহির হইতে না দিয়া ক্ষকৰার বন্ধ করিবার নিমিত অর্গনের কাছে গেলেন। অর্গনিটা আকর্ষণ করিবামাত্র ক্ষকের আশীটা মহাবার, চৌষটিটা ক্ষবার, এক শত একটা কক্ষার, বন্ধত দীপগর্ভবার যুগপৎ কন্ধ নইল; সমত ক্ষকটা লোকান্তরিক নরকের ক্লায় অভ্যাবাছের হইল; ক্ষকমধ্যে সেই লোকসমূহ মহাত্রে কাঁপিতে লাগিল।

মहाम्य भक्तिन \* कुक्रा श्राटन कतियात कारम रव थका वामुकाव श्राधिक किया वाबिशाहित्सन, + अथन छारा छनिश नहेश क्रिन रहेरछ अक नत्फ क्यांग्रेत राख खेळ क्षेत्रितातः व्यवज्ञान कविशा बास्ताव काछ धवित्यान धवर थला উत्त्वामनशर्यक छाठात्क छन्न (मशाहेश विकाम क्रिलन, "महाताक, धरे क्ष्मचीलात ममल ताक्य धर्मन कांशत ?" ताका ভয় পাইয়া বলিলেন, "এ রাজত্ব ডোমার, পণ্ডিত! তুমি আমাকে অভয় দাও।" মহাসম্ব वितालन, "क्यू नाहे, महादाक । जामि जाननाटक वस कदिवाद क्या थका धदि नाहे. जामाव श्वकात वन (प्रशाहेतात क्यारे देश शातन कतिशाहि।" देश विनश फिनि थक्रांशनि ताकात हाला जिल्ला अवर वाका घथन थका हाला कविया मांडाहेश बहितन, उथन डाहारक विनातन. "মহারাজ আমাকে বধ করাই যদি আপনার অভিপ্রায় হয়, তবে এখনই এই খজাগুদাতে আমার প্রাণাক্ত করুন। আরু যদি আমাকে অভয় দিবার ইচ্চা থাকে. তবে তাহাও দিন।" ব্রহ্মণত বুলিলেন, "পণ্ডিত, আমি ত তোমাকে অভয় দিয়াই রাধিয়াছি। তুমি কোন চিন্তা ক্রিও না।" অনস্তর পরস্পরের প্রতি মৈন্তীভাব পোষণ করিবেন, উভয়ে অসি স্পর্শ করিয়া এই শপর করিলেন। ভাহার পর রাজা বলিলেন, "পণ্ডিত, তুমি এতাদৃশ প্রজ্ঞাবল-गुण्यत हहेवा वाचा तकन शहन कतिराज्य ना ?" महानच विनायन. "महावाज हेका कतिराय আমি অস্থীপের সমস্ত রাজাকে বধ করিয়া তাঁহাদের রাজ্য আত্মসাৎ করিতে পারি। কিছ আছের প্রাণান্ত করিয়া নিজের গৌরব বৃদ্ধি করা পশুতের কর্তব্য নয়।" "পশুত. বহুলোক वाहित इडेवात १४ मा शाहेश शतिरायन कतिरायह : बात छेम्याहेन कताहेश खांशास्त्र श्राप ব্ৰহ্ম কর।" তথন মহাসম্ভ ছার উল্বাটন করাইলেন, সমগু অকল আলোকে উদ্ভাসিত চটল: লোফে আশ্বাস পাইল: রাজারা স্বস্থ সেনাসহ নির্গত হইয়া মহাসন্তের নিকটে গেলেন: তিনি তাঁহাদিগকে দইয়া মহাপ্রাক্তে অব্ধিত হইলেন। রাজারা বলিলেন. শিক্তিত্বর, আপুনার অন্তর্গুহেই আমাদের প্রাণরকা হইল: আর এক মুহর্তের মধ্যে ফুকুরের चात (थाना ना इहेरन चामता नकरनह माता याहेलाम।" महानच वनितनन, "महाताकनन, Cकरन এখন नम्. शुट्कं अधामात्रहे अष्ट्रश्रंट आगनारम्ब श्रानत्रका हहेग्राह्छ।'. "(म कथन. প্রিভবর "" "স্মরণ হয় কি. তথনকার কথা, যধন আপনারা আমাদের নগর বাতীত অমুখীপের অন্ত সমন্ত রাজ্য অধিকারপূর্বক উত্তর পঞ্চালে ফিরিয়া উভানে জয়পান করিবার क्षत्र नम्द्रक हरेबाहित्नन अवः जाननात्मत्र अन्त्र अन्त्र ख्रांत जाद्यासन हरेबाहिल १ "শ্বরণ চয় বৈ কি. পত্তিত।" "ঐ সময়ে কৈবর্তের তুম্ম্বণায় রাজা হারায় ও মংস্তমাংসে বিৰ মিশাইয়া আপনাদের প্রাণাস্ত করিবার ব্যবস্থা করিয়াছিলেন। কিন্তু আমি বিশ্বমান থাকিতে এতওলি রাম্রাকে অসহায় অবস্থায় মরিতে দিব না. এই উদ্দেশ্যে আমি দেখানে नित्यत त्नाक शाठाहैबाहिनाम धवर ममल खनालाशामि हुई विहुई कविवा देशाएन मजना भल क्रिवाहिनाम, जागनारम्ब धानवका क्रिवाहिनाम।" हेश खनिवा वाकावा नकरनहे উविश्रितिख हुड़नीत्क विकामा कवित्मन, "এकथा मछा कि, यहावास १" "है।, व्यापि दैक्बरर्खंद्र क्यो छनिदा धकाव कविदाहिनाय। পণ্ডिछ नछाई वनिवाहिन।" छयन दावादा नकरन महानक्दक चानिकन कतिया विनातन, "शिखवत, चार्गन चामारमत नकरनतहे

<sup>् 🤊 ॰</sup> मूरन रहवा बात 'जिस्सा' । किंड व्यकुछ गांव हरेरव 'स्रिया' ( स्ट ) ।

<sup>ं</sup> ७३३न शुरु वहेचा।

বক্ষাকর্তা; আপনার অন্থাইেই আমরা জীবিত আছি।" অনস্তর তাঁহারা নানাবিধ আভরণ দিয়া বোধিসন্তের পূলা করিলেন; বোধিসন্ত চ্ড্নীকৈ সন্বোধন করিয়া বলিলেন, "মহারাল, আপনি কোন চিন্তা করিবেন না; ইহা ছুইমিত্রসংসর্গের দোষ; আপনি এই রালাদিগের নিকট ক্ষমা প্রার্থনা ক্ষমন।" চ্ডনী রালাদিগকে বলিলেন, "আমি ছুইের পরামর্শে আপনাদের প্রতি ছুব্ বহার করিয়াছি; ইহাতে আমার মহা অপরাধ হইয়াছে; আমাকে ক্ষমা ক্ষন; আর ক্থনও এরূপ করিব না।" তিনি ক্ষমা পাইলেন, রালারাও পরক্ষরের নিকট স্ব স্থার ক্থনও এরূপ করিব না।" তিনি ক্ষমা পাইলেন, রালারাও পরক্ষরের নিকট স্ব হু দোষ খীকারপূর্কক মৈত্রীস্থতো বন্ধ হইলেন। অতঃপর বন্ধান্তের আদেশে বহু থাতভোজ্যগন্ধমাল্যাদি আনীত হইল; চ্ডনী সকলের সঙ্গের ক্ষেত্রের অধ্যেই এক সপ্তাহ কাল আমোদ উৎসব করিয়া নগরে ফিরিয়া গেলেন। তিনি মহাসন্তের প্রতি প্রভৃত সন্মান দেখাইলেন, এবং এক শত এক জন রালার সহিত প্রাসাদ-মহাতলে উপবিষ্ট হইয়া তাঁহাকে নিজের রাজধানীতে বাস করাইবার ক্ষয় বলিলেন

১৭৭। বৃত্তি, ভূমি, থাকা, ভোলা বিশুণপ্রমাণ, কর কাম্য ভোগ বত ইছো হয় মনে; এত ধন, এত মান বিদেহ-ঈশ্বর বিবিধ ভোগের দ্রব্য করিতেছি দান। বেগু না বিদেহে ফিরে; থাক এইথানে। পারিবেন দিতে কি ডোমার, প্রাক্তবর ?

রাজার এই প্রস্তাব প্রত্যাখ্যান করিয়া মহৌষধ বলিলেন,

১৭৮। ধনলোভে ভর্জাকে যে করে পরিহার, করিয়াছে পাপ, ইহা করিয়া শ্বরণ পরেও কৃঙত্ব বলি নিন্দা করে ডার; যাবৎ বিধেহ, ভূপ, রহেন জীবিত,

১৭৯। ধনলোভে ভর্ত্তাকে যে করে পরিহার, করিরাছি পাপ, ইহা করিয়া ত্ররণ পরেও কৃতত্ম বলি নিশা করে তার; থাকিতে বিদের ধরাধানে বিজ্ঞান. ভাগ্যে ঘটে উচ্চত: প্লানিনিন্দা তার।
আত্মাকে ধিকার সেই দের অনুক্রণ।
তাই ত্যাগ করিব না প্রভুকে আমার।
অস্তের সেবার আমি না হব প্রবৃদ্ধ।
ভাগ্যে ঘটে উচ্চত: প্লানিনিন্দা তার।
আত্মাকে ধিকার সেই দের অনুক্রণ।
তাই করিব না ত্যাগ প্রভুকে আমার।
হবে না অক্সের রাজ্যে যম অবহাব।

ব্ৰহ্মণত বলিলেন, "তবে প্ৰতিজ্ঞা কর বে, তোমার রাজা দেবজপ্রাপ্ত হইলে এখানে জাসিবে।" মহাসত্ত বলিলেন, "মহারাজ, বদি তথন জীবিত থাকি, নিশ্চিত আসিব।" অতঃপর রাজা এক সপ্তাহকাল মহাসত্ত্বের মহাসত্তকৈ করিলেন; তাহার পর মহাসত্ত্ব বধন বিদার চাহিলেন, তথন একটা গাথার মহাসত্তকে তিনি কি কি উপহার দিলেন, ভাচা বলিলেন:—

১৮০। সহল ত্বর্ণনিক করিলার লান, কাশীরাক্যে অবস্থিত আশীখানি আর, চারি শত লানী আর ভার্ব্যা এক শত। -ললে এ সকল, সর্ব্যসনালের সহ নিক্তব্যের, মহৌবধ, যাও নিক্তব্যের।

মহাসন্তও রাজাকে বলিলেন, "আপনি অননবর্গের ক্ষন্ত ভাবিবেন না; আমার রাজা বখন প্রস্থান করেন, তখন তাঁহাকে বলিয়া দিরাছি, নজাদেবীকে যেন মাতৃহানে এবং পঞালচগুকে কনিষ্ঠ লোদরছানে স্থাপন করেন। আপনার কন্তার অভিবেক সম্পাদন করিয়াই আমি রাজাকে বিদার দিরাছি। আপনি শীত্রই আপনার মাতার, মহিবীর ও পুজের দর্শন পাইবেন।" বাজা বলিলেন, "পণ্ডিত, আমি ভোমার কথায় বড় সম্ভূষ্ট হইলাম।" অনতর ভিনি কল্তাকে দের দাসদাসী, বস্তালভার, স্বর্ণরজভাদি ধন এবং আলম্বত হত্তী, অখ, রথ প্রভৃতি বৌতৃক মহাসম্ভের হাতে দিয়া বলিলেন, "এই সকল জবা গঞালচন্তীকে দিও।" বহাসধের সেনাবাহ্নাদির পরিচর্যার অন্তর ভিনি আদেশ দিলেন ঃ —

১৮১। বিশুণ দিবিধ বাব + অবহাত্তিগণে কর দান ; রবিণভিগণে ভোষ দিরা সূপ্রচুর অরগান।

व्यन्त्रत प्रदेशियश्यक विषात्र विवात कारन जिनि विनितंत्र,

১৮২। হন্তী, অখ, রণ, পত্তি--- লরে সব করহ পমন;
মিধিলার গিলা পুনঃ বিদেহকে দাও দর্শন।

বন্ধানত এইরপে মহাসত্ত্বে মহাসত্মনের সহিত বিদায় দিলেন; সেই এক শত এক জন রাজাও মহাসত্ত্বে প্রতি মহাসত্মান দেখাইয়া তাঁহাকে বছ উপহার দিলেন। তাঁহাদের সভায় মহাসত্ত্বের প্রতি মহাসত্মান দেখাইয়া তাঁহাকে বছ উপহার দিলেন। তাঁহাদের সভায় মহাসত্ত্বের যে সকল গুপ্তের ছিলেন, তাঁহারা মহাসত্তেক বিরিয়া দাঁছিলৈন। তিনি অসংখ্য অমূচরসহ মিথিলাভিমুখে যাত্রা করিলেন এবং ব্রহ্মানত তাঁহাকে বে সকল গ্রাম দান করিয়াছিলেন, যাইতে যাইতে ঐ সকল গ্রাম হইতে কর আদায় করিবার জন্ম লোক পাঠাইলেন। অবশেষে তিনি বিদেহরাজ্যে উপনীত হইলেন।

বিদেহরাজকে ধরিবার জন্ম চ্ড্নী আদেন কি না আদেন, অন্ত কেইই বা বদি আদে, ইহা জানাইবার জন্ম দেনক পথে একজন লোক রাগিয়া গিয়াছিলেন। সেই ব্যক্তি মিথিলার তিন যোজন দ্রে মহাসন্ধকে দেখিতে পাইয়া ছুটিয়া গিয়া সংবাদ দিল, "মহোমধ পণ্ডিত অন্তরপরিবৃত হইয়া আগমন করিতেছেন।" ইহা শুনিয়া দেনক রাজভবনে গৈলেন; রাজা প্রাদাদবাতায়ন হইতে মহতী দেনা দেখিয়া ভাবিতেছিলেন, 'মহাসন্তর সেনা ত ক্ষুত্র; এ সেনা, দেখিতেছি, অতি বৃহৎ; তবে কি চ্ড্নী আদিয়া উপস্থিত হুইলেন?' তিনি ভীতত্তত্ত ইইয়া জিঞ্জাসিলেন.

১৮০। হন্তা, অব, রধ, পত্তি— চতুরকসমবিতা সেনা অই আসিছে মহতী; বল ত, পণ্ডিতপণ, এ আবার কি ব্যাপার; হেরি তর পাইতেছি অতি। সেনক তাঁহাকে প্রকৃত ব্যাপার ব্যাইবার জন্ম বলিলেন.

১৮৪। ভর নাই, মহারাজ ; আনন্দের সময় এখন ;
বড়ুই উত্তম দৃষ্ঠ করিতেই এবে ধরশন।
সেনাক সকল লয়ে মহৌবৰ কাদিলেন ফিরি
নিরাপ্যে নিজালয়ে তব, তুপ, মুখোক্ষল করি।

রাজা বলিলেন, "দেনক, মহৌষধের সঙ্গে বেশী সেনা নাই; বিস্তু এ সেনা যে অভি
বৃহৎ!" সেনক বলিলেন, "মহারাজ, পুব সন্তব, চূড়নী প্রদান হইয়া মহৌষধকে এই
সমন্ত অমূচর দিয়াছেন। তথন রাজার আদেশে লোকে ভেরীবাদন বারা নগরবাসীদিগকে
দপর অস্প্রিক্ত করিতে এবং মহৌষধের প্রত্যুদ্গমন করিতে বলিল। নগরবাসীরা
ভাহাই করিল। মহাস্তু নগরে প্রবেশপূর্বক রাজভবনে গমন করিয়া রাজাকে প্রণান
করিলেন; রাজা উঠিয়া ভাহাকে আলিজন করিলেন এবং পুনব্বার সিংহাসনে বসিয়া প্রীতিক্স্তাবশ্ব্বক বলিলেন,

১৮০ ৷ চারি জন মণ্ডে বছি প্রকে স্থপানে বধা কেনি চলি বাদ,
সেরণ আসরা সবে কিরিলু, কালিল্য রাজ্যে কেনিরা তোমার ৷
১৮৬ ৷ বল, শুনি, কি উপারে, কোন্ হেতুবলে তুবি,
লভিয়াহ বুজি, বংক; সিরিয়াহ অরাতির আত্র পরিবৃত্তি ?

মহাসম্ব বলিলেন,

ত ধৰাছি পৃহণালিত প্ৰকে খোল, বিচাৰি, দানা প্ৰভৃতি বিশাইয়া বে খান্ত বেওৱা হয়, তাহাকে এবৰও আমহা 'বাব' বলি। ইহা 'বব' শক্ষক। চীকাকার বলেন, রাকা, অহদিবকৈ বৰ ও গোধুন, উভয় শতের বিশ্ববিধান' কেওৱাইলেন; প্রে বাহাতে র্নিপদাতিক প্রভৃতির কট্ট না হয়, একত তাহাছিলেন ক্ষেত্রত প্রচুর বাভ ও পানীত্র বিবাহ আবেশ ক্রিকেন !

১৮৭। উদ্দেশ্য উদ্দেশ্যজালে মন্ত্রণা মন্ত্রণাবলে করিলাম ভাষাদের সর্বভঃ বেইন

> সাগরের জল যথা . বেটি আছে জমুদ্বীপে। শক্রুহন্ত হ'তে মুক্তি লভি সে কারণ।

মহাসত্তের মুথে সমন্ত বৃত্তান্ত অবগত হইয়া রাজা পরম পরিভোষ প্রাপ্ত হইলেন।
অতঃপর, চূড়নী মহাসত্তে যে সকল উপহার দিয়াছিলেন, তিনি একটা গাথায়
সেগুলি বলিলেন:—

১৮৮। সহস্র স্বর্ণনিক, কাশীরাজান্থিত আশীথানি ভাল গ্রাম, দাসী চারি শত, এক শত ভার্যা আর দিয়াছেন মোরে। দেনাঙ্গ সমস্ত লরে নিরাপদে আমি ফিরিয়া এসেছি এবে নিজের ফালয়ে।

তথন রাজা অভিমাত্র তুই ও হাই হইয়া একটা উদানে মহাসংখ্র প্রণকীর্ত্তন করিলেন:---

১৮৯ । পণ্ডিতের সঙ্গে বাস বড় হথকর।
হরেছিলু মোরা সবে শক্রহন্তগত,
অসহার – পক্ষী যথা আবদ্ধ পঞ্জরে,
কিংবা জালবদ্ধ মীন; মহোবধ সবে
ক্রিলেন পরিকাণ সে মহাসকটে।

(मनक अ बाकाब कथाय माय निया विनातन.

১৯০। প্রকৃতই মহারাজ, বড় হথকর
পণ্ডিতের সঙ্গে বাস: হরেছিকু যোরা
শক্তহন্তগত; পক্ষী আবদ্ধ পঞ্জর
কিংবা জালবদ্ধ মীন যথা অসহার,
ঠিক সেই মত, হার। মহৌবধ সবে
করিলেন মুক্তি দান নিজ প্রভাবলে।

অনস্তর রাজা নগরে উৎসব-ভেরী বাজাইবার আজ্ঞা দিলেন। তিনি নাগরিকদিগকে বলিলেন, ''তোমরা এক সপ্তাহকাল উৎসবে প্রবৃত্ত হও; যে আমার অফুরক্ত, দেই যেন মহৌষধ পণ্ডিতের প্রতি মহাসমান দেখায় ও তাঁহাকে উপঢ়োকনাদি দেয়।

্রিই বুন্তান্ত বিশ্বরূপে বাক্ত করিবার জন্ত শান্তা বলিলেন,

১৯১। ৰাজুক সৰল বীণা, ভেরী ও ডেতিম; নগংদেশল শহা উঠুক বালিয়া; তুলুভি মধুর শব্দে বারাও সকলে। ]

পৌর ও জানপদগণ স্বভাবতঃই মহাসত্ত্বের সদস্মান অভার্থনা করিতে ইচ্ছা করিয়া-ছিল; ভেরীর শব্দ শুনিয়া ভাহারা আরও অধিক মাত্রায় দেই সন্মান প্রদর্শন করিল।

ि धरे व्रष्टांस विभएकरण वाल कतिवात सन्न भारत विज्ञानन :--

১৯২। রাজপত্নী, রাজপুত্র, বৈশু ও রাজপ বছৰিধ উপহার, অর আর পান ১৯০। প্রজনাধি-অখাবেগ্ড-রথি-পতিপণ বছৰিধ উপহার, অর আর পান

১৯৪ ৷ সমবেত হয়ে পৌরভানপদগণ নানাবিধ উপধান, জন্ন আন পাদ দকনেই করিলেন সম্বর খেরণ মহোরধ পণ্ডিতকে করিতে সন্থান। সকলেই করিলেন সম্বর গ্রেরণ মহোরধ পণ্ডিতকে করিতে সন্থান। সকলেই করিলেন সম্বর গ্রেরণ মহোরধ পণ্ডিতকে করিতে সন্থান।

३४० वंदर ३३० हिह्न्छ त्रांश इहेंबे वशक्य पूर्ववर्षी ३३९ व ७ ३३५व शांवाव प्नक्ति । .

১৯৫। হেরি মহৌবধে গৃহে প্রজ্যাপ্রক্ত দেখি তাঁরে সবে করবের বেগে

হয় সগু সবে আনন্দ-সাগরে। ইউরীরবাস সঞ্চালন করে।

উৎস্বাত্তে মহাস্ত রাজভবনে গিয়া বলিলেন, "মহারাজ, চুড়নী সাকার মাডা, प्रविधी ও পুরুকে नीय छाटात निकृष शांशाहेश (एअया कर्तवा ।" तासा वित्तान, "त्वन, वरम। छाहामिश्रास भागाहेबा मास।" यहामच जन्म तमहे जिन सामद अधि यहामचान **दिशाहितन. छाटात मरक छेखर शकान ट्रहेरछ (य मकत देमनिक आमिशाहिन, छाटापिशरक** সদম্বানে পরস্কৃত করিলেন এবং নিজের লোকজন সঙ্গে দিয়া মহিষী প্রভৃতিকে ব্রহ্মদত্তের निक्छ शांशिश्वा मिर्लन। बन्नमञ्ज छांशांक दव अक भेज छांशा अ हार्ति भेज मानी मिन्ना-চিলেন. ভাহাদিগকে তিনি নন্দাদেবীর দলে প্রেরণ করিলেন: তাঁহার দলে যে দেনা আসিয়াছিল. ডাচাও মহিষী প্রভতির সঙ্গে দিলেন। এইরপে উক্ত তিন বাক্তি বছ অমুচরে পরিবত হইয়া উত্তর পঞ্চালে উপন্থিত হইলেন। ব্রহ্মদত তাঁহার মাতাকে জিঞানা कतित्मन. "मा, वित्तरहत्र बाखा ट्यामात्मत्र महिक मन्यावशांत्र कतिशाहित्मन छ ?" त्राक्रमांका ৰলিলেন. "কি বল. বাবা ? তিনি আমাকে দেবতার স্থানে প্রতিষ্ঠাপিত করিয়া দেবা क्रिशाह्म ।" नन्मारतयी विलालन त्य. जिनि भाजश्चात थाकिया विराम्ह्यात्वर त्या পাইয়াছেন। পঞ্চালচণ্ড বলিলেন. "তিনি কনিষ্ঠ সহোদরজ্ঞানে আমার সম্বেহ আদুর বৃত্ব क्रियाह्म ।" देश अनिया बस्तमत अखिमां मुख्ये हरेटनम अवर विस्तरतास्त वस छेपरात পাঠাইরা দিলেন। ফলতঃ এই সময় হইতে উক্ত তই হ্বন রাজা পরস্পরের সহিত মৈত্রীসুত্তে বছ হইয়া সম্প্রীতভাবে স্ব স্ব রাজা শাসন করিতে লাগিলেন।

## প্রকর্পত সমাধা।

## ( 30 )

পঞ্চালচণ্ডী বিদেহরাজের অতি প্রিয়া ও মনোজা হইলেন; বিবাহের বিতীয় বর্বে তাঁহার একটা প্র অন্ধিল। এই প্রের বয়স্ যথন দশ বংসর হইল, তথন বিদেহরাজ দেহত্যাগ করিলেন। বোধিসন্থ বালকের মন্তকোগরি শেডছের উথাপিত করিয়া 'দেব, আমি তোমার মাতামহ চূড়নী রাজার নিকটে বাইব' বলিয়া বিদার চাহিলেন। বালক রাজা বলিলেন, "আমি অলবহন্ধ; আপনি আমাকে ছাড়িয়া বাইবেন না; আমি আপনাকে পিছুহানীর মনে করিয়া সন্ধান করিব।" পঞ্চালচন্তীও বলিলেন, "পণ্ডিভ, আপনি চলিয়া গেলে আমরা নিভান্ত অপরণ হইব; আপনি ঘাইবেন না।" বোধিসন্থ বলিলেন, "আমি চূড়নীর নিকট প্রতিজ্ঞা করিয়াছি; এখন না বাইয়া পারিতেছি না।" রাজ-ভবনের এবং নগরের লোকে সক্ষণ পরিদেবন করিছে লাগিল; কিছু বোধিসন্থ প্রতিজ্ঞা ত্মরণ করিয়া নিজের পরিচারক্দিগকে লইয়া উত্তর পঞ্চাল নগরে গমন ফরিলেন। তিনি আসিতেছেন ভনিয়া অন্ধান্ত প্রত্যান্ধ্যনপূর্ত্তক বহাসন্ধানের সহিভ তাঁহাকে নগরে লাইয়া গোলেন, তাঁহার বাসের জন্ম একটা প্রভান্ত প্রামাদ দিলেন, পূর্ব্তে তাঁহাকে বে আশীধানি প্রাম্ব দিয়াছিলেন, তাহা ছাড়া আরও সম্পত্তি দান করিলেন: বোধিসন্তও তাহার সেবা করিছে লাগিলেন।

ঐ সমরে ভেরী-নারী এক পরিবাজিকা প্রতিদিন রাজভবনে আহার করিতেন; তিনি অপপ্রতা ও বৃদ্ধিতী ছিলেন। তিনি মহাসম্বাক এতদিন দেপেন নাই, কেবল গোকমুখে তানিয়াছিলেন যে, মহোবধপত্তিত রাজসেবার নিযুক্ত ইইলাছেন। মহাসম্বত তাহাকে পূর্বে দেপেন নাই, কেবল ভনিয়াছিলেন বে, জেরী-নারী এক পরিবাজিকা রাজভবনে আহার করিলা থাকেন।

১৯২ন হইতে ১৯৫ম পর্যন্ত চারিটা গাবা ব্যাক্তরে (ছেরগভিত-লাজ্যতর ৩-১ম হইতে ৩১২ব গাবা।

রাজ্মহিধী নন্দা বোধিসন্থের প্রতি বিরূপ ছিলেন, কেন না তিনিই চক্রান্ত করিয়া কিয়ংকালের জন্ম রাজার সহিত তাঁহার বিচ্ছেদ ঘটাইয়াছিলেন। তিনি নিক্লের প্রিয়ণাজ্ঞ পাঁচজন পরিচারিকাকে আজ্ঞা দিয়াছিলেন, "তোমরা মহৌষধের একটা দোষ বাহির করিয়া রাজাকে তাঁহার প্রতি বিরূপ করিবার চেষ্টা কর।" তথন হইতে এই পাঁচ জন পরিচারিকা স্থযোগ থুঁজিয়া বেড়াইতে লাগিল।

এক দিন ঐ পরিব্রাজিকা আহারায়ে রাজভবন হটতে বাহির হটতেভিলেন, এমন সময়ে বাজারণে দেখিতে পাইলেন, বোধনত রাজদর্শনে যাইতেছেন। বোধনত প্রিবাজিকাকে নমস্তার করিয়া দাঁডাইলেন। তথন পরিবাজিকা ভাবিলেন, 'লোকটা লা কি পঞ্জিত : একবার পরীকা করিয়া দেখি, ইনি প্রকৃতই পণ্ডিত, বা অপণ্ডিত।' ইং। চিত্রা করিয়া ডিনি হন্তমুদ্রাদ্বারা প্রশ্ন করিলেন। তিনি বোধিসতকে দেথাইয়ানিজের করতল প্রসারিত করিলেন (হাত খুলিলেন)। এরপ করিবার উদ্দেশ্য ছিল এই প্রশ্ন করা:--'বাজা প্রিতকে বিদেশ, হইতে আনিয়া এখন তাঁহাব ভরণপোষণের ও রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা করিতেছেন কি না ? ভেরী হস্তমুদাধারা প্রশ্ন করিতেছেন বঝিলা মহাদত হত্তমষ্টিবারা তাহার উত্তর দিলেন। এই উত্তরের মর্ম এই — 'বার্যাে আমাবারা প্রতিজ্ঞা করাইয়া রাজা আমাকে আহবান করিয়া আনিয়াছেন বটে: কিন্তু এখন তিনি এমন দৃত্যুষ্টি হইয়াছেন যে. আমাকে পুর্বের্মত কিছুই দান করেন না।" মনে মনে ইহা ভাবিষা বোধিসত্ব হন্তমুদ্রাদারা প্রশ্নের উত্তর দিলেন। এই উত্তর পাইয়া ভেরী হাত তলিয়া নিজের মন্তকে হাত বুলাইলেন। ইহা করিবার অভিপ্রায় এই:-"পণ্ডিত, যদি তুমি ছুররত্ব হইয়া থাক, তবে আমার ভাষ কেন প্রব্রুগা গ্রহণ কর না?" ইহা বুঝিয়া মহাস্ত নিজের উদরে হাত বৃদাইলেন। তাঁহার এই উত্তরের তাংপর্য:- "সার্য্যে, আমার বহ পোষা : দেইজনাই প্রব্রজ্যা লইতে পারি না।" এইরূপে হত্তমূতাদারাই প্রশ্ন জিলাসা क्तिया (खत्री नित्कत चारारम हिल्हा (शत्मन: महामच्छ जाहारक नमस्रात कविया বাজদর্শনে গ্রম কবিলেন।

নন্দানেবী যে দকল বিশ্বতা পরিচারিকা নিয়েজিত করিয়াছিলেন, তাহারা বাতায়ন ছইতে ভেরী ও মহাসল্পের এই বাকাহীন কথোপকথন লক্ষ্য করিয়াছিল। তাহারা চূড়নীর নিকটে গিয়া লাগাইল, "মহারাজ, মহৌষধ ভেরী পরিবাজিকার দক্ষে মিলিত হইয়া রাজাগ্রহণাভিলাযে আপনার শক্ষ্য হইয়াছেন।" রাজা জিজ্ঞাদা করিলেন, "তোমরা কি দেখিয়াই বা শুনিয়াই ?" "মহারাজ, পরিবাজিকা য়খন আহারাত্তে প্রাদাদ হইতে নামিয়া য়াইতেছিলেন, তখন মহৌষধকে দেখিয়া নিজের করতল প্রদারিত করিয়া দেখাইয়াছিলেন। গাঁহার এরপ করিবার উদ্দেশ্ত ছিল জিজ্ঞাদা করা যে, 'তুমি কি রাজাকে নিশোষণপ্রক্ষ্যমার করতলের ন্যায় বা খলমগুলের ন্যায় সমতল করিয়া রাজ্য মাখাদাং করিতে পার না !' ইহার উত্তরে মহৌষধ খড়লগ্রহণাকারে মৃষ্টি দেখাইয়াছিলেন। তাঁহার বলিবার উদ্দেশ্ত :---ক্ষেকদিনের মধ্যেই রাজার শিরশ্ভেদনপ্রক্ষ রাজ্য আত্মাণং করিব।" বেশ, শিরশ্ভেদই কর," ইথা জানাইবার উদ্দেশ্ত পরিবাজিকা তখন হাত তুলিয়া নিজের মন্তক্ষ্য শিরশাছিলেন। তখন মহৌষধ নিজের উদর স্পর্শ করিয়াছিলেন এবং ঐ সক্ষেত্ত স্থারা জানাইয়াছিলেন, 'রাজার দেহটা মাঝণানে কাটিয়াই ছুই টুকরা করিতে পারি।' মহারাজ, আপনি সাবধান হউন : মহৌবধের প্রাণ্ডৰ করা এখন নিভান্ত আবশ্রত ।"

পরিচারিকাদিগের কথা ভনিয়া রাজা ভাবিলেন, 'আমি প্তিতের কোন অনিট

कतिरा भावि मा : भविवासिकारक विस्तामा कविशा अनि. वााभावि कि १ भविन পরিরাজিকার আহারের সময়ে তিনি তাঁহার নিকটে গিয়া ভিজ্ঞাসা করিলেন, "আর্থ্রে, জাপনি কথনও মহৌবধ পণ্ডিতকে দেখিয়াছেন কি ?" পরিব্রাজিকা বলিলেন, "হাঁ, মহাবাল : কাল মধন আহারাত্তে এখান হইতে ঘাইতেছিলাম, তখন তাঁহাকে দেখিয়াছি।" "जापनारात मर्पा रकान कथायाखी इहेग्राहिन कि ?" "रकान कथा हम नाहे , खरव ভনিয়াছিলাম. তিনি একলন পণ্ডিত: তিনি প্রকৃত পণ্ডিত হইলে ব্রিতে পারিবেন, ইছা ভাবিয়া আমি হত্তমন্ত্রা-সংক্তে হাত খুলিয়া তাঁহাকে প্রশ্ন করিয়াছিলাম, পুঞ্জিত, রাজা তোমার সম্বন্ধে মক্তহন্ত বা সন্ধচিত্তন্ত !—তিনি তোমার আদর মত করেন বা করেন না ।\* তিনি दश्यिष्ठ चाता छेखत विशाहित्वन, 'ताका चामाचाता अविका कताहेगा चामात्क असात्म আহ্বান করিয়া আনিয়াছেন বটে: কিন্তু এখন সামায় কিছই দেন না।' ইহার পর আমি হল্প মজাৰারা নিজের মাধার হাত বলাইয়া জানিতে চাহিয়াছিলাম, যদি গুরবস্থাপর হুইয়া থাকেন, তবে কেন তিনি আমার মত প্রব্রুয়া গ্রহণ করেন না ? ইহার উত্তরে তিনি নিজের পেটে हां वृत्राहेश कानाहेश हिल्लन (य. जांशांत वह लाया चाह्न, जांशांत वह जेनत भून कतिएं हम : এरेजनारे जिनि श्रवका। धारन कतिएक चक्रम।" "जार्सा, मरहोस्य मुखा मुखा পণ্ডিত কি ।" 'হাঁ মহারাদ : এই পৃথিবীতে প্রজাবলে অন্য কেহই তাঁহার তুলাকক नरह ।" (खतीत कथा खनिया ताका छाहारक खागा कतिया विवास मिरनन । जिनि हिन्स रंगत्न (वाधिमच बाकार्मात्मव क्रमा थारान कवितन । वाका छाहारक विकामा कविरानन. "পণ্ডিত, তুমি ভেরী পরিবালিকাকে দেখিয়াছ কি "" "ই। মহারাজ : কাল যখন ভিনি अथान इटेंटिज वाहित इटेश वाहेटिक हिलान, उथन छाँशांक दिश्वाहि। इस्त्रमुमाबाता जिनि व्यामादक श्रम कतिशाहित्वन, व्यामिश छाशादक श्लमुमानातार छेखत निशाहिलाम।" व्यनस्वत् वार्ष ७ উত্তরসম্বন্ধে পূর্বে যাহা বলা হইয়াছে, বোধিণৰ রাজাকে তাহা জানাইলেন। ইহাতে রাজা দেদিন প্রণম হইয়া মহাসত্তকে দৈনাপত্তা নিযুক্ত করিলেন; সম্পত কার্ব্যের ভারই তাঁহার হত্তে সমর্পণ করিলেন। রাজা ব্যতীত অন্ত কেইই তাঁহা অপেকা অধিক ঐশ্ব্যশালী ও গৌরবভাজন রহিল না।

একদিন মহাসৰ ভাবিতে লাগিলেন, 'রাজা ত অক্ষাৎ আমাকে প্রভূত এবর্ধা দিয়াছেন ও গৌরবভালন করিয়াছেন। রাজারা কিন্তু যথন বিনাশ করিতে চান, তথনও এইরপ অম্প্রাহ বর্ধণ করিয়া থাকেন। রাজা আমার প্রকৃত ক্ষত্মং কি না, তাহা পরীকা করা আবশুক। অশু কেই ত পরীকা করিতে পারিবে না; ভেরী পরিবাজিকা প্রজাবতী; তিনি কোন একটা উপায়ে পরীকা করিতে পারেব না' ইহা চিল্তা করিয়া তিনি একদিন প্রচুর গন্ধমালাদি লইয়া পরিবাজিকার আবাদে গমন করিলেন এবং তাহাকে আর্চনা ও নমন্ধার করিয়া বলিলেন, "আর্ঘ্যে, আপনি বৈদিন রাজার নিকট আমার গুণেন্ত কথা বলিয়াছিলেন, সেই দিন হইতে তিনি আমাকে এত এম্বর্যা দিতেছেন এবং আমাকে এবং গৌরবভালন করিতেছেন যে, আমি বিশ্বয়ে অভিভূত হইয়াছি। কিন্তু তাহার এই দান প্রসাল্ভাত্ত করণ-সভ্ত কি না, তাহা আমি জানি না। আমার সবছে রাজার মনের প্রকৃত ভাব কি, আপনি যদি তাহা জানিতে পারেন, তবে বড় ভাল হয়।" পরিবাজিকা জনীকার করিলেন, "বেশ কথা; আমি তাহা জানিভেছি।" তিনি পরদিন বখন রাজভবনে যাইতেছিলেন, তথন উলক্রাক্স-প্রন্তীক তাহার মনে পড়িল। তিনি ভাবিকেন স্থানি চর হইব না; কৌশলে প্রশ্ন করিয়া রাজা পণ্ডিতের ছন্ত্বং কি না, জানিব। তিনি

- 4.

शक्य थरकत जनकाक्त्र-बाल्डक (१३१) अहे व्यव्य लेखन कांट्र ।

গিয়া আহাপ্লান্তে উপবেশন করিশেন: রাজাও তাঁহাকে প্রণাম করিয়া এক পাখে অব্ভিত ইইলেন। ইহার পর তিনি ভাবিলেন, 'রাজা যদি পণ্ডিতের প্রতি বিরুপ হন, তবে আমি যথন প্রশ্ন. করিব, তথন তাহার উত্তরে বছলোকের সম্মথে নিজের বিরূপ ভাব প্রকাশ कतिरान । छारा किन्न छान बहेरन ना। जामि नासारक निरूप्त श्रम कतिन।' हेरा ষ্ঠির করিয়া তিনি বলিলেন, "মহারাজ, গোপনে একটা কথা জিজ্ঞাসা করিতে চাই।" ইহা ভনিষা রাজা অনা লোকজনকে সরাইয়া দিলেন। তথন পরিত্রাজিকা বলিলেন, "মহারাজ. আপনার নিকট আমার একটা প্রশ্ন আছে।" রাজা বলিলেন, 'প্রশ্ন করুন, আর্থ্যে: যদি জানি. উত্তর দিব।" তথন পরিব্রাজিকা উদকরাক্ষ্য প্রশ্নের প্রথম গাথা বলিলেন:--

১৯৬। ভাবন তে মহাবাল

ভাগনারা সাত্র জন 🗢

যেতেছেন সাগরের পথে -

हिन काल नव्यक्ति

পাইতে রাক্ষ্য এক

নৌকাখানি ধরিল ড'হাজে।

পর পর কোন জনে

ক্রিবেন হারে ভার

আহারকা ভবে সমর্পণ গ

मर्स्वार्थ जित्वन कारत ? কাহাকে বা সর্বশেষে 🕈

চাই আমি গুনিতে, রাজন।

ইহা শুনিয়া রাজা, তাঁহার যাহা ইচ্ছা, এই গাথায় বলিলেন :--

১৯৭ ৷ মাডাকে প্রথমে, মহিবীকে তার পর,

ভাতবদপুরোহিত ক্রমে অনস্তর

রাক্ষ্যের গ্রামে আমি কবিব অর্পন •

শেষে দিব আয়বলি হ'লে প্রয়োজন। তাহাকে রাক্ষদগ্রাদে দিব না কথন(ও)

প্রাণাপেক্ষা মতৌবধ প্রিয়ত্তর মম •

রাজা যে মহাসত্তকে পরম হ্রন্থ মনে করেন, পরিব্রাজিক। তাহা ব্রিতে পারিলেন। ইহাতেও মহাসত্তের গুণ প্রকৃষ্টরণে প্রকৃষ্টিত হইল না দেখিয়া তিনি ভাবিলেন, 'আমি বছলোকের সমকে এই সকল লোকের গুণ কীর্ত্তন করিব: রাজা তাঁহাদিগের অগুণ দেখাইয়া কেবল পণ্ডিতের গুণ্ট বর্ণনা করিবেন: ইহাতে নভন্তলে চল্লমার নাায় পণ্ডিতের খণ প্রকটিত হইবে।' ইহা স্থির করিয়া তিনি অন্ত:প্রচর সকল লোক সমবেত করাইয়া

রাজাকে আদিতঃ দেই প্রশ্নই জিজাসা করিলেন: রাজা পূর্ববিৎ উত্তর দিলে তিনি বলিলেন, "মহারাজ, আপনি প্রথমে মাতাকে দিবেন বলিতেছেন: কিন্তু মাতার গুণ যে বলিয়া শেষ করা যায় না: বিশেষতঃ আপনার মাতাত অন্যের মাতার মত নন: তিনি আপনার বছ উপকার করিয়াছেন।" পরিব্রাজিকা ছুইটা গাথায় এই অভিমত ব্যক্ত করিলেন :--

১৯৮ । धतिला कर्रात प्रांका कविला शालन. কবিল মনন চন্ত্ৰী বধিতে তোমায় : তব হিতৈবিণী এই প্রজ্ঞাবতী নারী। রাখিয়া মেষের অন্থি তব শ্যোপরি বলিলেন, দগ্ধ তুমি হয়েছ অনলে:

করিলা ফুলীর্ঘকাল ফ্রেন্ন বিভরণ। পেলে পরিত্রাণ তুমি মাতার কুপায়। ভলালেন পাপায়াকে এ কৌশলবলে। বুকে পিঠে রাখি যিনি করিলা পালন,

১৯৯। दश्न वाननाजी, गर्डमंत्रिनी त्य सन,

সর্ব্বার্থে তাঁহাকে, তমি, বল, কোন গোবে অর্পণ করিতে চাও রাক্ষ্যের প্রায়ে ?

वाक्यांठा. वाक्यविशे नन्ता, वाकाव गरशाय ठीक्यक्की, वाकाव वक्तू वक्तुराग्य, वाकाव पुरवाश्चि, मरशेय এবং রাজা নিজে,—এই সাতজন।—টীকাকার।

क्रीकाकाর বলেন:

— চড়নীর পিতার নাম ছিল মহাচ্ডনী; ছভী ছিল তাঁহার পুরোহিত। চ্ড়নী যথন শিল্প, সেই সমত্নে তাঁহার মাতা ( তল্ডা ) পুরোহিতের সহিত অবৈধ প্রণরুত্ত্বে বন্ধ হইরা বিব্পরোগে মহাচুড়নীর खानाख करतन अवः भरताहिछरकहे तासक पिता निरस छाहात कथानहिनी हन । अकिपन हड़नी विनिश्नाहिरतन, ''मा, ৰ্ভ কিলে পেরেছে।" ইহা গুনিরা মাতা তাঁহাকে গুড়ের সহিত ধালা ধাইতে দিয়াছিলেন। তথন বাঁকে বাঁকে ৰাহি আসিয়া বালককে বিভিন্ন নাছি ভাড়াইয়া থাইবার উদ্দেশ্তে বালক একটু পিছনে হঠিয়া করেক বিন্দু ঋষু

ইহা গুনিয়া রাজা বলিলেন, "আর্থ্যে, আমার মাতার বছ খণ: তিনি বে আমার কত

মাট্রভে কেলিল: নিপের সমূপে বে সকল মাছি ছিল, সেগুলাকে দর করিয়া দিল। এইরাপে লিয় ক্ষিক ছটবা সে থালা থাইল, হাত খটল, মুথ প্রকালন করিল এবং চলিয়া গোল। ব্রাহ্মণ বালকের কাও দেখিলা ভাবিলেন, 'এই বালক এখনই এই উপাত্তে নিম কিক গাড় খাইল। এ বখন বঢ়ে চইবে, তখন ত আমার ভাত ভইতে বালাট কাডিবা লটবে। অনুক্রর এখনি ট্রাকে বধ করিতে হটবে।' তিনি ভরতাকে এট সম্ভর জানাটলেন। তলতা মূৰে বলিলেন, "বেশ, তাহাট করা বাউক। আপনার প্রতি অমুরাগ্রশতঃ আমি নিজের স্বামীকেও ত ৰধ করিয়াছি: ছেলে দিয়া আমি কি করিব ? তবে বেশী লোকজনকে না লানাইয়া গোপনে ইহাকে ছাবিষা'' ডেলড়ো রাজগতে এইজ্বলে বঞ্চনা ভবিলেন। তিনি বন্ধিমতী ও উপায়কশলা ছিলেন : কিয়ৎক্ষণ ভাবিধা প্রতে বক্ষা করিবার লক্ষ একটা উপায় ক্লির করিলেন। ভিনি পাচককে ডাকাইরা বলিলেন, "সৌমা আমার প্র চ্ডনী এবং ভোমার প্র ধুমুংশেধ একট ছিনে জ্যায়াছে : উভরেই শৈশব হইতে একসঙ্গে লালিড পালিত লটবা বত চটবাছে: ভাষাদের মধ্যে বহুৰও অমিয়াছে। ছন্তী এখন আমার পুত্রটীকে বধ করিতে চাহিতেতে: ত্রি আমার বাছাকে রক্ষা কর।" পাচক বলিল, "আমাকে কি করিতে হইবে, আজ্ঞা করুব।" 'আমার পুত্র এখন হইতে আর সর্বাদা তোমার গৃহে খাকুক; যাহাতে কাহারও মনে কোন সন্দেহ না জন্মে এলত সে ও তমি কয়েকদিন একদকে পাৰশালায় নিমা যাও : কেহ কোন সন্দেহ করে নাই জানিলে এক দিন ভোমার শ্বার উপর কতকণ্ডলি ভেড়ার হাড় রাধিবে এবং লোকে বখন বুমাইবে তথন পাকশালার আগুন লাগাইবে। ভাষার পর, কাহাকেও না জানাইর। তোমার ও আমার ছেলে লইরা অগ্রবার দিয়া বাহির হইবে ও ক্ষনা কোন বাজাৰ বাজাে ঘাইবে: দেখানে প্ৰকাশ কবিও না বে, আমার পুত্র বাজপুত্র। এই উপায়ে তমি বাছাকে क्का कर ।' शहक 'त्य खाळा' वित्रा এই श्रेखांद मण्ड इहेत । उथन उन्हां जाहारक वह धन दिलान : সে উচ্চার নির্দ্ধেল মত সমুল্ল কার্য ভূসম্পর কবিল এবং ক্যারকে লইব। মুরুদেশত শাকল নগরে গিরা ভঞ্জা রাজার পাচকের পলে নিযক্ত হটল। মদ্ররাত্ম তাঁহার প্রাতন পাচককে পদচাত করিলেন। বালক ছুইটা নঙ্ক भारतका माल बासकारत गाँहें । এकपिन बांका सिकामा कवितन, ''हेहांबा काहांब एएल ?'' शांहक विनेत 'এ ছটা আমার ছেলে, মহারাজ।'' 'এবের চেহারা ত এক নর ?'' 'ইছারা ভিল্ল প্রীর পর্তে জবিয়াতে, মহারার"। এইরপে কিয়দিনের মধ্যে বালক এইটা অন্তঃপুরত্ব সকলের বিশাসভালন হইল। তাহায় মন্তরাজের কলার সলে খেলা করিত। চড়না ও মল্লরালগুতা অফুক্ষণ একসঙ্গে থাকিরা পরস্পরের প্রতি আস্তুল হইলেন: খেলিবার কালে কুমার রাজস্থতার বারা কুলুক, পাশটি প্রভৃতি আনাইতেন : তিনি না আনিলে তাঁহার মাধার ভাষাত্ৰ ভৱিজেন : বাজকল্পা ভালিবা উঠিতেন : ভাষার ক্রেলন ভনিবা রাজা বলিতেন "কে আমার মেরেকে शांतिन ?" बांबीया करिया निया जिल्हामिल : बांबकना लांबिएन, 'এই ছেলেটা আমাকে মারিয়াছে বনিলে बांबा ইংক্তি দণ্ড দিবেন কাজেই কুমানের প্রতি মনুরাগবণতঃ তিনি প্রকৃত কথা বলিতেন না ; তিনি বলিতেন, "কেট্ট আমার মারে নাই।" একদিন রাজা ক্রেক্টে দেখিলেন, কুমার তাঁহার কল্পাকে প্রহার করিতেছে। তথ্য তিৰি ভাবিতে লাগিলেল, 'এই বালক পাচকের সদৃণ নছে: এ পরম ফুলার ও নিত্রীক ; দেখিলেই ইংাকে ভালবাসিতে ইচ্ছা করে। এ কখনও পাচকের পুত্র হইতে পারে না।' অতঃপর তিনি কুমারকে ত্রেছ করিতে লাগিলেন। খাত্রীয়া খেলিবার বারগার খাল্প লইয়া গিয়া গালক্ষাকে দিড : রাজক্ষা তাহা হইতে কিছু কিছু ভাহার খেলার সাধী অক্ত ছেলেপিলেকে দিভেন। অক্ত ছেলেরা অবনত দেহে হাঁটুর উপর ভর দিলা উহা এছৰ করিত : চড়নী কিন্তু দাঁড়াইরা দাঁড়াইরা রাজকঞ্জার হাত হইতে উহা কাডিয়া লইতেন। রাজা এসব কা**ওও** বাক্য করিলেন। ইত্তার পর একদিন চ্ডুনীর কন্দ্রটা রাজার কুর্ত্ত পলাক্ষের নিম্নেলেশ প্রবেশ করিলে উহা ধরিছে পিরা চড়নীর মনে নিজের আভিজাত্যাভিমান জাগিরা উঠিল: 'কিছতেই এই প্রতান্তরাজের শব্যার নিজে व्यादन कतिय मा ' अहे महात जिनि अकी। माध्य माहाया छैहा वाहित कतियान। हेहा प्रथिता तालांत প্রতীতি হটল বে, নিকর এই কুমার পাচকের পুর নতে। ভিনি পাচককে ডাকাইরা আবার জিল্পাসা করিলের "এই ছেলে ছইটা কাহার !" দে পূর্ববং উত্তর দিল, "এরা আমার ছেলে।" "কে তোমার পুত্র, কে তোমার পুত্ৰ নৰ তাহা সামি জানি। মতা কথা বল : নচেৎ তোমার প্রাণ থাকিবে মা"। ইহা বলিরা তিনি খড়ক উদ্ভোলন করিলেন। তথন পাচক মরণভয়ে বলিল, "বলিভেছি, মহারাজ; আমি গোপনে বলিভে চাই।" ব্লাজা ভাষাকে গোণনে বলিবার ক্রবোপ দিলেন: সে অভয় প্রার্থনা করিবা বর্ণাভূত সমস্ত ব্যাগার নিবেশন করিল: রাজা তত্তঃ জানিরা ক্লাকে নানাভরণে মণ্ডিত করিরা কুমারের স্থিত বিবাহ বিলেন।

পাচক বেদিন কুমারব্যকে লইবা উত্তর পঞ্চাল হইতে প্রসায়ৰ করিবাহিল, সেইনিন সমত সগতে কোলাইজ-ইইটে লাগিল বে, রালায় পাকলালায় আঞ্চল লাখায়-পাচক, পাচকপুত্র এবং চুকুলীচুমার, ভিনতনেই পুরিয়া

উপকার করিয়াছেন, তাহাও জানি। কিন্তু ৩৭ অপেকা তাঁহার অওপই অধিকতর।", অনব্যর তিনি ছইটী গাথায় মাতার দোব বলিলেন :—

> ২০১। প্রতিষ্পী রাজা যত আছেন আমার, নিজেই তলভাদেবী করেন প্রেরণ দূত ভাঁহাদের ঠাই।—এই সব দোবে রাক্ষদের গ্রাসে ভারে নিক্ষেপিতে চাই।

ভেরী বলিলেন, "বেশ, মহারাজ, আপনার মাতাকে এই দোষে বিসৰ্জন কর্মন; কিন্তু আপনার মহিষী ত শুণবতী।" অনস্তর তিনি নন্দাদেবীর শুণ কীর্ত্তন করিলেন :--

২০২। রমণীর শিরোমণি, ক্স্মিরভাবিণী, আশৈশৰ ছারাসমা তবাকুবর্দ্ভিনী, শীকবতী,

২০০। অক্রোধনা, প্রজ্ঞা-সমন্বিতা, বৃদ্ধিমতী, হিতাহিত-বিচার-নিপুণা,— হেন গুণবতী পত্নী তোমার, রাজন্। কি গোবে রাক্ষসগ্রাসে দিতে তাঁরে চাও ?

বাজা মহিষীর অঞ্চণ বলিলেন:--

২০০। অনর্থকারক-কেলি-কামবণগত
হইরাছি দেখি চান নিকটে আমার
সেই সব আতরণ-খন-রত্ব আদি,
পুশ্রকন্যাগণে দিতে যে সব মনন
করিয়াছি পুর্বেজানি:

বংশ। বৈশ্বতাবশতঃ
কেই উারে স্তত্ত্ব্যাল্য ধন সে সকল,
কভু অল্ল, কভু বহু। বিশ্ব কিন্তু শেবে
হুইরা বিষয় করি অনুতাপ ভোগ।
পত্নীর এ বোব আদি করিয়া সরণ
রাজদের প্রানে উারে নিকেপিতে চাই।

পরিব্রাজিকা বলিলেন, "আচ্ছা, মহারাজ, পদ্মীকে যেন এই দোবে বিসক্ষন করিলেন; কিছু আপনার কনিষ্ঠ তীক্ষমন্ত্রিক্ষার ত আপনার বহুপকারক; আপনি কি দোবে তাঁহাকে রাক্ষমের মুধে দিতে চান বলুন ত ?

২০৩। রাজ্যের সমৃত্যি বৃদ্ধি করেছেন বিনি, আনিলেন দেশে পুন: যে জন ভোমার,

ষরিয়াছেন। তলভাবেরী গিরা রাক্ষণকে বলিলেন, "বেব, আমাদের বনকামনা পূর্ব ছইরাছে; তাছারা তিনলবেই না কি পাকশালার আঞ্চনে পুড়িরা মরিরাছে।" এই সংবাদে ব্রাক্ষণ অভিমাত্র সভট্ট ছইলেন। বেবারিঞ্জলি বেব চ্ড়নীর অহি, ব্রাক্ষণকে ইহা বুবাইরা তলতা দেগুলি যক করিবেন।

তীছসারীর সবছে টাকাকার বলেন:—সহাচ্ডুনীকে নিহত করিয়া তলতা বধন রাজপের সংজ্ বাস করিতে প্রবৃদ্ধ হন, তীক্ত সারী তথন সাত্সতে ছিলেন। কালক্রমে তিনি বধন বন্ধ হইলেন, তথন রাজন তাহাকে একবানি করবারি বিশ্ব বনিলেন, "কুবি এবন্ধ হইকে ইকা হাকে সাইয়া আবার কাছে বাকিবে।" কুবার প্ররাজ্য বিমর্থন করি বিনি, ভূপ,
বহুধন এনেছেন ভাণ্ডারে ডোমার,

২০৭ ৷ ধুমুর্থন-অগ্রপা, মহাপরাক্রম
সোধর সার্থকনামা ডীক্রমন্ত্রী তব ঃ
কি দোবে রাক্সপ্রাসে দিতে ভারে চাও ?

#### রাজা ভাতার দোষ ব্যালেন :---

২০৮। রাজ্যের সমৃদ্ধি আমি করেছি বর্ধন,
আমিই এনেছি পুন: এ রাজ্যে অপ্রজে,
বিমন্দ্রিয়া পররাক্য আনি বহুধন
আমিই ভাঙার পূর্ণ করেছি রাজার,
২০৯। ধম্ব্রিয়েন্ত, শূর, তীক্ষ মন্ত্রণার
ভীক্ষমন্ত্রী নাম মোর হংগছে দার্থক,
আমার(ই) প্রভাবে রাজা ক্ষী এত এবে,—
এই অহুহারে মন্ত অমুন্ত এখন

২১ । আবে না দেখাতে সন্মান আমার প্রতি পূর্বের মতন ;— হেরি এ সকল দোব আতার আমার রাক্ষ্যের প্রাণ্যে তারে নিক্ষেপিতে চাই।

তচ্ছ জান করে মারে.

পরিব্রাজিকা বলিলেন, "ভাল, আপনার ভ্রাতার ত এই সকল দোষ। ধহুংশৈক্যু-কুমার কিন্তু আপনার বহুপকারক এবং আপনার প্রতি সদাক্ষেহনীল।

২১১। উত্তর পঞ্চালে এই জয়িলা তোমরা—
 তুমি আর ধফু:লৈক্য এক(ই) রজনীতে;
 উভয়েই পরিজ্ঞাত পঞ্চাল নামেতে;
 পরস্পারের মিত্র; থাক এক সক্ষে।
 ২১২। সমত্র:থক্থ তব ধফু:লৈক্য সদা;
 সতত তোমার সক্ষে চাহার মতন

ক্ষানিতেন, তিনি ব্রাহ্মণেরই পুত্র; তিনি ব্রাহ্মণের কথামত থকা লইয়া তাঁথার সঙ্গে সঙ্গে থাকিতেন। কিন্তু এক দিন কোন অমাত্য তাঁছাকে বলিলেন, "কুমার, তুমি এই ব্রাহ্মণের পুত্র নও: তুমি যখন গর্ভে ছিল, তথন তলভাষেত্রী রাজাকে বধ করিয়া এই ব্যক্তিকে রাজছত্ত দিরাছেন। তুমি মহারাজ মহাচ্ডনীর পুত্র।" ইয়া শুনিরা কুমার ব্রাহ্মণের প্রতি কুদ্ধ হইলেন এবং কোন কৌশলে তাহার প্রাণবধ করিবার সক্ষম করিলেন। এক দিন রাজভবনে প্রবেশ করিবার কালে তিনি তরবারিধানি জনৈক ভৃত্যের হল্তে দিয়া অপর এক ভৃত্যকে বলিলেন, 'ভৃত্তি বালখাবে গিলা, 'এ ভরবারি আমার' ইহা বলিয়া এই লোকটার সহিত কলহ আরম্ভ কর।'' কুমার রালভব্নে প্ররেশ করিলেন: ঐ ছই বাজি কলহে প্রবৃত হইল। কি হেতু কলহ হইতেছে লানিবার জন্ম তিনি ্কটা নোক পাঠাইলেন: সে ফিরিয়া গিয়া বলিল, "একবানি ভরবারির জন্ত।' ব্রাহ্মণ জিল্পাসিলেন, "কি হরেছে 🚧 কুমার উত্তর দিলেন, "বলিতেছে, আপনি আমাকে যে তরবারি দিলাছেন, তাহা নাকি আর এক ব্যক্তির 🕫 "कি বল, বৎস ?" "তরবারি থানি আনাই: দেখিলেই আপনি চিনিতে পারিবেন।" 'আনাও।' কুমার তথন ভরবারিখানি আনাইরা নিজোবিত করিলেন এবং ত্রাক্ষণের ছারা পরীকা করাইবার ছলে 'দেখুন' বলিয়া উচ্চার নিকটে গিয়া একাঘাতে তাঁহার মাধাটা কাটিঃ। নিজের পাদদুলে কেলিলেন। অতঃপর রাজভবনের রকার ব্যবহা ৰবিগা ও বালধানী অসম্ভিত ক্রিয়া লোকে বখন তাঁহার অভিযেকের আরোভন ক্রিল, তখন তল্ভা লানাইলেন বে, তাঁহার অর্থন মন্তরাক্ষ্যে অবভিতি করিতেছেন। ইহা গুনিরা কুমার দেনা সঙ্গে লইরা মন্তরাক্ষ্যে গমন कतिरागम अदर व्यवस्क व्यानवन कतिया बाक्यर व्यक्तिक कतिराग । अहे नवत स्टेस्टरे क्यारवन नाम स्टेस जीक्षा ।

রহে সে; নাই ক তার অন্ত কোন কার অহনিশ।হিতচিন্তা বাতীত তোমার। সাধে-সে অক্লান্তভাবে সর্ক্বকৃত্য তব। হেন উপকারী মিত্রে, বল, কোন্ গোবে রাক্ষ্সের থাসে তুমি চাও নিক্ষেপিতে ?''

क्रमस्त ताका धरुः मिकात (नाय वनितन : -

২১০। ধুসুংশৈক্য পুর্বেষণা আমার সহিত থাকি সদা অটুহাস্য ক্রিড, এখন(ও), আমি যে হরেছি রাছা, এই কথা ভূলি, করে ছাসা পরিহাস ঠিক সেইরূপে।

২১৪। মহিনীর সঙ্গে বদি মন্ত্রণা গোপনে করি যবে, আর্ব্যে, আমি, ধসুংশৈক্ষ্য সেখা প্রবেশে অজ্ঞাতসারে, অনুসতি বিনা।

২১৫। যথন(ই) হযোগ আর অবসর পার, করে সে নিলর্জ্জ হাবে অসম্মান মোর। মিত্তের এ সব দোব করি নিরীক্ষণ রাক্ষদের মুখে তারে নিক্ষেপিতে চাই।

ভেরী বলিলেন, "মানিলাম, ধহুংলৈক্ষ্যের এ সব দোষ আছে; প্রোহিত কিছ
আপনার বহুপকারক।" অভঃপর তিনি প্রোহিতের গুণ বর্ণনা করিলেন:—

২১৬। সকল নিমিওণাঠে নিপুৰ বে জন,
সমৰ্থ বৃৰিতে সৰ্ব্ব পগুপক্ষিমৰ,
আগমে বৃংপন্ন, দৈবোৎপাতে #ও ছঃৰপ্নে
বিভাৱনবারা বিনি কুফল তাহার
করেন নিরাকরণ; বাআ্কালে আর
গৃহপ্রবেশাদিকালে নক্ষ্ম বিচারি
গুভক্ষণ যে ব্রাহ্মণ করেন নির্ণার,

২১৭। তৃতলে ও অন্তরিকে দোবগুণ কোণা কি আছে, বুঝিতে বাঁর তুল্য কেছ নাই: নক্ষত্রের কোঠ বাঁর নথদর্গণেতে; দেন পুরোহিতে তুমি, কি দোবে, রাজন্, রাক্ষণের মুখে চাও করিতে অর্পন ?

বাঞা পরোহিতের দোষ বলিলেন:-

২১৮। সভামধ্যে, আর্থ্যে, তিনি মূৰপানে মোর বিক্ষারিত-নেত্রে সদা থাকেন তাকারে। সে ক্সক্রভকী মোর তাল নাহি লাগে, পুরোহিতে চাই তাই রাক্ষমকে দিতে।

ভেরী কহিলেন, "মহারাজ, আপনি বলিতেছেন বে, মাতা হইতে আরম্ভ করিয়া এই পাঁচ জনকেই রাক্ষনের মুখে ফেলিয়া দিতে পারেন। আপনার নিজের যে এত সৌভাগ্য ও এত ঐবর্য্য, ইহাও ত্ণজ্ঞান করিয়া, আপনি মহৌবধপণ্ডিতকে রক্ষা করিবার জন্য আত্মনীবন পর্যন্ত উৎসর্গ করিতে পারেন; ইহাও বলিতেছেন। মহৌবধের আপনি এমন কি ৩৭ দেখিতে পাইয়াছেন?

<sup>•</sup> इताबर्ग, प्रशंबर्ग, डेकागांड, विग्रार।

- ২১৯ । পাদমুদ্র কিতিনাথ তুমি মহারাজ। লইয় অমাত্যগবে শাদিতেছে তুমি নাগরকওলধরা এই বস্তুয়া।
- ১২০। সামান্য বিশাস—চতুদ্দিগন্ধবিকৃত, সংগ্রামে বিন্ধয়ী হলে করিরাছ লাভ; মহাবল তুমি; একরাল পৃথিবীতে; সর্কান্ত হরেছে যশ বিস্তত তোমার।
- ২২১। নানা ৰূপণ হ'তে পাইছাছ তুমি বোড়শসংজ শুডলকণা রুমণী, রূপে দেবকল্লাসমা; কর্পে তাহাদের মণি-কুপুলের আভা কিবা শোভাময়ী।
- ২২২। এরণ সকল ভোগ আরও বাহার, না জানে অভাব যেই কামা পদার্থের,— ঈদুশ বে হথী, সেই সদা মনে করে ক্রমীর্য জীবন অভি প্রিয়, মহারাজ।
- ২২৩। তবে তুমি কি কারণে, কোন্ বৃক্তিবলে, পঞ্জিতে করিতে রক্ষা ছুল্তাাল্য জীবন উৎসর্গ করিতে চাও রাক্ষদের মূৰে ?"

# বাৰা পণ্ডিতের খণ বর্ণনা করিলেন:-

- ৭২৪। ৰে দিন হইতে, আৰ্ব্যে, মহোহৰ হেখা এনেছেন, আমি কড়ু সে হুখীবরের কোন কালে অণুমাত্র হেখি-নাই হোৱ।
- ২২৫। ঘটে যদি তার পূর্বে মরণ আমার পুত্রে ও প্রপোত্রে মোর করিবেন ভিনি প্রস্তাবলে নিঃসংশব কলাগভারন।
- ২২০। অতীতানাগত-বর্ত্তমান, সমস্তই প্রক্রানেজনারা তিনি পারেন দেখিতে। এমন নির্মোব সেই মহাপুরুষকে পারি কি রাকসমুখে আমি নির্ফোপতে গ

এডকণে এই জাতককথা যথাছরণ সমাপ্তি প্রাপ্ত হইল। পরিবাজিকা ভাবিলেন, পভিতের ৩৭ প্রকটিত করিবার জন্ত ইহাই পর্যাপ্ত নহে। লোকে সাগরবক্ষে হ্ববাসিত তৈল নিক্ষেপ করিলে উহা ঘেনন চতুর্দিকে ব্যাপ্ত হয়, আমিও তেমনি নাগরিকদিগের সমক্ষে পভিতের ৩৭ প্রামের কথা সর্বত্য প্রকটিত করিব।" তিনি রাজাকে লইয়া প্রাসাদ হইতে অবতরণপূর্বক রাজাকণে আসন সাজাইয়া গৈখানে উপবেশন করিলেন, নগরের সমন্ত লোক সমবেত করাইলেন, এবং রাজাকে আবার প্রথম হইতে উদকরাক্ষস-প্রশ্ন বিজ্ঞাসা করিতে লাগিলেন; বাজাও পূর্বোক্ত প্রকারে প্রশ্নের উত্তর দিলেন। তথন পরিবাজিকা নাগরিকদিগকে সংখাধনপূর্বক বলিলেন,

২২৭। ক্ষম প্ৰধানগৰ রাজার বচন পৰিতের রকা হেডু ছন্ত্যাল্য নিজের প্রাণ বিস্ক্রিতে নন তিনি কুটিত কথন। ২২৮। যাতা, ভার্গ্যা, বাড়া, বন্ধু, প্রোহিত জার নিজে তিনি,—এই ছয় জীবের লীবন বিজে, পভিতের রকাহেডু, সহল ভার্যাঃ। **१२०। क्षक्रायनमम जन्न यात्र मारे।** 

সর্কার্য পটিংসী, সন্থার্গগামিনী প্রজা; প্রজার অসাধ্য কিছু দেখিতে না পাই। প্রজার প্রত্যক ফল ঐতিক মকল; পারত্রিক প্রথ তার অন্ত বে ফল।

পরিস্রাজিকা এইরণে মহাসন্থের গুণাবলী বর্ণন্থারা ধর্মদেশনের চূড়ান্ত করিলেন,— সন্থামণিয়ারা থেন রত্নময় গুহের চূড়া নির্মিত হইল ।

উদক-রাক্ষস-প্রশ্ন সমাপ্ত।

মহাক্রকলের বর্ণনাও সর্বাশ: সমাও।

### সমৰধান-

- ২৩•। ছিলেন উৎপানবর্ণা ভেরী সেই কালে, গুছোলন মহৌবধ-জনক ভধন। মনামারা মাতা, বিস্কালনারী অবরাঃ
- ২৩১ আনন্দ দিলেন সেই গুৰু বিহলম;
  সানিপুত্ৰ প্ৰফানত পঞ্চান-ঈবন :
  লোকনাথ+ নিজে মটোবধ প্ৰাক্ৰবন !
- २७२। हिना एररन्स पूर्व देकरई बाक्षन, बूतनमा बक्कास-कननी उनडा; बूनमही शंकानत्थी, रमांचिका नना;
- ২৬০। **অবঠ ক**ৰীন্ত্ৰ, গ্ৰোটপাদ পুৰুশক; পিলোভিক দেবেক্স; সভ্যক সেই কালে সেদক পণ্ডিভ নামে ছিলেম বিশিষ্ট।
- ২৩৪। দৃষ্টমকলিকা‡ ছিলা দেবী উদ্ধুখনা; কুখনী শারিকা, ভিন্নু লাল্যায়ী তলা ছিলা সেই বৃদ্ধিহীন বিদেহের স্বালা।

কৰিবাৰ্শ্বী' হলোধনার নামান্তর। † লোকনাথ' বুজের একটা উপাধি। ‡ নন্দের পদ্ধীর নাম দুইনক্লিকা।
সন্তবন্ত: ২০০ন হইতে ২০০ন পর্যন্ত পাঁচটা গাধান পাঠিবিকৃতি ঘটনাকে। ফুলরী নিগাবাদিনী গণিকা।
পঞ্চালচন্তীর চরিত্রে আমরা এমন কোন ধোন ধোন দেখিতে পাই নাই বে, ক্লান্তরে সে ক্লানীর কাল চরিত্রেইনা পাশিকা
ছিল, ইহা মনে করা ঘাইতে পারে। ক্রন্তবেশীর পুতকে নেথা আছে বে, ফুলরী ছিল সেই শারিকা: পোঁচনী
ছিলেন উন্ধুন্তরা (বুজের বিয়াতা), অনিক্লম্ব ছিলেন পঞ্চালচন্ত, শোণবন্তক ছিলেন গেবেল্ল, কাল্যপ ছিলেন
সেনক। ইহাতেও ভাতপের প্রতি অবিচার করা হইরাতে, কারণ সেমক পশ্রিত লা হইরাও পাণিত্যান্তিনানী এবং
ক্রেক্ট ইর্যাগরান্তব বে, প্রতিক্লীকে অপ্রত্ম করিবার উল্লেখ্যে তিনি ক্লোক্লপ ছুডার্যা করিতে কুন্তিত মনেন।

. .

িক্লিবজ্ঞর নিক্টবর্জী ক্সপ্রোধারামে অবৃত্তি করিবার কালে শান্তা প্রুরবর্ধ-সম্বন্ধে এই কথা বলিরাছিলেন। শান্তা নহাধর্মকক্সপ্রবর্ধনের পর যথাসমরে রাজগৃত্ত গমনপূর্ব্ধক সেধানে শীন্তকাল অভিবাহিত করেন।
আনন্তর স্থানির উদারী তাঁহাকে পথ প্রদর্শন করিয়া চলিলেন; তিনি বিংশতিসহত্র অর্থনের সঙ্গে প্রথমবার কলিবল্বন্তে
প্রতিগমন করিলেন। "ক্ষামাণের জ্ঞাতিশ্রেষ্ঠকে দর্শন করিব" এই উদ্দেশ্যে শাক্যরাজগুণ সমবেত হইলেন, এবং
কোথার তাঁহার বাসস্থান নির্দ্দেশ করিবেন, ইহা আলোচনা করিয়া দেখিলেন, ক্সগ্রোধ শাক্যের উদ্ভানই সর্ব্বাপেকা
রম্বন্ধির স্থান। তাঁহারা ঐ উন্ভানের রক্ষণাবেক্ষণের জন্ম সমন্ত ব্যবস্থা করিলেন এবং গন্ধপুপাদি-হত্তে প্রত্যানগমনপূর্ব্ধক নগরের বালক ও বালিকাদিগকে সর্ব্বালকারে বিভূষিত করিয়া অর্থে প্রেরণ করিলেন। ইহার পর চলিলেন
রাজকুমার ও রাজকুমারীরা। প্রবীণ শাক্যেরাও ইংলের সঙ্গে মিশিলেন এবং পুস্পান্ধভূগীদি হারা ভগবান্কে
পূল্ধা করিতে করিতে তাঁহাকে লইয়া ক্সপ্রোধারামে গমন করিলেন। সেধানে বিংশতিসংক্র-অহর্থপরিবৃত হইরা
ভগবান নির্দ্ধিই স্থসজ্ঞিত বুদ্ধাসনে উপবেশন করিলেন।

শাকোরা নিতার অভিমানী ও মানদর্কণ ছিলেন। সিদ্ধার্থ কুমার তাঁহাদের অপেকা আরবল্লও; তিনি কাহারও বয়ঃকনিষ্ঠ, কাহারও ভাগিনের, কাহারও পুত্র, কাহারও নাতি, এই চিস্তা করিয়া প্রবীণেরা অল্লব্যুক রাজ-কুমার্দিগকে বলিলেন, 'নাও, ভোমরা গিয়া প্রণাম কর: আমরা ভোমাদের পশ্চাতে থাকিব।'' কুমারেরা প্রণাম ক্রিয়া উপবেশন করিলে ভগবান প্রথীণণিগের অভিপার ব্রিয়া ভাবিলেন. 'জ্ঞাতিরা আমাকে বলনা করিতেছেন মা: আমি এখনই তাঁহাদের বাগ বন্দনা করাইতেছি'। তিনি আয়ুচিতে অভিজ্ঞান্দক ধানিবল উৎপাদন করিলেন এবং আসন হইতে উথিত হইলা আকাশে উৎপতনপূর্বক, যেন প্রবীণ শাকাদিগের সম্ভকোপরি পদরত্ব: বিকিন্ন ক্রিতেছেন এই ভাব দেখাইরা, উত্তরকালে গণ্ডাস্ত্রক্ষ্ণলে যে ব্যক্তপ্রতিহাগ্য সম্পাদিত হইয়াছিল, 1 সেই রূপ প্রাতিহার্য সম্পন্ন করিলেন। এই অত্যাশ্চর্য ব্যাপার দেখিয়া গুদ্ধোদন বলিলেন, 'ভদন্ত, আপনার জন্মদিনে, কলিদেবল যথন আপুনাকে বন্দনা করিবার জন্ত আসিয়াছিলেন, তথন আপুনি পা ফিরাইরা সেই ত্রাহ্মণের মন্তকে শ্বাপন করিয়াছিলেন। ইহা দেখিয়া আমিও আপনাকে বন্দনা করিয়াছিলাম। ইহাই আমার প্রথম বন্দনা। ৰঞ্জনতার দিনে আপুনি জন্মুক্তের ছারায় শ্রীশয়নে শরান ছিলেন: সুর্বোর গতির সঙ্গে ছায়া ফিরিল না, নিশ্চন খাকিল, ইহা দেখিলা আমি আপনার চরণ বন্দনা করিয়াছিলাম: ইহা আমার বিতীয় বন্দনা। এখন আপনার এই অদৃষ্টপূর্ব্ব অলোকিক কার্য্য দেখিয়া আবার আপনার চরণ বন্দনা করিতেছি। ইহা আমার ততীয় বন্দনা ।' ইং। ৰলিয়া গুলোদন যথন ভগবানকে বন্দনা করিলেন, তথন অন্ত কোন শাকাই আর ওাঁহাকে বন্দনা না করিয়া খাকিতে পারিলেন না। ত্যাতিদিগের ছারা এইরূপে বন্দনা করাইরা ভগবান আকাশ হইতে অবতরণপূর্বেক স্বাবার নির্দিষ্টাসনে আসীন হইবেন। ইহাতে ভাঁহার জ্ঞাতিরা ভাঁহার লোকাতীত বিভূতি উপলব্ধ করিতে পারিলেন; তিনি আসন গ্রহণ করিলে সকলেই একাগ্রচিত্ত হইয়া উপবেশন করিলেন। অতঃপর মহামেঘ উপিত হইরা পুদ্ধরবৃষ্টি বর্ষণ করিতে লাগিল: মহাশব্দে ভাষ্রবর্ণ বারিপাত হইতে লাগিল: যাহাদের ইচ্ছা ইইল, ডাহারা

পালি 'বেস্সন্তর'। আতককারের মতে বৈশু ( বেস্স )-বীথিতে ভূমিষ্ঠ হইরাছিলেন বলিয়া নারকের নাম 'বেস্সন্তর'। কিন্তু জাতকমালায় 'বিষন্তর' নাম গৃহীত হইরাছে; বাজালাভাবা প্রধানতঃ সংস্কৃত ভাবার অনুগামিনী বলিয়া আমিও 'বিষন্তর' শক্ষই বাবহার করিলাম। যিনি বিশ্বকে আগ করেন এই অর্থে, 'বিষন্তর' শক্ষের অনুকর্বে, 'বিষন্তর' শক্ষী অসিদ্ধ নর।

বৌদ্ধানের নিকট বিষয়র-জাতক অতি পবিত্র, কারণ এই জায়ের পরেই বোধিসন্ধ সিদ্ধার্থরূপে শরীর পরিপ্রত্প্রক বৃদ্ধত লাভ করিরাছিলেন। অতঃপর তাহাকে জ্বন্ধান্তর প্রহণ করিতে হয় নাই, কারণ বৃদ্ধতীলান্মানে তিনি মহাপরিনির্কাণ প্রাপ্ত হইরাছিলেন।

বিষয়র দান-পারমিতা পূর্ণ করেব। তাঁহার আখ্যাহিকা পাঠ করিলে দানবীর হবিক্সক্রের কথা মনে পড়ে। এই জাতক বে এক সমরে বঙ্গদেশের আ্যালবুক্তবনিতার প্রবিধিত ছিল, জুলকের নাম হইতেই তাহা বেশ বুঝা বার। এখনও লোকে জুলকের কথা জুলে নাই; তাহারা চরত ছেলেনেরেকে শান্ত করিবার লক্ষ জুলুর (ছেলে-ধ্রার) তর বেধাইনা থাকে।

<sup>†</sup> পুছর=পল্ল বা পল্লপত্রের উপর বৃষ্টিপাত হইলে উহা ভিলিলা বার না; বৃষ্টির সমত জল গড়াইলা বাহির হইলা বার। 'পুছরবর্ব বলিলে একরণ জভুত বৃষ্টিপাত বুঝাল, যাহাতে বে ইচ্ছা করে, সেই জলসিকাহল; বে ইচ্ছা করে লা, তাহার পরীরে জল লাগে না।

<sup>ু</sup> শরভয়ুগ-আতকের ( ১৮৩ ) বর্ত্তবান বন্ধ এটবা।

ভিজিল ; বাহাদের ইচ্ছা হইন না, তাহাদের শরীবে বিন্দুমাত্র জলও পড়িল না। এই কাও দেখিরা সকলেই বিশারটিভূত হইলেন। তাঁহারা বলাবলি করিতে লাগিলেন, ''অহো, বুদ্দাণের কি বিশারকর, কি অনুত প্রভাব! দেখ না, তাঁহাদের জ্ঞাতিগণের উপর কি অভ্তপূর্ব্ধ বৃষ্টিপাত হইতেছে।'' ইহা শুনিরা লাভা বলিলেন, 'ভিন্দুগণ, কেবল এখন নহে, পূর্ব্বেও আমার জ্ঞাতিগণের উপর এইরূপ পূচ্ব-বর্ষণ হইরাছিল।' অনন্তর তাঁহাদের অস্বরোধে তিনি সেই পাতীত বৃস্তান্ত বলিতে লাগিলেন।

পুরাকালে শিবিরাজ্যে জেতুত্তর নগরে শিবিমহারাজনামক এক ব্যক্তি রাজত্ব করি-তেন। তিনি সঞ্জয়কুমার-নামক এক পুত্র লাভ করিয়াছিলেন। কুমার বয়:প্রাপ্ত ইইলে শিবি-মহারাজ মন্তরাজকল্পা পৃষভীকে আনমন করিয়া তাঁহার সহিত বিবাহ দেন এবং তাঁহাকেই রাজ্য দান করিয়া পৃষভীকে তাঁহার অগ্রমহিষীর পদে অভিষিক্ত করেন। পৃষভীর পূর্কবৃত্তান্ত এই:—

বর্তমান সময়ের একনবভিকল পূর্বেইংলোকে বিদর্শিনামক শান্তা আবির্ভুত হইয়া-ছিলেন। তিনি যথন বন্ধমতী নগরের নিকটবর্তী ক্ষেমনামক মগদাবে অবস্থিতি করিতে-ছিলেন, সেই সময়ে কোন রাজা বন্ধমতীর রাজাকে মহার্ঘ চল্পনগারের সহিত লক্ষ্মা মুলোর একটা স্বর্ণমালা উপহার পাঠাইয়াছিলেন। বন্ধমতীরাজের ছুই ক্যা ছিলেন। তিনি ক্যাৰ্যকে এই উপহার দান করিবার ইচ্চা করিয়া জোষ্ঠাকে চল্মনসার এবং ক্রিটাকে স্থবর্ণমালা দান করিয়াছিলেন। উভয় কলাই স্থির করিয়াছিলেন, 'আমরা এই ছুই জ্বতা নিজ শরীরে ধারণ করিব না; এতন্থারা শান্তার পূজা করিব।' তাঁহারা রাজাকে বলিয়াছিলেন. "পিড: আমরা এই চন্দনসার ও মালা দিয়া শান্তাকে পূজা করিব।" রাজা স্ব্ৰান্তঃকরণে এই প্রস্তাব অমুমানন করিলে জোষ্ঠা চন্দনগার চর্ণ করাইয়া একটা করওক পূর্ণ করাইয়াছিলেন , কনিষ্ঠা প্রবর্ণমালাটী দিয়া একটা উর্ম্ছদ গঠন করাইয়াছিলেন এবং উহা व्यात এकी व्यव्कंत्रत्थ त्राविशाहित्तन । व्यनस्त पृष्टे जिनिहे मृत्रताद-विशाद तिशाहित्तन ; সেধানে জ্যেষ্ঠা চন্দনচূর্ণ বারা দশবলের হেমবর্ণ দেহ চটিত করিয়া যাহা অবশিষ্ট ছিল তাহা ·গন্ধকূটীরের মধ্যে বিকিরণপূর্বক প্রার্থনা করিয়াছিলেন, "ভদন্ত, অনাগত কালে আমি যেন ভবাদশ বৃদ্ধের গর্ভধারিণী হই ।" ক্রিষ্ঠাও অবর্ণমালা ছারা গঠিত সেই উরশ্ছদ দিয়া তথা-গতের স্থবর্ণবর্ণ দেহ অর্চনাপুর্ব্বক প্রার্থনা করিয়াছিলেন, "ভদত্ত, যতদিন আমি অর্হব্যপ্রাপ্ত না হই, ততদিন যেন এই আজৰণ আমাৰ দেহ হইতে বিচ্যুত না হয়।" শান্তা বিদশী তাঁহাদের ছুই অনেরই প্রার্থনা অহুমোদন করিয়াছিলেন। এই ছুই ভগিনী আয়ুকাল পূর্ব হইলে দেবলোকে জনান্তর লাভ করেন। ঘিনি জ্যেষ্ঠা, ডিনি অভঃপর কথনও দেবলোক হইতে নরলোকে, কখনও নরলোক হইতে দেবলোকে জন্মান্তর গ্রহণ করিতে করিতে এক নবভিক্লাবদানে বুৰুমাতা মায়াদেবীরূপে অবতীর্ণ হন: ক্রিষ্ঠাও উক্তরূপে নানা জন্ম পরিগ্রহ করিতে করিতে দশবল কাশ্রপের সমরে কিকিরাজের কলারুপে শরীর পরিগ্রহ করেন। অন্মকাল হইতেই বক্ষাস্থল হাচিত্রিত উরস্থা-চিচ্ছে লাঞ্চিত ছিল বলিয়া তাঁহার নাম হইয়াছিল উরশ্হরা। তাহার বয়স বধন বোল বংসর, তথন একদিন শান্তা কাশ্রণের ভক্তামুমোদন# প্রবৰ করিয়া তাঁহার পিতা স্রোতাপত্তিফল লাভ করেন: তিনি নিজেও অর্হর লাভ করিয়া প্রবন্ধা প্রহণপূর্বকে পরিনির্বাণে প্রাপ্ত হন। কিকিরাছের আরও গাড়ী चना हित्तर :-

> শ্রবণী, শ্রবণা, তথা, সক্রবাসী, ধর্মা ও হধরী, ভিক্রবাসী—হরেছিল ভিক্রণী বে—এই সাত লবা।

অর্থাৎ আহারান্তে অনুমোদনক্তক বে কথা বলা বার।

# বর্ত্তমান বৃদ্ধের ( গোতম বুদ্ধের ) সমধ্যে ই হারা যথাক্রমে

ক্ষেমা ও উৎপূলবর্ণা, পটাচারা, মুগধর-মাতা\*
ধর্মবন্ধা, মহামায়া, সিন্ধার্থের গৌতমী বিমাতা ।+

ই হাদের মধ্যে স্থাপাই হইমাছিলেন পৃষ্তী। তিনি বিদ্দী বুদ্ধের শরীর চন্দনচূর্ব বারা পূজা করিমাছিলেন; তাহারই ফলে রক্তচন্দন-চর্চিত দেহের ক্সায় দেহ ধারণ করিমা দেব ও নরলোকে জন্ম-জন্মান্তর প্রহণ করিতেছিলেন। কাশ্রণ বুদ্ধের সময়ে নানাবিধ পুণাকর্ম করিমা তিনি দেহত্যাগের পন্ন দেবরাজ্ব শক্রের অগ্রমহিনীরূপে জন্মান্তর প্রাপ্ত হন। এখানে যত কাল তাহার পর্মায়ং ছিল, তাহা পূর্বপ্রায় হইলে পঞ্চবিধ পূর্বে নিমিতঃ দেখা দিল। তাহার আয়ংক্ষম হইমাছে দেখিয়া দেবরাজ শক্র একদিন তাহাকে মহাসমারোহে নন্দনোভানে লইমা লেনেন, অলক্ষত শন্যায় শন্ত্রন করাইলেন, নিজে শন্যাপার্মে বিদিয়া বলিলেন, 'ভজ্মে পৃষ্ঠি, আমি ভোমাকে দশ্টী বর দিতেছি; তুমি গ্রহণ কর।' পৃষ্ঠীকে এইরূপে সংখ্যোধন করিমা তিনি গাধান্যহল-ম্ভিত-মহাবিশ্বন জাতকের প্রথম গাধা বলিলেন :—

উজ্জল বরণী পৃষ্ঠী আমার; মালি লও তুমি দশবিধ বর;
 দর্জাক শোভনে । প্রিয় বা' ডোমার হবে পৃথিবাতে, চাও তা' সম্বর।

এইরূপে মহাবিশ্বর-ধর্মদেশনা দেবলোকে আবদ্ধ হইল। পৃষ্ঠী ব্ঝিতে পারেন নাই বে, তাঁহার শর্মবিচ্যুতির সময় আদিয়াছে। তিনি শক্তের কথার উত্তরে বিসংক্ষভাবে বলিলেন,

। নমি, বেশবাল, চরণে তোমার;
 রমণীর এই শরণ হইতে
 বাতাহতা, হাল, গতিকা যেমন,

কি দোৰ দাসীর, বল একবার। কেন চাও মোরে বিচ্যুত করিজে ? করিবে অনাথা ভূতলে লুঠন।

## প্ৰতীর প্ৰমন্তভাব বুঝিতে পারিয়া শক্ত ছুইটা গাথা বলিলেন :--

। হও নি অপ্রিয়া তুমি কোন দিন ;
 ইয়েছে তোকার পুরা পরিক্রীর ;

কর নাই পাপ; গোব তব নাই।
এ কথা তোমার বলিলাস তাই।
বরগুলি তাই করহ গ্রহণ।
মাগ, বাহা পেতে ইচ্ছা তব হর।

বিটিবে বিভেছে ; আসর মন্ব ;
 লপবিধ মন দিকেলি ভোনার ;

শক্রের কথা শুনিয়া পৃষ্ঠী দেখিলেন, নিশ্চয় তাঁহার মরণ আসর। তিনি এই পাখা শুলি যারা বর আর্থনা করিলেন:—

। দিবে যদি বর, শক্ত সর্বান্ধুতেখর , হউক মললু তব ; বাও এই বর ;
 মর্ক্তানেকে ববে আমি করিব প্রমাণ ; দিবিয়াক্ত-পূত্তে বেল পাই বাসছাব ।

। নীলক্র-শোভিত মীল বুগল বরষ পাই বেদ পৃথিবীতে দুবার মন্তম।
 পৃথতী নামেতে বেদ সবে বোবে তাকে; এই বর, পুরশর, লাও হে আমাতে।

<sup>•</sup> वर्षार विनाश ।

<sup>, †</sup> ই'হাৰ বৃত্যাত প্ৰথমখণ্ডের পরিলিটে জটবা। 'ধাছদিয়া ⇒ধারপুল নালপুল নগারের কনৈক শ্রেটীর পায়ী। পতি বৃত্তশাদনে প্রবল্গা প্রহণ করিলে ইনিও ভিত্তশী-সমাজে প্রবেশ করেন এবং সাধনার বলে 'ধোরী' পদ্ধি প্রাপ্ত হন।

<sup>়</sup> সেবতাধিবের প্রাক্ষরের সজে সালে বর্গচাতির পুথের পাঁচটা লক্ষণ দেব। দেবঃ—বালা মলিন হয়; বন্ধ মলিন হয়; কক্ষ হইতে বেল নির্গত হইতে থাকে; বেহ বিবর্ণ হয়; দেবাসনে আর অভিরতি থাকে না। এই সম্ভ পুর্থেনিমিন্ত নামে বিশ্বিত।

- १। जुरुपन शाननीत, वनवी, वदक, প্রভাপে আদিতাসম, শত্রুরাঞ্চপ হেন পদ্ৰৱন্ধ বেন ভোমার কুপাছ
- ৮। ধারণ করিব গর্জ আমি বে সময়, স্থচিত্রিভ চাপবৎ মধ্যে অসুরত
- खन यन वित्रा ना পতে কোন দিন : খাকক মন্তক সদা পলিত-বিহীন : त्यह त्यन मननिश्च हव ना कथन :
- ১ । अग्रव-त्कोत्कव व्रत्व महा निनाषिछ, শিবির প্রাসাদ রমা: বেখা কুক্তগণ জ্ঞার যেখানে স্তমাগধ সকল
- >>। विकित वर्गनयुक्त कवां वाहाब 'ফুরামাংস খাও' এই গুনি আমন্ত্রণ

যাচকের মনোরখ পুরুবে নিরস্ত, অবনত হয়ে বারে করিবে প্রান লভি দাসী ধরাধামে সদা কথ পার। কৃষ্ণিশেশ মোর বেন অসমত রয়। থাকে যেন দেহ মোর তথন সভত। পারি যেন বধাহে র রক্ষিতে জীবন! সুন্দরী রুমনীগবে সহা সুশোভিত বিচিত্র বিচিত্র ধ্বক করে উদ্বোলন। হুমধুর ন্ততিগানে শ্রথপুপল: রোধের সমরে করে মধর ঋকার. প্রভাতে যেখানে নিদা তাজে লোকদন. দাও বর, শক্ত যেন আমি সে পুরীতে রাজার মহিষী হরে পারি বিছরিতে।

শক্ত বলিলেন.

১২। সর্বাক্ত শোভনে। আমি এ দশটী বরদান ক্রিক ভোমার. শিবিরাজ-পত্নী হরে লচিবে সমস্ত তৃমি, বলিমু নিশ্চর। মঘৰা,-ত্বভার পতি- এতেক বচন : ১৩ | বলিলেন দেববাক प्रिया प्रमादिश वय পুৰতীকে হুরেম্বর इन श्रुष्टेशन।

ৰুবু গ্ৰহণ করিবার পর পুষতী দেবলোকচাত হইয়া মন্ত্রাজের অগ্রমহিষীর গর্ডে জন্মান্তর গ্রহণ করিলেন। তিনি ভূমিষ্ঠ হইলে দেখা গেল তাঁহার শরীর যেন চলনচর্ণে বিকীর্ণ রহিয়াছে। এই নিমিত্ত নামকরণ-দিবদে লোকে তাঁহার নাম রাখিল প্রতী।ক মদ্ররাজ তাঁহার লালন পালনের জন্ম বছলোক নিযুক্ত করিলেন। তিনি ক্রমে বড় হইরা ষোড়শবর্ষকালে প্রমম্বন্দরী যবতীতে পরিণত হইলেন। শিবিমহারাক স্বীয় প্রভা সঞ্জ কুমারের জন্ম তাঁহাকে জেতৃত্তর নগরে শইয়া গেলেন, পুত্রকে রাজচ্ছত্র দান করিলেন এবং পুত্রের বোড়শদহত্র পত্নীর মধ্যে তাঁহাকেই দর্ব্বোচ্চ আদনে স্থাপিত করিয়া অগ্রমহিষীর পरि दत्र क्रिलन। এই अगुरे क्थि इहेगा थारक रहा.

> ১৪। ইইরা ত্রিদিবচাত। পুষতী ক্ষত্রিরকুলে লভিলা জনম: জেতুত্তর-অধিপতি সপ্তরের সঙ্গে তার ঘটন মেলন।

পুষ্ঠী সঞ্জয়ের অতি প্রিয়া ও মনোর্মা হইলেন। এ দিকে শক্র ভাবিতে লাগিলেন, 'আমি পুৰতীকে যে দকল বর দিয়াছি তাহার মধ্যে নয়টী পূর্ব হইয়াছে ; কিন্তু তাঁহাকে যে পুত্রবর দিয়াছি, ভাহা এখনও পূর্ণ হয় নাই। এখন সেই বর পুরণ করিতে হইডেচে। মহাসত্ত ঐ সময়ে অমৃত্রিংশনু দেবলোকে বাস করিতেছিলেন। তাঁহার আয়ু: কীণ হইয়াছে. ইহা জানিতে পারিয়া শক্ত তাঁহার নিকট গিয়া বলিলেন, "মারিষ, আপনাকে এখন মুমুষ্য-লোকে বাইতে হইবে। আপনি সেধানে সঞ্জ রাজার অগ্রমহিষী পুরতীর গর্ভে জন্মান্তর अंदन कतित्व ভान द्या" उथन चात्र विष्ठमस्य त्वर्याख्य चर्गहाजित ममग्र इहेगाहिन। শক্ত মহাসংখ্য এবং ( ক্ষেতৃত্তর নগবে **অগ্নগ্রহণ** সম্বন্ধে ) এই সমল দেবপুত্রের অ**দী**কার গ্রহণ-পূর্বক স্বস্থানে প্রতিগমন করিলেন।

মহাসৰ স্বৰ্ণচাত হইয়া প্ৰভীৱ গতে প্ৰবিষ্ট হইলেন; সেই ষ্টিসহত্ৰ দেবপুত্ৰও ষ্টি-

টীকাকার বর দশটার এই ভালিকা দিয়াছেন :—(১) শিবিয়ায়ের অগ্রমনিয়ীয় প্রলাভ, (২) নীলনেত্র-ব্যান্তি, (৩) নীল আৰুপল-প্ৰাণ্ডি ; (१) 'পুৰতী' এই নামগ্ৰহণ, (१) গুণধরপুত্রলাভ, (৬) অনুহতকুকিতা, (৭) (ज्ञापराम्बा, (৮) जननिष्ठ ভाব, (১) श्रेक्यात (पहलांख, (১٠) , वंदाधाताहर्ने।

<sup>্</sup>र পুৰতী এক প্ৰকাৰ চিত্ৰহৰিণী। ইহাণেৰ শৰীৰ লাল; তাহাৰ মধ্যে শাদা শাদা হিট থাকে। 7-08

সহস্র অমাত্যের গৃহে অন্মগ্রহণ করিলেন। মহাসন্থ গর্ভে প্রবেশ করিলে পৃষতী দোহদবতী ছইয়া নগরের চারিটা বারে, নগরের মধ্যভাগে 'এবং প্রাসাদের নিকটে ছয়টা দানশালা নির্দাণ করাইয়া প্রতিদিন ছয়লক মুন্তা দান করিবার অভিলাবিণী হইলেন। রাজা তাঁহার দোহদের কথা শুনিয়া নিমিন্তপাঠকদিগকে ইহার কারণ জিজ্ঞাসা করিলেন। তাঁহারা বলিলেন, "মহারাজ, মহিষী এক দানাভিরত পুরুষকে গর্ভে ধারণ করিয়াছেন। আপনার পুত্রের দানের আকাজ্ঞা কিছুতেই মিটিবে না।" ইহা শুনিয়া রাজা সম্ভই হইলেন এবং উক্তরূপে দান বিতরণ করিবার ব্যবস্থা করিলেন। যে দিন বোধিসন্ত পৃষ্তীর গর্ভে প্রবিষ্ট হইলেন, সেই দিন হইতে সঞ্জয়ের অপ্রমাণ আয় হইতে লাগিল, বোধিসন্তের পুণ্যপ্রভাবে জমুবীপের সকল রাজাই শিবিরাজকে উপহার প্রেরণ করিতে লাগিলেন।

গর্ভধারণকালে পৃষভী বছপরিচারিকা-পরিবৃত হইয়া রহিলেন। দশমমাসে নগর-দর্শনের ইচ্ছা করিয়া তিনি রাজাকে দেই প্রার্থনা জানাইলেন। রাজা নগরটীকে দেবনগরের মত সাজাইলেন, এবং পৃষতীকে উংকৃষ্ট রথে তুলিয়া নগর প্রদক্ষণ করাইতে লাগিলেন। পৃষতী যথন বৈশ্ববীথির মধ্যে উপনীত হইলেন, তখন তাঁহার প্রসববেদনা জন্মিল। লোকে রাজাকে এই সংবাদ দিলে তিনি তখনই সেই বৈশ্ববীথিতে স্থতিকাগৃহ নির্মাণ করাইলেন। এবং মহিষীকে তাহার মধ্যে লইয়া পোলন। মহিষী সেধানে এক প্রশ্ব প্রসব করিলেন। এই জন্মই কথিত আছে যে,

>৫। দশমাস ধরি পর্জে পুরী প্রদক্ষিণ করিতেছিকেন ববে, পৃষ্ঠী আমার বৈশ্বদের বীধিমধ্যে করিলা প্রস্ব।

মহাসন্থ মাতৃকুলি হইতে নির্মানদেহে ও উন্মীলিত নেত্রে নিজ্ঞান্ত হইলেন এবং নিজ্ঞান্ত হইবামাত্র মাতার দিকে হন্ত প্রসারিত করিয়া বলিলেন, "দান দিব, মা। কিছু আছে কি ?" "আছে বৈ কি, বাবা; যত ইচ্ছা দান কর," বলিয়া পৃষতী তাঁহার প্রসারিত হন্তে সহন্ত মুন্তাপূর্ণ স্থবিকা স্থাপন করিলেন। মহাসন্থ তিন জন্মে জান্মবার পরেই কথা বলিয়া ছিলেন:—প্রথমত: 'উন্মার্গ'-জন্মে, ছিতীয়ত: এই জন্মে এবং পরিশেষে অন্তিমজন্মে ( অর্থাৎ বে অন্যে তিনি বৃদ্ধ লাভ করিয়াছিলেন)। বৈশ্রবীধিতে প্রস্তুত ইইয়াছিলেন বলিয়া নামকরণ-দিবলে তাঁহার নাম হইল 'বেস্সন্তর।' এই জ্ঞাই ক্ষিত হইয়া থাকে বে.

১৬। মাতৃক্ল, কিংবা পিতৃক্ল হ'তে করি নাই আমি অনাম প্রহণ ; বৈজ্ঞবীধি মাবে হইস্ প্রস্ত ; নাম "বেস্সন্তর" মোর দে কারণ।

त्य पिन महामय ज्ञिष्ठं हहेरान, राहे पिराहे अक जाकानहाति । हिजनी अकि मर्सप्रमाणनपुक नर्सरचे दिजनी का निया, राशारा त्राचाव मनगरणी वाकिए राहेशार वाशिया
राजा। महानरपत्र व्याणात्र व्याणात्य व्याणात्र व्याणात्र व्याणात्य व्याणात्य व्याणात्य व्याणात्य व्याणात्य व्याणात्

1 . 7 . 4

<sup>\*</sup> थित।

<sup>\*</sup> अरे परका मूनगन्-नाजन ( cor ) उहेरा।

রাজাকে এ কথা জানাইলে তিনি বলিলেন," আমার পুত্র যাহা নিয়াছে তাহা উপযুক্ত দানই হইয়াছে; উহা বন্ধদেয় (বন্ধদেয়) ক বলিয়া গণ্য হউক।" তিনি কুমারের জন্ম আবার এক প্রেম্ব আভাবন প্রেম্বত করাইলেন। কিন্তু কুমার লৈশবেই সেইগুলিও ধাতীদিগকে দান করিলেন। এইরপে একে একে নয় বার অলহার গড়া হইল; কুমার নয় বার দেগুলি ধাতী-

মহাসন্তের বয়স্ যথন আট বংসর, তথন তিনি একদিন শ্যায় আসীন হইয়া ভাবিতে লাগিলেন, 'আমি যাহা দান করি, তাহা সমন্তই বহিরাগত; ইহাতে আমার পরিতোষ হয় না। যাহা আমার ভিতরে আছে—আমার অকপ্রত্যাল, আমার দেহ—তাহাই আমার দান করিতে ইচ্ছা। কেই যদি আমার হৃংপিও চায়, আমি নিজের বক্ষঃম্বল বিদীর্ণ করিয়া হংপিওটা বাহির করিয়া দিব; কেই যদি আমার চকুত্ইটা চায়, তবে চকুই উৎপাটন করিয়া ভাহার প্রার্থনা পূর্ব করিয় দেব; কেই যদি আমার শরীরের মাংস চায়, তবে সমন্ত দেহ হইতে মাংস ছেদন করিয়া তাহাকে দান করিব।' মনে মনে মধন তিনি এইরূপে তাঁহার প্রকৃত্ত উদ্বেশ্ত চিন্তা করিতে লাগিলেন, তথন চতুনছিত ও ছিলক ঘোলন বিত্ত হা, বিশালা পৃথিবী মন্তবারণের ফায় গর্জন করিতে করিতে করিতে কাপিয়া উঠিল, পর্বতরাল হুমেক উত্তপ্তকাসিছ বেআক্রের ফায় করেতে করিতে করিতে করিতে করিতে করিলে হেইয়া নৃত্য করিতে লাগিল, পৃথিবীর গর্জনে আকাশও গর্জন করিতে করিতে অকল্মাৎ বারিবর্ষণ করিল, মেঘের কোলে বিহুলতা ক্রিতে লাগিল, নাগর উত্তেলিত হুইল, ব্রন্ধলোক পর্যন্ত সমন্ত জগৎ কোলাইলম্ম হুইল। এই জন্ত ক্রিও হুইয়া থাকে বে.

১৭ ৷ জিলাম বালক কৰে च्छेवर्व वत्रम् यथन, তথন(ই) আসাদে বসি शांत शिष्ठ कवित्र मनत । अप । कविनात्र मस्य दिव. (कह यक्ति pica भाव कारक চক্ষর ৎপিত্ত-মাংস-वरक आपि एएट याहा आहर. ভাহাও করিতে দান ত্তীব না কাত্র কথন। এ দত সকল মোর ত্ৰিলগৎ কম্বক ভাৰণ। ১৯ ৷ এ সভা কাষনা মনে করিলাম বথন নির্ভয়ে বিশ্বরে কাঁপিল, বেন অৰুতাং সানচাত হ'লে, विश्रमा शृथियो এहे. প্ৰবেক্ত কিরীট শিরে বার. কর্বে অবতংসমূপে শেভে কঠ কানন কুম্ম।

বোধিসন্থের বয়স্ যথন বোড়শবর্ষ হইল, তথনই তিনি সর্ক্বিভায় বৃংপত্তি লাভ করিলেন। তথন পিতা তাঁহাকে রাজ্য দান করিবার ইচ্ছা করিলেন। তিনি পৃষ্তীর সহিত মত্ত্বণা করিয়া মত্তরাজকুল হইতে বোধিসত্ত্বের মাতৃলকভা মাজীকে আনমনপূর্বক ভাঁহাকে বোড়শসইল রমণীর মধ্যে শ্রেষ্ঠাসন দান করিয়া মহাসত্ত্বের অগ্রমহিধী করিলেন। অতঃপর বোধিসত্ত রাজপদে অভিবিক্ত হইলেন; এবং অভিবেকের পর হইতেই প্রতিদিন ছয় লক মুল্রা-দানের ব্যবস্থা করিয়া মহাদান আরম্ভ করিলেন।

কালক্ৰমে মাজী দেবী এক পুত্ৰ প্ৰস্ব করিলেন। তিনি ভূমিষ্ঠ হইলে তাঁহাকে কাঞ্চন-আৰু বারা ঢাকা দেওৱা হইয়াছিল বলিয়া তাঁহার নাম হইল আলিকুমার। তিনি বধন ইাটিতে শিবিলেন, তখন মাজী এক কলা প্ৰস্ব করিলেন। তাঁহাকে কুফাজিন বারা ছাকা দেওৱা হইয়াছিল বলিয়া তাঁহার নাম হইল কুফাজিনা।

 <sup>&#</sup>x27;अम्बद्धश' — छेश्कुडेशान, (अंडेलान, तासाव शान ; वाश दिएछ नाछात्र मण्यूर्ग व्यविकांत व्याद्ध ।

<sup>+ &#</sup>x27;वारिवर्गन' अव: 'वाक विक्रियान' मृश्या वर्ष परश्व निविवासक (०>>) कहेगा ।

## ( )

মহাসৰ প্রতিমাসে ছয় বার অবস্থত গজবরের ক্তমে আরোহণপর্কক চয়টা দানলালা পরিদর্শন করিতেন। ঐ সময়ে কলিক রাজ্যে অনাবৃষ্টি হইয়াছিল। দেজন্ত শস্ত জলো নাই, ভীষ্ণ ছডিক হইরাছিল : লোকে জীবনধারণে অসমর্থ হইরা চৌর্যো প্রবন্ত হইরাছিল। তর্ভিক্ষপীডিত জানপদগণ রাজসদনে সমবেত হুইয়া রাজাকে তিরস্কার করিতে লাগিল। তাহা শুনিয়া রাজা खिखांगिरनन, "कि ट्रेशां : वांश गकन ?" श्रेखांता छाटारमत छ: (थत कांटिनी खानांटेन: "আমি বৃষ্টি বর্ষণ করাইডেভি" বলিয়া রাজা ভাচাদিগকে বিদায় দিলেন। তিনি ষ্ণারীতি শীলত্রত গ্রহণ করিলেন, পোষধ পালন করিতে লাগিলেন, কিন্তু বৃষ্টিবর্ষণ করাইতে পারিলেন না। তথন তিনি নাগরিকদিগকে ডাকাইয়া বলিলেন, ''আমি ষ্থারীতি শীল পালন করিতেছি, পোষ্ণী ইইয়াছে, কিল্প বৃষ্টিপাতন করিতে পারিতেছি না। এখন আমার কর্জবা কি বল। নাগরিকেরা বলিল, "মহারাজ, জেতুত্তর নগরে সঞ্জয়রাজপুত্র বিশ্বস্তর দানাভিরত: তাঁহার একটা সর্ববেত মঙ্গলহন্তী আছে: ঐ হন্তী ঘেখানে যায়, দেখানেই বারিবর্ধণ হইন্না থাকে। আপনি যদি নিজে বৃষ্টিপাত ঘটাইতে অসমর্থ হন, তবে ব্রাহ্মপদিগকে পাঠাইয়া যাজ্ঞা করাইয়া ঐ হন্তী আনরন করুন।" "বেশ প্রামর্শ দিয়াছ" বলিয়া রাজা তাহাদের প্রস্তাবে সম্মত हरेलन. बाखनिगरक ममरवं क्यारेश कांशास्त्र मधा रहेरा चाठकनरक वाहिश नहरतन এবং ঐ আট্রন্তনকে উপযুক্ত পাথেয় প্রদানপূর্বকি বলিলেন, "আপনারা বাতা করুন; বিশ্বস্তরের নিকট যাজা করিয়া হত্তীটা লইয়া আন্তন।" প্রান্ধণেরা ঘণাকালে কেতত্তরে উপনীত रहेत्नन, मान्यानात अब आशांत कतिया अ च त्मार धींग विकित्र ७ कर्मम त्मान कतितनन, এবং পূর্ণিমার দিন বিশ্বস্তারের নিকট হতী চাহিবেন এই উদ্দেশ্যে, তিনি ধ্থন দানশালায় আণিতেছিলেন, দেই সময়ে প্রবিহারে গিয়া অবস্থিতি করিতে লাগিলেন। বিশ্বস্তর দানশালা পরিদর্শন করিবার অভিপ্রায়ে প্রাতঃকালেই বোলটা গছোদকপূর্ণ ঘটে স্থান করিয়া আহারাত্তে প্রসাধন সমাপনপূর্বক অলম্ভত গলবরের ক্ষমে আরোহণ করিয়া পূর্ববারে উপস্থিত हरेंदिन । बामार वा रायार जारा कि इ विवास व्यवसान ना शारेया मिक पहारत शिक्ष কোন উন্নত ভূভাগে অবস্থিত হইলেন। বিশ্বস্তর পূর্বহারের দান-বিতরণ পরিদর্শন করিয়া वथन मिक्किनदारत উপश्विष्ठ बहेरमन, छथन छ।हात्रा इन्छ अमात्रमभूर्कक "विश्वस्तरत सम् इन्डिक" विनिधा वानीकाम कतिरात्त । महामच वान्यनिमारक दाविधा छाहाता दिशाद हिर्मत, दगहे चात्र रुखी हानाहेरनन अवर रुखीत सद्ध जागीन शांकियांहे क्षथम शांधा बनिरानन :--

ইয়াছে দীৰ্ঘ ককলোম, বৰ সৰ;
 পকে লিপ্ত দকলাল;
 বৃদ্ধি-পুনৱিত কেল;
—এ কেলে তোম্মা
প্ৰসাৱি ছক্ষিৰ হক্ত কি চাহিছ, বছ ?

देश छनिया बाचार्यया बनितनन.

१४। चितित भागसक्ती जूनि शांतरीत ;
क्रांदिएकहि तक्त अक त्यांता छुट होते।
वेदारक, वराजात्तरहम्पत्रवर्षः
और स्वस्त्र छद करा, जून, हात ।

ইহা শুনিরা মহাসম্ব ভাবিলেন, 'আমি আধ্যাত্মিকদানে কৃতসংস্ক হইন। নিজের মজ্জ প্রেডি বিতে অভিনাবী হইরাছি; ইহারা ড কেবল বাহা বাহ্ বস্তু, ভাহাই বাহ্রা ভারতেছে। ইহাবিগের মনোরথ পূর্ণ করিতেছি। ইহা ছির করিরা তিনি গলবরের স্বভ্ত হৈতেই বলিলেন,

২২। চাহেন আক্ষণণ ৰাজাৰ বাহন, মদমাৰী, দীৰ্ঘদন্ত এই গজোন্তম। অকুণ্ঠিত চিতে ইহা কৱিলাদ দান।

এই প্রতিজ্ঞা করিয়া

१०। হৃদ্দ-সম্বল্প বানে শিবির পালক

থাতারি গজাবর-ছক্ক হ'তে তবে

করেন ব্রাহ্মণগণে সম্প্রদান তাহা।

ঐ হতীর চারি পাথের অলকারের মূল্য ছিল চারি লক্ষ মূলা; পার্থব্যের অলকারের মূল্য ছিল ছই লক্ষ মূলা; উহার উদরের নিম্নে যে ক্ষল থাকিত, তাহার মূল্য এক লক্ষ মূলা; পৃষ্ঠোপরি মূক্তাঞ্চালা, কাঞ্চনজাল ও মণিজাল এই যে তিনটা জাল ছিল, দে গুলির মূল্য তিন লক্ষ মূলা; কর্ণব্যে যে আভরণ ছিল তাহার মূল্য ছই লক্ষ মূলা; পৃষ্ঠোপরি যে ক্ষল আভত হইত, তাহার মূল্য এক লক্ষ মূলা; কর্ণক্রের আভরণের মূল্য এক লক্ষ মূলা; কর্ণক্রের অলভরণের মূল্য এই লক্ষ মূলা; কর্ণক্রের অলভরণের মূল্য ছই লক্ষ মূলা; দত্তব্যের অলভারের মূল্য ছই লক্ষ মূলা; ভত্তস্থ অভিকাকার আভরণের মূল্য এক লক্ষ মূলা; লাঙ্গলালকারের মূল্য এক লক্ষ মূলা। ইহা ব্যতীত তাহার দেহত্ব মঞ্চাঞ্চ আভরণের মূল্য ছবিংশতি লক্ষ, তাহার পৃষ্ঠোপরি আরোহণ করিবার জন্ত নিম্নিত কিন্ধ। আবার উহার ছন্ত্রপৃষ্ঠে মিনি, চুড়ামিনি, মূক্তাহারে মিনি, অঙ্কুলে মিনি, কঠন্থ মূক্তাহারে মিনি, কুজে মিনি, এই কপ্রতিধ অমূল্যধন আহ্মণদিগকে দান করিলেন। কেবল ইহাই নহে; তিনি হন্তীর সেবার জন্ত হন্তিপাল প্রভৃতির সহিত পাঁচ শ ঘর পরিচারকও দান করিলেন। এই দানের প্রভাবে, পূর্বের যেরপ বলা ইইয়াছে সেইভাবে ভুকুক্ষনাদি হইল।

ि धेरै देखांछ विभएसार वाथा। कदिवाद सम्म माला विमानन.

- ২৪। জারিল ভাষণ ভয়, কাঁশিল মেদিনী, শিহরি উঠিল সবে, ববে বিবভর করিলেন সম্প্রদান সেই গজবর।
- পাইল ভীষণ ভয় নাগরি কগণ,
  শিহরি হইল কুক, ববে বিশ্বস্তর

  করিলেন সম্প্রদান সেই গম্বন্তর।
- শমাকুলা হ'ল পুরী, মহা কোলাহলে
  নিনানিত চতুন্দিক, যবে বিষয়্তর
  করিলেন সম্প্রদান সেই পঞ্চবর ।

সমত কেতৃত্ব নগর সংক্ষ হইল। কলিলবান্ধণণ দক্ষিণ্দারে হন্তী লাভ করিয়া তাহার পূঠে উপবেশন করিলেন এবং বহু অন্নচর-পরিবৃত হইয়া নগরের মধ্য দিয়া যাত্রা করিলেন। ইহা দেখিয়া নগরবাসীরা বলিতে লাগিল, "ভো বান্ধণগণ! তোমরা আনাদের হন্তীর পূঠে আরোহণ করিয়া উহাকে কোথায় লইয়া যাইতেছ?" বান্ধণেরা নানারপ হন্তভলী করিয়া উত্তর দিলেন, "মহারাজ বিশ্বত্তর আমাদিগকে এই হন্তী দান করিয়াছেন। তোমরা জিজ্ঞাসা করিবার কে।" তাহারা নগরের মধ্য দিয়া গমনপূর্কক দৈবান্ধ্রাহে উত্তরহার হারা নিক্ষান্ত ইইলেন। নগরবাসীরা বোধিসন্তের উপর কুছ হইল এবং বাজহারে সম্বেত হইয়া উচ্চৈত্বরে তাহার নিন্দা করিতে লাগিল।

এই বৃদ্ধান্ত কুশাইরূপে থাক্ত করিবার বাক্ত শান্তা বলিলেন, ৭৭। উঠিল তীবণ, মহাভূমূল নিনাদ, কাপিয়া উঠিল ধরা, যবে বিবত্তর ক্ষিলেন সম্মান্তান সেই ব্যব্তর। ১৮। উঠিল ভীবণ, মহাজুবল নিনাদ,
নগরবাদীরা সবে সংক্ষুত্ব হইল,
করিকেন বিবস্তর ববে গজ দান।
 ১৯। উঠিল ভীবণ, মহাজুমুল নিনাদ,
শিবির পালক ববে সেই গজবর

নগরবাসীরা বিশ্বতরের দানে সংক্ষ হইয়া রাজা সঞ্চলে এই ব্যাপার জানাইল। এই জয়ই ক্থিত হইয়া থাকে যে,

कतिक अञ्चलनार्व कविरतन प्रान ।

৩০ ৷ উগ্র<sup>©</sup>রামপুর-বৈশ্র বাক্তণাতি নাগরিকপ্র হৰি-পত্তি আছি অগণন, প্রসাধি-দেহরকি-৩১। সকল নিগমবাসী. क्षनभवतामी दावां मदन. कतित्वरा शव तार বেতেতে দেখিতে পেল ঘৰে. সমবেত হ'ল পিরা তথনই রাঞ্চার আবাদে উল্লেখ্যে অভিযোগ করে ভারা ভারার সকালে। ৩২। 'ভ'ল রাজ্য ছারখার। কেন তব পুত্র বিশ্বর श्रक बांकावाजी बादा. करत मान दहन शंववत ? पढ यात : मारे यात मछ ००। सेवावर शोधाकात অন্ত কোন কুঞ্জর সমর্থ. ৰহিতে বিপুলভার সর্ব্বেড, সর্ক্বিধ বৃদ্ধক্ষত্ৰে বাছি বেই লয় করিতে পারিবে শত্রুক্তর হেন স্থান, বেখা হতে কৈলাদের মত গুলুকার. 08, ७०१ अमन मंत्रासमन. महत्रांवी, यानव्यर्क রামবাহী গরে।তমে, হার. কলিছ-ভ্ৰান্ধণগণে कतितान शान जिनि जात. পাণুকম্বলাচ্ছাদন — हामत्रावित्रह, महातास । বাচি বাছি গজাচার্ব্য আরু निश्व अवर्यत्याम

**ब्रह्म, अ कि वार्यव्हाशंत्र ।** 

#### ভাহারা আরও বলিল.

তি । অরপানবর্ত্তশব্যা দাতারা করেন বটে দান ;
আপত্তি তাহাতে নাই ; দানাই ব্রাহ্মণে তাহা পান ।
তব । কিন্তু যিনি শিবিধের ক্লাক্রমাগত অধীদর,
করিকেন গলবর দান কেন নেই বিশ্বস্তর ।
তাহাদের হাতে তব প্রত্তমহা ঘটিবে গতন ।

দিরাছেন সঙ্গে তার।

প্রজাদের কথা ওনিয়া রাজার মনে হইল, ভাহারা বৃথি বিশ্বভারের প্রাণবধ করিতে। তিনি বলিলেন,

বা'ক রাজ্য অধংগাতে,

 তিনি প্রজাবের কথা

 তিরস পুরুকে বীর

 বাণাধিক প্রির সেই;

 বা'ক রাজ্য অধংগাতে;

 তিনি প্রজাবের কথা

 তিনি প্রজাবের

গ্রেখ পক্ষীর অর্থ টিকাকারের বতে 'উপ্পতা পঞ্কাতা'—স্বিধ্যাত। ইংবাকী অনুবাবে ইহা 'উএক্রির'
ক্রিলা ধরা চইলাছে।

<sup>🔭 🛊 &#</sup>x27;नाव्सनः'—चवर्सात्वकावित्तव मृहिष्ठ । चवर्सात्वत्व ववनाव्यनवत्व मञ्ज चाहर ।

**আন্তন্ত পুত্রকে বী**ন্ন প্রাণাধিক পুত্র সেই,

ভার্য-শীলবান্ সেই;
 ভব আমি মহাপাপী;
 প্রাণাপেকা বানি ভাল
 পিতা হয়ে শন্তাঘাতে

রাজ্য হ'তে আমি নির্ব্বাসন;
কোন দোহ করেনি কখন।
করি যদি তার কোন ক্ষতি,
যটিবে কলক মোর অতি।

প্রম ধার্মিক বিশ্বস্তরে ; ক্ষরিতে কি পারি বধ ভারে ?

## शिविदाकावामीता विनन,

হও কিংবা শস্ত্রাঘাতে

শৃত্বলৈ আবদ্ধ হয়ে

কর, মহারাজ, তুমি
আতে যথা বন্ধ গিরি.

করা'তে চাইনা মোরা থাকিবার যোগ্য নদ এ রাজ্য হইতে তাঁর দেখানে বসতি তিনি

আহত তাঁহারে;
তিনি কারাগারে।
শাস্ত নির্বাসন;
করুন এখন।

রাজা বলিলেন,

৪৩। বুঝিলাম শিবিদের সক্তর ইহাই; এক রাজি মাত্র সবে দাও বিশ্বতরে ৪৪। প্রভাত হইলে রাজি, উদিলে তপন, ছয়ে সবে এক মত, ইচ্ছা যদি করে. বিক্লমে ইহার আসি বেতে নাহি চাই। ভুঞ্জিতে বিষয়প্থ থাকি এ নগরে। সমবেত হো'ক শিবিরাঞ্যবাসিগণ; কঙ্গক ভাহারা নির্বাসিত বিষয়রে।

প্রস্থার রাজার প্রস্তাবে সমত হইয়া বলিল, "তিনি এক রাত্রির জন্ত এথানে থাকুন।" সঞ্জয় তথন তাহাদিগকে বিদায় দিলেন এবং পুত্রকে সংবাদ দিবার জন্ত একজন কর্মচারীকে বিশ্বস্তরের নিকট যাইতে বলিলেন। কর্মচারী 'যে আজ্ঞা' বলিয়া বিশ্বস্তরের নিকট গ্যন ক্রিলেন এবং তাঁহাকে সমস্ত ঘটনা জানাইলেন।

[ এই বুডাত বিশদরূপে বর্ণনা করিবার জন্ত শান্তা বলিলেন,

- উঠ, কর্তা, শীল্প গিয়া বল বিবস্তরে,
   "শিবিরাজ্যবাসিগণ হইরাছে বড়
  কুদ্ধ তব প্রতি, দেব; নাগরিক সবে—
- ৪৬ । উত্তরান্ধপুত্র-বৈশ্ব-ব্রাহ্মণ প্রভৃতি, বোধগণ বভ--গলসাদি-বেহরন্ধি-রধি-পদাতিক – সর্বজনপদ্বাসী হউরাছে সমবেত দ্বিতে ভোমার।
- গে পোহাইলে এই রাজি, প্র্রোদর কালে একমত হরে শিবিদেশবাদী সবে করিবে এ রাজ্য হতে তব নির্বাদন।"
- ৪৮, ৫৯। সঞ্জরের আন্তা পেরে, গুইরা মন্তক, হল্পর বদন কর্তা করি পরিধান, কনক-বলর পরি, কর্পে নিপিনর ক্রেলবুলল, চল্পনাম্লিপ্ত দেহে হল শীঅ উপনীত যে রম্য ভবনে করিতেল বিশ্বস্তর বদতি তবন।
  - পেৰিলেৰ কৰ্ত্তা, বিরাজিছেন কুমারা;
     সেই বীর রম্যাগারে, অমাত্য-বেইতি,
     বেইতি ত্রিহণগণে বাসব বেমন।

<sup>•</sup> মূলে 'কণ্ডা' ( কণ্ডা ) এই পদ আছে। কণ্ডা বা কণ্ডা বলিলে, রাজার কণ্ডারী, বিশেষতঃ সারণি বা লোবারিক বঝার।

<sup>†</sup> বিষয়ৰ তথন নিৰেই বাৰা; কিন্ত ভাহার মাতাণিতা তথনও ৰীবিত বলিয়া তাহাকে 'কুমার' বলা ইইবাছে।—সিকাকার।

- ৫১, ৫২। গিরা শীত্র কর্তা বিষয়রের সকাশে বলিলেন সাক্রমুখে প্রথমি উাহারে, "গুর্জা জুমি, মহারাল, সর্ক্ষনমন্তা; আসিয়াছি নিবেদিতে অন্তল্ভ সংবাদ, অন্তল ভোষার ঠাই মালি সে কারব।
  - eo। শিবিরাজ্যবাসিগণ হইরাছে বড়
    কুদ্ধ তব প্রতি, দেব; নাগরিকগণ
    উঞ্জনাজপুত্র-বৈশ্ব-প্রাহ্মণ—সকলে,
  - ৫৪। বোধগণ বত—গজনাদি-দেহবক্ষি র্বাধ-পদাতিক—সর্ব্যজনপদবাসী হুইরাছে সমবে ত দাখতে তোমার।

## মহাসম্ব বলিলেন,

শিবিরা আমার প্রতি কুদ্ধ কি কারণ? কোনই ত অগরাধ না হর স্করণ।
 বল, কর্তা, শাষ্ট কবি, জিজ্ঞানি তোমার, কি গোরে তাহার। মোরে নির্মানিকে চার ?

## षाककर्पाता विलालन.

 ওর:রালপুর-বৈশু-রাক্ষণ প্রভৃতি, গলসাদি-দেহরকি-রথি পদাতিক, হইরাছে কুদ্ধ সবে গলদান হেতু।
 চাহ তাই নির্কাদিতে ভোষায়, রালন।

## हेश अनिया मशंत्रच महत्रे श्हेया विलितन,

4 4

- ধন-রত্ন-বর্ণ-বৃদ্ধা-বৈদ্ধা প্রভৃতি
   বাহ্যবন্ত দান—এ ত অতি তুচ্ছ কথা !
   মাণে বদি কেই মোর চকু বা লগর.
   তাহাও অদেহ আমি ভাবি না কথন।
- থেমার দক্ষিণ বাত্ বাতে যদি কেই,
   আকাতরে ছেদি তাহা দিব আমি তারে;
   লানেই পরমা গ্রীতি পাই আমি মনে।
- শিবিরাঞ্যানী সবে করক আমার
   নির্বাসিত, নিহত বা সপ্তবা থভিত।
   পান হ'তে কতু আমি হব বা বিরত।

ইহা ওনিয়া কর্মচারী নিজের বৃদ্ধিমত এমন একটা আদেশ আনাইলেন, যাহা রাজা দেন নাই, নাগরিকেরাও দেয় নাই। তিনি বলিলেন,

)। দিবি নাগরিক আর লানপ্রপণ
সমবেও হ'লে সবে বলিতেকে এবে,
কোন্তিনারা নগীতীরে অরঅ, বলবে
ররেকে পর্কতিয়ালি; অভিমূবে তার
বাই নির্কাসিতগণ; সে পথে সম্বর
ক্ষান ক্ষান লানবত বিবস্তর।

এक দেবতা নাকি কর্মচারীর মুখ দিয়া এই কথাগুলি বলাইয়াছিলেন। ইহা ওনিয়া বোধিনত্ব ভাবিলেন, 'বেল; अधिक्षीता বে পথে প্রস্থান করে, ভাষিও সেই পথেই বাইব। কিছ.নাগরিকেরা আমাকে অস্ত কোন দোবে নির্বাসিত করিতেছে না; আমি হতী দান করিয়াছি এই অস্তই তাহারা আমার নির্বাসন চাহিতেছে। কালেই এ কেলে আমি (নির্বাসনের পূর্বে) সপ্তশতকাধ্য \* মহাদান করিয়া যাইব। নাগরিকেরা আমাকে এই দান সম্পাদন করিবার কনা এক দিনের অবসর দিউক।' তিনি বলিলেন.

৩২। বে পথে চলিয়া বার অপরাধিগণ আমিও সে পথ ধরি করিব গমন।
এক রাত্রি, এক দিন কমুক আমার; ইচছামত করি দান লইব বিদার।

"যে আজ্ঞা। আমি নাগরিকদিগকে এই কথা জানাইডেছি," ইহা বদিয়া কর্মচারী প্রস্থান করিলেন। তাঁহাকে বিদায় দিয়া মহাসন্ধ অনৈক সেনানীকে আহ্বান করিয়া বলিলেন, "আমি আগামী কলা সপ্তশতকাধ্য মহাদান করিয়। সপ্তশত হন্তী, সপ্তশত অব্ধ, সপ্তশত নারী, সপ্তশত ধেম, সপ্তশত দাসী ও সপ্তশত দাস সংগ্রহ কলন; এবং নানাবিধ অল্ল, পানীয়, এমন কি হ্বা প্রভৃতি অন্যান্য দাতব্য প্রব্যও আনয়ন করিয়া রাধুন।" এইরপে সপ্তশতক মহাদানের ব্যবস্থা করিয়া তিনি অমাত্যদিগকে বিদায় দিলেন এবং একাকী মান্ত্রীর ভবনে গমনপূর্বক রাজকীয় পলাকে উপবেশন করিয়া তাঁহাকে সমন্ত বস্তান্ত আনাইলেন।

িএই বুভাত কুম্পটুরূপে ব্যাইবার জন্ম শালা বলিলেন.

चात्र छे अपम मियात्र चिक्यात्य विलागन.

- ৬০। স্কাজ্পুলারী মন্ত্রতাকে সংবাধি বলিলেন বিশ্বর, "যাহা কিছু আমি, ধন ধালা.
- ৩৪। বৰ্গ-মুজা-বৈদ্ধ্য প্ৰভৃতি বিহাছি ডোমাহ, প্ৰিয়ে, গৈতৃক বে ধন পাইহাছ আর তুমি, — সমত এখন করহ ছাপন কোন নিরাপদ ছাবে।"
- ৬০। সর্বাস্থলরী নাড্রী বলেন তথন, "কোধার এ সব, প্রভো, করিব দ্বাসন ?" বিশ্বস্তুর বলিলেন

৬৬। শীলবান্ ব্যক্তি বারা, উাহাদের মাথে বিনি বা' পাইতে বোগা, দাও তাহা তাঁকে
দান হির অফ কোন ছানে প্রাণিগণ নিরাপদে রন্দিতে না পারে নিজ ধন।
মান্ত্রী 'যে আজ্ঞা' বলিয়া তাঁহার প্রস্তোবে সম্মতি জ্ঞাপন করিলেন। বিশ্বস্তর তাঁহাকে

৬৭। প্রগণে ক'রে। সেহ; বজা ও বর্তরে ভক্তিভরে ক'রে। সেবা; ভর্জা বিনি তব ধইবেন অতঃপর, পরিচর্বা। তার করিও যতনে, মাজি, কালে, বাক্যে, মনে। ৬৮। এ রাষা হইতে আমি করিলে প্রস্থান বদি বতঃপ্রবৃত্ত না হরে কোনমন

বদি খতঃপ্ৰবৃত্ত না হয়ে কোনজন চান তব ভৰ্জা হ'তে, ভৰ্জা মনোমত নিলেই খুঁজিয়া লবে। বিয়হে আমার মা যেন শুকারে যায় ও বরাজ তব।

মাজী ভাবিলেন, 'বিশ্বর এরণ কথা বলিডেছেন কেন !' তিনি বলিলেন, "আর্থ্য-পুত্র, আপনি আমাকে এরপ নীতিবিক্ষ কথা বলিডেছেন কেন !'' বিশ্বর বলিলেন, "ভত্তে, আমি হত্তী দান করিয়াছি বলিয়া শিবিরান্ত্যের লোকে জুছ হইয়া আমাকে রাজ্য

<sup>॰</sup> বে বানে এভোক বাতব্য প্রণর্বের সাত্রনটা বাকে।

হইতে নির্বাদিত করিতেছে। আমি আগামী কল্য সপ্তশতকাধ্য দান করিয়া অন্ত হইতে ভূতীয় দিনে নগর হইতে নিজ্মণ করিব।

> ৬৯ ; খাপদসকুল ঘোর অরণ্যে আবার বাইতে হইবে, লিলে। সেই মহাবনে একাকী থাকিলা আনি জীবিত বে রব, এ আশা দুৱাশা বাবে, এই মনে লয়।"

গৰ্মাকশোভনা মাজী বলিলা তথন,
 বলিলে, শুনিলে কিংবা প্রস্তাব এমন
 একাকী বাইবে তুমি – এত ধর্ম নর ।

বৰ প্ৰে তোমার গতি, আমার ওং নে পথ ; ভুঞ্জিব সম্পদে হবং, বিপদে বিপদ্।

বলে যদি কেই নোরে, 'ঘটিবে মরণ
কিন্ত জীবনের হানি হবে না আমার,
মরণই মাগিব আমি, বাঁচিতে না চাই,

তিতানল প্রস্তানিত করিয়া তাহার
কীবন ধারণ, প্রভাে, অনাধ্য আমার;

৭০, ৭৫। সম বা বিষম সিরিবজে বিচরণ পশ্চাতে পশ্চাতে যার হবিনী সভত, শিশু ছুটা কোলে লয়ে; হব না কবন বরঞ্জারিব তব চিত্র বিশোধিত; 'বেন অসলত কথা বল কি কারণ ?
হর লোকে পাপভাক্, নিন্দার ভাষন ।
আমি যাব সলে তব, বলিস্থ নিন্দার ভাষন ।
ভূপ্লিব সন্পদে হবং. বিগদে বিপদ্ ।
তব সলে করি যদি অরণ্যে গমন ;
করি যদি পরিত্যাগ সংসর্গ ভোমার,'
যদি সদা সঙ্গে তব থাকিতে না পাই ।
পূড়িয়া মহণ ভাল ; ছাড়িয়া ভোমার ।
করে বে আরণ্যগল, ভাহার বেমন
আমিও ভোমার সলে যাব সেই মত
প্রভিরা ভোমার আমি । সেবি অম্কর্ণ
নির্ক্তিন্যাসর ক্রেশ হবে অত্বহিত ।

৭৬। যখন এ শিশু ছ'টী আধ আধ করে বলে বসি বর্ষবিবে অমৃতের ধারা, এ রাজ্যের কথা ভূমি ভূলে বাবে সব।

নণ। বধন এ শিশু ছু'টা আধ আৰ ব্যব
কথা বলি বনে বসি খেলিবে, তথন
এ রাজ্যের কথা তমি ভলি বাবে সব।

ণ্দ। সম্য তপোৰনে বৰে শিশু ছু'টা এই মঞ্ভাবে কৰে কথা, গুনি, প্ৰাণেশ্বর, এ বাজ্যের কথা তুমি ভূলি বাবে সৰ।

৮; 1 বনকুহমের মালা পরিবে বথন রম্য তপোবনে তব এই পিণ্ড ছ'টা, মূণচক্র তাহাবের করি ধরণন এ রাজ্যের কথা তমি ভূলি যাবে সব।

৮১ । বনকুহনের মালা পরিরা বধন রম্য তপোবনে তব এই শিশু ছু'টা ধেলিবে, বেধিরা তারা, গুরুহ প্রাণেবর, এ রাজ্যের কথা ভূবি ভূলি বাবে সর।

৮২। বৰকুহৰের মালা পরিয়া বখন রমা ওপোধৰে তব এই শিশু হু'টী নাচিবে আনন্দে, তাহা হোরি, আবেশ্বর, এ রাজ্যের কথা তুমি তুলি বাবে সব।

৮০। বনকুহুমের বালা পরিয়া ধধন বন্য তপোবনে তব এই শিশু ছু'টা নাচিবে, খেলিবে, তাহা হেরি, প্রার্ণেইর এ রাজ্যের কথা তমি ভলি বাবে সর।

वनात्रक, বট্টবর্থ বয়স্ বাহার,

চরিছে একাকী বনে; দেখিয়া তাহায়

এ রাজ্যের কথা তমি তলি বাবে সব।

৮৫। বন্যপঞ্জ, বট্টবর্ষ বয়স্ যাহার, বিচরিছে সার:প্রাত:, দেখিরা ভাহার এ রাজ্যের কথা তুমি ভূলি বাবে সব।

৮৬। বৃথপতি—বউংব্বরত্ব কুঞ্জর
করেণুগণের অত্যে চরিতে চরিতে
করিবে বৃংহণ; শুনি সেই ক্রোঞ্চনায়
এ রাজ্যের কথা তমি তলি বাবে সব।

৮৭। পাধের উভরপার্বে বনস্থনী-শোভা নিরখি, কামদ, \* হবে সার্থক নরন। যদিও বাপদাকীর্ণ সে অরণ্য, তবু এ রাজ্যের কথা তুমি ভূলি বাবে সব।

চ্চ। সারাকে গ্রন্থানে মুগ পঞ্চালী।
আসিতেতে কিরি, যবে করিবে বর্ণন,
কিররগণের নৃত্য দেখিবে বখন,
এ রাজ্যের কথা তমি ভলি বাবে সব।

শ্বাহিনী-সন্হের ফলের গর্জন,
 কিল্লরপপের গান করিয়া শ্বন,
 এ রাজ্যের কথা ভূমি ভূমি হাবে সব।

গিবিশুহাচর উল্কের উচ্চরাব
 হইবে ভোমার যবে অবণগোচর,
 এ রাজ্যের কথা তুমি ভূলি যাবে সব।

১১ ৷ সিংহ-বাত্ম-বজিল ব্যবাদি হিংলাপ এক সলে নিনাদিবে থবে রাজিকালে, পঞ্চাদিক াুডুর্বাধ্বনি ভাবি সে নিনাধে এ রাজ্যের কথা ভূমি ভূলি বাবে সর ।"

ইংা বলিয়া মাজী এমন ভাবে হিমালংখর শোভা বর্ণন করিতে ভনিয়া বোধ হইল, তিনি যেন পুর্বে ঐ অঞ্চল স্বচক্ষে দেখিয়াছিলেন:—

১২। বেটিত সমূরীগণে ময়ূর বধদ আনন্দে করিবে নৃত্য পর্যন্ত-মল্লকে বিভারি বিচিত্র পুজ, হেরি দৃশ্ত সেই এ রাজ্যের কথা তুসি ভুলি বাবে সব।

 <sup>&#</sup>x27;কামছ' এবং 'কামছ' উত্তর পাঠই দেখা বার। আরি 'কামছ' পাঠই গ্রহণ করিলান। বিবস্তর
বারীর পক্ষে সর্বানদাতা।

<sup>†</sup> शिकाकात 'शकवानी' नरवात रकान वाश्या करतम नाहे । मूठम शांकि व्यक्तिशरम देशरक 'रक्तवस्तु दिरमर' बना दरेशरह ।

<sup>‡</sup> আডত, বিতত, আডত-বিতত, খন ও ক্ষির-এই পঞ্চিব ব্যের বাজ। আডত-নাহার এক মুধ্ চাবে চাকা; বিতত-নাহার বুই সুধই চাবে চাকা; আডত-বিতত, বেমন বীণা ইত্যাদি। খন-বেমন কাসত্র, ক্ষতাল ইত্যাদি। খনিযু অধীং ডিয়েগুড়, বেমন শাধ, বীলী, ভবত।

বেউত্যুম্বুরীগণে মর্ব বণন
 ধানারি চিত্রিত পুচ্ছ নাচিবে আনাল,
 বাজ্যের কথা ভূলি যাবে সব।

 বাজ্যের কথা ভূলি যাবে সব।

 বাজ্যের কথা ভূলি আবা সব।

 বাজ্যের কথা ভূলি জুলি বাবে সব।

 বিভাগেরে তরুগণ পূলিত হইবা

বিভারিবে চারিদিকে সৌরস্ত; তবন:
 এ রাজ্যের কথা ভূমি ভূলি যাবে সব।

১৬। বিমাতারে ইবিণাবরণ-বিভূমিতা
 মেদিনীর নির্থিবে শোডা ননোলোভা;

বেদিনীর নিরধিবে শোভা ননোলোভা উজ্জ্ব-লোহিতবর্গ ইস্রগোপ কাট করিবে দে বসনের বৈচিত্র সাধন। এ রাজ্যের কথা তুমি ভূলিবে তথন। ৯৭। বিমাতারে ফুপ্পিত হবে তঞ্চগ্—

১৭। বিষাতারে বুপুম্পত হবে ওরুগণ— বিষয়াল†গোয় গিরিময়িয়। প্রভৃতি— মারুত হিয়োলে করি নৌরত বিতার। এ রাজ্যের কথা তুমি ভূলিবে তথন।

হিমাতায়ে হপুলিতা হবে বনছনী;
 বেখা দিবে কমকের কোরক হল্পর।
 এ রাজ্যের কথা তুমি ভলিবে তথন ।1

মাজী খেন হিমালম্বাদিনী, এই ভাবে তিনি উক্ত গাধাগুলিতে হিমালম বর্ণনা কবিলেন।

## হিমালয়বর্ণন সমাপ্ত।

## (0)

এদিকে পৃষ্তী দেবী ভাবিতেছিলেন, 'আমার পুজের প্রতি অতি নিষ্ঠুর আজ্ঞা দেওয়া হইরাছে; তাহা শুনিয়া বাছা আমার কি করিতেছে, দেখি গিয়া।' তিনি আর্ড গোষানে আরোহণ করিয়া বিশ্বস্তবের ভবনে গমন করিলেন, এবং তাঁহার শয়নকক্ষের ছারে দীড়াইয়া বিশ্বস্তবে ও মান্তীর কথোণকথন শুনিয়া করুণস্বরে বিলাপ করিতে লাগিলেন :—

[ এই वृक्षां विभागकान वृक्षादेवांत कह गांछ। विभागन,

প্র, প্রবধু বসি কক্ষ-অভ্যন্তরে করিতেছিলেন বাহা কথোপকথন, গুনি যশবিনী রাণী পৃবতী সকল করণ বিগাপ কভ করিবেন, হার ।

 বিবপানে, কিবো পড়ি ভুগুছান হ'তে, কিবো উবস্তনে বুড়া—নেও মোর ভাল; সর্ব্ববের, নির্বাসিত করিতে কি হেতু তারে চার ?

মূলে ময়ুরের 'অওল' এই বিশেবণ আছে। অনাবশুক বলিয়া ইহা পরিতাক হইল।

† বিশ্বজ্ঞান বা বিশ্বজ্ঞান-সক্ত কুরুবক বৃক্ষ। মূলে 'লোম-প্রকং' এবং 'লোড্ড পড্ডকং' এট রুই পাঠ আছে। উভর পাঠই অবাস্থক।

‡ পেবের চারিটা গাখার প্রশোলানের কাল 'হেমডে', 'হেমডিকে সালে' ও 'হেমডিকে' প্রথারা নির্দিষ্ট ছইরাছে। ইহা অখাতাবিক, বিশেষতা হিমালের। এই লগু আরি 'হেমডিকে' প্রের পরিবর্তে 'হিমালেরে' (হিমালেরে, অর্থাৎ নীও অন্তর অবসানে ) এই পাঠি কল্পনা করিলাম।

১০১। নানাবিজ্ঞাবিশারদ, মূক্ত-হত লানে,
থানশৌও, অসংসর, যশংকীর্দ্তিমান্,—
প্রতিপক্ষ রাজগণ গুণপালে বার
বন্ধ হরে করে পূলা, হেন দোবহীন
বিষম্ভরে তারা কেন নির্বাসিতে চার ?
১০২। মাতার পিতার দেবা করে যে যতনে,
সন্মানে সতত তোবে কুগল্লোর্কগণে,
হেন দোবহীন মোর পুত্র বিষম্ভরে
কি হেতু প্রজারা বনে নির্বাসিত করে ?
১০৩। রাজার, রাণীর, জ্ঞাতিবন্ধু সকলের—
সমস্ত রাজ্যের হিতকারী বিষম্ভর !
সর্ববিধদোবহীন হেন পুত্রে মোর

এইরপ করণ পরিদেবন করিয়া এবং পুত্র ও পুত্রবধ্কে আখাদ দিয়া পৃষভীদেবী বাজাব দেজবের) নিকট পিয়া বলিলেন.

কি হেড প্রভারা বনে নির্মাসিত করে গ

মিক কারা প্লাইলে মৌচাক হইন্তে

 যার ইচ্ছা সেই মধু লুঠি লরে বার ;

 স্তলে পড়িলে আম, বে সে আসি দেখা

 কুড়াইরা লর তাহা ; ঠিক সেই রূপ

 হইবে এ রাল্য তব ভোগ্য বার তার,

 বিনাদোবে পুত্রে যদি কর নির্বাসিত ।

 ১০৫ । ছাড়ি যাবে অমাত্যেরা এ রাল্য তোমার ;

 একাকা পাইবে কট, পার বে প্রকার

 হিরপক্ষ বংস গুরু পাবলে পড়িয়া ।

 ১০৬ । তাই বলি, মহারাল, আয়হিত তুবি

 করিও না পরিহার । প্রনার ক্র্যায়

 বিনাহোবে বিবস্করে পাঠা'ও বা ববে ।

देश छनिश दाका दनिरमन.

সাগিলেন বে,

১০৭। নিবিমেট বিষয়েরে নির্বাদিও করি
পালিভেছি, ভয়ে, আমি কুলক্রমানত
নিবিরালধর্ম আছে। প্রাণাণেকা বিষ
সভ্য বটে পুত্র নোর; তথাপি তাহার
ছারা হতে বির্বাদন ঘটনে নিকর।

ইহা শুনিৰা পৃষ্ঠীবেবী পৰিবেষন কৰিতে লাগিলেন ঃ—

১০৮। বাজাকানে সমুধাৰী বইত বাহার
ব্যক্তিব ; স্থান্তিত পতাকাল সৰ

ক্ষেত্ৰৰ ইত মনে, চলিতেছে বেষ
বাচ শত ক্ষ কৰিবান সকে ভার ।

সেই বিষত্তৰ আল বিলা সোৰে, মুন্ত,
ক্রাকী বিজন বনে লালা চাড়ি বাহার
ব্যক্তিব ; স্বান্তিত পতাকাল সম

ক্ষেত্ৰৰ ইত কনে, চলিতেছে বেষ

वक्रीक पर्निशंद-पर ग्रंम कांद्र।

(महे विश्वत कांस विना (मारा. sia. अकाको विजनवरन बाला छाछि यात्र ! ১১০। বাজাকালে অনুগামী চটত যাচার বিচিত্রবসনধারী হোধ অগণন। বেধিলে ভটত মনে, চলিভেছে বেন বচ কল কৰিকার ডক্ত সঞ্চে ভার। সেই বিশ্বস্তৱ আল বিনা লোবে, চাব, একাকী বিজন বনে রাজা ছাডি যার। ১১১। বাৰোকালে অসুগামী চইতে যাহাব বিচিত্রবসনধারী যোগ অগবন দেখিলে চউত মনে, চলিতেভে যের প্রকৃতিত কর্ণিকারবন সঙ্গে তার। সেই বিশ্বস্তর আঞ্চ বিনাদোবে, ছার, এकाकी विक्रम वर्त शंका छाछि बांद्र। ১১২। যাকোকালে সঙ্গে যার খেত এছ দিন সহস্ৰ সহস্ৰ যোদ্ধা ক্ষবি পৰিধান ইল্রগোপনিভরক গান্ধার-কম্মল (महे विश्वत खोल विनाद्यात, कार. একাকী বিজন বনে রাজ্য ছাভি যায়। ১১৩। পজপুঠে, শিবিকার, কিংবা রথে বৃদ্ চলিত যে এতকাল, সেই বিশ্বস্তর কিরূপে ষাইবে, হার, পদব্রক্তে আজ ? ১১৪ ৷ হইত চলনে লিপ্ত শরীর বাহার. নতাগীভধ্বনি য'ারে বিনিজ করিত, কিরূপে সে পরিধান করিবে এখন কর্কণ অজিনবাস ? বচিবে কিকপে কঠার, ভিক্ষার ভাগু, বাঁক সেই আর • ১১¢। কাবার বসন কিংবা অঙিন কি হেতু ष्यात नारे अठकन ? यात वान तारे. শিখার না কেন তারে জানে বারা নিজে. কিরূপে ৰান্ধিতে হয় শরীরে বক্তল গ - बारक विश्वत है। विविद्यन बाला. कि कृत्य खत्रां शिशा त्रत विश्वकत । ১১৬ ৷ নির্কাসিত নৃগতিরা অলে কি প্রকারে करतम खत्रांग तिशं वक्त शांत्र । बाजक्या-- बाजवप् माजी, हांब, हांब, কুৰচীর" পরিধাৰ করিবে কিব্রূপে ? ১১৭। ভাশীজাত বস্তু, কুটুৰৰ দেশজাত 🕂 কৌৰবন্ত, এই সৰ পৰে বে সভত নে মাত্রী কুপের চীর পরিবে কেমনে ? bw । निविका-तथानि यात्म अविक रव तथा । সে অনবড়ালী আত্র পারিবে কি হাত্র,

विष्ठविट्ड भरतका त्वात वनभाव ?

होत्र क्रिविय—यक्त, कृत क्ष क्तक ।

<sup>🛊 -</sup> स्ट्रिय-नगरण वर्ष वर्ण्य क्ष्म गुर्केर मेका अहेरा।

১১»। ऋरकामन कत्रठल : हतून हु श्वानि

- কোমল পাতকা দ্বারা বাকে প্রক্রিত . সে অনবছঃ ী ভীকু প্রেবধ যোৱ शांतिरव कि शहरक अधिरक कराना ? )२. । श्राकांत्रल श्राप्तल :-- हरश्यक পীড়িত হুইড হার সুধর্ণপ্রচিত কোমল পাছকা পরি, সে অনবজালী किताल राडित राज जननाम काम । ১২)। সালা পরি যেত মালী কোথাও হলন वांडेक महत्र सामी प्राप्त काल कार . সে অনবআক্ৰী, ভাষ আঞ্চ কি পাবিৰে চলিতে ভীষৰ মহাবৰো একাভিনী ? ১২২। শুগালের রব গুলি মৃত্যু ह: বেই কাপিয়া উচিত ভাষে গে অনবজ্ঞালী কিবলে যাটবে আছ ভ্ৰাব্য বান ? ১২০। উল্পোক্তগত বলি জানে বাবে সবে সে পেচৰ বাজিকালে ডাকিন বখন. শুনিতে পাইলে মাদ্রী দে বিকট বব. সভয়ে উঠিত কাঁপি ভভাবিষ্টাবং ie সে অনবজাকী ভীকু, ছাৰু, কি প্ৰকাৰে ছাপদসকল বনে করিবে গমন ? ১২৪। খাবক মেরেছে বাবে: খনা নীত হেরি
- শোকে কর্জনিত হর পদ্দিণী বেমন, তেমতি আমিও হার, তিল ভিল করি ওকারে মরিব প্রির পুত্রের বিহনে। ১২৬। শাংক মেরেছে ব্যাবে: শুমা দীড় হেরি দুঃবিনী পদ্দিণী বধা ইতঃততঃ ধার, প্রির পুত্রে মেধিতে না পেরে আমি, হার,

পকিণী বেষৰ হয় শোকাতুরা অভি,
শৃক্ত দেখি আমি বিষম্ভরের ভবন
তেমতি ছইব দশ্ধ চিরশোকানলে।
১২৫। শাবক বেরেছে ব্যাথে: শুন্য নীড হেরি

- তেমতি ছুট্টৰ সহা পাগলিনী-থার।

  ১২৭। পাবক বেরেছে ব্যাবে; পুত নীড় হেরি
  কুররী বেষন হয় পোকাতুরা অভি,
  পুত বেধি আনি বিশ্বভ্রের ভ্রম্ব
  ভেমতি হুইৰ ক্স চিরপোকানমে।
- ১২৮। পাৰক বেরেছে ব্যাধে; পুত বীড় হৈছি পোকে কাজীত হয় কুন্তরী বেবন, ডেমতি আমিও, হার, তিস তিস করি শুকারে মরিব বির পুত্রের বিহসে।

কৌনিক ইল্লের একট নাব; আবার ইহাতে গেচকও বুলার। এইকবা পেচককে ইল্লানের বলা
হইরাছে। 'বালনীব প্রেবতি'—বালনী – বক্ষানী, অবনা বে রবনী ভূতাবিট হইরাছে, এই তাব করিয়া লোকেয়
তাব্য করে।

১২১। শাবক মেরেছে ব্যাবে: শুক্ত নীড হেরি ছ:বিনা কররী যথা ইতন্ততঃ ধার. গ্রির পত্রে দেখিতে না পেরে আমি, হার, তেমতি ছটিব নদা পাগলিনী, প্ৰায়। ১৩০ ৷ শক্ত দেখি মম প্রির পক্তের আগার দু:খানলে দক্ষ আমি হব চিঃকাল. बतरीन भवतात्व हत्ववाकी वर्धा । ১৩১। श्रांगाधिक विश्वस्तत्र ना পেলে দেখিতে জীণা শীণা হব আমি তিল ভিল করি জলহীন প্ৰলেভে চক্ৰবাকী বৰা। ১৬২ ৷ প্রাণাধিক বিশ্বস্থরে না পেলে দেখিতে ছটি যাব ইড:৫ড: পাগলিনী প্রায়, জনহীন পৰলেতে চক্ৰবাকী যথা। ১৩৩। করিতেভি প্রভা, আমি করণ বিলাপ করে নাই পত্র মোর কোন অপরাধ: তথাপি ভারার যদি কর নির্বাসন, বোধ তব দেতে আরু না ববে জীবন। এই সকল ঘটন। সুম্পষ্টশ্বপে ব্যক্ত করিবার জন্ত শান্ত। বলিলেন. ১৩৪। ক্ষনিয়া বিলাপ তার শিবিনরেশের অন্তঃপুরবাসিনীরা হরে সমবেড বাছ তুলি লাগিলেন করিতে ক্রন্দন। ১৩৫। বিশ্বস্তর-পূত্রে দারা, হত সমুদার শোকবেগে হ'ল, হার, ভূতলে লুষ্ঠিভ প্রভন্তন-প্রমৃদ্ধিত শালতকবং। ১৩৬। ছইল এভাতা রাত্রি, উদিল ভাষর। সপ্তশতকাথা মহাদানের উদ্দেশ্তে ছানাগারে বিশ্বস্তর করিলা গমন। ১৩१। ''बाल সৌমাগণ, आब रयसन या' ठाइ. হব্রার্থীকে দাও বন্ত, মন্ত্রপকে হুরা, ১ বুভুকুকে গাও অর পরিতৃষ্ট করি।

ৰক্ত থক্ত বলি তারা করক আহান।"†

১০০ । শুনি এ ঘোৰণা যত তিবারীর কল

শাবিত্যে সমবেত হল দানাগাবে।

কেহ পার, কেহ খেলে, মহানক্ষে তারা,

শিবির পালক মহারাফ বিষয়ের

১৩৮। আসিৰে ভিকাৰী বারা আৰু এই হাবে, কেহ ঘেন কোনক্লণ কট্ট নাহি পায়; অন্ত্ৰপান করি দান তোৰ স্বাকারে:

উটন তুম্ন শক নগৰে তথম — 'কানহেতু ঘটনাহে তব-বিৰ্মানন ; ভথাপি এখন(ও) দান করিতেহ তুমি ৷"

শ্লিকাছার বনের বে, ছবাগান নিকল হইলেও, গাছে কোনে বনে বে, কিবল্তরের হানবালার প্রথ প্রাক্রের না, এই আলভার ভাষাও বিবার ব্যবহা হইবে।

<sup>+</sup> টীকাকার এবাবে আরও একটা বাঁখা বিরাহেন : —

রাজ্য ছাড়ি বনবাসে বাইন্ডে বধন করিতেছিলেন এই সব আয়োজন।

- ১৪০। বিনা বোবে বিষয়তের নির্বাসিত করি ছেনিল নির্বোধ শিবিয়ালাবাসিগণ সেই মহাতক্ষ, বাহা নানাবিধ কল অকাততে অফুক্রণ করিত প্রচার।
- ১৪১। বিনা পোষে বিশ্বস্তুরে নির্বাসিত করি ছেদিল নির্কোধ শিবিরাজ্যবাসিগ্র সেই কলঙক, যাহা সর্ককাস্যদানে ভূষিত যাচক কনে সদা অকাতরে।
- ১০২। বিনা দোবে বিশ্বস্তরে নির্বাচিত করি ছেদিল নির্বোধ শিবিরাজ্যবাসিগণ করতক্ষ, যাহা সর্ব্যকামরদ দিয়া তবিত যাচকগণে সদা অকাতরে।
- ১৪৩। বাল, বৃদ্ধ, মধ্যমবয়ত্ত্ব—সর্বাঞ্চন বাহ তুলি আরম্ভিল করিতে ক্রন্সন শিবির পালক মহারাজ বিবস্তর দীর রাজ্য ভাজি যবে বনবাসে যান।
- ১৯৪। ভূতবিদ্ধা-বলে যারা ভাগা গণি বলে,
  নপ্সেকগণ, + যারা রক্ষে জন্তঃপুর,
  রাজার রমণীগণ—সবে বাছ তুলি
  কান্দিতে লাগিল যবে শিবির পালক
  ভাতিয়া নিজের রাজ্য বনবাসে বান।
- > 9 ॰ । সগরে বে সব নারী ছিল সে সময়ে, সকলেই বাহ তুলি লাগিল কান্দিডে লিখির পালক যথে বনবালে যান।
- ১৪৬। ত্রাহ্মণ, শ্রমণ আর ভিক্ষার্থী, যাহারা উপরিত ছিল দেখা, বাহু তুলি দৰে ফান্সিতে লাগিল বলি, "অহে। কি অধৰী।
- ১৪৭। স্বপুরে সতও দানে সুক্তহন্ত বিনি, শিবিদের কথামত সেই বিশ্বন্তর স্বরাজ্য হইতে আল হন নির্বাদিত।
- ১৪৮। করিলেন দান যিনি হস্তী সপ্ত শত, হুলোভিত সর্কাবিধ আভরণে বারা,— কণালে হুবর্গ-পট, ছেমস্ট্রেমন আন্তরণ প্রেটাপরি;
- ১৯৯। অন্তুল, ভোমর হত্তে লয়ে-গলাচার্বাগণ কজে পারি রয়েছে আসীন—নহো, সেই বিশ্বস্কর হইলেন নির্বাসিত ব্যাল্য হইতে।
- ১৫০ ৷ করিলেন বান যিনি অব সপ্তপন্ত, আবানের, সির্বেশজাত, ফ্রন্ডগারী, স্থলোভিত সর্কবিধ আত্রনে বারা.

<sup>• &#</sup>x27;অভিবক্ধা' ( 'ভূতবিজ্ঞা ইক্ৰণিকাণি'—টীকাকার (ভূতুড়ে, বাহুকর, বৈৰঞ্জ প্রভৃতি)।

১০১। পৃঠোপরি বাধারের রচেছে আসীব ইনী আর চাপহতে অধাচার্বাগণ,— সেই বিষয়র, হায়, বিনা অপরাধে হইলেন নির্মানিত স্বরাল্য হইতে!

১০২ ৷ করিলেন দান বিনি-রথ সপ্তশত, সবাহক, বীপিবাাস্তর্গে আচ্ছাদিত, মধিত নানালকারে, সম্বাচ্চ তথক :--

১৫০। বর্ম পরি চাপহন্তে সারখি নিপুণ চালার প্রত্যেক রখ, অহো, কি স্কুলর । সেই বিষম্ভর আল বিনা অপরাধে ভইলেন নির্জাসিত করালা ভইতে।

১০৪, ১০০। করিলেন দান যিনি নারী সপ্তশত,
হুমধ্যমা, স্মিতসুখী, হুম্প্রোনি সকলে,—
পরিধান পীতবন্ত, কঠে বর্ণহার,
সর্ব্ধ অঙ্গ বিভূষিত পীত আতরণে;—
প্রত্যেকে বতন্ত রণে রয়েছে তাহারা;—
সেই বিশ্বস্তর আল বিনা অপরাধে
হুইনেন নির্কাসিত ব্যালা ইইতে।

১৫৬। রক্ত-দোহনপাত্রসহ সপ্তশত ধেসু দান করি, হের, বিষয়র এবে হটকেন নির্ব্বাসিত ব্যাকা হটতে।

১৫৭। সপ্তণত দাসী, আর দাস সপ্তণত করি দান, হের, বিশ্বস্তর বিনা দোৰে হইলেন নির্বাসিত বরাজা হইতে।

১৫৮। হন্তা, অব, রথ আর অলক্কৃতা নারী—

এ সব করিয়া লান বিষয়র এবে

ভউলেন নির্কাচিত বরাবা চটতে।"

১৫৯। অংগ কি ভীবণ দান হইল ওখন। শিহরিল সর্বলোক হেরি মহাদান, কাঁপিল মেদিনী সেই দানের প্রভাবে।

১৬·। অহো কি ভীবণ দান হইল তথন । শিহরিণ সর্বলোক হেরি মহায়ান, দান করি ফুডাঞ্জলিপুটে বিশ্বর শুরাল্য হইতে ববে বান বনবাদে।

ক্ষানক দেবতা সমত ক্ষুণীপের রাজাদিগকে জানাইলেন বে, বিশ্বর মহাদানে প্রবৃত্ত হইয়া ক্ষান্তবন্ধাদি দান করিতেছেন। ইহা ভনিয়া রাজারা দেবতার ক্ষুতাববলে রথে আরোহণ করিয়া ক্ষেত্তর নগরে গমনপূর্বাক ক্ষান্তবন্ধাদি লাভ করিয়া প্রতিগমন করিলেন; ক্ষান্তব্যাল্পবৈশ্বশ্বেরাও দান লইয়া গেলেন। দান শেব করিতে করিতে সায়ংকাল উপস্থিত হইল। তথন বিশ্বর নিজ ভবনে গমন করিলেন, এবং মাডাপিতাকে প্রণাম করিয়া পরদিনই বালা করিবেন, এই উদ্দেশ্তে ক্ষান্ত রথে আরোহণপূর্বাক তাহাদের বাস্তবনাভিম্থে ঘালা করিলেন। মাজীদেবীও খণ্ডর ও ব্যার ক্ষান্তবার ক্ষান্তবার ক্ষান্তবার ক্ষান্তবার ক্ষান্তবার বান্তবারে বাইলেন। মহাসন্ত পিতাকে প্রণাম করিয়া ক্ষানাইলেন বে, তিনি বনবানে যাইতেছেন।

बरे प्रचार विभावताम बाक क्षियात कक भाषा विभागत :--

১৬১। সম্বোধি ধার্ম্মিক্রর সপ্তরে তথ্ব বলিলেন বিশ্বস্তর, "নির্বাসিত মোরে ক্রিলেন, পিতঃ; আমি চলিলাম, ডাই, ক্রিতে বসতি বস্কু পর্বতে এখন।

১৬২। বিষের সমস্ত প্রাণী—ভূচ, ভবিবাৎ, বর্জমান আছে বারা, সকলেই, ভূপ, অভৃপ্ত-বাসনা লয়ে জীবনাবসানে গিরাছে বা বাবে মৃত্যুরাজের সদনে।

১৬০। নিবের জালরে জানি করিয়াছি দান ; প্রকারা পেরেছে পীড়া মনে সে কারন। ভাষাদের(ই) কথামত এবে, মহারাল, হইলাম নির্বাদিত অরাল্য ভটতে।

>৬৪। সে পাপের শান্তি ভোগ করিব এখন খড় গিলীপি-নিবেবিত অরণ্যে থাকিলা; প্ণার্চ্জিনে সেধা আমি বাগিব জীবন; কামপক্ষে মগ্ন হেধা থাকুন জাপনি।"

মহাসন্থ পিতাকে এই চারিটা গাধা বলিয়া মাতার নিকটে গেলেন এবং প্রবন্ধাগ্রহণের অনুমতি চাহিলেন:—

১৬৫। লাও, মাগো, অসুমতি; প্রব্রলা আমার
বড় ভাল লাগে মনে; করিরাছি দান
ইচ্ছামত এতকাল নিজের আলরে;
প্রভারা পেরেকে পীড়া মনে সে কারণ।
তালের(ই) আদেশ এবে করিতে পালন
হইলাম নির্বাসিত বরাল্য হইতে।
১৬৬। সে পাপের শান্তি ভোগ করিব এখন
বড়্গিবীপি-নিবেবিত অরগ্যে থাকিয়।
প্রাার্জনে সেথা আমি বাপিব জীবন;
কামপ্তে বর্য হেখা থাকুন আপনি।

हेश अनियां श्वजी पत्री वनितन,

১৯৭। দিত্ব অত্যক্তি, বংগ; প্রব্রজ্যা ভোষার হউক সকল, এই করি আশীর্কাদ। কিন্তু এই ত্যধ্যমা, হংশ্রাদি, কল্যানী মাত্রী, এর পুত্র কার ছহিতাকে লারে বাকুক এখানে; তার অরখ্যে কি কাজ দ

विश्वस्य विलिशन,

১৬৮। বেধি বহি ইছো নাই, দাসাকেও, সাভঃ, না চার জানার প্রাণ লরে বেডে ববে • ' ইছো বহি হয়, মাল্রী পারেন বাইডে সবে মোর বনবাসে; ইছো না থাকিলে করুব বছালে তিনি হেখা অবস্থিতি।

পুত্তের কথা শুনিয়া সময়ও মাজীকে গুঠ্ছ থাকিতে অন্ধরোধ করিলেন a এই মুলার বিশ্বক্রপে বর্ণনা করিবার রম্ভ শাভা বলিলেন ১১৬৯। করিলেন অমুরোধ সুবাকে তথন মহারাজ নিজে, "বংসে, শরীর ভোমার চন্দনে চর্চ্চিত : অমি বনে বনে তুমি, ক'রো না আছের ইহা ধূলি আর মলে। ১৭০। করো'না, কল্যাণি, কুণচীর পরিধান। সৰ্ববেশকণা তমি: যেও না ৰু বনে; বনবাস, বংসে, তঃথকর সাতিশয় " ১৭১। সর্বাঞ্চলবী মাজী বলেন সঞ্লরে, "বিশ্বস্তরে ছাডি যাহা ভঞ্জিতে হইবে, সে ক্রথে আমার কোন নাই প্রয়োজন।" ১৭২। শিবির পালক রাজা সঞ্লয় আবার বলেন মাদ্রীকে, 'বংসে, করহ প্রবণ যে সব জঃসহ জঃখ ঘটে বনবাসে :---১৭৩ ৷ কীট ও পতঙ্গ সেগা আছে অগণন.--বুশ্চিক-মশক-মধুমক্ষিকা-জলৌকা; দংশিবে তোমার তারা ; পাবে ত্র**ংথ বছ**। ১৭৪। বনে গিয়া নদীতীরে বাস যারা করে. ভাহাদের(ও) আছে বড ভারের করেণ :---মহাবল অজগর বিচরে দেখানে। যদিও নির্কিষ ভারা, 396 1 মুগ বা মাহুব পাইলে নিকটে ভোগে বেষ্ট দেহ ভারে টানি লয় ভোজনার্থ নিজের বিবরে। ১৭৬। কুঞ্জটাধর ক্রুর, ভল্ক-নামক মহাহিংশ্র-জন্তগণ অরণ্যে বিচরে : তাহাদের দৃষ্টিপথে হইলে পতিত্র, বুক্ষেও আরোহি লোকে নিস্তার না পার। ১৭৭। সোতুত্বরা নদীতীরে আরণ্য মহিব পালে পালে বিচরণ করে অহরহ: তীক্ষাগ্র শুক্ষের দারা করিয়া আঘাত মাকুৰে বধিতে ভারা পারে, অনায়াদে। >१४। महिवामि शख्युथ प्रिथित यथन, ৰংস না দেখিতে পোলে ধেতু যথা ভৱে বিছবলা হটয়া কোন না পার উপার, ভোমার(ও) কি হইবে মা, মাজি, সেই দুলা গু ১৭৯। বনবাদে অনভিজ্ঞা তুমি, বংসে, যবে (मिथ्टन, विक्ठीकात भवक्रमनन করিতেকে উল্লফন তক্রশির' পরি, নিশ্চর কাঁপিবে তুমি পেরে মহাভর। ১৮-। গুলি শৃগালের রব, প্রাসানে বসিয়া কাঁপিরাছ মৃহমূ ৰ ভর পেরে ভূমি; প্ৰমন করিলে বন্ধ পৰ্বতে এখন स्वयं छ छाविशा, इत्र कि इसिना छव। ara । अशांदर शक्तेता यस नीतव स्हेता

कुमादि विमिन्न थारक, छथन(७) जन्नत्या

গুনা বার পশুদের ভীষণ গর্জন। क्म स्मर्था खरू, वरस्य, हेक्का इन छव ?" >>६। नर्साकक्षणो शंकपञ्जी माजी निशे ৰলিলেন সবিনয়ে, "ভয়েব কারণ আছে বত মহারণ্যে, গুনিলাম সব। সকল.ই) সহিব আমি অমানবদৰে : বাইব পতির সঙ্গে, রখিবর, আমি। ১৮0। कामकूमरभाष्ठिमन-छेमीत-स्वध-+ ৰুঞ্জ আদি-ছুণ বুকে ঠেলি ছুই পাৰে चार्त्र चारत राव चात्र ; इव मा हैंशब पूर्वा कथन(७) वत्न विष्ठत्रगंकाता । ১৮৪। লভিতে মৰের মত পতি কুমারীর। कठरे ना करत करे। थारक छेलवानी : করিতে নিতৰদেশ বিশাল নিজৈয় বৰ্দান গোচমুখারা করে কটি তা'রা ।† ১৮৫ ৷ কত কট্ট পায়, হায়, বিধবা বে নারী ! করিতে ভাহাকে হর বার বার স্থাদ, অগ্রিপরিচর্ব্যা আর. ত্রিসন্ধ্যা প্রত্যন্ত। এত্তে, তে রখিবর, যাব আসি বলে। ১৮७। कछ कहे शाब, हाब, विश्वा त्य नाबी । উচ্ছिष्ट थाहेरा ठांत खांगा राहे नत्र, দেও চেষ্টা করে তারে, ইচ্ছার বিরুদ্ধে, হইতে নিজের সঙ্গে ব্যভিচারে রতা ! এ ছেতু, ह्र त्रिवत्र, वाव चानि वत्न। ১৮৭। कछ कहे भाग्न, हान्न, विश्वा य नाती। পরপুরুবেরা তারে তুলে চুল ধরি ; মাটিতে কেলিরা দেয়: এত তুঃথ দিরা ভাষাকে নি:শক মনে দেখে দাঁডাইয়া ! এ হেড, হে রখিবর, যাব আমি বনে। ১৮৮। कठ कहे भाष, हास, विश्वा व नाती। কুন্দরী! বিধবা কোন পাইলে দেখিতে षित्रा তারে ধন किছু ভাবে লোকে মনে,

পোটগল (পালি 'পোটকিল') শরলাতীর এবং ব্রজ (পালি 'প্রবল') নললাতীর তৃণ। উনীর—
বীর্ণ (বেণা)।

<sup>†</sup> এই গাখার ইংবালী অনুবাদের সহিত টালার কোন ঐক্য নাই। অনুবাদক 'গোহন্থ' শক্ষী 'গোহন' 'শক্ষে' পরিবর্ত্তিত করিয়া এক অনুত ব্যাখ্যা করিয়াছেন। টাকাকার 'গোহন্থৰ্ হেঠনেন' পদটা 'গোহন্থনা' ও 'বেঠনেন' (বেঠন — বেইন ) এইরপে ব্যন্ত করিয়াছেন। তিনি বলেন, ''বিসালকটিওনতউত্তরপস্সাব ইথিলো সামিকং লতভীতি কলা সোহন্থনা কটিখালকং কোট্ঠাপেছা বেঠদেন পস্সানি উপনামেছা কুমারিকা পতিং পটিলভন্তি''। কিন্ত পোছন্ব্বেঠন' পাৰের বোহন্থ + উব্বেঠন এইরপ ব্যাখ্যা করাই বোধ হয় সমীচীন। উব্বেঠন — মর্দ্দন (massage)। সভ্যতঃ পূর্বে লোকের বিখাস ছিল বে, পোছন্থারা মর্দ্দন করিলে নিতর্থ প্রশন্ত হয়। নারীদের পক্ষে প্রাণ্ড নিতর সৌলবর্ত্যর একটা অক্ষ।

<sup>‡</sup> স্বজ্জবি--ত্রচপ্রিলিটা অর্থাৎ গৌরালী। 'বেধবেরা' শব্দের অর্থন্থকে নৃথন পালি অভিধানে বে আলোচনা আছে, তাহা ভাবিবার বিষয়। সেধানে ইহা সংস্কৃত 'বৈধবের' (বিধনার পুত্র) শব্দহানীর বলিরা বির্দ্ধেশ করা ইইবাছে এবং বাতকের টাকার (ওর্থ থণ্ড, ১৮০ম পুঠের ও বর্তমান থণ্ডের ৫০ম পুঠের) অর্থ ক্রমান্ত্রক বলা ইইবাছে। কিন্তু আবি সক্ষতির অনুবোধে ইধা 'বিধবা ইথিকায়া পুরিসা' এই অর্থেই এহণ করিলায়।

হইয়াছি আমি এর প্রণরভালন ! নাই তার ইচ্ছা, তবু করে জালাত্তন, পেচকে বাহসগণ করে যে প্রকার। এ হেড. হে রখিবর, যাব আমি বলে। ১৮৯। কত কষ্ট পার হার, বিধবা যে নারী। থাকে যদি জ্ঞাতিকলে ঐবর্ধা অপার. কুৰ্ববন্ধত পাত্ৰে গছ আভাময়, उथानि मानत, मबी, मकालंडे ज'रव সভত পঞ্জনা দেহ বিধবা বলিয়া। এ হেড. হে রখিবর, যাব আমি বলে। Va· । नग्रा कनशैना नमी ; नग्र मिटे सम শাসন কভিতে যেখা নাই কোন রালা : থাকে যদি বিধবার ভ্রাতা দশজন. ভব সে অনাধা, নগ্না, সহায়বিহীনা। चारको कि वा कुर्क्तिवह देवसवा युम्रना। এ হেডু, হে রথিবর, যাব আমি বনে। >>> । श्रदक्ष इन्न निर्ध्यनंक द्रावंत रायनः ধমে বুঝা যায় যথা অস্তিত্ব অ্রির, রাঞ্জাই রাজ্যের যথা পরিচর স্থান. স্বামীর নামেতে তথা স্তীকে জানা যায়। ष्टरा कि वा छर्क्तिक देवधवायल्या। এ হেড, হে রধিবর, বাব আমি বনে। ১৯২। ধে নারী সমানভাবে অল্লান বদনে পতির সঙ্গিনী হয়, ভাবি আপনাকে সৌভাগো সৌভাগাবতী, দারিছো দরিছা, নিশ্চর সে করে কর্ম অভীব হুছর ; করেন দেবতাগণ প্রশংসা তাহার।। ১৯৩। পরিয়া কাষায় বস্ত্র পতিসহ সদা विष्ठतिय यदन व्यात्रि : दिश्वस्तव विना চাই না করিতে, প্রভো, আধিপত্য আমি অবত এ ভূমতলে। 1864 চাই না পাইডে নানা বছগড়া এই সাগর-অম্বরা ৰত্বধার আধিপত্য বিশ্বস্তর বিরা। >>e। चारक कि समय जात ? वह तम निर्देश. পতির ছু:থের দিকে দুক্পাত না করি শুধু আৰু হথে রত। হর বে রমণী। ১৯৬। टारे, महात्राज, जामि कतिहाहि दिव,

শিবি হ'তে বিশ্বস্তর হ'লে নির্কাসিত ।
আমিও হইব অমুগামিনী উচার।
সর্ক্ষভামগ্রন, পিতঃ, তিনি যে আমার !\*

<sup>🍨</sup> ধ্বৰচিক্ দেখিলা বৰ কাৰাৰ ভাকা কানিতে পানা বান ; কেমন কপিন্তাৰ, দীনকেতন ইভ্যাৰি।

<sup>†</sup> তু—কার্ডার্ডে সুগতে কটা প্রোবিতে যদিন। তুলা, মুডে মিরেড বা গড়েছ) সা স্থী জেলা প্রিক্রা।

১৯१। मर्स्वाक्रमको स्वताक्रमको स बिलिटन प्रकारत के प्रथा कार्यात. "কালি-কফাজিনা অতি শিল্প, সলকৰে: এ চটা রাখিয়া যাও : আমিট করিব সযতনে ইতাদের লালন পালন।" ১৯৮। সর্বাক কম্মরী মাজী বরেন সপ্তরে. "প্রাণাপেকা-প্রিয় মোর জালি-ক্কাজিনা অরণো থাকিছা সল্পে করিবে ইছারা खाबारण्य निकामन-प्र:शंशरनाप्तने।" ১৯৯। निविद्रशालक शनः वरलन माजीरक, শেশালি তণ্ডলের অর ফুপক মাংগের সক্তে মিশাইয়া যারা করিত ভক্ষণ. কিলপে সে শিল্প ত'টা বাঁচিবে খাইয়া ব্যারহ বিশ্বাস কলা পেথ তা ভাবিষা। ২০০। শত-রাজি-ফুশোভিড, শত পল ভারী চির্মার পাত্তে যারা করিত ভোজন, ক্রিক্রপে সে শিশু ড'টী বক্ষপত্রে এবে করিবে আহার, পান, ভাবি দেখ মনে। ২০১। কাশীঝাত বস্ত্র, ক্ষৌম কুটম্বরজাত পরিত যে শিশু ছ'টী, কিরূপে ভাহারা কশচীর পরিধান করিবে এখন গ ২০২। প্রবাহিত শিবিকারখাদি যানে যারা করিত জমণ, এবে সেই শিশুবর পদরক্ষে বিচরিতে পারিবে কি বনে ? ২০৩। সার্গল কৰাটবুক্ত কুটাগারে যারা করিত শরন নিত্য, সেই শিশুদ্বয় কিয়াপে বক্ষের মলে করিবে শহন ? ২০৪ ৷ বিচিত্রকম্বলায়ত পলাকে যাহায়া ক্ষবিত্র শবন, তাব, সেট শিশুদ্বর ত্রণায়োপরি এবে শুইবে কেমনে ? ২০৫ ৷ অঞ্চলদন আদি গৰুত্ব্যে যারা হ'ড অমুলিপ্ত, হার, সেই শিশুব্র হরে ধুলিমলাচ্ছন তু:খ পাবে কত ! ২০৬। ক্রথে হারা এত কাল হরেছে পালিত। কবিত যে শিশুঘমে যতনে ব্যক্তন চাৰরময়রপুচছ দিয়া ভূত্যগণ,

তাহারা সমস্ত রাজি এইরূপ কথোপকথন করিলেন; জমে প্রভাত হইল, সূর্য্য উঠিল; লোকে মহাসন্থের চতু: দৈর্বযুক্ত রগ আনহন করিয়া রাজ্যারে রাখিল। মাজী খন্তর ও শুক্তকে প্রণাম করিয়া এবং অফ্রাফ্ত রমণীদিগকে সম্ভাষণ করিয়া ও তাহাদের নিকট বিদার ক্ষরীয়া বিশ্বস্থারের অপ্রেই গিয়া রথে উঠিলেন।

পারিবে তাহারা সম্ভ করিতে কি, হার, হংশবশকাদি কীটগণের দংশন ?"

এই বুড়াত বিশদরণে ব্যক্ত করিবার করিবার জন্ত শাতা বলিলেন :---

২০৭ ৷ সর্বাস্তব্দরী রাজহুতা সাজী তবে বলিলেন সময়কে, "করিও না, দেন, ... একপ বিদাপ আর ; হ'লো না বিং? !

এট विक की दाव माक सामाया : वाहेद्द द्यथात्म त्यांका कवित श्रमम । ६ · ৮ । সর্বারুত্রশরী তরকণা মাজী সভী ज्ञास्य वित हैशे, जिल क'है। ल'रह, विस्कृषि श्रामान इ'एक निविवासनाच वार्तमिक कारवाडन कविरमम वर्ष । a . a । ভারাছে প্রবৃত্তি ভার প্রভক্তির করি মাতা ও পিতাকে, বিশ্বর ভার পর **६) । । ठळवचरक दार्थ फारदांटि मण्ड** ষাত্ৰী-ককাজিনা-ছালিকমারের সভ করিলেন বাক্রা বন্ধ গিরি-অভিমধে। abb । বেধানে অনেত লোভ দেখিতে জাঁচাকে ब्रावंडिन मग्रावंड, हांनांडेएड वर्षे क्षबाम मिथारन चाका पिना विश्व प्रतः विन्ना मरबाबि मरव. "ठनिनाम आधि: ষাও তে বিদায়: হও প্রথী, জ্ঞাতিগণ।

মহাসন্ত সমত লোককে এই রূপে সংখাধন করিয়া এবং 'ডোমরা অপ্রমন্ত ভাবে দানাদি সংকার্য্যে রত থাক' এই উপদেশ দিয়া যাত্রা করিলেন। এদিকে তাঁহার মাতা ভাবিলেন, 'আমার পুত্র দানাভিরত; সে আরও দান দিউক।' এই উদ্দেশ্যে তিনি বিশ্বস্তরের উভর পার্যে নানাবিধ আভরণসহ সপ্তরত্বপূর্ণ বহু শটক পাঠাইলেন। এই সকল অব্য এবং মহাসন্ত নিজে কেয়ুর প্রভৃতি যে সকল আভরণ ধারণ করিয়াছিলেন, সেইগুলি খুলিয়া তিনি উপস্থিত ধাচকদিগকে অষ্টাদশবার দান করিলেন, এবং ইহার পরেও যাহা কিছু অবশিষ্ট ছিল সম্ভ বিভরণ করিলেন। তিনি নগরের বাহিরে গিয়া একবার পশ্যাতের দিকে স্থানিইছিল সম্ভ বিভরণ করিলেন। তিনি নগরের বাহিরে গিয়া একবার পশ্যাতের দিকে স্থানিইছিল সম্ভ বিভরণ করিলেন। তাঁহার মন ব্রিয়াই যেন রথপ্রমাণ স্থানে পৃথিবী বিদীপ হইয়া কুলালচক্রের জায় আবর্ত্তনপূর্বক রথধানিকে নগরাভিম্বে রাখিল; ভিনি মাতাপিভার বাসভবন দেখিতে লাগিলেন। এই হেতু তথন ভূকপানাদি নানা বিশ্বস্থকর বাগার ঘটিল। অভএব কথিত হইয়া থাকে যে

৭১২। কিজাভ নগর হ'তে হইলা বখন কিলালেন মুখ তাঁর, বেধিবার তরে বে ভবনে নাতাণিতা করিতেন বান, ছবেকবনাবতংসা মেদিনী আবার কাঁপিল তাঁহার মহাতেকের প্রতাবে।

महामच नित्य दिवश माजीद्य दिशाहेवात वक विश्वन,

২১৬। **অই বেখ, নাত্রি, নোর গৈছক ভবন** শিবিরা**লপুরী অহো কিবা রমণী**রা!

মহাসপ্তের সংশ্ব এক দিনে যে বাই সহত্র অমাত্য ভূমিষ্ঠ হইরাছিলেন, অতঃপর তিনি উাহাদিগের এবং অঞান্ত লোকের দিকে দৃষ্টিণাত করিয়া নগরে ফিরাইয়া দিলেন এবং যধন রথ চলিতে আগিল, তথন মাজীকে বলিলেন, "ভজে, আমাদের পশ্চাতে কোন যাচক আলিতেছে কি না, সক্ষ্য করিও।" মাজী এই কথার পশ্চাতে মুখ ফিরাইয়া বলিলেন। মহাস্ত যথন সপ্তশতক দান করিয়াছিলেন, সেই সমরে চারিজন আল্বণ উপস্থিত হইতে পারেন নাই। উহারা নগরে গিয়া যধন ক্ষিজাসা করিলেন, 'রাজা কোথায়?' তথন ভনিতে পাইলেন যে, তিনি দান সমাপন করিয়া প্রায়ান করিয়াছেন। উহারা আবার

জিজ্ঞাসা করিলেন, "তিনি সঙ্গে কিছু লইয়া গিয়াছেন কি ?" এবং উত্তর পাইলেন, "তিনি রথারোহণে গিয়াছেন।" অমনি তাঁহারা অশ কয়টী চাহিয়া লইবার অভিপ্রায়ে, যে পথে বিশক্তর গিয়াছিলেন সেই পথে ছুটিলেন। তাঁহাদিগকে আসিতে দেখিয়া মান্ত্রী বলিলেন, "প্রভা, কয়েকজন যাচক আসিতেছে।" মহাসত্ত রথ থামাইলেন; রাজণেরা গিয়া অশ চাহিলেন; মহাসত্ত তাঁহাদিগকে চারিটী অশ্বই দান করিলেন।

এই বুড়ান্ত বিশদরূপে বর্ণন করিবার জন্ত শাল্পা বলিলেন.

২১৪। ছুটিরা ধরিল উারে দে চারি ত্রাহ্মণ; যাচিল চারিটী অব; করিলেন দান দে চারি ত্রাহ্মণে চারি অব বিশ্বস্তর।

শেশ দান করিবার পরে রথের ধুর উর্জমুথে রহিল। অনস্তর আন্ধণেরা বেমন চলিয়া গেলেন, অমনি চারি জন দেবপুত্র রোহিতমুগের বেশে উপস্থিত হইয়া উহাতে কছ দিয়া চলিলেন। তাঁহারা যে দেবপুত্র, মহাসন্ত ইহা ব্বিতে পারিয়া বলিলেন.

> ২>৫। ছের, নাজি, এ কি অভি অজুত ব্যাপার। চারিটা লোহিত মূগ আসিরা এখন হুশিক্ষিত অখবৎ টানিতেছে রখ।

মহাসত্ব যথন এইরপে যাইতেছিলেন, তখন অপর এক ব্রাহ্মণ গিয়া রথণানি চাহিলেন। মহাসত্ত স্ত্রীপূত্রকভাকে অবতরণ করাইয়া তাঁহাকে উহা দান ক্রিলেন। যথন রথ দেওলা হইল, তখন দেবপুত্রেরা অন্তর্জান করিলেন।

মণ্দানবৃত্তান্ত ফুলাইরাপে বুঝাইবার জন্ত শান্তা বলিলেন,

২১৬। পঞ্চম বাচক আসি মাপে রথখানি।
বেমন চাহিল সেই, অকুষ্ঠিত চিতে
করিলেন থান তারে রথ বিশ্বস্তর।
২১৭। নামাইলা রথ হ'তে নিজ পরিজন
তুবিতে থনার্থী সেই ব্রাক্সবের মন,
রথখানি তৎক্রণাৎ করিলেন লান।

এই সমর হইতে তাঁহারা পদরজে গমন করিতে লাগিলেন। মহাসভ মাঞ্জীঞে বলিলেন,

২১৮। তুমি কোলে লও কুকান্তিনাকে এখন; হোট সেই, লখুতার; জালী বড় তার; সে হেডু তাহার আমি সইলাৰ ভার।

ইহা বলিয়া তাঁহার। ছই জনে ছইটা শিশুকে কোলে নইয়া ইাটিডে আরম্ভ করিলেম।
এই বছাত্ত বিশ্বরূপে ব্যাইবার মন্ত শাতা বলিলেন

২১৯। কুমারকে লবে রাঝা, কভাকে যহিবী চলিলেন প্রীক্তমনে ; গ্রিন্ন কথা বলি পরশারের দন ডুবিতে ভুবিতে।

দানগত সমাপ্ত।

(8)

বিপরীত দিক্ হইতে কোন লোক আসিতেছে দেখিলেই তাঁহার। "বঙ্গর্শত কোথার p" ইহা বিজ্ঞাসা করিতে লাগিলেন। লোকে উত্তর দিত "বৃরে।" এই বঙ্গ উবিত হইরাছে, হং । চলিতে চলিতে ববে দেখিতাম আমি
আদিতেছে কেছ বিপরীত দিক্ হতে,
পুছিতাম তারে, "বন্ধগিরি কতদুরে ?"
 ২২১ । পথকট্ট আমাদের হেরি পণিকেরা
কতই করিত, অহো, করুণ বিলাপ ।
বলিত, "অশেষ হুঃথ পাইবে তোমরা;
বন্ধনিরি হেখা হ'তে আছে বহুদরে।"

পথের উভয় পার্বে বিবিধ ফলধারী বৃক্ষ দেখিয়া শিশু ছইটী (ফল পাইবার জন্ত ) কান্দিত; মহাসবের অস্তভাববলে ফলবান্ তরুগণ অবনত হইয়া তাঁহার হস্ত স্পর্শ করিত; তিনি সেগুলি হইতে স্থাক ফল চয়ন করিয়া তাহাদিগকে দিতেন। ইহা দেখিয়া মান্ত্রী বিষয়ে প্রকাশ করিতেন। এই জন্মই কথিত হইয়াছে বে.

> ২২৭। দেখিত পাইত যদি তক্ত কলবান্ বনমানে, শিশু ছু'টী করিত ক্রন্দন কল পাইবার তরে:

২ংও। কান্দিতেছে তার। হেরি তঙ্গ নিজেই হইরা অবনত আনিয়া হাতের কাছে নিত পুরু ফল।

২২৪। দেখি এ বিশারকর অভুত ব্যাপার সর্কাক ক্ষরী মালী পুল্কিত হল্লে শতবার সাধকার দিতেন পতিরে:—

২২৫। "অহো কি বিশ্বয়কর অস্তৃত ব্যাপার। বেথিলে গিহরে অঙ্গ; নিজে তরুগণ অবনত হয়ে ফল করিতেছে দান; এতই তেজৰী মহাভাগ বিশ্বস্তর।

ক্ষেত্রর নগর হইতে স্থবণিগিরিতাল-নামক পর্কত পাঁচ যোজন দ্বে; সেখান হইতে কোন্ধিমারা নদী পাঁচ যোজন দ্বে; কোন্ধিমারা ইইতে অরঞ্জর নামক পর্কত্ত পাঁচ যোজন দ্বে; স্থান হইতে মাতৃলগ্রামের দ্বে; স্থান হইতে মাতৃলগ্রামের দ্বে দশ যোজন। ইহাতে দেখা যাইতেছে যে, জেতৃত্তর নগর হইতে মাতৃলগ্রামে জিল যোজন দ্বে। কিন্ত দেবভারা এই দীর্ঘপথ সংক্ষেপ করিয়া দিলেন; বিশ্বর ও তাঁহার পরিজনের। একদিনেই মাতৃলগ্রামে উপনীত হইলেন। এই জ্লাই ক্ষিত্ত হইরা থাকে যে.

২২৬। কট ৰেখি শিওদের সদর হুইরা সংক্রিপ্ত করেন পথ দেবতা সকল। ছাড়িলেন ক্লেড্স্টুর নগর যে দিন, বে দিনেই বিশ্বস্ত যে দেবলুগুরহে পৌছিলেন চেত বাজ্যে পরিজনসহ।

জাহারা প্রাতরাশসময়ে জেতৃত্তর নগর হইতে যাত্র। করিয়াছিলেন এবং সায়াক্তকালে চেতরাজ্যন্থ মাতৃস্প্রামে উপনীত হইয়াছিলেন।

A ...

ইংরালী অপুবাদক 'বাতুলপ্রাম' শব্দে বিষক্তরের মানার প্রাম বুবিরাছেন। বিশ্বর মন্তরালছ্বিতা
প্রতীর পুত্র; বাতুলপ্রাম কিন্তু চেতরাল্যে অবস্থিত বলিয়া বর্ণিত হইরাছে। এই চেতরাল্য কোথান, তাহার
কোন বিবেশ নাই। তথাপি ইহাবে মত্ররাল্যে নহে, তাহা নিশ্চিত। অতএব 'বাতুলপ্রাম' বিষক্তরের নানার
বাড়ী হইতে পারে না; বোধ হয়, কোন কারণে প্রামট ঐ নামেই পরিচিত ছিল।

बरे बुखांख विभवसार वृक्षारेबात संख भारत वितरमन,

২২৭। অভিক্রমি দীর্বগথ পৌছিলেন জারা হুসমূদ্ধ চেতরাজ্যে, পরিপূর্ণ বাহা হুপ্রচুর মাংসহরা-অরগানে সলা।

মাতৃত্ব নগরে বাট হাজার ক্ষত্রিয় # বাস করিডেন। মহাসন্থ নগরের অভ্যন্তরে প্রবেশ না করিয়া বারদেশত্ব পাছশালায় উপবেশন করিলেন। মাত্রী তাঁহায় পায়ের ধুলা প্রছিয়া পা টিপিয়া দিয়া ভাবিলেন, 'বিশ্বস্তর যে এখানে আসিয়াছেন, নগরবাসীদিগকে এই সংবাদ দেওয়া য়াউক।' তিনি গৃহের বাহিরে গিয়া বিশ্বত্রের দৃষ্টিপথেই দাঁড়াইলেন। বে সকল ত্রী লোক নগর হইতে বাহিরে এবং বাহির হইতে নগরে য়াতায়াত করিতেছিল, ভাহারা ভাহাকে দেখিতে পাইয়া বিরিয়্ব দিড়াইল।

बहै वृष्ठाक्रिनमञ्ज्ञरभ वृद्धाहेवात बक्र भाखा विश्वमन,

২২৮। চেতের রমণীগণ প্রকশণ নাজীকে দেখির।
অবিলবে চারিদিকে গাঁড়াইল উহাকে ঘিরিছা।
বলিতে লাগিল তারা, ''হার, আর্থ্য নাজী কুমুমারী
চলিবেন পারে হাঁটি কি প্রকারে, বুঝিতে না পারি।
২২৯। অমিতেন ঘিনি পুর্বেধ্ব বিবিকাদি প্রথম বাহনে,
দে রাজমহিবী আল পদ্মরেধ্ব বেতেছেন বনে।"

বছলোকে মাজীকে, বিশ্বস্তরকে এবং তাঁহাদের পুত্রকল্লাত্ইটীকে এইরূপে অনাধভাবে আগত দেখিয়া রাজাদিগকে জানাইল। তথন ষষ্টিসহল্ল রাজা রোদন ও পরিদেবন করিছে ক্রিতে বিশ্বস্তরের নিকট উপস্থিত হইসেন।

এই বৃত্তান্ত বিশ্বরূপে বর্ণন করিবার জন্ম খান্ডা বলিলেন.

২০০। চেতের রাজারা তাঁর পাইরা দর্শন সাক্রম্থে সমবেত ছলেন তথন।
তথালেন, ''মহারাজ, ভূশল ত সব ?
আছেন ত হছকার ? শিবিবাসিগণ হছদেহে করিছে ত জীবন বাপন ?
২০১। কোথা তব সেনা ? কোথা অলম্কুত রথ ? অসু বিনা, রখ বিনা এলে দীর্ঘণণ !
ঘটেছে কি শক্রেইন্তে তব প্রাজয়, এসেছ বে হেতু হেথা লইতে আগ্রয় ?

মহাসম্ব রাজাদিগকে আপনার আগমনের কারণ জানাইলেন:-

২০২। কুশল আমার, সৌমাগণ; নাই ব্যাণি; পিতাও আছেন ভাল; লিবিবাসিগণ প্রস্থাধ্যে করিতেহে জীবন বাপন।

২০০। ঈৰাসনদীৰ্ঘদত, মহাভারবহ,
সৰ্ববৈত, নিৰ্ববাচন করিতে সমৰ্থ
বৃদ্ধক্ষেত্ৰে হেন স্থান, বেণা হতে পারে
দ্বিতে অবাতিগণে, অবাতিহয়ন,

২০০, ২০০ ৷ বদ্যোধী, বানোন্তৰ, রাজবাহী পঞ্জ,
অমলধ্বল বথা কৈলাস তৃথ্য
কলিল ভ্রান্ত্রণগণে করেছিফু দান
সর্ব্বিভাল্য সহ—চামরাত্তরণ,

পরে দেখা বাইবে, ই হারা সকলেই 'রাজা' ছিলেন, ইহা বলা হইরাছে। জাতকে 'কজিয়' ও 'রাজা'
 শল সাধারণত: একার্থ। সম্বরতঃ বৈশালীর স্তার এবানেও কুনতত্র শাসন ছিল এবং অভিজাতগ্র 'রাজা' উপাধি এবং করিকেন।

পাণ্ডুক্যলাফাধন, অনুশাদি আর
বতৰে পচিত ক্রব্য বত ছিল তার।
দিবাছিত্র আর(ও) তার পরিচর্গাহেতু
নিপুন অথর্কবেদে গলাচার্য বারা।
৭০৬। সে হেতু আমার প্রতি কুদ্ধ শিবিগণ;
শিতাও বিক্রপ অতি হরেছেন এবে।
পেরে নির্কাসন-মও যাইতেছি তাই
বন্ধপিরি-অভিমূবে। জান কি তোমরা
হেন কোন বনভূমি সে বন্ধপর্কতে,
পারিব থাকিতে মোরা নির্কিয়ে বেধানে?

# রাজারা বলিলেন,

২০৭। স্বাগন্ত, হে মহারাজ ; স্বাগমনে তব পাইফু পরমা ঐতি স্বামরা সকলে। এ রাজ্য তোমার(ই) ; বল, কি আছে এধাকে দিয়া বাহা পরিতৃষ্ট করিব তোমান ?

২৬৮। শাক, বিস, মধু, মাংস, শালির ওদন, প্রস্তুত হরেছে যাহা যতুসহকারে, কর ভোগ মহারাজ; ধক্ত মোরা **আঞ্চ** পাইরা অভিথিরণে ভোমার এথানে।

### विश्वकृत विशिवन.

২৩৯। চাহিলা বে সৰ দিতে, সমস্তই জামি, ভাৰ মনে, লইলাম কুতজ্ঞহদৰে। বিজ্ঞ রাজা করেছেন নির্বাসিত মোরে; বাব বহুপর্বাতে সম্বর দে কারণ। বল দেখি, জরণোর কোন অংশে গিরা থাকিতে পারিব মোরা নিক্রবেগে সেখা দ

### রাজারা বলিলেন.

২০০। এই চেতরাজ্যে তুমি থাক, রখিবর।
আমরা ইত্যবদরে চেতবাসী সবে
বাই চলি মহারাজ সঞ্জরের পালে,
করি গিরা তাঁর ঠাই প্রার্থনা সকলে
হইতে তোমার প্রতি প্রসন্ন আবার।
২০০। নিশ্চর জানিও তুমি, চেতবাসীদের
হবে এ প্রার্থনা পূর্ব ; মহানক্ষে সবে

জমুগানী হরে, প্রভা, ভোমার ভগন শিবিরাজ্যে পৌছাইরা দিবে পুনর্কার।

### महान्य दनिरनन.

ব্ৰহ। আপনারা বাইবেন বেতুজরে সবে
করিতে প্রার্থনা হেন রাজার নিকট,
বলিতে তাঁহাকে পুন: প্রসন্ন হইতে!
তাজুন সকল এই; শিবি দেশে রালা
প্রকৃতিপুল্লের ইছো সন্তিতে অক্ষম।
বঙ্গ। শিবিবানী সবে,—সেনা, নাগরিকপন
হরেছে অতীব কুছ; আনার কারণ
বালাকেও নির্বানিতে উত্তত ভাহার।

### वाकावा विमानन.

২৪৪। এই বদি প্রজাদের অবস্থা মনের
হরে থাকে শিবিরাজ্যে, হে রাজ্যবর্ধন,
এথানেই কর তুমি রাজত এখন;
করিবে তোমার সেবা চেতবাসিগন।
২৪৫। ধনধাত্তে পরিপূর্ণ পুর-জনপদ;
এ রাজ্য শাসিতে তমি মতি কর রির।

# বিশস্তর বলিলেন.

২৪৬। রাজ্যশাদনের ইচ্ছা নাই নোর আর।
বরাজ্য হইতে আমি হরে নির্কাদিত,
না চাই রাজত পেতে অক্ত কোন দেশে।
ইহাই সকল মোর, চেডবাদিগণ।

২৪৭। নির্বাসিত বিষম্বরে চেতবাসিগণ রাজপদে অভিষিক্ত করেছ তোমরা শুনিলে এ কথা, সেনা, পৌর, জানপদ, শিবিরাজ্যে আছে যারা, ইইবে কপিত্র।

২৪৮। আমার(ও) অঞীতিকর হইবে নিশ্চর, পিৰির, চেতের মধ্যে ঘটিলে বিরোধ কেবল জামার জক্ত; চাই না ক আমি উজের বাজেবে মধ্যে ঘটাতে বিবাধ ।

২৪৯। এরপ বিবাদ স্থান্ত করি যদি আমি, হইবে ভীষণ যুদ্ধ বহুদিনব্যাপী উভর রাজ্যের মধ্যে; একের কারণ বহুলোকে প্রশাস করিবে নিধন।

২০০। চাহিলে যে সব দিতে সমস্তই আমি,
ভাব মনে, লইলাম কৃতজ্ঞ হলয়ে।
কিন্ত রাজা করেছেন নির্বাসিত মোরে;
যাব বঙ্কপর্বত সত্ত্ব সে কারণ।
বল দেখি, অরণ্যের কোন্ অংশে গিলা
পারিব থাকিতে মোরা নিরুষ্থেগে দেখা।

চেতবাসীরা মহাসত্তকে এইরূপে বছবার অহুরোধ করিলেন; কিন্তু তিনি রাজত্ব প্রহণ ক্রিতে ইচ্ছা করিলেন না। রাজারা তাঁহার মহা আদর অভ্যর্থনা করিলেন; কিন্তু তিনি নগরে প্রবেশ করিতে চাহিলেন না। তথন রাজারা সেই পাছশালাই স্থাক্তিত করাইলেন; উহার চারিদিকে পর্দ্ধা খাটাইলেন, অভ্যন্তরে উৎকৃষ্ট শয়া রচনা করাইলেন, এবং উহা প্রহরিবেষ্টিত করিয়া রাখিলেন। মহাসত্ব এক দিন এক রাজি সেই স্থাক্ষত পাছশালায় অবস্থিতি করিয়া পরিদিন প্রাতঃকালেই নানাবিধ উৎকৃষ্ট রসমূক্ত খাল্প ভোজন করিয়া সেখান হইতে নিজ্ঞান্ত হইলেন; চেতরাজেরা তাঁহাকে বেষ্টন করিয়া চলিলেন। বিষ্টিস্থ্য ক্রিয়া তাঁহার সলে সঙ্গেশ পঞ্চদশ খোজন গমন করিলেন এবং বনছারে উপনীত ছইয়া প্রবাবর্তী পঞ্চদশবোজনদীর্ঘ পথ বলিয়া দিলেন:—

২০১। বলিতেছি কোনু স্থানে করিলে বসতি
অগিহোতী রাজবিরা নির্বিল্পে থাকিয়া
পারেন একাঞ্চিত্তে তপতা সাধিতে।
২০২। অই যে দক্ষিণগার্বে দৈল দেখা যায়,
৩ দৈলের নাম প্রমাধন পর্বতঃ।

